**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৮৭/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ১ নভেম্বর ২০১৭, ১৭ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য : ইউনেস্কো'র স্বীকৃতি

২। স্বল্পআয়ের মানুষদের জন্য ঢাকার উপকণ্ঠে ফ্ল্যাট হচ্ছে
একনেকে ১৫ হাজার ২২১ কোটি টাকার ৮ প্রকল্প অনুমোদন

৩। মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখতে হবে : জাতিসংঘকে রাষ্ট্রপতি

৪। ঢাকায় সিপিএ সম্মেলন শুরু আজ

৫। তৈরিপোশাক রপ্তানির ওপর চাপ সৃষ্টির জন্যই অ্যাকর্ড ও এলায়েন্সের তদারকি : বাণিজ্যমন্ত্রী

৬। ইতিহাস বিকৃতির ভিডিও প্রচার : পাকিস্তানের দুঃখ প্রকাশ

৭। ইউনেস্কো'র ভাইস প্রেসিডেন্ট পুনঃনির্বাচিত হলেন শিক্ষামন্ত্রী

৮। জাতীয় প্রয়োজনে জঙ্গিদমনে ঐক্যের নীতি গ্রহণ করেছে জাসদ : তথ্যমন্ত্রী

৯। জেএসসি ও জেডিসি পরীক্ষা আজ শুরু

১০। রোহিঙ্গা সংকটের দ্রুত অবনতি ঘটছে : ইইউ

১১। আয়কর মেলা আজ শুরু : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

চলমান পাতা-২

**১। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য : ইউনেস্কো'র স্বীকৃতি**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণকে 'বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য' হিসেবে স্বীকৃতি দিয়েছে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতিবিষয়ক সংস্থা ইউনেস্কো। সংস্থাটির মহাপরিচালক ইরিনা বোকোভা প্যারিসে ইউনেস্কোর সদরদপ্তরে গত ৩০ অক্টোবর সোমবার এ স্বীকৃতি দেওয়ার সিদ্ধান্ত আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন। গতকাল (৩১ অক্টোবর মঙ্গলবার) পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে বলা হয়েছে, ইউনেস্কোর সদরদপ্তর বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণকে 'মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টারে' অন্তর্ভুক্ত করেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **প্রথম আলো, জনকণ্ঠ, সংবাদ, যুগান্তর, সমকাল, নিউজ টুডে, বাংলাদেশ টুডে, এশিয়ান এজ**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২। স্বল্পআয়ের মানুষদের জন্য ঢাকার উপকণ্ঠে ফ্ল্যাট হচ্ছে**
**একনেকে ১৫ হাজার ২২১ কোটি টাকার ৮ প্রকল্প অনুমোদন**

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটিতে (একনেক) ১৫ হাজার ২২১ কোটি ৭৫ লাখ টাকা ব্যয়ে ৮টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। গতকাল (৩১ অক্টোবর মঙ্গলবার) শেরেবাংলা নগরস্থ এনইসি সম্মেলন কেন্দ্রে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সভাশেষে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেন, উত্তরা ১৮ নম্বর সেক্টরে নিম্ন ও মধ্যম আয়ের জনসাধারণের জন্য এপার্টমেন্ট নির্মাণ প্রকল্পের প্রথম সংশোধনী অনুমোদন দেওয়া হয়েছে। তিনি জানান, প্রধানমন্ত্রী ১২৫০ ও ১০৫০ বর্গফুটের ফ্ল্যাটের পাশাপাশি ৮৫০ বর্গফুটের ফ্ল্যাট তৈরির নির্দেশনা দিয়েছেন, যাতে ফ্ল্যাটের দাম আরো কমে আসে এবং সবাই পেতে পারে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৩। মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখতে হবে : জাতিসংঘকে রাষ্ট্রপতি**

রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখতে জাতিসংঘ ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থার প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। বাংলাদেশে জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী এবং জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) আবাসিক প্রতিনিধি রবার্ট ডি ওয়াটকিনস গতকাল (৩১ অক্টোবর মঙ্গলবার) বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জনে বাংলাদেশকে সহায়তা দেওয়ার জন্য জাতিসংঘকে ধন্যবাদ জানিয়ে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ আশা প্রকাশ করেন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনেও সংস্থাটির সহায়তা অব্যাহত থাকবে। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৪। ঢাকায় সিপিএ সম্মেলন শুরু আজ**

ঢাকায় আজ ১ নভেম্বর বুধবার শুরু হচ্ছে বিশ্বের সংসদীয় গণতন্ত্রের সর্বোচ্চ দ্বিতীয় ফোরাম কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের (সিপিএ) ৬৩তম সম্মেলন। 'কনটিনিউনিং টু এনহান্স দ্য হাই স্ট্যান্ডার্ড অব পারফরম্যান্স অব পার্লামেন্টারিয়ানস' এ প্রতিপাদ্য সামনে রেখে ১ থেকে ৮ নভেম্বর পর্যন্ত এ সম্মেলনে ৫২টি দেশের ১৮০টি জাতীয় ও প্রাদেশিক সংসদের স্পিকার, ডেপুটি স্পিকার, সংসদ সদস্যসহ পাঁচ শতাধিক প্রতিনিধি অংশ নেবেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**৫। তৈরিপোশাক রপ্তানির ওপর চাপ সৃষ্টির জন্যই অ্যাকর্ড ও এলায়েন্সের তদারকি : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বাংলাদেশ এখন আন্তর্জাতিক বাণিজ্যে সফলভাবে এগিয়ে যাচ্ছে। এ কারণেই আমাদের তৈরিপোশাক রপ্তানির ওপর এতো চাপ। দেশের তৈরিপোশাক কারখানাগুলোকে গ্রিন ফ্যাক্টরিতে রূপান্তর করা হয়েছে। বাংলাদেশের তৈরিপোশাক কারখানাগুলো এখন নিরাপদ ও কর্মবান্ধব। এজন্য ব্যবসায়ীরা বিপুল অর্থ বিনিয়োগ করছেন, কিন্তু পোশাকের দাম বাড়েনি বরং ইউরোর অবমূল্যায়নের ফলে মূল্য কম পাওয়া যাচ্ছে। অথচ পণ্যের রপ্তানি বৃদ্ধি পেয়েছে। বাণিজ্যমন্ত্রী গত ৩০ অক্টোবর সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসা শিক্ষা অনুষদ আয়োজিত দুই দিনব্যাপী ব্যবসা ও অর্থনীতি বিষয়ে আন্তর্জাতিক

সম্মেলনের প্রথমদিনে ‘দক্ষিণ এশিয়ায় বাণিজ্য বিনিয়োগে বাংলাদেশের লক্ষ্য নির্ধারণের প্রতিবন্ধকতা ও নীতিমালা’ শীর্ষক গোলটেবিল বৈঠকে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (পৃ.১৪,ক.২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৩), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**৬। ইতিহাস বিকৃতির ভিডিও প্রচার : পাকিস্তানের দুঃখ প্রকাশ**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে অপপ্রচার চালানোয় ঢাকায় নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনারকে ডেকে কড়া প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ। একইসঙ্গে ভবিষ্যতে এ ধরনের অপপ্রচার থেকে বিরত থাকার জন্যও পাকিস্তানকে সতর্ক করা হয়েছে। গতকাল (৩১ অক্টোবর মঙ্গলবার) পাকিস্তানের হাইকমিশনার রফিউজ্জামান সিদ্দিকীকে ডেকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব (দ্বিপক্ষীয়) কামরুল আহসান তার হাতে বাংলাদেশের প্রতিবাদপত্র তুলে দেন। এসময় পাকিস্তানের হাইকমিশনার ফেসবুক পেজে বঙ্গবন্ধুর নামে মিথ্যাচার ও অপপ্রচারমূলক ভিডিও প্রচারের জন্য দুঃখ প্রকাশ করেন এবং ওই ভিডিওটি মুছে দেওয়া হয়েছে বলেও জানান। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৩)।

**৭। ইউনেস্কো’র ভাইস প্রেসিডেন্ট পুনঃনির্বাচিত হলেন শিক্ষামন্ত্রী**

বাংলাদেশের শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ইউনেস্কো’র ৩৯তম সাধারণ সম্মেলনের জন্য পুনরায় ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন। তিনি ইউনেস্কো সাধারণ সম্মেলনের ভাইস প্রেসিডেন্ট হিসেবে ২০১৭-২০১৯ মেয়াদের জন্য দায়িত্ব পালন করবেন। বাংলাদেশের শিক্ষামন্ত্রী ইউনেস্কোর ৩৮তম সাধারণ সম্মেলনেও সহসভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন, যার মেয়াদকাল ছিল ২০১৫-২০১৭। গতকাল (৩১ অক্টোবর মঙ্গলবার) প্যারিসে ইউনেস্কোর সদরদপ্তরে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**৮। জাতীয় প্রয়োজনে জঙ্গিদমনে ঐক্যের নীতি গ্রহণ করেছে জাসদ : তথ্যমন্ত্রী**

জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদের) ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকীতে দলের সভাপতি ও তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, জাতীয় প্রয়োজনে সমাজতন্ত্রের পতাকা হাতে নিয়ে ঐক্যের নীতি গ্রহণ করেছে জাসদ। জঙ্গি-সন্ত্রাস দমন এবং বৈষম্য-দারিদ্র্য উচ্ছেদে জাসদের ও সমাজতন্ত্রের প্রয়োজন। গতকাল (৩১ অক্টোবর মঙ্গলবার) কেন্দ্রীয় শহীদ মিনারে দলের প্রতিষ্ঠাবার্ষিকীর সমাবেশে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**৯। জেএসসি ও জেডিসি পরীক্ষা আজ শুরু**

দেশজুড়ে আজ ১ নভেম্বর বুধবার শুরু হচ্ছে অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও মাদ্রাসা শিক্ষার্থীদের জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা। এ পরীক্ষায় এবার অংশ নেবে সারাদেশের ২৪ লাখ ৬৮ হাজার ৮২০ শিক্ষার্থী। এ বছর থেকে পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে হলে ঢোকা আবশ্যিক করেছে সরকার। তবে বিশেষ যৌক্তিক কোনো কারণে কিছুটা বিলম্ব হলে তা বিবেচনা করে দেখা হবে বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**১০। রোহিঙ্গা সংকটের দ্রুত অবনতি ঘটছে : ইইউ**

বিশ্বে যেকোনো সংকটের তুলনায় রোহিঙ্গা পরিস্থিতি সবচেয়ে দ্রুতগতিতে অবনতির দিকে যাচ্ছে। গতকাল (৩১ অক্টোবর মঙ্গলবার) কক্সবাজারের উখিয়ার কুতুপালং রোহিঙ্গা শিবির পরিদর্শনশেষে ইউরোপীয় ইউনিয়নের মানবিক সহায়তা ও সংকট ব্যবস্থাপনা-বিষয়ক কমিশনার ক্রিস্টোস স্টেলেনডিয়াস এ মন্তব্য করেন। ক্রিস্টোসের নেতৃত্বে ইউরোপীয় ইউনিয়নের ১৫ সদস্যের একটি প্রতিনিধিদল কক্সবাজারের উখিয়ার কুতুপালং রোহিঙ্গা শিবির পরিদর্শন করে। পরে এক সংবাদ সম্মেলনে রোহিঙ্গাদের ওপর মিয়ানমারের সেনাবাহিনীর নিপীড়নকে জাতিগত নিধন আখ্যায়িত করে এর তীব্র নিন্দা জানান ক্রিস্টোস স্টেলেনডিয়াস।

তিনি আরও বলেন, রোহিঙ্গাদের নিজ দেশে ফেরার মৌলিক অধিকার রয়েছে। মিয়ানমারকে অবশ্যই তাদের ফিরিয়ে নিতে হবে। এ সময় রোহিঙ্গাদের প্রতি বাংলাদেশের মানুষ ও সরকারের উদারতার প্রশংসা করেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

১১। **আয়কর মেলা আজ শুরু : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

আয়কর রিটার্ন ফরম পূরণ, কর পরিশোধসহ নানা সেবা দিতে প্রতি বছরের মতো এবারও শুরু হচ্ছে আয়কর মেলা। আজ (১ নভেম্বর বুধবার) রাজধানী ঢাকাসহ সকল বিভাগীয় ও জেলা শহর এবং কিছু উপজেলায় শুরু হচ্ছে করদাতাবান্ধব এ মেলা। জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) আয়োজিত এ মেলা শেষ হবে ৭ নভেম্বর। এ উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** সিলেটের বিয়ানীবাজারের কয়েকজন তরুণ ব্যবসায়ী রোহিঙ্গাদের ত্রাণ বিতরণ শেষে বাড়ি ফেরার সময় মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে সড়ক-মহাসড়কে প্রায়ই সংঘটিত হওয়া এ ধরনের দুর্ঘটনা রোধে জরুরি পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা ব্যক্ত।

**খ.** **প্রথম আলো, ইন্ডিপেনডেন্ট :** পেঁয়াজের হঠাৎ করে মূল্য বৃদ্ধিতে ক্রেতাদের জন্য তা দুর্ভোগের কারণ হচ্ছে উল্লেখ করে দাম নিয়ন্ত্রণে যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**গ.** **সংবাদ, যুগান্তর, ইনকিলাব, ডেইলি সান, নিউ নেশন :** নানা অনিয়মের কারণে দেশের ব্যাংকখাত বিপর্যস্ত হয়ে পড়েছে উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ কামনা।

**ঘ.** **সমকাল :** রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে করদাতার সংখ্যা বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **যায়যায়দিন :** ভাড়াটিয়াদের স্বার্থরক্ষায় বছর বছর বাসা ভাড়া বৃদ্ধি নিয়ন্ত্রণে জরুরি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**চ.** **নিউ এজ :** রাজধানীর বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়নের ওপর গুরুত্বারোপ।

**ছ.** **ডেইলি স্টার :** দেশে পরিকল্পিত নগরায়ন গড়ে তুলতে আন্তর্জাতিক সম্মেলনে প্রদত্ত নির্দেশনা মোতাবেক স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে শক্তিশালী করে গড়ে তোলার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিক্ষা নিয়ে অহেতুক প্রতিযোগিতা ও ব্যয়বহুল সামাজিক বৈষম্য সামাজিক অগ্রগতির অন্যতম প্রতিবন্ধক।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'গ্রামীণ অর্থনীতি ও কর্মসংস্থান'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, গ্রামীণ এলাকাকে আরো উন্নত করতে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক কাঠামোকে সুসংহত করা জরুরি।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘণ্টা

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক**

খ. **জনকণ্ঠ, যায়যায়দিন** : ।

গ. **সংবাদ, প্রথম আলো, ভোরের কাগজ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন :**

ঘ. **যুগান্তর** :

ঙ. **ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেস** :

ছ. **ডেইলি সান** :

জ. **ডেইলি স্টার** :

ঞ. **অবজারভার** :

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত '----------------------'শিরোনামের নিবন্ধে - করতে হবে বলে অভিমত প্রকাশ।

#

ডালিয়া/খাদীজা/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৮৭/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ১ নভেম্বর ২০১৭, ১৭ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৮৬/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ৩১ অক্টোবর ২০১৭, ১৬ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মন্ত্রিসভার বৈঠকে বালাইনাশক আইনের খসড়া অনুমোদন : সিদ্ধান্ত বাস্তবায়নের হার বেড়েছে

২। প্রধানমন্ত্রীর কাছে দুটি আন্তর্জাতিক পুরস্কার হস্তান্তর করলেন আইসিটি প্রতিমন্ত্রী

৩। আগামীকাল বাংলাদেশে শুরু হচ্ছে সিপিএ'র ৬৩তম সম্মেলন

৪। রোহিঙ্গা ইস্যু নিয়ে আলোচনা করতে মার্কিন প্রতিনিধিদল আসছে আগামীকাল

৫। দাম নিয়ন্ত্রণে ভারতের পাশাপাশি বিকল্প সোর্স কান্ট্রি থেকে পেঁয়াজ আনা হচ্ছে
মন্ত্রণালয়ের জরুরি বৈঠকে বাজার তদারকির সিদ্ধান্ত

৬। ঢাকার পুরনো কারাগার হবে ঐতিহাসিক স্থাপনা : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। মেডিক্যাল টেকনোলজিস্টের শূন্যপদে নিয়োগ প্রক্রিয়া শুরুর নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

৮। জঙ্গিমুক্ত রাজনীতি আনবে টেকসই উন্নয়ন : তথ্যমন্ত্রী

৯। বাল্যবিবাহের দায়ে কেন জনপ্রতিনিধিরা পদচ্যুত হবেন না : হাইকোর্টের রুল

১০। বিসিএস উত্তীর্ণ পাঁচ প্রতিবন্ধী প্রার্থীকে ৬০ দিনের মধ্যে নিয়োগে হাইকোর্টের নির্দেশ

১১। বিএসএমএমইউতে ২৪ ঘণ্টা ল্যাবরেটরি সার্ভিস চালু

১২। অকাল বন্যায় হাওরের ক্ষতিগ্রস্তরা চাল পাবে আরো তিন মাস

চলমান পাতা-২

১। **মন্ত্রিসভার বৈঠকে বালাইনাশক আইনের খসড়া অনুমোদন : সিদ্ধান্ত বাস্তবায়নের হার বেড়েছে**

শাস্তি বাড়িয়ে 'বালাইনাশক আইন ২০১৭'-এর খসড়ায় চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল (৩০ অক্টোবর সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। পাশাপাশি মন্ত্রিসভা প্রতি বছরের ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস' হিসেবে পালনের প্রস্তাব অনুমোদন দিয়েছে। এছাড়া বৈঠকে উপস্থাপিত ২০১৭ সালের তৃতীয় ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) প্রতিবেদনে জানানো হয়, চলতি বছরের জুলাই থেকে সেপ্টেম্বর মাসে মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার গত বছরের একই সময়ের চেয়ে নয় দশমিক ৪৬ শতাংশ বেশি। জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামের স্ত্রী শিলা ইসলামের মৃত্যুতে মন্ত্রিসভায় শোকপ্রস্তাব গৃহীত হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

২। **প্রধানমন্ত্রীর কাছে দুটি আন্তর্জাতিক পুরস্কার হস্তান্তর করলেন আইসিটি প্রতিমন্ত্রী**

প্রযুক্তিখাতে বিশেষ অবদানের জন্য অর্জিত দুটি আন্তর্জাতিক পুরস্কার প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে হস্তান্তর করেছেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। গতকাল (৩০ অক্টোবর সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকের শুরুতে 'অ্যাসোসিও ২০১৭ আইসিটি এডুকেশন অ্যাওয়ার্ড ২০১৭' এবং '২০১৭ ই-এশিয়া অ্যাওয়ার্ড (সিলভার অ্যাওয়ার্ড)' দু'টি প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করা হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৮)।

৩। **আগামীকাল  বাংলাদেশে শুরু হচ্ছে সিপিএ'র ৬৩তম সম্মেলন**

আগামীকাল বুধবার **১** নভেম্বর থেকে ৮ নভেম্বর সিপিএ'র ৬৩তম সম্মেলন বাংলাদেশে শুরু হচ্ছে। প্রস্তুতি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। বাংলাদেশ তার সক্ষমতা তুলে ধরতে প্রস্তুত। এবারের সম্মেলনের প্রতিপাদ্য হল 'কন্টিনিউয়িং টু এনহ্যান্স দ্য হাই স্ট্যান্ডার্ডস অব পারফরম্যান্স অব পার্লামেন্টারিয়ানস'। সিপিএ সংসদীয় গণতন্ত্রকে সুসংহত করা, আইনের শাসন ও মানবাধিকার সমুন্নত রাখা এবং জনগণের ক্ষমতায়ন ও কল্যাণ নিশ্চিত করার লক্ষ্য নিয়ে কাজ করছে। আগামীকাল বুধবার থেকে শুরু হলেও মূল সম্মেলনের উদ্বোধন **হবে ৫** নভেম্বর। ওইদিন সকাল সাড়ে **১০**টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় মূল সম্মেলনের উদ্বোধন করবেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **মানব জমিন** (পৃ.২,ক.২)।

৪। **রোহিঙ্গা ইস্যু নিয়ে আলোচনা করতে মার্কিন প্রতিনিধিদল আসছে আগামীকাল**

জনসংখ্যা, উদ্বাস্তু ও অভিবাসন ব্যুরো বিষয়ক মার্কিন ভারপ্রাপ্ত সহকারী পররাষ্ট্রমন্ত্রী সিমন হেনশোর নেতৃত্বে একটি প্রতিনিধিদল কক্সবাজারে আশ্রিত রোহিঙ্গাদের মানবিক অধিকারের বিষয় নিয়ে আলোচনা করতে আগামীকাল **১** নভেম্বর বুধবার আসছেন। গতকাল (৩০ অক্টোবর সোমবার) ঢাকায় মার্কিন দূতাবাসের এক বিবৃতিতে বলা হয়, মিয়ানমার, বাংলাদেশ এবং এ অঞ্চলে বাস্তুচ্যুতদের মানবিক সহায়তা প্রদানের বিষয় নিয়ে মার্কিন প্রতিনিধিদলটি আলোচনা করবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

৫। **দাম নিয়ন্ত্রণে ভারতের পাশাপাশি বিকল্প সোর্স কান্ট্রি থেকে পেঁয়াজ আনা হচ্ছে**
**মন্ত্রণালয়ের জরুরি বৈঠকে বাজার তদারকির সিদ্ধান্ত**

দাম নিয়ন্ত্রণে ভারতের পাশাপাশি বিকল্প সোর্স থেকে পেঁয়াজ আমদানি উৎসাহিত করার উদ্যোগ নেওয়া হয়েছে। আমদানিকারকদের মিশর, থাইল্যান্ড এবং চীন থেকে জরুরিভিত্তিতে পেঁয়াজ আমদানির জন্য নির্দেশ দেবে বাণিজ্য মন্ত্রণালয়। এ ছাড়া দাম নিয়ন্ত্রণে মজুত পেঁয়াজ বাজারে আনতে মনিটরিং জোরদার করা হচ্ছে। বাণিজ্য মন্ত্রণালয়ের পাশাপাশি জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদফতর নিয়মিত বাজার মনিটরিং করবে। গতকাল (৩০ অক্টোবর সোমবার) মন্ত্রণালয়ের সভাকক্ষে পেঁয়াজের বর্তমান দাম, মজুত, চাহিদা ও আমদানি পরিস্থিতি নিয়ে জরুরি বৈঠক করে বাণিজ্য মন্ত্রণালয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **সমকাল** (শেষ পৃ.,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৫)।

**৬। ঢাকার পুরনো কারাগার হবে ঐতিহাসিক স্থাপনা : স্বরাষ্ট্রমন্ত্রী**

শীঘ্রই পুরান ঢাকার নাজিমউদ্দিন রোডের পুরনো কারাগারকে ঐতিহাসিক স্থাপনা হিসেবে ঘোষণা করা হবে। পুরনো কারাগারটি হবে নান্দনিক সৌন্দর্যমন্ডিত ঐতিহাসিক স্থাপনা। গতকাল (৩০ অক্টোবর সোমবার) শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালা মিলনায়তনে জেলখানাকে জাদুঘরে রূপান্তরে জন্য ডিজাইন প্রতিযোগিতা ক্যাম্পের উদ্বোধন অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল এসব কথা বলেন। সূত্র- **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩)।

**৭। মেডিক্যাল টেকনোলজিস্টের শূন্যপদে নিয়োগ প্রক্রিয়া শুরুর নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম দেশের হাসপাতালগুলোতে মেডিক্যাল টেকনোলজিস্টের শূন্যপদে নিয়োগ প্রক্রিয়া শুরু করার নির্দেশ দিয়েছেন। গতকাল (৩০ অক্টোবর সোমবার) সচিবালয়ে বেসরকারি মেডিকেল কলেজ পরিচালনা নীতিমালা সংক্রান্ত বৈঠকে সভাপতিত্বকালে সংশ্লিষ্টদের প্রতি তিনি এ নির্দেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), **অবজারভার, ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

**৮। জঙ্গিমুক্ত রাজনীতি আনবে টেকসই উন্নয়ন : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, জঙ্গি-সন্ত্রাসী ও টেকসই রাজনীতি, উন্নয়নকাজে সর্বস্তরে জনপ্রতিনিধি ও সামাজিক সংগঠনের সম্পৃক্ততা ও গণমাধ্যমের প্রহরী ভূমিকাই টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করবে। তিনি গতকাল (৩০ অক্টোবর সোমবার) রাজধানীর আগারগাঁওয়ে বঙ্গবন্ধু আন্তর্জাতিক কনভেনশন সেন্টারের মিডিয়া বাজারে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন আয়োজিত ‘জনতার কণ্ঠ : বাংলাদেশে টেকসই উন্নয়ন বাস্তবায়ন শক্তিশালীকরণ’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। সূত্র- **বাসস, ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৯। বাল্যবিবাহের দায়ে কেন জনপ্রতিনিধিরা পদচ্যুত হবেন না : হাইকোর্টের রুল**

বাল্যবিবাহ বন্ধে জনপ্রতিনিধিদের কার্যকর ভূমিকা রাখার প্রশ্নে রুল জারি করেছে হাইকোর্ট। রুলে প্রতিটি বাল্যবিবাহের জন্য সংশ্লিষ্ট জনপ্রতিনিধিরা কেন দায়ী হবেন না এবং জনপ্রতিনিধি হিসেবে তাদের বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ তথা পদচ্যুত করা হবে না, তা জানতে চাওয়া হয়েছে। জনপ্রশাসন সচিব, স্থানীয় সরকার সচিব, আইন সচিব, মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের সচিব, সমাজকল্যাণ সচিবকে চার সপ্তাহের মধ্যে এ রুলের জবাব দিতে বলা হয়েছে। গতকাল (৩০ অক্টোবর সোমবার) বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ স্বতঃপ্রণোদিত হয়ে এ আদেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **প্রথম আলো** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

**১০। বিসিএস উত্তীর্ণ পাঁচ প্রতিবন্ধী প্রার্থীকে ৬০ দিনের মধ্যে নিয়োগে হাইকোর্টের নির্দেশ**

৩৪তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ পাঁচ প্রতিবন্ধী প্রার্থীকে ৬০ দিনের মধ্যে নিয়োগের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। এছাড়া সরকারি চাকরিতে প্রতিবন্ধীদের জন্য এক শতাংশ কোটা সংরক্ষণ করারও নির্দেশ দিয়েছে আদালত। গতকাল (৩০ অক্টোবর সোমবার) ৩৪তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ পাঁচ প্রতিবন্ধী প্রার্থীর করা এক রিটের চূড়ান্ত শুনানি শেষে বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর ও বিচারপতি একেএম সাহিদুল হকের সমন্বয়ে গঠিত দ্বৈত বেঞ্চ এ রায় প্রদান করেছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬), **নিউ এজ** (পৃ.১,ক.৬)।

**১১। বিএসএমএমইউতে ২৪ ঘণ্টা ল্যাবরেটরি সার্ভিস চালু**

জরুরি প্রয়োজনে রোগীদের জীবন বাঁচাতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) চালু হয়েছে ২৪ ঘণ্টা ল্যাবরেটরি সার্ভিস। আগামীকাল ১ নভেম্বর বুধবার থেকে বিশ্ববিদ্যালয়ের ব্লক সি, তৃতীয় তলা, কক্ষ নং ৩১৮ ও ৩২০-এ শুরু হবে এ সেবা কার্যক্রম। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

**১২। অকাল বন্যায় হাওরের ক্ষতিগ্রস্তরা চাল পাবে আরো তিন মাস**

অকাল বন্যায় ক্ষতিগ্রস্ত হাওরের ছয় জেলার তিন লাখ ৮০ হাজার পরিবারকে আরো তিন মাস চাল দেবে সরকার। আগামীকাল **১** নভেম্বর বুধবার থেকে জানুয়ারি পর্যন্ত ভিজিএফ কর্মসূচির আওতায় ক্ষুদ্র কৃষক,

মৎসজীবীসহ দুস্থরা এ চাল পাবেন। প্রত্যেক পরিবারকে ৩০ কেজি করে চাল দেওয়া হবে। এজন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের বরাদ্দপত্র দিয়েছে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদফতর। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **যুগান্তর** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** জঙ্গি, মাদক ও সন্ত্রাস নিয়ন্ত্রণে পুলিশ বাহিনীর পাশাপাশি কমিউনিটি পুলিশ প্রশংসনীয় ভূমিকা পালন করছে, যা সামাজিক অপরাধ প্রবণতা কমাতে অবদান রাখছে বলে মতপ্রকাশ।

**খ.** **ভোরের কাগজ, সংবাদ, যুগান্তর, ডেইলি স্টার, নিউ নেশন, ইন্ডিপেনডেন্ট :** ভুল চিকিৎসায় মৃত্যুর অভিযোগকে কেন্দ্র করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসক ও রোগীর স্বজনদের মধ্যে সংঘর্ষে তিন ঘন্টা চিকিৎসাসেবা বন্ধ থাকার ঘটনা খুবই অনাকাঙ্ক্ষিত উল্লেখ করে রোগীদের দুর্ভোগ এড়াতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে জড়িতদের শাস্তির আওতায় আনার দাবি।

**গ.** **সমকাল :** জনবল সংকট ও অবকাঠামোগত দুর্বলতাসহ আরও কিছু সমস্যার কারণে পাসপোর্ট অধিদপ্তরে সেবাগ্রহীতারা কাঙ্ক্ষিত সেবা পাচ্ছে না উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**ঘ.** **জনকণ্ঠ :** রাজধানীর ভয়াবহ জলাবদ্ধতা ও পয়ঃনিষ্কাশনের অব্যবস্থার সংকট থেকে নগরবাসীকে বাঁচাতে চারপাশে ঘিরে থাকা বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, তুরাগ ও বালু নদীর নাব্যতা পূর্বাবস্থায় ফিরিয়ে আনার ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **যুগান্তর :** রোহিঙ্গা সংকট নিরসনে মিয়ানমার সরকারের কালক্ষেপণের কারণে আন্তর্জাতিক হস্তক্ষেপ অপরিহার্য বলে মতপ্রকাশ।

**চ.** **অবজারভার :** প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যাচেষ্টা মামলায় **১১** জনের যাবজ্জীবন কারাদণ্ড দেওয়ায় স্বস্তি প্রকাশ।

**ছ.** **ডেইলি সান :** মিয়ানমার হতে বাংলাদেশে আগত রোহিঙ্গাদের বসবাসের কারণে বন-জঙ্গল কেটে পরিবেশের বিপর্যয় ঘটছে উল্লেখ করে এব্যাপারে কার্যকর ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**আমাদের সময়** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের  সকল নাগরিকদের নিয়মিত আয়কর প্রদানে সচেতন হতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'টিচিং কোয়ালিটি, লার্নিং কোয়ালিটি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিক্ষাক্ষেত্রে কোয়ালিটি লার্নিংয়ের জন্য কোয়ালিটি টিচিংয়ের বিকল্প নেই।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৮৫/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ৩০ অক্টোবর ২০১৭, ১৫ কার্তিক ১৪২৪**


১। দক্ষিণ এশিয়া থেকে দারিদ্র্য নির্মূলে একসঙ্গে কাজ করুন
শ্রীলঙ্কার হাইকমিশনারকে প্রধানমন্ত্রী

২। সিপিএ সম্মেলনের সব প্রস্তুতি সম্পন্ন : স্পিকার

৩। দেশে ২০২৪ সালের পর কোন দারিদ্র্য থাকবে না : অর্থমন্ত্রী

৪। এসডিজি অর্জনে বেসরকারি খাতের সক্রিয় অংশগ্রহণ দরকার
ইমপ্যাক্ট বাংলাদেশ ফোরামে বক্তারা

৫। বঙ্গোপসাগর এবং ব্লু ইকোনমি আনবে উন্নতির নতুন ধাপ : তথ্যমন্ত্রী

৬। আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনাকে হত্যাচেষ্টার ঘটনায়
দুটি মামলায় ১১ জনের ২০ বছরের সাজা

৭। রোহিঙ্গাদের অপরাধ ঠেকাতে নজরদারি বাড়ানো হচ্ছে : ত্রাণমন্ত্রী

৮। বাংলাদেশ-কানাডা বিমান যোগাযোগ চালু হচ্ছে

৯। রোহিঙ্গা ইস্যুতে ঢাকার পাশে থাকবে বেইজিং : চীনা রাষ্ট্রদূত

১০। আইপিইউ সম্মেলনে রোহিঙ্গা সংকট নিয়ে বাংলাদেশের প্রস্তাব পাস

১১। বাংলাদেশ জাইকা এলামনাই অ্যাসোসিয়েশন ফোরামের
নির্বাহি কমিটি'র প্রেসিডেন্ট নির্বাচিত


চলমানপাতা

১। **দক্ষিণ এশিয়া থেকে দারিদ্র্য নির্মূলে একসঙ্গে কাজ করুন : শ্রীলঙ্কার হাইকমিশনারকে প্রধানমন্ত্রী**

দারিদ্র্যকে দক্ষিণ এশিয়ার উন্নয়নের প্রধান শত্রু উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ অঞ্চলের সব দেশকে এ সমস্যা নির্মূলে একসঙ্গে কাজ করার আহ্বান পুনর্ব্যক্ত করেছেন। প্রধানমন্ত্রীর সঙ্গে গতকাল (২৯ অক্টোবর রোববার) গণভবনে শ্রীলঙ্কার হাইকমিশনার ইয়াসুজা গুনাসেকেরা বিদায় সাক্ষাৎকালে তিনি এ আহ্বান জানান। বৈঠকশেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম প্রধানমন্ত্রীর উদ্ধৃতি দিয়ে বলেছেন, দারিদ্র্য দক্ষিণ এশিয়ার উন্নয়নের প্রধান শত্রু। কাজেই এ অঞ্চলের দারিদ্র্য সমূলে উৎপাটন করতে আমাদের একসঙ্গে কাজ করতে হবে। তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী এবং শ্রীলঙ্কার দূত দ্বিপক্ষীয় স্বার্থসংশ্লিষ্ট বিশেষকরে অর্থনৈতিক সহযোগিতার বিষয়ে আলোচনা করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

২। **সিপিএ সম্মেলনের সব প্রস্তুতি সম্পন্ন : স্পিকার**

ঢাকায় অনুষ্ঠিতব্য কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের (সিপিএ) ৬৩তম সম্মেলনের সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে বলে জানিয়েছেন সিপিএ চেয়ারপারসন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। সিপিএ'র সেক্রেটারি জেনারেল আকবর খান গতকাল (২৯ অক্টোবর রোববার) জাতীয় সংসদ ভবনে স্পিকারের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। সৌজন্য সাক্ষাৎকালে এসব তথ্য জানান স্পিকার। এ সময় তাঁরা সিপিএ'র ৬৩তম সম্মেলনের প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। স্পিকার ও সিপিএ চেয়ারপার্সনের বলিষ্ঠ ও গতিশীল নেতৃত্বে এ আয়োজন সার্থক হবে বলে সিপিএ সেক্রেটারি জেনারেল আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

৩। **দেশে ২০২৪ সালের পর কোন দারিদ্র্য থাকবে না : অর্থমন্ত্রী**

দেশে ২০২৪ সালের পর কোনো দারিদ্র্য থাকবে না বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, এ সরকার যতক্ষণ থাকবে ততক্ষণ দেশের উন্নয়ন হবে। গতকাল (২৯ অক্টোবর রোববার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে উন্নয়ন মেলা-২০১৭ উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, স্বাধীনতার সময় বাংলাদেশে দরিদ্র্যের হার ছিল ৭০ শতাংশ। এখন সেটাকে আমরা নামিয়ে এনেছি ২২ দশমিক ৫০ শতাংশে। এখনও এ দেশে তিন কোটি দরিদ্র মানুষ রয়েছে। এ তিন কোটি মানুষকে দারিদ্র্য থেকে মুক্ত করতে আমরা বদ্ধপরিকর। ২০২৪ সালের মধ্যে দেশ থেকে দারিদ্র্য দূর হবে। বাংলাদেশ একদিন সমৃদ্ধশালী দেশ হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

৪। **এসডিজি অর্জনে বেসরকারি খাতের সক্রিয় অংশগ্রহণ দরকার : ইমপ্যাক্ট বাংলাদেশ ফোরামে বক্তারা**

২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) অভীষ্ট পূরণে বেসরকারি খাতের সক্রিয় অংশগ্রহণ দরকার। অন্যথায় এসডিজির অভীষ্ট সময়মতো পূরণ করা যাবে না। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ইউএনডিপি-বাংলাদেশের যৌথভাবে আয়োজিত ইমপ্যাক্ট বাংলাদেশ ফোরামে বক্তারা এসব কথা বলেন। গতকাল (২৯ অক্টোবর রোববার) রাজধানীর একটি হোটেলে এ সভা অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি অর্থমন্ত্রী বলেন, বর্তমান সরকারের যুগোপযোগী সিদ্ধান্ত গ্রহণের ফলে সারা দেশে আইসিটি বিপ্লব শুরু হয়েছে। অনলাইনের মাধ্যমে পেমেন্ট কার্যক্রম চালু হওয়ায় এ খাতে প্রায় ৭৫ শতাংশ ব্যয় কমেছে। অর্থমন্ত্রী আশাবাদ ব্যক্ত করে বলেন, আগামী ১০ বছরের মধ্যে বাংলাদেশ 'আইসিটি টাইগার' এ পরিণত হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৫)।

৫। **বঙ্গোপসাগর এবং ব্লু ইকোনমি আনবে উন্নতির নতুন ধাপ : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বঙ্গোপসাগর এবং ব্লু ইকোনমি দেশকে উন্নতির নতুন ধাপে নিয়ে যাবে। গতকাল (২৯ অক্টোবর রোববার) রাজধানীর মিরপুরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ ক্যাম্পাসে আয়োজিত নৌ-স্থাপত্য ও সমুদ্রতীর প্রকৌশলে স্নাতক পর্যায়ের পাঠ্যক্রম নির্ধারণ কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। মন্ত্রী বলেন, মেরিটাইম বা সাগর সংক্রান্ত বিদ্যা আয়ত্ত করার মধ্যদিয়ে বঙ্গোপসাগরে নতুন অর্থনৈতিক দুয়ার উন্মোচন করা সম্ভব। ডিজিটাল প্রযুক্তির পাশাপাশি মেরিটাইম অর্থনীতি বা ব্লু ইকোনমিও দেশকে অতিদ্রুত উন্নয়নের শিখরে পৌঁছে দিতে পারে। আর এজন্য

মেরিটাইম নিরাপত্তা ও ব্যবস্থাপনা, সাগরে পর্যটন, সাগরের ঢেউ ও বায়ু থেকে শক্তি উৎপাদন, তীরবর্তী অঞ্চল থেকে খনিজ আহরণ, অগভীর সাগরে নতুন ভূমি সৃষ্টি, সামুদ্রিক জীববৈচিত্র্য সংরক্ষণ, মৎস্যসম্পদ আহরণ, নির্বিঘ্ন নৌ চলাচল, নৌদূষণ দূরীকরণ ও বর্জ্য ব্যবস্থাপনা, জলবায়ু পরিবর্তন মোকাবিলা এবং এসকল ক্ষেত্রে দক্ষ জনবল সৃষ্টিসহ সাগরকেন্দ্রিক অর্থনীতি ও পরিবহণসংক্রান্ত সকল বিষয় গবেষণা ও উন্নত শিক্ষা একান্ত আবশ্যক। সূত্র-**ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**৬। আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনাকে হত্যাচেষ্টার ঘটনায় দুটি মামলায় ১১ জনের ২০ বছরের সাজা**

প্রায় তিন দশক আগে আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনাকে হত্যাচেষ্টার ঘটনায় করা দুটি মামলায় বঙ্গবন্ধুর খুনি খন্দকার আবদুর রশীদসহ ফ্রিডম পার্টির ১১ নেতাকর্মীর প্রত্যেককে ২০ বছরের কারাদণ্ড দিয়েছে আদালত। ঢাকার চতুর্থ অতিরিক্ত মহানগর দায়রা জজ মো. জাহিদুল কবির গতকাল (২৯ অক্টোবর রোববার) হত্যা ও বিস্ফোরক দ্রব্য আইনে করা মামলা দুটির এ রায় দেন। রায়ে বলা হয়, আসামিদের বিরুদ্ধে তাঁকে হত্যার ষড়যন্ত্র, প্ররোচনা ও অপরাধমূলক কাজে সহযোগিতার অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। রায়ের পর ১১ আসামির মধ্যে আটজনকে কারাগারে পাঠানো হয়। মামলার অপর তিন আসামি পলাতক রয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

**৭। রোহিঙ্গাদের অপরাধ ঠেকাতে নজরদারি বাড়ানো হচ্ছে : ত্রাণমন্ত্রী**

সেনা নির্যাতনে মিয়ানমার থেকে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গারা যাতে কোনো অপরাধ কার্যক্রমে জড়িয়ে পড়তে না পারে সেজন্য ক্যাম্পগুলোতে নজরদারি বাড়ানো হচ্ছে। তাই কক্সবাজারে কুতুপালং আশ্রয়কেন্দ্রে আরও ৫টি পুলিশ ক্যাম্প স্থাপন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন দুর্যোগ ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া। গতকাল (২৯ অক্টোবর রোববার) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে রোহিঙ্গা বিষয়ক এক আন্তঃমন্ত্রণালয় সভাশেষে এ সিদ্ধান্তের কথা জানান তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.২)।

**৮। বাংলাদেশ-কানাডা বিমান যোগাযোগ চালু হচ্ছে**

বিমান যোগাযোগের ক্ষেত্রে বাংলাদেশে নতুন দিগন্ত প্রসারিত হতে যাচ্ছে। এয়ার কানাডা ঢাকার সঙ্গে দিল্লি পর্যন্ত ফ্লাইট চালু করতে যাচ্ছে। এ ফ্লাইটের যাত্রীরা দিল্লি থেকে সরাসরি কানাডার টরেন্টো অবতরণ করবেন। টরেন্টো থেকে প্রতিদিন অনেক ফ্লাইট নিউইয়র্কের উদ্দেশে ছেড়ে যায়, ঢাকা-নিউইয়র্ক ফ্লাইট চালু না হওয়া পর্যন্ত বাংলাদেশের যাত্রীরা এই রুটে নিউইয়র্ক পর্যন্ত যেতে পারবেন। এজন্য কানাডার সঙ্গে প্রয়োজনীয় এয়ার সার্ভিস এগ্রিমেন্ট সম্পাদন করা হয়েছে। গত ২৬ অক্টোবর বৃহস্পতিবার সচিবালয়ে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেননের সঙ্গে ঢাকাস্থ কানাডিয়ান হাইকমিশনার বেনওয়া প্রেফন্টেনের বৈঠকে এ ব্যাপারে সিদ্ধান্ত হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮)।

**৯। রোহিঙ্গা ইস্যুতে ঢাকার পাশে থাকবে বেইজিং : চীনা রাষ্ট্রদূত**

রোহিঙ্গা সমস্যার সমাধানে বাংলাদেশের পাশে থাকার প্রতিশ্রুতি দিয়েছেন ঢাকায় নিযুক্ত চীনা রাষ্ট্রদূত মা মিং কিয়াং। তিনি বলেছেন,আলোচনার মাধ্যমে শান্তিপূর্ণ উপায়ে রোহিঙ্গা সমস্যার সমাধান সম্ভব। চীনের অনুদানে অগ্নিনির্বাপণ উপকরণ হস্তান্তর অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। শেরেবাংলানগরস্থ ইআরডি সম্মেলন কেন্দ্রে চীনের পক্ষে দেশটির রাষ্ট্রদূত যন্ত্রপাতি হস্তান্তরের সার্টিফিকেট সই করেন। বাংলাদেশের পক্ষে সার্টিফিকেটে সই করেন অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব কাজী শফিকুল আযম। অনুষ্ঠানে সিংগেল পয়েন্ট মুরিং টার্মিনাল স্থাপন প্রকল্পে অর্থায়নের বিষয়ে কাঠামো চুক্তি সই করা হয়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**১০। আইপিইউ সম্মেলনে রোহিঙ্গা সংকট নিয়ে বাংলাদেশের প্রস্তাব পাস**

রাশিয়ার সেন্টপিটার্সবার্গে সম্প্রতি অনুষ্ঠিত ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন-আইপিইউ'র ১৩৭তম সম্মেলনে রোহিঙ্গা ইস্যুটি ইমার্জেন্সি আইটেম হিসেবে গৃহীত হয়েছে। সম্মেলনে রোহিঙ্গা ইস্যু নিয়ে আলোচনা এবং এর সমাধানে পদক্ষেপ নেওয়ার জন্য বাংলাদেশের পক্ষ থেকে প্রস্তাব করা হলে সেটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। বাংলাদেশের এ প্রস্তাবের পক্ষে ভোট পড়েছিল ১০২৭, এর বিপরীতে মিয়ানমারের আনা প্রস্তাবের পক্ষে ভোট পড়ে মাত্র ৪৭টি। গতকাল (২৯ অক্টোবর রোববার) পার্লামেন্ট মেম্বারস ক্লাবে '১৩৭তম আইপিইউ এসেম্বলি,

সেন্টপিটার্সবার্গ, রাশিয়া : বাংলাদেশের অর্জন' শীর্ষক মতবিনিময় সভায় বাংলাদেশ প্রতিনিধিদলের প্রধান ও ডেপুটি স্পিকার ফজলে রাব্বী মিয়া এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.২)।

**১১। বাংলাদেশ জাইকা এলামনাই অ্যাসোসিয়েশন ফোরামের নির্বাহি কমিটি'র প্রেসিডেন্ট নির্বাচিত**

সার্কভুক্ত দেশসমূহের জাইকা এলামনাই অ্যাসোসিয়েশন ফোরামের নির্বাহি কমিটি'র প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছে বাংলাদেশ। গতকাল (২৯ অক্টোবর রোববার) জনপ্রশাসন মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে উল্লেখ করা হয়, গত ২৮ অক্টোবর ঢাকায় ফোরামের এক সভায় আগামী দুই বছরের জন্য নতুন নির্বাহি কমিটি গঠন করা হয়। সভায় কমিটির প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন জাইকা এলামনাই অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশের প্রেসিডেন্ট ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোজাম্মেল হক খান। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.১৮,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** খাগড়াছড়ির দীঘিনালায় বেইলি ব্রিজের ওপর অতিরিক্ত কাঠ বোঝাই ট্রাক চলাচলের কারণে সেতুর পাটাতন ভেঙে মাইনী নদীতে পড়ে যাওয়ার কথা উল্লেখ করে মহাসড়ক ও সেতু রক্ষায় ওজন স্কেলের নীতিমালা কঠোরভাবে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ, সমকাল, যায়যায়দিন :** নরসিংদীর শিবপুর থানার খৈনপুর গ্রামে মোবাইল চুরির অপবাদ দিয়ে ১৫ বছরের এক কিশোরীকে আগুনে পুড়িয়ে মারার খবরে উদ্বেগ প্রকাশ করে এ ঘটনার জন্য দায়ী ব্যক্তিকে সর্বোচ্চ শাস্তি দেওয়ার দাবি।

গ. **জনকণ্ঠ :** দেশে নারী ও শিশুদের সুরক্ষার জন্য ইমার্জেন্সি হেল্পলাইন নাম্বর '১০৯' অবদান রাখছে উল্লেখ করে সেসাথে নারীর নিরাপত্তার ব্যাপারে আরও সচেতন হওয়ার সুপারিশ।

ঘ. **প্রথম আলো :** গত সাত বছরে বিদেশে কর্মরত অবস্থায় মারা যাওয়া বাংলাদেশি শ্রমিকদের ৭৫ শতাংশের পরিবারের নিয়োগকারী প্রতিষ্ঠানের কাছ থেকে কোনো ক্ষতিপূরণ না পাওয়াকে দুঃখজনক উল্লেখ করে এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঙ. **সমকাল :** নৌপথের নাব্যতা রক্ষা করতে নদ-নদীগুলো নিয়মিত ড্রেজিং এর ওপর গুরুত্বারোপ।

চ. **নিউজ টুডে, নিউ নেশন :** ঢাকার রাস্তার ধুলা-বালি বায়ু দূষণের অন্যতম কারণ উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** নতুন বছরের শুরুতে সঠিক সময়ে প্রাথমিক ও মাধ্যমিকের শিক্ষার্থীরা পাঠ্যবই হাতে পাবে বলে প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে নজর দিতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'কাঠের বিকল্প খোঁজার সময় এসেছে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, আমাদের নিজেদের অস্তিত্ব রক্ষার জন্য বৃক্ষরোপণ ও বৃক্ষফলনের উন্নয়ন জরুরি।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৮৪/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ২৯ অক্টোবর ২০১৭, ১৪ কার্তিক ১৪২৪**


১। তৃণমূল পর্যায়ে উন্নয়ন সেবা পৌঁছে দিতে মেয়রদের ভূমিকা গুরুত্বপূর্ণ : স্পিকার

২। এমডিজি অর্জনে বাংলাদেশ বিশ্বে রোল মডেল : এলজিআরডিমন্ত্রী

৩। কমিউনিটি পুলিশ শক্তিশালী হলে নিরাপত্তা বাড়বে : স্বরাষ্ট্রমন্ত্রী

৪। যক্ষ্মাকে শূন্যের কোটায় নামিয়ে আনব : স্বাস্থ্যমন্ত্রী

৫। শিক্ষকরা সরকারের পরামর্শক, উন্নয়নের মুখপাত্র : পরিকল্পনামন্ত্রী

৬। মুক্তিযুদ্ধের বাংলাদেশ সমৃদ্ধির দ্বারপ্রান্তে উপনীত হয়েছে : ভারতীয় প্রতিরক্ষা মন্ত্রী

৭। ভীতিমুক্ত পুলিশ ব্যবস্থা সৃষ্টি করতে হবে : র‌্যাব মহাপরিচালক

৮। ব্যাংকগুলোকে শিক্ষায় বরাদ্দ বাড়ানোর আহ্বান গভর্নরের

৯। রোহিঙ্গাদের হামলায় রামুতে এক বাংলাদেশি নিহত : উখিয়ায় আহত ৫


চলমানপাতা

১।	**তৃণমূল পর্যায়ে উন্নয়ন সেবা পৌঁছে দিতে মেয়রদের ভূমিকা গুরুত্বপূর্ণ : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, তৃণমূল পর্যায়ে উন্নয়ন সেবা পৌঁছে দিতে মেয়রদের ভূমিকা গুরুত্বপূর্ণ। গতকাল (২৮ অক্টোবর শনিবার) রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে বিশ্বব্যাংক, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স ও ইনস্টিটিউট অব আর্কিটেক্টস বাংলাদেশ-এর আয়োজনে 'সিটিজ ফোরাম : বিল্ডিং নলেজ নেটওয়ার্ক অ্যান্ড পার্টনারশিপ ফর সাসটেনেবল ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

২।	**এমডিজি অর্জনে বাংলাদে বিশ্বে রোল মডেল : এলজিআরডিমন্ত্রী**

২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা পূরণেও বাংলাদেশ বিশ্বে অনুকরণীয় হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে জাতিসংঘ ঘোষিত সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জনে বিশ্বে বাংলাদেশ রোল মডেল। গতকাল (২৮ অক্টোবর শনিবার) প্রকৌশল বিশ্ববিদ্যালয় অডিটরিয়ামে বুয়েট অ্যালামনাই আয়োজিত 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে স্থপতি, প্রকৌশলী ও নগর পরিকল্পনাবিদদের ভূমিকা' শীর্ষক এক সেমিনারের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

৩।	**কমিউনিটি পুলিশ শক্তিশালী হলে নিরাপত্তা বাড়বে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, জঙ্গি, মাদক ও সন্ত্রাসবাদ নিয়ন্ত্রণে পুলিশ বাহিনীর পাশাপাশি কমিউনিটি পুলিশও জোরালো ভূমিকা পালন করছে। কমিউনিটি পুলিশ শক্তিশালী হলে নিরাপত্তা বাড়বে। তিনি বলেন, অপরাধ দমনে কমিউনিটি পুলিশ প্রতিনিয়ত নানা তথ্য-উপাত্ত পুলিশকে অবহিত করছে এবং সে আলোকে পুলিশ ব্যবস্থা গ্রহণ করে চলেছে। ফলে সামাজিক অপরাধের প্রবণতা অনেক কমে এসেছে। আগে গ্রাম-পাড়া-মহল্লায় স্থানীয় মাতব্বররা যে সামাজিক কর্মকাণ্ড করতেন, সেটাই এখন করছেন কমিউনিটি পুলিশের সদস্যরা। গতকাল (২৮ অক্টোবর শনিবার) প্রথমবারের মতো 'কমিউনিটি পুলিশিং ডে-২০১৭' উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করে ঢাকা মহানগর পুলিশের রমনা বিভাগ। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

৪।	**যক্ষ্মাকে শূন্যের কোটায় নামিয়ে আনব : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, স্বাস্থ্যখাতে সরকারের সফলতা আন্তর্জাতিকভাবে স্বীকৃত। সরকারের প্রচেষ্টায় পোলিও, ধনুষ্টংকার নির্মূলের পাশাপাশি মা ও শিশু মৃত্যুহ্রাসসহ সংক্রামক ব্যাধি মোকাবিলায় বাংলাদেশ অনেক দূর এগিয়েছে। এবার আমরা যেকোনো মূল্যে যক্ষ্মা নির্মূল করতে চাই। যক্ষ্মাকে শূন্যের কোটায় নামিয়ে আনতে সরকার বদ্ধপরিকর। গতকাল (২৮ অক্টোবর শনিবার) রাজধানীর হোটেল রেডিসনে বাংলাদেশের শহরগুলোতে যক্ষ্মার প্রাদুর্ভাব শূন্যের কোটায় নামিয়ে আনার লক্ষ্যে আয়োজিত কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৮)।

৫।	**শিক্ষকরা সরকারের পরামর্শক, উন্নয়নের মুখপাত্র : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এমপি বলেছেন, শিক্ষাই জাতির মেরুদণ্ড, আর শিক্ষকরা উন্নয়নের মুখপাত্র। একটি সুখী-সমৃদ্ধশালী জাতি গঠনে শিক্ষাই হচ্ছে মূল চালিকাশক্তি। একটি জাতির, সভ্যতার প্রধান মাপকাঠি শিক্ষা। তিনি বলেন, ভবিষ্যৎ প্রজন্মকে সঠিকভাবে গড়ে তুলতে শিক্ষকদের অবদানের কোনো বিকল্প নেই। তারা রাজনীতি, অর্থনীতি, আইনসহ প্রতিটি বিষয়ে সরকারের পরামর্শক হিসেবে কাজ করেন। গতকাল (২৮ অক্টোবর শনিবার) কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা কমপ্লেক্সে কুমিল্লা সদর দক্ষিণ ও লালমাই উপজেলার শিক্ষক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৫)।

**৬। মুক্তিযুদ্ধের বাংলাদেশ সমৃদ্ধির দ্বারপ্রান্তে উপনীত হয়েছে : ভারতীয় প্রতিরক্ষা মন্ত্রী**

বিশ্ববাসীর সঙ্গে আমরা প্রত্যক্ষ করছি যে, মুক্তিযুদ্ধের বাংলাদেশ সমৃদ্ধির দ্বারপ্রান্তে উপনীত হয়েছে। ভারতের প্রতিরক্ষা মন্ত্রী শ্রীমতি নির্মলা সীতারামান-এর সঙ্গে বিসিএস মুক্তিযোদ্ধা ও মুজিবনগর অফিসার-কর্মচারী কল্যাণ সমিতির মহাসচিব মোহাম্মদ মুসা এবং নব প্রজন্ম মুক্তিযোদ্ধা সংগঠনের সভাপতি হাবিব-ই-আকবর দিল্লীর সাউথ ব্লকে সম্প্রতি তার সঙ্গে গতকাল (২৮ অক্টোবর শনিবার) সঙ্গে এক সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। তিনি আরো বলেন, রোহিঙ্গা সমস্যা একটি মারাত্মক মানবিক বিপর্যয় সৃষ্টিকারী সমস্যা এবং বিশ্ব মানবজাতি মানবিক দৃষ্টিকোণ থেকে এর সমাধান দেখতে চায়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.২), **নিউ এজ** (পৃ.১১,ক.১)।

**৭। ভীতিমুক্ত পুলিশ ব্যবস্থা সৃষ্টি করতে হবে : র‌্যাব মহাপরিচালক**

পুলিশের বিশেষায়িত ফোর্স র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‌্যাব) মহাপরিচালক বেনজীর আহমেদ বলেছেন, শক্তি প্রয়োগ করলে পুলিশের ওপর জনগণের আস্থা নষ্ট হয়। তাই শক্তি প্রয়োগ না করে পুলিশের ওপর জনগণের আস্থা ফেরাতে হবে। দেশে ভীতিমুক্ত পুলিশ ব্যবস্থা সৃষ্টি করতে হবে। এটি পুলিশেরই দায়িত্ব। গতকাল (২৮ অক্টোবর শনিবার) রাজশাহী মেট্রোপলিটন পুলিশ (আরএমপি) আয়োজিত ‘কমিউনিটি পুলিশিং ডে-২০১৭’ উপলক্ষে এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.৬)।

**৮। ব্যাংকগুলোকে শিক্ষায় বরাদ্দ বাড়ানোর আহ্বান গভর্নরের**

ব্যাংকগুলোকে সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) খাতের আওতায় শিক্ষাখাতে বরাদ্দ বাড়ানোর তাগিদ দিয়েছেন বাংলাদেশ ব্যাংক গভর্নর ড. ফজলে কবির। তিনি বলেছেন, মেধাবী শিক্ষার্থীরা দেশের ভবিষ্যৎ। তাদের মেধা আমাদের চেয়েও বেশি, কিন্তু সুযোগের অভাবে সঠিক বিকাশ ঘটে না। তাদের মেধার বিকাশে ব্যাংকগুলোর উচিত শিক্ষায় বরাদ্দ বাড়ানো। গতকাল (২৮ অক্টোবর শনিবার) রাজধানীতে মার্কেন্টাইল ব্যাংক আব্দুল জলিল শিক্ষাবৃত্তি-২০১৬ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (পৃ.১৩,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৮,ক.৬)।

**৯। রোহিঙ্গাদের হামলায় রামুতে এক বাংলাদেশি নিহত : উখিয়ায় আহত ৫**

রোহিঙ্গাদের হামলায় পৃথক দুই ঘটনায় বাংলাদেশি এক যুবক নিহত এবং আহত হয়েছে ৫ জন। বন বিভাগের জমি দখলের বিরোধে কক্সবাজারের রামুতে এক রোহিঙ্গা যুবকের হামলায় এক বাংলাদেশি নিহত হয়েছে। এছাড়া কক্সবাজারের উখিয়ায় গতকাল (২৮ অক্টোবর শনিবার) রাতে রোহিঙ্গাদের হামলায় পাঁচ জন আহত হওয়ার অভিযোগ পাওয়া গেছে। হত্যার ঘটনায় রোহিঙ্গা যুবক ও তার ফুফুকে গ্রেফতার করা হয়। এছাড়া উখিয়ায় হামলার ঘটনায় জড়িত সন্দেহে বালুখালী ক্যাম্প এলাকা থেকে দুই জন রোহিঙ্গাকে আটক করেছে পুলিশ। তাদের কাছ থেকে কাটা রাইফেল ও ছয়টি কার্তুজ পাওয়া গেছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক উদ্বোধনের পর মগবাজার-মৌচাক ফ্লাইওভার চালু হওয়ায় স্বাগত জানিয়ে এ ফ্লাইওভার ব্যবহারে যত্নবান ও ট্রাফিক রুল মেনে চলার জন্য সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

**খ.** **সংবাদ :** রাজধানীর জলাবদ্ধতা, পানি নিষ্কাশন ও ভূ-গর্ভস্থ পানির স্তর ক্রমাগত নিচে নেমে যাওয়ায় তুরাগসহ চারপাশের নদ-নদীগুলো পুনরুদ্ধার ও সংরক্ষণের ওপর গুরুত্বারোপ।

গ. **প্রথম আলো, ইনকিলাব, নিউ এজ, নিউ নেশন :** জাতিসংঘসহ বিশ্বের প্রভাবশালী রাষ্ট্রগুলোর আহ্বান ও চাপ সত্ত্বেও বাংলাদেশে আসা রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমার সরকরের কালক্ষেপণ করার কথা উল্লেখ করে রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারকে বাধ্য করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সমকাল :** পরিবেশ রক্ষায় সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** দেশে জনসংখ্যা সীমিত রাখতে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

চ. **নিউজ টুডে :** ইন্টারনেটের অন্ধকার দিক হতে তরুণদের মুক্ত রাখতে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **নিউ নেশন :** বিভিন্ন পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিশুদের সময়মতো টিকা দিলে বিভিন্ন রোগে আক্রান্ত হওয়ার আগেই তা প্রতিরোধ করা সম্ভব।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রতি অবহেলা নয়'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মানোন্নয়নে নজর দিলে শিক্ষাক্ষেত্রে তা অবদান রাখবে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৮৩/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ২৬ অক্টোবর ২০১৭, ১১ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মগবাজার-মৌচাক ফ্লাইওভার আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২। আড়াই লাখ টন চাল আমদানিসহ মোট নয়টি প্রস্তাব
সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন

৩। সরকারি ক্রয় ব্যবস্থাপনায় সন্তোষজনক অগ্রগতি হয়েছে : অর্থমন্ত্রী

৪। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা সেবা বাড়ানোর উদ্যোগ

৫। রোহিঙ্গা ফেরত নিতে ভারতসহ বিশ্ব জনমত জোরালো হয়েছে : সেতুমন্ত্রী

৬। বিশেষ কারণে ৩০ মিনিট আগে পরীক্ষাকেন্দ্রে প্রবেশে দেরি হলে বিবেচনা করা হবে
: শিক্ষা মন্ত্রণালয়

৭। রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে কাজ করছে মিয়ানমার :
স্বরাষ্ট্রমন্ত্রীকে মিয়ানমারের নেতা অং সান সুচি

৮। রোহিঙ্গা মেয়েদের বাংলাদেশি ছেলের বিয়ে ঠেকাতে আইন মন্ত্রণালয়ের নির্দেশনা

৯। রোহিঙ্গা সঙ্কটের দ্বিপক্ষীয় সমাধান চায় চীন : পররাষ্ট্র সচিব

১০। ৩৭ তম বিসিএসের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ৫৩৭৯

চলমান পাতা-২

১। **মগবাজার-মৌচাক ফ্লাইওভার আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

মগবাজার-মৌচাক ফ্লাইওভার আজ থেকে পুরোপুরি খুলে দেওয়া হচ্ছে। আজ ২৬ অক্টোবর বৃহস্পতিবার ও দুপুর ১২টায় গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ফ্লাইওভারটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উদ্বোধনের পর ফ্লাইওভারের মগবাজার-মৌচাক-মালিবাগ-রামপুরা-রাজারবাগ-শান্তিনগর অংশটি যান চলাচলের জন্য খুলে দেওয়া হবে। প্রায় ৯ কিলোমিটার দীর্ঘ ফ্লাইওভারটি নির্মাণে ব্যয় হয়েছে ১ হাজার ২১৮ কোটি ৮৯ লাখ টাকা। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)।

২। **আড়াই লাখ টন চাল আমদানিসহ মোট নয়টি প্রস্তাব**
**সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন**

দেশের খাদ্যের মজুদ বাড়াতে আরও আড়াই লাখ টন চাল আমদানির প্রস্তাবসহ মোট নয়টি ক্রয় প্রস্তাবের অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল (২৫ অক্টোবর বুধবার) সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের কক্ষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে চাল আমদানির দুটি প্রস্তাবসহ নয়টি ক্রয় প্রস্তাবের অনুমোদন দেয়া হয়েছে। সভা শেষে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মোস্তাফিজুর রহমান সাংবাদিকদের জানান, আড়াই লাখ টন চালের মধ্যে সরকার থেকে সরকার (জি-টু-জি) পদ্ধতিতে থাইল্যান্ড থেকে দেড় লাখ টন নন-বাসমতি সিদ্ধ চাল আমদানি করছে সরকার। আর জাতীয় উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ১৭টি প্রতিষ্ঠান আমদানি করবে ১ লাখ টন নন-বাসমতি সিদ্ধ চাল। সুত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

৩। **সরকারি ক্রয় ব্যবস্থাপনায় সন্তোষজনক অগ্রগতি হয়েছে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, বর্তমান সরকারের আমলে সরকারি ক্রয় (পাবলিক প্রকিউরমেন্ট) ব্যবস্থাপনায় সন্তোষজনক অগ্রগতি হয়েছে। তিনি বলেন, সরকারি ক্রয় উন্মুক্ত ও প্রতিযোগিতামূলক হওয়া উচিত। স্বচ্ছতার জন্য এ প্রক্রিয়ায় প্রত্যেকের অংশগ্রহণের সুযোগ নিশ্চিত করতে হবে। গতকাল (২৫ অক্টোবর বুধবার) হোটেল র‍্যাডিসন ব্লুতে বিশ্বব্যাংকের সহায়তায় নেওয়া বাস্তবায়ন পরিবীক্ষণ ও সরকারি ক্রয় ডিজিটাইজেশন শীর্ষক প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

৪। **ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা সেবা বাড়ানোর উদ্যোগ : স্বাস্থ্যমন্ত্রী**

আগামী দুই মাসের মধ্যে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নতুন চারটি অপারেশন থিয়েটার চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। এছাড়া আগামী সপ্তাহে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের আইসিইউতে যোগ হচ্ছে নতুন ১২টি বেড। বর্তমানে সেখানে বেড রয়েছে ২০টি। গতকাল (২৫ অক্টোবর বুধবার) সচিবালয়ে অনুষ্ঠিত ঢাকা মেডিকেল কলেজ, সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ, কুর্মিটোলা জেনারেল এবং ঢাকা মেডিকেল কলেজ উত্তরার বাংলাদেশ-কুয়েত মৈত্রী হাসপাতাল উন্নয়ন সংক্রান্ত সভায় এ তথ্য জানানো হয়। সভায় সভাপতিত্ব করেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। এছাড়া উত্তরার বাংলাদেশ-কুয়েত মৈত্রী হাসপাতালে দ্রুত প্রয়োজনীয় শয্যা বরাদ্দ করে অভ্যন্তরীণ চিকিৎসা চালু করতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন স্বাস্থ্যমন্ত্রী। এ সময় পর্যাপ্ত জনবল নিয়োগের জন্যও তিনি নির্দেশ দেন। কুর্মিটোলা হাসপাতালে দ্রুত আইসিইউ, সিসিইউ চালুসহ ডায়ালাইসিস ইউনিটের উন্নয়নেও অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রস্তাব এ সময় মন্ত্রী অনুমোদন করেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪), **যুগান্তর** (পৃ.১৮,ক.২)।

৫। **রোহিঙ্গা ফেরত নিতে ভারতসহ বিশ্ব জনমত জোরালো হয়েছে : সেতুমন্ত্রী**

রোহিঙ্গা সংকট নিয়ে ভারতের অবস্থান আগের চেয়ে জোরালো হয়েছে বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (২৫ অক্টোবর বুধবার) বনানীর সেতু ভবনে ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলার সঙ্গে বৈঠকের পর তিনি এ কথা বলেন। তিনি বলেন, রোহিঙ্গাদের ফিরিয়ে নেয়ার ব্যাপারে বিশ্ব জনমত আরও জোরদার হয়েছে। আগে ভারত রোহিঙ্গাদের জন্য ত্রাণ পাঠালেও শক্ত কোনো অবস্থানে যায়নি। কিন্তু এ সপ্তাহের শুরুতে ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ এসে বলে গেছেন,

মায়ানমারকে তাদের বাস্তুচ্যুত নাগরিকদের 'ফিরিয়ে নিতেই হবে'। এভাবে সবাই এগিয়ে এলে মিয়ানমার অবশ্যই তাদের নাগরিদের ফিরিয়ে নিতে বাধ্য হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৩)।

**৬। বিশেষ কারণে ৩০ মিনিট আগে পরীক্ষাকেন্দ্রে প্রবেশে দেরি হলে বিবেচনা করা হবে : শিক্ষা মন্ত্রণালয়**

পাবলিক পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা বাধ্যতামূলক করা হলেও বিশেষ কারণে কারও দেরি হলে তা বিবেচনায় নেওয়া হবে বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল (২৫ অক্টোবর বুধবার) জেএসসি-জেডিসি পরীক্ষা সামনে রেখে সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন এ কথা বলেন। তিনি বলেন, নির্দেশনাটি বাধ্যতামূলক সকলকেই মানতে হবে। তবে ব্যতিক্রম কিছু হলে কর্তৃপক্ষ নিশ্চয়ই সেটা কার্যকারণ বিবেচনা করে সিদ্ধান্ত দেবেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৫)।

**৭। রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে কাজ করছে মিয়ানমার : স্বরাষ্ট্রমন্ত্রীকে মিয়ানমারের নেতা অং সান সুচি**

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমার সরকার কাজ শুরু করেছে বলে জানিয়েছেন দেশটির স্টেট কাউন্সিলর অং সান সুচি। এছাড়া কফি আনান কমিশনের রিপোর্ট বাস্তবায়নে তাঁর সরকার কাজ শুরু করেছে বলে জানান তিনি। বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল মিয়ানমারের নেতার সঙ্গে বৈঠককালে সুচি একথা বলেন। মন্ত্রী ও কর্মকর্তা পর্যায়ে বৈঠকে রোহিঙ্গাদের প্রত্যাবর্তনে পারস্পরিক সহযোগিতার ব্যাপারে দু'দেশের মধ্যে ঐকমত্য প্রতিষ্ঠার পরদিন গতকাল (২৫ অক্টোবর বুধবার) বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী মিয়ানমারের নেতার সঙ্গে সাক্ষাতকালে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**৮। রোহিঙ্গা মেয়েদের বাংলাদেশি ছেলের বিয়ে ঠেকাতে আইন মন্ত্রণালয়ের নির্দেশনা**

কক্সবাজারসহ তিন পার্বত্য জেলায় বিয়ে নিবন্ধনে জাতীয় পরিচয়পত্র দেখে বর-কনের বাংলাদেশের নাগরিকত্ব নিশ্চিত করার নির্দেশ দিয়েছে আইন মন্ত্রণালয়। রোহিঙ্গা মেয়েদের সঙ্গে বাংলাদেশি ছেলেদের বিয়ে বেড়ে যাওয়ায় এসব অঞ্চলের কাজী বা নিকাহ রেজিস্ট্রারদের এ নির্দেশনা দেওয়া হয়েছে। গতকাল (২৫ অক্টোবর বুধবার) আইন মন্ত্রণালয়ের আদেশে বলা হয়, বাংলাদেশি ছেলেদের সাথে মিয়ানমার থেকে আসা রোহিঙ্গা মেয়েদের বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার প্রবণতা লক্ষণীয় হারে বৃদ্ধি পাওয়ায় জাতীয় পরিচয়পত্র দেখে বর ও কনের পরিচয় সম্পর্কে নিশ্চিত হওয়ার এই নির্দেশনা জারি করা হলো। এক্ষেত্রে গাফিলতি হলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২) **নিউজ টুডে** (পৃ.২,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬)।

**৯। রোহিঙ্গা সঙ্কটের দ্বিপক্ষীয় সমাধান চায় চীন : পররাষ্ট্র সচিব**

বাংলাদেশ-মিয়ানমারের মধ্যে দ্বিপক্ষীয় আলোচনার মাধ্যমেই রোহিঙ্গা সঙ্কটের সমাধান চায় চীন। গতকাল (২৫ অক্টোবর বুধবার) ঢাকায় চীনের বিশেষ দূত সান গোসিয়াংয়ের সঙ্গে বৈঠকশেষে এ কথা জানিয়েছেন পররাষ্ট্র সচিব শহীদুল হক। গত ২৪ অক্টোবর মঙ্গলবার মধ্যরাতে ঢাকায় আসেন চীনের বিশেষ দূত গোসিয়াং। গতকাল পররাষ্ট্র মন্ত্রণালয়ে তিনি প্রায় এক ঘন্টা বৈঠক করেন পররাষ্ট্র সচিব শহীদুল হকের সঙ্গে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

**১০। ৩৭ তম বিসিএসের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ৫৩৭৯**

৩৭তম বিসিএসের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করেছে সরকারি কর্ম কমিশন (পিএসসি)। গতকাল (২৫ অক্টোবর বুধবার ) কমিশনের সভাশেষে এ ফলাফল প্রকাশ করা হয়। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন ৫ হাজার ৩৭৯ জন। উত্তীর্ণ পরীক্ষার্থীদের শীঘ্রই মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে বলে জানিয়েছেন পিএসসির চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** ঢাকার বেদখলকৃত খালগুলি উদ্ধার ও সংরক্ষণের ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** দেশের উল্লেখযোগ্য মানুষ অপুষ্টিতে ভুগছে-তথ্যে উদ্বেগ প্রকাশ করে দেশের পুষ্টি চিত্রের কাঙ্ক্ষিত উন্নতির লক্ষ্যে বাজেটে বরাদ্দ বাড়ানোর সুপারিশ।

গ. **প্রথম আলো :** পাবনা সরকারি কলেজে ২২টি বিষয়ের মধ্যে ১০টি বিষয়ের কোনো শিক্ষক নেই উল্লেখ করে দেশের অধিকাংশ সরকারি কলেজেই শিক্ষক সংকট থাকার বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যথাযথ ব্যবস্থা গ্রহণের প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **সমকাল :** কুমিল্লার দাউদকান্দিতে একটি বেসরকারি হাসপাতালে এক অন্তঃসত্ত্বা নারীর যমজ শিশুর একটিকে অস্ত্রপচারের মাধ্যমে বের করে অপরটিকে পেটে রেখেই সেলাই করার ঘটনায় নিন্দা জানিয়ে দায়ী চিকিৎসকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের দাবি।

ঙ. **যায়যায়দিন :** টানা বৃষ্টি, নানা রোগবালাই, পোকামাকড়ের আক্রমণ ও বাজারে কীটনাশকের স্বাভাবিক সরবরাহ না থাকায় প্রায় ৫ লাখ হেক্টর জমির আমন ধানের ফলনে ব্যাপক ক্ষতি হওয়ায় চলতি বৎসর আমন উৎপাদন নিয়ে আশংকার সৃষ্টি হয়েছে উল্লেখ করে এ ব্যাপারে সংশ্লিষ্টদের কার্যকর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** মাদকের ভয়াল থাবা হতে তরুণ প্রজন্মকে রক্ষা করতে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

ছ. **নিউজ টুডে :** পাটচাষিদের আর্থিক প্রণোদনা দেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সবার কাছে গ্রহণযোগ্য অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন গণতন্ত্রের অন্যতম শর্ত।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'সড়কে মৃত্যুর মিছিল কি থামবে না'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সড়ক দুর্ঘটনা প্রতিরোধে সমন্বিত উদ্যোগ নিতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘণ্টা

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক**

খ. **জনকণ্ঠ, যায়যায়দিন :** ।

গ. **সংবাদ, প্রথম আলো, ভোরের কাগজ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন :**

ঘ. **যুগান্তর :**

ঙ. **ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেস :**

ছ. **ডেইলি সান :**

জ. **ডেইলি স্টার :**

ঞ. **অবজারভার :**

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত '----------------------'শিরোনামের নিবন্ধে - করতে হবে বলে অভিমত প্রকাশ।

#

ডালিয়া/খাদীজা/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৮২/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ২৫ অক্টোবর ২০১৭, ১০ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়েসহ একনেকে পাঁচ প্রকল্প অনুমোদন

২। রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে ব্যবস্থা নিন : জাতিসংঘকে প্রধানমন্ত্রী

৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি সমর্থন কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর

৪। রোহিঙ্গাদের ফেরত নিতে রাজি মিয়ানমার : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। এসডিজি বাস্তবায়নে অভ্যন্তরীণ সম্পদ কাজে লাগাতে হবে : অর্থমন্ত্রী

৬। রোহিঙ্গাদের জন্য বাংলাদেশ কোনো স্বাস্থ্য ঝুঁকি নেই : স্বাস্থ্যমন্ত্রী

৭। বাণিজ্যিক করিডোর উন্নয়নে এডিবি এক দশমিক ২ বিলিয়ন ডলার ঋণ দেবে

৮। জেএসসি ও জেডিসি পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর আধা ঘণ্টা আগে হলে প্রবেশ করতে হবে শিক্ষামন্ত্রী

৯। বাংলাদেশি দুই গবেষক উদ্ভাবন করলেন হেপাটাইটিস 'বি'র উন্নততর ওষুধ
ঘরে বসেই ক্যান্সার শনাক্ত করা যাবে : বাংলাদেশি বিজ্ঞানীর সাফল্য

১০। সংসদ বসবে আগামী ১২ নভেম্বর

চলমান পাতা-২

**১। ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়েসহ একনেকে পাঁচ প্রকল্প অনুমোদন**

ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পসহ ৩৪ হাজার ৫৬৭ কোটি ৩৪ লাখ টাকা ব্যয়ের পাঁচটি প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। সরকারি অর্থায়ন থেকে ব্যয় করা হবে ১২ হাজার ৪০২ কোটি ৬৫ লাখ টাকা এবং প্রকল্প সাহায্য পাওয়া যাবে ২২ হাজার ১৬৪ কোটি ৬৯ লাখ টাকা। গতকাল (২৪ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগরে এনইসি সম্মেলনকক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পগুলো অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

**২। রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে ব্যবস্থা নিন : জাতিসংঘকে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে অবিলম্বে ও কার্যকর ব্যবস্থা গ্রহণে জাতিসংঘসহ বিশ্ব সম্প্রদায়ের প্রতি বাংলাদেশের আহ্বান পুনর্ব্যক্ত করেছেন। গতকাল (২৪ অক্টোবর মঙ্গলবার) জাতিসংঘ দিবস উপলক্ষে এক বাণীতে তিনি বলেন, 'জাতিসংঘের ৭২তম সাধারণ অধিবেশনে রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে যে ৫টি প্রস্তাবনা বাংলাদেশের পক্ষ থেকে তুলে ধরা হয়েছে, তার আলোকে এই সমস্যার স্থায়ী সমাধানে জাতিসংঘ ও বিশ্ব সম্প্রদায়কে দ্রুত ও কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানাচ্ছি।' সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

**৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি সমর্থন কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর**

রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের পাশে থাকবে কানাডা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে লেখা এক চিঠিতে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো এ কথা বলেন। তিনি বলেন, 'বর্তমান পরিস্থিতিতে আপনার (শেখ হাসিনা) প্রতি আমাদের জোরালো সমর্থন রয়েছে।' একইসঙ্গে তিনি রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে মিয়ানমারে বিশেষ দূত পাঠানোর কথাও জানান চিঠিতে। গত ২৩ অক্টোবর সোমবার জেনেভায় আন্তর্জাতিক দাতা সম্মেলনে জাস্টিন ট্রুডো রোহিঙ্গা ইস্যুতে সাবেক জ্যেষ্ঠ আইন প্রণেতা বব রায়েকে বিশেষ দূত হিসেবে নিয়োগের ঘোষণা দেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৭)।

**৪। রোহিঙ্গাদের ফেরত নিতে রাজি মিয়ানমার : স্বরাষ্ট্রমন্ত্রী**

রোহিঙ্গাদের ফেরত নিতে রাজি হয়েছে মিয়ানমার। গতকাল (২৪ অক্টোবর মঙ্গলবার) নেপিদোতে দেশটির স্বরাষ্ট্রমন্ত্রী লে কর্নেল চ সুয়ি'র সঙ্গে বৈঠকশেষে সাংবাদিকদের এ কথা জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন। রোহিঙ্গাদের প্রত্যাবাসনের লক্ষ্যে দুই দেশের প্রতিনিধিদের নিয়ে খুব শিগগিরই যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠন করা হবে। বাংলাদেশের পক্ষ থেকে ৩০ নভেম্বরের মধ্যেই এই যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠনের প্রস্তাব দেওয়া হয়েছে। মন্ত্রী পর্যায়ের এ বৈঠকে কফি আনান কমিশনের সুপারিশ বাস্তবায়নসহ মিয়ানমার নাগরিকদের ফিরিয়ে নেওয়া, সন্ত্রাস প্রতিরোধ, বিচ্ছিন্নতাবাদীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ, মানবপাচার বন্ধকরণ, শান্তিপূর্ণ সীমান্ত ব্যবস্থাপনা, সীমান্তে মাদক পাচার বন্ধকরণসহ দুইটি এমওইউ (সমঝোতা স্মারক) স্বাক্ষরিত হয়।সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**৫। এসডিজি বাস্তবায়নে অভ্যন্তরীণ সম্পদ কাজে লাগাতে হবে : অর্থমন্ত্রী**

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে অভ্যন্তরীণ সম্পদ কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। এসময় তিনি বিদেশি সাহায্যের ওপর নির্ভরশীল না হওয়ারও আহ্বান জানান। গতকাল (২৪ অক্টোবর মঙ্গলবার) ঢাকার একটি হোটেলে গ্লোবাল পার্টনারশিপ ফর ইফেকটিভ ডেভেলপমেন্ট কো-অপারেশনের স্টিয়ারিং কমিটি'র চতুর্দশ সভায় তিনি এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

৬। **রোহিঙ্গাদের জন্য বাংলাদেশ কোনো স্বাস্থ্যঝুঁকিতে নেই : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গা নাগরিকদের কারণে বাংলাদেশ কোনো ধরনের স্বাস্থ্যঝুঁকিতে নেই। কারণ জটিল রোগে আক্রান্ত রোহিঙ্গাদের চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে, যাতে এসব রোগ ছড়িয়ে পড়তে না পারে। গতকাল (২৪ অক্টোবর মঙ্গলবার) গাজীপুরের কাশিমপুর তেঁতুইবাড়ি এলাকায় শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে স্পেশালাইজড হাসপাতালে দিনব্যাপী ফ্রি হার্ট ক্যাম্পের উদ্বোধনশেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫)।

৭। **বাণিজ্যিক করিডোর উন্নয়নে এডিবি এক দশমিক ২ বিলিয়ন ডলার ঋণ দেবে**

বাংলাদেশের ঢাকা-উত্তর পশ্চিম আন্তর্জাতিক বাণিজ্যিক করিডোরের উন্নয়নে ১ দশমিক ২ বিলিয়ন ডলার ঋণ অনুমোদন দিয়েছে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি)। প্রতিষ্ঠানটির পরিচালনা বোর্ড দ্বিতীয় পর্যায়ে এ অনুমোদন দিয়েছে। গতকাল (২৪ অক্টোবর মঙ্গলবার) এডিবি'র এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)।

৮। **জেএসসি ও জেডিসি পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর আধা ঘণ্টা আগে হলে প্রবেশ করতে হবে শিক্ষামন্ত্রী**

আসন্ন জেএসসি ও জেডিসিতে পরীক্ষা শুরুর আধা ঘণ্টা আগে হলে শিক্ষার্থীদের প্রবেশের নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল (২৪ অক্টোবর মঙ্গলবার) শিক্ষামন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় তিনি এ নির্দেশ দেন। জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও সমমান পরীক্ষা সুষ্ঠু, নকলমুক্ত এবং ইতিবাচক পরিবেশে সম্পন্নের লক্ষ্যে গঠিত জাতীয় মনিটরিং এবং আইনশৃঙ্খলাসংক্রান্ত কমিটির সঙ্গে এ সভা অনুষ্ঠিত হয়। এবারের জেএসসি ও জেডিসি পরীক্ষা ১ নভেম্বর শুরু হবে এবং ১৮ নভেম্বর শেষ হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

৯। **বাংলাদেশি দুই গবেষক উদ্ভাবন করলেন হেপাটাইটিস 'বি'র উন্নততর ওষুধ**
**ঘরে বসেই ক্যান্সার শনাক্ত করা যাবে : বাংলাদেশি বিজ্ঞানীর সাফল্য**

হেপাটাইটিস 'বি' ভাইরাসে সংক্রমিত ব্যক্তিদের চিকিৎসায় বাংলাদেশি দু'জন গবেষক অধিক কার্যকর ও উন্নততর ওষুধ উদ্ভাবন করেছেন। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের হেপাটোলজি বিভাগের অধ্যাপক ডা. মামুন-আল-মাহতাব এবং জাপান প্রবাসী বাংলাদেশি লিভার বিশেষজ্ঞ অধ্যাপক ডা. শেখ মোহাম্মদ ফজলে আকবর হেপাটাইটিস 'বি' ভাইরাসের চিকিৎসার জন্য নতুন ধরনের এ ওষুধ 'ন্যাসভ্যাক' উদ্ভাবন করেন। বাজারে প্রচলিত হেপাটাইটিস 'বি'র অন্যান্য ওষুধের তুলনায় এর দাম কম এবং সহজলভ্য হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫),

বাংলাদেশি বিজ্ঞানীর নেতৃত্বে একদল গবেষক ক্যান্সার প্রাথমিক পর্যায়ে শনাক্ত করার সহজ উপায় বের করেছেন। মানুষের শরীরে ক্যান্সার ছড়িয়ে পড়ার আগেই তাঁদের উদ্ভাবিত প্রযুক্তিতে তা শনাক্ত করা যাবে। আর এ প্রযুক্তি ব্যবহার করে উদ্ভাবিত যন্ত্রটির দামও কম, বাংলাদেশে উৎপাদন খরচ মাত্র দেড় শ' টাকা। ঘরে বসেই যে কেউ এ যন্ত্র ব্যবহার করে ক্যান্সার শনাক্ত করতে পারবে। এ গবেষণায় নেতৃত্ব দিয়েছেন অস্ট্রেলিয়া প্রবাসী বাংলাদেশি বিজ্ঞানী মুহম্মদ জহিরুল আলম সিদ্দিকী। সূত্র-**প্রথম আলো** (পৃ.১,ক.৫)।

১০। **সংসদ বসবে আগামী ১২ নভেম্বর**

দশম জাতীয় সংসদের অষ্টাদশ অধিবেশন আগামী ১২ নভেম্বর বিকেল ৪টায় শুরু হবে। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এ অধিবেশন আহ্বান করেছেন। গতকাল (২৪ অক্টোবর মঙ্গলবার) সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮) **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ভোরের কাগজ, যুগান্তর :** বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের জন্য আন্তর্জাতিক সম্প্রদায় প্রায় ৩ হাজার কোটি টাকা সহযোগিতার প্রতিশ্রুতি দিয়েছে-খবরে স্বস্তি প্রকাশ করে রোহিঙ্গাদের মানবিক সহায়তার পাশাপাশি তাদের স্বদেশে প্রত্যাবাসনে সুযোগ সৃষ্টিতে আন্তর্জাতিক সম্প্রদায় আরও বেশি উদ্যোগী হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **ইত্তেফাক :** যুক্তরাজ্যভিত্তিক বিখ্যাত চিকিৎসা সাময়িকী ল্যানসেটের সম্প্রতি প্রকাশিত প্রতিবেদনে বাংলাদেশে প্রায় সাড়ে তিন কোটি মানুষ আর্সেনিক দূষণের ঝুঁকিতে রয়েছে-তথ্যে উদ্বেগ প্রকাশ করে আর্সেনিকের ঝুঁকি মোকাবিলায় কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ :** দখল ও দূষণের কবল থেকে তুরাগ নদীকে বাঁচাতে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল, যুগান্তর, যায়যায়দিন, ডেইলি স্টার, ডেইলি সান, নিউজ টুডে :** ভোলায় বিদ্যমান গ্যাসক্ষেত্রের কাছাকাছি এলাকায় নতুন গ্যাসক্ষেত্রের সন্ধান লাভ করাকে সুসংবাদ বলে উল্লেখ করে জ্বালানি খাতে তা আরও অবদান রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **ইনকিলাব, সংবাদ :** বিভিন্ন পাবলিক ও চাকরির নিয়োগ পরীক্ষার প্রশ্ন ফাঁস হওয়ার প্রবণতা বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **ইন্ডিপেনডেন্ট :** সড়ক দুর্ঘটনা প্রতিরোধে গাড়ি চালকদের দক্ষতা বাড়ানো, জনগণের মধ্যে ট্রাফিক আইন মেনেচলার প্রবণতা বাড়ানোসহ স্কুল কলেজের শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনোস্টিক সেন্টারের বর্জ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে যথাযথভাবে ব্যবস্থাপনা করতে বাধ্য করতে নজরদারি ব্যবস্থা জোরদার করার সুপারিশ।

জ. **নিউ এজ :** নদী ভাঙনে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে সরকারি সহায়তা মাত্র $\frac{১}{৩}$ ভাগ ক্ষতিগ্রস্তরা পাওয়ার বিষয় তুলে ধরে চর উন্নয়ন ও সেটেলমেন্ট প্রজেক্ট পুনর্মূল্যায়ন করে প্রকৃত ক্ষতিগ্রস্তদের মধ্যে চরের ভূমি বরাদ্দ দেওয়ার ব্যবস্থা গ্রহণ করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে সমাজ ও রাষ্ট্রীয় প্রশাসনের সব ক্ষেত্রেই নারীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিশু নির্যাতন বন্ধে সম্মিলিত উদ্যোগ জরুরি'** শিরোনামের নিবন্ধে শিশু নির্যাতনকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হলে এর প্রকোপ কমে আসবে উল্লেখ করে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৮১/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ২৪ অক্টোবর ২০১৭, ৯ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রোহিঙ্গা সংকটে বৈরিতা নয়, কূটনৈতিকভাবে সমাধান করতে হবে : প্রধানমন্ত্রী

২। সবার আগে বাংলাদেশ : সুষমা স্বরাজ

ভাণ্ডারিয়ায় বিশুদ্ধ পানি সরবরাহসহ ১৫টি প্রকল্প উদ্বোধন

৩। ভোলায় নতুন গ্যাসক্ষেত্রে ৭০০ বিলিয়ন ঘনফুট গ্যাস পাওয়ার সম্ভাবনা

৪। রোহিঙ্গা সংকট নিয়ে জেনেভা সম্মেলনে ৩৪০ মিলিয়ন ডলার দেওয়ার প্রতিশ্রুতি

৫। ন্যায়বিচারের স্বার্থে রোহিঙ্গাদের পাশে দাঁড়ানো উচিত : জর্ডানের রানী রানিয়া

৬। বিএনপি নির্বাচনে আসবে এটা সবার প্রত্যাশা : সেতুমন্ত্রী

৭। বাংলাদেশে বড় বিনিয়োগের পরিকল্পনা রয়েছে কোরিয়ার : বাণিজ্যমন্ত্রী

৮। পুষ্টিমান বাড়াতে বাজেটে স্বাস্থ্যখাতে বরাদ্দ বাড়াতে হবে : স্বাস্থ্যমন্ত্রী

৯। দেশের প্রতি আস্থা হারাবেন না : প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক উপদেষ্টা

১০। চলতি অর্থবছরের প্রথম প্রান্তিকে এডিপি বাস্তবায়নের হার ১০ দশমিক ২১ শতাংশ বেড়েছে

১১। জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফের স্ত্রী শিলা ইসলাম'র ইন্তেকাল

রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

চলমান পাতা-২

১। **রোহিঙ্গা সংকটে বৈরিতা নয়, কূটনৈতিকভাবে সমাধান করতে হবে : প্রধানমন্ত্রী**

রোহিঙ্গা ইস্যুতে বিশ্ব জনমত বাংলাদেশের পক্ষে রয়েছে জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'বৈরিতা নয়, ধৈর্য ধরে কূটনৈতিকভাবেই এই সমস্যার সমাধান করতে হবে। ...আমাদের মূল লক্ষ্য কূটনৈতিকভাবে রোহিঙ্গাদের মিয়ানমারে ফেরত পাঠানো।' প্রধানমন্ত্রীর কার্যালয়ে গতকাল (২৩ অক্টোবর সোমবার) অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে অনির্ধারিত আলোচনায় তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **অবজারভার** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

২। **সবার আগে বাংলাদেশ : সুষমা স্বরাজ**
**ভাণ্ডারিয়ায় বিশুদ্ধ পানি সরবরাহসহ ১৫টি প্রকল্প উদ্বোধন**

ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ বলেছেন, বাংলাদেশ সবার আগে। ভারত সব প্রতিবেশী দেশের মধ্যে বাংলাদেশকেই অগ্রাধিকার দিচ্ছে। গতকাল (২৩ অক্টোবর সোমবার) বারিধারায় ভারতীয় হাইকমিশনে নতুন চ্যান্সারি ভবন ও ১৫টি উন্নয়ন প্রকল্প উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য প্রদানকালে সুষমা স্বরাজ প্রতিবেশীদের ভারত সরকারের পররাষ্ট্রনীতিতে অগ্রাধিকার দেওয়ার কথা উল্লেখ করেন। সুষমা স্বরাজ দু'দিনের ঝটিকা সফরে গত ২২ অক্টোবর রোববার ঢাকা আসেন এবং গতকাল (২৩ অক্টোবর সোমবার) দুপুরে নয়াদিল্লী ফিরে যান। পররাষ্ট্রমন্ত্রী মাহমুদ আলীর সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্কের কথা জানিয়ে তিনি বলেন, বাংলাদেশ ও ভারতের বর্তমান সম্পর্ক অসাধারণ। দুই দেশের মধ্যে অমীমাংসিত যে বিষয়গুলো আছে সেগুলো সমাধান হবে। দুই পক্ষই বন্ধুত্বের মেজাজে সঠিক পথে কাজ করছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

একই অনুষ্ঠানে পিরোজপুরের ভাণ্ডারিয়া পৌরএলাকার জনগণের জন্য সুপেয় বিশুদ্ধ পানি নিশ্চিত করতে সুষমা স্বরাজ গতকাল (২৩ অক্টোবর সোমবার) এ সংক্রান্ত একটি উন্নয়ন প্রকল্পসহ দেশের বিভিন্ন এলাকার জন্য ১৫টি প্রকল্প উদ্বোধন করেন। সব মিলিয়ে এজন্য ৭১ কোটি ৬৪ লাখ টাকা অনুদান দিচ্ছে ভারত সরকার। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৮)।

৩। **ভোলায় নতুন গ্যাসক্ষেত্রে ৭০০ বিলিয়ন ঘনফুট গ্যাস পাওয়ার সম্ভাবনা**

ভোলার শাহবাজপুরের পাশে নতুন একটি গ্যাসক্ষেত্রের সন্ধান পেয়েছে সরকার। রাষ্ট্রায়ত্ত কোম্পানি 'বাপেক্স' এ গ্যাসক্ষেত্রের সন্ধান পেয়েছে, যেখান থেকে প্রায় ৭০০ বিলিয়ন ঘনফুট গ্যাস পাওয়া যেতে পারে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ে গতকাল (২৩ অক্টোবর সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে নতুন গ্যাসক্ষেত্রের সন্ধান পাওয়ার বিষয়টি অবহিত করা হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৪। **রোহিঙ্গা সংকট নিয়ে জেনেভা সম্মেলনে ৩৪০ মিলিয়ন ডলার দেওয়ার প্রতিশ্রুতি**

মিয়ানমারের রাখাইন রাজ্যে সেনা অভিযানে বাংলাদেশে পালিয়ে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের জন্য প্রায় ৩৪০ মিলিয়ন ডলার সহযোগিতার প্রতিশ্রুতি দিয়েছে আন্তর্জাতিক সম্প্রদায়। গতকাল (২৩ অক্টোবর সোমবার) সুইজারল্যান্ডের জেনেভায় আন্তর্জাতিক প্রতিশ্রুতি সম্মেলনে বিভিন্ন দেশের পক্ষে এ ঘোষণা দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৩)।

৫। **ন্যায়বিচারের স্বার্থে রোহিঙ্গাদের পাশে দাঁড়ানো উচিত : জর্ডানের রানী রানিয়া**

জর্ডানের রানী রানিয়া আল আবদুল্লাহ বলেছেন, রোহিঙ্গাদের ওপর জাতিগত নিধন অভিযান চলছে। এ অবস্থায় বিশ্ব সম্প্রদায় নীরব ভূমিকা পালন করতে পারে না। তিনি বলেন, শুধু মানবিক কারণে নয়, ন্যায়বিচারের স্বার্থে রোহিঙ্গাদের পাশে দাঁড়ানো উচিত। গতকাল (২৩ অক্টোবর সোমবার) কক্সবাজারের উখিয়ার কুতুপালং রোহিঙ্গাক্যাম্প পরিদর্শন শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন। জর্ডানের রানী রানিয়া আল আবদুল্লাহ বলেছেন, রোহিঙ্গা মুসলিমদের ওপর যে বর্বর নিপীড়ন চলছে, তা বিশ্বের সবচেয়ে জঘন্যতম ঘটনা। মিয়ানমারের এ গণহত্যার বিরুদ্ধে বিশ্ববাসীকে সোচ্চার হতে হবে। রানী রানিয়া গতকাল জর্ডান

থেকে বিশেষ বিমানে সরাসরি কক্সবাজার আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান। তাঁর সঙ্গে রয়েছে ১৬ সদস্যের প্রতিনিধিদল। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৬। বিএনপি নির্বাচনে আসবে এটা সবার প্রত্যাশা : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বিএনপিকে আগামী নির্বাচনে অংশ নেওয়ার আহ্বান জানিয়ে বলেছেন, জাতীয় ও গণতন্ত্রের স্বার্থে আমরা চাই সকল রাজনৈতিক দল নির্বাচনে আসুক। বিএনপি নির্বাচনে আসবে এটা জনগণেরও প্রত্যাশা, আমাদেরও প্রত্যাশা। গতকাল (২৩ অক্টোবর সোমবার) ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজনৈতিক কার্যালয়ে দলের সম্পাদকমন্ডলীর বৈঠকশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.২)।

**৭। বাংলাদেশে বড় বিনিয়োগের পরিকল্পনা রয়েছে কোরিয়ার : বাণিজ্যমন্ত্রী**

কোরিয়ার ব্র্যান্ড স্যামসাং ও এলজি ইলেক্ট্রনিক কোম্পানির সকল পণ্যই এখন থেকে বাংলাদেশে উৎপাদিত হবে। যৌথ উদ্যোগে এসব কোম্পানি গড়ে উঠবে। গতকাল (২৩ অক্টোবর সোমবার) সচিবালয়ে ঢাকায় নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত অন সিয়ং ডু'র সঙ্গে মতবিনিময় শেষে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ সাংবাদিকদের এ কথা জানান। বাণিজ্যমন্ত্রী বলেন, কোরিয়া বাংলাদেশে বড় ধরনের বিনিয়োগের পরিকল্পনা নিয়েছে। কোরিয়ান এক্সপোর্ট জোনের (কেইপিজেড)পাশাপাশি কোরিয়ার বিনিয়োগকারীরা প্রধানমন্ত্রী ঘোষিত ১০০টি স্পেশাল ইকোনোমিক জোনে বিনিয়োগ করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (পৃ.১৪,ক.১), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**৮। পুষ্টিমান বাড়াতে বাজেটে স্বাস্থ্যখাতে বরাদ্দ বাড়াতে হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম জনগণের সঠিক পুষ্টিমান বাড়াতে আগামী বাজেটে স্বাস্থ্যখাতে বরাদ্দ বৃদ্ধির আহ্বান জানিয়ে বলেছেন, স্বাস্থ্যখাতে বিগত ৮-৯ বছরে বাংলাদেশ অনেক দূর এগিয়েছে। কিন্তু জনগণের পুষ্টির মান উন্নত করার ক্ষেত্রে, বিশেষকরে নারী ও শিশুদের পুষ্টিমান বাড়ানোর ক্ষেত্রে আমরা এখনও পিছিয়ে আছি। সীমিত বাজেট নিয়ে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টরের সকল খাতে সমানভাবে কাজ করা সম্ভব হচ্ছে না। গতকাল (২৩ অক্টোবর সোমবার) কাওরান বাজারে প্রথম আলোর কার্যালয়ে 'দেশে নারী ও কিশোরীদের জন্য পুষ্টিখাতে বিনিয়োগ' শীর্ষক গোলটেবিল বৈঠকে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** (শেষ পৃ.,ক.১)।

**৯। দেশের প্রতি আস্থা হারাবেন না : প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক উপদেষ্টা**

প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় নিজ দেশের প্রতি আস্থা না হারাতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, 'দেশ-বিদেশের সকল চক্রান্ত অতিক্রম করে আওয়ামী লীগ দেশের গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করেছে। তাই নিজ দেশের প্রতি আস্থা হারাবেন না।' গতকাল (২৩ অক্টোবর সোমবার) রাজধানীর একটি হোটেলে সুচিন্তা ফাউন্ডেশন আয়োজিত 'রাজনীতিতে সত্য-মিথ্যা : পদ্মা সেতুর অভিজ্ঞতা'শীর্ষক আলোচনাসভার বক্তৃতায় তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, পদ্মা সেতু নির্মাণে কোনো দুর্নীতি হয়নি বলে কানাডার আদালত রায় দিয়েছে। সকল ষড়যন্ত্র প্রতিহত করে পদ্মা সেতু এখন দৃশ্যমান। সূত্র-**বাসস, ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**১০। চলতি অর্থবছরের প্রথম প্রান্তিকে এডিপি বাস্তবায়নের হার ১০ দশমিক ২১ শতাংশ বেড়েছে**

চলতি অর্থবছরের প্রথম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের হার ১০ দশমিক ২১ শতাংশ বেড়েছে। তিন মাসে এ খাতে মোট বরাদ্দের ১৬ হাজার ৭৫৫ কোটি টাকা ব্যয় করা হয়েছে, যা আগের বছরের একই সময়ের চেয়ে বেশি। গত অর্থবছরের (২০১৬-১৭) প্রথম তিন মাসে মন্ত্রণালয় ও বিভাগগুলো মোট বরাদ্দের ৮ দশমিক ৭৫ শতাংশ (১০ হাজার ৭৮৯ কোটি টাকা) বাস্তবায়ন করেছিল। পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ণ বিভাগের (আইএমইডি) হালনাগাদ প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.৮,ক.২)।

**১১। জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফের স্ত্রী শিলা ইসলাম'র ইন্তেকাল : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক**

আওয়ামী লীগের সভাপতিমন্ডলীর সদস্য ও জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামের স্ত্রী শিলা ইসলাম ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। গতকাল (২৩ অক্টোবর সোমবার) বাংলাদেশ সময় সকাল ৮টা ১০ মিনিটে লন্ডনের স্থানীয় সময় রাত ৩ টা ১০ মিনিটে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৭ বছর। জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফের স্ত্রীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র- **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, সংবাদ, প্রথম আলো, যুগান্তর, নিউজ টুডে :** ভারতের পররাষ্ট্রমন্ত্রীর বাংলাদেশ সফর দু'দেশের পারস্পরিক সম্পর্ককে আরও ইতিবাচক করবে বলে আশা প্রকাশ।

খ. **সমকাল :** নড়াইল সদর হাসপাতালে সাপের দংশনে রোগীর চিকিৎসার জন্য সরকারিভাবে ওষুধ সরবরাহ থাকলেও জরুরি বিভাগের চিকিৎসক-নার্সরা না জানায় চিকিৎসা দিচ্ছে না এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে সারাদেশে এ ধরনের ঘটনা রোধে ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **ইনকিলাব :** রাজধানীতে গণপরিবহণের নৈরাজ্য রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ. **জনকণ্ঠ :** বিদেশে মানবপাচারসহ মুক্তিপণ আদায়কারী একটি সংঘবদ্ধ চক্র পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনের সহায়তায় ধরাপড়ার কথা উল্লেখ করে এ ধরনের দালালদের দৌরাত্ম্য বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঙ. **যায়যায়দিন :** এসএমই লোনের অসংখ্য গ্রাহকের টাকা ওই শাখার ম্যানেজার তুলে নিয়েছেন উল্লেখ করে এ পরিস্থিতিতে ব্যাংকব্যবস্থার নিরাপত্তা জোরদার করার ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত ৩৬০টি ঐতিহাসিক স্থান ও স্থাপনা সংরক্ষণে ও মেরামতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ছ. **ডেইলি সান :** বাংলাদেশে বায়ু, পানি ও মাটি দূষণের মাত্রা ক্রমান্বয়ে ভয়াবহ আকার ধারণ করায় যথাযথ কর্তৃপক্ষকে দূষণ প্রতিরোধে আইনের কঠোর প্রয়োগের সুপারিশ।

জ. **নিউ নেশন :** জনস্বার্থে মেডিকেল বর্জ্য সংগ্রহ ও ধ্বংসের কাজ সুষ্ঠুভাবে সম্পন্নের প্রত্যাশা।

ঝ. **নিউ এজ :** ঢাকা শহরের রাস্তায় ফিটনেসবিহীন বাস ও মিনিবাস চলাচলের বিষয়ে ২০১৫ সালে হাইকোর্টের দেওয়া নিষেধাজ্ঞা যথাযথভাবে প্রয়োগের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, কেন্দ্রীয় ব্যাংকের তরুণ কর্মকর্তাদের দক্ষতাকে কাজে লাগাতে পারলে, তাদের নির্ভয়ে কাজ করতে দিলে, ব্যাংকিং খাতের চলমান অব্যবস্থাপনা অনেকটাই দূর হবে।

**নিবন্ধ ও ফিচার**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'স্কুলব্যাগ যেন বোঝা না হয়'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, প্রাথমিক স্তরে শিশুর শিক্ষা অর্জনের পথ যদি মসৃণ হয়, তবে তা পরবর্তী শিক্ষাজীবনে শক্ত ভিত হিসেবে কাজ করে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৮০/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ২৩ অক্টোবর ২০১৭,৮ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে মায়ানমারের সঙ্গে কূটনৈতিক যোগাযোগ অব্যাহত রয়েছে : সুষমা স্বরাজকে প্রধানমন্ত্রী

২। জেসিসি'র বৈঠকে রোহিঙ্গা সঙ্কট সমাধানে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টি করতে ভারতের প্রতি বাংলাদেশের আহ্বান

৩। রোহিঙ্গা সমস্যা নিয়ে জেনেভায় ইইউ'র প্রতিশ্রুতি সম্মেলন আজ

৪। তরুণদের মেধা কাজে লাগাতে হবে : 'কমনওয়েলথ ১০০' প্রকল্প উদ্বোধনকালে স্পিকার

৫। দলীয় লোকজন নির্বাচনী পর্যবেক্ষক হতে পারবেন না : সিইসি

৬। সড়ক নিরাপত্তায় ভিআইপিদেরও ছাড় নয় : সেতুমন্ত্রী

৭। স্বরাষ্ট্রমন্ত্রী আজ মিয়ানমার যাচ্ছেন

৮। বাংলাদেশে আশ্রয় নেওয়া দুই লাখ রোহিঙ্গার দায়িত্ব নেওয়ার আশ্বাস তুরস্কের ত্রাণমন্ত্রীর সঙ্গে রাষ্ট্রদূতের বৈঠক

৯। ঢাকার জলাবদ্ধতা নিরসনে ৪৭টি খাল পুনরুদ্ধারের উদ্যোগ নেওয়া হয়েছে : এলজিআরডি মন্ত্রী

১০। নারীর ক্ষমতায়নে বিনামূল্যে টেলিটকের ২০ লাখ অপরাজিতা সিম বিতরণ

চলমান পাতা-২

১। **রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে মায়ানমারের সঙ্গে কূটনৈতিক যোগাযোগ অব্যাহত রয়েছে : সুষমা স্বরাজকে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'রোহিঙ্গাদের মানবিক কারণে আশ্রয় দিয়েছি। দেশের ১৬ কোটি মানুষকে খাওয়াতে পারছি, তাদেরও খাওয়াতে পারব।' তিনি আরও বলেন, 'মায়ানমারের সঙ্গে আমাদের কূটনৈতিক যোগাযোগ রয়েছে। গতকাল (২২ অক্টোবর রোববার) গণভবনে ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজের সঙ্গে বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ভোরের কাগজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকে সফররত ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ বলেছেন, মিয়ানমারকে বাংলাদেশ থেকে তাদের নাগরিকদের (রোহিঙ্গা) অবশ্যই ফিরিয়ে নিতে হবে। তিনি বলেন, বাংলাদেশে আশ্রিত বিশাল সংখ্যক রোহিঙ্গা জনগোষ্ঠী দেশটির জন্য বাড়তি চাপ। একটি দেশ আরেকটি দেশের নাগরিকদের বাড়তি চাপ কত দিন সহ্য করে যাবে ? এর স্থায়ী সমাধান হতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎকালে তিনি গতকাল (২২ অক্টোবর রোববার) এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৫), **সংবাদ, জনকণ্ঠ, ইন্ডিপেনডেন্ট, অবজারভার, ডেইলি সান** এ বিষয়ে ছবিসহ লিড নিউজ ছেপেছে। **সমকাল, যুগান্তর, প্রথম আলো, ইত্তেফাক, ডেইলি স্টার, এশিয়ান এজ, ইন্ডিপেনডেন্ট**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **জেসিসি'র বৈঠকে রোহিঙ্গা সঙ্কট সমাধানে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টি করতে ভারতের প্রতি বাংলাদেশের আহ্বান**

রোহিঙ্গা সঙ্কট সমাধানে মিয়ানমারকে চাপ দেওয়ার জন্য ভারতের প্রতি আহ্বান জানিয়েছে বাংলাদেশ। এদিকে রোহিঙ্গা সঙ্কটে ভারতের পক্ষ থেকে গভীর উদ্বেগ প্রকাশ করে বলা হয়েছে, রাখাইনে স্বাভাবিক পরিবেশ সৃষ্টির মাধ্যমে মিয়ানমারকে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে হবে। গতকাল (২২ অক্টোবর রোববার) বাংলাদেশ ও ভারতের যৌথ পরামর্শক কমিশনের বৈঠকশেষে উভয় দেশের পররাষ্ট্রমন্ত্রী যৌথ সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান। ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ ঢাকায় আসার পর গতকাল উভয় দেশের পররাষ্ট্রমন্ত্রী যৌথ কমিশনের (জেসিসি) বৈঠকে অংশ নেন। বৈঠকে দুই দেশের মধ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের মধ্যে সক্ষমতা বৃদ্ধি ও জ্বালানি ক্রয় বিষয়ে দুটি সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২), **যুগান্তর, সংবাদ, জনকণ্ঠ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। **রোহিঙ্গা সমস্যা নিয়ে জেনেভায় ইইউ'র প্রতিশ্রুতি সম্মেলন আজ**

ইউরোপীয় ইউনিয়ন ও কুয়েতের উদ্যোগে রোহিঙ্গা সমস্যা নিয়ে আজ (২৩ অক্টোবর সোমবার) জেনেভায় ইউনাইটেড নেশন্স অফিস ফর দ্য কো-অর্ডিনেশন অব হিউম্যানিটারিয়ান এ্যাফেয়ার্স (ওসিএইচএ), দ্য ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (আইওএম) ও ইউএন হাইকমিশনার ফর রিফিউজি'র (ইউএনএইচসিআর) সহযোগে একটি প্রতিশ্রুতি সম্মেলন হবে। গতকাল (২২ অক্টোবর রোববার) ইইউ বাংলাদেশের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, এ সম্মেলন হবে বিপর্যয়কর এক মানবিক সঙ্কটে সাড়া দিয়ে আন্তর্জাতিক সম্প্রদায়ের দায়িত্ব নেওয়ার এক গুরুত্বপূর্ণ মুহূর্ত। সম্মেলনে রোহিঙ্গা শরণার্থী সঙ্কট নিরসন পরিকল্পনায় ২০১৮ সালের ফেব্রুয়ারি পর্যন্ত ১২ লাখ মানুষের সাহায্যে ৪৩৪ মিলিয়ন মার্কিন ডলার সংগ্রহের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৪। **তরুণদের মেধা কাজে লাগাতে হবে : 'কমনওয়েলথ ১০০' প্রকল্প উদ্বোধনকালে স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড শিরীন শারমিন চৌধুরী বলেছেন, গণতন্ত্রের সুষ্ঠু বিকাশ, আইনের শাসন প্রতিষ্ঠা, টেকসই উন্নয়ন ও সংসদীয় গণতন্ত্রকে শক্তিশালী করতে তরুণদের মেধা কাজে লাগাতে হবে। গতকাল (২২ অক্টোবর রোববার) রাজধানীর লেক শোর হোটেলে 'কমন পারপাস চ্যারিটেবল ট্রাস্ট' আয়োজিত 'কমনওয়েলথ ওয়ান হান্ড্রেড প্রজেক্ট লঞ্চ ইভেন্ট গাইডিং মডেল ফর লিডারশিপ' শীর্ষক আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** ( পৃ.৩,ক.৫)।

**৫। দলীয় লোকজন নির্বাচনী পর্যবেক্ষক হতে পারবেন না : সিইসি**

রাজনৈতিক দল-সংশ্লিষ্টরা যাতে নির্বাচনী পর্যবেক্ষক হওয়ার সুযোগ না পান সে ব্যাপারে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদা। তিনি বলেন, রাজনৈতিক কোনো ব্যক্তি যেন পর্যবেক্ষক হিসেবে নিয়োগ না পান, সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে হবে। গতকাল (২২ অক্টোবর রোববার ) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে পর্যবেক্ষক সংস্থার প্রধানদের সঙ্গে সংলাপে তিনি এ কথা বলেন। একই সঙ্গে তিনি পর্যবেক্ষকদের পক্ষপাতহীন ও নিরপেক্ষভাবে দায়িত্ব পালনের আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.২,ক.৬)।

**৬। সড়ক নিরাপত্তায় ভিআইপিদেরও ছাড় নয় : সেতুমন্ত্রী**

সড়ক নিরাপদ রাখার স্বার্থে গুরুত্বপূর্ণ ব্যক্তিদেরও (ভিআইপি) ছাড় দেওয়া হবে না বলে হুঁশিয়ার করেছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, দলীয় নেতা-কর্মীরা হেলমেট ছাড়া মোটরসাইকেলে তিনজন বসে রাস্তায় চলেন। জনপ্রতিনিধিদের সমালোচনা করে তিনি বলেন, তারা এলাকায় গেলে তাদের সংবর্ধনার জন্য মাইলের পর মাইল রাস্তা বন্ধ করে রাখেন। সড়ক দুর্ঘটনার ঝুঁকি সৃষ্টি করেন। সড়ক নিরাপদ রাখতে এমন জনপ্রতিনিধিদের আর ছাড় দেওয়া হবে না। গতকাল (২২ অক্টোবর রোববার) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় নিরাপদ সড়ক দিবস উপলক্ষে আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। এবারই প্রথমবারের মতো পালিত হয়েছে দিবসটি। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক. ৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

**৭। স্বরাষ্ট্রমন্ত্রী আজ মিয়ানমার যাচ্ছেন**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন ১২ সদস্যের প্রতিনিধিদল নিয়ে আজ (২৩ অক্টোবর সোমবার) মিয়ানমার যাচ্ছেন। সফরকালে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়া ছাড়াও প্রতিবেশী দেশটির সরকারের সঙ্গে নানা ইস্যুতে আলোচনা হবে বলে স্বরাষ্ট্র মন্ত্রণালয় সূত্র জানিয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৩)।

**৮। বাংলাদেশে আশ্রয় নেওয়া দুই লাখ রোহিঙ্গার দায়িত্ব নেওয়ার আশ্বাস তুরস্কের**
**ত্রাণমন্ত্রীর সঙ্গে রাষ্ট্রদূতের বৈঠক**

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের মধ্যে দুই লাখ মানুষের জন্য খাদ্য, আশ্রয়কেন্দ্র ও স্বাস্থ্যসেবার ব্যবস্থা এবং ল্যাট্রিন ও টিউবওয়েল স্থাপনসহ সার্বিক সহযোগিতা করার আশ্বাস দিয়েছে তুরস্ক সরকার। একই সঙ্গে তারা রোহিঙ্গাদের খাদ্য রান্নার জন্য প্রয়োজনীয় জ্বালানির ব্যবস্থা করবে। গতকাল (২২ অক্টোবর রোববার) সচিবালয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়ার সঙ্গে সাক্ষাৎ করে এ আশ্বাসের কথা জানান বাংলাদেশে তুরস্কের রাষ্ট্রদূত ডেবরিম ওজতুর্ক। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **যুগান্তর** (পৃ.৩,ক.৪)।

**৯। ঢাকার জলাবদ্ধতা নিরসনে ৪৭টি খাল পুনরুদ্ধারের উদ্যোগ নেওয়া হয়েছে : এলজিআরডি মন্ত্রী**

স্থানীয় সরকার মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, ঢাকা শহরের সমস্যাগুলো একদিনের নয়, এইগুলো দীর্ঘদিনে সৃষ্টি হয়েছে। সমাধানেও একটু সময় লাগছে, তবে তা নিরসন করা সম্ভব। আমরা আন্তরিকতার সাথে কাজ করছি। এ লক্ষ্যে ঢাকা শহরের ৪৭টি খাল পুনরুদ্ধারের উদ্যোগ নেওয়া হয়েছে। আশা করি, আগামী বর্ষা মৌসুমের আগেই জলাবদ্ধতা সমস্যার অনেকটা সমাধান হবে। গতকাল (২২ অক্টোবর রোববার) রাজধানীর সোনারগাঁও হোটেলে ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) উদ্যোগে অনুষ্ঠিত 'মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা' বিষয়ক এক সেমিনার শেষে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.২), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৪)।

**১০। নারীর ক্ষমতায়নে বিনামূল্যে টেলিটকের ২০ লাখ অপরাজিতা সিম বিতরণ**

জীবনযাত্রার মানোন্নয়ন ও নারীর ক্ষমতায়নের জন্য টেলিটকের ২০ লাখ অপরাজিতা সিম বিনামূল্যে বিতরণ করবে সরকার। গতকাল (২২ অক্টোবর রোববার) সচিবালয়ে সিম বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। গতকাল থেকেই সারাদেশে টেলিটকের গ্রাহক সেবাকেন্দ্র এবং নির্ধারিত খুচরা বিক্রয়কেন্দ্রে এ সিম পাওয়া যাবে। অনুষ্ঠানে প্রতিমন্ত্রী বলেন, এ সিম দেশের নারীদের সামাজিক ও অর্থনৈতিক অবস্থার উন্নয়নে বড় ভূমিকা রাখবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **সমকাল, যায়যায়দিন :** সড়ক দুর্ঘটনা কমাতে সড়ক ব্যবস্থাপনাগত উন্নয়নের পাশাপাশি আইনগত ব্যবস্থা গ্রহণের পথ সুগমের ওপর গুরুত্বারোপ।

খ. **যুগান্তর :** মাত্র ৬ দিনের মধ্যে বেসরকারি হাসপাতাল ও ক্লিনিক স্থাপনে ৭৭টি লাইসেন্স ইস্যুর ঘটনাকে উদ্বেগজনক উল্লেখ করে এ ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **সংবাদ :** নির্ধারিত জায়গা না থাকায় পুরনো ঢাকার ইংলিশ রোড, বাবু বাজারসহ নগরীর বিভিন্ন এলাকায় রাস্তা দখল করে গড়ে উঠেছে অবৈধ ট্রাক স্ট্যান্ড উল্লেখ করে যানজটের কারণ এ ট্রাক স্ট্যান্ড উচ্ছেদ করে পরিকল্পিতভাবে ট্রাক স্ট্যান্ড নির্মাণের সুপারিশ।

ঘ. **জনকণ্ঠ, ইত্তেফাক, সমকাল, ইনকিলাব, যায়যায়দিন :** ঢাকা ও চট্টগ্রামের জলাবদ্ধতা নিরসনে স্যুয়ারেজ লাইনগুলো জরুরিভিত্তিতে সংস্কারের ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইত্তেফাক :** বাংলাদেশকে ১৯৯৮ সালে কুষ্ঠমুক্ত ঘোষণা করার পরও চলতি বৎসর ছয়মাসের পরিসংখ্যানে কুষ্ঠরোগে এক হাজার ৮৪৪ জনের আক্রান্ত হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে কুষ্ঠরোগ নিয়ন্ত্রণে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** আইসিডিডিআরবি'র সাম্প্রতিক গবেষণায় দেশের শিশুদের শ্বাসযন্ত্রের সংক্রমণ ও ডায়রিয়ার একটি বড় কারণ আর্সেনিকযুক্ত খাবার পানি পান করার তথ্যে উদ্বেগ প্রকাশ করে আর্সেনিক দুষণ প্রতিরোধে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ছ. **নিউ এজ :** ইলিশ মাছ ধরা নিষিদ্ধকালীন সময়ে জেলেদের জীবনধারণের জন্য প্রণোদনা দেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রাজনীতি হতে হবে মানুষের কল্যাণের জন্য, মানবতার জন্য এবং দেশের সামগ্রিক উন্নয়নের জন্য।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ও শিক্ষার বাণিজ্য'** শিরোনামের নিবন্ধে শিক্ষা মানুষের অন্তরাত্মার কলুষতা দূর করে মানবিক মূল্যবোধসম্পন্ন সুনাগরিক হিসেবে গড়ে উঠতে সহায়তা করে উল্লেখ করে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

ডালিয়া/ফাহিমা/সাঈদা/রশীদ/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৭৯/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ২২ অক্টোবর ২০১৭,৭ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রীকে জাতিসংঘ মহাসচিবের ফোন : রোহিঙ্গা সংকট নিয়ে আলোচনা

২। ব্রিটিশ সংবাদপত্র গার্ডিয়ানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূয়সী প্রশংসা

৩। আজ আসছেন সুষমা স্বরাজ

৪। রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে ডি-৮ সম্মেলনে সহায়তার আশ্বাস

৫। দেশের উন্নয়নে এগিয়ে আসা তরুণ-তরুণীরাই আগামী দিনের নেতা : সজীব ওয়াজেদ জয়

৬। মঙ্গা বা দুর্ভিক্ষ বাংলাদেশ থেকে উঠে গেছে, মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিত : খাদ্যমন্ত্রী

৭। অসাম্প্রদায়িক ধারা বজায় রাখতে সরকার বদ্ধপরিকর : পরিকল্পনামন্ত্রী

৮। নিরাপদ সড়ক দিবস আজ

৯। আবহাওয়ার উন্নতি না হলে সব ধরনের নৌযান চলাচল বন্ধ রাখার নির্দেশ

চলমান পাতা-২

**১। প্রধানমন্ত্রীকে জাতিসংঘ মহাসচিবের ফোন : রোহিঙ্গা সংকট নিয়ে আলোচনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফোন করে রোহিঙ্গা সংকট নিয়ে কথা বললেন জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস। এ ফোনালাপে রোহিঙ্গা সংকট সমাধানে পথ খুঁজে বের করতে আলোচনা করেন তাঁরা। জাতিসংঘ মহাসচিব গতকাল (২১ অক্টোবর শনিবার) রাত সাড়ে ৯ টার দিকে প্রধানমন্ত্রীকে ফোন করেন। এ ফোনালাপে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গাদের যেন শীঘ্রই ফিরিয়ে নেওয়া হয় সেজন্য মিয়ানমারের প্রতি চাপ প্রয়োগ করার জন্য জাতিসংঘসহ অন্যান্য আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান। মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস রোহিঙ্গাদের জন্য বাংলাদেশের নেওয়া বিভিন্ন পদক্ষেপের প্রতি অকুণ্ঠ সমর্থন জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানান। অ্যান্তোনিও গুতেরেস ও শেখ হাসিনা টেলিফোনে প্রায় ২০ মিনিট রোহিঙ্গা সংকট নিয়ে আলোচনা করেন। রোহিঙ্গা সংকট অবসানে জাতিসংঘের সাধারণ পরিষদে তাঁর তুলে ধরা পাঁচ দফা প্রস্তাব যাতে বাস্তবায়িত হয় সেজন্য গুতেরেসের সমর্থন চান প্রধানমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

**২। ব্রিটিশ সংবাদপত্র গার্ডিয়ানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূয়সী প্রশংসা**

বাংলাদেশকে সুদক্ষ হাতে পরিচালনা করে সারাবিশ্বে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করতে গুরুত্বপূর্ণ অবদান রাখায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূয়সী প্রশংসা করেছে ব্রিটিশ প্রভাবশালী সংবাদপত্র গার্ডিয়ান। গত ২০ অক্টোবর শুক্রবার পত্রিকাটির এক প্রতিবেদনে প্রধানমন্ত্রীর এ প্রশংসা করা হয়। প্রতিবেদনে বলা হয়, গত ১৩ বছর ধরে দেশের উন্নয়নে ব্যাপক ভূমিকা রেখে চলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

**৩। আজ আসছেন সুষমা স্বরাজ**

চব্বিশ ঘণ্টার ঝটিকা সফরে আজ (২২ অক্টোবর রবিবার) দুপুরে ঢাকায় আসছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ। আজ বিকালে তিনি বাংলাদেশ-ভারত যৌথ পরামর্শক কমিটির (জেসিসি) বৈঠকে যোগ দেবেন। এতে পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী বাংলাদেশের প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন। জেসিসি'র বৈঠকে দুই দেশের মধ্যকার দ্বিপাক্ষিক সকল ইস্যুর নিয়ে আলোচনা, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর গৃহীত সিদ্ধান্তসমূহ পর্যালোচনা এবং সহযোগিতার নতুন ক্ষেত্র নিয়ে আলোচনা হবে। সবকিছুর উপরে দ্বিপাক্ষিক ইস্যুর বাইরে রোহিঙ্গা সংকট নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হবে সুষমার এই সফরে। ইতোমধ্যে ভারত রোহিঙ্গা সংকটে বাংলাদেশের পাশে থাকার অঙ্গীকার করেছে। এখন বাংলাদেশের প্রত্যাশা ভারত সক্রিয় ও বলিষ্ঠ ভূমিকা রাখুক। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**৪। রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে ডি-৮ সম্মেলনে সহায়তার আশ্বাস**

রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে রাজনৈতিক ও মানবিক সহায়তা দেবে ডি-৮ সদস্যভুক্ত দেশগুলো। গত ২০ অক্টোবর শুক্রবার তুরস্কের ইস্তাম্বুলে সমাপ্ত নবম ডি-৮ সম্মেলন থেকে এ ঘোষণা দেওয়া হয়। ডি-৮ সম্মেলনে ছয়সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। ডি-৮ সদস্যভুক্ত দেশগুলো মিয়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গা হত্যাযজ্ঞ ও তাদের পালিয়ে আসার ঘটনাকে 'জাতিগত নিধন' হিসেবে চিহ্নিত করে। এ ছাড়া তারা মিয়ানমারের বাস্তুচ্যুত নাগরিকদের অধিকার নিশ্চিত করে মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনের ওপর গুরুত্বারোপ করেন। সম্মেলনের সমাপনী বক্তৃতায় তুরস্কের প্রেসিডেন্ট এরদোয়ান বিপন্ন রোহিঙ্গাদের আশ্রয় এবং তাদের সমস্যা সমাধানে মানবিক দৃষ্টিভঙ্গির জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করেন। প্রেসিডেন্ট এরদোয়ান রোহিঙ্গা সংকটে বাংলাদেশের পাশে থাকার জন্য ডি-৮ভুক্ত সব দেশসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান। রোহিঙ্গা সংকটের জরুরি সমাধানে আন্তর্জাতিক প্রচেষ্টাকে ত্বরান্বিত করতে ভূমিকা রাখার প্রতিশ্রুতি দেন মালয়েশিয়ার উপপ্রধানমন্ত্রী আহমেদ জাহিদ হামিদিসহ অন্যান্য দেশের প্রতিনিধিরা। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৭)।

**৫। দেশের উন্নয়নে এগিয়ে আসা তরুণ-তরুণীরাই আগামী দিনের নেতা : সজীব ওয়াজেদ জয়**

প্রত্যন্ত অঞ্চলে বসে নিজেদের উদ্যোগে দেশের উন্নয়নে এগিয়ে আসা তরুণ-তরুণীদের বাংলাদেশের আগামী দিনের নেতা অভিহিত করছেন প্রধানমন্ত্রীর আইসিটিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। গতকাল (২১ অক্টোবর শনিবার) ঢাকার সাভারে শেখ হাসিনা যুবকেন্দ্রে এক অনুষ্ঠানে দেশের বিভিন্ন অঞ্চলে উন্নয়নে ভূমিকা রাখা তারুণ্যনির্ভর ৩০টি সংগঠনের হাতে 'জয় বাংলা ইয়ুথ অ্যাওয়ার্ড' তুলে দেওয়ার সময় তাদের তিনি এই অভিধা দেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৫,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮), **নিউ নেশন** (পৃ.৩,ক.২)।

**৬। মঙ্গা বা দুর্ভিক্ষ বাংলাদেশ থেকে উঠে গেছে, মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিত : খাদ্যমন্ত্রী**

সরকার দেশের ১৬ কোটি মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে সম্পূর্ণভাবে সক্ষম হয়েছে। মঙ্গা বা দুর্ভিক্ষ শব্দটি বাংলাদেশ থেকে উঠে গেছে। পাশাপাশি মানুষের পুষ্টিকর ও নিরাপদ খাবার প্রাপ্তির মৌলিক অধিকার নিশ্চিত করতে সরকার নিরলস কাজ করে যাচ্ছে বলে মন্তব্য করেছেন খাদ্যমন্ত্রী এডভোকেট কামরুল ইসলাম। এছাড়া গ্রামের মানুষের শহরমুখিতা কমাতে পর্যাপ্ত কর্মসংস্থানের ব্যবস্থা নেওয়ার পাশাপাশি গ্রামীণ অবকাঠামো উন্নয়নে বিদ্যুৎ, গ্যাসসহ সকল প্রকার সুবিধা নিশ্চিত করতে কাজ করে যাচ্ছে সরকার। বিশ্ব খাদ্য দিবস উপলক্ষে গতকাল (২১ অক্টোবর শনিবার) রাজধানীর ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পুষ্টি ও খাদ্য প্রকৌশল বিভাগের উদ্যোগে 'অভিবাসনের ভবিষ্যৎ বদলে দিন, খাদ্য নিরাপত্তা ও গ্রামীণ উন্নয়নে বিনিয়োগ করুন' শীর্ষক সেমিনারে এসব কথা বলেন খাদ্যমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১)।

**৭। অসাম্প্রদায়িক ধারা বজায় রাখতে সরকার বদ্ধপরিকর : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, সরকার অসাম্প্রদায়িক ধারা বজায় রাখতে বদ্ধপরিকর। বাংলাদেশ একটি সর্বধর্মের সম্প্রীতির দেশ। সকল ধর্মের মানুষ মুক্তিযুদ্ধে অংশ নিয়ে দেশ স্বাধীন করেন। গতকাল (২১ অক্টোবর শনিবার) কুমিল্লার কোটবাড়ীতে বাংলাদেশ ও থাইল্যান্ডের উদ্যোগে ইয়ংম্যান্স বুড্ডিস্ট অ্যাসোসিয়েশন এবং সংঘরাজ জ্যোতিপাল মহাথের ফাউন্ডেশন আয়োজিত বিশ্ব শান্তি প্যাগোডা অনালয়ো-এর উদ্বোধন ও কঠিন চীবর দানোৎসব অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৮), **ইত্তেফাক** (পৃ.৪,ক.২)।

**৮। নিরাপদ সড়ক দিবস আজ**

আজ ২২ অক্টোবর রোববার জাতীয় নিরাপদ সড়ক দিবস। নানা কর্মসূচির মধ্য দিয়ে এবছর দেশে প্রথমবারের মতো দিবসটি পালিত হবে। দিবসটিতে এবারের প্রতিপাদ্য ধরা হয়েছে, 'সাবধানে চালাবো গাড়ি, নিরাপদে ফিরবো বাড়ি।' গত ৫ জুন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ দিনটিকে জাতীয় নিরাপদ সড়ক দিবস ঘোষণা করা হয়। এ উপলক্ষে পৃথক বাণী দিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৮), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**৯। আবহাওয়ার উন্নতি না হলে সব ধরনের নৌযান চলাচল বন্ধ রাখার নির্দেশ**

দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে ঢাকা সদরঘাট নদীবন্দর থেকে সারাদেশে সব ধরনের নৌযান চলাচল বন্ধ রাখার নির্দেশ দিয়েছে অভ্যন্তরীণ নৌপরিবহণ কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)। আবহাওয়া পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত সদরঘাট থেকে ৪১টি রুটে নৌচলাচল বন্ধ থাকবে। বর্তমানে সব নদীবন্দরে দুই নম্বর নৌ হুঁশিয়ারি সংকেত জারি রয়েছে। এ ছাড়া উপকূলীয় এলাকায় ঝড়ো হাওয়াসহ দুর্যোগপূর্ণ আবহাওয়া থাকায় সারাদেশের নৌযান চলাচল বন্ধ ঘোষণা করা হয়েছে। আবহাওয়ার উন্নতি না হলে এই নির্দেশ বহাল থাকবে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৮), **ইনকিলাব** (পৃ.৮,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **সমকাল, প্রথম আলো, সংবাদ :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘ ইউনিটের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগের পরিপ্রেক্ষিতে তদন্তসাপেক্ষে যথাযথ ব্যবস্থা নেওয়ার দাবি।

খ. **ভোরের কাগজ :** সিলেটের গুরুত্বপূর্ণ সড়ক-মহাসড়কগুলোর বেহাল দশার কথা উল্লেখ করে দ্রুত সড়কগুলো সংস্কারের সুপারিশ।

গ. **ইত্তেফাক :** রাজধানীতে বেওয়ারিশ কুকুরের সংখ্যা উদ্বেগজনকভাবে বাড়ায় জলাতঙ্কের ঝুঁকি বাড়ছে উল্লেখ করে কুকুরের সংখ্যা নিয়ন্ত্রণে যথাযথ উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ, ইনকিলাব, যুগান্তর, যায়যায়দিন :** দেশে পরিবেশ দূষণের কারণে প্রতি চারজনের মধ্যে একজনের মৃত্যু হওয়ায় উদ্বেগ প্রকাশ করে দূষণ রোধে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

ঙ. **নিউ নেশন :** প্রাথমিক বিদ্যালয়ে মানসম্পন্ন শিক্ষক নিয়োগের সুপারিশ।

চ. **নিউ এজ :** ঢাকা, চট্টগ্রামসহ দেশের বড় শহরগুলোর জলাবদ্ধতা নিরসনে কার্যকর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউজ টুডে :** সাভারে ট্যানারিশিল্প স্থানান্তরিত হওয়ায় ধলেশ্বরী নদী দূষণের শিকার হচ্ছে উল্লেখ করে দূষণ রোধে দ্রুত যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মাদকের ভয়াবহ ছোবল থেকে আগামী প্রজন্মকে বাঁচাতে পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় মূল্যবোধ রক্ষা করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত **'স্বাস্থ্য খাত : বাংলাদেশকে দীর্ঘপথ পাড়ি দিতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, স্বাস্থ্যখাতের উন্নয়নের জন্য প্রাতিষ্ঠানিক উৎকর্ষ বৃদ্ধির পাশাপাশি দুর্নীতি রোধ করতে হবে ।

#

ডালিয়া/ফাহিমা/সাঈদা/রশীদ/২০১৭/৯.০০

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৭৯/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ১৯ অক্টোবর ২০১৭, ৪ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জনগণ যাকে ভোট দেবে সেই ক্ষমতায় আসবে : প্রধানমন্ত্রী
শেখ রাসেলের জন্মদিনে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

২। মিয়ানমারে সহিংসতা বন্ধের আহ্বান স্বস্তি পরিষদের : ব্রিফিংয়ে পররাষ্ট্রমন্ত্রী

৩। রোহিঙ্গাদের পাশে থাকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা যুক্তরাষ্ট্রের নয় সিনেটরের

৪। মিয়ানমারের সেনাবাহিনীকে জবাবদিহিতার আওতায় আনতে হবে : যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী
মিয়ানমারের ওপর অস্ত্র নিষেধাজ্ঞা আরোপের আহ্বান অ্যামনেস্টি'র

৫। এসডিজি বাস্তবায়নে জাতীয় সংসদের ভূমিকার প্রশংসা জাতিসংঘ মহাসচিব-স্পিকার বৈঠক

৬। ভারত থেকে এক লাখ টন সিদ্ধ চাল আমদানি : ক্রয়কমিটিতে অনুমোদন

৭। স্থানীয় বিদ্যুৎ চাহিদা পূরণ করবে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র : বাণিজ্যমন্ত্রী

৮। নির্বাচনে ইলেক্ট্রনিক ভোটিং মেশিনের দাবি : ইসির সংলাপে আওয়ামী লীগের ১১ প্রস্তাব

৯। বিদ্যুৎ বিতরণ ব্যবস্থায় যোগ হচ্ছে গ্রিড অটোমেশন প্রযুক্তি

১০। রাজাকারমুক্ত বাংলাদেশ গড়ার শপথ নেওয়ার আহ্বান তথ্যমন্ত্রীর

১১। পুলিশের অতিরিক্ত আইজি-ডিআইজি পদে পদোন্নতি

১২। বঙ্গবন্ধুর ব্যক্তিগত সচিব নূরুল ইসলাম অনু'র মৃত্যুতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

১৩। তৃতীয় আইসিটি এক্সপো শুরু

১। **জনগণ যাকে ভোট দেবে সেই ক্ষমতায় আসবে : প্রধানমন্ত্রী**
**শেখ রাসেলের জন্মদিনে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বাচনের জন্য যা কিছু করা প্রয়োজন, তার সবকিছুই বর্তমান সরকার নিশ্চিত করেছে। নির্বাচন কমিশনকে শক্তিশালী করেছে। এখন নির্বাচনে জনগণ যাকে ভোট দেবে, সেই ক্ষমতায় আসবে। নির্বাচন কমিশনের সঙ্গে সংলাপে অংশ নেওয়া আওয়ামী লীগের প্রতিনিধিদলের সঙ্গে গতকাল (১৮ অক্টোবর বুধবার) গণভবনে বৈঠককালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪)।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ সন্তান শেখ রাসেলের জন্মদিনে গতকাল (১৮ অক্টোবর বুধবার) ধানমণ্ডির বঙ্গবন্ধু ভবনে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। শেখ রাসেলের বড় বোন প্রধানমন্ত্রী শেখ হাসিনা মিলাদ মাহফিলে অংশ নেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১)। **ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

২। **মিয়ানমারে সহিংসতা বন্ধের আহ্বান স্বস্তি পরিষদের : ব্রিফিংয়ে পররাষ্ট্রমন্ত্রী**

রোহিঙ্গাদের ওপর সহিংসতা বন্ধে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের ‘আরিয়া ফর্মুলা’ বৈঠক থেকে মিয়ানমারের প্রতি ফের আহ্বান জানানো হয়েছে। রোহিঙ্গা সঙ্কট নিয়ে গত ১৩ অক্টোবর শুক্রবার নিরাপত্তা পরিষদের ঐ অনানুষ্ঠানিক গোপনীয় বৈঠকে অংশ নেওয়া বিভিন্ন পক্ষের প্রতিনিধিরা দেশটির প্রতি এ আহ্বান রাখেন বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। গতকাল (১৮ অক্টোবর বুধবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক সংবাদসম্মেলনে আরিয়া ফর্মুলা বৈঠকের বিষয়ে বিস্তারিত তুলে ধরেন পররাষ্ট্রমন্ত্রী। পররাষ্ট্রমন্ত্রী আরও জানান, বৈঠকে নিরাপত্তা পরিষদে মিয়ানমারের দুই মিত্র দেশ রাশিয়া ও চীনের মধ্যে রোহিঙ্গা সঙ্কট নিয়ে অবস্থানের পরিবর্তন দেখা গেছে। রাশিয়া কফি আনান কমিশনের প্রতিবেদন বাস্তবায়ন চেয়ে বক্তব্য দিয়েছে। চীনের বক্তব্যেও আশাব্যঞ্জক পরিবর্তন লক্ষ্য করা গেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট, অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। **রোহিঙ্গাদের পাশে থাকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা যুক্তরাষ্ট্রের নয় সিনেটরের**

পাঁচ লাখেরও বেশি রোহিঙ্গাকে আশ্রয় দিয়ে বিশ্বে মানবিকতার দৃষ্টান্ত স্থাপন করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বের প্রশংসা করেছেন যুক্তরাষ্ট্রের নয়জন সিনেটর। গত ১৭ অক্টোবর মঙ্গলবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠানো এক চিঠিতে তাঁরা প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন। চিঠিতে মানবিক বিপর্যয় রোধে বাংলাদেশের সীমান্ত খুলে দিয়ে নির্যাতিত রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় প্রধানমন্ত্রীর সিদ্ধান্তের ভূয়সী প্রশংসা করেছেন তাঁরা। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৪। **মিয়ানমারের সেনাবাহিনীকে জবাবদিহিতার আওতায় আনতে হবে : যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী**
**মিয়ানমারের ওপর অস্ত্র নিষেধাজ্ঞা আরোপের আহ্বান অ্যামনেস্টি'র**

রোহিঙ্গা মুসলমানদের ওপর নির্যাতনের ঘটনায় মিয়ানমারের সেনাবাহিনীকে জবাবদিহিতার আওতায় আনার পদক্ষেপ নিচ্ছে যুক্তরাষ্ট্র। গতকাল (১৮ অক্টোবর বুধবার) ওয়াশিংটনে সেন্টার ফর স্ট্র্যাটেজিক এন্ড ইন্টারন্যাশনাল স্টাডিজ থিংক ট্যাংকের এক অনুষ্ঠানে একথা বলেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী রেক্স টিলারসন। এ ঘটনায় যুক্তরাষ্ট্রের গভীর উদ্বেগ জানিয়ে টিলারসন বলেন, আমরা মিয়ানমারের সেনাবাহিনীকে জবাবদিহিতার আওতায় আনবো। কারণ বিশ্ব সেখানকার নির্যাতনের ঘটনা অলসভাবে প্রত্যক্ষ করতে পারে না। তিনি এখনই রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার প্রক্রিয়া শুরুর আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৩,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

মিয়ানমারের রাখাইন রাজ্যে সেনাবাহিনী সামরিক সিস্টেমেটিক অভিযান চালিয়ে রোহিঙ্গা নারী ও শিশুদের হত্যা করেছে বলে জানিয়েছে আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল। রাখাইনে সেনা নির্যাতনে হত্যা, ধর্ষণ, লুটপাট, অগ্নিসংযোগ, বলপূর্বক বাস্তুচ্যুত করা এবং দেশত্যাগে বাধ্য করার মতো

অপরাধের শিকার হচ্ছে রোহিঙ্গারা। রাখাইন রাজ্য থেকে রোহিঙ্গাদের বিতরণের জন্য নির্দিষ্টভাবে তাদের লক্ষ্য করে মিয়ানমারের সেনাবাহিনী সমন্বিত অভিযান চালিয়ে মানবতাবিরোধী অপরাধ করেছে। তাই দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে ও দেশটির ওপর অস্ত্র নিষেধাজ্ঞার জন্য জাতিসংঘ নিরাপত্তা পরিষদের কাছে আহ্বান জানিয়েছে সংস্থাটি। গতকাল (১৮ অক্টোবর বুধবার) এক প্রতিবেদনে এ আহ্বান জানায় অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **এশিয়ান এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। **এসডিজি বাস্তবায়নে জাতীয় সংসদের ভূমিকার প্রশংসা : জাতিসংঘ মহাসচিব-স্পিকার বৈঠক**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী জাতিসংঘ মহাসচিব অ্যান্তেনিও গুতেরেসের সঙ্গে বৈঠক করেছেন। স্থানীয় সময় মঙ্গলবার (১৭ অক্টোবর) নিউইয়র্কে অনুষ্ঠিত এ বৈঠকে তারা রোহিঙ্গা সমস্যাসহ জাতিসংঘের বিভিন্ন উন্নয়নমূলক এজেন্ডা নিয়ে মতবিনিময় করেন। জাতিসংঘ মহাসচিব বাংলাদেশের এসডিজি বাস্তবায়ন কার্যক্রমে বাংলাদেশ জাতীয় সংসদের ভূমিকার প্রশংসা করেন এবং এক্ষেত্রে স্পিকারসহ সংসদসদস্যদের সাধুবাদ জানান। মহাসচিব গুতেরেস রোহিঙ্গা সমস্যা সমাধানে তাঁর দৃঢ় অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন এবং এ বিষয়ে তাঁর ব্যক্তিগত ও জাতিসংঘের প্রচেষ্টা অব্যাহত থাকবে মর্মেও নিশ্চয়তা দেন। একইদিনে স্পিকার ইউএন-উইমেন'র নির্বাহী পরিচালক ফুমজিলে মোলামবো নগসুকা-এর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে তিনি বাংলাদেশে নারীর সার্বিক ক্ষমতায়নে গৃহীত বিভিন্ন পদক্ষেপ তুলে ধরেন। বিশেষ করে শ্রমবাজারে নারীর অংশগ্রহণ ত্বরান্বিত করতে ই-কমার্স ও আইটি খাতে নারীর দক্ষতা উন্নয়নে অধিকতর প্রশিক্ষণ প্রদানের ওপর গুরুত্বারোপ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

৬। **ভারত থেকে এক লাখ টন সিদ্ধ চাল আমদানি : ক্রয়কমিটিতে অনুমোদন**

মজুত বাড়াতে ভারত থেকে এক লাখ টন সিদ্ধ চাল আমদানি করবে সরকার। সরকারি পর্যায়ে (জিটুজি) এ চাল আনা হবে। গতকাল (১৮ অক্টোবর বুধবার) সচিবালয়ে ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির নিয়মিত বৈঠকে এসংক্রান্ত দরপ্রস্তাব অনুমোদন দেওয়া হয়। এদিকে, একই বৈঠকে বাংলাদেশ টেলিভিশনের ৬টি পূর্ণাঙ্গ কেন্দ্র স্থাপনের দরপ্রস্তাবে নীতিগত অনুমোদন দেওয়া হয়েছে। শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.৩)।

৭। **স্থানীয় বিদ্যুৎ চাহিদা পূরণ করবে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র : বাণিজ্যমন্ত্রী**

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র শান্তিপূর্ণ ব্যবহার নিশ্চিতের মাধ্যমে স্থানীয় বিদ্যুৎ চাহিদা পূরণ করবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গতকাল (১৮ অক্টোবর বুধবার) রাজধানীর একটি হোটেলে 'অ্যাডভান্স কেমিক্যাল সেফটি অ্যান্ড সিকিউরিটি ম্যানেজমেন্ট' শীর্ষক সেমিনারে তিনি এ কথা বলেন। দুইদিনব্যাপী এ সেমিনারের আয়োজন করেছে যৌথভাবে বাংলাদেশ জাতীয় কর্তৃপক্ষ, রাসায়নিক অস্ত্র কনভেনশন এবং অর্গানাইজেশন ফর দ্য প্রহিবিশন অভ কেমিক্যাল উইপন্স (ওপিসিডব্লিউ)। সেমিনারে ওপিসিডব্লিউ সদস্যরাষ্ট্রের ১৭ জন এবং বাংলাদেশের বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানের ৩০ জন প্রতিনিধি অংশ নেন। বাণিজ্যমন্ত্রী বলেন, দেশে পারমাণবিক চুল্লি নির্মাণের কাজ চলছে। আমরা পারমাণবিক শক্তির শান্তিপূর্ণ ব্যবহার শতভাগ নিশ্চিত করতে চাই। বাংলাদেশ রসায়নিক দ্রব্যের শান্তিপূর্ণ ব্যবহারে প্রতিশ্রুতিবদ্ধ মন্তব্য করে বাণিজ্যমন্ত্রী আরও বলেন, অসাবধানতার কারণে বিভিন্ন সময় রাসায়নিক দুর্ঘটনা ঘটে থাকে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫)।

**৮। নির্বাচনে ইলেক্ট্রনিক ভোটিং মেশিনের দাবি : ইসির সংলাপে আওয়ামী লীগের ১১ প্রস্তাব**

আগামী নির্বাচনে ইলেকট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম) ভোট নেওয়ার প্রস্তাব দিয়ে আওয়ামী লীগ বলেছে, সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের স্বার্থেই আগামী নির্বাচনে ইভিএম চালু করা হোক। গতকাল (১৮ অক্টোবর বুধবার) নির্বাচন কমিশনের (ইসি) সঙ্গে সংলাপে অংশগ্রহণমূলক নির্বাচনের লক্ষ্যে আওয়ামী লীগ এ ১১টি প্রস্তাব তুলে ধরে। নির্বাচন কমিশনের কাছে সেনাবাহিনী মোতায়েন ও সীমানা পুনর্নির্ধারণের বিপক্ষে মতামত দিয়ে আওয়ামী লীগ জানায়, নির্বাচনে কোন পরিস্থিতিতে প্রতিরক্ষাবাহিনীর সদস্যদের মোতায়েন করা যাবে, তা ফৌজদারি কার্যবিধি ও সেনাবিধিমালায় সুস্পষ্টভাবে বলা আছে। আর আগামী নির্বাচনের আগে স্বল্পসময়ে সীমানা পুনর্নির্ধারণের জটিল কাজ শেষ করা সম্ভব হবে না। রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত সংলাপে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের নেতৃত্বে ২১ সদস্যের প্রতিনিধিদল অংশ নেয়। সূত্র-**সমকাল, জনকণ্ঠ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৯। বিদ্যুৎ বিতরণ ব্যবস্থায় যোগ হচ্ছে গ্রিড অটোমেশন প্রযুক্তি**

বিদ্যুতের সরবরাহ ব্যবস্থা আধুনিকায়নে নতুন এক গুচ্ছ প্রকল্প নিচ্ছে সরকার। এর মধ্য দিয়ে আন্ডারগ্রাউন্ড ও ডিজিটাল সাবস্টেশন ছাড়াও গ্রিড অটোমেশন প্রযুক্তি দেশের বিদ্যুৎ বিতরণ ব্যবস্থায় যোগ হবে। বিতরণ ব্যবস্থায় অটোমেশন সংযোজনে গতকাল (১৮ অক্টোবর বুধবার) ঢাকায় সুইডিশ কোম্পানি এবিবি পাওয়ারের সঙ্গে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে বিদ্যুৎ বিভাগ। অনুষ্ঠানে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ উপস্থিত ছিলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১)।

**১০। রাজাকারমুক্ত বাংলাদেশ গড়ার শপথ নেওয়ার আহ্বান তথ্যমন্ত্রীর**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, জঙ্গি দমনের যুদ্ধে স্বাধীন বাংলাদেশের মুক্তিযোদ্ধারা সরকারে বা বিরোধী দলে থাকবেন, রাজাকাররা নয়। শহিদ শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে গতকাল (১৮ অক্টোবর বুধবার) ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। রাজাকারমুক্ত বাংলাদেশ গড়ার শপথ নেওয়ার আহ্বান জানান তথ্যমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৬)।

**১১। পুলিশের অতিরিক্ত আইজি-ডিআইজি পদে পদোন্নতি**

পুলিশের শীর্ষ পর্যায়ে ২০ কর্মকর্তার পদোন্নতি হয়েছে; এতে অতিরিক্ত আইজি হয়েছেন পাঁচজন, ডিআইজি হয়েছেন পনেরো জন। গতকাল (১৮ অক্টোবর বুধবার) স্বরাষ্ট্র মন্ত্রণালয় দু'টি পৃথক প্রজ্ঞাপনের মাধ্যমে পদোন্নতির এ আদেশ জারি করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৩,ক.৬), **বণিক বার্তা** (পৃ.২,ক.৩)।

**১২। বঙ্গবন্ধুর ব্যক্তিগত সচিব নূরুল ইসলাম অনুর মৃত্যুতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ব্যক্তিগত সচিব এবং যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি এ এম নূরুল ইসলাম (অনু) হৃদরোগে আক্রান্ত হয়ে গতকাল (১৮ অক্টোবর বুধবার) রাজধানীর ইউনাইটেড হাসপাতালে ইন্তেকাল করেছেন। তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর। এ এম নূরুল ইসলাম অনুর মৃত্যুতে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বার্তায় গভীর শোকপ্রকাশ করেছেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

**১৩। তৃতীয় আইসিটি এক্সপো শুরু**

তথ্যপ্রযুক্তিখাতে সফটওয়্যারের পর এবার দেশীয় প্রযুক্তিতে তৈরি হার্ডওয়্যার পণ্যের আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের লক্ষ্যে গতকাল ঢাকায় শুরু হয়েছে বাংলাদেশ আইসিটি এক্সপো। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে তিনদিনব্যাপী এ মেলা চলবে আগামীকাল শুক্রবার ২০ অক্টোবর পর্যন্ত। সবার জন্য উন্মুক্ত এ

প্রদর্শনী চলবে সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত। এছাড়া আজ একই ভেন্যুতে প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়ের বাংলাদেশে পেইপ্যাল সেবা শুরুর আনুষ্ঠানিক উদ্বোধন করার কথা রয়েছে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.৩,ক.৬), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **জনকণ্ঠ :** কৃষিজমি সুরক্ষায় গ্রামে ১০ হাজার ফ্ল্যাট বাড়ি নির্মাণের সরকারি পরিকল্পনাকে স্বাগত জানিয়ে এর দ্রুত বাস্তবায়নের প্রত্যাশা ব্যক্ত।

খ. **প্রথম আলো :** বেনাপোলসহ দেশের সব স্থলবন্দরের অবকাঠামোগত দুর্বলতা কাটাতে দ্রুত পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **সমকাল :** সুন্দরবনের ডলফিন বাঁচাতে বনবিভাগ প্রকল্প গ্রহণ করেছে উল্লেখ করে এর জীববৈচিত্র্য রক্ষায় তা সহায়ক হবে বলে মতপ্রকাশ।

**ঘ.** **ইন্ডিপেনডেন্ট :** কারিগরিশিক্ষার প্রসারে উন্নত কার্যকর পরিকল্পনা নেওয়ার বিষয়ে শিক্ষামন্ত্রীর উদ্যোগকে স্বাগত জানিয়ে সরকারকে এখাতে আরও বিনিয়োগ ও প্রশিক্ষণের ব্যবস্থা করার আহ্বান

ঙ. **সংবাদ, ডেইলি স্টার, নিউজ টুডে, নিউ নেশন, অবজারভার :** দারিদ্র্য সূচকে দেশে দারিদ্র্যের হার হ্রাস পাওয়ার পরিপ্রেক্ষিতে দরিদ্র্যতা কমানোর প্রচেষ্টা অব্যাহত রাখাসহ গ্রাম ও শহরের মধ্যে আয়বৈষম্য ও উন্নয়ন কার্যক্রমের ব্যবধান কমানোর ওপর গুরুত্বারোপ।

**চ.** **নিউ এজ :** দরিদ্র জনগোষ্ঠীর সাহায্যার্থে ওএমএসে আতপ চালের পরিবর্তে সিদ্ধ চাল দেওয়ার ব্যবস্থা করার আহ্বান।

**ছ.** **বাংলাদেশ টুডে :** ভেজাল ও নিম্নমানের খাবারে দেশের ব্যাপক জনগোষ্ঠী লিভার ও কিডনি রোগে আক্রান্ত হওয়াসহ প্রতিবন্ধী শিশু জন্মের হার বেড়ে যাওয়ায় নিরাপদ খাদ্যের নিশ্চয়তা বিধানে কর্তৃপক্ষকে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ ।

**উপ-সম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে পদ্মাসেতু জাতির জন্য একটি ঐতিহাসিক ও যুগান্তকারী নিদর্শন বলে মন্তব্য।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষার হালচাল ও বিপন্ন মূল্যবোধ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সামাজিক উন্নয়নের অন্যতম প্রধান ক্ষেত্র হলো শিক্ষা ও সুস্থ সমাজ ব্যবস্থা ।

#

খাদীজা/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৭৮/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ১৮ অক্টোবর ২০১৭, ৩ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

১। রোহিঙ্গা ইস্যুতে ইইউকে পাশে চাইলেন রাষ্ট্রপতি
ইইউ ও জাপানের নতুন রাষ্ট্রদূতের পরিচয়পত্র পেশ

২। ঢাকার আশেপাশে হবে ১০ সরকারি বিদ্যালয় : একনেকে ১০ প্রকল্প অনুমোদন

৩। কফি আনানের সঙ্গে স্পিকারের বৈঠক
রোহিঙ্গা সমস্যা সমাধানে জাতিসংঘকে কার্যকর ভূমিকা রাখার আহ্বান

৪। রোহিঙ্গাদের সহায়তায় জাতিসংঘের তিন সংস্থার আন্তর্জাতিক সম্মেলন আগামী ২৩ অক্টোবর

৫। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশকে সহায়তা দেবে স্পেন

৬। রোহিঙ্গাদের ভাষানচরে স্থানান্তরে সব সহায়তা দেবে আইওএম
ত্রাণমন্ত্রীর সঙ্গে আইওএম মহাপরিচালকের বৈঠক

৭। সব দল যাতে নির্বাচনে আসে ইসিকে সেই ব্যবস্থা করতে বলব : স্বাস্থ্যমন্ত্রী
ইসির সংলাপে আজ যাচ্ছেন আওয়ামী লীগের ২১ নেতা

৮। নারী নির্যাতন, বাল্যবিয়ের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী
বেগম খালেদা জিয়া দেশে ফিরলে আইন অনুযায়ী ব্যবস্থা

৯। সাংবিধানিক পদে অধিষ্ঠিত ব্যক্তিদের রাজনীতি ও ইতিহাস চর্চা না করার আহ্বান তথ্যমন্ত্রীর

১০। দুর্যোগপ্রবণ এলাকায় টেকসই বিদ্যালয় নির্মাণ করা হবে : প্রাথমিক শিক্ষামন্ত্রী

১১। বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৩তম জন্মদিন আজ

১২। ৩৬তম বিসিএসের চূড়ান্ত ফল প্রকাশ ২,৩২৩ জনকে নিয়োগের সুপারিশ
প্রাথমিকে ৪৭০ নন-ক্যাডার প্রধান শিক্ষক নিয়োগ

১৩। ইংরেজি বিষয়ের ক্লাস ইংরেজিতেই নিতে হবে : মাউশি'র আদেশ

চলমান পাতা-২

১। **রোহিঙ্গা ইস্যুতে ইইউকে পাশে চাইলেন রাষ্ট্রপতি**

**ইইউ ও জাপানের নতুন রাষ্ট্রদূতের পরিচয়পত্র পেশ**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে পরিচয়পত্র পেশ করেছেন ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) ও জাপানের নবনিযুক্ত রাষ্ট্রদূতগণ। গতকাল (১৭ অক্টোবর মঙ্গলবার) তাঁরা বঙ্গভবনে রাষ্ট্রপতির কাছে পরিচয়পত্র পেশ করেন। এসময় রাষ্ট্রপতি বাংলাদেশে আশ্রয় নেওয়া বাস্তুচ্যুত রোহিঙ্গাদের প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর চাপ প্রয়োগ অব্যাহত রাখতে ইইউ'র প্রতি আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), **সমকাল** (পৃ.৫,ক.৮), **অবজারভার** (পৃ.১০,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

২। **ঢাকার আশেপাশে হবে ১০ সরকারি বিদ্যালয় : একনেকে ১০ প্রকল্প অনুমোদন**

ঢাকা শহরের নিকটবর্তী এলাকায় নতুন দশটি সরকারি মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে। এ লক্ষ্যে ৬৭৩ কোটি ৪৬ লাখ টাকা ব্যয় ধরে একটি প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। গতকাল (১৭ অক্টোবর মঙ্গলবার) একনেক চেয়ারপারসন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় মোট ১০টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়। এসব প্রকল্প বাস্তবায়নে ব্যয় হবে ৫ হাজার ৭৮৩ কোটি টাকা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

৩। **কফি আনানের সঙ্গে স্পিকারের বৈঠক**

**রোহিঙ্গা সমস্যা সমাধানে জাতিসংঘকে কার্যকর ভূমিকা রাখার আহ্বান**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী রোহিঙ্গা সমস্যা সমাধানে জাতিসংঘসহ আন্তর্জাতিক সম্প্রদায়কে স্থায়ী ও কার্যকর ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন। গতকাল (১৭ অক্টোবর মঙ্গলবার) জাতিসংঘ (ইউএন) সদরদফতরে জাতিসংঘের সাবেক মহাসচিব ও 'এডভাইজরি কমিটি অন রাখাইন স্টেট' এর চেয়ারম্যান কফি আনানের সঙ্গে বৈঠককালে তিনি এ আহ্বান জানান। কফি আনান অবিলম্বে সহিংসতা বন্ধ এবং রাখাইন প্রদেশের উপদ্রুত এলাকাগুলোতে জাতিসংঘ ও মানবিক সহায়তা সংস্থাসমূহ এবং গণমাধ্যমের অবাধ প্রবেশাধিকার নিশ্চিত করার ওপর জোর দেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৫)।

৪। **রোহিঙ্গাদের সহায়তায় জাতিসংঘের তিন সংস্থার আন্তর্জাতিক সম্মেলন আগামী ২৩ অক্টোবর**

মিয়ানমার সেনাবাহিনীর 'এথনিক ক্লিনজিং' এর শিকার রাখাইন থেকে পালিয়ে আসা প্রায় ৬ লাখ রোহিঙ্গার মানবিক সহায়তায় প্রয়োজনীয় অর্থ সংগ্রহের জন্য জাতিসংঘের তিন সংস্থা এক সম্মেলন আয়োজনের সিদ্ধান্ত নিয়েছে। এজন্য আগামী ২৩ অক্টোবর জেনেভায় মানবাধিকার সমন্বয় সংস্থা (ওসিএইচএ), আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম) ও জাতিসংঘের শরণার্থী কমিশন ইউএনএইচসিআর এ সম্মেলন আয়োজন করছে। এ বৈঠকে বিভিন্ন দেশের সরকার বাংলাদেশের সঙ্গে একাত্মতা প্রকাশ করবে। ভাগ করে নেবে দায়িত্ব। সম্মেলনের সঙ্গে সংহতি জানিয়েছে ইউরোপিয়ান ইউনিয়ন ও কুয়েত। জাতিসংঘের ওয়েবসাইটে প্রকাশিত এক বিবৃতিতে এ তথ্য জানা যায়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৭)।

৫। **রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশকে সহায়তা দেবে স্পেন**

ঢাকায় সদ্য নিযুক্ত স্পেনের রাষ্ট্রদূত আল ভারো দ্য সালাস রোহিঙ্গা সংকট সমাধানে বাংলাদেশকে তাঁর দেশের পূর্ণ সমর্থন প্রদানের আশ্বাস পুনর্ব্যক্ত করেছেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বলা হয়, পররাষ্ট্রমন্ত্রী এএইচ মাহমুদ আলীর সঙ্গে গতকাল (১৭ অক্টোবর মঙ্গলবার) তাঁর সচিবালয়ের কার্যালয়ে সাক্ষাৎকালে স্পেনের রাষ্ট্রদূত এ আশ্বাস দেন। বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী পারস্পরিক স্বার্থে বাণিজ্য, বিনিয়োগ এবং

অন্যান্য ক্ষেত্রে দ্বিপক্ষীয় সহযোগিতা আরও বৃদ্ধি করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৭)।

**৬। রোহিঙ্গাদের ভাষানচরে স্থানান্তরে সব সহায়তা দেবে আইওএম**
**ত্রাণমন্ত্রীর সঙ্গে আইওএম মহাপরিচালকের বৈঠক**

রোহিঙ্গাদের অস্থায়ী কুতুপালং ক্যাম্প থেকে ভাষানচরে স্থানান্তর করতে সবধরনের সহায়তা দেবে আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম)। এছাড়া রোহিঙ্গাদের সহযোগিতায় আইওএম বিভিন্ন দাতাসংস্থার কাছে এক হাজার কোটি টাকা চেয়েছে বলেও জানান ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চোধুরী মায়া। হোটেল ওয়েস্টিনে গতকাল (১৭ অক্টোবর মঙ্গলবার) আইওএমের মহাপরিচালক উইলিয়াম লেসি সুইংয়ের সঙ্গে বৈঠক করেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া। বৈঠকশেষে তিনি সাংবাদিকদের এসব কথা জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**৭। সব দল যাতে নির্বাচনে আসে ইসিকে সেই ব্যবস্থা করতে বলব : স্বাস্থ্যমন্ত্রী**
**ইসির সংলাপে আজ যাচ্ছেন আওয়ামী লীগের ২১ নেতা**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম প্রধান নির্বাচন কমিশনারকে উদ্দেশ্য করে বলেছেন, এটি একটি সাংবিধানিক পোস্ট। আমরা আওয়ামী লীগের পক্ষ থেকে তাঁকে সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন আয়োজনের অনুরোধ করব। সব দল যাতে নির্বাচনে আসে সেই ব্যবস্থাও করতে বলব। গতকাল (১৭ অক্টোবর মঙ্গলবার) মহাখালীতে জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতালে সেন্ট্রাল নেবুলাইজার সিস্টেম আনুষ্ঠানিকভাবে উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরের নেতৃত্বে ২১ সদস্যের প্রতিনিধিদল আজ (১৮ অক্টোবর বুধবার) নির্বাচন কমিশনের সঙ্গে সংলাপে বসতে যাচ্ছে। ক্ষমতাসীন দলটি নতুন করে সংসদীয় আসনের সীমানা পুনর্বিন্যাস না করা, ইভিএম চালুসহ ১১ দফা প্রস্তাব দেবে। বেলা ১১টায় প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদার সভাপতিত্বে এ সংলাপ শুরু হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **নিউ নেশন** (পৃ.১২,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**৮। নারী নির্যাতন, বাল্যবিয়ের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, সরকার নারীর প্রতি সহিংসতা রোধে আইন প্রণয়ন, নীতিমালা তৈরিসহ নারীর পক্ষে কাজ করছে। তবে আইন প্রণয়ন করে নারী নির্যাতন বন্ধ করা যাবে না। নারী নির্যাতন সামাজিক ব্যাধি, এ ব্যাধির বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে সবাইকে। যখন যেখানেই নারী নির্যাতন, বাল্যবিয়ে, অন্যায় দেখবেন সেখানেই রুখে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী মো. আসাদুজ্জামান খাঁন। নারীর যৌন ও প্রজনন স্বাস্থ্যবিষয়ক সব ধরনের নির্যাতনকে বন্ধ করতে এবং নারীর অধিকার সমুন্নত করার লক্ষ্যে আমরাই পারি পারিবারিক নির্যাতন প্রতিরোধ জোটের আয়োজনে এম্বেসি অব দ্য কিংডম অব দ্য নেদারল্যান্ডসের আর্থিক সহায়তায় 'সখি' প্রকল্পের আওতায় গতকাল (১৭ অক্টোবর মঙ্গলবার) বাংলা একাডেমিতে 'নারীর অধিকার (যৌন ও প্রজনন স্বাস্থ্য) বিষয়ক জাতীয় সম্মেলন ২০১৭' অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী এ আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **প্রথম আলো** (পৃ.৪,ক.২)।

**৯। সাংবিধানিক পদে অধিষ্ঠিত ব্যক্তিদের রাজনীতি ও ইতিহাস চর্চা না করার আহ্বান তথ্যমন্ত্রীর**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু সাংবাবিধানিক পদে অধিষ্ঠিত ব্যক্তিদের রাজনীতি ও ইতিহাস চর্চা না করার পরামর্শ দিয়ে বলেছেন, সাংবিধানিক পদধারীরা ইতিহাস ও রাজনীতি চর্চা করবেন না। প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) জানিয়েছেন, জিয়াউর রহমান বহুদলীয় গণতন্ত্রের প্রবক্তা। কিন্তু আমি বলতে চাই, জিয়াউর রহমান সামরিকতন্ত্রের প্রবক্তা। গতকাল (১৭ অক্টোবর মঙ্গলবার) সচিবালয়ে তথ্য অধিদফতরের সম্মেলনকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.৪,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**১০। দুর্যোগপ্রবণ এলাকায় টেকসই বিদ্যালয় নির্মাণ করা হবে : প্রাথমিক শিক্ষামন্ত্রী**

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী এডভোকেট মোস্তাফিজুর রহমান বলেছেন, দুর্যোগপ্রবণ এলাকার জন্য টেকসই মানের বিদ্যালয় নির্মাণ ও যোগাযোগব্যবস্থার উন্নয়নে কাজ করছে সরকার। আজকের শিশুরাই আগামীর নেতৃত্বে থাকবে। ২০২১ সালে মধ্যআয়ের ও ২০৪১ সালে উন্নত রাষ্ট্রে পরিণত হওয়ার লক্ষ্যে আমরা এগিয়ে যাচ্ছি। এ লক্ষ্য অর্জন করতে হলে কোনো শিশুকেই উপেক্ষা করার অবকাশ নেই। গতকাল (১৭ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর শিশু একাডেমির লেকচার থিয়েটার হলে 'দুর্যোগ ও আমরা' বিষয়ক এক বিশেষ অধিবেশেনে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। বেসরকারি আন্তর্জাতিক সংস্থা সেভ দ্য চিলড্রেন বাংলাদেশ ও প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ আয়োজিত এ অনুষ্ঠানে দেশের বন্যাকবলিত ৩১টি জেলার চাইল্ড পার্লামেন্ট সদস্যরা উপস্থিত ছিলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.৬), **সমকাল** (পৃ.৩,ক.১)।

**১১। বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৩তম জন্মদিন আজ**

স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহিদ শেখ রাসেলের ৫৩তম জন্মদিন আজ। ১৯৬৪ সালের ১৮ অক্টোবর ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু ভবনে তিনি জন্মগ্রহণ করেন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট ঘৃণ্য ঘাতকদের নির্মম বুলেটের হাত থেকে রক্ষা পাননি বঙ্গবন্ধুর এ শিশুপুত্র শেখ রাসেল। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে নরপিশাচরা নিষ্ঠুরভাবে তাঁকেও হত্যা করেছিল। শহিদ শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে আওয়ামী লীগ আজ (১৮ অক্টোবর বুধবার) সকাল ৮টায় বনানী কবরস্থানে চিরনিদ্রায় শায়িত ১৫ আগস্টে নিহত সব শহিদদের কবরে পুষ্পস্তবক অর্পণ, ফাতেহা পাঠ, মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করেছে। পাশাপাশি আওয়ামী লীগের সহযোগী, ভ্রাতৃপ্রতিম-সংগঠন এবং বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন বিভিন্ন কর্মসূচি গ্রহণ করবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

**১২। ৩৬তম বিসিএসের চূড়ান্ত ফল প্রকাশ ২,৩২৩ জনকে নিয়োগের সুপারিশ**

**প্রাথমিকে ৪৭০ নন-ক্যাডার প্রধান শিক্ষক নিয়োগ**

গতকাল (১৭ অক্টোবর মঙ্গলবার) ৩৬তম বিসিএসের চূড়ান্ত পরীক্ষার ফল প্রকাশ করেছে সরকারি কর্মকমিশন (পিএসসি)। এতে সংস্থাটি দুই হাজার ৩২৩ জনকে বিভিন্ন ক্যাডারে নিয়োগের সুপারিশ করেছে। মোট উত্তীর্ণ হয়েছেন পাঁচ হাজার ৬৩১ জন। আগামী সপ্তাহে ৩৭তম বিসিএসের লিখিত পরীক্ষার ফল প্রকাশ করতে যাচ্ছে সরকারি কর্মকমিশন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে ৩৪তম বিসিএস পরীক্ষায় (পদস্বল্পতার কারণে ক্যাডার পদ না পাওয়া) ৪৭০ জন নন-ক্যাডারকে নিয়োগ দিয়েছে সরকার। এই শিক্ষকদের নিয়োগ দিয়ে দেশের বিভিন্ন বিদ্যালয়ে পদায়ন করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। গতকাল (১৭ অক্টোবর মঙ্গলবার) এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে গণশিক্ষা মন্ত্রলালয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৫)।

**১৩। ইংরেজি বিষয়ের ক্লাস ইংরেজিতেই নিতে হবে : মাউশি'র আদেশ**

দেশের সব সরকারি-বেসরকারি স্কুল ও কলেজে ইংরেজি বিষয়ের ক্লাস ইংরেজিতেই নেওয়ার নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। এ ছাড়া প্রত্যেক শিক্ষার্থীকে দেশপ্রেমিক ও নৈতিক মূল্যবোধসম্পন্ন হিসেবে গড়ে তোলার জন্য নৈতিকশিক্ষা প্রদান ও মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরতে নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল (১৭ অক্টোবর মঙ্গলবার) মাউশি এ সংক্রান্ত এক আদেশ জারি করে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** প্যালিয়েটিভ কেয়ার কঠিন ও নিরাময়অযোগ্য রোগে আক্রান্ত রোগীদের জীবনে স্বস্তি এনে দেওয়ার বিষয় তুলে ধরে বেসরকারি খাতে এ ধরনের চিকিৎসাসেবা সহজলভ্য করতে সরকারকে উদ্যোগ নেওয়ার আহ্বান।

খ. **সংবাদ, যুগান্তর, জনকণ্ঠ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, ডেইলি স্টার :** রোহিঙ্গা সমস্যা সমাধানে মিয়ানমারের ওপর আরও আন্তর্জাতিক চাপ বাড়ানো অপরিহার্য বলে অভিমত।

গ. **জনকণ্ঠ :** নারী নির্যাতনের অভিযোগে দায়ী ব্যক্তিদের যথাযথভাবে আইনের মাধ্যমে শাস্তি নিশ্চিত করার প্রত্যাশা।

ঘ. **প্রথম আলো :** টাঙ্গাইলের মির্জাপুরে বংশাই ও ঝিনাইনদ থেকে বালু তোলায় নদের ভাঙনে যেভাবে রাস্তা ও ফসলি জমি বিলীন হচ্ছে তাতে উদ্বেগ প্রকাশ করে অতিদ্রুত অবৈধভাবে বালু তোলা বন্ধে উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঙ. **সমকাল :** ঢাকায় স্থায়ী বাসিন্দা ছাড়া জন্ম সনদ না দেওয়ার বিষয়ে প্রকাশিত প্রতিবেদনের বিষয় তুলে ধরে যেখানে জন্ম সেখানেই নিবন্ধন এ ভিত্তিতে জন্মসনদ প্রাপ্তির পক্রিয়া সহজ করা উচিত বলে অভিমত।

চ. **ইন্ডিপেনডেন্ট :** মানসম্পন্ন উচ্চশিক্ষা নিশ্চিত করতে শিক্ষাপ্রতিষ্ঠানে যোগ্যতাসম্পন্ন উপযুক্ত শিক্ষক নিয়োগ দেওয়াসহ শিক্ষকদের কোচিং বাণিজ্য ও শিক্ষাপ্রতিষ্ঠানে পার্ট-টাইম শিক্ষক নিয়োগ বন্ধের ব্যবস্থা করার আহ্বান।

ছ. **ডেইলি সান :** দেশের গৌরবময় মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত ৩৬০টি স্থানের যথাযথ রক্ষণাবেক্ষণের কাজে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়ার সুপারিশ।

জ. **নিউ নেশন, নিউজ টুডে :** দেশের সাধারণ জনগণের খাদ্যনিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় খাদ্য সামগ্রীর মূল্য নিয়ন্ত্রণে রাখার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**বণিকবার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে শ্রমিক সাধারণের স্বার্থে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির কৌশল জরুরিভিত্তিতে পুনর্বিবেচনা করা উচিত বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'নদী পর্যটনেও থাকুক মনোযোগ'** শিরোনামের নিবন্ধে নদীসুরক্ষাবিষয়ক নানা উদ্যোগের ফলে মানুষের মাঝে নদী দেখার প্রবণতা বৃদ্ধি পাওয়ায় দেশে নদীকেন্দ্রিক পর্যটন ক্রমে বাড়ছে বলে অভিমত প্রকাশ।

#

ফাহিমা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৭৭/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ১৭ অক্টোবর ২০১৭, ২ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মন্ত্রিসভা বৈঠকে স্বাস্থ্যউন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা নীতির খসড়া অনুমোদন

২। পাঁচদফা প্রস্তাবেই রোহিঙ্গা সংকট সমাধান সম্ভব : প্রধানমন্ত্রী

৩। মিয়ানমারের সেনাকর্মকর্তাদের ওপর নিষেধাজ্ঞা ইইউ'র

মিয়ানমারের ২০০ মিলিয়ন ডলার ঋণ সহায়তা স্থগিত করেছে বিশ্বব্যাংক

৪। আইপিইউ সম্মেলনে মিয়ানমারের নিন্দা : রোহিঙ্গা প্রস্তাব সর্বোচ্চ ভোটে গৃহীত

৫। বাংলাদেশ আবার খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করবে : কৃষিমন্ত্রী

৬। কারিগরি শিক্ষার প্রসারে সবাইকে এগিয়ে আসার আহ্বান শিক্ষামন্ত্রীর

৭। কর্মস্থলে অনুপস্থিত থাকলে শাস্তিমূলক ব্যবস্থা : চিকিৎসকদের প্রতি স্বাস্থ্যমন্ত্রী

৮। বিশ্ব ইজতেমায় অংশ নিতে শর্তসাপেক্ষে 'অন অ্যারাইভাল ভিসা'

৯। দারিদ্র্য কমছে : বিবিএস জরিপ

১০। ব্লু হোয়েল লিংক ও রাতের ইন্টারনেট অফার বন্ধের নির্দেশ হাইকোর্টের

১১। ঢাকা শহরের বর্জ্য সকাল ৬ টার মধ্যে অপসারণে হাইকোর্টের নির্দেশ

চলমান পাতা-২

১। **মন্ত্রিসভার বৈঠকে স্বাস্থ্যউন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা নীতির খসড়া অনুমোদন**

২০৪০ সালের মধ্যে প্রধানমন্ত্রী ঘোষিত তামাকমুক্ত বাংলাদেশ গড়তে 'স্বাস্থ্যউন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা নীতি ২০১৭' এর খসড়া অনুমোদন দেওয়া হয়েছে মন্ত্রিসভার বৈঠকে। নীতিমালায় আদায়কৃত সারচার্জ প্রায় ৯০০ কোটি টাকা ব্যয়ে ১৪টি খাত নির্ধারণ করা হয়েছে। প্রতিবছর এ খাতগুলোতে ঐ টাকা ব্যয় করা হবে। এর মধ্যে তামাক চাষিদের ভর্তুকি প্রদান ও অন্য ফসল চাষে উদ্বুদ্ধকরণ কর্মসূচি রয়েছে। গতকাল প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। মন্ত্রিসভা 'জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি আইন, ২০১৭' এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে। বৈঠকের শুরুতে রোহিঙ্গা সংকট নিয়ে বিদেশি গণমাধ্যমগুলোতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'স্টার অব দ্য ইস্ট' ও 'মাদার অব হিউম্যানিটি' উপাধি দেয়ায় তাঁকে অভিনন্দন জানানো হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), জনকণ্ঠ (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

২। **পাঁচদফা প্রস্তাবেই রোহিঙ্গা সংকট সমাধান সম্ভব : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, গত মাসে নিউইয়র্কে অনুষ্ঠিত জাতিসংঘ সাধারণ অধিবেশনে তিনি যে পাঁচদফা প্রস্তাব উত্থাপন করেছেন তার মাধ্যমেই চলমান রোহিঙ্গা সংকটের সমাধান হবে। তিনি গতকাল (১৬ অক্টোবর সোমবার) তাঁর (প্রধানমন্ত্রীর) ত্রাণ ও কল্যাণ তহবিলে অনুদান গ্রহণকালে বলেন, 'আমরা যুদ্ধ চাই না... আমরা বিশ্বাস করি, আলোচনার মাধ্যমেই সব সমস্যার সমাধান সম্ভব।' বাংলাদেশ অ্যাসোসিয়েশন অভ ব্যাংক প্রধানমন্ত্রীর কাছে তাঁর কার্যালয়ে অনুদানের চেক হস্তান্তর করে। প্রধানমন্ত্রী এ প্রসঙ্গে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় দখলদার পাকিস্তানি বাহিনীর গণহত্যার কথা স্মরণ করে বলেন, রোহিঙ্গারা ১৯৭১ সালের পাকিস্তানি বাহিনীর নির্যাতনের মতো বর্বরতার শিকার। নির্যাতিত রোহিঙ্গাদের সহায়তায় সর্বশ্রেণির মানুষের এগিয়ে আসার কথা উল্লেখ করে তিনি বলেন, এ দেশের মানুষ মানবতাবোধসম্পন্ন। তারা প্রত্যন্ত এলাকা থেকে সহায়তা নিয়ে রোহিঙ্গাদের পাশে দাঁড়িয়েছে। প্রধানমন্ত্রী বলেন, বেসামরিক প্রশাসন, সেনা, নৌ ও বিমানবাহিনী, বিজিবি, পুলিশ এবং তাঁর দলের স্বেচ্ছাসেবকরা এসব নিপীড়িত মানুষের ভোগান্তি লাঘবে কঠোর পরিশ্রম করে যাচ্ছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১৬,ক.২)।

৩। **মিয়ানমারের সেনাকর্মকর্তাদের ওপর নিষেধাজ্ঞা ইইউ'র**

**মিয়ানমারের ২০০ মিলিয়ন ডলার ঋণ সহায়তা স্থগিত করেছে বিশ্বব্যাংক**

মিয়ানমারের রাখাইন রাজ্যে সেনা অভিযানে রোহিঙ্গাদের হত্যা, ধর্ষণ, নির্যাতন ও জোরপূর্বক দেশ ত্যাগের ঘটনায় দেশটির সেনাবাহিনীর প্রধানসহ সামরিক জ্যেষ্ঠ কর্মকর্তাদের ওপর আমন্ত্রণ নিষেধাজ্ঞা আরোপ করেছে ইউরোপিয়ান ইউনিয়ন (ইইউ)। এছাড়া মিয়ানমারের সঙ্গে সব ধরনের সামরিক সহযোগিতা পুনর্মূল্যায়ণের সিদ্ধান্ত নিয়েছে ইইউ। অভ্যন্তরীণ দমননীতিতে ব্যবহার করা যায় এমন কোনো অস্ত্র মিয়ানমারের কাছে বিক্রি না করার বিষয়ে ইইউ ব্যবস্থা নিয়েছে। এতেও যদি পরিস্থিতির উন্নতি না হয় তবে ইউরোপীয় কাউন্সিল বাড়তি পদক্ষেপ নেবে। গতকাল (১৬ অক্টোবর সোমবার) ইউরোপীয় ইউনিয়নের পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠকে একটি রেজ্যুলেশনে এই সিদ্ধান্ত গৃহীত হয়। এদিকে রাখাইনে রোহিঙ্গা জনগোষ্ঠীর ওপর জাতিগত নিধনের প্রেক্ষাপটে মিয়ানমারের ২০০ মিলিয়ন ডলার ঋণ সহায়তা স্থগিত করেছে বিশ্বব্যাংক। রাখাইন পরিস্থিতি বিশ্লেষণের পর রোহিঙ্গা ইস্যুতে উদ্বেগ জানিয়ে গত শুক্রবার ওয়াশিংটনে এক বিবৃতিতে এ তথ্য জানায় সংস্থাটি। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ, প্রথম আলো, বাংলাদেশ টুডে, নিউজ টুডে, এশিয়ান এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। **আইপিইউ সম্মেলনে মিয়ানমারের নিন্দা : রোহিঙ্গা প্রস্তাব সর্বোচ্চ ভোটে গৃহীত**

রাশিয়ার সেন্টপিটাসবার্গে চলমান ইন্টারপার্লামেন্টারি ইউনিয়নের ১৩৭তম সম্মেলনে গত ১৫ অক্টোবর রোববার ইমারজেন্সি আইটেম হিসেবে ১৪টি প্রস্তাবনা উত্থাপিত হয়। এর মধ্যে রোহিঙ্গাদের ইস্যু ছাড়াও বিভিন্ন প্রস্তাবনা ছিল। পরবর্তীতে ১৭টি দেশ রোহিঙ্গা ইস্যুর সমর্থনে তাদের প্রস্তাবনা প্রত্যাহার করে নিলে শেষ পর্যন্ত ৩টি প্রস্তাবনার ওপর ভোটাভুটি হয়। এতে রোহিঙ্গা সংক্রান্ত প্রস্তাবনাটি সর্বোচ্চ ভোট পেয়ে আলোচনার জন্য গৃহীত হয়। রোহিঙ্গা প্রস্তাবের পক্ষে ভোট পড়ে ১ হাজার ২৭টি। বাংলাদেশের পক্ষ থেকে উপস্থাপিত এ প্রস্তাবে নিরীহ রোহিঙ্গাদের বিরুদ্ধে চলমান গণহত্যার নিন্দা জানিয়ে অবিলম্বে এ অঞ্চলে মানবিক সংকটের অবসান,

আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতা ফিরিয়ে আনা এবং বাস্তুহারা রোহিঙ্গাদের সসম্মানে দেশে ফিরিয়ে নেওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য মিয়ানমারের প্রতি আহ্বান জানানো হয়েছে। অধিবেশনে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতা এবং সংসদের ডেপুটি স্পিকার ফজলে রাব্বি মিয়া 'স্টপ অ্যাট্রোসিটিস এন্ড ফোর্সড ডিসপ্লেসমেন্ট অব রোহিঙ্গাস এন্ড এনশিওর দেয়ার রিটার্ন টু দেয়ার হোমল্যান্ড ইন দ্য রাখাইন স্টেট অব মিয়ানমার ইমিডিয়েটলি এন্ড আনকন্ডিশনালি' শীর্ষক প্রস্তাবনাটি উপস্থাপন করেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৩)।

**৫। বাংলাদেশ আবার খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করবে : কৃষিমন্ত্রী**

প্রাকৃতিক দুর্যোগ এবং মানবসৃষ্ট কৃত্রিম খাদ্য সংকট মোকাবিলা করে আবারও খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করবে বাংলাদেশ। 'বিশ্ব খাদ্য দিবস ও খাদ্য মেলা ২০১৭' এর উদ্বোধন অনুষ্ঠানে কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এমন মন্তব্য করেন। কৃষি মন্ত্রণালয় ও জাতিসংঘের কৃষি ও খাদ্য সংস্থা (এফএও) যৌথভাবে 'অভিবাসনের ভবিষ্যৎ বদলে দাও, খাদ্য নিরাপত্তা ও গ্রামীণ উন্নয়নে বিনিয়োগ বাড়াও' শিরোনামে গতকাল (১৬ অক্টোবর সোমবার) কৃষিবিদ ইনস্টিটিউশনে এ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধানবক্তার বক্তৃতায় কৃষিমন্ত্রী বলেন, আমাদের দেশের কৃষকের অদম্য মনোবলের কারণে আমরা প্রকৃতির সঙ্গে যুদ্ধ করে কৃষিকে সমৃদ্ধ করতে পেরেছি। এ বছর পরপর বন্যার কারণে খাদ্য উৎপাদনে কিছু সমস্যা হয়েছে। এ অবস্থায় বাংলাদেশের পার্শ্ববর্তী দেশ থেকে একটি বিশাল জনসংখ্যার বোঝা চাপিয়ে দেওয়া হয়েছে। মায়ানমারকে অবশ্যই রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে হবে।

প্রধান অতিথির বক্তৃতায় সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের ওবায়দুল কাদের বলেন, বাংলাদেশের কৃষিখাতে একটি নীরব বিপ্লব ঘটে গেছে। এ বিপ্লব শুরু করেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বর্তমানে এ বিপ্লবের নেতা আমাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং রূপকার কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী। মন্ত্রী আরও বলেন, আমাদের কৃষির সোনালী সম্ভাবনাকে এগিয়ে নিতে হলে সম্মিলিতভাবে কাজ করতে হবে। কৃষিতে গবেষণার বিষয় উল্লেখ করে মন্ত্রী বলেন, কৃষিতে উন্নত গবেষণার ফলে আমরা খাদ্য উৎপাদনে এগিয়ে গেছি এবং বিশ্বের কাছে আমাদের দেশটি একটি মডেল হিসেবে পরিণত হয়েছে। মন্ত্রী কৃষি গবেষণায় বিনিয়োগ বৃদ্ধিতে গুরুত্বারোপ করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

**৬। কারিগরি শিক্ষার প্রসারে সবাইকে এগিয়ে আসার আহ্বান শিক্ষামন্ত্রীর**

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার প্রসার ও এর গুণগত মান উন্নয়নের জন্য সংশ্লিষ্ট সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, কারিগরি শিক্ষার উন্নয়নের লক্ষ্যে সুচিন্তিত পরিকল্পনা গ্রহণ করতে হবে। এজন্য সব অংশীজনের পরামর্শ ও মতামত গ্রহণ এবং প্রক্রিয়ায় তাদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। গতকাল (১৬ অক্টোবর সোমবার) সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (টিভিইটি) উন্নয়নবিষয়ক এক সভায় সভাপতিত্বকালে মন্ত্রী একথা বলেন। সভায় জানানো হয়, দেশে পাঁচটি টাস্কফোর্স হচ্ছে-পলিসি ও প্রজেক্ট ফর্মুলেশন, ইন্ডাস্ট্রি ও ইনস্টিটিউট লিংকেজ, টিভিইটি এনরোলমেন্ট, কারিকুলাম ডেভেলপমেন্ট, জব মার্কেট অ্যাসেসমেন্ট ও এপ্লয়মেন্ট টাস্কফোর্স। টাস্কফোর্সগুলো টিভিইটির উন্নয়নে ভবিষ্যৎ কর্মপরিকল্পনা গ্রহণের জন্য নিজ নিজ ক্ষেত্রে সুপারিশমালা প্রণয়ন করবে। সভায় আগামী ৩০ নভেম্বরের মধ্যে সুপারিশমালা জমা দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪), **সমকাল** (পৃ.৪,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

**৭। কর্মস্থলে অনুপস্থিত থাকলে শাস্তিমূলক ব্যবস্থা : চিকিৎসকদের প্রতি স্বাস্থ্যমন্ত্রী**

কর্মস্থলে অনুপস্থিত থাকলে চিকিৎসকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়ে প্রয়োজনে চাকরিচ্যুতির নির্দেশ দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল (১৬ অক্টোবর সোমবার) সচিবালয়ের অনুষ্ঠিত সরকারি হাসপাতালে সেবার মনোন্নয়ন সংক্রান্ত এক সভায় সভাপতিত্বকালে তিনি এ নির্দেশ দেন। তিনি বলেন, সরকারি হাসপাতালে সাম্প্রতিক সময়ে সরকারের কঠোর নজরদারি বাড়ানোর ফলে তৃণমূল পর্যায়ে চিকিৎসাসেবার মান বৃদ্ধি পেয়েছে। কিন্তু চিকিৎসক না থাকায় সাধারণ মানুষ হাসপাতালে এসে চিকিৎসা পাবে না, তা কোনোভাবেই বরদাশত করা হবে না। এজন্য যে চিকিৎসক বিনা অনুমতিতে হাসপাতালে সময়মতো উপস্থিত থাকবেন না তার বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। তিনি বলেন, হাসপাতালে চিকিৎসকদের

উপস্থিতি নিশ্চিত না করতে পারলে বিভাগীয় পরিচালক, সিভিল সার্জন বা দায়ী হাসপাতাল সুপারভাইজাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.২,ক.৩), **সমকাল** (পৃ.৫,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৮। বিশ্ব ইজতেমায় অংশ নিতে শর্তসাপেক্ষে 'অন অ্যারাইভাল ভিসা'**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন বলেছেন, বাংলাদেশে যেসব দেশের দূতাবাস বা মিশন নেই, সেসব দেশ থেকে টঙ্গীতে অনুষ্ঠিতব্য বিশ্ব ইজতেমায় আসতে চাইলে তাদের শর্তসাপেক্ষে 'অন অ্যারাইভাল ভিসা' দেওয়া হবে। তবে তাদের আমাদের দেশের তাবলিগের মুরব্বিদের অনুমতি নিতে হবে। ঐ অনুমতি নিয়ে তারা এলে তাদের ৩০ দিনের অন অ্যারাইভাল ভিসা দেওয়া হবে। পরে প্রয়োজনে এ ভিসা বাড়িয়ে দেওয়া যেতে পারে। গতকাল (১৬ অক্টোবর সোমবার) আগামী জানুয়ারি মাসে অনুষ্ঠিতব্য বিশ্ব ইজতেমা নিয়ে আইনশৃঙ্খলা বাহিনীর পদস্থ কর্মকর্তাদের সঙ্গে বৈঠকের পর ব্রিফিংয়ে এসব কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, আগামী বছরের ১২ থেকে ১৪ জানুয়ারি অনুষ্ঠিত হবে প্রথম পর্বের ইজতেমা, দ্বিতীয় পর্বে হবে ১৯ থেকে ২১ জানুয়ারি। সূত্রঃ **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

**৯। দারিদ্র্য কমছে : বিবিএস জরিপ**

২০১৬ সাল শেষে দেশের মোট জনসংখ্যার ২৪ দশমিক ৩ শতাংশ দরিদ্র। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সর্বশেষ খানা আয় ও ব্যয় জরিপে (এইচআইইএস) দারিদ্র্য পরিস্থিতির এ চিত্র পাওয়া গেছে। এর আগে ২০১০ সালে এ জরিপ পরিচালনা করে বিবিএস। তখন দেশের জনসংখ্যার ৩১ দশমিক ৫০ শতাংশ মানুষ দারিদ্র্যসীমার নিচে বসবাস করত। ছয়বছরের ব্যবধানে দারিদ্র্যের হার ৭ দশমিক ২ শতাংশ কমেছে। মোট দারিদ্র্যের পাশাপাশি অতি দারিদ্র্যের হারও আগের তুলনায় কমেছে। সর্বশেষ জরিপে অতি দারিদ্র্যের হার দাঁড়িয়েছে ১২ দশমিক ৯ শতাংশ, যা ২০১০ সালের জরিপে ছিল ১৭ দশমিক ৬ শতাংশ। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৬)।

**১০। ব্লু হোয়েল লিংক ও রাতের ইন্টারনেট অফার বন্ধের নির্দেশ হাইকোর্টের**

রাত ১২ টা থেকে ভোর ৬টা পর্যন্ত মোবাইল ফোন অপারেটররা যে বিশেষ ইন্টারনেট অফার দেয় তা ছয়মাসের জন্য বন্ধের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। গতকাল (১৬ অক্টোবর সোমবার) এ সংক্রান্ত দায়ের করা পৃথক রিট আবেদনের শুনানি শেষে এ আদেশ দেন বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি জে বি এম হাসানের হাইকোর্ট বেঞ্চ। এ ছাড়াও আত্মহত্যায় প্ররোচনাকারী ব্লু হোয়েল গেমসহ এ জাতীয় সব খেলা বন্ধে গেটওয়ের লিংক ও অ্যাপ বন্ধে পদক্ষেপ নিতে নির্দেশ দিয়েছে আদালত। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৩), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**১১। ঢাকা শহরের বর্জ্য সকাল ৬ টার মধ্যে অপসারণে হাইকোর্টের নির্দেশ**

ঢাকার দুই সিটি করপোরেশনের সব বর্জ্য রাত ১০টা থেকে সকাল ৬টার মধ্যে অপসারণের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। পাশাপাশি ঢাকনা ছাড়া ট্রাক বা ভ্যান দিয়ে বর্জ্য সংগ্রহ ও পরিবহণ বন্ধেও ব্যবস্থা নিতে বলা হয়েছে। গতকাল (১৬ অক্টোবর সোমবার) হাইকোর্টের একটি বেঞ্চ এ আদেশ দেয়। ৪৫ দিনের মধ্যে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন কর্তৃপক্ষকে হাইকোর্টের এই আদেশ বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানিয়ে আদালতে একটি প্রতিবেদন দাখিল করতেও বলা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক, সংবাদ :** সড়ক দুর্ঘটনার জন্য চালক ও পথচারীদের অসতর্কতা এবং যানবাহনের বেপরোয়া গতি দায়ী, তাই সড়কে মানুষের জীবনের নিরাপত্তা নিশ্চিত করতে হলে ট্রাফিক নিয়মনীতির যথাযথ প্রয়োগের পাশাপাশি মানসিকতাও বদলাতে হবে বলে অভিমত।

**খ.** **জনকণ্ঠ :** মাতৃত্বকালীন ভাতা নিয়ে কিছু মানুষের অনিয়ম আর দুর্নীতির কারণে যেন সাধারণ মানুষ ন্যায্য প্রাপ্তি থেকে বঞ্চিত না হয় সে ব্যাপারে সবাইকে সচেতন থাকার আহ্বান।

**গ.** **প্রথম আলো :** সামাজিক যোগাযোগ মাধ্যমে বখাটেদের অপকর্মের ভিডিও তুলে দেওয়ার ঘটনা বেড়ে যাওয়ায় এই সাইবার অপরাধ ও অনাচারের বিরুদ্ধে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল :** মা ইলিশ রক্ষায় ২২ দিনের নিষেধাজ্ঞার কর্মসূচি যেন নিছক পরিকল্পনা ও দূরদর্শিতার অভাবে ব্যর্থ না হয় সে বিষয়ে প্রশাসনকে সতর্ক থাকার আহ্বান ।

ঙ. **যুগান্তর :** তৈরিপোশাকের ইউরোপীয় ক্রেতাজোট অ্যাকর্ডের মেয়াদ আরও তিনবছর বাড়ানোর একতরফা সিদ্ধান্ত হাইকোর্ট স্থগিত করার বিষয় তুলে ধরে কোনো অজুহাতেই আর মেয়াদ বাড়ানো নয় বলে প্রত্যাশা ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীসহ দেশের অন্য শহরগুলো বাসযোগ্য রাখতে সেবাখাতগুলোকে নগরবাসীর জন্য মানসম্পন্ন সেবা নিশ্চিত করার আহ্বান।

ছ. **ডেইলি সান :** শিক্ষাপ্রতিষ্ঠানের সামনে অভিভাবকদের গাড়িগুলো বিশৃঙ্খলভাবে রাখায় যানজট প্রকট আকার ধারণ করছে বিধায় অভিভাবকদের এ ব্যাপারে সচেতন হওয়াসহ শিক্ষার্থীদের জন্য শিক্ষাপ্রতিষ্ঠানের নিজস্ব যানবাহনের ব্যবস্থা করার সুপারিশ।

জ. **নিউজ টুডে :** বাংলাদেশে আইসিটিখাতের আউটসোর্সিং বাজার ব্যাপকভাবে বেড়ে উঠায় দেশের যুবসমাজের কর্মসংস্থানের ব্যবস্থা করার লক্ষ্যে সরকারকে এখাতে সহায়তা আরও বাড়ানোর আহ্বান।

ঝ. **নিউ এজ :** ঢাকায় চিহ্নিত ৭২ হাজার ঝুঁকিপূর্ণ ভবনের বিরুদ্ধে রাজউকের যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## নিবন্ধ ও ফিচার

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'শান্তির জননী শেখ হাসিনা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শান্তির জননী হিসেবে আজকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে এবং আন্তর্জাতিকভাবে যে অবস্থান নিয়েছেন, সেটি আন্তর্জাতিক রাজনীতির ক্ষেত্রে একটি শ্রেষ্ঠ মানবিক উদাহরণ হিসেবে বিবেচিত হবে।

#

খাদীজা/ফাহিমা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘণ্টা

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৭৬/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ১৬ অক্টোবর ২০১৭, ১ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সুপ্রিমকোর্ট প্রশাসনে রদবদল
প্রধান বিচারপতির বিরুদ্ধে অভিযোগ তদন্ত করবে দুদক : আইনমন্ত্রী

২। রোহিঙ্গাদের জন্য ফিল্ড হাসপাতাল বানানোর ঘোষণা মালয়েশিয়ার উপপ্রধানমন্ত্রীর

৩। রোহিঙ্গা সংকট : ব্রাসেলসে আজ বৈঠকে বসছেন ইইউ'র পররাষ্ট্রমন্ত্রীরা
আইওএম প্রধান বাংলাদেশ সফরে

৪। রাশিয়ার সর্বোচ্চ রাষ্ট্রীয় খেতাবে ভূষিত হলেন সাবের হোসেন চৌধুরী

৫। উচ্চশিক্ষার উন্নয়নে কৌশলগত পরিকল্পনা করা হচ্ছে : শিক্ষামন্ত্রী

৬। ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ হবে বাংলাদেশ : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। গ্রামাঞ্চলে ১০ হাজার নতুন ফ্ল্যাট হবে : পূর্তমন্ত্রী

৮। ডিএনডির জলাবদ্ধতা নিরসনে কাজ শুরু : পানিসম্পদমন্ত্রী

৯। আজ বিশ্ব খাদ্য দিবস

১০। শ্রেণিকক্ষে মোবাইল ব্যবহারে নিষেধাজ্ঞা মাউশি'র

চলমান পাতা-২

১। **সুপ্রিমকোর্ট প্রশাসনে রদবদল**

**প্রধান বিচারপতির বিরুদ্ধে অভিযোগ তদন্ত করবে দুদক : আইনমন্ত্রী**

সুপ্রিমকোর্ট প্রশাসনের শীর্ষপর্যায়ের পদগুলোতে রদবদল করা হয়েছে। রেজিস্ট্রার জেনারেল, হাইকোর্টের রেজিস্ট্রার, অতিরিক্ত রেজিস্ট্রার, ডেপুটি রেজিস্ট্রার পর্যায়ের দশ বিচার বিভাগীয় কর্মকর্তাকে বদলি করা হয়েছে। সুপ্রিমকোর্টের সাথে পরামর্শক্রমে প্রশাসনের শীর্ষপর্যায়ের এসব কর্মকর্তাকে দেশের বিভিন্ন জেলা আদালতে বদলি করেছে আইন মন্ত্রণালয়। সূত্র-**ইত্তেফাক, সংবাদ, নিউ নেশন, এশিয়ান এজ, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার বিরুদ্ধে যেসব অভিযোগ উঠেছে সেগুলো সবই দুর্নীতি দমন কমিশনের (দুদক) এখতিয়ারভুক্ত। অনুসন্ধানে সত্যতা পাওয়া গেলে আইন তার নিজস্ব গতিতে চলবে। আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক গতকাল (১৫ অক্টোবর রোববার) আইন মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সংবাদ ব্রিফিংয়ে এসব কথা বলেন। আইনমন্ত্রী বলেন, প্রধান বিচারপতির ছুটির আবেদন ও বিদেশ যাওয়া নিয়ে অনেক কথা হচ্ছে। বিতর্কেরও সৃষ্টি করা হচ্ছে, যার যুক্তিসংগত কোনো কারণ নেই। রাজনৈতিক ষড়যন্ত্রের অংশ হিসেবে এসব করা হচ্ছে। সূত্র-**প্রথম আলো, জনকণ্ঠ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান** পত্রিকায় এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। **রোহিঙ্গাদের জন্য ফিল্ড হাসপাতাল বানানোর ঘোষণা মালয়েশিয়ার উপপ্রধানমন্ত্রীর**

আশ্রিত ৩ লাখ রোহিঙ্গার জন্য আগামী ২-৩ মাসের মধ্যে একটি ফিল্ড হাসপাতাল বানিয়ে দেওয়ার ঘোষণা দিয়েছেন মালয়েশিয়ার উপপ্রধানমন্ত্রী ড. আহমদ জাহিদ হামিদি। রোহিঙ্গা সংকট নিয়ে আলোচনা করতে দু'দিনের সফরে গতকাল (১৫ অক্টোবর রোববার) ঢাকায় পৌঁছে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী'র সঙ্গে এক দ্বিপক্ষীয় বৈঠক করেন তিনি। গতকাল রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে দ্বিপক্ষীয় বৈঠকশেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (শেষ.পৃ,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

৩। **রোহিঙ্গা সংকট : ব্রাসেলসে আজ বৈঠকে বসছেন ইইউ'র পররাষ্ট্রমন্ত্রীরা**

**আইওএম প্রধান বাংলাদেশ সফরে**

রাখাইনে রোহিঙ্গাদের ওপর নিপীড়ন বন্ধে করণীয় নিয়ে আজ ১৬ অক্টোবর সোমবার ব্রাসেলসে বৈঠকে মিলিত হচ্ছেন ইউরোপীয় ইউনিয়নের পররাষ্ট্রমন্ত্রীরা। এতে মিয়ানমারের জেনারেলদের সঙ্গে সম্পর্ক ছিন্ন করার একটি প্রস্তাব পাস হতে যাচ্ছে। ২৮ দেশভুক্ত এ জোটের কূটনীতিকদের সূত্রে এ তথ্য প্রকাশিত হয়। গত ১৪ অক্টোবর শনিবার নিরাপত্তা পরিষদের এক বৈঠকেও জাতিসংঘের সাবেক মহাসচিব কফি আনান মিয়ানমারের ওপর চাপ সৃষ্টির জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে আহ্বান জানিয়েছেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৪),

আন্তর্জাতিক অভিবাসন সংস্থা'র (আইওএম) প্রধান উইলিয়াম লেসি সুইং গতকাল (১৫ অক্টোবর রোববার) চারদিনের সফরে বাংলাদেশে এসেছেন। রোহিঙ্গা পরিস্থিতি পর্যবেক্ষণ করার জন্য ঢাকায় এসেছেন তিনি। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.৭)।

৪। **রাশিয়ার সর্বোচ্চ রাষ্ট্রীয় খেতাবে ভূষিত হলেন সাবের হোসেন চৌধুরী**

ইন্টার-পার্লামেন্টারি ইউনিয়নের (আইপিইউ) প্রেসিডেন্ট এবং বাংলাদেশ জাতীয় সংসদের সদস্য সাবের হোসেন চৌধুরীকে বিদেশি নাগরিকদের জন্য প্রদত্ত রাশিয়ার সর্বোচ্চ রাষ্ট্রীয় পদক 'অর্ডার অভ ফ্রেন্ডশিপ' প্রদান করেছেন দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। গত ১৪ অক্টোবর শনিবার রাশিয়ার সেন্ট পিটার্সবার্গে আইপিইউ এর ১৩৭তম সম্মেলন উদ্বোধন অনুষ্ঠানের প্রাক্কালে তাঁকে এ সম্মাননা প্রদান করা হয়। গতকাল (১৫ অক্টোবর রোববার) ক্রেমলিন ও মস্কোর বাংলাদেশ দূতাবাসের পৃথক বিবৃতিতে একথা বলা হয়। ক্রেমলিনের বিবৃতিতে বলা হয়, রাশিয়ার প্রেসিডেন্ট আইপিইউ'র প্রেসিডেন্ট সাবের হোসেন চৌধুরীকে অর্ডার অভ ফ্রেন্ডশিপ সম্মানে ভূষিত করেছেন। এতে বলা হয়, ইন্টার-পার্লামেন্টারি সম্পর্কের উন্নয়ন, রাশিয়ার ফেডারেল এসেম্বলি ও আইপিইউ'র মধ্যে সহযোগিতা ও পারস্পরিক সমঝোতা উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদানের জন্য তাঁকে এ পদক প্রদান করা হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

**৫। উচ্চশিক্ষার উন্নয়নে কৌশলগত পরিকল্পনা করা হচ্ছে : শিক্ষামন্ত্রী**

দেশের উচ্চশিক্ষা বিশ্বমানে উন্নয়নের লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, ২০৩০ সাল নাগাদ উচ্চশিক্ষার জন্য একটি কৌশলগত পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। এজন্য বিভিন্ন কমিটি তাদের সুপারিশমালা পেশ করেছে এবং একটি খসড়া পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। মন্ত্রী গতকাল (১৫ অক্টোবর রোববার) ঢাকায় সিরডাপ অডিটরিয়ামে 'ড্রাফট স্ট্র্যাটেজিক প্লান ফর হাইয়ার এডুকেশন ইন বাংলাদেশ : ২০১৭-২০৩০' শীর্ষক এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। তিনি জানান, উচ্চশিক্ষার মানউন্নয়নে অ্যাক্রিডিটেশন কাউন্সিল আইন পাস হয়েছে। উচ্চশিক্ষা কমিশন গঠন করা হবে। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৫), **যুগান্তর** (পৃ.১৭,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৬। ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ হবে বাংলাদেশ : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, বাংলাদেশ ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের এবং ২০৪১ সালের মধ্যে আধুনিক প্রযুক্তিনির্ভর উন্নত দেশে পরিণত হবে। এরই মধ্যে শান্তির রোল মডেল হিসেবে বিশ্বের মানচিত্রে আবির্ভূত হয়েছে বাংলাদেশ। এসব সম্ভব হয়েছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ নেতৃত্বে। স্বরাষ্ট্রমন্ত্রী গতকাল (১৫ অক্টোবর রোববার) গাজীপুরে সফিপুর আনসার ভিডিপি একাডেমিতে আনসার ও ভিডিপি'র ৩৪তম বিসিএস (আনসার) কর্মকর্তাদের মৌলিক প্রশিক্ষণ ও এমএইচএস কোর্সের সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী আনসার সদস্যদের উদ্দেশ্যে বলেন, আপনাদের অর্জিত মেধা, শ্রম ও দক্ষতা আনসার ও গ্রাম প্রতিরক্ষাবাহিনীকে একটি মর্যাদাশীল বাহিনীতে পরিণত করবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৩), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১)।

**৭। গ্রামাঞ্চলে ১০ হাজার নতুন ফ্ল্যাট হবে : পূর্তমন্ত্রী**

বাড়ি নির্মাণকে কেন্দ্র করে কৃষিজমি ধ্বংস মোকাবিলায় শীঘ্রই গ্রামাঞ্চলে দশ হাজার নতুন ফ্ল্যাট নির্মাণ করা হবে বলে জানিয়েছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। গতকাল (১৫ অক্টোবর রোববার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে ব্র্যাক, গৃহায়ন কর্তৃপক্ষ, নগর উন্নয়ন অধিদফতর, মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশন এবং ইনস্টিটিউট অব প্ল্যানার্স কর্তৃক যৌথভাবে আয়োজিত 'নগরের দরিদ্রদের জন্য গৃহায়নে অর্থায়ন' শীর্ষক জাতীয় সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, নগরদারিদ্র্যের শিকার বস্তিবাসীদের জন্য সরকার মিরপুরের বাউনিয়া বাঁধ এলাকায় ১০ একর জমির ওপর ১০ হাজার ফ্ল্যাট নির্মাণ করছে। এর মধ্যে ৫৫০টি ফ্ল্যাটের নির্মাণকাজ শিগগিরই শুরু হবে। খুব অল্প ও সহজে পরিশোধযোগ্য ভাড়াভিত্তিতে এসব ফ্ল্যাটে বস্তিবাসী থাকতে পারবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (পৃ.১৭,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫) ।

**৮। ডিএনডির জলাবদ্ধতা নিরসনে কাজ শুরু : পানিসম্পদমন্ত্রী**

পানিসম্পদমন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ বলেছেন, আগামী দু'সপ্তাহের মধ্যে ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) বাঁধের অভ্যন্তরে জলাবদ্ধতা নিরসনের কাজ শুরু হবে। সেনাবাহিনীর তত্ত্বাবধানে ৫৫৮ কোটি টাকার এ প্রকল্পের কাজ ২০১৯ সালের মধ্যে শেষ হবে। গতকাল (১৫ অক্টোবর রোববার) নারায়ণগঞ্জ ক্লাব কমিউনিটি সেন্টার মিলনায়তনে এক প্রেস ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। প্রেস ব্রিফিংয়ে তিনি তাৎক্ষণিকভাবে ডিএনডিবাসীর জলাবদ্ধতার ভোগান্তি লাঘবে অতিরিক্ত পাম্প বসানোর আশ্বাস দেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৫,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৬)।

**৯। আজ বিশ্ব খাদ্য দিবস**

আজ ১৬ অক্টোবর সোমবার বিশ্ব খাদ্য দিবস। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও নানান কর্মসূচির মধ্যে দিয়ে দিবসটি পালিত হবে। এ উপলক্ষে বিভিন্ন কর্মসূচি নিয়েছে সরকারি ও বেসরকারি বিভিন্ন সংস্থা। বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপটে এবার দিবসটির প্রতিপাদ্য 'অভিবাসনের ভবিষ্যৎ বদলে দাও, খাদ্য-নিরাপত্তা ও গ্রামীণ উন্নয়নে বিনিয়োগ বাড়াও'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), **নিউ এজ** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৫)।

১০। **শ্রেণিকক্ষে মোবাইল ব্যবহারে নিষেধাজ্ঞা মাউশি'র**

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষাপ্রতিষ্ঠানের ক্লাসরুমে শিক্ষক ও শিক্ষার্থীদের মোবাইল ফোন ব্যবহারের ওপর আনুষ্ঠানিকভাবে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি) গত ১২ অক্টোবর এক অফিস আদেশে এ সংক্রান্ত নির্দেশনা জারি করে। এরই মধ্যে এ আদেশের কপি সব জেলা-উপজেলা শিক্ষা অফিসার এবং শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানদের কাছে পাঠানো হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **যুগান্তর** (পৃ.১৭,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **যুগান্তর :** আগামী নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ হওয়ার লক্ষ্যে আলোচনার মাধ্যমে একটা পথ বের করার ব্যাপারে প্রধানমন্ত্রীর বক্তব্যকে স্বাগত জানিয়ে প্রধানমন্ত্রীর বক্তব্য প্রতিফলিত হওয়ার প্রত্যাশা।

খ. **সংবাদ, সমকাল :** স্যুয়ারেজ বিলের অর্থ ব্যয়ের স্বচ্ছতা নিশ্চিত করার পাশাপাশি নগরবাসীর বিশুদ্ধ নিরাপদ পানি সমস্যার সমাধান ও পয়ঃবর্জ্য নিষ্কাশন ব্যবস্থার আমূল পরিবর্তনের দাবি।

গ. **জনকণ্ঠ :** ভেজাল খাদ্য উৎপাদন, বাজারজাতকরণ ও বিক্রয়কারীকে আইনের আওতায় এনে শাস্তি নিশ্চিত করার সুপারিশ।

ঘ. **প্রথম আলো :** দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত বিদেশিদের আয়কর দেওয়ার জন্য চাকরিদাতা প্রতিষ্ঠানগুলোকে জবাবদিহিতার আওতায় এনে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার আহ্বান।

ঙ. **সমকাল :** সামাজিক যোগাযোগ মাধ্যমে চারটি জনপ্রিয় দৈনিকের নকল সংস্করণ ছড়িয়ে দেওয়ার ঘটনায় জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানী ঢাকাকে নিরাপদ ও বাসযোগ্য রাখতে বিভিন্ন সংস্থার কাজের মধ্যে সমন্বয় সাধনের দ্বারা যানজট, জলাবদ্ধতা, বর্জ্য অপসারণ ও সড়কগুলোর বেহাল অবস্থার সমস্যার সমাধানের সুপারিশ।

ছ. **ডেইলি সান :** দেশের দুর্গম এলাকা বিশেষকরে পাহাড়ি ও হাওর এলাকায় সৌরবিদ্যুৎ স্থাপনে সহায়তায় সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানকে এগিয়ে আসার আহ্বান।

জ. **ডেইলি স্টার, প্রথম আলো :** সাভারের চামড়াশিল্প নগরীতে কেন্দ্রীয় বর্জ্য শোধনাগার (সিইটিপি) স্থাপিত না হওয়ায় কারখানার বর্জ্যে ক্রমান্বয়ে ধলেশ্বরীর পানি দূষিত হয়ে পড়ায় অতিদ্রুত সিইটিপি স্থাপনের কাজ সম্পন্ন করার সুপারিশ।

ঝ. **নিউজ টুডে :** চালের মূল্যনিয়ন্ত্রণে সরকারকে বাজার তদারকি জোরদার করার আহ্বান করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**বণিকবার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বিশ্ব বাজারে বলিষ্ঠ উপস্থিতি এবং দীর্ঘমেয়াদে টেকসই প্রবৃদ্ধির ধারা বজায় রাখতে হলে বাংলাদেশকে অবশ্যই ক্ষুদ্র ও মাঝারিখাতে বিপুল সংখ্যক মানুষের কর্মসংস্থান সৃষ্টি করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'বিশ্ব খাদ্য দিবসের ভাবনা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বাংলাদেশে গ্রামীণ অর্থনীতির উন্নয়নের স্বার্থে কৃষিজমির অকৃষিখাতে, বিশেষতঃ বসতি স্থাপনে ব্যবহার বন্ধ করা দরকার।

#

খাদীজা/ফাহিমা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘণ্টা

খাদীজা/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৭৪/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ১২ অক্টোবর ২০১৭, ২৭ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১।

চলমান পাতা-২

**১।**

সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪)। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৭),

**২।**

সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.২), সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

**৩।**

সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **নিউজ টুডে** (শেষ

**৪।**

সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫)। সূত্র-**ইনকিলাব** ( পৃ.৮,ক.২),

**৫।**

সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।
সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৩), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৬।**

সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭)। সূত্র-**ইনকিলাব** (পৃ.৩,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

**৭।**

সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩)। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭)।

**৮।**

। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.২), **ইনকিলাব** (পৃ.৩,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.২)। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৮)।

**৯।**

সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫) সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৬)।

**১০।**

সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১)। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১)। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪)।
**১১।**
সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক**

খ. **জনকণ্ঠ, যায়যায়দিন :** ।

গ. **সংবাদ, প্রথম আলো, ভোরের কাগজ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন :**

ঘ. **যুগান্তর :**

ঙ. **ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেস :**

ছ. **ডেইলি সান :**

জ. **ডেইলি স্টার :**

ঞ. **অবজারভার :**

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত '----------------------'শিরোনামের নিবন্ধে - করতে হবে বলে অভিমত প্রকাশ।

#

খাদীজা/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৭৫/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ১৫ অক্টোবর ২০১৭, ৩০ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আগামী নির্বাচন অবাধ ও সবার কাছে গ্রহণযোগ্য হবে : প্রধানমন্ত্রী

২। রোহিঙ্গাদের সামলানোই বাংলাদেশের সবচেয়ে বড় সমস্যা : ওয়াশিংটনে অর্থমন্ত্রী

৩। রোহিঙ্গাদের মিয়ানমারে সসম্মানে ফেরাতে হবে : জাতিসংঘ নিরাপত্তা পরিষদে কফি আনান

৪। মিয়ানমার সরকারের বিবৃতির সঙ্গে বাস্তবের বিস্তর ব্যবধান : জাতিসংঘে বাংলাদেশ প্রতিনিধি

৫। প্রধান বিচারপতির বিবৃতি বিভ্রান্তিমূলক : সুপ্রিমকোর্ট
প্রধান বিচারপতি স্বেচ্ছায় ছুটিতে গেছেন : তথ্যমন্ত্রী
আইনমন্ত্রীর ব্রিফিং আজ

৬। জিএম খাদ্যের ব্যাপারে বিজ্ঞানমনস্ক হওয়ার আহ্বান কৃষিমন্ত্রীর

৭। সারাদেশে বিদ্যুতের অনলাইন বিলিং সিস্টেম চালু হচ্ছে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৮। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ অর্থনৈতিকভাবে দ্রুত এগিয়ে যাচ্ছে : সংস্কৃতিমন্ত্রী

৯। চামড়া রপ্তানিতে আয় ২ হাজার ৬শ' কোটি টাকা

১০। প্রায় ২ লাখ নাগরিককে ভোটার করতে নিবন্ধন কার্যক্রম শুরু

১১। বাংলাদেশের ১২ লাখ মানুষ বসতি হারানোর ঝুঁকিতে : জাতিসংঘ

চলমান পাতা-২

**১। আগামী নির্বাচন অবাধ ও সবার কাছে গ্রহণযোগ্য হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা বলেছেন, আওয়ামী লীগ জনগণের ভোটের অধিকার প্রতিষ্ঠা করেছে। গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক রূপ দেওয়াই আওয়ামী লীগের লক্ষ্য। আগামী (একাদশ জাতীয় সংসদ) নির্বাচন হবে অবাধ, নিরপেক্ষ ও সবার কাছে গ্রহণযোগ্য। সুষ্ঠু নির্বাচন যাতে হয় আলোচনা করে তার একটা পথ আমরা বের করব। আমরা চাই মানুষ মৌলিক ও সাংবিধানিক অধিকার প্রয়োগ করবে। যার যার প্রতিনিধি সে সে বেছে নেবে। ইতোমধ্যে আমরা একটা স্বচ্ছ ভোটার তালিকা তৈরি করতে পেরেছি। গতকাল (১৪ অক্টোবর শনিবার) গণভবনে আওয়ামী লীগের কার্যনির্বাহী সংসদ ও উপদেষ্টা পরিষদের যৌথসভায় সূচনা বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সরকারের উন্নয়ন কর্মকাণ্ড তুলে ধরে তিনি বলেন, আওয়ামী লীগ সরকার এসেছিল বলেই দেশ উন্নত হচ্ছে। পৃথিবীতে এখন বাংলাদেশ উন্নয়নের রোল মডেল। বঙ্গবন্ধুকে হত্যার মধ্য দিয়ে বাংলাদেশকে বিশ্বে যেভাবে কলঙ্কিত করা হয়েছে, তা এখন আমরা মুছতে পেরেছি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭)।

**২। রোহিঙ্গাদের সামলানোই বাংলাদেশের সবচেয়ে বড় সমস্যা : ওয়াশিংটনে অর্থমন্ত্রী**

মিয়ানমারে সেনাবাহিনীর নিধনযজ্ঞের মুখে পালিয়ে আসা রোহিঙ্গাদের সামলানোকেই বাংলাদেশের সবচেয়ে বড় সমস্যা হিসেবে দেখছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। এর মধ্য দিয়ে মিয়ানমার বাংলাদেশের অর্থনীতিকে ধ্বংস করে দিচ্ছে বলে উপলব্ধি তাঁর। ওয়াশিংটন ডিসিতে বিশ্বব্যাংক-আইএমএফের বার্ষিক সম্মেলন চলাকালে গতকাল (১৪ অক্টোবর শনিবার) ইন্টারন্যাশনাল মনিটরি এন্ড ফাইন্যান্সিয়াল কমিটির (আইএমএফসি) বৈঠকশেষে রোহিঙ্গাদের নিয়ে এ প্রতিক্রিয়া জানান অর্থমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (শেষ.,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, ২০২০ সালে দেশে নতুন ভ্যাট আইন কার্যকর করবে সরকার। আর এতে দু'টি ভ্যাট স্তর নির্ধারণ করা হবে। আন্তর্জাতিক মুদ্রা তহবিল আইএমএফের ডিএমডি মিটসুহিরো ফুরুসাওয়াকে এসব তথ্য জানান অর্থমন্ত্রী। এছাড়া আইএমএফের পক্ষ থেকে রেমিটেন্স প্রবাহ কমে যাওয়ার প্রভাব সম্পর্কে জানতে চাইলে অর্থমন্ত্রী বলেন, প্রবাহ বাড়াতে শীঘ্রই বিনা খরচে রেমিটেন্স পাঠানোর ব্যবস্থা করছে সরকার। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৮), **সংবাদ** (পৃ.১৩,ক.৪)।

**৩। রোহিঙ্গাদের মিয়ানমারে সসম্মানে ফেরাতে হবে : জাতিসংঘ নিরাপত্তা পরিষদে কফি আনান**

পালিয়ে আসা রোহিঙ্গাদের মর্যাদার সঙ্গে রাখাইনে ফিরিয়ে নিতে হবে। দেশে ফেরার পর তাদের কোনো অস্থায়ী আশ্রয় শিবিরে রাখা যাবে না, বরং নিজেদের বাড়িঘরে নিরাপদে থাকার ব্যবস্থা করতে হবে। আর এসব করার জন্য প্রয়োজনীয় সব ব্যবস্থা মিয়ানমারকেই নিশ্চিত করতে হবে। জাতিসংঘে নিরাপত্তা পরিষদের অনির্ধারিত রুদ্ধদ্বার বৈঠকে গত **১৩** অক্টোবর শুক্রবার এসব বলেছেন বিশ্ব সংস্থাটির সাবেক মহাসচিব কফি আনান। রোহিঙ্গা সংকট উত্তরণে ঐকমত্যের ভিত্তিতে একটি রোডম্যাপ প্রণয়ন এবং মিয়ানমারের ওপর এসব ব্যাপারে কার্যকর চাপ প্রয়োগের জন্য নিরাপত্তা পরিষদের উদ্দেশ্যে জোর তাগিদ দিয়ে তিনি আরো বলেন, অন্যথায় পরিস্থিতি হবে ভয়াবহ। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**৪। মিয়ানমার সরকারের বিবৃতির সঙ্গে বাস্তবের বিস্তর ব্যবধান : জাতিসংঘে বাংলাদেশ প্রতিনিধি**

রাখাইনের পরিস্থিতি নিয়ে মিয়ানমার সরকারের বিবৃতি ও বাস্তব পরিস্থিতির মধ্যে বিস্তর ব্যবধান আছে বলে মনে করে বাংলাদেশ। জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন জাতিসংঘের এক উচ্চপর্যায়ের বৈঠকে এ প্রতিক্রিয়া জানিয়েছেন। গত **১৩** অক্টোবর শুক্রবার নিউইয়র্কে (বাংলাদেশ সময় রাত **১**টা) রোহিঙ্গা পরিস্থিতি নিয়ে জাতিসংঘ সদরদফতরের ইকোসোক চেম্বারে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের সদস্যরা সভায় অংশ নেন। এ সভার আয়োজন করে ব্রিটিশ ও ফরাসি ডেলিগেশন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.১৪,ক.৩)।

**৫। প্রধান বিচারপতির বিবৃতি বিভ্রান্তিমূলক : সুপ্রিমকোর্ট**
**প্রধান বিচারপতি স্বেচ্ছায় ছুটিতে গেছেন : তথ্যমন্ত্রী**
**আইনমন্ত্রীর ব্রিফিং আজ**

ছুটিতে থাকা প্রধান বিচারপতি সুরেন্দ্রকুমার সিনহার বিরুদ্ধে দুর্নীতি, বিদেশে অর্থ পাচার, আর্থিক অনিয়ম, নৈতিক স্খলনসহ সুনির্দিষ্ট **১১**টি অভিযোগ থাকার কথা জানিয়েছে সুপ্রিমকোর্ট। গতকাল (১৪ অক্টোবর শনিবার) সুপ্রিমকোর্টের বিবৃতিতে বলা হয়েছে, প্রধান বিচারপতির বিবৃতি বিভ্রান্তিমূলক। বিবৃতিতে আরও বলা হয়, প্রধান বিচারপতির পদটি একটি প্রতিষ্ঠান। সেই পদের ও বিচার বিভাগের মর্যাদা সমুন্নত রাখার স্বার্থে এর আগে সুপ্রিমকোর্টের তরফ থেকে কোনো ধরনের বক্তব্য বা বিবৃতি প্রদান করা হয়নি। কিন্তু উদ্ভূত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে

বিবৃতিটি দেওয়া হলো। সূত্র-**ইত্তেফাক, জনকণ্ঠ, প্রথম আলো, ডেইলি সান অবজারভার, নিউজ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়টিতে লিড নিউজ ছেপেছে।

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, প্রধান বিচারপতি স্বেচ্ছায় ছুটিতে গেছেন। তিনি কখন কোন মামলার রায় দেবেন এ ব্যাপারে সরকার কখনো হস্তক্ষেপ করে না এবং হস্তক্ষেপ করার এখতিয়ারও রাখে না। এ ব্যাপারে যে প্রচারণা রয়েছে তা ভ্রান্ত। গতকাল (১৪ অক্টোবর শনিবার) কুষ্টিয়া সার্কিট হাউসে দলীয় নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময়কালে এসব কথা বলেন তথ্যমন্ত্রী। প্রধান বিচারপতি সুরেন্দ্রকুমার সিনহার বক্তব্যের আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানাবেন আইনমন্ত্রী আনিসুল হক। আজ ১৫ অক্টোবর রোববার সচিবালয়ে এ ব্যাপারে আনুষ্ঠানিক ব্রিফিং করবেন তিনি। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.১৫,ক.২), **মানবকণ্ঠ** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.৩)।

**৬। জিএম খাদ্যের ব্যাপারে বিজ্ঞানমনস্ক হওয়ার আহ্বান কৃষিমন্ত্রীর**

কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বলেছেন, বাংলাদেশের অর্থনীতির মূলভিত্তি হলো কৃষি। কৃষির পাশাপাশি আমাদের শিল্পসহ অন্যান্য ক্ষেত্রগুলোও বাংলাদেশের অগ্রগতিতে ভূমিকা রেখেছে। এ কারণেই বাংলাদেশ আজ সারাবিশ্বের দৃষ্টি আকর্ষণ করতে পেরেছে। আর এটি সম্ভব হয়েছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুচিন্তিত ও সুদৃঢ় নেতৃত্বের কারণে। মন্ত্রী গতকাল (১৪ অক্টোবর শনিবার) সারাদেশ থেকে আগত কৃষি বিশেষজ্ঞসহ বিজ্ঞানীদের অংশগ্রহণে গাজীপুরে ছয়দিনব্যাপী বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর 'কেন্দ্রীয় গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা-২০১৭' এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। তিনি হাইব্রিড ও জিএম খাদ্যের ব্যাপারে সবাইকে আরও উদার ও বিজ্ঞানমনস্ক হওয়ার আহ্বান জানান। এছাড়াও তিনি দেশীয় জাতসমূহের ফলন বাড়ানোর জন্য বিজ্ঞানীদের পরামর্শ দেন। তিনি ভুট্টার উৎপাদন বৃদ্ধির জন্যও গুরুত্বারোপ করেন। এর আগে মন্ত্রী বিভিন্ন প্রদর্শনী ও জাত পরিদর্শন করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **সংবাদ** (পৃ.৪,ক.১)।

**৭। সারাদেশে বিদ্যুতের অনলাইন বিলিং সিস্টেম চালু হচ্ছে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, সারাদেশে বিদ্যুতের অনলাইন বিলিং সিস্টেম চালু করা হচ্ছে। অনলাইন বিলিং সিস্টেম চালু করা হলে বিদ্যুৎ বিল নিয়ে কোনো ভোগান্তি থাকবে না, থাকবে না কোনো সিস্টেম লস। এ সিস্টেমে ঘরে বসে মোবাইল ফোনেও বিদ্যুৎ বিল দেওয়া যাবে। গতকাল (১৪ অক্টোবর শনিবার) ঢাকা পল্লিবিদ্যুৎ সমিতি-৪ আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এ সময় তিনি সুইচ টিপে ঢাকা পল্লিবিদ্যুৎ সমিতি-৪-এর অফিস, বহুতল ভবন, চারটি ৩৩/১ কেভি ২০ এমভিএ উপকেন্দ্রের ভিত্তিপ্রস্তর ও একটি উপকেন্দ্রের উদ্বোধন করেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**৮। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ অর্থনৈতিকভাবে দ্রুত এগিয়ে যাচ্ছে : সংস্কৃতিমন্ত্রী**

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমরা অর্থনৈতিকভাবে দ্রুত এগিয়ে যাচ্ছি। যার প্রমাণ আমাদের উত্তরাঞ্চলে একসময় মঙ্গার উপদ্রব ছিল, আজ আর তা নেই। আর উন্নয়ন তখনই টেকসই হবে, যখন আমরা মানবিক উন্নয়ন ঘটাতে সক্ষম হব। গতকাল (১৪ অক্টোবর শনিবার) রাজধানীতে বাংলাদেশ মহিলা সমিতি'র প্রতিষ্ঠাতা সভানেত্রী শিক্ষাবিদ ড. নীলিমা ইব্রাহিমের ৯৬তম জন্মউৎসব উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত স্মারক বক্তৃতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৮,ক.২), **ইত্তেফাক** (পৃ.৪,ক.৬)।

**৯। চামড়া রপ্তানিতে আয় ২ হাজার ৬শ' কোটি টাকা**

দেশে চামড়া ও চামড়াজাত পণ্য রপ্তানিতে আয় বেড়েছে। চলতি ২০১৭-১৮ অর্থবছরের প্রথম তিন মাসে চামড়া ও চামড়াজাত পণ্য রপ্তানিতে আয় হয়েছে ৩২ কোটি ৪৬ লাখ মার্কিন ডলার বা ২ হাজার ৬০০ কোটি টাকা। যা গত অর্থবছরের (২০১৬-১৭) এ সময়ের তুলনায় ১ দশমিক ৭৪ শতাংশ বেশি। বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরোর জুলাই-সেপ্টেম্বর মাসের হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য প্রকাশ করা হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১)।

**১০। প্রায় ২ লাখ নাগরিককে ভোটার করতে নিবন্ধন কার্যক্রম শুরু**

রাজধানীর দুই সিটি করপোরেশনে বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করা প্রায় ২ লাখ নাগরিককে ভোটার করতে নিবন্ধন কার্যক্রম শুরু করেছে নির্বাচন কমিশন। এ লক্ষ্যে নির্ধারিত কেন্দ্রে তাদের ছবি উত্তোলন, দুই হাতের আঙ্গুলের ছাপ নেওয়া এবং চোখের আইরিশ স্কেন করার কাজ চলছে। তথ্য গ্রহণের সময় যারা বাদ পড়েছেন, তারাও এলাকাভিত্তিক নির্ধারিত কেন্দ্রে গিয়ে সরাসরি নিবন্ধন করাতে পারবেন। এজন্য নির্দিষ্ট কিছু কাগজপত্র সঙ্গে নিতে

হবে। রাজধানীর ১২৭টি কেন্দ্রে গতকাল (১৪ অক্টোবর শনিবার) থেকে শুরু হওয়া নিবন্ধন কার্যক্রম চলবে ৫ নভেম্বর পর্যন্ত। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪)।

**১১। বাংলাদেশের ১২ লাখ মানুষ বসতি হারানোর ঝুঁকিতে : জাতিসংঘ**

বিভিন্ন ধরনের প্রাকৃতিক দুর্যোগে প্রতিবছর প্রায় এক কোটি ৪০ লাখ মানুষ গৃহহারা হচ্ছে। এর মধ্যে বাংলাদেশের ১২ লাখ মানুষও বসতি হারানোর ঝুঁকিতে রয়েছে। 'আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস' উপলক্ষে গত ১৩ অক্টোবর শুক্রবার জাতিসংঘ উদ্বেগজনক এ তথ্য প্রকাশ করেছে। যৌথভাবে এ জরিপ পরিচালনা করেছে জাতিসংঘ দুর্যোগ ঝুঁকি প্রশমন দপ্তর এবং নরওয়ে রিফিউজি কাউন্সিলের অভ্যন্তরীণ গৃহহারাদের পুনর্বাসন সম্পর্কিত মনিটরিং সেন্টার। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.২)।

## সম্পাদকীয়

ক. **সমকাল :** দেশের প্রাচীনতম বিশেষায়িত হাসপাতাল পাবনা মানসিক হাসপাতালের অবকাঠামো ও জনবল সংকট দূর করার সুপারিশ।

খ. **ভোরের কাগজ :** চট্টগ্রাম থেকে কুরিয়ারে আসা ৩০ হাজার ইয়াবার একটি বড় চালান ধরা পড়ায় উদ্বেগ প্রকাশ করে রোহিঙ্গাদের এক্ষেত্রে সংশ্লিষ্টতার সম্ভাবনা থাকায় বাংলাদেশে অনুপ্রবেশের সময় তাদের তল্লাশির ওপর গুরুত্বারোপ।

গ. **ইত্তেফাক :** পুলিশ সদস্যদের জন্য ভর্তুকি মূল্যে দেওয়া চাল ও গমের মান খারাপ হওয়ার কথা উল্লেখ করে তাদের যথাযথ মানের খাবার সরবরাহের আহ্বান।

ঘ. **প্রথম আলো :** সরকার ও বিভিন্ন এনজিও ব্যাপক জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করলেও বাল্যবিবাহ হয়েই চলছে উল্লেখ করে এ ব্যাপারে সমাজের সকলকে সচেতন হওয়ার আহ্বান।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** অতিথি পাখি শিকার ও বিক্রির সাথে জড়িতদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি সান :** সাভারের ট্যানারি পল্লিতে সিইটিপি এখনও চালু না হওয়ায় কারখানা মালিকরা ধলেশ্বরী নদীতে চামড়ার বর্জ্য ফেলায় বুড়িগঙ্গার মতো ধলেশ্বরী নদীও দূষণে হুমকির মুখে পড়ার আশঙ্কা করে এ ব্যাপারে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ছ. **নিউজ টুডে :** নতুন উদ্ভাবিত বিরি-৮১ জাতের ধান উচ্চ ফলনশীল ও উচ্চ মানসম্পন্ন হওয়ায় এ ধানের চাষ বাড়ানোসহ আবহাওয়ার বিরূপ প্রভাব সহিষ্ণু আরও নতুন জাতের শস্যের উদ্ভাবন ও ফসল ফলানোর ওপর গুরুত্বারোপ।

জ. **নিউ নেশন :** রাজধানী ঢাকা ভূমিকম্পের ঝুঁকিতে থাকায় এখানকার ভবনগুলো ভূমিকম্প সহিষ্ণু করে গড়ে তোলার আহ্বান।

ঝ. **নিউ এজ :** জনস্বার্থে অনিবন্ধিত ওষুধের বাজার নিয়ন্ত্রণে আনার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিশুদের অধিকার যথাযথভাবে নিশ্চিত করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিশু নিপীড়ন প্রতিরোধে এগিয়ে আসুন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিশু নির্যাতনের কারণগুলো বের করে তার সমাধানে রাষ্ট্রের সর্বস্তরের মানুষের এগিয়ে আসা উচিত।

#

খাদীজা/ফাহিমা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য অধিদফতর
## বাংলাদেশ সচিবালয়
## ঢাকা

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৭৪/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ১২ অক্টোবর ২০১৭, ২৭ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। স্থানীয় উন্নয়নের পাশাপাশি জাতীয় অগ্রগতি নিশ্চিত করতে রাষ্ট্রপতির আহ্বান
চিকিৎসার নামে ব্যবসা করবেন না : চিকিৎসকদের প্রতি রাষ্ট্রপতি

২। বাংলাদেশ '২৪ সালের মধ্যে দারিদ্র্যদূরীকরণে সাফল্য অর্জন করবে : অর্থমন্ত্রী
বাংলাদেশের সামগ্রীক অগ্রগতির প্রশংসা ইউএনডিপি প্রশাসকের

৩। রোহিঙ্গা ইস্যুতে এগিয়ে আসতে দাতাসংস্থা ও বিশ্বনেতাদের প্রতি স্পিকারের আহ্বান

৪। প্রত্যাবাসন ঠেকাতে পরিকল্পিত হামলা চালাচ্ছে মায়ানমার : জাতিসংঘ প্রতিবেদন
ত্রাণ বিতরণে তিন এনজিও'র ওপর নিষেধাজ্ঞা

৫। চাল ও জ্বালানি তেল আমদানির সিদ্ধান্ত : ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র বৈঠক

৬। ছয় মাসের মধ্যে দৃশ্যমান হবে মেট্রোরেল : সেতুমন্ত্রী

৭। খাদ্য অধিকার আইন জরুরি : তথ্যমন্ত্রী

৮। বাংলাদেশের সাত শতাংশ প্রবৃদ্ধির পূর্বাভাস আইএমএফের

৯। প্রত্যেক মার্কেট ও শপিংমলকে অগ্নিকাণ্ডের মহড়া করতে হবে : দুর্যোগমন্ত্রী

১০। যুদ্ধাপরাধ ট্রাইব্যুনাল পুনর্গঠন : বিচারপতি মো শাহিনুর ইসলাম চেয়ারম্যান

১১। সুবিধাবঞ্চিত শিশুদের অংশগ্রহণে শিশু অধিকার সপ্তাহ শুরু

চলমান পাতা-২

**১।  স্থানীয় উন্নয়নের পাশাপাশি জাতীয় অগ্রগতি নিশ্চিত করতে রাষ্ট্রপতির আহ্বান**
**চিকিৎসার নামে ব্যবসা করবেন না : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ স্ব-স্ব এলাকার উন্নয়নের পাশাপাশি জাতীয় অগ্রগতির জন্য একসঙ্গে কাজ করতে স্থানীয় নেতা, পেশাজীবী, সাংবাদিক ও সরকারি কর্মকর্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন। নিজ জেলায় চারদিন সফরের শেষদিনে গতকাল (১১ অক্টোবর বুধবার) কিশোরগঞ্জে স্থানীয় নির্বাচিত প্রতিনিধি, বিভিন্ন পেশাজীবী সংগঠন এবং সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে রাষ্ট্রপতি বলেন, স্থানীয় উন্নয়নের পাশাপাশি জাতীয় অগ্রগতি নিশ্চিত করতে আপনাদের একসঙ্গে কাজ করতে হবে। একইদিনে কিশোরগঞ্জে রাষ্ট্রপতির সঙ্গে প্রেসিডেন্ট আবদুল হামিদ মেডিকেল কলেজ ও হাসপাতালের চিকিৎসকদের প্রতিনিধিদল সাক্ষাৎ করতে গেলে চিকিৎসার নামে রোগীদের সঙ্গে প্রতারণা না করার জন্য চিকিৎসক ও সংশ্লিষ্ট অন্যদের প্রতি আহ্বান জানিয়েছেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫) **নিউজ টুডে** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৫)।

**২।  বাংলাদেশ '২৪ সালের মধ্যে দারিদ্র্যদূরীকরণে সাফল্য অর্জন করবে : অর্থমন্ত্রী**
**বাংলাদেশের সামগ্রীক অগ্রগতির  প্রশংসা ইউএনডিপি প্রশাসকের**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, বাংলাদেশ ২০২৪ সালের মধ্যেই দারিদ্র্যদূরীকরণে সাফল্য অর্জন করবে। প্রতিশ্রুতি ও দৃঢ় ইচ্ছাশক্তির মাধ্যমেই বাংলাদেশ এমডিজির মতো এসডিজির লক্ষ্য অর্জন করবে বলে তিনি প্রত্যয় ব্যক্ত করেন। গতকাল (১১ অক্টোবর বুধবার) মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে 'টেকসই উন্নয়নের পথে অভিযাত্রা : এমডিজির পথ ধরে এসডিজি অর্জন' শীর্ষক আন্তর্জাতিক সেমিনারে অর্থমন্ত্রী এসব কথা বলেন। আন্তর্জাতিক থিঙ্ক ট্যাংক প্রতিষ্ঠান ইনস্টিটিউট ফর পলিসি, এডভোকেসি এন্ড গভর্নেন্স আয়োজিত এ সেমিনারের উদ্বোধন অধিবেশনে বক্তৃতা দেন ইউএনডিপির ব্যুরো অব পলিসি এন্ড প্রোগ্রাম সাপোর্টের সহকারী প্রশাসক ও পরিচালক এবং জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল মাগদি মার্টিনেজ সোলিমান। টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে বাংলাদেশের সাফল্যের কথা তুলে ধরে মার্টিনেজ বলেন, বাংলাদেশ সামগ্রীক অর্থনীতির ব্যবস্থাপনার ক্ষেত্রে একটি নিরবচ্ছিন্ন নীতিমালা প্রণয়ন করতে পেরেছে, যার ফলে দেশটির অর্থনীতির প্রবৃদ্ধি সাম্প্রতিক বছরগুলোতে ধারাবাহিকভাবে ৬ ভাগের উপরে রয়েছে। মানব সম্পদের ব্যাপক উন্নয়ন হয়েছে। পাবলিক সেক্টরে জবাবদিহিতা বৃদ্ধি পেয়েছে। তিনি সরকারের 'ডিজিটাল বাংলাদেশ' ও 'ভিশন ২০২১' এর সাফল্যের কথা উল্লেখ করেন। ১৩ হাজার কমিউনিটি ক্লিনিকে নারী ও শিশুস্বাস্থ্যের উন্নয়নে আইসিটি ব্যবহার করায় তিনি বাংলাদেশের প্রশংসা করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১)।

**৩।  রোহিঙ্গা ইস্যুতে এগিয়ে আসতে দাতা সংস্থা ও বিশ্বনেতাদের প্রতি স্পিকারের আহ্বান**

রোহিঙ্গা সংকট সমাধানে দ্রুত ইতিবাচক পদক্ষেপ গ্রহণের জন্য দাতা সংস্থাসহ বিশ্বনেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন সিপিএ চেয়ারপারসন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গতকাল (১১ অক্টোবর বুধবার) যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে বিশ্বব্যাংকের আয়োজনে আইএমএফ-এর সদরদফতরে পার্লামেন্টারি নেটওয়ার্ক ওয়ার্কশপে বক্তব্যকালে তিনি এ আহ্বান জানান। সম্প্রতি মায়ানমারের বলপ্রয়োগে বাস্তুচ্যুত বিপুলসংখ্যক রোহিঙ্গা নাগরিক বাংলাদেশে আশ্রয় নিয়েছে। সম্পূর্ণ মানবিক কারণে তাদের আশ্রয় দেওয়া হয়েছে। এ সংকট সমাধানে তিনি বিশ্বব্যাংকের দৃষ্টি আকর্ষণ করে দ্রুত ইতিবাচক পদক্ষেপ গ্রহণের জন্য দাতা সংস্থাসহ বিশ্ববাসীর প্রতি আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**৪।  প্রত্যাবাসন ঠেকাতে পরিকল্পিত হামলা চালাচ্ছে মায়ানমার সেনাবাহিনী : জাতিসংঘ প্রতিবেদন**
**ত্রাণ বিতরণে তিন এনজিও'র ওপর নিষেধাজ্ঞা**

মায়ানমারের রাখাইন রাজ্যে সেনা অভিযানে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গারা যাতে মায়ানমারে ফিরে যেতে না পারে সেজন্য সুসংগঠিত, সমন্বিত ও পরিকল্পিতভাবে রাখাইনের বিভিন্ন স্থানে হামলা চালাচ্ছে

দেশটির সেনাবাহিনী। যেসব স্থানে রোহিঙ্গা পালিয়ে গেছে সেখানে জনশূন্য ঘরবাড়ি আগুন দিয়ে পুড়িয়ে দেওয়া



হচ্ছে। এছাড়া বাংলাদেশ-মায়ানমার সীমান্তে মায়ানমার অংশে কাঁটাতারের বেড়া দিয়ে নিরাপত্তা জোরদার করা হচ্ছে। গতকাল (১১ অক্টোবর বুধবার) জাতিসংঘের মানবাধিকার কমিশনের এক প্রতিবেদনে এই তথ্য প্রকাশ পেয়েছে। **সূত্র-জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.১,ক.২), **সংবাদ, ডেইলি সান, নিউজ টুডে, নিউ নেশন, অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

তিনটি বেসরকারি সংস্থাকে (এনজিও) রোহিঙ্গা শরণার্থীদের মধ্যে ত্রাণকাজ চালাতে নিষেধ করেছে সরকার। এই সংস্থাগুলো ত্রাণ বিতরণের নামে ভিন্ন কিছু করছে বলে অভিযোগ রয়েছে। এনজিওগুলো হলো মুসলিম এইড বাংলাদেশ, ইসলামিক রিলিফ ও আল্লামা ফজলুল্লাহ ফাউন্ডেশন। গতকাল (১১ অক্টোবর বুধবার) সংসদভবনে অনুষ্ঠিত পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ১৬তম বৈঠকে মন্ত্রণালয়ের পক্ষ থেকে এসব তথ্য জানানো হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩)।

**৫। চাল ও জ্বালানি তেল আমদানির সিদ্ধান্ত : ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র বৈঠক**

মায়ানমার থেকে এক লাখ টন আতপ চাল আমদানি করবে সরকার। টনপ্রতি মূল্য পড়বে ৪৪২ মার্কিন ডলার। এছাড়া ভারত থেকে ৫০ লাখ টন জ্বালানি তেল আমদানি করা হবে। ব্যারেল প্রতি প্রিমিয়াম ধরা হয়েছে ৫ দশমিক ৯২ ডলার। গতকাল (১১ অক্টোবর বুধবার) সচিবালয়ে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র বৈঠকে এ দু'টি প্রস্তাব আনুমোদন দেওয়া হয়েছে। বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**৬। ছয় মাসের মধ্যে দৃশ্যমান হবে মেট্রোরেল : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মেট্রোরেল প্রকল্পের কাজ ১২ ভাগ শেষ হয়েছে। আগামী ছয় মাসের মধ্যে দেশের প্রথম মেট্রোরেলের কাজের অগ্রগতি দৃশ্যমান হবে বলে তিনি আশা প্রকাশ করেন। গতকাল (১১ অক্টোবর বুধবার) রাজধানীর উত্তরায় দিয়াবাড়িতে মেট্রোরেলের ডিপো এলাকা পরিদর্শন শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৫)।

**৭। খাদ্য অধিকার আইন জরুরি : তথ্যমন্ত্রী**

খাদ্য অধিকার আইন প্রণীত হলে রাষ্ট্র প্রতিটি মানুষের ক্ষুধামুক্তি নিশ্চিত করতে বাধ্য থাকবে। সামাজিক বৈষম্য দূর করতে হলে খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা প্রয়োজন। তাই খাদ্য অধিকার আইন জরুরি। 'বন্যা ও প্রাকৃতিক দুর্যোগপরবর্তী খাদ্য নিরাপত্তা পরিস্থিতি এবং খাদ্য অধিকার প্রসঙ্গ' শীর্ষক এক জাতীয় সেমিনারে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এসব কথা বলেন। গতকাল (১১ অক্টোবর বুধবার) রাজধানীর সিরডাপ মিলায়তনে ১৬ অক্টোবর বিশ্ব খাদ্য দিবস উপলক্ষে দেশব্যাপী খাদ্য অধিকার প্রচারাভিযানের অংশ হিসেবে এই সেমিনারের আয়োজন করে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.২,ক.৭), **যুগান্তর** (পৃ.৩,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৩)।

**৮। বাংলাদেশের সাত শতাংশ প্রবৃদ্ধির পূর্বাভাস আইএমএফের**

চলতি ও ২০১৮ সালে এশিয়ার উদীয়মান অর্থনীতির দেশগুলোর মোট দেশজ উৎপাদন (জিডিপি) প্রবৃদ্ধি সাড়ে ৬ শতাংশ হবে। আর বাংলাদেশের প্রবৃদ্ধি ৭ শতাংশ হবে বলে পূর্বাভাস দিয়েছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)। আইএমএফ-এর ধারণা, চলতি বছর বিশ্ব অর্থনৈতিক প্রবৃদ্ধি হবে ৩ দশমিক ৬ শতাংশ এবং ২০১৮ সালে তা বেড়ে ৩ দশমিক ৭ শতাংশে দাঁড়াবে। গতকাল (১১ অক্টোবর বুধবার) আইএমএফ প্রকাশিত 'ওয়ার্ল্ড ইকোনমিক আউটলুক ২০১৭'-এর সর্বশেষ সংস্করণে এ তথ্য তুলে ধরা হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.১,ক.৪), **বণিক বার্তা** (শেষ পৃ.,ক.১)।

**৯। প্রত্যেক মার্কেট ও শপিংমলকে অগ্নিকাণ্ডের মহড়া করতে হবে : দুর্যোগমন্ত্রী**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, বীরবিক্রম, এমপি বলেছেন, প্রত্যেক মার্কেট ও শপিংমলকে অগ্নিকাণ্ড মহড়া করতে হবে। গতকাল (১১ অক্টোবর বুধবার) রাজধানীর বসুন্ধরা সিটি কমপ্লেক্সে ভূমিকম্প ও অগ্নিকাণ্ড সচেতনতা মহড়া শেষে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী বলেছেন, অগ্নিকাণ্ডের



ক্ষয়ক্ষতি ও ঝুঁকি এড়াতে প্রত্যেক মার্কেট ও শপিংমলকে নিয়মিত ভূমিকম্প ও অগ্নিকাণ্ড মহড়া করতে হবে। এ কাজে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডিপার্টমেন্ট প্রয়োজনীয় সহযোগিতা করবে। অসচেতনতায় যাতে মানুষের জীবন বিপন্ন না হয় সেজন্য সবাইকে আন্তরিক হতে হবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**১০। যুদ্ধাপরাধ ট্রাইব্যুনাল পুনর্গঠন : বিচারপতি মো শাহিনুর ইসলাম চেয়ারম্যান**

পুনর্গঠন করা হয়েছে যুদ্ধাপরাধ ট্রাইব্যুনাল-১। চেয়ারম্যান ও দু'জন সদস্য নিয়োগের মধ্য দিয়ে এই ট্রাইব্যুনাল পুনর্গঠন করল সরকার। পুনর্গঠন আদেশ অনুযায়ী বিচারপতি মো শাহিনুর ইসলামকে চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। এর আগে তিনি ট্রাইব্যুনালের সদস্য হিসেবে দায়িত্ব পালন করছিলেন। এছাড়া হাইকোর্টের বিচারক বিচারপতি আমির হোসেন ও অবসরপ্রাপ্ত জেলা জজ মো আবু আহমেদ জমাদারকে সদস্য হিসাবে নিয়োগ দেওয়া হয়েছে। গতকাল (১১ অক্টোবর বুধবার) আইন মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৩), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

**১১। সুবিধাবঞ্চিত শিশুদের অংশগ্রহণে শিশু অধিকার সপ্তাহ শুরু**

সুবিধাবঞ্চিত পথ শিশুদের অংশগ্রহণে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে শুরু হলো 'শিশু অধিকার সপ্তাহ ২০১৭'। গতকাল (১১ অক্টোবর বুধবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হল মাঠে সপ্তাহব্যাপী এই আয়োজন উদ্বোধন করেন মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। 'শিশু পেলে অধিকার, খুলবে নতুন বিশ্বদ্বার' স্লোগানকে সামনে রেখে সকল শিশুর অধিকার ও নিরাপত্তা নিশ্চিতের প্রত্যয়ে নেওয়া হয়েছে বিভিন্ন কর্মসূচি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪)।

## সম্পাদকীয়

ক. **ভোরের কাগজ :** চট্টগ্রামের সীতাকুণ্ডে একটি ইস্পাত কারখানায় তরল লোহার ট্যাংক বিস্ফোরণে **১১** শ্রমিক দগ্ধ হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এবং শিল্প-কারখানার নিরাপত্তা ব্যবস্থা বিষয়ে মালিক ও শ্রমিকদের সচেতন হওয়ার আহ্বান।

খ. **জনকণ্ঠ, সংবাদ, নিউ নেশন :** ব্লু হোয়েল গেমটি যেন বাংলাদেশে ডাউনলোড করতে না পারে সে ব্যাপারে সরকারের পক্ষ থেকে বিটিআরসিকে নির্দেশনা, মানুষের চিন্তা ও মননে নেতিবাচক প্রভাব ফেলে এমন আরও অনেক গেম ও অ্যাপস আছে এগুলোর ব্যাপারেও নজর রাখতে সচেতন হওয়ার আহ্বান।

গ. **সমকাল :** রাজধানীতে ছিনতাইসহ সামাজিক অপরাধ বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে যেকোনো মূল্যে জননিরাপত্তা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **জনকণ্ঠ :** সামাজিক নিরাপত্তার অন্যতম খাত সঞ্চয়পত্রের অর্থ বেশি করে বিনিয়োগ করার সুপারিশ।

ঙ. **প্রথম আলো :** যানবাহনে এখনও ব্যবহৃত নিষিদ্ধ ঘোষিত হাইড্রোলিক হর্ন এর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **ইন্ডিপেনডেন্ট :** দেশে মাদকাসক্তের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে মাদক ডিলার, পাচারকারী ও মদদদাতাদের বিরুদ্ধে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **নিউজ টুডে :** নিত্যপ্রয়োজনীয় পণ্যসামগ্রীর মূল্যবৃদ্ধিতে পণ্যমূল্য নিয়ন্ত্রণে সরকারকে যথযাথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

জ. **নিউজ এজ :** শিশুদের অপুষ্টি দূরীকরণে খাদ্যমান নিয়ন্ত্রণের পাশাপাশি স্বাস্থ্য ও পুষ্টিতে সরকারি বরাদ্দ বাড়ানোর ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য জনগণের ক্রয়ক্ষমতার মধ্যে রাখতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **' শিশুদের অধিকার নিশ্চিত করতে হবে '** শিরোনামের নিবন্ধে শিশুদের প্রতি আমাদের দায়িত্ব ও কর্তব্য অনেক, তাদের প্রকৃত মানুষ হিসেবে গড়ে তুলতে আমাদের সবার সচেতন হওয়া জরুরি উল্লেখ করে অভিমত প্রকাশ।

#

খাদীজা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৭/৯.০০

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৭৩/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ১১ অক্টোবর ২০১৭, ২৬ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নির্বাচনে যোগ্য প্রার্থীকে নির্বাচিত করতে হবে : রাষ্ট্রপতি

২। রোহিঙ্গা সংকটের দ্রুত সমাধানে সার্বিক সহযোগিতা চাই
জাতিসংঘ মহাসচিবের সঙ্গে বৈঠকে অর্থমন্ত্রী

৩। মায়ানমারের প্রস্তাবে কৌশল দেখছে বাংলাদেশ : পররাষ্ট্রমন্ত্রী

৪। কূটনৈতিক তৎপরতায় রোহিঙ্গা সমস্যার সমাধান সম্ভব : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। ইউনেস্কোয় রোহিঙ্গা বিষয়ে বাংলাদেশের প্রস্তাব উত্থাপন

৬। রোহিঙ্গা সমস্যার সমাধান না হলে তিনদেশের জন্যই জটিলতা
বাংলাদেশ–ভারত আলোচনায় মতপ্রকাশ

৭। কুমিল্লা ইপিজেডে ৫০ হাজার লোকের কর্মসংস্থান হয়েছে : পরিকল্পনামন্ত্রী

৮। রাজধানীতে সরকারি চাকরিজীবীর ৪০ ভাগের আবাসন সমস্যার সমাধান আগামীবছর : গণপূর্তমন্ত্রী

৯। তথ্যসেবায় আসছে 'ই-সার্ভিস'

১০। প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের ব্যাগে শুধু অনুমোদিত বই

১১। ব্লু হোয়েল গেম-ফোন করুন ২৮৭২ নম্বরে : কাজ করছে বিটিআরসি ও পুলিশ

১২। আজ শুরু এশিয়া কাপ : ঢাকায় হকি উৎসব

চলমান পাতা-২

**১। নির্বাচনে যোগ্য প্রার্থীকে নির্বাচিত করতে হবে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, অর্থ, শক্তি ও ক্ষমতা যাতে নির্বাচন ও গণতন্ত্রকে প্রভাবিত করতে না পারে সেলক্ষ্যে সবাইকে ঐক্যবদ্ধ ও সজাগ থাকতে হবে। তৃণমূল পর্যায়ে গণতন্ত্রকে সুদৃঢ় করতে জনপ্রতিনিধিদের দায়িত্ব যেমন আছে, তেমনি জনগণের দায়িত্বও কম নয়। জনগণই ভোটাধিকারের মাধ্যমে জনপ্রতিনিধি নির্বাচন করে। তাই নির্বাচনের সময় যোগ্য প্রার্থী নির্বাচিত করতে হবে। গতকাল (১০ অক্টোবর মঙ্গলবার) কিশোরগঞ্জের কটিয়াদি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ে হীরকজয়ন্তী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। রাষ্ট্রপতি বলেন, মুক্তিযুদ্ধের চেতনাকে সমুন্নত রাখতে এবং স্বাধীনতা ও দেশবিরোধী যেকোনো চক্রান্ত মোকাবিলায় আপনাদের ঐক্যকে আরো সুদৃঢ় করতে হবে। তিনি আরো বলেন, বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়কে এগিয়ে চলছে। প্রবৃদ্ধি, উন্নয়ন ও সমতাভিত্তিক সমাজ প্রতিষ্ঠা এখন আর কল্পনা নয়, বাস্তবতা। সূত্র-**যুগান্তর** (পৃ,২ ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**২। রোহিঙ্গা সংকটের দ্রুত সমাধানে সার্বিক সহযোগিতা চাই**
**: জাতিসংঘ মহাসচিবের সঙ্গে বৈঠকে অর্থমন্ত্রী**

জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেজ জানিয়েছেন, রোহিঙ্গা পরিস্থিতি নিয়ে তিনি সার্বক্ষণিক পর্যবেক্ষণ করছেন। এই সংকট সমাধানে জাতিসংঘের যা করণীয় সেটা তারা করে চলেছে। গত ৯ অক্টোবর সোমবার মার্কিন যুক্তরাষ্ট্রে সফররত অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সঙ্গে এক বৈঠকে মহাসচিব এসব কথা বলেন। অর্থমন্ত্রী রোহিঙ্গা ইস্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পরামর্শ অনুযায়ী মায়ানমারে একটি সেফজোন গঠনসহ এ সংকটের দ্রুত ও স্থায়ী সমাধানে জাতিসংঘের সার্বিক সহযোগিতা কামনা করেন। তিনি জাতিসংঘ মহাসচিবকে যতদ্রুত সম্ভব বাংলাদেশ সফরের আহ্বান জানান। অর্থমন্ত্রী ইউএনডিপির সদরদফতরে ইউএনডিপির প্রশাসক আকিম স্টেইনারের সঙ্গেও সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে ইউএনডিপির প্রশাসক রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের মানবিক সহযোগিতার প্রশংসা করেন। বাংলাদেশে এসডিজি বাস্তবায়নসহ উন্নয়নমূলক কর্মসূচিতে ইউএনডিপির অব্যাহত সহযোগিতার আশ্বাস দেন। অর্থমন্ত্রী জাতিসংঘ এইচআরএলএসের প্রধান ও আন্ডার সেক্রেটারি জেনারেল মিজ ফেকিতামইলেয়া কাতোয়া ইউটোইকামানুর সঙ্গেও সাক্ষাৎ করেন। গতকাল (১০ অক্টোবর মঙ্গলবার) অর্থমন্ত্রী বিশ্বব্যাংকের বার্ষিক সাধারণসভায় যোগ দিতে ওয়াশিংটনের উদ্দেশে নিউইয়র্ক ত্যাগ করেছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.২)।

**৩। মায়ানমারের প্রস্তাবে কৌশল দেখছে বাংলাদেশ : পররাষ্ট্রমন্ত্রী**

মায়ানমার সরকার ১৯৯২ সালের প্রত্যাবাসন চুক্তির আওতায় রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার যে প্রস্তাব দিয়েছে তা আন্তর্জাতিক চাপ প্রশমিত করার কৌশল হতে পারে বলে আশঙ্কা ব্যক্ত করেছেন পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। তিনি বলেন, মায়ানমার নিজস্ব যাচাই প্রক্রিয়ার মাধ্যমে যোগ্য প্রত্যাশীদের সংখ্যা সীমিত করতে পারে। এছাড়া দেশটি নানা অজুহাতে কফি আনান কমিশনের সুপারিশগুলো বাস্তবায়নে বিলম্ব করতে পারে বলে শঙ্কা প্রকাশ করেন। পররাষ্ট্রমন্ত্রী গতকাল (১০ অক্টোবর মঙ্গলবার) ঢাকায় বাংলাদেশ ইন্সটিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিস আয়োজিত এক গোলটেবিল আলোচনায় একথা বলেন। তিনি বলেন, মায়ানমারের নিজস্ব যাচাই প্রক্রিয়ার পরিবর্তে বাংলাদেশ যৌথ যাচাইয়ের প্রস্তাব দিয়েছে। যাচাই-বাছাইয়ের সব প্রক্রিয়ায় আন্তর্জাতিক অংশীদার ও জাতিসংঘের সংস্থাগুলোর উপস্থিতি নিশ্চিত করার কথা বলেছে বাংলাদেশ। তিনি মায়ানমারের ওপর চাপ অব্যাহত রাখার জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

**৪। কূটনৈতিক তৎপরতায় রোহিঙ্গা সমস্যার সমাধান সম্ভব : স্বরাষ্ট্রমন্ত্রী**

রোহিঙ্গা সমস্যার দ্রুত সমাধান না হলে তা গোটা দক্ষিণ এশিয়ায় নিরাপত্তা ঝুঁকি বাড়বে। তেমনি এ সমস্যা বিশ্ব নিরাপত্তার জন্য হুমকি বলে মনে করেন নিরাপত্তা বিশ্লেষক ও বিশিষ্টজনেরা। গতকাল (১০ অক্টোবর মঙ্গলবার) জাতীয় প্রেসক্লাবে রোহিঙ্গা সমস্যার জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপট শীর্ষক আলোচনাসভায় বক্তারা এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন

কামাল বলেন, আমরা আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের পরিচয়পত্র দিচ্ছি। আশাকরি কূটনৈতিক তৎপরতায় রোহিঙ্গাদের নিজ দেশে ফেরত পাঠাতে সক্ষম হব। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.১।

**৫। ইউনেস্কোয় রোহিঙ্গা বিষয়ে বাংলাদেশের প্রস্তাব উত্থাপন**

জাতিসংঘের সাধারণ অধিবেশনে রোহিঙ্গা বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উত্থাপিত পাঁচদফা প্রস্তাব ইউনেস্কোর নির্বাহী পরিষদের প্ল্যানারি সেশনের সভায় পুনরায় উত্থাপন করেছে বাংলাদেশ। প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্যসচিব এবং ইউনেস্কোর নির্বাহী পরিষদে বাংলাদেশের প্রতিনিধি ড. কামাল আবদুল নাসের চৌধুরী গত ৯ অক্টোবর সোমবার অনুষ্ঠিত সভায় এ প্রস্তাব উত্থাপন করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**৬। রোহিঙ্গা সমস্যার সমাধান না হলে তিনদেশের জন্যই জটিলতা**
**বাংলাদেশ–ভারত আলোচনায় মতপ্রকাশ**

রোহিঙ্গা সমস্যা সমাধান না করা হলে ভবিষ্যতে ভারত, বাংলাদেশ এবং মায়ানমারে এ সমস্যা আরও জটিল আকার ধারণ করবে। গতকাল (১০ অক্টোবর মঙ্গলবার) ৮ম বাংলাদেশ-ভারত নিরাপত্তা আলোচনা শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে ড. গওহর রিজভী এমন মন্তব্য করেন। সেমিনারে তিনি তিস্তা চুক্তি বাস্তবায়ন না হওয়াটাকে উভয় দেশের ব্যর্থতা হিসেবে উল্লেখ করেন। বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউট এবং দিল্লির অবজারভার রিসার্চ ফাউন্ডেশন গতকাল (১০ অক্টোবর মঙ্গলবার) যৌথভাবে ঢাকায় এই সেমিনারের আয়োজন করে। সভায় বাংলাদেশে নিযুক্ত ভারতের সাবেক রাষ্ট্রদূত পিনাক রঞ্জন বলেন, ভারত এবং বাংলাদেশ উভয়েই অর্থনৈতিক অগ্রগতির দিকে দৃষ্টি দিয়েছে। এই অঞ্চলে আমরা কেউই বিরোধ চাই না। এজন্য উভয় দেশের মাঝে সম্পর্ক উন্নয়নে আরও কী ধরণের পদক্ষেপ নেওয়া যায় সেদিকে নজর দিতে হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**৭। কুমিল্লা ইপিজেডে ৫০ হাজার লোকের কর্মসংস্থান হয়েছে : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, বর্তমান সরকারের আমলে কুমিল্লায় ব্যাপক উন্নয়ন হয়েছে। কুমিল্লা ইপিজেড স্থাপন হয়েছে যেখানে ৫০ হাজার লোকের কর্মসংস্থান হয়েছে। এছাড়া অনেক উন্নয়ন কাজ হাতে নেওয়া হয়েছে। কুমিল্লা আইটি পার্ক স্থাপনের কাজ এগিয়ে যাচ্ছে। পদুয়ারবাজার বিশ্বরোড থেকে নোয়াখালি পর্যন্ত ফোর লেনের কাজ শুরু হচ্ছে। গতকাল (১০ অক্টোবর মঙ্গলবার) কুমিল্লায় এক কর্মীসভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৭,ক.১), **সমকাল** (পৃ.৭,ক.১)।

**৮। রাজধানীতে সরকারি চাকরিজীবীর ৪০ ভাগের আবাসন সমস্যার সমাধান আগামী বছর : গণপূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বলেছেন, আগামী বছরের মধ্যে ঢাকায় কর্মরত সরকারি চাকরিজীবীদের ৪০ ভাগের সরকারি আবাসন সমস্যার সমাধান হবে। বর্তমানে মাত্র আট ভাগ চাকরিজীবী সরকারি আবাসিক সুবিধা পান। গতকাল (১০ অক্টোবর মঙ্গলবার) আজিমপুর সরকারি আবাসিক এলাকা পরিদর্শনকালে মন্ত্রী একথা বলেন। মন্ত্রী বলেন, টেনামেন্ট হাউজে সচিব পদমর্যাদার কর্মকর্তাদের জন্য ১১৪টি ফ্ল্যাটের নির্মাণ কাজ চলছে। এসব ফ্ল্যাটের নির্মাণ কাজ শেষ হলে ওই পর্যায়ের কর্মকর্তাদের কোনো আবাসিক সমস্যা থাকবে না। আজিমপুর সরকারি আবাসিক এলাকার বি ব্লকে ছয়টি ২০ তলার সরকারি আবাসিক ভবনের নির্মাণ কাজ চলছে। চলতি বছরের ডিসেম্বর মাসের মধ্যে এ কাজ শেষ হবে। ২০১৮ সালের জানুয়ারি মাসে এসব বাসা চাকরিজীবীদের মধ্যে বরাদ্দ দেওয়া যাবে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১১, ক.৪), **আলোকিত বাংলাদেশ** (শেষ পৃ.,ক.৩)।

**৯। তথ্যসেবায় আসছে ‘ই-সার্ভিস’**

সুস্থ জীবনযাত্রায় প্রয়োজনীয় তথ্যাদি ই-সার্ভিসের মাধ্যমে জনগণের কাছে পৌঁছানোর পদক্ষেপ নিয়েছে তথ্য মন্ত্রণালয়। নাগরিক অধিকার, মা ও শিশুপরিচর্যা, স্বাস্থ্য, শিক্ষা, বাল্যবিয়ে ও যৌতুকরোধ ও পরিবেশসহ বিভিন্ন বিষয়ে সচেতনতা ও প্রয়োজনীয় তথ্য শিগগিরই পাওয়া যাবে গণযোগাযোগ অধিদফতরসহ সহযোগী প্রতিষ্ঠানগুলোর ওয়েবসাইট ও মোবাইল অ্যাপ্লিকেশনে। গতকাল (১০ অক্টোবর মঙ্গলবার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে গণযোগাযোগ অধিদফতরের ‘ই-সার্ভিস রোডম্যাপ ২০২১’

অবহিতকরণসভায় এ অর্থবছর থেকেই ডিজিটালকরণ শুরু হচ্ছে বলে জানানো হয়। তথ্যসচিব মরতুজা আহমদ প্রধান অতিথি হিসেবে সভায় যোগ দেন। সূত্র-**আলোকিত বাংলাদেশ** (পৃ.৩,ক.৪)।

**১০। প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের ব্যাগে শুধু অনুমোদিত বই**

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ব্যাগে সরকার অনুমোদিত বই ও উপকরণ ছাড়া অন্য কিছু না দিতে সবাইকে সতর্ক করেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। অধিদপ্তরের এক পরিপত্রে প্রাথমিকের শিক্ষার্থীদের ব্যাগে অনুমোদিত বই-উপকরণ ছাড়া অন্য কিছু বিদ্যালয়ে আনতে নিরুৎসাহিত করার জন্য মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, আট বিভাগের প্রাথমিক শিক্ষার বিভাগীয় উপপরিচালক, জেলা, উপজেলা ও থানা শিক্ষা কর্মকর্তা এবং পিটিআই সুপারিনটেনডেন্টদের নির্দেশনা দেওয়া হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ,১ ক.২), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৭)।

**১১। ব্লু হোয়েল গেম-ফোন করুন ২৮৭২ নম্বরে : কাজ করছে বিটিআরসি ও পুলিশ**

'ব্লু হোয়েল  গেম' যেন আতঙ্ক সৃষ্টি করতে না পারে সেজন্য একসঙ্গে কাজ শুরু করছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)। গতকাল (১০ অক্টোবর মঙ্গলবার) বিটিআরসি একটি শর্ট কোড খুলেছে। বিপদজ্জনক কোনো গেইমের লিংক দেখলেই ২৮৭২ নম্বরে ফোন করার অনুরোধ জানানো হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**১২। আজ শুরু এশিয়া কাপ : ঢাকায় হকি উৎসব**

আজ **১১** অক্টোবর বুধবার ঢাকায় শুরু হচ্ছে এশিয়া কাপ হকি টুর্নামেন্ট। গত **৩২** বছর পর ঢাকায় বসছে হকির এই আসর। আজ টুর্নামেন্টের প্রথম দিনেই বিকেল সাড়ে পাঁচটায় বাংলাদেশ-পাকিস্তান ম্যাচ অনুষ্ঠিত হবে। সূত্র-**প্রথম আলো** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১৪,ক.১), **নিউট টুডে** (পৃ.১৩,ক.৫)।

**সম্পাদকীয়**

ক. **ভোরের কাগজ, সংবাদ, ইন্ডিপেনডেন্ট :** সমাজে মানসিক অসুস্থতা ও এর চিকিৎসার গুরুত্ব সম্পর্কে সচেতনতা সৃষ্টি করার আহ্বান।

খ. **ইত্তেফাক :** রেললাইনে কাটাপড়ে ও ট্রেনের ধাক্কায় হতাহতের সংখ্যা দিন দিন উদ্বেগজনকভাবে বাড়ায় দুর্ঘটনারোধে রেল কর্তৃপক্ষকে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ ।

গ. **প্রথম আলো, সংবাদ :** জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত রাজধানীর সাতটি কলেজের ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে আসার পর থেকেই পরীক্ষা ও ফল প্রকাশ নিয়ে নানা জটিলতা সৃষ্টি হওয়ায় শিক্ষার্থীরা ভোগান্তিতে পড়ছে উল্লেখ করে এ সমস্যার সমাধানে যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ ।

ঘ. **যুগান্তর :** রাজধানীতে যানজটে বিপুল আর্থিক ক্ষতির সাথে সাথে অবর্ণনীয় দুর্ভোগের শিকার হচ্ছে নগরবাসী উল্লেখ করে যানজট নিরসনে পরিবহণ খাতের বিশৃঙ্খলা দূর করার সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** ভেজাল ও নিম্নমানের খাবার খেয়ে প্রতিবছর প্রায় সাত লাখ লোক অসুস্থ হয়ে পড়ার বিষয় তুলে ধরে অস্বাস্থ্যকর ও নিম্নমানের খাবারের ব্যাপারে সরকারকে দায়ীদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থাগ্রহণসহ লাইসেন্স বাতিলের সুপারিশ।

চ. **নিউ নেশন :** বাণিজ্যিক ব্যাংকের কৃষিঋণ, সরকারি ভুর্তকি ও কৃষিখাতের বর্ধিত সেবা পাওয়ার ক্ষেত্রে প্রান্তিক কৃষকরা অবহেলিত থাকায় তাদের বিভিন্ন সুবিধা পাওয়ার ব্যবস্থা সহজ করার ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউ এজ :** ঢাকার শাজাহানপুর ও পল্টনে ম্যানহোলে পড়ে নিহতের ঘটনায় ক্ষতিপূরণ দেওয়াসহ অন্যান্য বিষয়ে হাইকোর্টের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নসহ খোলা ম্যানহোল ও উন্মুক্ত গর্তগুলো বন্ধ করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ ।

**উপ-সম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, পৃথিবীজুড়ে শান্তিকামী মানুষদের হাতে হাত ধরে পারমাণবিক অস্ত্রমুক্ত ও শোষণমুক্ত নতুন বিশ্ব গড়তে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'সম্ভাবনাময় তরুণ ও যুবশক্তি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সমাজকে এগিয়ে নিতে তরুণদের সৃজনশীলতা ও উদ্দীপনাকে কাজে লাগাতে হবে ।

#

খাদীজা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৭২/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ১০ অক্টোবর ২০১৭, ২৫ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। উন্নয়ন ত্বরান্বিত করতে জাতীয় স্বার্থকে প্রাধান্য দিতে হবে : রাষ্ট্রপতি

২। মায়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ অব্যাহত রাখার আহ্বান
কূটনীতিকদের সঙ্গে পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক

৩। মায়ানমার সেনা কর্মকর্তাদের বিরুদ্ধে শাস্তির কথা বিবেচনা করছে ইইউ ও যুক্তরাষ্ট্র

৪। রোহিঙ্গাদের কলেরা টিকাদান কর্মসূচি আজ শুরু হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী

৫। কর্ণফুলী টানেল নির্মাণে চীনা অর্থছাড়ে জটিলতা নেই : সেতুমন্ত্রী

৬। ওয়াশিংটনে বিশ্বব্যাংক সম্মেলন : রোহিঙ্গা সংকটে অনুদান চাইবে বাংলাদেশ

৭। বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

৮। রাশিয়া ও বাংলাদেশ সুপ্রিম কোর্টের মধ্যে সহযোগিতা চুক্তি স্বাক্ষর

৯। মেডিকেল কলেজে ভর্তির ফল প্রকাশ

১০। মাছের মূল্যস্তরে নীরব বিপ্লব : এফএও'র প্রতিবেদন

১১। তিন সন্তানসহ জঙ্গি মারজানের বোনের আত্মসমর্পণ

চলমান পাতা-২

১। **উন্নয়ন ত্বরান্বিত করতে জাতীয় স্বার্থকে প্রাধান্য দিতে হবে : রাষ্ট্রপতি**

দেশের উন্নয়ন ও অগ্রগতি বেগবান করতে জাতীয় স্বার্থকে প্রাধান্য দিতে দলমতনির্বিশেষে সবার প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল (৯ অক্টোবর সোমবার ) কিশোরগঞ্জের বাজিতপুর কলেজের সুবর্ণজয়ন্তী উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। তিনি বলেন, দেশের সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক উন্নয়নের জন্য স্থিতিশীলতা অত্যন্ত জরুরি। কারণ স্থিতিশীলতা দেশের অগ্রগতিকে গতিশীল করে। সাধারণ মানুষের আশা-আকাঙ্ক্ষা পূরণে সমাজের প্রতিটি স্তর থেকে দুর্নীতি দূর করার ওপর গুরুত্বারোপ করেন রাষ্ট্রপতি। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

২। **মায়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ অব্যাহত রাখার আহ্বান**
**কূটনীতিকদের সঙ্গে পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক**

রোহিঙ্গা সমস্যা নিয়ে মায়ানমারের মন্ত্রীর সঙ্গে দ্বিপক্ষীয় আলোচনার এক সপ্তাহ পরও রাখাইনে রোহিঙ্গাদের ওপর মায়ানমার সেনাবাহিনীর নৃশংসতা থামেনি। ফলে রাখাইন রাজ্যের সংখ্যালঘু রোহিঙ্গাদের বাংলাদেশে আসার ঢল অব্যাহত আছে। তাই রোহিঙ্গা সমস্যার শান্তিপূর্ণ সমাধান না হওয়া পর্যন্ত আন্তর্জাতিক সম্প্রদায়কে মায়ানমারের ওপর চাপ অব্যাহত রাখার আহ্বান জানিয়েছে বাংলাদেশ। গতকাল (৯ অক্টোবর সোমবার) ঢাকায় কর্মরত বিভিন্ন দেশের কূটনীতিকদের পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী এ আহ্বান জানান। ২৮ দেশের কূটনীতিকদের এই ব্রিফিংয়ের শুরুতে মন্ত্রী সর্বশেষ পরিস্থিতি ব্যাখ্যা করে বক্তৃতা দেন। এসময় তিনি তাঁদের বলেন, দ্বিপক্ষীয় প্রক্রিয়াকে ফলপ্রসূ করতে হলে সমস্যা সমাধান না হওয়া পর্যন্ত আন্তর্জাতিক সম্প্রদায়কে তাদের পদক্ষেপগুলো অব্যাহত রাখতে হবে। গত ২ অক্টোবর সোমবার মায়ানমারের স্টেট কাউন্সিলর দপ্তরের মন্ত্রী চ টিন্ট সোয়ের সঙ্গে রোহিঙ্গা সমস্যা নিয়ে আলোচনা প্রসঙ্গে পররাষ্ট্রমন্ত্রী কূটনীতিকদের জানান, রাখাইনের রোহিঙ্গাদের নাগরিকত্ব যাচাইয়ের ক্ষেত্রে ১৯৯২ সালের যৌথ বিবৃতিকে ভিত্তি হিসেবে গ্রহণের প্রস্তাব দেয় মায়ানমার। বাংলাদেশ মনে করে, ১৯৯২ সালের পরিস্থিতি আর এবারের পরিস্থিতি এক নয়। তেমনি চ্যালেঞ্জও আলাদা। তাই ১৯৯২ সালের সমঝোতা অনুযায়ী রোহিঙ্গাদের ফেরত পাঠানো এখন বাস্তবসম্মত ও গ্রহণযোগ্য নয়। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১,ক.১)। **প্রথম আলো, ডেইলি স্টার, নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। **মায়ানমার সেনা কর্মকর্তাদের বিরুদ্ধে শাস্তির কথা বিবেচনা করছে ইইউ ও যুক্তরাষ্ট্র**

মায়ানমারের রাখাইন রাজ্যে সেনা অভিযানে রোহিঙ্গাদের নিধনের ঘটনায় দেশটির সেনাবাহিনীর কমান্ডার ইন চিফ ও বেশ কয়েকজন শীর্ষ জেনারেলের বিরুদ্ধে নিষেধাজ্ঞা ও শাস্তিমূলক পদক্ষেপের বিবেচনা করছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) ও যুক্তরাষ্ট্র। এছাড়া রাখাইনে রোহিঙ্গাদের বাড়িঘরে অগ্নিসংযোগে জড়িত বৌদ্ধ সশস্ত্র গ্রুপগুলোর নেতাদের বিরুদ্ধেও টার্গেট নিষেধাজ্ঞা আরোপের বিবেচনা করছে যুক্তরাষ্ট্র। এই নিষেধাজ্ঞা জারি করা হলে যুক্তরাষ্ট্রে থাকা সংশ্লিষ্টদের সম্পত্তি ব্যবহারে বিধিনিষেধ, যুক্তরাষ্ট্রে সংশ্লিষ্টদের ভ্রমণ ও তাদের সঙ্গে মার্কিনিদের ব্যবসায়িক লেনদেন নিষেধাজ্ঞাসহ নানা বিষয়ে কড়াকড়ি আরোপ করা হতে পারে বলে বার্তা সংস্থা রয়টার্সের এক প্রতিবেদনে প্রকাশ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)। **যুগান্তর** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। **রোহিঙ্গাদের কলেরা টিকাদান কর্মসূচি আজ শুরু হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, শান্তি ও উন্নয়নের জন্য শেখ হাসিনা মাদার অব হিউম্যানিটি খ্যাতি অর্জন করেছেন। রোহিঙ্গা সমস্যা সমাধানে তিনি ৫ দফা প্রস্তাবনা দেওয়ায় আজ বিশ্বনেতৃবৃন্দও এগিয়ে এসেছেন। গতকাল (৯ অক্টোবর সোমবার) স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, মায়ানমারের দমন-পীড়নের মুখে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের কলেরা টিকাদান কর্মসূচি আজ ১০ অক্টোবর মঙ্গলবার শুরু হচ্ছে। প্রথম দফায় ১০ অক্টোবর থেকে ১৬ অক্টোবর পর্যন্ত এক বছরের উর্ধ্বে সবাইকে অর্থাৎ প্রায় ৬ লাখ ৫০

হাজার শিশুকে কলেরার টিকা দেওয়া হবে। দ্বিতীয় দফায় চলবে **৩১** অক্টোবর থেকে ৫ নভেম্বর পর্যন্ত, যেখানে **১** থেকে ৫ বছর বয়সী দুই লাখ ৫০ হাজার রোহিঙ্গা শিশুকে কলেরার টিকা খাওয়ানো হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.২)।

**৫। কর্ণফুলী টানেল নির্মাণে চীনা অর্থছাড়ে জটিলতা নেই : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, কর্ণফুলী টানেল নির্মাণে চীন থেকে অর্থছাড় নিয়ে জটিলতা নেই। বিদেশি ঋণের অর্থছাড়ে কিছু প্রক্রিয়া থাকে, অর্থছাড়ের বিষয়টি তাদের প্রক্রিয়াগত ব্যাপার। তিনি গতকাল (৯ অক্টোবর সোমবার) পতেঙ্গায় কর্ণফুলী টানেলের কাজের অগ্রগতি পরিদর্শনে গিয়ে সাংবাদিকদের এ কথা বলেন। মন্ত্রী আরো বলেন, প্রায় সাড়ে ৮ হাজার কোটি টাকা ব্যয়ে এ টানেল নির্মাণের কাজ চলতি বছরের মাঝামাঝি সময়ে শুরু হয়েছে। এটি নির্মাণের সময়সীমা চার বছর নির্ধারণ করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**৬। ওয়াশিংটনে বিশ্বব্যাংক সম্মেলন : রোহিঙ্গা সংকটে অনুদান চাইবে বাংলাদেশ**

আগামীকাল থেকে যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে শুরু হচ্ছে বিশ্বব্যাংক-আইএমএফের পাঁচ দিনব্যাপী বার্ষিক সম্মেলন। সম্মেলনে যোগ দিতে ইতোমধ্যে অর্থমন্ত্রীর নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল যুক্তরাষ্ট্রে পৌঁছেছেন। সম্মেলনে চলতি রোহিঙ্গা সংকট মোকাবিলায় বিশ্বব্যাংক ও আইএমএফের কাছে অনুদান চাইবে বাংলাদেশ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮)।

**৭। বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী বাণী দিয়েছেন**

আজ **১০** অক্টোবর মঙ্গলবার বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস। মানসিক রোগ সম্পর্কে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র সিদ্ধান্ত অনুযায়ী **১৯৯২** সাল থেকে প্রতি বছর এ দিনে দিবসটি পালিত হয়। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও দিবসটি উদ্‌যাপিত হচ্ছে। এ বছর দিবসটির প্রতিপাদ্য 'কর্মস্থলে মানসিক স্বাস্থ্য'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। রাষ্ট্রপতি তাঁর বাণীতে কুসংস্কার দূর করে তৃণমূল পর্যায়ে জনগণের মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সবাইকে অধিকতর দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী তাঁর বাণীতে বলেছেন, মানসিক রোগে আক্রান্ত ব্যক্তির অধিকার ও সুযোগের সমতা বিধানে সরকার বদ্ধপরিকর। তিনি বলেন, সরকার মানসিক স্বাস্থ্যসেবাকে প্রাথমিক স্বাস্থ্যসেবার সঙ্গে সম্পৃক্ত করেছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৩), **অবজারভার** (পৃ.৪,ক.৪)।

**৮। রাশিয়া ও বাংলাদেশ সুপ্রিম কোর্টের মধ্যে সহযোগিতা চুক্তি স্বাক্ষর**

দেশের বিচার প্রশাসন ও মামলা ব্যবস্থাপনা পদ্ধতি আরও উন্নত করার লক্ষ্যে রাশিয়ার সুপ্রিম কোর্টের সঙ্গে সহযোগিতা চুক্তি স্বাক্ষর করেছে বাংলাদেশের সুপ্রিম কোর্ট। সুপ্রিম কোর্টে জাজেস লাউঞ্জে গতকাল (৯ অক্টোবর সোমবার) বাংলাদেশের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি মো. আবদুল ওয়াহ্‌হাব মিঞা ও রাশিয়ার সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ভায়াচেশলেভ এম. লেবদেভ চুক্তিতে সই করেন। পাঁচবছর মেয়াদি এ চুক্তির আওতায় দেশের উচ্চ আদালত ও অধস্তন আদালতের বিচারকগণ পর্যায়ক্রমে রাশিয়ায় প্রশিক্ষণের সুযোগ পাবেন। এর পাশাপাশি দুই দেশের বিচারকেরা পারস্পরিক অভিজ্ঞতা বিনিময় করবেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৫,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪)।

**৯। মেডিকেল কলেজে ভর্তির ফল প্রকাশ**

মেডিকেল কলেজসমূহে ভর্তি পরীক্ষার ফল গতকাল (৯ অক্টোবর সোমবার) সন্ধ্যায় প্রকাশ করা হয়েছে। এ বছর এমবিবিএস প্রথম বর্ষে ভর্তি হওয়ার জন্য ন্যূনতম ৪০ নম্বর পেয়েছেন মোট ৪১ হাজার **১৩২** জন ছাত্রছাত্রী। এরা সরকারি ও বেসরকারি মেডিকেলে ভর্তি হতে পারবেন। দেশের **৩১**টি সরকারি মেডিকেল কলেজে মোট আসন ৩ হাজার ৩১৮টি। **১৭** থেকে ২৮ অক্টোবর পর্যন্ত এ কলেজগুলোতে ভর্তি কার্যক্রম চলবে। এরপর বেসরকারি মেডিকেল কলেজে ভর্তি শুরু হবে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৪), **অবজারভার** (পৃ.১০,ক.১)।

**১০। মাছের মূল্যস্তরে নীরব বিপ্লব : এফএও'র প্রতিবেদন**

বাংলাদেশের সব অঞ্চলে মাছের মূল্যস্তরে নীরব বিপ্লব সাধিত হয়েছে। এ খাত খুব দ্রুত বিকশিত হচ্ছে। এ মূল্যস্তরে পরিবর্তনের ক্ষেত্রে ৬০ শতাংশে রয়েছে মৎস্য খামার এবং প্রাকৃতিক সরবরাহ ব্যবস্থার প্রভাব। অবশিষ্ট ৪০ শতাংশে রয়েছে প্রধানত গ্রামীণ ও শহুরে পাইকারি, খুচরা ও অন্যান্য সরবরাহের অংশগুলোর প্রভাব। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) এক প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে। সংস্থাটি 'দ্য স্টেট অব ফুড অ্যান্ড অ্যাগ্রিকালচার' শীর্ষক প্রতিবেদনটি গতকাল ( ৯ অক্টোবর সোমবার) প্রকাশ করে। এফএও'র প্রতিবেদন অনুযায়ী বর্তমানে মিঠা পানির মাছ উৎপাদনে বিশ্বে বাংলাদেশের অবস্থান চতুর্থ। দেশের মানুষের প্রাণিজ আমিষের ৫৭ শতাংশ শুধু মাছ থেকেই মেটানো হয় বলে প্রতিবেদনে প্রকাশ। সূত্র-**যুগান্তর** (পৃ.১৫,ক.১)।

**১১। তিন সন্তানসহ জঙ্গি মারজানের বোনের আত্মসমর্পণ**

যশোরে জঙ্গি আস্তানায় শ্বাসরুদ্ধকর ১৫ ঘন্টার অভিযান শেষ হয়েছে। যশোর শহরের ঘোপ নওয়াপাড়া রোড এলাকার একটি বাড়িতে ঐ আস্তানায় গত ৮ অক্টোবর রোববার রাত ২টা থেকে শুরু হওয়া এ অভিযান গতকাল (৯ অক্টোবর সোমবার) বিকেল ৫টায় শেষ হয়। অভিযানে সন্দেহভাজন জঙ্গি হাফিজুর রহমান সাগর ওরফে মশিউর রহমানের স্ত্রী ও নব্য-জেএমবি'র প্রধান মারজানের বোন খোদেজা আক্তার তিন সন্তান নিয়ে আত্মসমর্পণ করেছেন। পরে ঐ বাড়ি থেকে ৩টি সুইসাইডাল ভেস্ট উদ্ধার করা হয়। আর অভিযানের দু'দিন আগেই পালিয়ে যায় নবগঠিত জেএমবি'র খুলনা অঞ্চলের নেতা হাফিজুর রহমান সাগর ওরফে মশিউর রহমান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪)।

**সম্পাদকীয়**

**ক.** **সংবাদ :** বিশ্বব্যাংকের প্রতিবেদন অনুযায়ী বাংলাদেশে যুব সমাজের ৯ দশমিক ১ শতাংশই বেকার থাকার বিষয় তুলে ধরে উৎপাদনশীল খাতে কর্মসংস্থান বাড়াতে সরকারের অংশগ্রহণ আরও বাড়ানোর সুপারিশ।

**খ.** **জনকণ্ঠ :** স্কুল প্রতিষ্ঠার ক্ষেত্রে গুণগতমান আর আইনি বিধানকে বিবেচনায় না রেখে ঢাকায় অনুমোদনহীন স্কুলের সংখ্যা বেড়ে যাওয়ায় এ ধরনের অনিয়মের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আহ্বান।

**গ.** **প্রথম আলো :** পটুয়াখালীর গলাচিপা উপজেলার রতনদি-তালতলী মাধ্যমিক বিদ্যালয়ের বিজ্ঞান ভবন সাত বছর ধরে পরিত্যক্ত থাকায় তা সংস্কারে জরুরিভিত্তিতে পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ঘ.** **যুগান্তর, সমকাল, ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাত কলেজের পরীক্ষার ফল নভেম্বর মাসের মধ্যে প্রকাশে ভারপ্রাপ্ত ভিসির আশ্বাস বাস্তবায়নে জাতীয় বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে আন্তরিক হওয়ার আহ্বান ।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** রাজশাহী, নাটোর, নওগাঁ এবং চাঁপাইনবাবগঞ্জে বন্যায় ক্ষতিগ্রস্ত প্রায় ৫৫ হাজার কৃষকের পুনর্বাসনের ব্যবস্থা করার সুপারিশ।

**চ.** **ডেইলি সান :** বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রভাবে দেশের সামাজিক ও প্রাকৃতিক ভারসাম্যে বিরূপ প্রভাব পড়ার আশঙ্কা করে রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসনের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

**ছ.** **নিউজ টুডে :** দেশের মোট শিক্ষার্থীর মাত্র ১০ শতাংশ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় জড়িত থাকায় দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে এ সংখ্যা আরও বাড়ানোর আহ্বান।

**জ.** **নিউ এজ :** যানবাহনে হাইড্রোলিক হর্ন ব্যবহার বন্ধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মায়ানমারের নির্মম আচরণের বিরুদ্ধে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কৌশল এবং নীতিতে বাংলাদেশকে বিশ্ব পরিসরে মানবিক ও যৌক্তিক যে অবস্থানে নিয়ে গেলেন, তা বিশ্বে সমাদৃত হচ্ছে ।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'কর্মক্ষেত্রে জটিলতা ও বিষণ্নতা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, কর্মীর মনের উৎকর্ষ যেমন কাজের পরিবেশ উন্নত করে, তেমনি চাপমুক্ত উন্নত কর্মপরিবেশ কর্মীর দক্ষতা বাড়ায়, উৎপাদনে অগ্রগণ্য ভূমিকা রাখে।

#

খাদীজা/ফাহিমা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৭১/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ৯ অক্টোবর ২০১৭, ২৪ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জনগণের কল্যাণ নিশ্চিত করতে জনপ্রতিনিধিদের প্রতি আহ্বান রাষ্ট্রপতির

২। রোহিঙ্গা সংকট নিয়ে আলোচনা করতে স্বরাষ্ট্রমন্ত্রী চলতি মাসেই মায়ানমার যাবেন

৩। রাখাইনে সহিংসতা বন্ধ না হওয়া পর্যন্ত সীমান্ত খোলা থাকবে : সেতুমন্ত্রী

৪। রোহিঙ্গাদের দ্রুত নিজ দেশে ফেরত না পাঠালে বড় বিপর্যয়ের আশঙ্কা : জাতিসংঘ প্রতিবেদন

৫। যুক্তরাষ্ট্র সফররত শিল্পমন্ত্রীর ইউএসডিএ পরিদর্শন : কৃষিতে সহায়তার আশ্বাস

৬। সাধারণ মানুষের কথা চিন্তা করে ওষুধের দাম কমান : ওষুধ প্রস্তুতকারকদের প্রতি স্বাস্থ্যমন্ত্রী

৭। বাজেটের ১৫ ভাগ স্যানিটেশনে ব্যয় করতে হবে : এলজিআরডি মন্ত্রী

৮। আয়কর সীমার নিচে অবস্থানকারীদের জন্য বিনামূল্যে আইনি সহায়তা

৯। ব্লু ইকোনমি অথরিটি গঠনের সুপারিশ সংসদীয় কমিটি'র

১০। রফতানি আয়ে ৭.২৩ শতাংশ প্রবৃদ্ধি

১১। হাইড্রোলিক হর্ন ১৫ দিনের মধ্যে থানায় জমা দিতে হাইকোর্টের নির্দেশ

১২। বঙ্গোপসাগরে লঘুচাপ : ৩নং সতর্ক সংকেত

চলমান পাতা-২

১। **জনগণের কল্যাণ নিশ্চিত করতে জনপ্রতিনিধিদের প্রতি আহ্বান রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মো.আবদুল হামিদ তৃণমূলে জনপ্রতিনিধিদের জনগণের কল্যাণ নিশ্চিত করতে কাজ করার আহ্বান জানিয়েছেন। গতকাল (৮ অক্টোবর রোববার) কিশোরগঞ্জের মিঠামইন উপজেলায় রাষ্ট্রপতি আবদুল হামিদ অডিটরিয়ামে এক মতিবিনিময়সভায় স্থানীয় নির্বাচিত জনপ্রতিনিধিদের প্রতি এ আহ্বান জানান তিনি। জনপ্রতিনিধিদের দেশের ও জনগণের কল্যাণে কাজ করার আহ্বান জানিয়ে তিনি বলেন, জনগণ তা আশা করে ও মনে প্রাণে চায়। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২), **অবজারভার** (পৃ.১০,ক.৪)।

২। **রোহিঙ্গা সংকট নিয়ে আলোচনা করতে স্বরাষ্ট্রমন্ত্রী চলতি মাসেই মায়ানমার যাবেন**

রোহিঙ্গা সংকট নিয়ে আলোচনার জন্য চলতি মাসেই মায়ানমার সফরে যাচ্ছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। মায়ানমার সফরের সময় রোহিঙ্গা ছাড়াও সীমান্তপথে ইয়াবা চোরাচালান প্রতিরোধসহ অন্যান্য বিষয় নিয়ে আলোচনা করা হবে বলে জানান স্বরাষ্ট্রমন্ত্রী। গতকাল (৮ অক্টোবর রোববার) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় চোরাচালান প্রতিরোধসংক্রান্ত এক বৈঠকশেষে সাংবাদিকদের এ তথ্য দেন তিনি। এসময় তিনি বলেন, কূটনৈতিক তৎপরতার মাধ্যমে রোহিঙ্গাদের ফেরত পাঠানো সম্ভব হবে। তাই এ মাসেই মায়ানমার যাওয়ার প্রস্তুতি নেওয়া হয়েছে। এ পর্যন্ত **৯১** হাজার রোহিঙ্গা নিবন্ধনের আওতায় এসেছে। চোরাচালান ও অস্ত্র উদ্ধারে সীমান্তের **১৬**টি পয়েন্টে স্ক্যানিং মেশিন বসানো হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। **রাখাইনে সহিংসতা বন্ধ না হওয়া পর্যন্ত সীমান্ত খোলা থাকবে : সেতুমন্ত্রী**

মায়ানমারের রাখাইন রাজ্যে সহিংসতা না থামা পর্যন্ত দেশটির সঙ্গে বাংলাদেশের সীমান্ত খোলা থাকবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (৮ অক্টোবর রোববার) রাজধানীর বনানীতে ফিটনেসবিহীন যানবাহনের বিরুদ্ধে বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষের (বিআরটিএ) ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রম পরিদর্শনে গিয়ে এ মন্তব্য করেন তিনি। মন্ত্রী বলেন, রোহিঙ্গার কারণে আমাদের অর্থনীতি ও পরিবেশের ওপর চাপ পড়েছে। এর প্রভাব পড়ছে আমাদের পর্যটন খাতেও। তারপরও রাখাইনে সহিংসতা বন্ধ না হওয়া পর্যন্ত সীমান্ত খোলা রাখা হবে। মানবিক কারণেই এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সহিংসতা বন্ধে চীন ও ভারতকে মায়ানমারের ওপর চাপ প্রয়োগেরও আহ্বান জানান তিনি। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫), **যায়যায়দিন** ( শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১)।

৪। **রোহিঙ্গাদের দ্রুত নিজ দেশে ফেরত না পাঠালে বড় বিপর্যয়ের আশঙ্কা : জাতিসংঘ প্রতিবেদন**

রোহিঙ্গাদের দ্রুত মায়ানমারে ফেরত না পাঠানো হলে কক্সবাজারে বড় মানবিক বিপর্যয়ের আশঙ্কা করছে জাতিসংঘ। এমনকি অদূর ভবিষ্যতে কক্সবাজারের উখিয়া-কুতুপালং এলাকায় রোগব্যাধির মহামারি এবং দাঙ্গার আশঙ্কাও করছে জাতিসংঘ। চলতি সপ্তাহে জাতিসংঘের 'হিউম্যানিটারিয়ান রেসপন্স প্ল্যান; সেপ্টেম্বর ২০১৭-ফেব্রুয়ারি ২০১৮ রোহিঙ্গা রিফিউজি ক্রাইসিস' শীর্ষক একটি প্রতিবেদনে এ তথ্য দেওয়া হয়েছে। একইসঙ্গে প্রতিবেদনে রোহিঙ্গা সংকট মোকাবিলার ব্যাপারেও একটি কর্মপরিকল্পনা অন্তর্ভুক্ত করা হয়েছে। জাতিসংঘ এ প্রতিবেদন বাংলাদেশসহ একাধিক দেশের পররাষ্ট্র দপ্তরকে পাঠিয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, এ মুহূর্তে বিশ্বে সবচেয়ে প্রকট শরণার্থী সংকটের চাপ বাংলাদেশের ওপর। এ অবস্থায় সংকট সমাধানে দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য সবাইকে এখনই কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জাতিসংঘের। জাতিসংঘের আন্তর্জাতিক শরণার্থী সংস্থা, বিশ্ব অভিবাসন সংস্থা, মানবাধিকার কাউন্সিল এবং আন্তর্জাতিক রেডক্রসের সহায়তায় এ প্রতিবেদন তৈরি করা হয়েছে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.১), **নিউ নেশন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। **যুক্তরাষ্ট্রে সফররত শিল্পমন্ত্রীর ইউএসডিএ পরিদর্শন : কৃষিতে সহায়তার আশ্বাস**

বাংলাদেশের উৎপাদিত কৃষিজাতপণ্যও কৃষিভিত্তিক শিল্পপণ্যের গুণগত মানোন্নয়নে কারিগরি ও অবকাঠামোগত সহায়তা করবে যুক্তরাষ্ট্রের প্রতিষ্ঠান ইউনাইটেড স্টেটস্ ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার (ইউএসডিএ)। যুক্তরাষ্ট্রে সফররত শিল্পমন্ত্রী আমির হোসেন আমু'র সঙ্গে বৈঠককালে প্রতিষ্ঠানটির পরিবেশ ব্যবস্থাপনা বিভাগের প্রধান ড. কুইং জেং এ সহায়তার প্রস্তাব দেন। গত ৭ অক্টোবর শনিবার ওয়াশিংটনে অবস্থিত ইউএসডিএ পরিদর্শনকালে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে কৃষিখাতের আধুনিকায়নে যুক্তরাষ্ট্রের সহায়তার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় বাংলাদেশের গুণগত মান অবকাঠামোর উন্নয়ন এবং মানসম্পর্কিত কারিগরি নিয়ন্ত্রণ আইন প্রণয়নের বিষয়টি বিশেষভাবে স্থান পায়। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৯,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৭), **নিউ এজ** (পৃ.৪,ক.১)।

**৬। সাধারণ মানুষের কথা চিন্তা করে ওষুধের দাম কমান : ওষুধ প্রস্তুতকারকদের প্রতি স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম দেশের সাধারণ মানুষের কথা বিবেচনা করে ওষুধের মূল্য কমানোর জন্য ফার্মাসিউটিক্যাল কোম্পানিগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, বাংলাদেশে ওষুধ কোম্পানিগুলোর অসাধারণ সাফল্য রয়েছে। কিন্তু ওষুধের দাম তুলনামূলক অনেক বেশি। তাই ওষুধ কোম্পানির মালিকদের ওষুধের দাম কমানোর জন্য বলেন মন্ত্রী। তিনি বলেন, দেশের অধিকাংশ মানুষ গরিব ও মধ্যবিত্ত। বিশ্ব জনসংখ্যা দিবস উদযাপন উপলক্ষে গতকাল (৮ অক্টোবর রোববার) আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.৩), **নিউ এজ** (পৃ.২,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৩)।

**৭। বাজেটের ১৫ ভাগ স্যানিটেশনে ব্যয় করতে হবে : এলজিআরডি মন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, উন্নত জাতি হিসেবে আত্মপ্রকাশের জন্য স্বাস্থ্যসম্মত স্যানিটেশনের বিকল্প নেই। তিনি জনস্বাস্থ্যের গুরুত্ব বিবেচনা করে স্যানিটেশনের জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোকে বাজেটের শতকরা ১৫ ভাগ ব্যয় করার নির্দেশ দেন। মন্ত্রী গতকাল (৮ অক্টোবর রোববার) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর মিলনায়তনে জাতীয় স্যানিটেশন মাস অক্টোবর-২০১৭ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। তিনি বলেন, অনুন্নত দেশ হিসেবে এক সময় আমাদের গড় আয়ু ৪৫ বছরের নিচে ছিল, কিন্তু স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থার ফলে এখন তা আমাদের গড় আয়ুতেও ইতিবাচক ভূমিকা রেখেছে। আগামী ২০২১ সালের মধ্যে শতভাগ পাকা স্যানিটেশন নিশ্চিতকরণে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কাজ করে যাচ্ছে বলে তিনি উল্লেখ করেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.২,ক.২), **যুগান্তর** (পৃ.৭,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১), **নিউ এজ** (পৃ.১১,ক.২)।

**৮। আয়কর সীমার নিচে অবস্থানকারীদের জন্য বিনামূল্যে আইনি সহায়তা**

এখন থেকে যেসব ব্যক্তির বার্ষিক আয় সরকার কর্তৃক নির্ধারিত আয়কর সীমার নিচে হবে, তারা বিনামূল্যে সরকারি আইনি সহায়তা পাবেন। গতকাল (৮ অক্টোবর রোববার) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা'র জাতীয় পরিচালনা বোর্ডের ৩৫তম সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক সভাপতিত্ব করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **যুগান্তর** (পৃ.৭,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৯। ব্লু ইকোনমি অথরিটি গঠনের সুপারিশ সংসদীয় কমিটি'র**

দেশের সমুদ্রসীমায় খনিজসম্পদ অনুসন্ধান ও আহরণের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে ব্লু ইকোনমি অথরিটি করার সুপারিশ করেছে সংসদীয় কমিটি। গতকাল (৮ অক্টোবর রোববার ) বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি'র বৈঠকে এ সুপারিশ করা হয়। বৈঠকে জানানো হয়, এখন বাংলাদেশের সমুদ্র এলাকা ১ লাখ ১৮ হাজার ৮১৩ বর্গকিলোমিটার, যা দেশের আয়তনের প্রায় ৮২ শতাংশ। বাংলাদেশের এ ব্লু ইকোনমি'র সম্ভাবনাকে কাজে লাগাতে গত ফেব্রুয়ারিতে অস্থায়ী ব্লু ইকোনমি সেল গঠন করা হয়েছে। বৈঠকে জানানো হয়, এ সেলটি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন একটি অস্থায়ী সেল। এর আইনগত কর্তৃত্ব না থাকায় এ সেলের সিদ্ধান্ত মানার ক্ষেত্রে অন্যদের আইনগত বাধ্যবাধকতা নেই, কোনো আর্থিক বরাদ্দও দেওয়া হবে না। তাই এ সেলকে স্থায়ী করা বা আইনের মাধ্যমে একটি ব্লু ইকোনমি কর্তৃপক্ষ গঠন করার সুপারিশ করে সংসদীয় কমিটি। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **প্রথম আলো** (পৃ.৫,ক.৪), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৫)।

**১০। রফতানি আয়ে ৭.২৩ শতাংশ প্রবৃদ্ধি**

চলতি অর্থবছরের (২০১৭-১৮) প্রথম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) রফতানি আয়ে প্রবৃদ্ধি হয়েছে ৭ দশমিক ২৩ শতাংশ। রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সর্বশেষ মাসিক পরিসংখ্যানে এ তথ্য পাওয়া গেছে। ইপিবির উপাত্ত অনুযায়ী, অর্থবছরের প্রথম তিন মাসে দেশের রফতানি আয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৮৬৬ কোটি ২৭ লাখ ৩০ হাজার মার্কিন ডলার। গত অর্থবছরের একইসময়ে আয় ছিল ৮০৭ কোটি ৮৮ লাখ ২০ হাজার মার্কিন ডলার। এ হিসেবে বছরওয়ারি প্রবৃদ্ধি হয়েছে ৭ দশমিক ২৩ শতাংশ। তিন মাসের তথ্যে দেখা যায়, উৎপাদনমুখী শিল্পপণ্য খাতগুলোয় রফতানি আয় বেড়েছে ৭ দশমিক ১৩ শতাংশ। আর প্রাথমিক পণ্য রফতানিতে আয় বেড়েছে ২২ দশমিক শূন্য ৭ শতাংশ। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

**১১। হাইড্রোলিক হর্ন ১৫ দিনের মধ্যে থানায় জমা দিতে হাইকোর্টের নির্দেশ**

গাড়ির মালিকসহ সংশ্লিষ্টদের কাছে যেসব হাইড্রোলিক হর্ন এখনও রয়েছে সেগুলো আগামী **১৫** দিনের মধ্যে সংশ্লিষ্ট থানায় জমা দেওয়ার নির্দেশ দিয়েছে হাইকোর্ট। গতকাল (৮ অক্টোবর রোববার) ঢাকা মেট্রোপলিটন পুলিশসহ (ডিএমপি) সংশ্লিষ্টদের এ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন দাখিলের পর বিচারপতি কাজী রেজাউল হক ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেয়। আদেশে জব্দ করা হাইড্রোলিক হর্ন পুলিশকে ধ্বংস করতে বলা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**১২। বঙ্গোপসাগরে লঘুচাপ : ৩নং সতর্ক সংকেত**

বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের কারণে চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্রবন্দরসমূহকে তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলেছে আবহাওয়া অধিদফতর। সেইসঙ্গে বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করারও নির্দেশ দিয়েছে অধিদফতর। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৪)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** অবকাঠামোগত ত্রুটির কারণে এবং বৈধ লাইসেন্স না থাকায় বাল্কহেড বা কার্গো নৌকা নদীপথে নানা দুর্ঘটনার কারণ হচ্ছে উল্লেখ করে এ নৌকাগুলোর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

খ. **প্রথম আলো :** অপরিশোধিত পোলট্রিবর্জ্য কৃষিতে সার ও মাছের খাবার হিসেবে উদ্বেগজনকভাবে ব্যবহার করায় জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর হওয়ায় এ বর্জ্য পরিশোধন ও তার সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ :** জেটি সংকটের কারণে চট্টগ্রাম বন্দরে দীর্ঘদিন ধরে জাহাজ জট লেগেই আছে উল্লেখ করে বন্দরের সক্ষমতা বাড়াতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল :** অনলাইনভিত্তিক 'ব্লু হোয়েল' নামের এক 'ডার্ক গেম' বিশ্বের কয়েকটি দেশের সাথে বাংলাদেশেও বিস্তার লাভ করে এক কিশোরী আত্মঘাতী হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে শিশু-কিশোরদের এ নেতিবাচক প্রবণতা থেকে দূরে রাখতে অভিভাবকদের সচেতন থাকার আহ্বান।

ঙ. **ভোরের কাগজ :** নিত্যপণ্যের দাম বাড়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** হাওর এলাকার উন্নয়নে নজর দেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** খাদ্যপণ্য আমদানিকারকদের লাইসেন্সের আওতায় আনার সুপারিশ।

জ. **ডেইলি স্টার :** লিবিয়াতে ২৩ বছরের এক বাংলাদেশি যুবকের মানব পাচারকারীদের হাতে নির্মমভাবে নির্যাতনের মুখে পড়ার কথা উল্লেখ করে মানবপাচার বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঝ. **নিউ এজ :** মোটরসাইকেল ও বাইসাইকেল ব্যবহারকারীরা বেশিরভাগ ট্রাফিক আইন মেনে না চলায় এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রোহিঙ্গাদের ওপর সহিংসতা বন্ধে মায়ানমারের বিরুদ্ধে যে আন্তর্জাতিক চাপ সৃষ্টি হয়েছে তা যেন অব্যাহত থাকে, সেজন্য বাংলাদেশের কূটনৈতিক তৎপরতা অব্যাহত রাখতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'সৃজনশীল প্রশ্নপদ্ধতি এবং আমাদের শিক্ষাব্যবস্থা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, আমাদের শিক্ষাব্যবস্থা আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে শিক্ষার সর্বস্তরে ডিজিটাল পদ্ধতির ব্যবস্থা করতে হবে এবং আধুনিক শিক্ষা উপকরণ ব্যবহার করে শিক্ষককে শ্রেণিকক্ষে পাঠদান পদ্ধতি চালিয়ে যেতে হবে।

#

খাদীজা/ফাহিমা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৭০/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ৮ অক্টোবর ২০১৭, ২৩ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রোহিঙ্গা সংকটের সমাধান করতে পারব : প্রধানমন্ত্রী
নিজস্ব অর্থায়নে পদ্মাসেতু বাস্তবায়নের পথে

২। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিপুল গণসংবর্ধনা
বিমানবন্দর থেকে গণভবন পর্যন্ত জনতার ঢল

৩। রাষ্ট্রপতি আজ কিশোরগঞ্জ যাচ্ছেন

৪। রোহিঙ্গা প্রশ্নে বাংলাদেশের সঙ্গে কাজ করুন: ভারত-ইইউ যৌথ ঘোষণায় মায়ানমারের প্রতি আহ্বান
রোহিঙ্গাদের জন্য অতিরিক্ত ৮ কোটি ৭ লাখ মার্কিন ডলার সহায়তা চেয়েছে ইউএনএইচসিআর

৫। রাখাইনে পরিস্থিতির অবনতি হওয়ায় কানাডার উদ্বেগ
রোহিঙ্গাদের স্বদেশে ফিরে যাওয়ার বিষয়ে বাংলাদেশকে সহায়তার আশ্বাস নেদারল্যান্ডের

৬। মায়ানমার সীমান্তে বেষ্টনী দেওয়ার পরিকল্পনা বাংলাদেশের : বিজিবি-বিএসএফ বৈঠক অনুষ্ঠিত

৭। বিশ্বমানের শিক্ষাব্যবস্থা চালু করতে হবে : শিক্ষামন্ত্রী

৮। দক্ষ জনবলে রেমিটেন্স বাড়বে ১০ গুণ : বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী

৯। রাশিয়ার প্রধান বিচারপতি আজ ঢাকা আসছেন

১০। চামড়া ও চামড়াজাত পণ্য রফতানি লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাচ্ছে : ইপিবি

১১। সুরক্ষার জন্য দরকার বিনিয়োগকারীর সচেতনতা : বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহের সেমিনারে বক্তারা

চলমান পাতা-২

১। **রোহিঙ্গা সংকটের সমাধান করতে পারব : প্রধানমন্ত্রী**
**নিজস্ব অর্থায়নে পদ্মাসেতু বাস্তবায়নের পথে**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ রোহিঙ্গাদের পাশে দাঁড়ানোর কারণে আন্তর্জাতিক সম্প্রদায়ও তাদের পাশে এসে দাঁড়িয়েছে। বাংলাদেশের ভূমিকার কারণেই মায়ানমারের রোহিঙ্গা সংকট বিশ্ববাসীর মনোযোগ কেড়েছে, বিশ্বব্যাপী নানা আলোচনা চলছে। মানবিক দিক বিবেচনা করেই আমরা রোহিঙ্গাদের পাশে দাঁড়িয়েছি। আন্তর্জাতিক চাপে মায়ানমার সরকার এগিয়ে এসেছে, আলোচনা শুরু হয়েছে। আন্তর্জাতিক চাপের পাশাপাশি আলোচনার মাধ্যমে রোহিঙ্গা সংকট ধীরে ধীরে সমাধান করতে পারব ইনশাল্লাহ। জাতিসংঘ অধিবেশনে যোগদানের পাশাপাশি যুক্তরাষ্ট্রে ও যুক্তরাজ্যে ২০ দিনের সফর শেষে দেশে ফেরার পর গতকাল (৭ অক্টোবর শনিবার) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ভিআইপি টার্মিনালের লাউঞ্জে এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণের মাধ্যমে বাংলাদেশের বিরুদ্ধে আনীত তথাকথিত দুর্নীতির মিথ্যা অভিযোগে সমুচিত জবাব দিয়েছে তাঁর সরকার উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, আমরা নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণ করছি। যারা আমাদের এই পদ্মা সেতুর নির্মাণ নিয়ে মিথ্যা অপবাদ এবং বাংলাদেশের সামর্থ্যকে হেয় করার চেষ্টা করেছিল, আমরা তাদের সমুচিত জবাব দিয়েছি। নিজস্ব অর্থায়নে মেগাপ্রকল্পগুলো বাস্তবায়নের মাধ্যমে আবারও বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭)। **জনকণ্ঠ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। **প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিপুল গণসংবর্ধনা**
**বিমানবন্দর থেকে গণভবন পর্যন্ত জনতার ঢল**

বিমানবন্দর থেকে গণভবন। সর্বত্রই এক অন্যরকম পরিবেশ। দীর্ঘ প্রায় ১৪ কিলোমিটার সড়কের দু'পাশ যেন জনারণ্য। উৎসবের আমেজে চারদিকে শুধু মানুষ আর মানুষ। রাজপথ যেন জনসমুদ্র। আর এ দীর্ঘ পথের দু'ধারে দাঁড়িয়ে পুষ্পবৃষ্টি ছিটিয়ে, বাদ্যবাজনার তালে স্লোগানে স্লোগানে লাখো মানুষ বরণ করে নিয়েছেন তাদের প্রিয় নেত্রীকে। জাতিসংঘ অধিবেশনে যোগদানের পাশাপাশি যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যে ২০ দিনের সফর শেষে গতকাল (৭ অক্টোবর শনিবার) সকাল ৯টা ২৫ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ভিভিআইপি ফ্লাইট 'অরুণ আলো' অবতরণ করে। বিমানবন্দরের ভিভিআইপি লাউঞ্জে সংক্ষিপ্ত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রথমে ফুল দিয়ে শুভেচ্ছা জানান আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতারা। সংক্ষিপ্ত অনুষ্ঠানে অংশগ্রহণের পর সকাল সাড়ে ১০টার দিকে তাঁকে বহনকারী গাড়ি বহরটি গণভবনের উদ্দেশে রওনা হয়। এ সময় রাস্তার দু'পাশে দাঁড়ানো হাজার হাজার মানুষ স্লোগান দিয়ে তাঁকে অভিনন্দন জানান। প্রধানমন্ত্রী হাত নেড়ে অভিবাদনের জবাব দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। **রাষ্ট্রপতি আজ কিশোরগঞ্জ যাচ্ছেন**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ আজ (৮ অক্টোবর রোববার) বিকেলে কিশোরগঞ্জের মিঠামইনে তাঁর গ্রামের বাড়িতে যাবেন। সফরকালে রাষ্ট্রপতি বাজিতপুর কলেজ, কটিয়াদি পাইলট মডেল হাইস্কুল ও জেলার কিশোরগঞ্জ সার্কিট হাউসে কয়েকটি অনুষ্ঠানেও যোগ দেবেন। সফরশেষে আগামী বুধবার বিকেলে তাঁর ঢাকায় ফেরার কথা রয়েছে। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

**৪। রোহিঙ্গা প্রশ্নে বাংলাদেশের সঙ্গে কাজ করুন**
**ভারত-ইইউ যৌথ ঘোষণায় মায়ানমারের প্রতি আহ্বান**
**রোহিঙ্গাদের জন্য অতিরিক্ত ৮ কোটি ৭ লাখ মার্কিন ডলার সহায়তা চেয়েছে ইউএনএইচসিআর**

ভারত ও ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) রোহিঙ্গা সংকট সমাধানে বাংলাদেশের সঙ্গে কাজ করতে মায়ানমারের প্রতি আহ্বান জানিয়েছে। একই সঙ্গে মায়ানমার কর্তৃপক্ষকে কফি আনান কমিশনের সুপারিশ বাস্তবায়নের আহ্বান জানানো হয়। গত ৬ অক্টোবর শুক্রবার ভারতের নয়াদিল্লিতে ১৪তম ভারত-ইইউ সামিট শেষে এক যৌথ ঘোষণায় এই আহ্বান জানিয়েছে দুই পক্ষ। এসময় উপস্থিত ছিলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, ইউরোপিয়ান কাউন্সিলের সভাপতি ডোনাল্ড টাস্ক এবং ইউরোপিয়ান কমিশনের প্রধান জ্যঁা ক্লদিয়ে জাঙ্কার। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **যুগান্তর** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৬)।

জাতিসংঘের মানবিক সহায়তাবিষয়ক আন্ডার সেক্রেটারি জেনারেল মার্ক লোকক বলেন, রোহিঙ্গাদের মানবিক সংকট মোকাবিলায় আসছে কয়েক মাসে ৪৩ কোটি ৪০ লাখ মার্কিন ডলার তহবিল প্রয়োজন। এর অংশ হিসেবে আগামী ছয় মাসের জন্য ইউএনএইচসিআর অতিরিক্ত হিসেবে ৮ কোটি ৭ লাখ মার্কিন ডলার জরুরিভিত্তিতে চেয়েছে। জাতিসংঘের ওয়েবসাইটে দেওয়া তথ্যে বলা হয়েছে, রোহিঙ্গা সংকটকে ইতোমধ্যে 'লেভেল-৩ ইমারজেন্সি' বলে ঘোষণা করেছে ইউএনএইচসিআর। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)এশিয়ান এজ (শেষ পৃ.,ক.১)।

**৫। রাখাইনে পরিস্থিতির অবনতি হওয়ায় কানাডার উদ্বেগ**
**রোহিঙ্গাদের স্বদেশে ফিরে যাওয়ার বিষয়ে বাংলাদেশকে সহায়তার আশ্বাস নেদারল্যান্ডের**

রাখাইনে পরিস্থিতির অবনতি হওয়ায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে কানাডা। দেশটির পররাষ্ট্রমন্ত্রী ক্রিস্টিয়া ফ্রিল্যান্ড ও আন্তর্জাতিক উন্নয়নবিষয়ক মন্ত্রী ম্যারি-ক্লদিয়ে বিবুই এক যৌথ বিবৃতিতে বলেছেন, রোহিঙ্গাদের ওপর সহিংসতা মানবতাবিরোধী অপরাধ। আমরা রোহিঙ্গাদের নিরাপদ ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনে পদক্ষেপ নিতে মায়ানমার কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানাই। অপরদিকে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের স্বদেশে ফিরে যাওয়ার বিষয়ে বাংলাদেশকে সহায়তার আশ্বাস দিয়েছে নেদারল্যান্ড। গতকাল (৭ অক্টোবর শনিবার) নেদারল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূতের সাথে সাক্ষাৎকালে নেদারল্যান্ডের পররাষ্ট্র মন্ত্রণালয়ের আন্তর্জাতিক সহযোগিতা বিভাগের মহাপরিচালক এ কথা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **নিউ এজ** (পৃ.২,ক.১)।

**৬। মায়ানমার সীমান্তে বেষ্টনী দেওয়ার পরিকল্পনা বাংলাদেশের : বিজিবি-বিএসএফ বৈঠক অনুষ্ঠিত**

গত ৬ অক্টোবর শুক্রবার দিল্লিতে বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) সঙ্গে ভারতের সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) মহাপরিচালক পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকশেষে দিল্লিতে সাংবাদিকদের মুখোমুখি হন ভারত সফররত বিজিবি প্রধান মেজর জেনারেল আবুল হোসেন এবং বিএসফের মহাপরিচালক কে কে শর্মা। বিজিবি প্রধান মেজর জেনারেল আবুল হোসেন সাংবাদিকদের বলেন, বাংলাদেশের পক্ষ থেকে বিএসএফকে এটা নিশ্চিত করা হয়েছে যে কোনো সন্ত্রাসী কর্মকাণ্ডের জন্য বাংলাদেশের ভূখণ্ড ব্যবহার করতে দেওয়া হবে না। এ ব্যাপারে আমাদের সরকারের নীতি অত্যন্ত পরিষ্কার। মায়ানমার সীমান্তে বেষ্টনী দেওয়ার পরিকল্পনা বাংলাদেশের রয়েছে বলে জানান বিজিবি প্রধান। বৈঠকে বিজিবি প্রধান মেজর জেনারেল আবুল হোসেন এর নেতৃত্বে ২৪ সদস্যের প্রতিনিধিদল অংশ নেয়। রোহিঙ্গা ইস্যু ছাড়া এ বৈঠকে উভয় দেশের সীমান্তে অবৈধ অনুপ্রবেশ, সীমানা পিলার নির্মাণ, জাল রুপি, মাদক পাচারসহ একাধিক বিষয় নিয়ে আলোচনা হয়। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২০,ক.১)।

**৭। বিশ্বমানের শিক্ষাব্যবস্থা চালু করতে হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষার মনোন্নয়নে যুগের সঙ্গে সঙ্গতিপূর্ণ বিশ্বমানের শিক্ষাব্যবস্থা চালু করতে হবে। কৃষিশিক্ষা, গবেষণা, খাদ্য ও পুষ্টি নিরাপত্তায় দক্ষিণ-পূর্ব এশিয়ার সর্বোচ্চ বিদ্যাপীঠ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। 'শিক্ষা গবেষণায় দেশের

সেরা, খাদ্য-পুষ্টি নিরাপত্তা দেব মোরা’ স্লোগানকে সামনে রেখে প্রতিষ্ঠাবার্ষিকী এবং শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় র‌্যাংকিংয়ে দেশে শীর্ষস্থান অর্জনের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। অনুষ্ঠানশেষে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী বলেন, দেশের হাওর ও চর এলাকার উন্নয়নে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে অচিরেই হাওর এবং চরউন্নয়ন গবেষণা ইন্সটিটিউট পূর্ণাঙ্গভাবে চালু করা হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.৩)।

## ৮। দক্ষ জনবলে রেমিটেন্স বাড়বে ১০ গুণ : বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী

প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রমে বিনিয়োগকে করমুক্ত সুবিধা প্রদানের দাবি জানিয়েছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। গতকাল (৭ অক্টোবর শনিবার) মতিঝিল ঢাকা চেম্বারের অডিটরিয়ামে ব্যবস্থাপনা কার্যক্রমে দেশীয় ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি বিষয়ক সেমিনারে এ দাবি করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রবাসী কল্যাণ এবং বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বলেন, প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল বিদেশে পাঠাতে পারলে প্রবাসী আয় (রেমিট্যান্স) আহরণ বর্তমানের চেয়ে প্রায় ১০ গুণ বাড়বে। মন্ত্রী বলেন, আমাদের দেশের জনশক্তিকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবলে রূপান্তরিত করতে পারলে প্রচুর পরিমাণে বৈদেশিক মুদ্রা আহরণ সম্ভব হবে। বর্তমানে প্রায় ১ কোটি ১০ লাখ বাংলাদেশি বিদেশে কাজ করছে, যারা প্রতিবছর প্রায় ১৫ বিলিয়ন মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা বাংলাদেশে পাঠাচ্ছে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

## ৯। রাশিয়ার প্রধান বিচারপতি আজ ঢাকা আসছেন

রাশিয়ার প্রধান বিচারপতি ভিয়াচেসলাভ এম লেভদেভ আজ (৮ অক্টোবর রোববার) ঢাকায় আসছেন। সফরকালে তিনি সুপ্রিম কোর্টের আপিল বিভাগে বিচারকাজ পর্যবেক্ষণ করবেন। সেইসাথে দুই দেশের সুপ্রিম কোর্টের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবার কথা রয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৭), **সমকাল** (পৃ.২,ক.১)।

## ১০। চামড়া ও চামড়াজাত পণ্য রফতানি লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাচ্ছে : ইপিবি

২০১৭-১৮ অর্থবছরের প্রথম ২ মাসে চামড়া ও চামড়াজাত পণ্য রফতানিতে আয় হয়েছে ২৪ কোটি ৮১ লাখ ৬০ হাজার মার্কিন ডলার ; যা এই সময়ের লক্ষ্যমাত্রার চেয়ে ৯ দশমিক ৮৩ শতাংশ বেশি। একইসঙ্গে গত ২০১৬-১৭ অর্থবছরের একই সময়ের তুলনায়ও ৯ দশমিক ৪৫ শতাংশ বেশি বৈদেশিক মুদ্রা আয় হয়েছে এ খাতে। বাংলাদেশ রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সেপ্টেম্বর মাসে প্রকাশিত হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য প্রকাশিত হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭)।

## ১১। সুরক্ষার জন্য দরকার বিনিয়োগকারীর সচেতনতা : বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহের সেমিনারে বক্তারা

শেয়ারবাজারে বিনিয়োগকারীর সুরক্ষা সম্পর্কে সবার আগে বিনিয়োগকারীকেই সচেতন হতে হবে। আর এ সচেতনতা তৈরির জন্য দরকার পুঁজিবাজারবিষয়ক জ্ঞান। বিনিয়োগকারীরা যত বেশি শিক্ষিত হবেন, বাজারের গতিশীলতা তত বাড়বে। বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ উপলক্ষে গতকাল (৭ অক্টোবর শনিবার) আয়োজিত এক সেমিনারে বক্তারা এ মন্তব্য করেছেন। বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট এ সেমিনারের আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) চেয়ারম্যান এম খায়রুল হোসেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৩,ক.৪), **যুগান্তর** (পৃ.৩,ক.৬), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

ক. **জনকণ্ঠ :** ডিজিটাল বাংলাদেশ গড়ার জন্য মানসম্মত শিক্ষার প্রতি গুরুত্ব বাড়ানো প্রয়োজন বলে মন্তব্য।

খ. **সংবাদ :** নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম সাধারণ ভোক্তার নাগালে রাখতে মূল্যবৃদ্ধির কারণগুলো চিহ্নিত করে সেগুলো দূর করতে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ।

গ. **ইত্তেফাক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত রাজধানীর সাত সরকারি কলেজের দ্বিতীয় ও চতুর্থ বর্ষের ফল প্রকাশ নিয়ে জটিলতা তৈরি হওয়ায় শিক্ষার্থীরা বড় ধরনের সেশনজটের আশংকা করছে উল্লেখ করে এ ধরনের অনিশ্চয়তা দূর করতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনবল বৃদ্ধিসহ প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সমকাল :** চলতি বছর মাধ্যমিক পরীক্ষার খাতা দেখায় অবহেলার অভিযোগে ৭২ শিক্ষককে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে শিক্ষা বোর্ড উল্লেখ করে এ ধরনের গাফিলতির জন্য দায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **প্রথম আলো :** বেকার তরুণদের জন্য কর্মসংস্থানের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউ এজ :** দেশের বিভিন্ন জেলা-উপজেলার বেহাল সড়ক ও সেতু সংস্কারের ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউজ টুডে :** স্বাস্থ্যসেবার মানোন্নয়নে এ খাতের উন্নয়নে বাজেটে বরাদ্দ বাড়ানোর সুপারিশ।

জ. **ডেইলি স্টার :** পরিবেশ অধিদপ্তর এক সমীক্ষায় রাজধানীর ৭১টি পয়েন্টে শব্দের উচ্চমাত্রা ১২০-১৩০ ডেসিবেল হওয়াকে স্বাভাবিকের চেয়ে দ্বিগুণ উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দুর্নীতির বিরুদ্ধে সর্বাত্মক প্রতিরোধ গড়ে তুলতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'রোহিঙ্গা গণহত্যার বিরুদ্ধে বাংলাদেশের অবস্থান'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বাংলাদেশের সরকার ও জনগণ সীমিত সাধ্য নিয়ে যেভাবে অসহায় নির্যাতিত রোহিঙ্গাদের পাশে দাঁড়িয়েছে, তা আন্তর্জাতিক অঙ্গনে দৃষ্টান্ত স্থাপন করেছে।

#

খাদীজা/ফাহিমা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৬৯/২০১৭-১৮**

**ঢাকা, শুক্রবার ৬ অক্টোবর ২০১৭, ২১ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রী জাতিসংঘ সাধারণ পরিষদে যোগদান শেষে দেশে ফিরছেন কাল

২। রাষ্ট্রপতির নিকট সুইডেন ও কানাডার রাষ্ট্রদূতের পরিচয়পত্র পেশ : বাণিজ্য বৃদ্ধির আহ্বান

৩। সংসদীয় গণতন্ত্র সুসংহত করতে ডিজিটাল পার্লামেন্ট দরকার : স্পিকার

৪। বিশ্বব্যাংক-আইএমএফের সভায় যোগ দিতে যুক্তরাষ্ট্রে অর্থমন্ত্রী

৫। শিশুকিশোর টিভি চ্যানেল 'দুরন্ত টিভি'র উদ্বোধন করেছেন তথ্যমন্ত্রী

৬। রোহিঙ্গারা শরণার্থী নয়, 'বলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার নাগরিক' : ত্রাণমন্ত্রী

৭। বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের জন্য ১২ কোটি মার্কিন ডলার সহায়তার আবেদন জানিয়েছে আইওএম

৮। অভিযুক্ত হজ এজেন্সিগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ করেছে সংসদীয় স্থায়ী কমিটি

৯। ২০২১ সালের মধ্যে আইটি সেক্টরে ২০ লাখ লোকের কর্মসংস্থান সৃষ্টি করা হবে আইসিটি প্রতিমন্ত্রী

১০। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে সহায়তা দেবে মাইক্রোসফট

১১। দেশে প্রথম স্মার্টফোন কারখানার যাত্রা শুরু

১২। সহজ করা হয়েছে ভারতীয় ভিসা প্রক্রিয়াকরণ

চলমান পাতা-২

**১। প্রধানমন্ত্রী জাতিসংঘ সাধারণ পরিষদে যোগদান শেষে দেশে ফিরছেন কাল**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যে তিন সপ্তাহের সফর শেষে আগামীকাল ৭ অক্টোবর শনিবার সকালে দেশে ফিরছেন। গতকাল (৫ অক্টোবর বৃহস্পতিবার) আওয়ামী লীগের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনে যোগদান শেষে শনিবার সকাল ৯টা ২০ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এসে পৌঁছাবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১)।

**২। রাষ্ট্রপতির নিকট সুইডেন ও কানাডার রাষ্ট্রদূতের পরিচয়পত্র পেশ : বাণিজ্য বৃদ্ধির আহ্বান**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বাংলাদেশের সঙ্গে দ্বিপক্ষীয় বাণিজ্য বৃদ্ধি ও বিনিয়োগ সুবিধার সদ্ব্যবহারের জন্য সুইডেন ও কানাডার প্রতি আহবান জানিয়েছেন। গতকাল (৫ অক্টোবর বৃহস্পতিবার) বঙ্গভবনে এ দু'টি দেশের নবনিযুক্ত রাষ্ট্রদূত ও হাইকমিশনার তাঁদের পরিচয়পত্র পেশ করতে গেলে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। রাষ্ট্রপতি সরকারি ও বেসরকারি উভয় খাতের উচ্চপর্যায়ের সফর বিনিময়ের মাধ্যমে বিদ্যমান সম্পর্ক আরও দৃঢ় করার ওপর গুরুত্বারোপ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৬,ক.৪), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।

**৩। সংসদীয় গণতন্ত্র সুসংহত করতে ডিজিটাল পার্লামেন্ট দরকার : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ও সিপিএ নির্বাহী কমিটির চেয়ারপারসন ড. শিরীন শারমিন চৌধুরী সংসদীয় গণতন্ত্র সুসংহত করতে ডিজিটাল পার্লামেন্ট প্রতিষ্ঠার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন। গতকাল (৫ অক্টোবর বৃহস্পতিবার) শ্রীলংকার রাজধানী কলম্বোতে সার্ক স্পিকারস অ্যান্ড পার্লামেন্টারিয়ান্স অ্যাসোসিয়েশনের অষ্টম সম্মেলনের সাধারণ অধিবেশনের বক্তৃতায় তিনি এ কথা বলেন। ভারতের লোকসভার স্পিকার সুমিত্রা মহাজনের সভাপতিত্বে সাধারণ অধিবেশনে সূচনা বক্তব্য রাখেন সার্ক স্পিকারস অ্যাসোসিয়েশনের বিদায়ী প্রেসিডেন্ট ও মালদ্বীপের স্পিকার আবদুল্লা মাসিহ মোহামেদ এবং শ্রীলংকার স্পিকার কারু জয়সুরিয়া। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.৩)।

**৪। বিশ্বব্যাংক-আইএমএফের সভায় যোগ দিতে যুক্তরাষ্ট্রে অর্থমন্ত্রী**

যুক্তরাষ্ট্রে বিশ্বব্যাংক-আইএমএফের সভায় যোগ দিতে গতকাল (৫ অক্টোবর বৃহস্পতিবার) ঢাকা ছেড়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। দুই সপ্তাহের এ সফরে তিনি বিশ্বব্যাংক-আইএমএফের বার্ষিক সভাসহ গুরুত্বপূর্ণ কয়েকটি বৈঠকে যোগ দেবেন। এদিকে, পরিকল্পনামন্ত্রী আ হ ম মোস্তফা কামাল গত ৪ অক্টোবর বুধবার ভারতের নয়াদিল্লিতে বিশ্ব অর্থনৈতিক ফোরামের সম্মেলনে যোগ দিচ্ছেন। তিন দিনব্যাপী ভারতীয় অর্থনৈতিক এ সম্মেলন শেষ হবে আজ। ভারতীয় অর্থনীতির পাশাপাশি আন্তর্জাতিক দ্বন্দ্ব, দারিদ্র্য, পরিবেশগত সমস্যা সমাধানের বিষয় নিয়ে এ সম্মেলনে আলোচনা হচ্ছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.১৭,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৩)।

**৫। শিশুকিশোর টিভি চ্যানেল 'দুরন্ত টিভি'র উদ্বোধন করেছেন তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, শিশুকিশোররা হবে দেশপ্রেমে মোড়া দুরন্ত সোনার মানুষ, গড়বে নতুন বাংলাদেশ। গতকাল (৫ অক্টোবর বৃহস্পতিবার) রাজধানীর প্যানপ্যাসিফিক সোনারগাঁ হোটেলে শিশুকিশোর ও পারিবারিক বিনোদনের স্যাটেলাইট টেলিভিশন 'দুরন্ত টিভি'র লোগো উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**যায়যায়দিন** (পৃ.১৫,ক.৭), **সমকাল** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.১৭,ক.৬)।

**৬। রোহিঙ্গারা শরণার্থী নয়, 'বলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার নাগরিক' : ত্রাণমন্ত্রী**

এখন থেকে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের 'বলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমারের নাগরিক' বলবে বাংলাদেশ। তাদের শরণার্থী বলা হবে না। গতকাল (৫ অক্টোবর বৃহস্পতিবার) সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া ও ত্রাণ সচিব মো. শাহ কামাল। ত্রাণ সচিব বলেন, পররাষ্ট্র মন্ত্রণালয় চিঠি দিয়ে তাদের (ত্রাণ মন্ত্রণালয়) জানিয়েছে, এখন থেকে

রোহিঙ্গাদের বলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমারের নাগরিক বলার জন্য। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২)।



**৭। বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের জন্য ১২ কোটি মার্কিন ডলার সহায়তার আবেদন জানিয়েছে আইওএম**

গত ২৫ আগস্টের পর নতুন করে আসা পাঁচ লাখ রোহিঙ্গার জন্য **১২** কোটি মার্কিন ডলার সহায়তার আবেদন জানিয়েছেন জাতিসংঘের অভিবাসী বিষয়ক সংস্থা ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন'র (আইওএম) মহাপরিচালক উইলিয়াম লেসি সুইং। গত ৪ অক্টোবর বুধবার এক বিবৃতিতে এ আহ্বান জানান তিনি। আইওএম'র হিসাবে বাংলাদেশের কক্সবাজারে ভয়াবহ অমানবিক অবস্থায় রয়েছে নতুন করে আসা কমপক্ষে পাঁচ লাখ রোহিঙ্গা। গত ২৫ আগস্ট থেকে দ্রুততার সঙ্গে ও ব্যাপকহারে এসব রোহিঙ্গা প্রবেশ করতে থাকে বাংলাদেশে। তারা রাখাইনে সহিংসতা থেকে বাঁচতে ছুটে আসে বাংলাদেশে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৪)।

**৮। অভিযুক্ত হজ এজেন্সিগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ করেছে সংসদীয় স্থায়ী কমিটি**

অভিযুক্ত হজ এজেন্সিগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ করেছে ধর্ম মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। গতকাল (৫ অক্টোবর বৃহস্পতিবার) জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটি'র বৈঠক থেকে এ সুপারিশ করা হয়। যেসব এজেন্সি হাজীদের সঙ্গে দেশে ও সৌদি আরবে প্রতারণা করেছে তাদের চিহ্নিত করে তাদের লাইসেন্স বাতিল, এসব এজেন্সি যাতে আগামী বছর হাজী পাঠাতে না পারে সেজন্য ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়। এছাড়াও যেসব এজেন্সির কারণে হজ ফ্লাইট বাতিল হয়েছিল তাদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধেও মন্ত্রণালয়কে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয় বৈঠক থেকে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.১), **ইনকিলাব** (পৃ.১৬,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.৬)।

**৯। ২০২১ সালের মধ্যে আইটি সেক্টরে ২০ লাখ লোকের কর্মসংস্থান সৃষ্টি করা হবে : আইসিটি প্রতিমন্ত্রী**

আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, আগামী তিন বছরে আইটি সেক্টরে প্রশিক্ষণ দিয়ে ৩ লাখ তরুণতরুণীকে দক্ষ করে গড়ে তোলা হবে। আর ২০২১ সালের মধ্যে আইটি সেক্টরে ২০ লাখ কর্মসংস্থান সৃষ্টি করা হবে। তাই আইটি সেক্টরে দক্ষতা অর্জন করতে পারলে কাউকে আর কর্মসংস্থান নিয়ে ভাবতে হবে না। গতকাল (৫ অক্টোবর বৃহস্পতিবার) যশোরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্কে প্রথমবারের মতো অনুষ্ঠিত চাকরি মেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রতিমন্ত্রী প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৮), **সমকাল** (পৃ.৪,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**১০। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে সহায়তা দেবে মাইক্রোসফট**

ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে সরকারের রূপকল্প অনুসারে সহায়তা দেবে মাইক্রোসফট। মাইক্রোসফট এশিয়ার প্রেসিডেন্ট ও মাইক্রোসফট করপোরেশনের ভাইস প্রেসিডেন্ট রালফ হপ্টার গতকাল (৫ অক্টোবর বৃহস্পতিবার) একদিনের সফরে ঢাকায় আসেন। মাইক্রোসফট বাংলাদেশের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এ সফরকালে হপ্টার অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত ও বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবিরের সঙ্গে সাক্ষাৎ করেন। তাঁদের সঙ্গে তিনি বাংলাদেশের আর্থিক সেবা শিল্পের উন্নয়ন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিখাতের সাফল্য নিয়ে আলোচনা করেন। এ ছাড়া হপ্টার ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিমের সঙ্গে সাক্ষাৎ করেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৭,ক.৫)।

**১১। দেশে প্রথম স্মার্টফোন কারখানার যাত্রা শুরু**

বছরে ২৫-৩০ লাখ ইউনিট হ্যান্ডসেট উৎপাদনের লক্ষ্য নিয়ে যাত্রা শুরু করল বাংলাদেশি কোম্পানি ওয়ালটনের স্মার্টফোন কারখানা। গতকাল (৫ অক্টোবর বৃহস্পতিবার) গাজীপুরের চন্দ্রায় ওয়ালটনের এ স্মার্টফোন কারখানা উদ্বোধন করেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। প্রতিমন্ত্রী সাংবাদিকদের বলেন, 'দেশের জন্য আজ একটি ঐতিহাসিক দিন। এ কারখানা উদ্বোধনের মধ্য দিয়ে ডিজিটাল বাংলাদেশের

নতুন অধ্যায়ের সূচনা হল।' সূত্র-**যায়যায়দিন** (পৃ.৩,ক.৬), **সমকাল** (পৃ.৩,ক.১), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১৭,ক.৬)।



**১২। সহজ করা হয়েছে ভারতীয় ভিসা প্রক্রিয়াকরণ**

বাংলাদেশিদের জন্য ভারতের ভিসা প্রক্রিয়া আরো সহজ করা হয়েছে। আগামী ১০ অক্টোবরের পর থেকে ভ্রমণ ভিসা আবেদনকারীরা কোনো আগাম এ্যাপয়েন্টমেন্ট ছাড়াই মিরপুর রোড এ অবস্থিত আইভিএসিতে সরাসরি তাদের ভিসা আবেদন জমা দিতে পারবেন। এছাড়া ভ্রমণ ভিসা আবেদনকারীদের ভারতে ভ্রমণের নিশ্চিত টিকেট জমাদানের প্রয়োজন হবে না। গতকাল (৫ অক্টোবর বৃহস্পতিবার) ঢাকায় ভারতীয় হাইকমিশনের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৩), **প্রথম আলো** (পৃ.৪,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

**সম্পাদকীয়**

**ক.** **সংবাদ :** ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের ৯টি মার্কেটের গাড়ি পার্কিংয়ের জায়গায় অবৈধভাবে ২ হাজার ৩৫১টি দোকান বসানো হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে এসব দোকানের সাথে সাথে রাজধানীর অন্যান্য যেসব মার্কেটের পার্কিংয়ের জায়গায় অবৈধ দোকান রয়েছে সেগুলোও উচ্ছেদের আহ্বান।

**খ.** **জনকণ্ঠ :** দেশের চিকিৎসাক্ষেত্রে দালাল চক্রের কারণে সৃষ্ট নানা অরাজকতা দূর করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**গ.** **ইত্তেফাক :** মাদকাসক্তির হার বেড়ে চললেও মাদকাসক্তদের চিকিৎসার কোনো পূর্ণাঙ্গ ও নির্ভরযোগ্য ব্যবস্থা নেই উল্লেখ করে মানসম্মত মাদক নিরাময়কেন্দ্র গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **প্রথম আলো :** ২০১৬ সালে জাতীয় শিল্পনীতিতে এসএমই বা ক্ষুদ্র বা মাঝারি খাতের ১০ শতাংশ ঋণ নারী উদ্যোক্তাদের মধ্যে বিতরণের কথা থাকলেও পেয়েছেন তিন শতাংশের কম উল্লেখ করে ১০ শতাংশ ঋণ যাতে নারী উদ্যোক্তাদের কাছে যায়, সেজন্য বাণিজ্যিক ব্যাংকগুলোকে উদ্যোগী ভূমিকা নেওয়ার সুপারিশ।

**ঙ.** **ফিনানশিয়াল এক্সপ্রেস :** চামড়াশিল্পের বিকাশে বিশেষ প্রণোদনা দিতে সরকারকে সুপারিশ।

**চ.** **নিউ এজ :** দুর্ঘটনা এড়াতে স্কুলগামী শিশুদের রাস্তায় চলাচলের নিয়ম-কানুন শিখাতে অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

#

ফাহিমা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৬৮/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ৫ অক্টোবর ২০১৭, ২০ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ১৭ উন্নয়ন প্রকল্পের জন্য ভারতের সাথে ৩৬ হাজার কোটি টাকার ঋণচুক্তি স্বাক্ষর

২। রোহিঙ্গা সমস্যা সমাধানে সার্ক স্পিকারগণ ভূমিকা রাখতে পারেন
ড. শিরীন শারমিন চৌধুরী

৩। পররাষ্ট্রমন্ত্রীর সাথে জাতিসংঘ কর্মকর্তার সাক্ষাৎ
রোহিঙ্গা প্রত্যাবাসনে সহযোগিতার আহ্বান

৪। প্রধানমন্ত্রী শনিবার দেশে ফিরছেন

৫। কুতুপালং রোহিঙ্গা ক্যাম্পকে ২০ ব্লকে ভাগ করার সিদ্ধান্ত : কক্সবাজারে বৈঠকে ত্রাণমন্ত্রী

৬। রোহিঙ্গারা বিনামূল্যে ফোন করার সুযোগ পাবে : টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী

৭। স্বরাষ্ট্র মন্ত্রণালয়র সম্পর্কিত সংসদীয় কমিটি'র বৈঠকে রোহিঙ্গা সমস্যা নিয়ে আলোচনা

৮। বাংলাদেশ-যুক্তরাষ্ট্র নিরাপত্তা সংলাপ : রোহিঙ্গাদের প্রত্যাবাসনের ওপর গুরুত্বারোপ

৯। বাংলাদেশের তৈরিপোশাকের বিরুদ্ধে আন্তর্জাতিক ষড়যন্ত্র চলছে
গোলটেবিল বৈঠকে বাণিজ্যমন্ত্রী

১০। দুর্বৃত্তদের কোনো ধর্ম নেই : বৌদ্ধ প্রতিনিধিদলের সাথে বৈঠকে ওবায়দুল কাদের

১১। ভারতীয় ভিসা আবেদন কেন্দ্রে ক্যাশলেস সেবা উদ্বোধন

**১। ১৭ উন্নয়ন প্রকল্পের জন্য ভারতের সাথে ৩৬ হাজার কোটি টাকার ঋণচুক্তি স্বাক্ষর**

বাংলাদেশের বিদ্যুৎ, রেলপথ, সড়ক, জাহাজ চলাচল ও বন্দর প্রভৃতির অবকাঠামোসহ ১৭টি উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নে সাড়ে ৪ বিলিয়ন ডলার ঋণ দেবে ভারত। বাংলাদেশি মুদ্রায় এই অর্থের পরিমাণ ৩৬ হাজার কোটি টাকা। এটি দেশের ইতিহাসে দ্বিতীয় বৃহত্তম ঋণচুক্তি। গতকাল (৪ অক্টোবর বধুবার) অর্থমন্ত্রণালয়ের সভাকক্ষে ভারতের অর্থমন্ত্রী অরুণ জেটলি ও বাংলাদেশের অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের উপস্থিতিতে এ চুক্তি স্বাক্ষরিত হয়। এর আগে তাঁরা দ্বিপক্ষীয় বৈঠক করেন। বাংলাদেশের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব শফিকুল আযম এবং ভারতের রাষ্ট্রায়ত্ত এক্সপোর্ট-ইমপোর্ট ব্যাংকের (এক্সিম) ব্যবস্থাপনা পরিচালক ডেভিড রাসকিনহা এই চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

**২। রোহিঙ্গা সমস্যা সমাধানে সার্ক স্পিকারগণ ভুমিকা রাখতে পারে ড. শিরীন শারমিন চৌধুরী**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, রোহিঙ্গা সমস্যা সমাধানে সার্ক স্পিকার্স পার্লামেন্টারিয়াল অ্যাসোসিয়েশন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। গতকাল (৪ অক্টোবর বুধবার) শ্রীলঙ্কার রাজধানী কলম্বোতে সার্ক স্পিকার্স অ্যান্ড পার্লামেন্টারিয়ান্স অ্যাসোসিয়েশনের ৮ম সম্মেলনের সাধারণ অধিবেশনে বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি এ অধিবেশনে সভাপতিত্বে করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৬), **নিউ এজ** (পৃ.৩,ক.৫)।

**৩। পররাষ্ট্রমন্ত্রীর সাথে জাতিসংঘ কর্মকর্তার সাক্ষাৎ**
**রোহিঙ্গা প্রত্যাবাসনে সহযোগিতার আহ্বান**

রোহিঙ্গাদের প্রত্যাবাসনে জাতিসংঘের সহায়তা চেয়েছে বাংলাদেশ। গতকাল (৪ অক্টোবর বুধবার) জাতিসংঘের দুই শীর্ষ কর্মকর্তার সঙ্গে সাক্ষাৎকালে পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী এ বিষয়ে সহায়তা দেওয়ার অনুরোধ জানিয়েছেন। এসময় রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় বাংলাদেশের মানবিকতাবোধ ও উদারতার ব্যাপক প্রশংসা করেন জাতিসংঘ কর্মকর্তারা। জাতিসংঘের মানবিক সহায়তা বিষয়ক সমন্বয়কারীর কার্যালয় ওসিএইচএ'র আন্ডার সেক্রেটারি মার্ক লৌকক এবং ইউনিসেফের নির্বাহী পরিচালক অ্যান্থনি লেক গতকাল পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলীর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় পররাষ্ট্রমন্ত্রী তাঁদেরকে বর্তমান পরিস্থিতি নিয়ে বিস্তারিত জানান এবং রোহিঙ্গাদের প্রত্যার্বাসনে জাতিসংঘকে সহযোগিতা করার অনুরোধ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৪)।

**৪। প্রধানমন্ত্রী শনিবার দেশে ফিরছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা লন্ডনে তিনদিন অবস্থানের পর ৭ অক্টোবর শনিবার দেশে ফিরবেন। তিনি লন্ডন থেকে গত ৩ অক্টোবর মঙ্গলবার ডিজিটাল প্রযুক্তি ইলেকট্রনিক ফাইল (ই-ফাইল)'র মাধ্যমে ১০টি ফাইল ছেড়েছেন, এর আগে যুক্তরাষ্ট্রে ১৬ দিনের সফরকালে ৬১টি ফাইল ছাড়েন তিনি। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল বলেন, প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যে অবস্থানকালে জরুরি ফাইল তাঁর কাছে পাঠানোর জন্য তিনি আগেই তাঁর অফিসকে নির্দেশনা দিয়েছিলেন। প্রেস সচিব আরো বলেন, প্রধানমন্ত্রী লন্ডনে অবস্থানকালে ঢাকায় তাঁর অফিসের সঙ্গে সার্বক্ষণিক ঘনিষ্ঠ যোগাযোগ রাখছেন এবং বিভিন্ন বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা দিচ্ছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ইনকিলাব** (পৃ.১,ক.৬), **সমকাল** (শেষ পৃ.,ক.১)।

**৫। কুতুপালং রোহিঙ্গা ক্যাম্পকে ২০ ব্লকে ভাগ করার সিদ্ধান্ত : কক্সবাজার বৈঠকে ত্রাণমন্ত্রী**

কুতুপালং রোহিঙ্গা ক্যাম্পকে ২০টি ব্লকে ভাগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রত্যেক ব্লকের জন্য একটি প্রশাসনিক ও পরিসেবা ইউনিট ও একটি গোডাউন স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়া ক্যাম্পের ভিতর আইনশঙ্খলা রক্ষায় নতুন পুলিশ ফাঁড়ি স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয় এবং পর্যাপ্ত আনসার সদস্য মোতায়েনের সিদ্ধান্ত নেওয়া হয়। গতকাল (৪ অক্টোবর বুধবার ) কক্সবাজার সার্কিট হাউসে মায়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গা নাগরিকদের মানবিক সহায়তা কার্যক্রম সমন্বয় বিষয়ক এক সভায় এ তথ্য জানানো

হয়। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া সভায় প্রধান অতিথি হিসেবে কর্মকর্তাদের সার্বিক কার্যাবলি নিয়ে আলোচনা করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **ইনকিলাব** (পৃ.১,ক.৬), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

৬। **রোহিঙ্গারা বিনামূল্যে ফোন করার সুযোগ পাবে : টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী**

রাষ্ট্রায়ত্ত মোবাইল ফোন অপারেটর টেলিটকের ১০টি বুথে রোহিঙ্গারা বিনামূল্যে ফোন করতে পারবেন। টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম গতকাল (৪ অক্টোবর বুধবার) রোহিঙ্গাদের জন্য স্থাপিত কুতুপালং ক্যাম্প-১ এবং ক্যাম্প-২ এ টেলিটকের মোবাইল বুথ ও ফোন সেবা কার্যক্রম পরিদর্শনের সময় সাংবাদিকদের একথা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৮)।

৭। **স্বরাষ্ট্র মন্ত্রণালয়র সম্পর্কিত সংসদীয় কমিটি'র বৈঠকে রোহিঙ্গা সমস্যা নিয়ে আলোচনা**

স্বরাষ্ট্র মন্ত্রণালয় বলছে, স্থানীয় বাসিন্দা ও মায়ানমারে থেকে আসা রোহিঙ্গাদের পর্যাপ্ত খাবারের চাহিদা মেটানো স্থানীয় প্রশাসনের পক্ষে দুরূহ হয়ে পড়েছে। দেশের অন্যান্য স্থানে রোঙ্গিাদের ছাড়িয়েপড়া ঠেকাতে বাস, ট্রেনসহ সব ধরনের যানবাহনের টিকিট কাটায় সময় জাতীয় পরিচয়পত্র (এনআইডি) প্রদর্শন বাধ্যাতামূলক করার কথাও জানানো হয়েছে। গতকাল (৪ অক্টোবর বুধবার) সংসদভবনে অনুষ্ঠিত স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংদীয় কমিটির বৈঠকে রোহিঙ্গা ইস্যুতে আলোচনায় এসব তথ্য উঠে এসেছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

৮। **বাংলাদেশ-যুক্তরাষ্ট্র নিরাপত্তা সংলাপ : রোহিঙ্গাদের প্রত্যাবাসনের ওপর গুরুত্বারোপ**

মায়ানমারে রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবাসনের বিষয়টি গুরুত্ব পেয়েছে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র ষষ্ঠ যৌথ নিরাপত্তা সংলাপে। ওয়াশিংটনে অনুষ্ঠিত এই সংলাপে বাংলাদেশের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের যুক্তরাষ্ট্র অনু বিভাগের মহাপরিচালক আবিদা ইসলাম এবং যুক্তরাষ্ট্রের প্রতিনিধি দলেন নেতৃত্বে দেন সে দেশের রাজনীতি ও সামরিকবিষয়ক ভারপ্রাপ্ত উপসহকারী পররাষ্ট্রমন্ত্রী মাইকেল মিলার। বাংলাদেশের স্থানীয় সময় গত ৩ অক্টোবর মঙ্গলবার রাত ১২টায় এবং ওয়াশিংটনের স্থানীয় সময় দুপুর ২টায় এ সংলাপ শুরু হয়। সংলাপে বিষয়ে ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, এবারের যৌথনিরাপত্তা সংলাপে রোহিঙ্গাদের মায়ানমারে নিরাপদ প্রত্যাবাসনের বিষয় জোর দেওয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৩), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

৯। **বাংলাদেশের তৈরিপোশাকের বিরুদ্ধে আন্তর্জাতিক ষড়যন্ত্র হচ্ছে : গোলটেবিল বৈঠকে বাণিজ্যমন্ত্রী**

তৈরিপোশাক প্রস্তুত ও রফতানিকারকদের শীর্ষ সংগঠন বিজিএমইএ মনে করে, সাম্প্রতিক সময়ে তৈরিপোশাক (গার্মেন্ট) শিল্প একটি ক্রান্তিকাল অতিক্রম করছে। সংগঠনটি বলছে, গত অর্থবছরে (২০১৬-১৭) পোশাক শিল্পের রফতানি প্রবৃদ্ধি ১৫ বছরের মধ্যে সর্বনিম্ন পর্যায়ে নেমে এসেছে। প্রবৃদ্ধি কমে আসার কারণ হিসেবে ১৩টি সমস্যা চিহ্নিত করেছে বিজিএমইএ। গতকাল (৪ অক্টোবর বুধবার) গুলশানে হোটেল ওয়েস্টিনে পোশাক শিল্পের বর্তমান ও করণীয় শীর্ষক গোলটেবিল বৈঠকে সংগঠন হিসেবে বিজিএমইএ এসব বক্তব্যে তুলে ধরে। এতে প্রধান অতিথি ছিলেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। প্রধান অতিথি বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেন, বাংলাদেশের তৈরিপোশাকের বিরুদ্ধে আন্তর্জাতিকভাবে ষড়যন্ত্র চলছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৯), **প্রথম আলো** (পৃ.১৩,ক.৩), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৩)।

১০। **দুর্বৃত্তদের কোনো ধর্ম নেই : বৌদ্ধ প্রতিনিধিদলের সাথে বৈঠকে ওবায়দুল কাদের**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দুর্বৃত্তদের কোনো ধর্ম ও দল নেই। এরা বিভিন্ন সময়ে বিভিন্ন দলীয় পরিচয় দিয়ে কোনো ধর্মের অনুসারীদের ওপর হামলা করে। গতকাল (৪ অক্টোবর বুধবার) ধানমন্ডিস্থ আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে বৌদ্ধ সম্প্রদায়ের প্রতিনিধিদলের সাথে এক বৈঠক শেষে সাংবাদিকদের সম্মেলনে তিনি আরো বলেন, যারা দলীয় পরিচয় দিয়ে কোনো ধর্মের অনুসারীদের ওপর হামলা করে, তাঁদের ব্যাপারে আমাদের নীতি 'জিরো টলারেন্স'। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**১১। ভারতীয় ভিসা আবেদনকেন্দ্রে ক্যাশলেস সেবা উদ্বোধন**

ভারতীয় ভিসা আবেদনের জন্য ভারতীয় হাইকমিশনের ভেতরে নগদ টাকা লেনদেন করা যাবে না। এখন থেকে এটিএম কার্ড কিংবা মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ভারতীয় হাইকমিশনের ভিসা আবেদন ফি জমা দিতে হবে। অর্থমন্ত্রী অরুণ জেটলি গতকাল (৪ অক্টোবর বুধবার) ঢাকায় শ্যামলীর ভারতীয় ভিসা আবেদন কেন্দ্রে 'ক্যাশলেস' সেবা উদ্বোধনের মাধ্যমে এ নিয়ম চালু করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশের অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এবং ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা। অনুষ্ঠানে বাংলাদেশে ভারতীয় হাইকমিশনের ১২টি ভিসা আবেদন কেন্দ্রকেই 'ক্যাশলেস' সেন্টার হিসেবে ঘোষণা করা হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**সম্পাদকীয়**

**ক.** **সংবাদ :** ভারতের সঙ্গে প্রায় সাড়ে ৪০০ কোটি ডলার ঋণচুক্তি স্বাক্ষর করেছে বাংলাদেশ যা দিয়ে ১৭টি প্রকল্প বাস্তবায়ন করা হবে বলে উল্লেখ করে অবিলম্বে তা বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**খ.** **প্রথম আলো :** সরকারের রোগতত্ত্ব , রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর) দেশে ছয়টি সংক্রামক রোগের প্রাদুর্ভাবের যে আশংকা ব্যক্ত করেছে সে ব্যাপারে সর্বোচ্চ সতর্কতা জরুরি হয়ে পড়েছে বলে মত প্রকাশ।

**গ.** **সমকাল :** পরিবহণ খাতে বিশৃঙ্খলা ও নৈরাজ্য রোধে যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **ইনকিলাব :** শাহজালাল বিমান বন্দরের অনিয়ম-অব্যবস্থাপনা দূর করে বিমানবন্দরের ভেতর বাহিরের নিরাপত্তা ও যাত্রীসেবার মানোন্নয়নে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ঙ.** **যায়যায়দিন :** বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের সহায়তা দেওয়ায় সরকারের উদ্যোগকে স্বাগত জানিয়ে তা সুষ্ঠুভাবে বাস্তবায়ন হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**চ.** **ফিনানশিয়ার এক্সপ্রেস :** চালের মূল্যের ঊর্ধ্বগতি ঠেকাতে চাল ব্যবসায়ীদের চাল আমদানির জন্য বিশেষ লাইসেন্স দেওয়ার সুপারিশ।

**ছ.** **নিউ নেশন :** জলবায়ু পরিবর্তনজনিত বিপর্যয় রোধে বাংলাদেশে সবাইকে সচেতন হওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মানসম্মত শিক্ষাদানের জন্য প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন শিক্ষককের মাধ্যমে সকল শিক্ষার্থীর শিক্ষাদান নিশ্চিত করতে হবে।

#

মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৬৭/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ৪ অক্টোবর ২০১৭, ১৯ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দেশে ফেরার পথে লন্ডনে পৌঁছেছেন প্রধানমন্ত্রী

২। রোহিঙ্গা ইস্যুতে কূটনৈতিক বিজয় হয়েছে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৩। যুক্তরাষ্ট্রের লাস ভেগাসে হতাহতের ঘটনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক

৪। বাণিজ্য ঘাটতি কমাতে পদক্ষেপ নিন
ভারতের অর্থমন্ত্রীকে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ

৫। বন্যায় ক্ষতিগ্রস্তদের ১শ' ৩৭ কোটি টাকা কৃষি পুনর্বাসন সহায়তা দেবে সরকার : কৃষিমন্ত্রী

৬। বেসরকারি মেডিকেল কলেজ আইন দ্রুত মন্ত্রিসভায় পেশ করার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

৭। পিএসসি'র মাধ্যমে ৫ হাজার চিকিৎসক নিয়োগের উদ্যোগ

৮। ত্রিপক্ষীয় উদ্যোগে রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধান সম্ভব
এটিএন বাংলা'র অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

৯। অবৈধপথে আনা মোবাইল ফোন দেশে চলবে না : টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী

১০। ছুটিকালীন প্রধান বিচারপতির দায়িত্ব পালন করবেন বিচারপতি আবদুল ওয়াহহাব মিঞা

১১। মায়ানমারের স্টেট কাউন্সিলের বিবৃতি
১৯৯২ সালের যৌথ ঘোষণাই রোহিঙ্গা প্রত্যাবাসনের ভিত্তি

১২। সীমান্ত হত্যাসহ বিভিন্ন ইস্যু নিয়ে আলোচনা : নয়াদিল্লিতে বিজিবি-বিএসএফ সম্মেলন শুরু

চলমান পাতা-২

১। **দেশে ফেরার পথে লন্ডনে পৌঁছেছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্রে ১৬ দিনের সরকারি সফর শেষে দেশে ফেরার পথে গতকাল (৩ অক্টোবর মঙ্গলবার) বাংলাদেশ সময় বিকেলে লন্ডন পৌঁছেছেন। প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী ইউনাইটেড এয়ারলাইন্সের একটি বিমান সকাল সোয়া ১০টায় (বাংলাদেশ সময় বিকেল সোয়া ৩ টায়) হিথ্রো আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্রে অবস্থানকালে গুরুত্বপূর্ণ ৬১টি ইলেক্ট্রনিক ফাইল (ই-ফাইল) ছেড়েছেন। যুক্তরাষ্ট্রে অবস্থানের শেষ দিন গত ২ অক্টোবর সোমবার ১৬টি জরুরি ই-ফাইল ছাড়েন প্রধানমন্ত্রী। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১৬,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

২। **রোহিঙ্গা ইস্যুতে কূটনৈতিক বিজয় হয়েছে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, রোহিঙ্গা সংকট নিয়ে দুনিয়াজুড়ে আলোড়ন সৃষ্টি হয়েছে। এ সংকট সমাধানে সরকারের কূটনৈতিক উদ্যোগ সফল হয়েছে। গতকাল (৩ অক্টোবর মঙ্গলবার) আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ে দলের যৌথসভাশেষে প্রেস ব্রিফিংয়ে মন্ত্রী এসব কথা বলেন। এর আগে গতকাল সকালে কক্সবাজারে সংবাদ সম্মেলনে মন্ত্রী বলেন, সরকারের সফল কূটনৈতিক তৎপরতার কারণে মায়ানমারের বিরুদ্ধে বৈশ্বিক চাপ বেড়েছে। ফলে রোহিঙ্গা ইস্যু নিয়ে বাংলাদেশের সঙ্গে আলোচনা শুরু করতে বাধ্য হয়েছে মায়ানমার। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৩। **যুক্তরাষ্ট্রের লাস ভেগাসে হতাহতের ঘটনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্রের লাস ভেগাসে গতকাল (৩ অক্টোবর মঙ্গলবার) রাতে নির্বিচারে গুলি চালিয়ে ৫৯ জনকে হত্যার মর্মান্তিক ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। কাপুরুষোচিত এ ঘটনার পরপরই যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে এক শোকবার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশটির প্রেসিডেন্ট ও জনগণ বিশেষ করে শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জনান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৭), **নিউ নেশন** (পৃ.৪,ক.১)।

৪। **বাণিজ্য ঘাটতি কমাতে পদক্ষেপ নিন : ভারতের অর্থমন্ত্রীকে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ**

ভারতের বাজারে বাংলাদেশের পণ্য রপ্তানিতে যেসব বাধা রয়েছে তা দূর করে উভয় দেশের মধ্যে বাণিজ্য ঘাটতি কমিয়ে আনতে ভারত সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, ভারতের সঙ্গে দ্বিপক্ষীয় অর্থনৈতিক সম্পর্ক শক্তিশালী হলেও দুই দেশের মধ্যে বাণিজ্য ঘাটতি অনেক বেশি। বাংলাদেশ ভারত থেকে আমদানি করে বেশি, রপ্তানি করে কম। তাই এ ব্যবধান কমিয়ে আনা প্রয়োজন বলে তিনি মনে করেন।

বাংলাদেশ-ভারতের বাণিজ্যিক ও অর্থনৈতিক সম্ভাবনা কাজে লাগাতে উভয় দেশকে একযোগে কাজ করার ওপর গুরুত্ব দিয়েছেন ঢাকা সফররত ভারতের অর্থমন্ত্রী অরুণ জেটলি। ভৌগোলিক কারণে বাংলাদেশের গুরুত্ব তুলে ধরে তিনি উভয় দেশের সম্পর্ক নতুন উচ্চতায় নেওয়ার সময় এসেছে বলে মত দেন। গতকাল (৩ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর একটি হোটেলে উভয় দেশের ব্যবসায়ীদের মধ্যকার এক উচ্চপর্যায়ের সভায় তিনি এ কথা বলেন। উক্ত সভায় বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

৫। **বন্যায় ক্ষতিগ্রস্তদের ১শ' ৩৭ কোটি টাকা কৃষি পুনর্বাসন সহায়তা দেবে সরকার : কৃষিমন্ত্রী**

বন্যায় ক্ষতিগ্রস্ত ২৪ জেলার ৭ লাখ ৭৬ হাজার ২০২ কৃষককে ১৩৭ কোটি টাকার কৃষি পুনর্বাসন সহায়তা দেবে সরকার। এর মধ্যে হাওড়ের ৬ জেলায় বোরো আবাদে এবং উত্তর-মধ্যাঞ্চলের ১৮ জেলায় গম, ভুট্টা, সরিষা, চীনাবাদাম, খেসারি ও বোরো ধান আবাদে কৃষকরা সহায়তা হিসেবে বীজ, রাসায়নিক সার (ডিএপি ও এমওপি) ও নগদ সহায়তা পাবেন। বন্যায় ক্ষতিগ্রস্ত হাওড়ের ছয় জেলা এবং দেশের উত্তর-মধ্যাঞ্চলের ১৮ জেলার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কৃষি পুনর্বাসন সহায়তা নিয়ে গতকাল (৩ অক্টোবর মঙ্গলবার) সচিবালয়ে সংবাদ সম্মেলনে কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **অবজারভার** (পৃ.১৬,ক.৬)।

**৬।	বেসরকারি মেডিকেল কলেজ আইন দ্রুত মন্ত্রিসভায় পেশ করার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর**

বেসরকারি মেডিকেল কলেজ স্থাপন ও পরিচালনা আইন দ্রুত মন্ত্রিসভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল (৩ অক্টোবর মঙ্গলবার) সচিবালয়ে অনুষ্ঠিত বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিলের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় সভাপতিত্বকালে তিনি এ নির্দেশ দেন। বিএমডিসি'র যথাযথ অনুমোদন না নিয়ে বাংলাদেশে দীর্ঘদিন অবস্থান করে বিদেশি চিকিৎসকরা চিকিৎসা পেশায় নিয়োজিত থাকেন। এ তথ্য তুলে ধরে বিদেশি চিকিৎসকদের কাজ করার অনুমতি প্রদানের নীতিমালা কঠোরভাবে অনুসরণ করার জন্য মন্ত্রী বিএমডিসিকে নির্দেশ দেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** ( শেষ পৃ.,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

**৭।	পিএসসি'র মাধ্যমে ৫ হাজার চিকিৎসক নিয়োগের উদ্যোগ**

সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রস্তাবে ৩৯তম বিসিএসের উদ্যোগ গ্রহণ করেছে সরকারি কর্মকমিশন (পিএসসি)। এই বিসিএসই হবে 'বিশেষ বিসিএস, যার মাধ্যমে তৃণমূলে দরিদ্র মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে প্রায় পাঁচ হাজার চিকিৎসক নিয়োগ দেওয়া হবে। আগামী নভেম্বর বা ডিসেম্বরে এই বিশেষ বিসিএসের বিজ্ঞপ্তি জারি এবং জানুয়ারি বা ফেব্রুয়ারিতে প্রিলিমিনারি পরীক্ষা গ্রহণের চিন্তাভাবনা করছে পিএসসি। এছাড়া চলতি মাসেই ৩৬ ও ৩৭তম বিসিএসের ফল প্রকাশের সিদ্ধান্ত নিয়েছে পিএসসি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**৮।	ত্রিপক্ষীয় উদ্যোগে রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধান সম্ভব : এটিএন বাংলা'র অনুষ্ঠানে তথ্যমন্ত্রী**

বাংলাদেশ, মায়ানমার ও জাতিসংঘের নেতৃত্বে ত্রিপক্ষীয় উদ্যোগেই রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধান সম্ভব। কফি আনান কমিশনের রিপোর্টের ভিত্তিতে এর সমাধান খুঁজতে হবে। এ লক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগ, জাতিংঘের ভূমিকা ও কূটনৈতিক প্রক্রিয়া চলছে। মায়ানমার সরকারকে প্রত্যেক রোহিঙ্গাকে ফেরত নিতে হবে। তাদের নাগরিকত্ব দিতে হবে। গতকাল (৩ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর এফডিসিতে ডিবেট ফর ডেমোক্রেসি এবং এটিএন বাংলার আয়োজনে 'রোহিঙ্গা সমস্যা সমাধানে কূটনৈতিক প্রচেষ্টা' শীর্ষক ছায়া সংসদ বিতর্ক অনুষ্ঠানে এসব কথা বলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৪), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**৯।	অবৈধপথে আনা মোবাইল ফোন দেশে চলবে না : টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী**

অবৈধপথে আসা মোবাইল ফোন বন্ধ করতে প্রক্রিয়া শুরু করা হচ্ছে বলে জানিয়েছেন টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। এ প্রক্রিয়ার বাস্তবায়ন হলে সব অবৈধ মোবাইল ফোন অকার্যকর হয়ে যাবে। গতকাল (৩ অক্টোবর মঙ্গলবার) সচিবালয়ে টেলিকম খাতের রিপোর্টারদের সংগঠন টেলিকম রিপোর্টার্স নেটওয়ার্ক বাংলাদেশের (টিআরএনবি) নতুন কমিটি ও সদস্যদের সঙ্গে মতবিনিময়ের সময় এ কথা বলেন প্রতিমন্ত্রী তারানা হালিম। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **সমকাল** (পৃ.৫,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.৭,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৭)।

**১০।	ছুটিকালীন প্রধান বিচারপতির দায়িত্ব পালন করবেন বিচারপতি আবদুল ওয়াহহাব মিঞা**

প্রধান বিচারপতির দায়িত্ব নিলেন আপিল বিভাগের সিনিয়র বিচারপতি আবদুল ওয়াহহাব মিঞা। প্রধান বিচারপতি এস কে সিনহা ছুটিতে যাওয়ায় সুপ্রিম কোর্টের অবকাশশেষে প্রথম কার্য দিবসেই বিচারপতি মো. আবদুল ওয়াহহাব মিঞার নেতৃত্বে আপিল বিভাগের কার্যক্রম শুরু হয়েছে। গতকাল (৩ অক্টোবর মঙ্গলবার) বিচারপতি আবদুল ওয়াহহাব মিঞার নেতৃত্বে পাঁচ বিচারকের আপিল বেঞ্চের বিচারিক কার্যক্রম শুরু হয়। ফুলকোর্টের সভায় বিচার বিভাগের ভাবমূর্তি অক্ষুণ্ন রাখতে বিচারকদের প্রতি আহ্বান জানিয়েছেন দায়িত্বপ্রাপ্ত প্রধান বিচারপতি আবদুল ওয়াহহাব মিঞা। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)।

**১১।	মায়ানমারের স্টেট কাউন্সিলের বিবৃতি : ১৯৯২ সালের যৌথ ঘোষণাই রোহিঙ্গা প্রত্যাবাসনের ভিত্তি**

১৯৯২ সালের যৌথ ঘোষণাকে মেনেই রোহিঙ্গা প্রত্যাবাসন করা হবে বলে বিবৃতি দিয়েছে মায়ানমারের স্টেট কাউন্সিল। এ যৌথ ঘোষণা অনুযায়ী, বাংলাদেশে নিবন্ধিত রোহিঙ্গারা মায়ানমারের বৈধ কাগজপত্রসহ ফিরতে পারবে রাখাইনে। গত ২ অক্টোবর সোমবার ঢাকায় পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী'র সঙ্গে মায়ানমারের স্টেট কাউন্সিলর অং সান সুচি'র দফতরের মন্ত্রী টিন্ট সোয়ের বৈঠকের বিষয়ে গতকাল (৩ অক্টোবর মঙ্গলবার) মায়ানমারের স্টেট কাউন্সিলের পক্ষ থেকে আনুষ্ঠানিক এ বিবৃতি দেওয়া হয়। বিবৃতিতে বলা হয়েছে,

মায়ানমারের মন্ত্রী দেশটির স্টেট কাউন্সিলর অং সান সুচি'র **১৯** সেপ্টেম্বর দেওয়া প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন। সুচি'র প্রতিশ্রুতি অনুযায়ী, মায়ানমার রোহিঙ্গাদের যাচাই ও প্রত্যাবাসনে প্রস্তুত রয়েছে। **১৯৯২** সালের ২৮ এপ্রিল বাংলাদেশ ও মায়ানমারের যৌথ ঘোষণা অনুসারে তাদের ফিরিয়ে নেওয়া হবে। সূত্র-**সংবাদ** (পৃ.**১**,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.**১**,ক.২), **অবজারভার** (পৃ.**১**৬,ক.২)।

**১২। সীমান্ত হত্যাসহ বিভিন্ন ইস্যু নিয়ে আলোচনা : নয়াদিল্লিতে বিজিবি-বিএসএফ সম্মেলন শুরু**

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এবং ভারতের বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) এর মধ্যে মহাপরিচালক পর্যায়ে সীমান্তসম্মেলন শুরু হয়েছে। গতকাল (৩ অক্টোবর মঙ্গলবার) স্থানীয় সময় সকাল ৯টায় ভারতের নয়াদিল্লিতে এ সম্মেলন শুরু হয়। এবারের আলোচনায় সীমান্ত হত্যা, বাংলাদেশ সীমান্ত থেকে নিরপরাধ ব্যক্তিদের গ্রেফতার বা আটক করা এবং সীমান্ত ব্যবহার করে অবৈধ অস্ত্র ও বিভিন্ন মাদকের চোরাচালান প্রতিরোধ নিয়ে আলোচনা শুরু হয়েছে। আগামী ৭ অক্টোবর সম্মেলনশেষে যৌথ আলোচনার দলিল (জয়েন্ট রেকর্ড অব ডিসকাশন্স-জেআরডি) স্বাক্ষরিত হবে। বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আবুল হোসেন এর নেতৃত্বে ২৪ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদল সম্মেলনে অংশগ্রহণ করেছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** গত ৪৬ বৎসরে ঢাকার মানচিত্র থেকে ৪৭টি খাল নিশ্চিহ্ন হয়েছে উল্লেখ করে দখল ও দূষণে বিপন্ন হয়ে পড়া অবশিষ্ট **১**৫টি খাল বাঁচাতে ও জলাধার সংরক্ষণে জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের আহ্বান।

খ. **সংবাদ, প্রথম আলো, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন, ভোরের কাগজ :** রোহিঙ্গা প্রত্যাবসনের কাজে বাংলাদেশ মায়ানমার জয়েন্ট ওয়ার্কিং গ্রুপে অবশ্যই আন্তর্জাতিক সম্প্রদায় বিশেষকরে জাতিসংঘকে যুক্ত করতে হবে বলে অভিমত।

গ. **জনকণ্ঠ, সংবাদ :** সম্প্রতি দেশে তুচ্ছ ঘটনায় শিশুকিশোর হত্যার ঘটনা বেড়ে যাওয়ায় উদ্যোগ প্রকাশ করে এসব হত্যাকাণ্ডের সঠিক তদন্ত ও দ্রুত বিচার সম্পন্নের সুপারিশ।

ঘ. **সমকাল :** দেশে ছয়টি সংক্রামক রোগের প্রাদুর্ভাবের ব্যাপারে জনসচেতনতা এবং তাৎক্ষণিক প্রতিকার ও প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণে বিশেষ উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট : ১** অক্টোবর থেকে **২২** অক্টোবর ইলিশ ধরার নিষিদ্ধ সময়ে ইলিশ ধরায় জড়িতদের বিরুদ্ধে ঘোষিত আইনি ব্যবস্থা নেওয়াসহ দেশের সব অব্যবহৃত জলাশয়গুলোতে পরিকল্পিতভাবে মাছ চাষের ব্যবস্থা করার সুপারিশ।

চ. **অবজারভার, নিউ নেশন :** মার্কিন যুক্তরাষ্ট্রের লাস ভেগাসে সন্ত্রাসী হামলায় নিরাপত্তা বিষেয়ে উদ্বেগ প্রকাশ করে প্রতিটি দেশের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করাসহ সতর্ক থাকার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## নিবন্ধ ও ফিচার

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'বৃদ্ধাশ্রম : শেষ বয়সের ঠিকানা নাকি অভিশপ্ত জীবন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বৃদ্ধাশ্রমে থাকা বাবা-মা কেমন আছেন সেই খবর নেওয়ার সময় যাদের নেই, তার নিজের সন্তানও হয়ত একদিন তার সঙ্গে এমনই আচরণ করবে ।

#

ফাহিমা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৬৬/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ০৩ অক্টোবর ২০১৭, ১৮ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ অনন্য দৃষ্টান্ত : ফোর্স কমান্ডারের সাক্ষাৎকালে রাষ্ট্রপতি

২। প্রমাণ করেছি আমরা পারি : পদ্মা সেতুতে প্রথম স্প্যান স্থাপনে প্রধানমন্ত্রীর উচ্ছ্বাস

৩। যুক্তরাষ্ট্রে মতবিনিময়সভায় রোহিঙ্গাদের দুর্দশা লাঘবে গৃহীত পদক্ষেপ তুলে ধরেন প্রধানমন্ত্রী

৪। বাংলাদেশ-মায়ানমার মন্ত্রী পর্যায়ে বৈঠক : রোহিঙ্গা সংকট নিরসনে জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ গঠনে সম্মত

৫। রোহিঙ্গা শিবিরে সৌরবিদ্যুৎ দেওয়া হচ্ছে : ওবায়দুল কাদের

৬। ঝুঁকি বুঝে শেয়ারবাজারে বিনিয়োগ করুন : অর্থমন্ত্রী

৭। রপ্তানি লক্ষ্যমাত্রা অর্জনে উৎপাদনশীলতা ২০ ভাগ বাড়াতে হবে : বাণিজ্যমন্ত্রী

৮। চাল ব্যবসীদের ৩০ অক্টোবরের মধ্যে লাইসেন্স নিতে হবে : খাদ্যমন্ত্রী

৯। মসজিদ-মন্দির যারা ভাঙে তারা মানবতার শত্রু : মানিকগঞ্জে তথ্যমন্ত্রী

১০। জনস্বাস্থ্য রক্ষায় এশিয়ার শ্রেষ্ঠ দেশের পুরস্কার পেল বাংলাদেশ

চলমান পাতা-২

**১। শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ অনন্য দৃষ্টান্ত : ফোর্স কমান্ডারের সাক্ষাৎকালে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, জাতিসংঘের তত্ত্বাবধানে বাংলাদেশের শান্তিরক্ষীরা বিশ্বের বিভিন্ন সংঘাতময় অঞ্চলে শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠায় দৃষ্টান্ত স্থাপন করেছে। ইউনাইটেড নেশন্স মাল্টি ডাইমেনশনাল ইন্টিগ্রেটেড স্ট্যাবিলাইজেশন মিশন ইন মালির (এমআইএনইউএসএমএ) ফোর্স কমান্ডার মেজর জেনারেল জেন পল ডিকোনিনক গতকাল (২ অক্টোবর সোমবার) বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে গেলে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, বাংলাদেশের শান্তিরক্ষীরা বিভিন্ন সংঘাতকবলিত অঞ্চলে বিশ্বশান্তি ও স্থিতিশীলতা পুনঃ প্রতিষ্ঠাতায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি বলেন এ ধারা অব্যাহত থাকবে। মেজর জেনারেল ডিকোনিনক জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে অন্তর্ভুক্তির পর থেকে বাংলাদেশি শান্তিরক্ষীদের উচ্চমানের পেশাদারিত্ব নিষ্ঠা ও সাহসিকতার প্রশংসা করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬)।

**২। প্রমাণ করেছি আমরা পারি : পদ্মা সেতুতে প্রথম স্প্যান স্থাপনে প্রধানমন্ত্রীর উচ্ছ্বাস**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদ্মা সেতুর ওপর প্রথম স্প্যান বসানোর খবরে উচ্ছ্বাস প্রকাশ করে বলেছেন, আমরা প্রমাণ করেছি আমরা পারি। গত ২ অক্টোবর রোববার সন্ধ্যায় যুক্তরাষ্ট্রের রিটজ কার্লটন হোটেলে যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেট থেকে আসা আওয়ামী লীগের নেতা-কর্মীদের সঙ্গে মতবিনিময়কালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আমরা বাঙালি জাতি যুদ্ধ করে দেশ স্বাধীন করেছি। আমরা যা চাই, তাই করতে পারি, যদি আমরা সৎ ও সংকল্পবদ্ধ থাকি। পরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর অবস্থানস্থল থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের একটি আবক্ষ প্রতিকৃতি উন্মোচন করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৩। যুক্তরাষ্ট্রে মতবিনিময়সভায় রোহিঙ্গাদের দুর্দশা লাঘবে গৃহীত পদক্ষেপ তুলে ধরেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুর্দশাগ্রস্ত মায়ানমারবাসী রোহিঙ্গাদের জন্য তাঁর সরকারের বাসস্থান, খাদ্য ও স্বাস্থ্য সুবিধাসহ বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরে বলেছেন, দেশের মানুষ যদি প্রয়োজন হয় দিনে এক বেলা খেয়ে আরেক বেলার খাবার রোহিঙ্গাদের সঙ্গে ভাগাভাগি করবে। গত ২ অক্টোবর রোববার সন্ধ্যায় রিটজ কার্লটন হোটেলে যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেট থেকে আসা আওয়ামী লীগের নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বদেশের পথে বাংলাদেশ সময় আজ (২ অক্টোবর মঙ্গলবার) সকালে লন্ডনের উদ্দেশে ওয়াশিংটন ত্যাগ করবেন। যুক্তরাষ্ট্রে তাঁর ১৪ দিনের সরকারি সফরশেষে ওয়াশিংটন সময় সোমবার রাত ১০ টায় তিনি যাত্রা শুরু করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**৪। বাংলাদেশ-মায়ানমার মন্ত্রী পর্যায়ে বৈঠক : রোহিঙ্গা সংকট নিরসনে জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ গঠনে সম্মত**

বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার আশ্বাস দিয়েছেন দেশটির স্টেট কাউন্সিলর দফতরের মন্ত্রী টিন্ট সোয়ে। এ লক্ষ্যে একটি জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ গঠনে সম্মত হয়েছে বাংলাদেশ ও মায়ানমার সরকার। রোহিঙ্গা সংকট সমাধানে এই জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ কাজ করবে বলে দুই দেশ সিদ্ধান্ত নিয়েছে। গতকাল (২ অক্টোবর সোমবার) রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় রোহিঙ্গা সংকট নিয়ে বাংলাদেশ ও মায়ানমারের মন্ত্রী পর্যায় বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। রোহিঙ্গা সংকট নিয়ে আন্তর্জাতিক চাপের মধ্যে গত ৩০ সেপ্টেম্বর শনিবার মধ্যরাতে ঢাকায় আসেন মায়ানমারের স্টেট কাউন্সিলর কিউ টিন্ট সোয়ে। গতকাল সোমবার ২ অক্টোবর সকালে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী এবং মায়ানমারের স্টেট কাউন্সিলর দফতরের মন্ত্রী কিউ টিন্ট সোয়ের মধ্যে আনুষ্ঠানিক দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে রোহিঙ্গা সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা হয় বলে বৈঠকের পর সাংবাদিকদের জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। সূত্র-**সংবাদ, ইত্তেফাক, যুগান্তর, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, ডেইলি স্টারসহ** অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৫। রোহিঙ্গা শিবিরে সৌরবিদ্যুৎ দেওয়া হচ্ছে : ওবায়দুল কাদের**

প্রধানমন্ত্রীর নির্দেশে কক্সবাজার ও বান্দরবানে রোহিঙ্গা ক্যাম্পগুলোতে সৌরবিদ্যুতের মাধ্যমে ৫০০ সড়কবাতি ও ২ হাজার হোম সিস্টেম প্যানেল চালুর সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রণালয় দ্রুত সময়ের মধ্যে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের ১২টি ক্যাম্পে সৌরবিদ্যুৎ সরবরাহ করবে বলে জানান তিনি। গত রোববার ২ অক্টোবর কক্সবাজারে একটি হোটেলে রোহিঙ্গাদের জন্য বিভিন্ন সংগঠন ও ব্যক্তির পক্ষ থেকে জেলা প্রশাসনের ত্রাণ তহবিলে হস্তান্তরের জন্য ত্রাণসামগ্রী গ্রহণকালে তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

**৬। ঝুঁকি বুঝে শেয়ারবাজারে বিনিয়োগ করুন : অর্থমন্ত্রী**

পুঁজিবাজারে ঝুঁকি ও সম্ভাবনা বিবেচনা করে বিনিয়োগ করার পরামর্শ দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল (২ অক্টোবর সোমবার) রাজধানীর শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালায় বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড একচেঞ্জ কমিশন (বিএসইসি) আয়োজিত বিনিয়োগকারী সপ্তাহের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, বিনিয়োগের জন্য যে ধরনের কাঠামো দরকার তা এখন হয়েছে। তবে বিনিয়োগের ক্ষেত্রে জেনে, বুঝে ও পড়াশোনা করে সিদ্ধান্ত নিতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮ক.৬), **প্রথম আলো** (পৃ.১৩,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৯,ক.১), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৭। রপ্তানি লক্ষ্যমাত্রা অর্জনে উৎপাদনশীলতা ২০ ভাগ বাড়াতে হবে : বাণিজ্যমন্ত্রী**

রপ্তানি লক্ষ্যমাত্রা অর্জনে উৎপাদনশীলতা আরো বাড়াতে হবে জানিয়ে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বর্তমানে প্রোডাকটিভিটিতে বাংলাদেশের সক্ষমতা ৭০ ভাগ, এটা ৯০ ভাগ হওয়া প্রয়োজন। গতকাল (২ অক্টোবর সোমবার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'টেকসই উন্নয়ন ও প্রবৃদ্ধির জন্য উৎপাদনশীলতা' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উপলক্ষে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন(এনপিও) এ সেমিনারের আয়োজন করে। বাংলাদেশের তৈরিপোশাক কারখানাগুলো কমপ্লায়েন্স ফ্যাক্টরিতে পরিণত হয়েছে উল্লেখ করে বাণিজ্যমন্ত্রী বলেন এবার ইউএস গ্রীন বিল্ডিং কাউন্সিল যে ১০টি তৈরিপোশাক ফ্যাক্টরিকে এলইইডি সাটিফিকেট দিয়েছে তার মধ্যে রয়েছে বাংলাদেশের ৭টি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮ক.৬), **ইনকিলাব** (শেষ পৃ. ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**৮। চাল ব্যবসায়ীদের ৩০ অক্টোবরের মধ্যে লাইসেন্স নিতে হবে : খাদ্যমন্ত্রী**

চাল ও গমের আমদানিকারক, মিলার, খুচরা ও পাইকারি ব্যবসায়ী, আড়তদারদের আগামী ৩০ অক্টোবরের মধ্যে খাদ্য অধিদফতর থেকে লাইসেন্স নিতে হবে বলে জানিয়েছেন খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম। তিনি বলেন, এ সময়ের মধ্যে কেউ লাইসেন্স না নিলে ১৯৫৬ সালের কন্ট্রোল অব অ্যাসেনশিয়াল কমোডিটি অ্যাক্ট-এর শাস্তির বিধানাবলী ৩ (৬) অনুযায়ী ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (২ অক্টোবর সোমবার) সচিবালয়ে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (আরসি ফুড) ও জেলা খাদ্য নিয়ন্ত্রকদের (ডিসি ফুড) সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** ( পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

**৯। মসজিদ-মন্দির যারা ভাঙে তারা মানবতার শত্রু : মানিকগঞ্জে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, যারা মসজিদ-মন্দির ভাঙে তারা ইসলামের শত্রু, মানবতার শত্রু। ন্যায়নীতি প্রতিষ্ঠা করতে চাইলে তাদের ধ্বংস করতে হবে। গত ১ অক্টোবর রোববার মানিকগঞ্জের গড়পাড়া ইমামবাড়িতে আশুরা উপলক্ষে আয়োজিত শোকসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫)।

**১০। জনস্বাস্থ্য রক্ষায় এশিয়ার শ্রেষ্ঠ দেশের পুরস্কার পেল বাংলাদেশ**

স্বচ্ছতা ও জনস্বাস্থ্য রক্ষায় বাংলাদেশ এশিয়ার শ্রেষ্ঠ দেশের পুরস্কার পেল। গতকাল (২ অক্টোবর সোমবার) ভারতে এক অনুষ্ঠানের মাধ্যমে বাংলাদেশের হাইকমিশনার সৈয়দ মোয়াজ্জেম আলীর হাতে এ

পুরস্কার তুলে দেন ভারতের উপ-রাষ্ট্রপতি ভেঙ্কাইয়া নাইডু। এ পুরস্কারের মাধ্যমে গণশৌচালয় নির্মাণ, স্বচ্ছতা, নিরাপদ পানীয় জল সরবরাহ করার জন্য বাংলাদেশ সরকারের উদ্যোগকে স্বীকৃতি দেওয়া হয়। সূত্র- **সমকাল** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৩) , **প্রথম আলো** (পৃ.২,ক.৮)।

## সম্পাদকীয়

**ক.** **ভোরের কাগজ, যায়যায়দিন, ডেইলি সান :** কাজ শুরুর মাত্র দুই বছরের মধ্যেই প্রথম স্প্যান বসানোর মধ্য দিয়ে প্রথম অবয়ব পেয়ে দৃশ্যমান হলো বহুল কাঙ্ক্ষিত পদ্মা সেতু উল্লেখ করে যথাসময়ে প্রকল্পের কাজ শেষ করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**খ.** **যুগান্তর :** বিশ্ব স্বাস্থ্য সংস্থার এক প্রতিবেদনে, ই-কোলাই ও ব্যাকটেরিয়া জাতীয় জীবাণু ক্রমেই অ্যান্টিবায়োটিক প্রতিরোধী হয়ে উঠেছে এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে অ্যান্টিবায়োটিকের অপব্যবহার ও বিক্রি নিয়ন্ত্রণে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**গ.** **ইনকিলাব :** পাট থেকে উদ্ভাবিত পলিথিন ব্যাগ ব্যবহারে ও বাজারজাতকরণে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **সমকাল :** বাংলাদেশে মাদকাসক্তদের সংখ্যা ৭০ থেকে ৮০ লাখ এ খবরে উদ্বেগ প্রকাশ করে মাদক ব্যাবসা বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**ঙ.** **সংবাদ :** ঢাকার কেরানীগঞ্জ ও কামরাঙ্গীরচরসহ রাজধানীর বিভিন্ন স্থানে অবৈধভাবে দস্তা, সিসা ও অ্যালুমিনিয়াম গলানো অসংখ্য কারখানা গড়ে ওঠায় মারাত্মকভাবে পরিবেশ দূষণ হচ্ছে উল্লেখ করে এসব কারখানার ধোঁয়া পরিশোধনের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

**চ.** **ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট:** প্রবীণদের যথাযথ শ্রদ্ধা প্রদর্শনে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

**ছ.** **ইন্ডিপেনডেন্ট, ইত্তেফাক :** বগুড়ায় কাহালু উপজেলায় অমানবিকভাবে একটি শিশুকে হত্যায় নিন্দা জানিয়ে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে অপরাধীদের কঠোর শাস্তির দাবি করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রোহিঙ্গা সংকটের স্থায়ী সমাধানের লক্ষ্যে আমাদের কূটনৈতিক সক্ষমতা বাড়াতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'কোচিং বাণিজ্য, প্রাইভেট টিউশন, গাইড বই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে শিক্ষার্থীদের মাঝে আত্মবিশ্বাস ও আস্থা ফিরিয়ে এনে শ্রেণিকক্ষে সুষ্ঠু পাঠদান নিশ্চিত করতে পারলে কোচিং বাণিজ্য বন্ধ হবে, উন্নত হবে শিক্ষার মান।

#

মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**

ঢাকা

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৬৫/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ০১ অক্টোবর ২০১৭, ১৬ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ধর্মীয় উগ্রবাদ প্রতিরোধে এগিয়ে আসুন

দুর্গাপূজা উপলক্ষে বঙ্গভবনে আয়োজিত সংবর্ধনায় রাষ্ট্রপতি

২। পদ্মায় দৃশ্যমান স্বপ্নের সেতু : প্রথম স্প্যান স্থাপন

৩। রোহিঙ্গাদের ফেরাতেই জোর দেবে বাংলাদেশ : মায়ানমারের মন্ত্রী আসছেন আজ

৪। শেখ হাসিনা প্রাচ্যের নতুন তারকা : খালিজ টাইমস

সুচি নন, সত্যিকার নেত্রী শেখ হাসিনা : নিউজউইকে নিবন্ধ

৫। জাতিসংঘে প্রধানমন্ত্রীর প্রস্তাবই রোহিঙ্গা সমস্যার একমাত্র সমাধান : কৃষিমন্ত্রী

৬। পাঁচ লাখ রোহিঙ্গাকে খাদ্য সহায়তা দেবে ডব্লিউএফপি

৭। ৪৪ হাজার ৬৬১ শেডে ২ লাখ ৭০ হাজার রোহিঙ্গার আশ্রয়

প্রধানমন্ত্রীর কার্যালয়ে সমন্বয়সভা

৮। যুক্তরাষ্ট্র সফররত প্রধানমন্ত্রী ৭ অক্টোবর দেশে ফিরছেন : ওবায়দুল কাদের

৯। তৈরিপোশাকের দাম বাড়াতে হবে : ক্রেতাদের উদ্দেশে বাণিজ্যমন্ত্রী

১০। আজ পবিত্র আশুরা

১১। বিশ্ব প্রবীণ দিবস আজ

চলমান পাতা-২

**১। ধর্মীয় উগ্রবাদ প্রতিরোধে এগিয়ে আসুন : দুর্গাপূজা উপলক্ষে বঙ্গভবনে আয়োজিত সংবর্ধনায় রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ধর্মীয় উগ্রবাদ প্রতিরোধ এবং দুস্থ ও অসহায় মানুষের পাশে এগিয়ে আসতে সবার প্রতি আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি বলেন, বর্তমানে ধর্মীয় উগ্রবাদ বিশ্বশান্তির জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছে। তিনি বলেন, মানবতাই ধর্মের শাশ্বত বাণী। কোনো ধর্মই সন্ত্রাস, জঙ্গিবাদ, উগ্রবাদ সমর্থন করে না। উগ্রবাদ অসহিষ্ণুতার জন্ম দেয়, সামাজিক শৃঙ্খলার বিঘ্ন ঘটায়। হিন্দু সম্প্রদায়ের বৃহৎ ধর্মীয় উৎসব দুর্গাপূজা উপলক্ষে গতকাল (৩০ সেপ্টেম্বর শনিবার) বঙ্গভবনে আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে শুভেচ্ছা বিনিময়কালে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৮)।

**২। পদ্মায় দৃশ্যমান স্বপ্নের সেতু : প্রথম স্প্যান স্থাপন**

প্রথম স্প্যান বসানোর মধ্য দিয়ে বহুল প্রত্যাশিত পদ্মা সেতু এখন ক্রমদৃশ্যমান। গতকাল (৩০ সেপ্টেম্বর শনিবার) সকালে সেতুর জাজিরা প্রান্তে ৩৭ ও ৩৮ নম্বর খুঁটির ওপর ১৫০ মিটার দৈর্ঘ্যের প্রথম স্প্যানটি সফলভাবে বসানো হয়েছে। পর্যায়ক্রমে মোট ৪১টি স্প্যান বসানো হবে। সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের উপস্থিত থেকে স্প্যান বসানোর কাজ তদারক করেন। সেতু ঘিরে মুন্সীগঞ্জের মাওয়া, মাদারীপুরের শিবচর ও শরীয়তপুরের জাজিরায়ও চলছে বিশাল কর্মযজ্ঞ। এ কাজ দেখার জন্য গতকাল মন্ত্রী ওবায়দুল কাদের ছাড়াও সেতু বিভাগের সিনিয়র সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম, প্রধান তথ্য অফিসার কামরুন নাহার ছাড়াও সেতু বিভাগ ও প্রকল্প সংশ্লিষ্ট সামরিক-বেসামরিক কর্মকর্তা এবং ঠিকাদারি প্রতিষ্ঠানের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র-**ইত্তেফাক, সংবাদ, প্রথম আলো, জনকণ্ঠ, ডেইলি সান, অবজারভার**সহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩। রোহিঙ্গাদের ফেরাতেই জোর দেবে বাংলাদেশ : মায়ানমারের মন্ত্রী আসছেন আজ**

মায়ানমার থেকে পালিয়ে আসা প্রায় ১০ লাখ রোহিঙ্গা মুসলিমকে ফিরিয়ে নেওয়া তথা এ ইস্যুতে আলোচনার জন্য মায়ানমারের স্টেট কাউন্সিলর অং সান সুচি'র দপ্তরের মন্ত্রী কিয়াও তিন্ত সুই দুই দিনের সফরে আজ (১ অক্টোবর রোববার) ঢাকায় আসছেন। আগামীকাল (২ অক্টোবর সোমবার) তিনি পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলীর সঙ্গে আনুষ্ঠানিক আলোচনা করবেন। মায়ানমারের মন্ত্রীর সঙ্গে আলোচনায় রাখাইন রাজ্যে দেশটির সেনাবাহিনীর জাতিগত নিধন অভিযানের মুখে পালিয়ে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের ফিরে যেতে নিরাপদ ও উপযোগী পরিবেশ সৃষ্টি করা, সেখানে স্থিতিশীলতা ও শান্তি নিশ্চিত করা এবং সর্বোপরি রোহিঙ্গাদের প্রত্যাবাসন প্রক্রিয়ার ওপর জোর দেবে বাংলাদেশ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৪। শেখ হাসিনা প্রাচ্যের নতুন তারকা : খালিজ টাইমস**
**সুচি নন, সত্যিকার নেত্রী শেখ হাসিনা : নিউজউইকে নিবন্ধ**

সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) বহুল প্রচারিত দৈনিক খালিজ টাইমস্ রোহিঙ্গা সঙ্কটের প্রতি মানবিক আবেদনের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার উচ্ছ্বসিত প্রশংসা করে তাঁকে প্রাচ্যের নতুন তারকা হিসেবে অভিহিত করেছে। আমিরাতে ইংরেজি ভাষায় প্রকাশিত সর্বাধিক জনপ্রিয় পত্রিকা খালিজ টাইমসে প্রকাশিত কলামিস্ট অ্যালন জ্যাকবের লেখা এক নিবন্ধে রোহিঙ্গা ইস্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রাচ্যের নতুন তারকা হিসেব উল্লেখ করে বলা হয়, প্রতিবেশী দেশ মায়ানমার থেকে পালিয়ে আসা লাখ লাখ রোহিঙ্গার জীবন রক্ষায় সীমান্ত খুলে দিয়ে শেখ হাসিনা তাঁর যে সহমর্মিতা ও সমানুভূতি দেখিয়েছেন, সেজন্য এ সপ্তাহে তাঁর চেয়ে বড় কোনো হিরো দেখছি না।

অং সান সুচি নন, রোহিঙ্গা সংকটে 'সত্যিকারের নেত্রী' হিসেবে আবির্ভূত হয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অনেক ধনী দেশে নেতাদের পেছনে ফেলেছেন তিনি। গতকাল (৩০ সেপ্টেম্বর শনিবার) নিউজউইক সাময়িকীতে প্রকাশিত এক নিবন্ধে এ কথা বলা হয়েছে। 'ফরগেট অং সান সুচি, দিস ইজ দ্য রিয়েল হিরোইন অব দ্য রোহিঙ্গা ক্রাইসিস' শিরোনামে প্রকাশিত ওই নিবন্ধটি লিখেছেন গবেষণাসংস্থা আমেরিকান এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের ফেলো সদানন্দ দুমে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল**

(পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৭)।

**৫। জাতিসংঘে প্রধানমন্ত্রীর প্রস্তাবই রোহিঙ্গা সমস্যার একমাত্র সমাধান : কৃষিমন্ত্রী**

জাতিসংঘের সাধারণ অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া পাঁচ প্রস্তাব রোহিঙ্গাদের নিজ দেশে পাঠাতে পারে বলে মনে করেন কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী। তিনি বলেছেন, এসব প্রস্তাবই রোহিঙ্গা সমস্যার একমাত্র সমাধান। প্রধানমন্ত্রীর দেওয়া প্রস্তাবে সম্মতি জানাতে তিনি সব দেশের নেতাদের প্রতি আহ্বান জানান। গতকাল (৩০ সেপ্টেম্বর শনিবার) কক্সবাজারের উখিয়ায় কুতুপালং রোহিঙ্গাশিবির পরিদর্শনশেষে তিনি এ আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**৬। পাঁচ লাখ রোহিঙ্গাকে খাদ্য সহায়তা দেবে ডব্লিউএফপি**

বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) মায়ানমার থেকে বাংলাদেশে পালিয়ে আসা পাঁচ লাখ রোহিঙ্গা নাগরিককে খাদ্য সহায়তা দেবে। গতকাল (৩০ সেপ্টেম্বর শনিবার) রাজধানীর একটি হোটেলে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়ার সঙ্গে সাক্ষাৎকালে ডব্লিউএফপি'র নির্বাহী পরিচালক ডেভিড বিসলে এ কথা জানান। ডব্লিউএফপি শিশু ও গর্ভবতী মায়েদের আলাদা করে বিশেষ ধরনের পুষ্টিকর খাবার সরবরাহ করবে বলে তিনি অবহিত করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৫)।

**৭। ৪৪ হাজার ৬৬১ শেডে ২ লাখ ৭০ হাজার রোহিঙ্গার আশ্রয় : প্রধানমন্ত্রীর কার্যালয়ে সমন্বয়সভা**

নির্যাতনের হাত থেকে রক্ষা ও প্রাণ বাঁচাতে মায়ানমার থেকে বাংলাদেশে আসা রোহিঙ্গাদের জন্য এ পর্যন্ত প্রায় ৪৪ হাজার ৬৬১টি অস্থায়ী শেড নির্মাণ করা হয়েছে। এসব শেডে এখন পর্যন্ত প্রায় ২ লাখ ৭০ হাজার রোহিঙ্গাকে আশ্রয় দেওয়া হয়েছে। গত ২৯ সেপ্টেম্বর শুক্রবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে এক সমন্বয়সভায় এ তথ্য জানানো হয়। সভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী। মায়ানমার থেকে আসা রোহিঙ্গাদের মানবিক সহায়তা প্রদান সংক্রান্ত এ সমন্বয়সভায় আরো জানানো হয়, ইউএনএইচসিআর ও আইওএম আরো ৪০ হাজার অস্থায়ী শেড নির্মাণ করে দেওয়ার আগ্রহ প্রকাশ করেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

**৮। যুক্তরাষ্ট্র সফররত প্রধানমন্ত্রী ৭ অক্টোবর দেশে ফিরছেন : ওবায়দুল কাদের**

যুক্তরাষ্ট্র সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৭ অক্টোবর দেশে ফিরছেন বলে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের জানিয়েছেন। তিনি গতকাল (৩০ সেপ্টেম্বর শনিবার) সাংবাদিকদের এ কথা জানান। পিত্তথলীতে অস্ত্রোপচারের পর প্রধানমন্ত্রী এখন যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়ায় ছেলে সজীব ওয়াজেদ জয়ের বাসায় রয়েছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান**, **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**৯। তৈরিপোশাকের দাম বাড়াতে হবে : ক্রেতাদের উদ্দেশে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বিপুল অর্থ বিনিয়োগ করে তৈরিপোশাক কারখানাগুলো নিরাপদ ও কর্মবান্ধব করা হয়েছে। শ্রমিকদের নিরাপত্তা, সুযোগ-সুবিধা ও উপযুক্ত বেতন নিশ্চিত করা হয়েছে। দেশে একের পর এক গ্রিন ফ্যাক্টরি হচ্ছে। কিন্তু ক্রেতারা পণ্যের মূল্য বাড়াচ্ছেন না। তৈরিপোশাকের মূল্য বাড়াতে ক্রেতাদের যথাযথ উদ্যোগ গ্রহণ করা উচিত। বাণিজ্যমন্ত্রী গতকাল (৩০ সেপ্টেম্বর শনিবার) ঢাকার হোটেল রেডিসনে ইন্টারন্যাশনাল ফাইন্যান্স করপোরেশন (আইএফসি) আয়োজিত টুওয়ার্ডস সাসটেইনেবল টেক্সটাইল শীর্ষক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৪)।

১০। **আজ পবিত্র আশুরা**

আজ ১০ মহররম, পবিত্র আশুরা। মুসলিম উম্মাহর কাছে এ দিনটি একইসঙ্গে ধর্মীয়ভাবে তাৎপর্যময় ও বেদনাদায়ক। সত্য ও ন্যায় প্রতিষ্ঠার যুদ্ধে ৬১ হিজরি সনের এ দিনে মহানবী হজরত মুহাম্মদ (সা.)-এর প্রিয় দৌহিত্র হজরত ইমাম হুসাইন (রা.) ফোরাত নদীতীরের কারবালা প্রান্তরে পরিবারের সদস্য ও সঙ্গীসহ শাহাদত বরণ করেন। আশুরা উপলক্ষে রাষ্টপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। রাষ্ট্রপতি বাণীতে বলেন, কারবালার শোকাবহ ঘটনার স্মৃতিতে ভাস্বর পবিত্র আশুরার শাশ্বত বাণী আমাদের অন্যায় ও অত্যাচারের বিরুদ্ধে সোচ্চার হতে উদ্বুদ্ধ করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর বাণীতে সব অন্যায় ও অবিচারের বিরুদ্ধে রুখে দাঁড়ানো এবং সত্য ও ন্যায় প্রতিষ্ঠায় আশুরার মহান শিক্ষার প্রতিফলন ঘটাতে সবার প্রতি আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি সান, ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

১১। **বিশ্ব প্রবীণ দিবস আজ**

আজ পহেলা অক্টোবর, বিশ্ব প্রবীণ দিবস। দিবসটির এবারের পতিপাদ্য 'ভবিষ্যৎ অগ্রসরে : সমাজে প্রবীণদের দক্ষতা, অবদান এবং অংশগ্রহণ নিশ্চিত করুন'। দিবসটি উপলক্ষে সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতর বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে। এ উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৬,ক.২)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, প্রথম আলো :** বৈশ্বিক ব্যবসা প্রতিযোগিতা সক্ষমতা সূচকে বাংলাদেশের ৭ ধাপ অগ্রগতির বিষয় তুলে ধরে এক্ষেত্রে ব্যবসায়ীরা যেসব বিষয়ে নেতিবাচক মতামত ব্যক্ত করছেন তা গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ।

খ. **সমকাল :** প্রথম স্প্যান স্থাপনের মধ্য দিয়ে পদ্মা সেতু প্রকল্প দৃশ্যমান হওয়ায় এ পদ্মা সেতু যোগাযোগ, অর্থনীতি ও উন্নয়নের পথে মাইলফলক হয়ে থাকার পাশাপাশি আমাদের সামর্থ্যের উচ্চ মাপকাঠি হিসেবেও মাথা উঁচু করে থাকবে বলে প্রত্যাশা।

গ. **সংবাদ :** ইউনিসেফ ও বিবিএসের জরিপের ফলাফলে ১ থেকে ১৪ বছর বয়সী ৮২ শতাংশ শিশু শারীরিক বা মানসিক নির্যাতনের শিকার হওয়ার পরিপ্রেক্ষিতে শিশু নির্যাতন বন্ধে আইনের যথাযথ প্রয়োগ জরুরি বলে অভিমত।

ঘ. **ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, ডেইলি সান :** রোহিঙ্গা ইস্যুতে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের মিটিংয়ে সংকট সমাধানে সুনির্দিষ্ট কোনো নির্দেশনা স্থির না হওয়ায় বাংলাদেশকেই এ ব্যাপারে আন্তর্জাতিক সংস্থাগুলোর সমর্থন নিয়ে মায়ানমারকে অব্যাহতভাবে চাপে রাখার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

#

ফাহিমা/মরজিনা/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৬৪/২০১৭-১৮**

**ঢাকা, শনিবার ৩০ সেপ্টেম্বর ২০১৭, ১৫ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ধর্মের অপব্যাখ্যা সম্পর্কে সবাইকে সজাগ থাকতে হবে : পূজামণ্ডপ পরিদর্শনকালে রাষ্ট্রপতি

২। প্রধানমন্ত্রী এখন ভাল আছেন, সাতটি জরুরি ফাইল ছেড়েছেন

৩। স্বপ্নের পদ্মা সেতু দৃশ্যমান হবে আজ

৪। রোহিঙ্গাদের মায়ানমারে ফেরা নিশ্চিত করুন : নিরাপত্তা পরিষদকে বাংলাদেশ

৫। রোহিঙ্গা সংকট নিয়ে স্থায়ী সমাধানের বিষয়ে ঐক্যমত হয়েছে নিরাপত্তা পরিষদ

৬। প্রধানমন্ত্রীর পদক্ষেপে নিরাপত্তা পরিষদের প্রশংসা অর্জন করেছে বাংলাদেশ : স্বাস্থ্যমন্ত্রী

৭। কূটনৈতিক তৎপরতায়ই রোহিঙ্গা সমস্যার সমাধান হবে : পররাষ্ট্রমন্ত্রী

৮। সংস্কৃতি নিজের শেকড় চিনতে শেখায় : তথ্যমন্ত্রী

৯। হিন্দু ধর্মাবলম্বীদের দুর্গাপূজার আজ বিজয়া দশমী, প্রতিমা বিসর্জন

১০। আগামীকাল থেকে ইলিশ ধরা নিষেধ : ৭ হাজার কিলোমিটার নদীপথে নজরদারি

১১। আগামীকাল সাইবার নিরাপত্তা সচেতনতা মাস শুরু

১২। বিদেশে কর্মসংস্থানে চার বছরে ২ লাখ ৩২ হাজার নারীকে প্রশিক্ষণ দিয়েছে সরকার

১। **ধর্মের অপব্যাখ্যা সম্পর্কে সবাইকে সজাগ থাকতে হবে : পূজামণ্ডপ পরিদর্শনকালে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, বিশ্বকে অবশ্যই ধর্মভিত্তিক রাষ্ট্র গঠনের ধারণা থেকে বেরিয়ে আসতে হবে এবং ধর্মের অপব্যাখ্যা সম্পর্কে সবাইকে সজাগ থাকতে হবে। তিনি বলেন, অশুভ শক্তি এখনও ধর্মভিত্তিক জাতি অথবা রাষ্ট্র গঠনের চেষ্টায় লিপ্ত। গতকাল (২৯ সেপ্টেম্বর শুক্রবার) রাজধানীর বনানী পূজামণ্ডপে আয়োজিত এক অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। রাষ্ট্রপতি বলেন, কোনো ধর্ম নয়, ধর্মনিরপেক্ষতা হবে একটি জাতি ও দেশ গঠনের ভিত্তি। তিনি আরও বলেন, কোনো একক ধর্ম নয়, সব ধর্মের অনুসারীদের নিয়ে গড়ে তুলতে হবে মানবিক মূল্যবোধসম্পন্ন সৌহার্দ্যময় সমাজ ও রাষ্ট্র। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৫) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৩), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬)।

২। **প্রধানমন্ত্রী এখন ভাল আছেন, সাতটি জরুরি ফাইল ছেড়েছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এখন ভাল আছেন। গত ২৫ সেপ্টেম্বর সোমবার যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটনে তাঁর গলব্লাডারে সফল অস্ত্রোপচার করা হয়। ডিজিটাল মাধ্যমে গত ২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার তিনি সাতটি জরুরি ফাইল ছেড়ে দিয়েছেন। গতকাল (২৯ সেপ্টেম্বর শুক্রবার) সকালে ওয়াশিংটন থেকে প্রধানমন্ত্রীর প্রেসসচিব ইহসানুল করিম বলেন, 'প্রধানমন্ত্রী সুস্থ আছেন। তিনি সার্বক্ষণিক ঢাকায় তাঁর অফিসের সঙ্গে যোগাযোগ রাখছেন এবং গত বৃহস্পতিবার গুরুত্বপূর্ণ সাতটি ইলেকট্রনিক ফাইল ছেড়েছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

৩। **স্বপ্নের পদ্মা সেতু দৃশ্যমান হবে আজ**

দৃশ্যমান হতে যাচ্ছে স্বপ্নের পদ্মা সেতু। আজ (৩০ সেপ্টেম্বর শনিবার) সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের উপস্থিতিতে পদ্মানদীর জাজিরা প্রান্তে সেতুর ৩৭ ও ৩৮ নং পিলারে বসানো হবে স্প্যান গার্ডার (স্টিলের কাঠমো)। এই স্প্যান বসানোর মাধ্যমে পদ্মা নদীতে পদ্মা বহুমুখী সেতুর কাজ অনেকটা দৃশ্যমান হবে বলে জানায় সংশ্লিষ্টরা। এমন আরও ৪১টি স্প্যান বসানো হলে শেষ হবে পুরো সেতুর কাজ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮)।

৪। **রোহিঙ্গাদের মায়ানমারে ফেরা নিশ্চিত করুন : নিরাপত্তা পরিষদকে বাংলাদেশ**

নির্যাতনের শিকার হয়ে পালিয়ে আসা সব রোহিঙ্গার নিরাপদে মায়ানমারে ফেরা নিশ্চিত করতে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের প্রতি আহ্বান জানিয়েছে বাংলাদেশ। একইসঙ্গে রোহিঙ্গা সংকটের যৌক্তিক সমাধান না হওয়া পর্যন্ত বিষয়টি থেকে দৃষ্টি না সরাতে আহ্বান জানানো হয়েছে। জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন গত ২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার নিরাপত্তা পরিষদের বৈঠকে বলেন, বাংলাদেশে আশ্রয় নেওয়া সব রোহিঙ্গাকে তাদের মাতৃভূমি মায়ানমারে ফেরা নিশ্চিত করতে হবে। বিগত বছরগুলোতে এবং সম্প্রতি মায়ানমার থেকে বাস্তুচ্যুত হয়ে পালিয়ে আসা সবার নিরাপদ, স্বেচ্ছা ও স্থায়ী প্রত্যাবর্তন চায় বাংলাদেশ। চলমান মানবিক সংকট সরজমিনে দেখতে ১৫ সদস্যের নিরাপত্তা পরিষদকে বাংলাদেশ ও মায়ানমার সফরের আহ্বান জানান তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

৫। **রোহিঙ্গা সংকট নিয়ে স্থায়ী সমাধানের বিষয়ে ঐক্যমত হয়েছে নিরাপত্তা পরিষদ**

রোহিঙ্গা সংকট সমাধানে সুনির্দিষ্ট কোনো প্রস্তাব ও সিদ্ধান্ত ছাড়াই শেষ হলো জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বৈঠক। তবে মায়ানমারে রাখাইন রাজ্যে সহিংসতা বন্ধ করে রোহিঙ্গা সংকট নিয়ে স্থায়ী সমাধানের বিষয়ে ঐক্যমত হয়েছে সদস্য রাষ্ট্রগুলো। বৈঠকে বক্তৃতায় রাখাইনে বেসামরিক রোহিঙ্গাদের হত্যা ও ধর্ষণের মতো মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় মায়ানমারের সেনা নেতৃত্বকে বিচারের মুখোমুখি করার দাবি জানিয়েছেন জাতিসংঘে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত নিকি হেলি। রাখাইনে পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত মায়ানমারের কাছে অস্ত্র বিক্রি না করারও আহ্বান জানান তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ, প্রথম আলো, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান**সহ অধিকাংশ পত্রিকা এবিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৬।	প্রধানমন্ত্রীর পদক্ষেপে নিরাপত্তা পরিষদের প্রশংসা অর্জন করেছে বাংলাদেশ : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, মায়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের প্রতি মানবতা দেখিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার গৃহীত পদক্ষেপের কারণে বাংলাদেশ আজ জাতিসংঘের নিরাপত্তা পরিষদে প্রশংসা অর্জন করেছে। প্রধানমন্ত্রী রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে খাদ্য ও চিকিৎসার ব্যবস্থা করার পাশাপাশি তাদেরকে ফিরিয়ে নেওয়ার জন্য মায়ানমার সরকারের প্রতি চাপ সৃষ্টি করতে বিশ্ব জনমত গড়ে তুলছেন। তাঁর কূটনৈতিক উদ্যোগের কারণে বিশ্বের নেতৃবৃন্দ মায়ানমার সরকারের বর্বরতার বিরুদ্ধে সোচ্চার হচ্ছেন। গতকাল (২৯ সেপ্টেম্বর শুক্রবার) রাজধানীর মিরপুরে হার্ট ফাউন্ডেশন মিলনায়তনে বিশ্ব হার্ট দিবস উপলক্ষে আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৬) ।

**৭।	কূটনৈতিক তৎপরতায়ই রোহিঙ্গা সমস্যার সমাধান হবে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, মানবাধিকার রক্ষার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা সবসময় কাজ করে যাচ্ছেন। রোহিঙ্গাদের কেবল মানবিক কারণেই এ দেশে আশ্রয় দেওয়া হয়েছে। অচিরেই কূটনৈতিক তৎপরতার মধ্য দিয়েই এ সমস্যার সমাধান হবে। পররাষ্ট্র মন্ত্রণালয় সকল প্রকার কূটনৈতিক কৌশল চালিয়ে যাচ্ছে। গতকাল (২৯ সেপ্টেম্বর শুক্রবার) সকালে দিনাজপুরে দৈনিক উত্তরবাংলা'র অনলাইন সংস্করণের উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮)।

**৮।	সংস্কৃতি নিজের শেকড় চিনতে শেখায় : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, অতীত শেকড়ের ওপরেই দাঁড়ায় বর্তমান, নির্মিত হয় ভবিষ্যৎ। আর সংস্কৃতি নিজের শেকড়কে চিনতে শেখায়। তাই নিজেকে জানতে শিল্প-সাহিত্য-সংস্কৃতি চলচ্চিত্রের চর্চা অব্যাহত রাখতে হবে। গতকাল (২৯ সেপ্টেম্বর শুক্রবার) জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে দর্শক শ্রোতা পাঠক ফাউন্ডেশন আয়োজিত স্বর্ণালী সন্ধ্যায় প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন। মন্ত্রী আরও বলেন, জঙ্গিদমন যুদ্ধের ভেতরেই শিল্প-সাহিত্য-সংস্কৃতির চর্চা সমাজের আত্মায় মানবিকতা-অসাম্প্রদায়িকতার চেতনা জোগাবে। সূত্র-**যায়যায়দিন** (পৃ.২,ক.৭)।

**৯।	হিন্দু ধর্মাবলম্বীদের দুর্গাপূজার আজ বিজয়া দশমী, প্রতিমা বিসর্জন**

আজ বিজয়া দশমী। প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে আজ শেষ হচ্ছে হিন্দু ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব দুর্গাপূজা। গতকাল (২৯ সেপ্টেম্বর শুক্রবার) ছিল দুর্গোৎসবের চতুর্থ দিন; মহানবমী। মহানবমী পূজা শুরু হয় সকাল সাড়ে ছয়টায়। দিনভর চলেছে চণ্ডীপাঠ আর ভক্তদের কীর্তনবন্দনা। বৃষ্টি উপেক্ষা করে মহানবমীতে বিভিন্ন মন্দির ও মণ্ডপে ছিল ভক্ত ও দর্শনার্থীদের ভিড়। অশ্রুসজল নয়নে ভক্তরা দুর্গতিনাশিনী দেবী দুর্গার পায়ে অঞ্জলি দিয়েছেন। দেবীর বন্দনায় প্রতিটি পূজামণ্ডপে ছিল কেবলই বিষাদের ছায়া। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**১০।	আগামীকাল থেকে ইলিশ ধরা নিষেধ : ৭ হাজার কিলোমিটার নদীপথে নজরদারি**

মৎস্য ও প্রাণিসম্পদ অধিদফতর আগামীকাল ১ অক্টোবর থেকে দেশের সব নদী ও বঙ্গোপসাগরে ইলিশ ধরা, সংরক্ষণ, বিপনন, পরিবহণ ও বিক্রির ওপর নিষেধাজ্ঞা জারি করেছে। মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তরের জারি করা আদেশে বলা হয়, প্রটেকশন অ্যান্ড কনজারভেশন অব ফিস অ্যাক্ট' ১৯৫০ অনুযায়ী ইলিশের প্রধান প্রজনন মৌসুমে ১ থেকে ২২ অক্টোবর পর্যন্ত ২২ দিন সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহণ, মজুত, বাজারজাতকরণ বা বিক্রি নিষিদ্ধ। সরকারের এই আদেশ অমান্য করে ইলিশ মাছ আহরণ ও বিক্রি করলে এক বছর থেকে সর্বোচ্চ দুই বছরের সশ্রম কারাদণ্ড বা পাঁচ হাজার টাকা পর্যন্ত জরিমানা বা উভয়দণ্ড দেওয়া হবে। এছাড়া মা ইলিশ রক্ষায় প্রজননের অভয়াশ্রয়সহ নদীতে নিয়মিত ৭ হাজার কিলোমিটার পর্যন্ত টহল দেবে নৌপুলিশ। নৌপুলিশ সদরদফতর থেকে নিয়মিত মনিটরিং করা হবে নদীতে অবৈধভাবে মা ইলিশ নিধন নিয়ন্ত্রণ কার্যক্রম। সূত্র-**প্রথম আলো** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৭)।

**১১। আগামীকাল সাইবার নিরাপত্তা সচেতনতা মাস শুরু**

সাইবার নিরাপত্তা সচেতনতা মাস অক্টোবর ২০১৭ শুরু হচ্ছে আগামীকাল। এ উপলক্ষে সাইবার বিশেষজ্ঞরা সারাদেশে সরকারি বেসরকারি প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনগুলোর প্রতি সচেতনতামূলক কর্মসূচি গ্রহণের আহ্বান জানিয়েছেন। একইসঙ্গে গণসচেতনতামূলক প্রতিষ্ঠানগুলোর সাইবার ঝুঁকিনির্ধারণ ও জাতীয় সাইবার নিরাপত্তায় সরকারের প্রতি আটটি সুপারিশ উপস্থাপন করা হয়েছে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৮), **ভোরের কাগজ** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৩,ক.৬)।

**১২। বিদেশে কর্মসংস্থানে চার বছরে ২ লাখ ৩২ হাজার নারীকে প্রশিক্ষণ দিয়েছে সরকার**

বিদেশে বাংলাদেশি নারীকর্মীদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধিতে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধির পদক্ষেপ নিয়েছে সরকার। যার আওতায় কেবল হাউজ কিপিংয়ে (গৃহকর্মী) চলতি বছরের আট মাসে ৪৩ হাজার ৩৪৮ জন নারীকে প্রশিক্ষণ দিয়েছে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। এনিয়ে গত চার বছরে ২ লাখ ৩২ হাজার ৪৬ জনকে এ কাজে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উন্নয়ন ও প্রশিক্ষণ অনুবিভাগ এবং জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) তথ্য অনুযায়ী সারাদেশে অবস্থিত ৩৪টি টেকনিকেল ট্রেনিং সেন্টারের মাধ্যমে নারীকর্মীদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **সমকাল :** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাম্প্রতিক স্বাস্থ্য ও রোগ জরিপে দেশে ১৫ বছরের ব্যবধানে হৃদরোগ, ডায়াবেটিস, ক্যান্সার ও আর্থ্রাইটিসের মতো অসংক্রামক ব্যাধি তিন থেকে চারগুণ বেড়ে যাওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

খ. **জনকণ্ঠ :** তথ্যপ্রযুক্তিতে উন্নতি করতে দক্ষ মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে প্রশিক্ষণ ও গবেষণা অত্যন্ত জরুরি বলে মতপ্রকাশ।

গ. **ইত্তেফাক :** দেশের প্রত্যেক নগরীতে আন্তর্জাতিক মানের আধুনিক ডাম্পিং স্টেশন নির্মাণের উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঘ. **ইনকিলাব :** রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের ভূমিকা সারাবিশ্বে ব্যাপকভাবে আলোচিত ও প্রশংসিত হওয়ার কথা উল্লেখ করে রোহিঙ্গাদের ন্যায়সঙ্গত অধিকারসহ স্বদেশ প্রত্যাবর্তনে আন্তর্জাতিক চাপ অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ডেইলি স্টার :** নিজেদের নিরাপত্তার স্বার্থে রাস্তায় চলাচলের সময় পথচারীদের ট্রাফিক আইন মেনে চলার পরামর্শ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীতে শব্দদূষণ প্রতিরোধে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ ।

#

খাদীজা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৬৩/২০১৭-১৮**

**ঢাকা, শুক্রবার ২৯ সেপ্টেম্বর ২০১৭, ১৪ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রাষ্ট্রপতিকে ঢাকায় অনুষ্ঠেয় আসন্ন সিপিএ সম্মেলনের প্রস্তুতির বিষয়ে অবহিত করলেন স্পিকার

২। অনাড়ম্বর কর্মসূচির মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭১তম জন্মদিন উদযাপিত
প্রধানমন্ত্রীর সুস্থতা ও দীর্ঘায়ু কামনা
প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্ব মানবতার বাতিঘর : ওবায়দুল কাদের

৩। গলব্লাডারে সফল অস্ত্রোপচারের পর প্রধানমন্ত্রী এখন ভালো আছেন

৪। রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার ব্যাপারে আশ্বস্ত করেছেন সুচি : ব্রিটিশ পররাষ্ট্র প্রতিমন্ত্রী

৫। রোহিঙ্গা ইস্যুতে যুক্তরাষ্ট্র বাংলাদেশের পাশে থাকবে : মার্কিন রাষ্ট্রদূত

৬। বাংলাদেশ বড় চ্যালেঞ্জ মোকাবিলা করছে
রোহিঙ্গা ইস্যুতে ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা

৭। রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে দেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে : পররাষ্ট্রমন্ত্রী

৮। আগামী ২০২৪ সালেই দারিদ্র্য বিমোচনের সীমারেখায় পৌঁছাবে দেশ : অর্থমন্ত্রী

৯। তথ্যে প্রবেশাধিকার সুশাসন নিশ্চিত করবে : তথ্যমন্ত্রী

১০। জাইকার অর্থায়নে দক্ষিণাঞ্চলে ২৫ সেতু নির্মাণে চুক্তি স্বাক্ষর

১১। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্ব নেতৃত্বের দৃষ্টান্ত : সেমিনারে বক্তারা

১২। নৌকা ডুবিতে ১৬ রোহিঙ্গার মৃত্যু

চলমান পাতা-২

১। **রাষ্ট্রপতিকে ঢাকায় অনুষ্ঠেয় আসন্ন সিপিএ সম্মেলনের প্রস্তুতির বিষয়ে অবহিত করলেন স্পিকার**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গতকাল (২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার) স্পিকার বঙ্গভবনে যান রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাত করতে। সাক্ষাতের সময় স্পিকার আগামী ১-৮ নভেম্বর ঢাকায় অনুষ্ঠেয় কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের (সিপিএ) ৬৩তম সম্মেলনের প্রস্তুতি সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। তিনি জাতীয় সংসদের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। এছাড়া সংসদ লাইব্রেরিসহ সংসদের বিভিন্ন উন্নয়নকাজ সম্পর্কেও রাষ্ট্রপতিকে অবহিত করেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৮)।

২। **অনাড়ম্বর কর্মসূচির মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭১তম জন্মদিন উদযাপিত**
**প্রধানমন্ত্রীর সুস্থতা ও দীর্ঘায়ু কামনা**
**প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্ব মানবতার বাতিঘর : ওবায়দুল কাদের**

গতকাল (২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার) ছিল প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার ৭১তম জন্মদিন। তবে নির্যাতনের হাত থেকে রক্ষা ও প্রাণ বাঁচাতে মায়ানমার থেকে আসা আর্তপীড়িত রোহিঙ্গাদের প্রতি সমবেদনা জানাতে প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী তাঁর এবারের জন্মদিন উপলক্ষে কোনো কেক কাটা হয়নি, ছিল না কোনো আনন্দ-উৎসব। রাজধানীসহ সারাদেশে মিলাদ, দোয়া মাহফিল, দরিদ্রদের মাঝে খাবার বিতরণ, বিশেষ প্রার্থনা সভা, রক্তদান ও আলোচনা অনুষ্ঠানের মাধ্যমে গতকাল তাঁর ৭১তম জন্মদিন পালন করা হয়। আর এসব কর্মসূচিতে প্রধানমন্ত্রীর সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করা হয়। এদিকে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, রোহিঙ্গা ইস্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রমাণ করেছেন তিনি বিশ্ব মানবতার বাতিঘর। শেখ হাসিনা রাজনীতিকের সীমানা ছাড়িয়ে এখন রাষ্ট্রনায়ক। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭১তম জন্মদিন উপলক্ষে গতকাল রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট মিলনায়তনে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের উদ্যোগে আয়োজিত আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

৩। **গলব্লাডারে সফল অস্ত্রোপচারের পর প্রধানমন্ত্রী এখন ভালো আছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এখন ভালো আছেন বলে জানিয়েছেন তাঁর ছেলে ও আইসিটিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। তিনি গতকাল (২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার) তাঁর ফেসবুকে একটি পোস্টে প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ে এ কথা বলেন। উল্লেখ্য, গত ২৭ সেপ্টেম্বর বুধবার যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার গলব্লাডারে সফল অস্ত্রোপচার হয়। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৭)।

৪। **রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার ব্যাপারে আশ্বস্ত করেছেন সুচি : ব্রিটিশ পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

সফররত যুক্তরাজ্যের দুই প্রতিমন্ত্রী বলেছেন, মায়ানমারের নেত্রী অং সান সুচি রাখাইন রাজ্য থেকে বাংলাদেশে আসা সকল রোহিঙ্গাকে ফিরিয়ে নেবেন। সুচি বৃটিশ মন্ত্রীকে এ ব্যাপারে গত ২৭ সেপ্টেম্বর বুধবার আশ্বস্ত করেছেন। বৃটিশ পররাষ্ট্র মন্ত্রণালয়ের এশিয়াবিষয়ক সহকারী মন্ত্রী মার্ক ফিল্ড গত বুধবার মায়ানমার সফরকালে সুচি'র সঙ্গে সাক্ষাৎ করেন। তখন সুচি এ আশ্বাস দেন। বৃটিশ প্রতিমন্ত্রী রাখাইন রাজ্যও পরিদর্শন করেন। বৃটিশ পররাষ্ট্র প্রতিমন্ত্রী মার্ক ফিল্ড ও উন্নয়ন বিষয়ক প্রতিমন্ত্রী এলিস্টার বার্ট ঢাকায় সফরে এসে গতকাল (২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার) সন্ধ্যায় এক সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন। গতকাল দিনভর তারা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জাল হোসেন চৌধুরী মায়া ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমের সঙ্গে পৃথকভাবে বৈঠক করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৫। **রোহিঙ্গা ইস্যুতে যুক্তরাষ্ট্র বাংলাদেশের পাশে থাকবে : মার্কিন রাষ্ট্রদূত**

রোহিঙ্গা সমস্যা সমাধানে যুক্তরাষ্ট্র আন্তরিক, রোহিঙ্গা ইস্যুতে যুক্তরাষ্ট্র বাংলাদেশের পাশে থাকবে বলে জানালেন বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট। গতকাল (২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার)

কক্সবাজারের উখিয়ার কুতুপালং রোহিঙ্গাংশিবির পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। বার্নিকাট বলেন, রোহিঙ্গা সমস্যা সমাধানে তাঁর দেশ অত্যন্ত আন্তরিক। এজন্য তিনি এবারসহ ৩ বার ক্যাম্প পরিদর্শনে আসেন। খোঁজখবর নেন মায়ানমার সেনাবাহিনীর বর্বরতার শিকার হয়ে পালিয়ে এসে বাংলাদেশে আশ্রয় নেওয়া নারী-পুরুষ রোহিঙ্গাদের। এসময় তিনি রোহিঙ্গাদের সমস্যা সমাধানে যুক্তরাষ্ট্র কাজ করবে বলেও জানান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**৬। বাংলাদেশ বড় চ্যালেঞ্জ মোকাবিলা করছে : রোহিঙ্গা ইস্যুতে ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা**

বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা বলেছেন, মায়ানমারের রাখাইন রাজ্যে সহিংসতায় ভারত গভীরভাবে বিচলিত। এ সহিংসতার সমাপ্তি ঘটা এবং স্বাভাবিক পরিস্থিতি ফিরে আসা জরুরি। তিনি বলেন, আমরা অবশ্যই স্বীকার করি বাংলাদেশ বড় চ্যালেঞ্জ মোকাবিলা করছে। মায়ানমার থেকে বাংলাদেশে আসা রোহিঙ্গার সংখ্যা চার লাখ ছাড়িয়েছে। এটা এ দেশের সম্পদের ওপর চাপ সৃষ্টি করছে। গতকাল (২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার) চট্টগ্রাম বন্দরে ভারত থেকে আসা ত্রাণসামগ্রী হস্তান্তরকালে হর্ষবর্ধন শ্রিংলা এসব কথা বলেন। এদিকে চীন থেকেও দ্বিতীয় চালানে আরও ৫৩ টন ত্রাণ এসেছে চট্টগ্রাম বিমানবন্দরে। যুক্তরাজ্য থেকেও ৯৮ টন ত্রাণ নিয়ে একটি কার্গো ফ্লাইট বিমানবন্দরে অবতরণ করে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৮)।

**৭। রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে দেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে : পররাষ্ট্রমন্ত্রী**

মায়ানমারের রাখাইন রাজ্য থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের মানবিক আশ্রয় দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করেছেন বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। তিনি বলেন, রোহিঙ্গা সংকট সমাধানে জাতিসংঘে প্রধানমন্ত্রীর উত্থাপিত ৫ দফা প্রস্তাব সারা বিশ্বে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে। গতকাল (২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার) দিনাজপুরের চিরিরবন্দর উপজেলা পরিষদ চত্বরে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদফতরের আয়োজনে ছয় দিনব্যাপী কৃষি ও ফলদ বৃক্ষ মেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৮), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫)।

**৮। আগামী ২০২৪ সালেই দারিদ্র্য বিমোচনের সীমারেখায় পৌঁছাবে দেশ : অর্থমন্ত্রী**

আগামী ছয় বছরের মধ্যে দেশ থেকে দারিদ্র্য দূর হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, ২০২৪ সালে দেশের ৭ শতাংশ মানুষ রাষ্ট্রের উপর নির্ভরশীল থাকবে। অর্থাৎ বলা যায়, দেশে কোনো দরিদ্র মানুষ থাকবে না। গতকাল (২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার) রাজধানীতে সাধনা সংসদের ২৫ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। 'বিদেশ যাত্রার সম্ভাব্য ঝুঁকি উত্তরণ, রেমিট্যান্স বৃদ্ধি, জনকল্যাণে এজেন্ট ব্যাংকিং ও সাধনা সংসদের সহায়ক ভূমিকা' শিরোনামে রাজধানীর একটি হোটেলে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৯। তথ্যে প্রবেশাধিকার সুশাসন নিশ্চিত করবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, জনগণের তথ্য ভাণ্ডারে প্রবেশাধিকার সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিত করবে। ২৫ হাজার সরকারি ওয়েবপোর্টাল ও তথ্য অধিকার আইন কাজে লাগিয়ে দুর্নীতিমুক্ত সুশাসন ও টেকসই উন্নয়নের দেশ গড়তে হবে। গতকাল (২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার) আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে জাতীয় প্রেসক্লাবের সামনে বর্ণাঢ্য শোভাযাত্রা উদ্বোধন ও শিল্পকলা একাডেমিতে আলোচনাসভায় প্রধান অতিথির ভাষণে মন্ত্রী এসব কথা বলেন। 'তথ্যে প্রবেশাধিকারের মাধ্যমে টেকসই উন্নয়ন সাধন' প্রতিপাদ্যকে সামনে রেখে এবারের তথ্য অধিকার দিবস দেশব্যাপী পালিত হচ্ছে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **যুগান্তর** (পৃ.১৯,ক.৭), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

**১০। জাইকার অর্থায়নে দক্ষিণাঞ্চলে ২৫ সেতু নির্মাণে চুক্তি স্বাক্ষর**

জাইকা'র অর্থায়নে প্রায় ৪৩১ কোটি টাকা ব্যয়ে খুলনা, বরিশাল ও গোপালগঞ্জ অঞ্চলে ২৫টি সেতু নির্মাণের লক্ষ্যে ঠিকাদারি প্রতিষ্ঠানের সঙ্গে গতকাল (২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার) চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

ওয়েস্টার্ন বাংলাদেশ ব্রিজ ইমপ্রুভমেন্ট প্রজেক্টের আওতায় তিনটি প্যাকেজে এই ২৫টি সেতুর নির্মাণকাজ বাস্তবায়িত হবে। তেজগাঁওস্থ সড়কভবনে সড়ক ও জনপথ অধিদফতরের সঙ্গে দেশীয় ঠিকাদারি প্রতিষ্ঠান মোনিকো লিমিটেড ও ডিয়েনকো'র মধ্যে এই চুক্তি স্বাক্ষরিত হয়। সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**১১। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্ব নেতৃত্বের দৃষ্টান্ত : সেমিনারে বক্তারা**

জাতিসংঘের সাধারণ পরিষদে রোহিঙ্গা সমস্যা সমাধানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে ৫ দফা প্রস্তাব উপস্থাপন করেছেন, তাতে শুধু বাংলাদেশের বা মায়ানমারের সমস্যা সমাধানের কথা বিবেচনা না করে পুরো বিশ্বের শরণার্থীর কথা বিবেচনা করা হয়েছে। তাই প্রধানমন্ত্রী এখন আর বাংলাদেশ বা দক্ষিণ এশিয়ার নেতা নন। এখন তিনি পুরো বিশ্বের নেতা। গতকাল (২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার) জাতীয় প্রেসক্লাবের সভাপতি মুহম্মদ শফিকুর রহমানের সভাপতিত্বে প্রেসক্লাবে আয়োজিত 'রোহিঙ্গা শরণার্থী সংকট সমাধানে শেখ হাসিনার দূরদর্শী বিশ্ব নেতৃত্ব' শীর্ষক সেমিনারে আলোচকরা এমন মন্তব্য করেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **প্রথম আলো** (পৃ.২,ক.৩)।

১২। **নৌকা ডুবিতে ১৬ রোহিঙ্গার মৃত্যু**

কক্সবাজারের উখিয়ায় সাগরে মায়ানমার থেকে পালিয়ে আসা শতাধিক রোহিঙ্গাবাহী একটি নৌকা ডুবে যাওয়ার ঘটনা ঘটেছে। এতে নিহত **১৬** জনের লাশ উদ্ধার করা হয়েছে। মৃতের সংখ্যা আরো বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। গতকাল (২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার) বিকেলে জালিয়াপালং ইউনিয়নের ইনানি সৈকতের পাতুয়ারটেক এলাকা থেকে লাশগুলো উদ্ধার করা হয় বলে এ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জানান। নিহতদের অধিকাংশই শিশু। এছাড়া এ সময় আরও চারজনকে জীবিত উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়েছে বলে জানান তিনি। সূত্র-**যায়যায়দিন** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** গত এক বছরে রেললাইনে কাটা পড়ে ৩৫৪ জনের মৃত্যু হয়েছে ঢাকা রেলপথ থানা পুলিশের এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে এ মৃত্যুমিছিলের লাগাম টেনে ধরতে লেভেল ক্রসিং পারাপারে সচেতনতার আহ্বান।

**খ.** **জনকণ্ঠ :** দেশের খাদ্যগুদাম অনলাইনের আওতায় আনার সরকারি উদ্যোগকে প্রশংসনীয় বলে মতপ্রকাশ।

**গ.** **যুগান্তর :** বিদ্যুৎখাতে ভিত্তিহীন অতিরিক্ত প্রকল্পব্যয় দেখিয়ে বিপুল অংকের অর্থ ভাগবাটোয়ারা করে নেওয়ার অভিযোগ উঠেছে উল্লেখ করে এ অভিযোগের তদন্তসাপেক্ষে যথাযথ ব্যবস্থা নেওয়ার দাবি।

**ঘ.** **যায়যায়দিন, ইনকিলাব, ডেইলি স্টার :** বৈশ্বিক প্রতিযোগিতা সক্ষমতা সূচক বা গ্লোবাল কম্পিটিটিভনেস ইনডেক্সে (জিসিআই) বাংলাদেশের অবস্থান সাত ধাপ এগিয়ে ৯৯তম স্থানে উঠে আসায় স্বাগত জানিয়ে ইতিবাচক এ ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঙ.** **ডেইলি সান :** শিশুদের শৈশবকালীন অন্ধত্ব প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৬২/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ২৮ সেপ্টেম্বর ২০১৭, ১৩ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রোহিঙ্গাদের ফেরত নিতে মায়ানমারকে বাধ্য করতে হবে
দুর্গাপূজা মণ্ডপ পরিদর্শনকালে রাষ্ট্রপতি

২। রোহিঙ্গারা নিরাপদে মায়ানমারে ফিরে যাক
আজ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের আলোচনায় বাংলাদেশের প্রত্যাশা

৩। প্রধানমন্ত্রীর গলব্লাডারে সফল অস্ত্রোপচার

৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭১তম জন্মদিন আজ

৫। রোহিঙ্গাদের দ্রুত ফিরিয়ে নিন : সুচিকে মায়ানমার সফররত ব্রিটিশ মন্ত্রী মার্ক ফিল্ডস
রোহিঙ্গা ইস্যুতে আলোচনা করতে দুই ব্রিটিশমন্ত্রী ঢাকায়

৬। বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের সহায়তা দিতে প্রস্তুত বিশ্বব্যাংক

৭। রোহিঙ্গাদের জন্য ৪০ লাখ মার্কিন ডলার দেবে জাপান

৮। রোহিঙ্গা ইস্যুতে ভারত বাংলাদেশের পাশে আছে : হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা

৯। রোহিঙ্গা সঙ্কট বাংলাদেশের জন্য একটি বড় চ্যালেঞ্জ : স্বরাষ্ট্রমন্ত্রী

১০। পর্যটন উন্নয়নের হাতিয়ার : বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী

১১। নিউজ প্রেজেন্টার্স অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

১২। বৈশ্বিক সক্ষমতা সূচকে ৭ ধাপ এগিয়েছে বাংলাদেশ

১৩। ২০১৮ সাল থেকে এসএসসি ও এইচএসসি পরীক্ষা অভিন্ন প্রশ্নপত্রে

চলমান পাতা-২



**১। রোহিঙ্গাদের ফেরত নিতে মায়ানমারকে বাধ্য করতে হবে : দুর্গাপূজা মণ্ডপ পরিদর্শনকালে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, রোহিঙ্গাদের সম্মানজনক স্বদেশ প্রত্যাবর্তন ও তাদের নাগরিক অধিকার নিশ্চিত করতে বিশ্বের সব দেশ ও আন্তর্জাতিক সংস্থাকে এগিয়ে আসতে হবে। মায়ানমারকে তাদের নাগরিকদের স্বদেশে ফিরিয়ে নিতে বাধ্য করতে হবে। গতকাল (২৭ সেপ্টেম্বর বুধবার) শারদীয় দুর্গাপূজা পরিদর্শনে গিয়ে রাজধানীর রামকৃষ্ণ মিশনে এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। রাষ্ট্রপতি বলেন, মায়ানমার থেকে অমানবিক নির্যাতনের শিকার হয়ে মুসলিম রোহিঙ্গাদের সঙ্গে অনেক হিন্দুও বাংলাদেশে আশ্রয় নিয়েছে। তাদের প্রতিও আমাদের সহমর্মিতা থাকতে হবে। তাদের দুঃখের দিনে পাশে দাঁড়াতে হবে। সহযোগিতার হাত বাড়াতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **নিউ নেশন** ( পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

২। **রোহিঙ্গারা নিরাপদে মায়ানমারে ফিরে যাক**

**আজ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের আলোচনায় বাংলাদেশের প্রত্যাশা**

জাতিসংঘ নিরাপত্তা পরিষদে আজ (২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার) রোহিঙ্গা ইস্যু নিয়ে উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হবে। নিরাপত্তা পরিষদের বৈঠককে সামনে রেখে পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী গতকাল (২৭ সেপ্টেম্বর বুধবার) রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় নিরাপত্তা পরিষদের স্থায়ী ও অস্থায়ী সদস্য নয়টি দেশের রাষ্ট্রদূত, হাইকমিশনার ও মিশনপ্রধানদের সঙ্গে এক বৈঠক করেন। পররাষ্ট্রমন্ত্রী নয়জন কূটনীতিকের কাছে রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের অবস্থান জোরালোভাবে তুলে ধরেন। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম ও পররাষ্ট্র সচিব শহিদুল হকসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা এসময় উপস্থিত ছিলেন। পররাষ্ট্রমন্ত্রী সাংবাদিকদের জানান, নিরাপত্তা পরিষদের বৈঠকে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি আমাদের বক্তব্য ও অবস্থান তুলে ধরবেন। আমরা চাই নিরাপত্তা পরিষদ এমন একটি ব্যবস্থা নেবে, যেখানে রোহিঙ্গারা নিরাপদে ও নির্বিঘ্নে তাদের দেশ মায়ানমারে ফিরে যেতে পারবে। তিনি বলেন, বৈঠকে অংশগ্রহণকারী নয়টি দেশই রোহিঙ্গা সংকট নিয়ে আমাদের প্রতি সহানুভূতিশীল। বাংলাদেশ এর শান্তিপূর্ণ সমাধান চায়। মায়ানমারের সঙ্গে আমরা আলোচনা চালিয়ে যাব। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **যুগান্তর** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৩)।

৩। **প্রধানমন্ত্রীর গলব্লাডারে সফল অস্ত্রোপচার**

যুক্তরাষ্ট্র সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনার গলব্লাডারে সফল অস্ত্রোপচার হয়েছে বলে তাঁর প্রেস সচিব ইহসানুল করিম জানিয়েছেন। গতকাল (২৭ সেপ্টেম্বর বুধবার) এক সংবাদ বিজ্ঞপ্তিতে তিনি বলেন, প্রধানমন্ত্রী সুস্থ আছেন এবং চিকিৎসকের পরামর্শ অনুযায়ী তিনি বর্তমানে বিশ্রামে আছেন। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, প্রধানমন্ত্রী দেশবাসীর কাছে দোয়া চেয়েছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১)

৪। **প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭১তম জন্মদিন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭১তম জন্মদিন আজ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শেখ ফজিলাতুন্নেছা মুজিবের জ্যেষ্ঠ সন্তান শেখ হাসিনা ১৯৪৭ সালের এই দিনে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন। যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটনে ছেলে সজীব ওয়াজেদ জয়ের বাসায় তিনি এবারের জন্মদিন অনাড়ম্বরভাবে উদ্‌যাপন করবেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৫। **রোহিঙ্গাদের দ্রুত ফিরিয়ে নিন : সুচিকে মায়ানমার সফররত ব্রিটিশ মন্ত্রী মার্ক ফিল্ডস**

**রোহিঙ্গা ইস্যুতে আলোচনা করতে দুই ব্রিটিশমন্ত্রী ঢাকায়**

নির্যাতনের মুখে মায়ানমার থেকে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের দ্রুত ফিরিয়ে নিতে মায়ানমারের প্রতি আহ্বান জানিয়েছে ব্রিটেন। গতকাল (২৭ সেপ্টেম্বর বুধবার) রাখাইন সফরশেষে মায়ানমার পররাষ্ট্রমন্ত্রী অং সান সুচিকে এ অনুরোধ জানান ব্রিটেনের পররাষ্ট্র ও কমনওয়েলথ কার্যালয়ের এশিয়াবিষয়ক পররাষ্ট্রমন্ত্রী মার্ক ফিল্ডস। ব্রিটেনের আন্তর্জাতিক ত্রাণবিষয়ক পররাষ্ট্রমন্ত্রী অলিস্টেয়ার বার্টও এসময় তাঁর সঙ্গে ছিলেন। সুচি'র সঙ্গে বৈঠকশেষে গতকাল (২৭ সেপ্টেম্বর বুধবার) ঢাকায় পৌঁছান দুই ব্রিটিশমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৩,ক.৮)।



৬। **বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের সহায়তা দিতে প্রস্তুত বিশ্বব্যাংক**

বাংলাদেশ চাইলে রোহিঙ্গাদের জন্য সহায়তা দিতে প্রস্তুত রয়েছে বিশ্বব্যাংক। সংস্থাটির এ-সংক্রান্ত যে তহবিল রয়েছে, তা থেকে কোনো দেশ সর্বোচ্চ ৪০ কোটি ডলার (৩২০০ কোটি টাকা) পেতে পারে। এ সহায়তার পুরোটা অনুদানও হতে পারে অথবা অর্ধেক ঋণ ও অর্ধেক অনুদান হতে পারে। বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর চিমিয়াও ফান গতকাল (২৭ সেপ্টেম্বর বুধবার) এক সংবাদসম্মেলনে এ তথ্য জানান। বাংলাদেশের অর্থনৈতিক পরিস্থিতির ওপর বিশ্বব্যাংকের হালনাগাদ প্রতিবেদন প্রকাশ উপলক্ষে রাজধানীর আগারগাঁওয়ে নিজস্ব কার্যালয়ে এ সংবাদ সম্মেলনের আয়োজন করে বিশ্বব্যাংক। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪)।

**৭। রোহিঙ্গাদের জন্য ৪০ লাখ মার্কিন ডলার দেবে জাপান**

রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের পাশে থাকার প্রতিশ্রুতি দিয়েছে জাপান। গতকাল (২৭ সেপ্টেম্বর বুধবার) জাপানের উপপররাষ্ট্রমন্ত্রী আইওয়া হোরি বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমের সঙ্গে বৈঠকশেষে সাংবাদিকদের এ কথা জানান। পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, জাপান শুরু থেকেই বাংলাদেশের পাশে আছে। বাংলাদেশ জাপানের সহায়তা সবসময় পাবে বলে বৈঠকে জাপানি মন্ত্রী পুনর্ব্যক্ত করেছেন এবং রোহিঙ্গা সংকট নিয়ে কফি আনান কমিশনের রিপোর্টের বাস্তবায়নের কথাও বলেছেন। এদিকে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের সহায়তার জন্য ১০ লাখ ডলার থেকে বাড়িয়ে ৪০ লাখ মার্কিন ডলার সহায়তা দেওয়ার ঘোষণা দিয়েছে জাপান। জাপানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

**৮। রোহিঙ্গা ইস্যুতে ভারত বাংলাদেশের পাশে আছে : হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা**

বাংলাদেশে ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা বলেছেন, রোহিঙ্গা ইস্যুতে সংকট নিরসনে বাংলাদেশের পাশে আছে ভারত। গতকাল (২৭ সেপ্টেম্বর বুধবার) ঢাকায় বারডেম অডিটরিয়ামে ভারতের পশ্চিমবঙ্গে ডায়াবেটিস বিষয়ে বিশেষজ্ঞ চিকিৎসক গড়ে তোলার জন্য সিসিডি কোর্স চালুর লক্ষ্যে কলকাতাস্থ ডায়াবেটিস অ্যাওয়ারনেস এন্ড ইউ'র সঙ্গে বাংলাদেশ ডায়াবেটিস সমিতির চুক্তিস্বাক্ষর নিয়ে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.৭), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১)।

**৯। রোহিঙ্গা সঙ্কট বাংলাদেশের জন্য একটি বড় চ্যালেঞ্জ : স্বরাষ্ট্রমন্ত্রী**

রোহিঙ্গা সঙ্কট বাংলাদেশের জন্য একটি বড় চ্যালেঞ্জ বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেন, আমরা যুদ্ধে বিশ্বাস করি না, এই সঙ্কট কূটনৈতিকভাবেই সমাধান করা হবে। রোহিঙ্গাদের মধ্যে অনেক ধরনের লোক আসছে। এটি আমাদের নিরাপত্তার জন্য অনেক বড় ধরনের চ্যালেঞ্জ। গতকাল (২৭ সেপ্টেম্বর বুধবার) 'রোহিঙ্গা গণহত্যার বিরুদ্ধে বাংলাদেশের অবস্থান : সরকার, নাগরিক ও আন্তর্জাতিক সম্প্রদায়ের করণীয়' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্য তিনি এসব কথা বলেন। রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে এ সেমিনারের আয়োজন করে একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইনকিলাব** (পৃ.১,ক.৫)।

**১০। পর্যটন উন্নয়নের হাতিয়ার : বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী**

বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী রাশেদ খান মেনন বলেছেন, পর্যটন শিল্পের অমিত সম্ভাবনাকে কাজে লাগানো গেলে এটি হবে বৈদেশিক মুদ্রা অর্জন ও কর্মসংস্থানের প্রধান খাত, যা গার্মেন্টসের আয়কেও ছাড়িয়ে যাবে। তিনি বলেন, পৃথিবীর পথে পথে মানুষের মাঝে সৌহার্দ্য সম্প্রীতি সৃষ্টির পাশাপাশি একটি দেশকে বিশ্ব দরবারে পরিচিত করে তুলতে পর্যটন শিল্প বিকাশের কোনো বিকল্প নেই। তাই সরকার পর্যটনকে উন্নয়নের অন্যতম হাতিয়ার হিসেবে বেছে নিয়েছে। বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে গতকাল (২৭ সেপ্টেম্বর বুধবার) আয়োজিত এক শোভাযাত্রার উদ্বোধনকালে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

**১১। নিউজ প্রেজেন্টার্স অনুষ্ঠানে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, উপস্থাপকেরা ইলেক্ট্রনিক গণমাধ্যমে খবরের একটি বড় আর্কষণ। সংবাদের ব্যঞ্জনা, গুরুত্ব ও তাৎপর্য তাদের অভিব্যক্তিতেই বাঙ্ময় হয়ে ওঠে। এ কারণে খবরের ভেতরের খবর জানা না থাকলে পূর্ণ সংবেদনশীলতার সাথে সংবাদ উপস্থাপন সম্ভব নয়। গতকাল (২৭ সেপ্টেম্বর বুধবার) রাজধানীতে শিল্পকলা একাডেমির চিত্রশালা মিলনায়তনে নিউজ প্রেজেন্টার্স সোসাইটি অব বাংলাদেশের (এনপিএসবি) নবনির্বাচিত পরিষদের অভিষেক ও সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। সূত্র-**নয়াদিগন্ত** (পৃ.৩,ক.৪)।



**১২। বৈশ্বিক সক্ষমতা সূচকে ৭ ধাপ এগিয়েছে বাংলাদেশ**

বৈশ্বিক প্রতিযোগিতায় সক্ষমতা সূচকে (জিসিআই) এক বছরে ৭ ধাপ এগিয়েছে বাংলাদেশ। ১৩৭ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৯৯তম। গত বছর ১৩৮ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল ১০৬তম। জিসিআই পর্যবেক্ষণে অন্তর্ভুক্ত হওয়ার পর গত ১৬ বছরের মধ্যে এবারই প্রথম ১০০'র নিচে নেমে আসার সম্মান অর্জন করল বাংলাদেশ। এক ডজন বিষয়ে ভালো অবস্থার ভিত্তিতে এ অবস্থান নির্ণয় করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

**১৩। ২০১৮ সাল থেকে এসএসসি ও এইচএসসি পরীক্ষা অভিন্ন প্রশ্নপত্রে**

আগামী বছরের এসএসসি ও এইচএসসি পরীক্ষা সারাদেশে একই প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে। গতকাল (২৭ সেপ্টেম্বর বুধবার) এ সংক্রান্ত আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক, যায়যায়দিন, সমকাল, নিউ এজ, ডেইলি স্টার, ডেইলি সান :** ময়মনসিংহের গৌরীপুর উপজেলায় একটি গ্রামে চুরির দায়ে ১৬ বছরের এক কিশোরকে নির্দয়ভাবে পিটিয়ে হত্যা করার ঘটনাকে মর্মান্তিক উল্লেখ করে এ ধরনের বর্বরতার পুনরাবৃত্তি রোধে সামাজিক সচেতনতা সৃষ্টির পাশাপাশি অপরাধীদের সর্বোচ্চ শাস্তির দাবি।

**খ.** **প্রথম আলো :** বজ্রপাত থেকে মৃত্যুর ঝুঁকি কমানো এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় নেত্রকোনার ১০টি উপজেলার বিভিন্ন সড়কে লক্ষাধিক তালবীজ রোপণ করার উদ্যোগকে স্বাগত জানিয়ে দেশের সব জেলাতেই এ ধরনের ভালো উদ্যোগ নেওয়ার আহ্বান।

**গ.** **ভোরের কাগজ, নিউ এজ :** দেশের অপার সম্ভাবনাময় পর্যটন শিল্পের বিকাশে সরকারকে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

**ঘ.** **সংবাদ :** গণমাধ্যমে প্রকাশিত এক প্রতিবেদনে প্রাথমিক স্তরের বই ছাপার কাজ শুরু হয়েছে নির্ধারিত সময়ের ৩৪ দিন পর উল্লেখ করে এ ধরনের প্রতিবন্ধকতা দূর করে শিক্ষার্থীদের হাতে যথাসময়ে বই পৌঁছানো হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঙ.** **যায়যায়দিন :** গ্রাহক পর্যায়ে আবার বিদ্যুতের দাম বাড়াতে চাইছে পিডিবি উল্লেখ করে দাম বাড়ানোর পরিবর্তে উৎপাদন বাড়ানো এবং এ খাতের দুর্নীতি রোধে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ।

**চ.** **ইন্ডিপেনডেন্ট :** বন্যপ্রাণী রক্ষায় কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ছ.** **নিউজ টুডে :** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে অনিয়ম, দুর্নীতি ও অব্যবস্থাপনার জন্য দায়ী সিন্ডিকেটের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি তুলে ধরে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, উন্নয়নশীল বাংলাদেশকে মুক্তিযুদ্ধের চেতনায় এবং প্রগতিশীল ও অসাম্প্রদায়িক গণতান্ত্রিক ধারায় পরিচালনার কৃতিত্ব প্রধানমন্ত্রী শেখ হাসিনার।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'পর্যটনের হাত ধরেই বদলে যেতে পারে দেশের অর্থনীতি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সরকারি উদ্যোগের পাশাপাশি বেসরকারি উদ্যোক্তারা এগিয়ে এলে বাংলাদেশে পর্যটন শিল্পের অগ্রগতি সম্ভব।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৬১/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ২৭ সেপ্টেম্বর ২০১৭, ১২ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রোহিঙ্গা ইস্যুতে মায়ানমারকে চাপ দিতে সুইস সরকারের সহযোগিতা চান রাষ্ট্রপতি

২। সুচিকে কক্সবাজার সফরের আহ্বান জাতিসংঘের ৭ বিশেষজ্ঞের

৩। রোহিঙ্গা এতিম শিশুদের স্মার্টকার্ড দেবে সরকার

৪। জার্মানির চ্যান্সেলর অ্যাঙ্গেলা মেরকেলকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ প্রধানমন্ত্রীর

৫। প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্র থেকেই দাপ্তরিক কাজকর্ম চালাচ্ছেন

৬। প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত অনুদান হিসেবে ভুটানে যাচ্ছে বাংলাদেশের ওষুধ

৭। আগামী ২০২৪ সালের মধ্যে দেশ দারিদ্র্যমুক্ত হবে : অর্থমন্ত্রী

৮। শিশু হাসপাতাল নির্মাণে জাপানের সহায়তা চাইলেন স্বাস্থ্যমন্ত্রী

৯। নারী উদ্যোগই পারে অর্থনীতিকে অভীষ্ট লক্ষ্যে পৌঁছাতে : তথ্যমন্ত্রী

১০। বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রীর সাথে নির্মাণ প্রতিষ্ঠান দাইয়ু'র শীর্ষ কর্মকর্তার সাক্ষাৎ কোরিয়াতে বাংলাদেশি কর্মী নিয়োগের আহ্বান

১১। বিশ্ব পর্যটন দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

১২। মহররম ও দুর্গাপূজা উপলক্ষে সোনামসজিদ স্থলবন্দর ছয়দিন বন্ধ

চলমান পাতা-২

১। **রোহিঙ্গা ইস্যুতে মায়ানমারকে চাপ দিতে সুইস সরকারের সহযোগিতা চান রাষ্ট্রপতি**

রোহিঙ্গা নির্যাতন বন্ধ এবং তাদের দেশে ফিরিয়ে নেওয়ার জন্য মায়ানমারের ওপর চাপ অব্যাহত রাখতে সুইজারল্যান্ড সরকারের সহযোগিতা চেয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সুইজারল্যান্ডের নতুন রাষ্ট্রদূত রেনে হলেনস্টাইন গতকাল (২৬ সেপ্টেম্বর মঙ্গলবার) বঙ্গবভনে তাঁর পরিচয়পত্র পেশ করতে গেলে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। রোহিঙ্গা সংকটের প্রসঙ্গ উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশের জন্য এটি একটি বড় সমস্যা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

২। **সুচিকে কক্সবাজার সফরের আহ্বান জাতিসংঘের ৭ বিশেষজ্ঞের**

মায়ানমারের জাতিগত নিধনের ভয়াবহতায় জীবন বাঁচাতে বাংলাদেশে পালিয়ে আসা চার লক্ষাধিক রোহিঙ্গার দুর্দশায় গভীর উদ্বেগ জানিয়েছে জাতিসংঘ। রোহিঙ্গাদের সঙ্গে কথা বলা এবং তাদের অবর্ণনীয় দুর্দশা দেখতে মায়ানমারের ক্ষমতাসীন দলের নেত্রী অং সান সুচিকে কক্সবাজার সফরের আহ্বান জানিয়েছেন বিশ্ব সংস্থাটির সাতজন বিশেষজ্ঞ। একইসঙ্গে বিশ্বের সবচেয়ে নিপীড়িত এ জনগোষ্ঠীর ওপর নিপীড়ন বন্ধে বার্মিজ সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন তাঁরা। গতকাল (২৬ সেপ্টেম্বর মঙ্গলবার) জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনের এক বিবৃতিতে তাঁরা এ আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

৩। **রোহিঙ্গা এতিম শিশুদের স্মার্টকার্ড দেবে সরকার**

মায়ানমার থেকে পালিয়ে বাংলাদেশে আসা প্রায় ৬ হাজার অভিভাবকহীন এতিম রোহিঙ্গা শিশুকে স্মাটকার্ড দেওয়ার মাধ্যমে তাদের থাকা-খাওয়াসহ সব ব্যবস্থাপনার দায়িত্ব নেবে সমাজকল্যাণ মন্ত্রণালয়। সচিবালয়ের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে গতকাল (২৬ সেপ্টেম্বর মঙ্গলবার) সমাজকল্যাণ প্রতিমন্ত্রী নুরুজ্জামান আহমেদ সংবাদ সম্মেলনে এ কথা জানান। শূন্য থেকে ৭ এবং ৭ থেকে ১৮ বছর বয়সী সব এতিম শিশুকিশোরের জন্য আলাদা করে থাকা-খাওয়াসহ অন্যান্য ব্যবস্থা করা হবে। এ জন্য উখিয়া ও টেকনাফে ২০০ একর করে মোট ৪০০ একর জমি জেলা প্রশাসন দেবে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

৪। **জার্মানির চ্যান্সেলর অ্যাঙ্গেলা মেরকেলকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ প্রধানমন্ত্রীর**

জার্মানির চ্যান্সেলর অ্যাঙ্গেলা মেরকেলকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৬ সেপ্টেম্বর মঙ্গলবার) প্রধানমন্ত্রী জার্মানির নির্বাচনে জয়লাভ করায় মেরকেলকে অভিনন্দন ও সফরের আমন্ত্রণ জানান। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বলা হয়, দ্বিপক্ষীয় অর্থনৈতিক সহযোগিতা, অভিবাসন, জলবায়ু পরিবর্তন, সন্ত্রাসবিরোধী অভিযান ও অন্যান্য চ্যালেঞ্জ মোকাবিলায় দুই দেশ আরও জোরালোভাবে কাজ করতে চায় বলে উল্লেখ করেছেন প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.৮)।

৫। **প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্র থেকেই দাপ্তরিক কাজকর্ম চালাচ্ছেন**

জাতিসংঘ সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনে (ইউএনজিএ) যোগদান উপলক্ষে বর্তমানে যুক্তরাষ্ট্রে অবস্থানরত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকায় তাঁর অফিসের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রাখছেন এবং ডিজিটাল মাধ্যমে জরুরি ফাইল ছেড়ে দিচ্ছেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম জানান, 'বর্তমানে প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটনে অবস্থান করছেন। তিনি সেখান থেকে ঢাকায় তাঁর অফিসের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রাখছেন এবং বিভিন্ন বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা দিচ্ছেন।' সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

৬। **প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত অনুদান হিসেবে ভুটানে যাচ্ছে বাংলাদেশের ওষুধ**

প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী বাংলাদেশের উৎপাদিত ওষুধ অনুদান হিসেবে ভুটানে যাচ্ছে। ২০১৯ সালে ভুটানে যত ধরনের ওষুধ লাগবে সব বাংলাদেশ থেকে পাঠানো হবে। এই লক্ষ্যে দেশের ওষুধ প্রশাসন অধিদফতর কর্তৃপক্ষ ওষুধশিল্প সমিতি ও শীর্ষস্থানীয় ওষুধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের মালিক ও কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করছেন। ২০১৮ সালের জুন থেকে শুরু করে চার কিস্তিতে এই ওষুধ পাঠানো হবে। প্রাথমিকভাবে ১০০ কোটি টাকার ওষুধ পাঠানোর প্রক্রিয়া চলছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫)।

৭। **আগামী ২০২৪ সালের মধ্যে দেশ দারিদ্র্যমুক্ত হবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, আগামী বাজেটে সামাজিক নিরাপত্তা খাতে বরাদ্দ বাড়ানোসহ সাধারণ মানুষের সুযোগ সুবিধা আরও বাড়ানো হবে। ফলে আগামী ২০২৪ সালের মধ্যে দেশ

দারিদ্র্যমুক্ত হবে। এ সময়ের মধ্যে দারিদ্র্যের হার সাত শতাংশে নামিয়ে আনা হবে। প্রধানমন্ত্রী আগামী ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ একটি সমৃদ্ধশালী দেশ হবে বলেছেন। আমরা যেভাবে এগিয়ে যাচ্ছি এবং যেভাবে জনকল্যাণ সরকারের আদর্শ তাতে ২০৪১ সালের মধ্যে সমৃদ্ধ দেশ হওয়া কঠিন কিছু নয়। গতকাল (২৬ সেপ্টেম্বর মঙ্গলবার) রাজধানীর মিরপুর কনভেনশন সেন্টারে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) অধীন কর অঞ্চল-৩, ঢাকা আয়োজিত আয়কর ক্যাম্প উদ্বোধন ও করদাতা উদ্বুদ্ধকরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৭)।

**৮। শিশু হাসপাতাল নির্মাণে জাপানের সহায়তা চাইলেন স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম রাজধানীতে এক হাজার শয্যাবিশিষ্ট জাতীয় শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট নির্মাণে জাপানের সহায়তা চেয়েছেন। বাংলাদেশে সফররত জাপানের কোচি বিশ্ববিদ্যালয় গ্র্যাজুয়েট স্কুল অব নার্সিংয়ের প্রফেসর ড. হিরোকো মিনামি গতকাল (২৬ সেপ্টেম্বর মঙ্গলবার) সচিবালয়ে মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ সহায়তা চান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.৭)।

**৯। নারী উদ্যোগই পারে অর্থনীতিকে অভীষ্ট লক্ষ্যে পৌঁছাতে : তথ্যমন্ত্রী**

নারীদের পর্যাপ্ত উদ্যোগই পারে অর্থনীতিকে অভীষ্ট লক্ষ্যে পৌঁছাতে। এ কারণে সমাজ ও দেশের উন্নয়নে নারীকে এগিয়ে আসতে হবে। গতকাল (২৬ সেপ্টেম্বর মঙ্গলবার) প্রোগ্রেসিভ অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এ কথা বলেন। তিনি বলেন, নারীর উন্নয়নের অর্থ দেশের উন্নয়ন। রাজধানীর কাকরাইলে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট মিলনায়তনে এ অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানের আয়োজন করে বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (বিডব্লিউসিসিআই)। সেখানে ২০১৫ ও ২০১৬ সালের জন্য দেশের ৮টি বিভাগের সেরা ৮ জন নারী উদ্যোক্তা এবং দু'জন সংবাদকর্মীর হাতে 'বিডব্লিউসিসিআই' প্রোগ্রেসিভ অ্যাওয়ার্ড তুলে দেন তথ্যমন্ত্রী। সূত্র-**যুগান্তর** (পৃ.১৮,ক.৮), **প্রথম আলো** (পৃ.১২,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১)।

**১০। বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রীর সাথে নির্মাণ প্রতিষ্ঠান দাইয়ু'র শীর্ষ কর্মকর্তার সাক্ষাৎ**
**কোরিয়াতে বাংলাদেশি কর্মী নিয়োগের আহ্বান**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বিশ্বের বিভিন্ন দেশে কোরিয়ার প্রখ্যাত দাইয়ু কনস্ট্রাকশন কোম্পানিতে অধিক হারে বাংলাদেশি কর্মী নিয়োগের অনুরোধ জানিয়েছেন। তিনি বলেন, বিভিন্ন দেশে কর্মরত প্রবাসী বাংলাদেশি কর্মীরা কঠোর পরিশ্রম করে অনেক সুনাম অর্জন করতে সক্ষম হচ্ছে। গতকাল (২৬ সেপ্টেম্বর মঙ্গলবার) ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ মন্ত্রী কোরিয়ার বিশ্ববিখ্যাত দাইয়ু কনস্ট্রাকশন কোম্পানির হিউম্যান রিসোর্স বিভাগের জেনারেল ম্যানেজার জুং ওয়ান লীমের সাথে এক সৌজন্য সাক্ষাতকালে এ অনুরোধ জানান। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৩,ক.৫), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১)।

**১১। বিশ্ব পর্যটন দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

প্রতি বছরের মতো এবারও বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্যদিয়ে আজ বিশ্ব পর্যটন দিবস ২০১৭ পালন করা হবে। এ বছরের মূল প্রতিপাদ্য হচ্ছে 'টেকসই পর্যটন উন্নয়নের মাধ্যম'। এ দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**১২। মহররম ও দুর্গাপূজা উপলক্ষে সোনামসজিদ স্থলবন্দর ছয়দিন বন্ধ**

মহররম ও দুর্গাপূজা উপলক্ষে সোনামসজিদ স্থলবন্দর দিয়ে পণ্য আমদানি-রপ্তানি কার্যক্রম আজ (২৭ সেপ্টেম্বর বুধবার) থেকে ২ অক্টোবর পর্যন্ত ছয়দিন বন্ধ ঘোষণা করা হয়েছে। তবে আমদানি-রপ্তানি কার্যক্রম বন্ধ থাকলেও দুই দেশের পাসপোর্টধারী যাত্রীদের যাতায়াত কার্যক্রম চালু থাকবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.১৫,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **সমকাল :** কুমিল্লা থেকে সিলেট মহাসড়কের ৪২ কিলোমিটার এলাকার বেহাল দশা হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে দ্রুত সড়কটি সংস্কারের সুপারিশ।

খ. **সংবাদ :** রাষ্ট্রায়ত্ত ও বাণিজ্যিক যেসব ব্যাংকে দীর্ঘদিন ধরে অনিয়ম ও অব্যবস্থাপনা দানা বাঁধছে, তা দূর করতে দ্রুততার সঙ্গে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **ইত্তেফাক :** হাসপাতাল হতে নবজাতক চুরি বা বদল করা রোধ করতে নিরাপত্তাব্যবস্থা জোরদার করার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** কোরবানির পশুর চামড়া নিয়ে যেসব কারসাজি ও পাচারের ঘটনা ঘটে তা স্থায়ীভাবে বন্ধ করতে কঠোর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যায়যায়দিন :** রেললাইনের লেভেল ক্রসিং অরক্ষিত অবস্থায় থাকায় দুর্ঘটনার সংখ্যা দিনদিন বাড়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে জনসচেতনতা বাড়ানোর পাশাপাশি কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি সান :** বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গারা স্বাস্থ্যঝুঁকির মধ্যে থাকায় এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের যুবসমাজকে দক্ষ করে গড়ে তুলতে বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সফল রাষ্ট্র হিসেবে গড়ে তুলতে পদ্ধতিগত দুর্বলতা দূর করে জাতীয় ঐকমত্যের ভিত্তিতে রাষ্ট্রীয় নীতিমালা ও পরিকল্পনা গ্রহণ করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'টেকসই পর্যটন উন্নয়ন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বাংলাদেশ যদি টেকসই পর্যটন উন্নয়ননীতির আলোকে বিভিন্ন কার্যক্রম সমন্বিতভাবে চালিয়ে যায়, তাহলে পর্যটনের সুফল সবাই পাবে ।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৬০/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ২৬ সেপ্টেম্বর ২০১৭, ১১ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। শারদীয় দুর্গোৎসব শুরু : আজ মহাষষ্ঠী

দুর্গাপূজা উপলক্ষে হিন্দু ধর্মাবলম্বীদের শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী

২। গবেষণাকর্মে অগ্রাধিকার দিতে হবে : রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধিদলকে রাষ্ট্রপতি

৩। জাতিসংঘে প্রধানমন্ত্রীর প্রস্তাব বাস্তবায়নে বিশ্ব নেতাদের মায়ানমারের ওপর চাপ দিতে হবে : স্বাস্থ্যমন্ত্রী

৪। ১২টি ত্রাণবিতরণ ক্যাম্প ও আট লঙ্গরখানার কাজে সমন্বয় করছে সেনাবাহিনী : সেতুমন্ত্রী

৫। রোহিঙ্গাদের আশ্রয় দেওয়া হবে ভাসানচরে : ত্রাণমন্ত্রী

৬। রোহিঙ্গা সংকট সমাধানে উদ্যোগ নেবে চীন

৭। রোহিঙ্গাদের স্বাস্থ্যসেবায় বিশ্বব্যাংকের কাছে ২৫০ মিলিয়ন ডলার সাহায্য চেয়েছে বাংলাদেশ

৮। সমস্যার সমাধান করতে হবে মায়ানমারকেই : জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনার

৯। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে ই-ফাইলিং কার্যক্রমের উদ্বোধন করলেন শিক্ষামন্ত্রী

১০। বছরে ২৫ লাখ টন এলএনজি দেবে কাতার : পেট্রোবাংলার সঙ্গে রাসগ্যাস'র চুক্তি স্বাক্ষর

১১। পূজামণ্ডপে নিশ্ছিদ্র নিরাপত্তাব্যবস্থা নেওয়া হয়েছে : ডিএমপি কমিশনার

চলমান পাতা-২

১। **শারদীয় দুর্গোৎসব শুরু : আজ মহাষষ্ঠী**
**দুর্গাপূজা উপলক্ষে হিন্দু ধর্মাবলম্বীদের শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী**

বোধনের মধ্য দিয়ে শুরু হয়েছে শারদীয় দুর্গোৎসব। আজ মহাষষ্ঠী। শারদীয় দুর্গাপূজা উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণীতে দেশের হিন্দু ধর্মাবলম্বীদের শুভেচ্ছা জানিয়েছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর বাণীতে বলেন, বাংলাদেশ ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল মানুষের নিরাপদ আবাসভূমি। সংবিধানে সব ধর্ম ও বর্ণের মানুষের সমানাধিকার সুনিশ্চিত করা হয়েছে। তিনি বলেন, 'ধর্ম যার যার, উৎসব সবার' এ মন্ত্রে উজ্জীবিত হয়ে আমরা সবাই একসঙ্গে উৎসব পালন করব। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

২। **গবেষণাকর্মে অগ্রাধিকার দিতে হবে : রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধিদলকে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বিশ্বের খ্যাতিমান শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অনুসরণে গবেষণাকর্মে অগ্রাধিকার দিতে বিশ্ববিদ্যালয়গুলোর কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. এম আবদুস সোবহানের নেতৃত্বে প্রতিষ্ঠানটির একটি প্রতিনিধিদল গতকাল (২৫ সেপ্টেম্বর সোমবার) বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি শিক্ষা প্রতিষ্ঠানে গবেষণা কর্মকাণ্ডে বরাদ্দ বাড়ানোর ওপরও গুরুত্বারোপ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

৩। **জাতিসংঘে প্রধানমন্ত্রীর প্রস্তাব বাস্তবায়নে বিশ্ব নেতাদের মায়ানমারের ওপর চাপ দিতে হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, রোহিঙ্গা সংকট সমাধানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনে যে ৫ দফা প্রস্তাব পেশ করেছেন, তা বাস্তবায়নের অংশ হিসেবে বিশ্ব নেতৃবৃন্দকে মায়ানমারের ওপর চাপ দিতে হবে। গতকাল (২৫ সেপ্টেম্বর সোমবার) রোহিঙ্গাদের স্বাস্থ্যসেবায় নিয়োজিত অস্থায়ী হাসপাতাল এবং নয়াপাড়া রোহিঙ্গাক্যাম্প পরিদর্শন শেষে সাংবাদিকদের স্বাস্থ্যমন্ত্রী বলেন, রোহিঙ্গাদের ব্যাপারে সরকার খুবই আন্তরিক। তাদের আহার, বাসস্থান ও অন্যান্য সুবিধার পাশাপাশি স্বাস্থ্যসেবাও নিশ্চিত করা হচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৪। **১২টি ত্রাণবিতরণ ক্যাম্প ও আট লঙ্গরখানার কাজে সমন্বয় করছে সেনাবাহিনী : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, রোহিঙ্গাদের ত্রাণ ও স্বাস্থ্যসেবাসহ সার্বিক সহায়তার জন্য ইতোমধ্যে বারোটি ত্রাণবিতরণ ক্যাম্প এবং আটটি লঙ্গরখানার কার্যক্রম সমন্বয় করছে সেনাবাহিনী। বারোটি ক্যাম্পে স্বাস্থ্যসম্মত টয়লেট এবং নলকূপ স্থাপন করা হচ্ছে। গতকাল (২৫ সেপ্টেম্বর সোমবার) কক্সবাজার ও বান্দরবানে ত্রাণ বিতরণকালে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৫। **রোহিঙ্গাদের আশ্রয় দেওয়া হবে ভাসানচরে : ত্রাণমন্ত্রী**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেছেন, পালিয়ে আসা রোহিঙ্গাদের সংখ্যা সাড়ে চার লাখ ছাড়িয়ে গেছে। মানবিক কারণে তাদের আশ্রয়ের পাশাপাশি থাকা-খাওয়ার ব্যবস্থা করা হয়েছে। তবে এই আশ্রয়ের ব্যাপারটি দীর্ঘমেয়াদি হলে নোয়াখালীর ভাসানচরে তাদের থাকার ব্যবস্থা করা হবে। গতকাল (২৫ সেপ্টেম্বর সোমবার) সচিবালয়ে জাতিসংঘ শরণার্থীবিষয়ক সংস্থা ইউএনএইচসিআর হাইকমিশনার ফিলিপ গ্র্যান্ডির সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের এ কথা বলেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

৬। **রোহিঙ্গা সংকট সমাধানে উদ্যোগ নেবে চীন**

রোহিঙ্গা ইস্যু নিয়ে মায়ানমারের সঙ্গে বাংলাদেশের সমস্যার স্থায়ী সমাধানে দেশটিকে প্রভাবিত করার প্রচেষ্টা চালানোর আশ্বাস দিয়েছে চীন সরকার। গতকাল (২৫ সেপ্টেম্বর সোমবার) চীনের রাজধানী বেইজিংয়ে চীন সফররত আওয়ামী লীগ প্রতিনিধিদলের সঙ্গে ক্ষমতাসীন চীনা কমিউনিস্ট পার্টির নেতাদের বৈঠককালে দেশটির আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ভাইস মিনিস্টার লি জুন এ আশ্বাস দেন। তিনি আরো বলেন, চীন

সরকার মায়ানমারকে প্রভাবিত করবে যেন তারা বাংলাদেশের উদ্যোগের প্রতি শ্রদ্ধা জানিয়ে এ বিষয়ে বাংলাদেশের সঙ্গে আলোচনায় বসে। প্রতিনিধি দলের অন্যতম সদস্য ও আওয়ামী লীগের উপদপ্তর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া গতকাল ২৫ সেপ্টেম্বর সোমবার টেলিফোনে সংবাদমাধ্যমকে এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**৭। রোহিঙ্গাদের স্বাস্থ্যসেবায় বিশ্বব্যাংকের কাছে ২৫০ মিলিয়ন ডলার সাহায্য চেয়েছে বাংলাদেশ**

রোহিঙ্গাদের স্বাস্থ্যসেবায় বিশ্ব ব্যাংকের কাছে ২৫০ মিলিয়ন ডলার সাহায্য চেয়েছে বাংলাদেশ। গতকাল (২৫ সেপ্টেম্বর সোমবার) সচিবালয়ে দুর্যোগ ও মহামারী মোকাবিলায় বাংলাদেশের প্রস্তুতি এবং বিশ্বব্যাংকের সহায়তাবিষয়ক এক সভায় সভাপতিত্বের সময় স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক এ সাহায্য চান। এ সময় তিনি বলেন, বাংলাদেশ অতীতে যেভাবে বিভিন্ন দুর্যোগ প্রতিরোধে সফল হয়েছে, রোহিঙ্গাদের সহায়তা কাজেও এবার সেভাবে সফলতা নিয়ে আসবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.৪)।

**৮। সমস্যার সমাধান করতে হবে মায়ানমারকেই : জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনার**

বাংলাদেশ সফররত জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনার ফিলিপ গ্র্যান্ডি গতকাল (২৫ সেপ্টেম্বর সোমবার) ঢাকায় এক সংবাদসম্মেলনে বলেছেন, রোহিঙ্গা সংকটের সৃষ্টি করেছে মায়ানমার সরকার। এ সমস্যার স্থায়ী সমাধানও তাদেরই করতে হবে। সমাধানের পথ একটাই-রোহিঙ্গাদের মায়ানমারের নাগরিকত্ব দেওয়া এবং সেখানে তাদের বসবাসের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা। কক্সবাজারের কুতুপালং ক্যাম্পসহ গত ২৫ আগস্ট থেকে আসা রোহিঙ্গা অবস্থানগুলো দেখে এসে তিনি এ সংবাদ সম্মেলন করেন। এক প্রশ্নের জবাবে ফিলিপ গ্র্যান্ডি বলেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের সাধারণ অধিবেশনে দেওয়া বক্তব্যে সমস্যার সমাধানের জন্য যে কথা বলেছেন, তার সঙ্গে জাতিসংঘও একমত। সমস্যার সমাধান মায়ানমার সরকারকেই করতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক, জনকণ্ঠ, প্রথম আলো, ডেইলি সান, নিউ নেশন, অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

রোহিঙ্গাদের জন্য চীনের ত্রাণ আসছে জানিয়ে বাংলাদেশে নিযুক্ত দেশটির রাষ্ট্রদূত মা মিং চিয়াং বলেছেন, এ সংকট সমাধানে উদ্যোগ নিতে চায় তার দেশ। চীনের ৬৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গতকাল (২৫ সেপ্টেম্বর সোমবার) দূতাবাসে এক অনুষ্ঠানে তিনি বলেন, দুই দিনের মধ্যে চীন থেকে ১৫০ মেট্রিক টন জরুরি ত্রাণসামগ্রী চট্টগ্রামে পৌঁছাবে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৯। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে ই-ফাইলিং কার্যক্রমের উদ্বোধন করলেন শিক্ষামন্ত্রী**

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে ই-ফাইলিং কার্যক্রম শুরু হয়েছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল (২৫ সেপ্টেম্বর সোমবার) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে তাঁর অফিস কক্ষে ই-ফাইলিং কার্যক্রম উদ্বোধন করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

**১০। বছরে ২৫ লাখ টন এলএনজি দেবে কাতার : পেট্রোবাংলার সঙ্গে রাসগ্যাস'র চুক্তি স্বাক্ষর**

বাংলাদেশে বছরে ২৫ লাখ টন এলএনজি সরবরাহ করবে কাতারের রাষ্ট্রীয় সংস্থা রাসগ্যাস । এ জন্য প্রতিষ্ঠানটির সঙ্গে ১৫ বছর মেয়াদি চুক্তি স্বাক্ষর করেছে পেট্রোবাংলা। গতকাল (২৫ সেপ্টেম্বর সোমবার) কাতারের দোহায় পেট্রোবাংলার পক্ষে চেয়ারম্যান আবুল মনসুর মো. ফয়জুল্লাহ এবং রাসগ্যাস'র পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা হামাদ রশিদ আল-মহান্নাদি চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.২), **সংবাদ** (পৃ.৪,ক.৪), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

**১১। পূজামণ্ডপে নিশ্ছিদ্র নিরাপত্তাব্যবস্থা নেওয়া হয়েছে : ডিএমপি কমিশনার**

শারদীয় দুর্গোৎসবকে সামনে রেখে রাজধানীর সবগুলো পূজামণ্ডপে নিশ্ছিদ্র নিরাপত্তাব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনার আছাদুজ্জামান মিয়া গতকাল (২৫ সেপ্টেম্বর সোমবার) ঢাকেশ্বরী মন্দিরের নিরাপত্তাব্যবস্থা পরিদর্শন করতে গিয়ে তিনি এসব কথা বলেন। ডিএমপি কমিশনার বলেন, ঢাকেশ্বরী, বনানী, রামকৃষ্ণ মিশন ও রমনাসহ রাজধানীর ২৩১টি পূজামণ্ডপে তিন

ভাগে ভাগ করে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। নিরাপত্তাব্যবস্থার অংশ হিসেবে পূজামণ্ডপগুলো সিসি ক্যামেরার আওতায় থাকবে। এছাড়া মণ্ডপ এলাকায় সব ধরনের ব্যাগ, ধাতব বস্তু, ছুরি ইত্যাদি নিষিদ্ধ করা হয়েছে। বিসর্জনের দিন বিকাল ৩টায় বের হয়ে সময়মতো বিসর্জনের অনুরোধ জানান তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** সুপার ম্যালেরিয়া নামের জ্বরটি দক্ষিণ-পূর্ব এশিয়ায় উদ্বেগজনকভাগে ছড়িয়ে পড়ায় বাংলাদেশও ঝুঁকির মুখে আছে উল্লেখ করে যথাযথ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এ রোগটি প্রতিরোধের আহ্বান।

**খ.** **সমকাল, প্রথম আলো, সংবাদ, নিউ এজ, ডেইলি স্টার :** ঢাকা মেট্রোপলিটন পুলিশের ট্রাফিক বিভাগ রাজধানীতে উল্টোপথে গাড়ি চালানোর বিরুদ্ধে অভিযান চালানোর কথা উল্লেখ করে যানজট নিয়ন্ত্রণে সুষ্ঠু ট্রাফিক ব্যবস্থাপনার ওপর গুরুত্বারোপ।

**গ.** **সমকাল :** উপকূলবাসীকে ঘূর্ণিঝড়-জলোচ্ছ্বাস হতে রক্ষার জন্য সৃজন করা মহেশখালীর প্যারাবনে পোকার আক্রমণে বাইনগাছ শুকিয়ে যাচ্ছে উল্লেখ করে এ পোকা নিয়ন্ত্রণে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ঘ.** **জনকণ্ঠ :** রাজধানীর প্রাণ বুড়িগঙ্গা নদীকে বাঁচাতে সর্বাত্মক প্রচেষ্টা চালানোর ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **যায়যায়দিন :** বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের পাশে দাঁড়ানোকে মানবিক দৃষ্টান্ত উল্লেখ করে এর সাথে সাথে রোহিঙ্গা সংকটের স্থায়ী সমাধানের দিকে এগিয়ে যাওয়ার সুপারিশ।

**চ.** **নিউজ টুডে :** দেশে মাদক নিয়ন্ত্রণে কঠোর আইন প্রয়োগের সুপারিশ।

**ছ.** **নিউ নেশন :** যত্রতত্র পলিথিন ব্যাগ ফেলায় তা বিভিন্ন ড্রেনে জমে পানি প্রবাহে বাধা সৃষ্টি করায় পলিথিন ব্যাগ ব্যবহারের বদলে বিকল্প পরিবেশবান্ধব ব্যাগ ব্যবহারের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, পশ্চিমা বিশ্বকে অন্ধভাবে অনুসরণ আমাদের মূল্যবোধের পরিপন্থী।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'সৃজনশীল পদ্ধতির সমস্যাটা কোথায়'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিক্ষা ক্ষেত্রে সৃজনশীল পদ্ধতিকে কার্যকর করে তুলতে শিক্ষকদেরই প্রথমে সৃজনশীলতার দুর্বোধ্যতাকে জয় করতে হবে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

### তথ্য অধিদফতর
### বাংলাদেশ সচিবালয়
### ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫৯/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ২৫ সেপ্টেম্বর ২০১৭, ১০ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আগামী নির্বাচন অবশ্যই অবাধ ও নিরপেক্ষ হবে : ভয়েস অভ আমেরিকাকে প্রধানমন্ত্রী
রোহিঙ্গাদের নিজ দেশে ফেরত পাঠাতে সহায়তায় আন্তর্জাতিক মহলকে আহ্বান

২। দেশের প্রকৃত ইতিহাস তুলে ধরতে এশিয়াটিক সোসাইটির প্রতি আহ্বান রাষ্ট্রপতির

৩। প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্র থেকে জরুরি ফাইলে ডিজিটালি স্বাক্ষর করছেন

৪। মানবতার কল্যাণে এক উজ্জ্বল দৃষ্টান্ত বাংলাদেশ : রোহিঙ্গা ইস্যুতে স্পিকার

৫। রোহিঙ্গা সংকট নিরসনে আন্তর্জাতিক চাপের পাশাপাশি দ্বিপক্ষীয় সংলাপ চায় বাংলাদেশ
মায়ানমারের স্টেট কাউন্সিলরের দফতরের মন্ত্রীকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ

৬। রোহিঙ্গাদের শরণার্থীর মর্যাদা দেওয়া হবে না : শিল্পমন্ত্রী

৭। প্রধানমন্ত্রীর জন্মদিন উদ্‌যাপনের অর্থ রোহিঙ্গাদের ত্রাণ সহায়তায় দেওয়ার আহ্বান সেতুমন্ত্রীর

৮। বালুখালীতে রোহিঙ্গা শিবিরে তথ্যমন্ত্রীর ত্রাণ বিতরণ

৯। রোহিঙ্গা নিপীড়নের নিন্দা জানাল সৌদি আরব
এক লাখ রোহিঙ্গার আশ্রয়কেন্দ্র নির্মাণ করে দেবে তুরস্ক

১০। রোহিঙ্গাদের জন্য বাংলাদেশের ব্যাপক আন্তর্জাতিক সহায়তা প্রয়োজন
জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনার

১১। মালিতে বিদ্রোহীদের হামলায় ৩ বাংলাদেশি শান্তিরক্ষী নিহত
প্রধানমন্ত্রীর শোক প্রকাশ

১২। প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রাণনাশসংক্রান্ত খবর ভিত্তিহীন : প্রধানমন্ত্রীর কার্যালয়

চলমান পাতা-২

১। **আগামী নির্বাচন অবশ্যই অবাধ ও নিরপেক্ষ হবে : ভয়েস অভ আমেরিকাকে প্রধানমন্ত্রী**
**রোহিঙ্গাদের নিজ দেশে ফেরত পাঠাতে সহায়তায় আন্তর্জাতিক মহলকে আহ্বান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আগামী নির্বাচন অবশ্যই অবাধ ও নিরপেক্ষ হবে। নির্বাচন কমিশনকে শক্তিশালী করা হয়েছে। কমিশনকে এখন টাকাও চাইতে হয় না। বাজেটে আলাদা করে তাদের টাকা দেওয়া আছে। নির্বাচন কমিশন আয়োজন করবে নির্বাচন। ভয়েস অভ আমেরিকার বাংলা সার্ভিসকে দেওয়া সাক্ষাৎকারে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, আমরা একটি কথাই বিশ্বাস করি জনগণ ভোটের মালিক। এটি তাদের সাংবিধানিক অধিকার। তারা তাদের পছন্দের প্রার্থীকে ভোট দেবে, সেটা আমি সর্বান্তকরণে বিশ্বাস করি। মায়ানমার থেকে বাংলাদেশে আসা রোহিঙ্গা শরণার্থীদের যেন মায়ানমার সরকার ফিরিয়ে নিয়ে যথাযথ নিরাপত্তা দিয়ে রাখে এ বিষয়ে যথাযথ পদক্ষেপ নিতে আন্তর্জাতিক মহলের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **যুগান্তর** (পৃ.১,ক.৭) **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

২। **দেশের প্রকৃত ইতিহাস তুলে ধরতে এশিয়াটিক সোসাইটির প্রতি আহ্বান রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস তুলে ধরার জন্য বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল ২৪ সেপ্টেম্বর রোববার বঙ্গভবনে এশিয়াটিক সোসাইটির পাঁচ সদস্যবিশিষ্ট প্রতিনিধিদল রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। তিনি বলেন, এশিয়াটিক সোসাইটিকে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে 'থিঙ্ক ট্যাঙ্ক' হিসেবে কাজ করতে হবে। দেশের প্রকৃত ইতিহাস ও কৃষ্টি তুলে ধরতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৮)।

৩। **প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্র থেকে জরুরি ফাইলে ডিজিটালি স্বাক্ষর করছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্র থেকে জরুরি ফাইলপত্র ডিজিটালি স্বাক্ষর করছেন। জাতিসংঘ সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনে যোগদান শেষে তিনি বর্তমানে ওয়াশিংটনে রয়েছেন। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব আশরাফুল আলম খোকন জানান, প্রধানমন্ত্রী ওয়াশিংটন থেকে বেশ কিছু জরুরি গুরুত্বপূর্ণ ই-ফাইল গতকাল ২৪ সেপ্টেম্বর রোববার ডিজিটালি নিস্পত্তি করেছেন। এর আগে প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্রে থাকা অবস্থায় জরুরি ফাইলপত্র সব ইলেক্ট্রনিক ফাইলে (ই-ফাইল) প্রেরণের জন্য তাঁর কার্যালয়কে নির্দেশ দেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

৪। **মানবতার কল্যাণে এক উজ্জ্বল দৃষ্টান্ত বাংলাদেশ : রোহিঙ্গা ইস্যুতে স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, রোহিঙ্গাদের মানবিক সাহায্য ও আশ্রয় দেওয়ায় বাংলাদেশের ভাবমূর্তি বিশ্বদরবারে উজ্জ্বল হয়েছে। মানবতার কল্যাণে বাংলাদেশ এখন এক উজ্জ্বল দৃষ্টান্ত। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ় মনোবল ও সাহসী নেতৃত্বের কারণে এটা সম্ভব হয়েছে। গতকাল (২৪ সেপ্টেম্বর রোববার) কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গাদের মধ্যে ত্রাণ বিতরণ কার্যক্রমে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীর আহ্বানে রোহিঙ্গা পুনর্বাসন ও প্রত্যাবর্তনের ইস্যুতে এরই মধ্যে বিশ্ববিবেক জাগ্রত হয়েছে। আনান কমিশনের রিপোর্টের নিঃশর্ত বাস্তবায়ন ও মায়ানমারের নিরাপদ অঞ্চলে রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে তিনি মায়ানমার সরকারের প্রতি আহ্বান জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১),

৫। **রোহিঙ্গা সংকট নিরসনে আন্তর্জাতিক চাপের পাশাপাশি দ্বিপক্ষীয় সংলাপ চায় বাংলাদেশ**
**মায়ানমারের স্টেট কাউন্সিলরের দফতরের মন্ত্রীকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ**

রোহিঙ্গা সংকট নিরসনের লক্ষ্যে মায়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ সৃষ্টির পাশাপাশি দেশটির সঙ্গে দ্বিপক্ষীয় সংলাপ চায় বাংলাদেশ। এ লক্ষ্যে মায়ানমারের স্টেট কাউন্সিলর অং সান সুচি'র দফতরের মন্ত্রী খিও টিন্ট সোয়েকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানানো হয়েছে। সম্প্রতি জাতিসংঘ সাধারণ অধিবেশনে সাইডলাইনে পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সঙ্গে বৈঠক করেন মায়ানমারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা থং তান। ওই বৈঠকে মায়ানমারের পক্ষ থেকে রোহিঙ্গা ইস্যুতে আলোচনা করার আগ্রহ ব্যক্ত করা হয়। এ ব্যাপারে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম গতকাল (২৪ সেপ্টেম্বর রোববার) বলেন, আমরা মায়ানমারের স্টেট কাউন্সিলরের দফতরের মন্ত্রী খিও টিন্ট সোয়েকে বাংলাদেশ সফরে আসার আমন্ত্রণ জানিয়েছি। রোহিঙ্গা ইস্যুতে আলোচনার লক্ষ্যেই আমরা এ আমন্ত্রণ জানিয়েছি। আমরা তাঁর বাংলাদেশ সফরে আসার অপেক্ষায় আছি। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

৬। **রোহিঙ্গাদের শরণার্থীর মর্যাদা দেওয়া হবে না : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, মানবিক কারণে রোহিঙ্গাদের বাংলাদেশে আশ্রয় দেওয়া হলেও তাদের শরণার্থীর মর্যাদা দেওয়া হবে না। এ ধরনের কোনো চিন্তা আপাতত সরকারের নেই।

বাংলাদেশ চায় রোহিঙ্গারা মায়ানমারেই ফিরে যাক। রোহিঙ্গারাও সেটাই চায়। গতকাল (২৪ সেপ্টেম্বর রোববার) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আইনশৃঙ্খলাসংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় বৈঠকশেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। আমির হোসেন আমুর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যদের মধ্যে আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক, স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল প্রমুখ উপস্থিত ছিলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.২,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**৭। প্রধানমন্ত্রীর জন্মদিন উদ্‌যাপনের অর্থ রোহিঙ্গাদের ত্রাণ সহায়তায় দেওয়ার আহ্বান সেতুমন্ত্রীর**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের আগামী ২৮ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিনের সকল আনুষ্ঠানিকতা পরিহার করে সেই অর্থ রোহিঙ্গাদের ত্রাণ সহায়তায় দেওয়ার জন্য সারাদেশের নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (২৪ সেপ্টেম্বর রোববার) নাইক্ষ্যংছড়ি উপজেলা পরিষদ মিলনায়তনে ত্রাণ কাজের সমন্বয়ে নিয়োজিত কর্মকর্তাদের নিয়ে মতবিনিময়কালে তিনি এই আহ্বান জানান। সূত্র-**ইনকিলাব** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৪)।

**৮। বালুখালীতে রোহিঙ্গা শিবিরে তথ্যমন্ত্রীর ত্রাণ বিতরণ**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, রোহিঙ্গা সমস্যা মোকাবিলায় সমগ্র দেশবাসী ও বিশ্ববাসী প্রধানমন্ত্রী শেখ হাসিনার শান্তি ও সমাধানের উদ্যোগের পাশে ঐক্যবদ্ধ। তিনি বলেন, রোহিঙ্গা সংকট সমাধানের তিন উদ্যোগ হলো-শেখ হাসিনার শান্তির উদ্যোগ, গণমাধ্যমের বলিষ্ঠ উদ্যোগ এবং কূটনৈতিক উদ্যোগ। জাসদ সভাপতি হাসানুল হক ইনুর নেতৃত্বে ১৬ সদস্যের কেন্দ্রীয় নেতৃবৃন্দ গতকাল (২৪ সেপ্টেম্বর রোববার) বালুখালী রোহিঙ্গা শিবিরে ত্রাণ বিতরণ করেন। ত্রাণ বিতরণের পর কুতুপালং রোহিঙ্গা শিবির পরিদর্শনশেষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**৯। রোহিঙ্গা নিপীড়নের নিন্দা জানাল সৌদি আরব**
**এক লাখ রোহিঙ্গার আশ্রয়কেন্দ্র নির্মাণ করে দেবে তুরস্ক**

রোহিঙ্গা মুসলমানদের বিরুদ্ধে মায়ানমার সরকারের 'নিপীড়ন নীতির' নিন্দা জানিয়েছে সৌদি আরব। জাতিসংঘের ৭২তম সাধারণ অধিবেশনে দেশটির পররাষ্ট্রমন্ত্রী আদেল আল জুবায়ের তাঁর দেওয়া ভাষণে দমননীতির কঠোর সমালোচনা এবং উদ্বেগ প্রকাশ করেন। সাধারণ অধিবেশনে দেওয়া ভাষণে তিনি বলেন, 'আমার দেশ মুসলিম রোহিঙ্গাদের ওপর মায়ানমার সরকারের নিপীড়ন ও তাদের জোরপূর্বক বিতাড়নের নীতিতে গভীরভাবে উদ্বিগ্ন এবং এর নিন্দা জানাচ্ছে।'

বাংলাদেশে পালিয়ে আসা এক লাখ রোহিঙ্গার জন্য আশ্রয়কেন্দ্র নির্মাণ করে দেবে তুরস্ক। গতকাল (২৪ সেপ্টেম্বর রোববার) সচিবালয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়ার সঙ্গে সাক্ষাতে তুরস্কের আন্তর্জাতিক সম্পর্ক ও সহযোগিতাবিষয়ক সংস্থার সমন্বয়ক আহমেদ রফিক এ তথ্য জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে (পৃ.১,ক.৩)।**

**১০। রোহিঙ্গাদের জন্য বাংলাদেশের ব্যাপক আন্তর্জাতিক সহায়তা প্রয়োজন**
**জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনার**

রোহিঙ্গাদের জন্য বাংলাদেশের ব্যাপক আন্তর্জাতিক সহায়তা প্রয়োজন বলে জানিয়েছেন জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনার (ইউএনএইচসিআর) ফিলিপ্পো গ্র্যান্ডি। তিনি বলেছেন, শরণার্থীদের প্রতি বাংলাদেশের মানুষ যে মমত্ববোধ দেখিয়েছে তা তিনি তাঁর কর্মজীবনে কখনও দেখেননি। গতকাল (২৪ সেপ্টেম্বর রোববার) কক্সবাজারে ইউএনএইচসিআর কার্যালয় আয়োজিত সংবাদসম্মেলনে ফিলিপ্পো গ্র্যান্ডি এ কথা বলেন। এর আগে তিনি কক্সবাজারের উখিয়ার কুতুপালংয়ে রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেন। এসময় জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনার উখিয়ার বালুখালী ও থাইংখালী রোহিঙ্গা শিবিরও ঘুরে দেখেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

**১১। মালিতে বিদ্রোহীদের হামলায় ৩ বাংলাদেশি শান্তিরক্ষী নিহত**
**প্রধানমন্ত্রীর শোক প্রকাশ**

আফ্রিকার মালিতে বিদ্রোহীদের হামলায় তিন বাংলাদেশি শান্তিরক্ষী নিহত এবং চারজন আহত হয়েছেন। গতকাল (২৪ সেপ্টেম্বর রোববার) বিদ্রোহীদের সঙ্গে শান্তিরক্ষীদের সংঘর্ষের মধ্যে বোমার বিস্ফোরণে হতাহতের এ ঘটনা ঘটে বলে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদফতরের (আইএসপিআর) এক বিবৃতিতে জানানো হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা মালিতে সন্ত্রাসীদের পুঁতে রাখা স্থল মাইন বিস্ফোরণে তিন বাংলাদেশি শান্তিরক্ষীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। গতকাল (২৪ সেপ্টেম্বর রোববার) এক শোকবার্তায় প্রধানমন্ত্রী মালিতে শান্তি বজায় রাখতে বাংলাদেশি শান্তিরক্ষীদের অবদান গভীর কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিহতদের রুহের মাগফিরাত কামনা করেন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারের

সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। এ ছাড়া প্রধানমন্ত্রী আহত চার বাংলাদেশি শান্তিরক্ষীর দ্রুত আরোগ্য কামনা করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১৩,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**১২। প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রাণনাশসংক্রান্ত খবর ভিত্তিহীন : প্রধানমন্ত্রীর কার্যালয়**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রাণনাশসংক্রান্ত যে খবর সংবাদ মাধ্যমে এসেছে তা ভিত্তিহীন, বিভ্রান্তিমূলক এবং উদ্দেশ্যপ্রণোদিত বলে জানিয়েছে প্রধানমন্ত্রীর কার্যালয়। প্রধানমন্ত্রীর প্রেস সচিব এহসানুল করিমের পক্ষে উপ-প্রেস সচিব আশরাফুল আলম খোকন স্বাক্ষরিত প্রধানমন্ত্রীর প্রেস উইংয়ের পক্ষ থেকে গতকাল (২৪ সেপ্টেম্বর রোববার) গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা জানিয়ে বলা হয়, 'মাননীয় প্রধানমন্ত্রীর ওপর ২৪ আগস্ট ২০১৭ তারিখে হামলার খবরটি সম্পূর্ণভাবে ভিত্তিহীন, বিভ্রান্তিমূলক এবং উদ্দেশ্যপ্রণোদিত।' সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** টাঙ্গাইলের মধুপুরে জীববৈচিত্র্য নষ্ট হয়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে নানা রকমের দূষণ ও জলবায়ু পরিবর্তনের প্রভাবে হুমকির মুখেপড়া জীববৈচিত্র্য রক্ষায় কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ, ভোরের কাগজ :** বাংলাদেশ ও স্পেন দ্বিপক্ষীয় গোয়েন্দা তথ্যের ভিত্তিতে দুই দেশে একইসময়ে অভিযান চালিয়ে জঙ্গি সবুজ ও তার ১১ সহযোগী গ্রেপ্তার হওয়াকে জঙ্গিবিরোধী অভিযানের একটি বড় সফলতা বলে মতপ্রকাশ।

গ. **জনকণ্ঠ, ইত্তেফাক :** নিউইয়র্কে জাতিসংঘ সদরদফতরে প্রদত্ত প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাষণে মায়ানমারের রাখাইন রাজ্যে উদ্ভূত রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য বিশ্ব সম্প্রদায়ের প্রতি উদাত্ত আহ্বান জানিয়ে যে পাঁচটি প্রস্তাব পেশ করেছেন তা বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **যুগান্তর :** ভেজাল ওষুধ চক্রকে খুঁজে বের করে কঠোর শাস্তির দাবি।

ঙ. **যায়যায়দিন :** দেশের অধিকাংশ সড়কমহাসড়কের বেহাল অবস্থার কথা উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট, বাংলাদেশ টুডে, নিউ এজ :** গৃহস্থালি বর্জ্য এবং জাহাজ হতে নির্গত বর্জ্য সরাসরি নদীতে ফেলায় নদীগুলো দূষিত হয়ে পড়ছে উল্লেখ করে নদী সুরক্ষায় কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি স্টার :** শিশুশ্রম বন্ধে কঠোর আইন প্রয়োগের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, যানজট কমাতে হলে ফ্লাইওভার নির্মাণের চেয়ে জরুরি হল, প্রাইভেট গাড়ির সংখ্যা কমানো।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'আইনশৃঙ্খলার টেকসই উন্নয়ন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, আইনশৃঙ্খলার উন্নয়ন করতে হলে অপরাধের উৎস প্রথমে খুঁজে বের করতে হবে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫৮/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ২৪ সেপ্টেম্বর ২০১৭, ৯ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ওয়াশিংটনে পৌঁছেছেন প্রধানমন্ত্রী

২। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের সঙ্গে আলোচনার প্রস্তাব মায়ানমারের

৩। সরকার সতর্কভাবে রোহিঙ্গা পরিস্থিতি মোকাবিলা করছে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৪। রোহিঙ্গাদের কাছে সিম বিক্রি করলে শাস্তি : টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী

৫। রোহিঙ্গা শিবিরে ত্রাণ কার্যক্রম পরিচালনায় সেনাবাহিনী

৬। জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনারের রোহিঙ্গা শিবির পরিদর্শন

৭। এলডিসির প্রযুক্তি ব্যাংকে ৫০ হাজার মার্কিন ডলার দেবে বাংলাদেশ : পররাষ্ট্রমন্ত্রী

৮। কারিগরি শিক্ষার্থীদের উদ্ভাবিত বিভিন্ন প্রকল্পে বিনিয়োগে করুন
: ব্যবসায়ীদের প্রতি শিক্ষামন্ত্রী

৯। সৌদির জাতীয় দিবসের অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী

১০। আজ বিশ্ব নদী দিবস
নদী রক্ষায় জনসচেতনতা বাড়াতে হবে : পানিসম্পদমন্ত্রী

১১। সুপার ম্যালেরিয়া আতঙ্ক : সতর্ক স্বাস্থ্য বিভাগ

১২। বাংলাদেশে জঙ্গি অর্থায়নে স্পেন প্রবাসীর সংশ্লিষ্টতা : দেশে আটক ১১

চলমান পাতা-২

**১। ওয়াশিংটনে পৌঁছেছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্রের সময় অনুযায়ী গত ২২ সেপ্টেম্বর শুক্রবার বিকেলে (বাংলাদেশ সময় অনুযায়ী শনিবার প্রভাতে) যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন পৌঁছেছেন। প্রধানমন্ত্রী শুক্রবার দুপুরে সড়কপথে ওয়াশিংটনের উদ্দেশে নিউইয়র্ক ত্যাগ করেন। জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মাসুদ বিন মোমেন নিউইয়র্কে প্রধানমন্ত্রীকে বিদায় জানান। প্রধানমন্ত্রী ওই দিন (শুক্রবার) বিকেলে যুক্তরাষ্ট্রের রাজধানীতে পৌঁছেন এবং তাঁকে রিজ কার্লটন-টাইসন্স হোটেলে নিয়ে যাওয়া হয়। এখানেই তিনি অবস্থান করবেন। প্রধানমন্ত্রী এক সপ্তাহ ওয়াশিংটনে অবস্থানের পর আগামী ২৯ সেপ্টেম্বর দেশের উদ্দেশে যাত্রা করবেন। তিনি লন্ডন হয়ে ২ অক্টোবর দেশে পৌঁছবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**২। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের সঙ্গে আলোচনার প্রস্তাব মায়ানমারের**

আন্তর্জাতিক চাপের মুখে রাখাইনে সহিংসতা শুরু হওয়ার প্রায় এক মাস পর রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের সঙ্গে আলোচনার প্রস্তাব দিয়েছে মায়ানমার। জাতিসংঘের সাইডলাইনে মায়ানমারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা থাউং টুনের সঙ্গে পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর বৈঠকে মায়ানমার এ প্রস্তাব দেয়। পরিস্থিতির উন্নয়নে দ্রুত পদক্ষেপের অংশ হিসেবে দেশটির স্টেট কাউন্সিলর অং সান সুচি বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রীকে মায়ানমার সফরের আহ্বান জানিয়েছেন। এদিকে জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেসকে মায়ানমারে রাখাইন রাজ্যে সৃষ্ট রোহিঙ্গা সংকটের বিষয়ে পাবলিকলি ব্রিফ বা উন্মুক্ত বিবৃতি দেওয়ার আহ্বান জানিয়েছে নিরাপত্তা পরিষদের অর্ধেক সদস্য রাষ্ট্র। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, মিসর, সেনেগাল, সুইডেন ও কাজাখস্তান গত ২২ সেপ্টেম্বর শুক্রবার এ আহ্বান জানিয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬)।

**৩। সরকার সতর্কভাবে রোহিঙ্গা পরিস্থিতি মোকাবিলা করছে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, সরকার খুব সতর্কভাবে রোহিঙ্গা পরিস্থিতি মোকাবিলা করছে। মায়ানমার আমাদের আকাশসীমা লংঘনের ঘটনা ঘটিয়েছে। এই অবস্থায় কোনো উস্কানিতে আমরা সাড়া দেব না। গতকাল (২৩ সেপ্টেম্বর শনিবার) সকালে নোয়াখালীর কোম্পানীগঞ্জে সাংবাদিকদের সাথে আলাপকালে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৫)।

**৪। রোহিঙ্গাদের কাছে সিম বিক্রি করলে শাস্তি : টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী**

টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম বলেছেন, কোনো ব্যক্তি বা খুচরা সিম বিক্রেতা রোহিঙ্গাদের কাছে সিম বিক্রি করলে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (২৩ সেপ্টেম্বর শনিবার) বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের (বিটিআরসি) সভাকক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**৫। রোহিঙ্গা শিবিরে ত্রাণ কার্যক্রম পরিচালনায় সেনাবাহিনী**

কক্সবাজার ও পার্শ্ববর্তী এলাকায় রোহিঙ্গাদের ত্রাণ বিতরণ এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে গতকাল (২৩ সেপ্টেম্বর শনিবার) থেকে কাজ শুরু করেছে সেনাবাহিনী। কক্সবাজার জেলা প্রশাসকের কার্যালয়ে গত ২২ সেপ্টেম্বর শুক্রবার এক সংবাদ সম্মেলনে সেনাবাহিনীর কাজ করার বিষয়টি নিশ্চিত করা হয়। পুলিশ প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়, সেনাসদস্যরা গতকাল (২৩ সেপ্টেম্বর শনিবার) থেকে কক্সবাজার, উখিয়া, টেকনাফসহ বিভিন্ন এলাকায় অবস্থান নিয়ে এলাকায় যানবাহন ও আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে কাজ করে যাচ্ছেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৪)।

**৬। জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনারের রোহিঙ্গা শিবির পরিদর্শন**

কক্সবাজারের উখিয়ায় কুতুপালং রোহিঙ্গা শিবির পরিদর্শন করেছেন জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থা ইউএনএইচসিআর'র হাইকমিশনার ফিলিপো গ্র্যান্ডি। গতকাল (২৩ সেপ্টেম্বর শনিবার) উখিয়ায় কুতুপালং রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেন ইউএনএইচসিআর কর্মকর্তা। এসময় তিনি ক্যাম্পে অবস্থানরত

কর্মকর্তা ও রোহিঙ্গাদের সঙ্গে কথা বলেন। জাতিসংঘের এ কর্মকর্তা পরে উখিয়ার বালুখালী ও থাইংখালী রোহিঙ্গা শিবিরও ঘুরে দেখেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**৭। এলডিসির প্রযুক্তি ব্যাংকে ৫০ হাজার মার্কিন ডলার দেবে বাংলাদেশ : পররাষ্ট্রমন্ত্রী**

স্বল্পোন্নত দেশসমূহের (এলডিসি) প্রযুক্তি ব্যাংককে টোকেন হিসেবে ৫০ হাজার মার্কিন ডলার দেবে বাংলাদেশ। নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশন চলাকালে পররাষ্ট্রমন্ত্রী এএইচ মাহমুদ আলী এ তথ্য জানান। তিনি বলেন, এলডিসি'র জন্য গৃহীত ইস্তাম্বুল কর্মপরিকল্পনা বাস্তবায়নের পথে এটি বড় ধরনের যুগান্তকারী পদক্ষেপ। আমরা বিশ্বাস করি সময়ের সঙ্গে সঙ্গে স্বল্পোন্নত সব দেশের জন্য ফলদায়ক হবে এই প্রযুক্তি ব্যাংক। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **যায়যায়দিন** (পৃ.১৫,ক.৩)।

**৮। কারিগরি শিক্ষার্থীদের উদ্ভাবিত বিভিন্ন প্রকল্পে বিনিয়োগ করুন : ব্যবসায়ীদের প্রতি শিক্ষামন্ত্রী**

কারিগরি প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের উদ্ভাবিত বিভিন্ন প্রকল্পে বিনিয়োগে এগিয়ে আসতে শিল্পপতি ও ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল (২৩ সেপ্টেম্বর শনিবার) রাজধানীর আগারগাঁওয়ে পরমাণু শক্তি কমিশন অডিটোরিয়ামে 'স্কিলস কম্পিটিশন ২০১৭' এর উদ্বোধন অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। কারিগরি শিক্ষা অধিদফতরের আওতায় বাস্তবায়নাধীন স্কিলস অ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (স্টেপ) এ অনুষ্ঠানের আয়োজন করে। শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার শিক্ষাকে অগ্রাধিকার দিচ্ছে। আর কারিগরি শিক্ষাকে সর্বাধিক অগ্রাধিকার দেওয়া হচ্ছে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

**৯। সৌদির জাতীয় দিবসের অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, সৌদি আরবের সঙ্গে বাংলাদেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক দিন দিন বাড়ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্প্রতি দুইবার সৌদি আরব সফর করেছেন। সৌদি আরবের জাতীয় দিবস উপলক্ষে গতকাল (২৩ সেপ্টেম্বর শনিবার) রাজধানীর হোটেল লা মেরিডিয়ানে এক শুভেচ্ছাবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সৌদি দূতাবাস এ অনুষ্ঠানের আয়োজন করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **ইনকিলাব** (পৃ.১,ক.৫)।

**১০। আজ বিশ্ব নদী দিবস**

**নদী রক্ষায় জনসচেতনতা বাড়াতে হবে : পানিসম্পদমন্ত্রী**

আজ বিশ্ব নদী দিবস। 'দখল-দূষণমুক্ত প্রবহমান নদী, বাঁচবে প্রাণ ও প্রকৃতি' স্লোগানকে সামনে রেখে আজ এ দিবসটি পালিত হচ্ছে। নদী দখল রোধে ঐক্যবদ্ধ প্রচেষ্টার তাগিদ দিয়ে পানিসম্পদমন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেছেন, নদী দখলকারীদের সংখ্যা খুবই কম। আমরা যদি ঐক্যবদ্ধভাবে নদী দখলদারদের বিরুদ্ধে কাজ করি, তাহলে তাদের হাত থেকে নদী রক্ষা করা সম্ভব। গতকাল (২২ সেপ্টেম্বর শুক্রবার) রাজধানীর বাহাদুর শাহ পার্কে বিশ্ব নদী দিবস উপলক্ষে এক পদযাত্রার উদ্বোধন অনুষ্ঠানে তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ** ( শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.২)।

**১১। সুপার ম্যালেরিয়া আতঙ্ক : সতর্ক স্বাস্থ্য বিভাগ ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)

দক্ষিণ-পূর্ব এশিয়ায় ব্যাপকভাবে ছড়িয়ে পড়া ওষুধ প্রতিরোধী 'সুপার ম্যালেরিয়া' বিশ্বব্যাপী ভয়ানক হুমকি হয়ে দাঁড়িয়েছে বলে সতর্ক করেছেন বিজ্ঞানীরা। সুপার ম্যালেরিয়া হচ্ছে, ম্যালেরিয়া জীবাণুর বিপজ্জনক সংস্করণ, যা ম্যালেরিয়া রোগ সারাতে বর্তমানে প্রচলিত প্রধান ওষুধ আর্টেমিসিনিনে নিরাময়যোগ্য নয়। এদিকে সুপার ম্যালেরিয়া নিয়ন্ত্রণে বাংলাদেশ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করেছে বলে জানিয়েছেন স্বাস্থ্য অধিদফতরের কমিউনিকেবল ডিজিস কন্ট্রোল প্রোগামের পরিচালক অধ্যাপক ডা. সানিয়া তাহমিনা। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **যায়যায়দিন** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৭)।

**১২। বাংলাদেশে জঙ্গি অর্থায়নে স্পেন প্রবাসীর সংশ্লিষ্টতা : দেশে আটক ১১**

বাংলাদেশে জঙ্গি অর্থায়নে পশ্চিমা দেশ স্পেনে অবস্থানরত প্রবাসীর সংশ্লিষ্টতা পাওয়া গেছে। এ অভিযোগে দেশে **১১** জনকে আটক করেছে র‍্যাব। আটককৃতদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। গত চব্বিশ ঘন্টায়

রাজধানী ও বিভিন্ন জেলায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। তারা জানিয়েছে, বাংলাদেশে জঙ্গি কার্যক্রম পরিচালনার জন্য বিদেশ থেকে দেশি সফটওয়্যার কোম্পানি ওয়াইমি'র মাধ্যমে জঙ্গি অর্থায়ন আসত। র‍্যাব জানায়, কোম্পানিটির মালিকের মৃত্যুর পর তার ছোট ভাই আতাউল হক সবুজ স্পেনে বসে জঙ্গিদের অর্থায়ন করছে। এ অভিযোগে স্পেনের আইনশৃঙ্খলা বাহিনী তাকে গ্রেফতার করেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬) ।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** সারাদেশে ওষুধের ক্রয়-বিক্রয় ও সংরক্ষণ ব্যবস্থায় নানা অনিয়ম চলায় উদ্বেগ প্রকাশ করে এক্ষেত্রে ওষুধের প্রকৃত গুণাগুণ নষ্ট হওয়ায় এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

খ. **প্রথম আলো :** প্রতিষ্ঠার চার বছর পেরিয়ে গেলেও ময়মনসিংহের তারাকান্দা উপজেলায় কোনো স্বাস্থ্য কমপ্লেক্স গড়ে ওঠেনি উল্লেখ করে এ ব্যাপারে অবিলম্বে যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **সমকাল :** চট্টগ্রাম ও কক্সবাজারের কল-কারখানা এবং হোটেলের বর্জ্য ফেলার কারণে বঙ্গোপসাগরের পানি দূষিত হওয়ায় উদ্ভিদ ও জলজ প্রাণি হুমকির মুখে পড়ায় উদ্বেগ প্রকাশ করে দূষণ রোধে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

ঘ. **জনকণ্ঠ :** প্রবাসী বাংলাদেশি নারী শ্রমিকদের নানা ধরনের সমস্যার মুখোমুখি হতে হয় উল্লেখ করে তাদের সার্বিক সুরক্ষায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যথাযথ পদক্ষেপ কামনা।

ঙ. **যুগান্তর :** রাজধানীর বেশিরভাগ সড়ক চলাচলের অনুপযোগী হওয়ায় এ ব্যাপারে সমন্বিত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **নিউ এজ :** দেশে সন্তান প্রসবের জন্য ৭০ শতাংশ সিজারিয়ান অপারেশন বিনা প্রয়োজনে করা হয়, সেভ দ্যা চিলড্রেনের এক প্রতিবেদনে এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে অপ্রয়োজনীয় অপারেশনে মাতৃস্বাস্থ্যের ক্ষতি হওয়ায় এব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **নিউ নেশন :** সামাজিক নিরাপত্তা প্রোগ্রামের আওতায় বরাদ্দকৃত ওএমএস প্রোগ্রামের চাল নিয়ে সব ধরনের দুর্নীতি বন্ধে মনিটরিং ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, চালের মূল্যবৃদ্ধি নিয়ে দেশের মানুষ যে অনাকাঙ্ক্ষিত অভিজ্ঞতার মুখোমুখি হয়েছে ভবিষ্যতে যাতে অনুরূপ পরিস্থিতির সম্মুখীন তাদের না হতে হয়, সেজন্য সঠিক পরিসংখ্যান, উপযুক্ত সচেতনতা ও দূরদর্শিতার কোনো বিকল্প নেই।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বাংলাদেশের টেকসই উন্নয়ন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, টেকসই দারিদ্র্য বিমোচনের প্রধান হাতিয়ার আর্থিক উন্নয়ন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক**

খ. **জনকণ্ঠ, যায়যায়দিন** : ।

গ. **সংবাদ, প্রথম আলো, ভোরের কাগজ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন :**

ঘ. **যুগান্তর** :

ঙ. **ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেস** :

ছ. **ডেইলি সান** :

জ. **ডেইলি স্টার :**

ঞ. **অবজারভার :**

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত '----------------------'শিরোনামের নিবন্ধে - করতে হবে বলে অভিমত প্রকাশ।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫৭/২০১৭-১৮**

**ঢাকা, শনিবার ২৩ সেপ্টেম্বর ২০১৭, ৮ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১।	রোহিঙ্গা সমস্যা সমাধানে দ্রুত পদক্ষেপ নিন : জাতিসংঘে ভাষণে প্রধানমন্ত্রী

২।	রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের মানুষের উদারতা বিশ্বব্যাপী প্রশংসিত হয়েছে
নিউইয়র্কে সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী

৩।	বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রীর বৈঠক

৪।	নিউইয়র্কে প্রধানমন্ত্রীর ব্যস্ততম দিন অতিবাহিত

৫।	রোহিঙ্গাদের ছয় মাসে ২০ কোটি মার্কিন ডলার প্রয়োজন : জাতিসংঘ

৬।	জাতিসংঘে একাত্তরে গণহত্যার বৈশ্বিক স্বীকৃতি দাবি করলেন প্রধানমন্ত্রী

৭।	রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের সঙ্গে আলোচনার প্রস্তাব মায়ানমারের

৮।	বাংলাদেশ বিশ্ব বাণিজ্যের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত : কোরিয়ায় আসেম মিটিংয়ে বাণিজ্যমন্ত্রী

৯।	রোহিঙ্গাদের জন্য ৯৪ টন সৌদি আরবের ত্রাণসামগ্রী

১০।	জঙ্গিবাদ পরাজিত করে গণতন্ত্রের ধারা এগিয়ে নিতে হবে : তথ্যমন্ত্রী

চলমান পাতা-২



**১।	রোহিঙ্গা সমস্যা সমাধানে দ্রুত পদক্ষেপ নিন : জাতিসংঘে ভাষণে প্রধানমন্ত্রী**

রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে দ্রুত কার্যকর পদক্ষেপ নিতে জাতিসংঘ এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সংকট সমাধানে তিনি জাতিসংঘে নির্দিষ্ট পাঁচটি প্রস্তাব দিয়েছেন। রোহিঙ্গাদের সুরক্ষার পাশাপাশি সব ধরনের সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে বাংলাদেশের অবস্থান বিশ্ব নেতাদের সামনে স্পষ্ট করেছেন প্রধানমন্ত্রী। স্থানীয় সময় গত ২১ সেপ্টেম্বর বৃহস্পতিবার নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনের ভাষণে প্রধানমন্ত্রী বলেন, যুদ্ধ চাই না, শান্তি চাই ; অর্থনৈতিক উন্নতি চাই ; মানব ধ্বংস নয়, মানব কল্যাণ চাই।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা সংকট সমাধানে নিম্নোক্ত ৫ প্রস্তাব উত্থাপন করেন :

১। চিরতরে মায়ানমারে সহিংসতা ও 'জাতিগত নিধন' নিঃশর্তে বন্ধ করা
২। অনতিবিলম্বে জাতিসংঘ মহাসচিবের নিজস্ব অনুসন্ধানী দল প্রেরণ
৩। সব নাগরিকের নিরাপত্তা বিধান এবং মায়ানমারে নিরাপদ অঞ্চল গড়ে তোলা
৪। বিতাড়িত সব রোহিঙ্গাকে নিজ ঘরবাড়িতে প্রত্যাবর্তন ও পুনর্বাসন নিশ্চিত করা
৫। কফি আনান কমিশনের সুপারিশমালার পূর্ণ ও দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করা।

প্রধানমন্ত্রী সন্ত্রাস দমনে নিম্নলিখিত ৩ প্রস্তাব উত্থাপন করেন :

১। সন্ত্রাসীদের অস্ত্র সরবরাহ বন্ধ করতে হবে

২। সন্ত্রাসবাদে অর্থায়ন বন্ধ করতে হবে

৩। আন্তর্জাতিক বিবাদ মিমাংসা করতে হবে শান্তিপূর্ণ উপায়ে।

সূত্র-**সমকাল, ইত্তেফাক, প্রথম আলো, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, অবজারভার, নিউজ টুডেস**হ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের মানুষের উদারতা বিশ্বব্যাপী প্রশংসিত হয়েছে**
**: নিউইয়র্কে সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী**

রোহিঙ্গা সঙ্কটে বাংলাদেশের মানুষের উদারতা ও মহানুভবতা বিশ্বব্যাপী প্রশংসিত হয়েছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, 'জাতিসংঘের সাধারণ পরিষদের এবারের অধিবেশনে অংশ নিয়ে আমি সাধারণ বিতর্ক পর্ব, ওআইসি কন্ট্যাক্ট গ্রুপের উচ্চ পর্যায়ের সভাসহ সব দ্বিপাক্ষিক বৈঠকে রোহিঙ্গা সমস্যা তুলে ধরেছি। চার লাখেরও বেশি রোহিঙ্গা জনগোষ্ঠীকে বাংলাদেশে আশ্রয় দেওয়ায় বিশ্ব নেতারা আমাদের প্রশংসা করেছেন। স্থান ও সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও বাংলাদেশের জনগণ এসব অসহায় ও নির্যাতিত রোহিঙ্গাদের আশ্রয় দিয়েছে, তাদের খাদ্য ও অন্যান্য সহযোগিতা দিয়ে যাচ্ছে। বাংলাদেশের মানুষের এই উদারতা ও মহানুভবতা বিশ্বব্যাপী প্রশংসিত হয়েছে।' নিউইয়র্ক স্থানীয় সময় গতকাল (২২ সেপ্টেম্বর শুক্রবার) সকাল ৯টার কিছুক্ষণ পর (বাংলাদেশ সময় শুক্রবার সন্ধ্যা ৭টা) নিউইয়র্কে বাংলাদেশের স্থায়ী মিশনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৫,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

**৩। বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রীর বৈঠক**

জাতিসংঘ সাধারণ অধিবেশনের সাইডলাইনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী টেরেসা মে'র বৈঠক হয়েছে। বৈঠকে রোহিঙ্গা ইস্যু নিয়ে আলোচনা হয়। যুক্তরাজ্য প্রথম থেকেই এ বিষয়ে সোচ্চার ছিল। তাদের দেওয়া নোটিশের কারণে দুইবার জাতিসংঘ নিরাপত্তা পরিষদে রোহিঙ্গা বিষয়টি আলোচনা হয়। বৈঠকে দুই প্রধানমন্ত্রী রোহিঙ্গা সমস্যার দীর্ঘমেয়াদি সমাধান কিভাবে করা যায়, সেটি নিয়ে আলোচনা করেন এবং ঢাকা এ বিষয়ে লন্ডনের সহায়তা চায়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৪)।

**৪। নিউইয়র্কে প্রধানমন্ত্রীর ব্যস্ততম দিন অতিবাহিত**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর নিউইয়র্ক সফরের পঞ্চম দিনে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে বিশ্ব নেতাদের সঙ্গে ধারাবাহিক বৈঠক এবং অন্যান্য গুরুত্বপূর্ণ কর্মসূচির মধ্য দিয়ে গত ২১ সেপ্টেম্বর বৃহস্পতিবার (নিউইয়র্ক সময়) ব্যস্ততম দিন অতিবাহিত করেছেন। নিউইয়র্ক থেকে বাসসের বিশেষ প্রতিনিধি জানান, প্রধানমন্ত্রী জাতিসংঘ সদরদফতরে নেপালের প্রধানমন্ত্রী শের বাহাদুর দেউবার সঙ্গে



বৈঠকে করেছেন। বৈঠকে আঞ্চলিক যোগাযোগসহ দ্বিপক্ষীয় স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে দুই নেতা আলোচনা করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়া এজ** (পৃ.৩,ক.৪), **নিউ এজ** (পৃ.৩,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৭)।

**৫। রোহিঙ্গাদের ছয় মাসে ২০ কোটি মার্কিন ডলার প্রয়োজন : জাতিসংঘ**

রক্তক্ষয়ী সামরিক অভিযানের মুখে মায়ানমারের রাখাইন রাজ্য থেকে প্রাণভয়ে পালিয়ে বাংলদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গা মুসলিমদের জন্য আগামী মাসে ২০ কোটি মার্কিন ডলার পরিমাণ সহায়তা প্রয়োজন। গতকাল (২২ সেপ্টেম্বর শুক্রবার) ব্রিটিশ বার্তাসংস্থা রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে বাংলাদেশে নিয়োজিত জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী রবার্ট ডি. ওয়াটকিনস নতুন এ হিসাব জানান। এর আগে গত ৯ সেপ্টেম্বর বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের জন্য ৭ কোটি ৮০ লাখ ডলার সহায়তার আবেদন করেছিল জাতিসংঘ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১)ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

**৬। জাতিসংঘে একাত্তরে গণহত্যার বৈশ্বিক স্বীকৃতি দাবি করলেন প্রধানমন্ত্রী**

বৈশ্বিক শান্তি ও স্থিতিশীলতার স্বার্থেই একাত্তরে বাংলাদেশে সংঘটিত নজিরবিহীন গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি দিতে হবে। জাতিসংঘ সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনে ভাষণ দানকালে গতকাল (২২ সেপ্টেম্বর শুক্রবার) এ দাবির ওপর আলোকপাত করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পাশাপাশি

১৯৭১ সালের ২৫ মার্চ তারিখে পাকিস্তানি সেনাবাহিনীর হাতে শুরু হওয়া এই ভয়াবহ গণহত্যার উল্লেখ করে তিনি আগামীতে এ ধরনের সম্ভাব্য বর্বরতার বিরুদ্ধে বিশ্বকে এখনই সম্মিলিত প্রস্তুতি এবং ঐক্যবদ্ধ পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮)।

৭। **রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের সঙ্গে আলোচনার প্রস্তাব মায়ানমারের**

রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের সঙ্গে আলোচনার প্রস্তাব দিয়েছে মায়ানমার। আন্তর্জাতিক চাপের মুখে রাখাইনে সহিংসতা শুরু হওয়ার প্রায় এক মাস পর এমন প্রস্তাব দিল দেশটি। নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের সাইডলাইনে গত ২১ সেপ্টেম্বর বৃহস্পতিবার মায়ানমারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা। থাউং টুনের সঙ্গে পররাষ্ট্রমন্ত্রী এএইচ মাহমুদ আলীর বৈঠকে মায়ানমার এ প্রস্তাব দেন। নিউইয়র্কে সংশ্লিষ্ট সূত্রের বরাত দিয়ে গণমাধ্যমের খবরে একথা বলা হয়েছে। নিউইয়র্কে নিরাপত্তা উপদেষ্টার সঙ্গে গত ২১ সেপ্টেম্বর বৃহস্পতিবারের বৈঠকে বাংলাদেশের পক্ষ থেকে অবিলম্বে সহিংসতা বন্ধ করতে বলা হয়। এছাড়া প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে পাঁচ দফা প্রস্তাব তাঁর ভাষণে উল্লেখ করেছেন তার ওপর ভিত্তি করে এ সমস্যার সমাধান হতে পারে। বৈঠকে মায়ানমারের উপদেষ্টা জানান, তারা বাংলাদেশের সঙ্গে দ্বিপক্ষীয়ভাবে বসতে চান। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **নিউ এজ** (পৃ.১,ক.১)।

৮। **বাংলাদেশ বিশ্ব বাণিজ্যের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত : কোরিয়ায় আসেম মিটিংয়ে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, দক্ষতার সঙ্গে বিশ্ব বাণিজ্যের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত বাংলাদেশ। বিশেষ করে ই-কমার্স বাণিজ্য বা পেপারলেস ট্রেডে সক্ষমতা বাড়ায় বিশ্ব বাণিজ্যে বাংলাদেশের অবদান রাখার সুযোগও বাড়ছে। তিনি বলেন, এ দক্ষতা ও সক্ষমতা দিয়ে ২০২১ সালের মধ্যেই বাংলাদেশ মধ্যম আয়ের দেশ হিসেবে আত্মপ্রকাশ করতে পারবে। দক্ষিণ কোরিয়ার রাজধানী সিউলে অনুষ্ঠিত এশিয়া ইউরোপ মিটিংয়ের (আসেম) সপ্তম ইকোনমিক মিনিস্টার্স মিটিংয়ের (ইএমএম) দ্বিতীয় প্লেনারি সেশনের বক্তব্যে বাণিজ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **ইনকিলাব** (পৃ.৩,ক.৩), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

৯। **রোহিঙ্গাদের জন্য ৯৪ টন সৌদি আরবের ত্রাণসামগ্রী**

মায়ানমার থেকে বাংলাদেশে আসা রোহিঙ্গাদের জন্য ত্রাণসামগ্রী পাঠিয়েছে সৌদি আরব। গত ২১ সেপ্টেম্বর বৃহস্পতিবার রাতে বিভিন্ন ধরনের ৯৪ টন পণ্য নিয়ে সৌদি আরবের একটি কার্গো বিমান চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। গতকাল (২২ সেপ্টেম্বর শুক্রবার) সকালে এই ত্রাণসামগ্রী গ্রহণ করেন চট্টগ্রামের জেলা প্রশাসক জিল্লুর রহমান চৌধুরী। এ নিয়ে ৬ দেশ থেকে রোহিঙ্গাদের জন্য মোট ৩৪৪ মেট্রিক টন ত্রাণসামগ্রী এসেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।



১০। **জঙ্গিবাদ পরাজিত করে গণতন্ত্রের ধারা এগিয়ে নিতে হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, জঙ্গিবাদকে চূড়ান্তভাবে পরাজিত করেই দেশের শান্তি-উন্নয়ন-গণতন্ত্রের ধারা এগিয়ে নিতে হবে। গতকাল (২২ সেপ্টেম্বর শুক্রবার) রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে জাসদ জাতীয় কমিটি সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, দেশের অভ্যন্তরে জঙ্গি আর সীমান্তে মায়ানমারের ষড়যন্ত্র মোকাবিলা করেই শান্তি বজায় রাখতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮) **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** মায়ানমার থেকে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের মধ্যে স্বাস্থ্যঝুঁকি উদ্বেগজনকহারে বাড়ার কথা উল্লেখ করে সংক্রামক ব্যাধি আক্রান্ত রোহিঙ্গাদের থেকে স্থানীয় বাসিন্দাদের মধ্যে যাতে ছড়িয়ে না পড়ে সে ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**খ.** **সংবাদ :** কোচিং, প্রাইভেট ও সব ধরনের নোটগাইড, অনুশীলন বা সহায়ক বই নিষিদ্ধ করে শিক্ষা আইনের খসড়া চূড়ান্ত করেছে শিক্ষা মন্ত্রণালয় উল্লেখ করে এ আইনটি যেন যথাযথ বাস্তবায়ন হয় এ প্রত্যাশা ব্যক্ত।

গ. **ভোরের কাগজ, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট :** চালের মূল্য বৃদ্ধি রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যায়যায়দিন :** কৃষিপণ্যে রপ্তানি আয় বাড়ার খবর ইতিবাচক উল্লেখ করে অগ্রগতির এ ধারা অব্যাহত রাখতে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঙ. **নিউজ টুডে :** নারীর প্রতি যেকোনো সহিংসতা রোধের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক**

খ. **জনকণ্ঠ, যায়যায়দিন :** ।

গ. **সংবাদ, প্রথম আলো, ভোরের কাগজ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন :**

ঘ. **যুগান্তর :**

ঙ. **ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেস :**

ছ. **ডেইলি সান :**

জ. **ডেইলি স্টার :**

ঞ. **অবজারভার :**

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত '----------------------'শিরোনামের নিবন্ধে - করতে হবে বলে অভিমত প্রকাশ।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫৬/২০১৭-১৮**

**ঢাকা, শুক্রবার ২২ সেপ্টেম্বর ২০১৭, ৭ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সাধারণ অধিবেশনের ভাষণে রোহিঙ্গা সমস্যা সমাধানে জাতিসংঘকে উদ্যোগ গ্রহণের আহ্বান প্রধানমন্ত্রীর

২। রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মায়ানমারকে চাপ দিন : আইওএমকে প্রধানমন্ত্রী

৩। বাংলাদেশের অর্থনৈতিক সমৃদ্ধির অংশীদার হোন : যুক্তরাষ্ট্রের ব্যবসায়ীদের প্রতি প্রধানমন্ত্রী

৪। এসডিজি বাস্তবায়নে বেসরকারি খাতকে সম্পৃক্ত করার আহ্বান প্রধানমন্ত্রীর

৫। আইসিটি খাতে সহযোগিতায় সম্মত বাংলাদেশ ও এস্তোনিয়া

৬। পানি গবেষণায় বৈশ্বিক তহবিল গঠনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান

৭। রোহিঙ্গাদের প্রত্যাবাসনে আন্তর্জাতিক সমর্থন চাইলেন রাষ্ট্রপতি

৮। আগামী চারমাস ৪ লাখ রোহিঙ্গার খাবার সরবরাহের প্রতিশ্রুতি দিয়েছে ডব্লিউএফপি : ত্রাণমন্ত্রী

৯। রোহিঙ্গা সমস্যা সমাধানে মায়ানমারের ওপর চাপ দিতে ভারতের প্রতি আহ্বান জানিয়েছেন ওবায়দুল কাদের

১০। আলোচনার মাধ্যমে রোহিঙ্গা সংকট সমাধান করতে হবে : তথ্যমন্ত্রী

১১। রোহিঙ্গাদের শেষ ভরসা বাংলাদেশ : মার্কিন থিংকট্যাংকের মূল্যায়ন

১২। পবিত্র আশুরা ১ অক্টোবর পালিত হবে

১৩। চলতি অর্থবছরে জুলাই-আগস্ট মেয়াদে কৃষিপণ্য রফতানিতে আয় লক্ষ্যমাত্রার চেয়ে ১২ শতাংশ বেশি

চলমান পাতা-২

১। **সাধারণ অধিবেশনের ভাষণে রোহিঙ্গা সমস্যা সমাধানে জাতিসংঘকে উদ্যোগ গ্রহণের আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মায়ানমারের রাখাইনে জাতি-ধর্ম নির্বিশেষে সকল নাগরিকের সুরক্ষা নিশ্চিত করা এবং রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে দ্রুত কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য জাতিসংঘ ও আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি স্থানীয় সময় ২১ সেপ্টেম্বর বৃহস্পতিবার (বাংলাদেশ সময় শুক্রবার ভোর ) জাতিসংঘ সদরদফতরের সাধারণ পরিষদের অধিবেশনে প্রদত্ত ভাষণে এই আহ্বান জানান। তিনি অবিলম্বে মায়ানমারে সহিংসতা ও জাতিগত নিধন নিঃশর্তভাবে বন্ধ করে শান্তি এবং স্থিতিশীলতা ফিরিয়ে আনার লক্ষ্যে সুনির্দিষ্ট পাঁচটি প্রস্তাবও পেশ করেন। সূত্র–বাসস

২। **রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মায়ানমারকে চাপ দিন : আইওএমকে প্রধানমন্ত্রী**

সেনাবাহিনীর নির্যাতনের মুখে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের মায়ানমারে ফিরিয়ে নিতে দেশটির ওপর চাপ তৈরি করার জন্য আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) উদ্দেশে আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গত ২০ সেপ্টেম্বর বুধবার সন্ধ্যায় নিউইয়র্কের গ্র্যান্ড হায়াত হোটেলে বিশ্ব সংস্থাটির মহাপরিচালক উইলিয়াম ল্যাসি সুইং প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করতে এলে তিনি এ আহ্বান জানান বলে জানিয়েছেন পররাষ্ট্র সচিব শহীদুল হক। রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় বাংলাদেশকে ধন্যবাদ জানান আইওএম মহাপরিচালক। পররাষ্ট্র সচিব বলেন, আইওএম প্রধান জানিয়েছেন, সবাই এখন চেষ্টা করছে অং সান সুচিকে এটা বোঝানোর জন্য যে, দমনপীড়ন বন্ধ করতে হবে। বাংলাদেশে পালিয়ে যাওয়া রোহিঙ্গাদের দেশে ফিরিয়ে নিতে হবে। সূত্র- **ভোরের কাগজ** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮)। **ডেইলি সান, নিউজ টুডে** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **বাংলাদেশের অর্থনৈতিক সমৃদ্ধির অংশীদার হোন : যুক্তরাষ্ট্রের ব্যবসায়ীদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমেরিকার শীর্ষ ব্যবসায়ী নেতৃবৃন্দকে বাংলাদেশের অর্থনৈতিক সমৃদ্ধির অংশীদার হওয়ার আহ্বান জানিয়েছেন। গত ২০ সেপ্টেম্বর বুধবার গ্র্যান্ড হায়াত হোটেলে বিজনেস কাউন্সিল ফর ইন্টারন্যাশনাল আন্ডারস্ট্যান্ডিং (বিসিআইইউ) আয়োজিত মধ্যাহ্নভোজ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এই আহ্বান জানিয়ে বলেন, অভিন্ন স্বার্থ ও মূল্যেবোধের ভিত্তিতে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র সময়ের পরীক্ষিত বন্ধু। যুক্তরাষ্ট্র বাংলাদেশের অর্থনীতি, বাণিজ্য এবং উন্নয়নের অন্যতম অংশীদার। আমাদের পারস্পরিক লাভজনক ব্যবসা দুই দেশের বন্ধুত্বকে আরো জোরদার করে চমৎকার পর্যায়ে উন্নীত করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)। **ইত্তেফাক, যুগান্তর, সংবাদ, ডেইলি স্টার** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৪। **এসডিজি বাস্তবায়নে বেসরকারি খাতকে সম্পৃক্ত করার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এসডিজি বাস্তবায়নে অর্থায়নের ঘাটতি মোকাবিলায় বেসরকারি খাতকে সম্পৃক্ত করা প্রয়োজন। কারণ এ লক্ষ্যে সম্পদের যোগান দেওয়া সরকারগুলোর জন্য চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। প্রধানমন্ত্রী গত ২০ সেপ্টেম্বর বুধবার জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে উচ্চপর্যায়ের এক আলোচনায় একথা বলেন। আঙ্কটাডের তথ্যের উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এসডিজি বাস্তবায়নে প্রতি বছর বিশ্বের ৩ দশমিক ৩ থেকে ৪ দশমিক ৫ ট্রিলিয়ন ডলার প্রয়োজন। এজন্য এসডিজি বাস্তবায়নে বেসরকারি খাতের অংশগ্রহণ প্রয়োজন। প্রধানমন্ত্রী জাতিসংঘের সদরদফতরে 'ক্রিয়েটিং এ পলিসি ভিশন ফর এসডিজি ফিন্যান্স ফ্যাসিলিটেটিং প্রাইভেট সেক্টর ইনভেস্টমেন্ট ইন দ্য এসডিজি' শীর্ষক অনুষ্ঠানে বক্তৃতাকালে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)। **জনকণ্ঠ, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, এশিয়ান এজ, ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৫। **আইসিটি খাতে সহযোগিতায় সম্মত বাংলাদেশ ও এস্তোনিয়া**

বাংলাদেশ ও এস্তোনিয়ার মধ্যে আইসিটি খাতে সহযোগিতা জোরদারের ব্যাপারে আলোচনা হয়েছে। জাতিসংঘের সদরদফতরে জাতিসংঘ সাধারণপরিষদের অধিবেশনের ফাঁকে গতকাল (২১ সেপ্টেম্বর বৃহস্পতিবার) এস্তোনিয়ার প্রেসিডেন্ট কার্স্টি কালজুলাইদ এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার মধ্যে

এক বৈঠকে এ আলোচনা হয়। প্রেসিডেন্ট কার্স্টি বিগত কয়েক বছরে বাংলাদেশে ডিজিটাল উন্নয়নের জন্য প্রধানমন্ত্রীর প্রশংসা করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ সময় আইসিটি খাতে বাংলাদেশের সাম্প্রতিক সাফল্য তুলে ধরেন। উভয় নেতা পরস্পরের সঙ্গে অভিজ্ঞতা বিনিময় এবং আইসিটি খাতের সম্ভাবনাকে কাজে লাগাতে সহযোগিতা জোরদারে আগ্রহ প্রকাশ করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৪)। **সংবাদ, জনকণ্ঠ, ডেইলি সান** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৬। পানি গবেষণায় বৈশ্বিক তহবিল গঠনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান**

মানুষের টিকে থাকার জন্য আবশ্যক পানির উৎস নির্দিষ্ট থাকায় টেকসই ও উদ্ভাবনী পানি অবকাঠামোয় ব্যাপকভাবে বিনিয়োগের কথা বলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ অধিবেশনের ফাঁকে গতকাল ২১ সেপ্টেম্বর বৃহস্পতিবার সকালে পানি নিয়ে উচ্চপর্যায়ের এক বৈঠকে 'ওয়াটার এসডিজি' নিয়ে বৈশ্বিক তহবিল গঠনেরও প্রস্তাব করেন তিনি। তিনি বলেন, সবার জন্য নিরাপদ পানি ও স্যানিটেশন নিশ্চিতের ক্ষেত্রে 'চ্যাম্পিয়ন' হিসেবে বৈশ্বিক স্বীকৃতি পেয়েছে বাংলাদেশ। ১৬ কোটির বেশি মানুষের এই দেশে প্রায় সবাই নিরাপদ পানি পাচ্ছে। এখন আমাদের লক্ষ্য আগামী ২০২০ সাল নাগাদ সবার জন্য নিরাপদ পানি প্রাপ্তি নিশ্চিত করা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৪) **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১)।

**৭। রোহিঙ্গাদের প্রত্যাবাসনে আন্তর্জাতিক সমর্থন চাইলেন রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ রোহিঙ্গাদের নিজস্ব আবাসভূমি রাখাইন রাজ্যে ফিরিয়ে নিতে মায়ানমার সরকারের ওপর চাপ সৃষ্টির জন্য যুক্তরাজ্যসহ আন্তর্জাতিক মহলের সমর্থন চেয়েছেন। গতকাল (২১ সেপ্টেম্বর বৃহস্পতিবার) বঙ্গভবনে যুক্তরাজ্যের কনজারভেটিভ ফ্রেন্ডস অব বাংলাদেশের (সিএফওবি) ৯ সদস্যের একটি প্রতিনিধিদল রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎকালে তিনি বলেন, বাংলাদেশ ছোট একটি দেশ হওয়া সত্ত্বেও মায়ানমারের রোহিঙ্গাদের মানবিক কারণে আশ্রয় দিয়েছে। এ্যানি মেইন এমপির নেতৃত্বাধীন প্রতিনিধিদলটি রোহিঙ্গা নিয়ে বাংলাদেশ সরকারের বিভিন্ন পদক্ষেপের প্রশংসা করে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১)।

**৮। আগামী চারমাস ৪ লাখ রোহিঙ্গার খাবার সরবরাহের প্রতিশ্রুতি দিয়েছে ডব্লিউএফপি : ত্রাণমন্ত্রী**

রোহিঙ্গাদের জন্য সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ৫০০ মেট্রিক টন সরকারি চাল ও নগদ ৩০ লাখ টাকা বরাদ্দ দিয়েছে। দেশিবিদেশি বিভিন্ন সংস্থা থেকে সহায়তা হিসেবে এ পর্যন্ত ২৭০ মেট্রিক টন চাল ও আটা পাওয়া গেছে। এ ছাড়া জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থা ইউএনএইচসিআর খাদ্য, চিকিৎসা, আশ্রয়সহ সব ধরনের সহায়তার আগ্রহ প্রকাশ করেছে। বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) আগামী চারমাস চার লাখ রোহিঙ্গার খাবার সরবরাহের প্রতিশ্রুতি দিয়েছে। গতকাল (২১ সেপ্টেম্বর বৃহস্পতিবার) সচিবালয়ে রোহিঙ্গা পরিস্থিতি নিয়ে অনুষ্ঠিত এক সংবাদসম্মেলনে ত্রাণ কর্মসূচির এ পরিসংখ্যান তুলে ধরেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**৯। রোহিঙ্গা সমস্যা সমাধানে মায়ানমারের ওপর চাপ দিতে ভারতের প্রতি আহ্বান জানিয়েছেন ওবায়দুল কাদের**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, '৭১-এ ভারত আমাদের পাশে ছিল, এখনও আছে। যেকোনো দুঃসময়ে ভারত আমাদের সঙ্গেই থাকে। ভারত যেন মায়ানমারকে চাপ দেয় তাদের নাগরিকদের ফেরত নিয়ে যেতে। তিনি গতকাল (২১ সেপ্টেম্বর বৃহস্পতিবার) উখিয়ায় কুতুপালংয়ে ভারত সরকারের দেওয়া ত্রাণ বিতরণ শেষে এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫)।

**১০। আলোচনার মাধ্যমে রোহিঙ্গা সংকট সমাধান করতে হবে : তথ্যমন্ত্রী**

রোহিঙ্গা ইস্যু নিয়ে মায়ানমারের সঙ্গে যুদ্ধ নয় বরং আলোচনার মাধ্যমেই এর সমাধান করতে হবে বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল (২১ সেপ্টেম্বর বৃহস্পতিবার) জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ শান্তি পরিষদ আয়োজিত 'সবার জন্য শান্তি, সবার জন্য সম্মান, নিরাপত্তা ও মর্যাদা' শীর্ষক আলোচনা সভায় তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** (পৃ.৩,ক.৫)।

**১১। রোহিঙ্গাদের শেষ ভরসা বাংলাদেশ : মার্কিন থিংকট্যাংকের মূল্যায়ন**

পররাষ্ট্রনীতি বিষয়ক একটি খ্যাতনামা মার্কিন থিংকট্যাংক বলেছে, মায়ানমারের নিপীড়িত রোহিঙ্গাদের শেষ ভরসাস্থল বাংলাদেশ। এদিকে বাংলাদেশে ক্যাথলিক খ্রিস্টানদের প্রধান ধর্মগুরু বলেছেন, রোহিঙ্গাদের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে পদক্ষেপ নিয়েছেন তা 'মাতৃত্বের দৃষ্টান্ত'। মার্কিন গবেষণা প্রতিষ্ঠান কাউন্সিল অন ফরেন রিলেশন্সের এক নিবন্ধে বলা হয়েছে, দারিদ্র্য ও নানাবিধ সমস্যায় জর্জরিত হলেও রোহিঙ্গাদের শেষ আশ্রয়স্থল হতে যাচ্ছে বাংলাদেশ। বাংলাদেশ এক দিকে যেমন নিজের উন্নয়ন কর্মকাণ্ড এগিয়ে নিতে সংগ্রাম করে যাচ্ছে, অন্যদিকে রাষ্ট্রহীন ও বিশ্বের সবচেয়ে নিপীড়িত একটি সংখ্যালঘু জাতি রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে আসছে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.১),

**১২। পবিত্র আশুরা ১ অক্টোবর পালিত হবে**

বাংলাদেশের আকাশে গতকাল (২১ সেপ্টেম্বর বৃহস্পতিবার) ১৪৩৯ হিজরি সনের পবিত্র মহররম মাসের চাঁদ দেখা গেছে। তাই আজ থেকে পবিত্র মহররম মাস গণনা করা হবে। এ পরিপ্রেক্ষিতে আগামী ১ অক্টোবর সারাদেশে পবিত্র আশুরা পালিত হবে। গতকাল সন্ধ্যায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মোকাররম সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬)।

**১৩।চলতি অর্থবছরে জুলাই-আগস্ট মেয়াদে কৃষিপণ্য রফতানিতে আয় লক্ষ্যমাত্রার চেয়ে ১২ শতাংশ বেশি**

২০১৭-১৮ অর্থবছরের জুলাই-আগস্ট মেয়াদে কৃষিপণ্য রফতানিতে আয় হয়েছে ১০ কোটি ৫৭ লাখ ৪০ হাজার মার্কিন ডলার, যা এসময়ের লক্ষ্যমাত্রার চেয়ে ১২ দশমিক ১২ শতাংশ বেশি। একইসঙ্গে গত ২০১৬-১৭ অর্থবছরের একই সময়ের চেয়ে এ খাতের রফতানি আয় ১৬ দশমিক ৪৭ শতাংশ বেড়েছে। বাংলাদেশ রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সেপ্টেম্বর মাসে প্রকাশিত হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৪,ক.৬), **সংবাদ** (পৃ.১৪,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **সংবাদ, ভোরের কাগজ, ইনকিলাব, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের সদরদফতরে ওআইসি কন্ট্যাক্ট গ্রুপের বৈঠকে রোহিঙ্গা সমস্যা সমাধানে যে ছয় দফা প্রস্তাব দিয়েছেন তা বাস্তবায়ন করার ওপর গুরুত্বারোপ।

খ. **জনকণ্ঠ :** চলনবিলে একসময় যে পানি প্রবাহিত হতো তা ক্রমশ শুকিয়ে যাওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে বিলটিকে আগের অবস্থায় ফিরিয়ে আনতে বিভিন্ন সংস্কার প্রকল্প পরিচালনার সুপারিশ।

গ. **ইত্তেফাক :** 'বিশ্বে খাদ্যনিরাপত্তা ও পুষ্টি পরিস্থিতি ২০১৭' শীর্ষক জাতিসংঘের একটি প্রতিবেদনে বাংলাদেশে এখন প্রায় আড়াই কোটি মানুষ অপুষ্টিতে ভুগছে এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে দেশে পুষ্টি পরিস্থিতির উন্নয়নে গুরুত্ব দেওয়ার সুপারিশ।

ঙ. **যায়যায়দিন :** মুন্সীগঞ্জ সদর উপজেলার চরমুক্তাপুরে একটি টেক্সটাইল মিলে অগ্নিকাণ্ডে ছয় শ্রমিকের মৃত্যুর ঘটনায় উদ্বেগ প্রকাশ করে পোশাক-কারখানা, রাসায়নিক শিল্প-কারখানা থেকে শুরু করে যেকোনো কারখানার ব্যাপারে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা অপরিহার্য বলে মতপ্রকাশ।

চ. **ডেইলি সান :** দেশের মোট জনসংখ্যার অর্ধেক নারীদের শিক্ষা-দীক্ষার মাধ্যমে দক্ষ ও যোগ্য করে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** শিশুশ্রম বন্ধে কঠোর আইন প্রণয়নের পাশাপাশি সবাইকে সচেতন হওয়ার আহ্বান করে সম্পাদকীয় প্রকাশ।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক**

খ. **জনকণ্ঠ, যায়যায়দিন :** ।

গ. **সংবাদ, প্রথম আলো, ভোরের কাগজ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন :**

ঘ. **যুগান্তর :**

ঙ. **ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেস :**

ছ. **ডেইলি সান :**

জ. **ডেইলি স্টার :**

ঞ. **অবজারভার :**

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত '-----------------------'শিরোনামের নিবন্ধে - করতে হবে বলে অভিমত প্রকাশ।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫৫/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ২১ সেপ্টেম্বর ২০১৭, ৬ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জাতিসংঘে আজ প্রধানমন্ত্রীর ভাষণ

২। রোহিঙ্গা সংকট নিরসনে ওআইসি কন্ট্যাক্ট গ্রুপের সভায়
প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৬ দফা প্রস্তাব পেশ

৩। রোহিঙ্গা সংকট মোকাবিলায় যুক্তরাষ্ট্র বাংলাদেশকে তিন কোটি ২০ লাখ ডলার দিচ্ছে
সহায়তার ঘোষণা সৌদি আরব ও দক্ষিণ কোরিয়ারও

৪। এসডিজি অর্জনে নারীর ক্ষমতায়নের ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর

৫। জলবায়ু প্রশ্নে বৈশ্বিক চুক্তিগুলো সামনে এনে সুবিচার করার দাবি প্রধানমন্ত্রীর

৬। বাংলাদেশের সাফল্য প্রচার করুন : নিউইয়র্কে প্রবাসীদের প্রতি প্রধানমন্ত্রী

৭। সেনাবাহিনী রোহিঙ্গাদের ত্রাণ ও পুনর্বাসনে অংশ নেবে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৮। রোহিঙ্গা ফেরত নিতে ত্রিপক্ষীয় ব্যবস্থাপনার প্রস্তাব দিলেন তথ্যমন্ত্রী

৯। ময়মনসিংহে ২০০ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র স্থাপনের অনুমোদন ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে
৯ লাখ টন চাল আমদানির চুক্তি স্বাক্ষর

১০। মিলগেট ও পাইকারিতে চালের দাম কমেছে

১১। ডিসেম্বরে আসছে ফোর 'জি' : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী

১২। এমবিবিএস/বিডিএস পরীক্ষায় সর্বোচ্চ সতর্কতা ও নিরাপত্তার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

১৩। জঙ্গি দমনে দেশব্যাপী অ্যান্টি টেররিজম ইউনিট গঠনের অনুমোদন দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়

১৪। রোহিঙ্গাদের সর্বশেষ অবস্থা জানতে মিডিয়া সেল গঠন

১। **জাতিসংঘে আজ প্রধানমন্ত্রীর ভাষণ**

জাতিসংঘ সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনে আজ (২১ সেপ্টেম্বর বৃহস্পতিবার) বিকেলে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ ভাষণের মধ্য দিয়ে তিনি বাংলাদেশের বিভিন্ন বিষয় তুলে ধরবেন বিশ্বনেতাদের কাছে। প্রধানমন্ত্রীর ভাষণে দেশে চলমান রোহিঙ্গা সংকট এবং তা মোকাবিলার বিষয়টি গুরুত্ব পাবে বলে মনে করা হচ্ছে। এ ছাড়া জলবায়ু পরিবর্তনের প্রভাবে বাংলাদেশের ক্ষতির বিষয়টিও ঠাঁই পেতে পারে। তিনি জঙ্গিবাদ ও সন্ত্রাসের বিরুদ্ধে বাংলাদেশের অবস্থান বিশ্বের কাছে তুলে ধরে বাসযোগ্য শান্তিপূর্ণ বিশ্ব প্রতিষ্ঠার বিভিন্ন দিকনির্দেশনাও দেবেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১)।

২। **রোহিঙ্গা সংকট নিরসনে ওআইসি কন্ট্যাক্ট গ্রুপের সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৬ দফা প্রস্তাব পেশ**

চলমান রোহিঙ্গা সঙ্কট নিরসনে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক সম্প্রদায়ের সামনে একটি রোডম্যাপ ঘোষণা করেছেন। গত ১৯ সেপ্টেম্বর মঙ্গলবার জাতিসংঘ সদরদফতরে অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশন (ওআইসি) কন্ট্যাক্ট গ্রুপের বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিম্নোক্ত ছয় দফা প্রস্তাব পেশ করেন :

১. রোহিঙ্গা মুসলমানদের ওপর সব ধরনের নিপীড়ন এই মুহূর্তে বন্ধ করতে হবে।

২. নিরপরাধ বেসামরিক জনগোষ্ঠী, বিশেষকরে নারী, শিশু ও বৃদ্ধদের জন্য মায়ানমারের ভেতরে নিরাপদ এলাকা (সেফ জোন) প্রতিষ্ঠা করা যেতে পারে, যেখানে তাদের সুরক্ষা দেওয়া হবে।

৩. বলপ্রয়োগের ফলে বাস্তুচ্যুত সব রোহিঙ্গা যেন নিরাপদে এবং মর্যাদার সঙ্গে মায়ানমারে তাদের বাড়িতে ফিরতে পারে, সেই ব্যবস্থা করতে হবে।

৪. রোহিঙ্গা সঙ্কট নিরসনে কফি আনান কমিশনের পূর্ণাঙ্গ সুপারিশ অবিলম্বে নিঃশর্তভাবে বাস্তবায়ন করতে হবে।

৫. রোহিঙ্গাদের 'বাঙালি' হিসেবে চিহ্নিত করার যে রাষ্ট্রীয় প্রপাগান্ডা মায়ানমার চালাচ্ছে, তা অবশ্যই বন্ধ করতে হবে।

৬. রোহিঙ্গারা মায়ানমারে না ফেরা পর্যন্ত তাদের জরুরি মানবিক সহায়তা দেওয়ার ক্ষেত্রে বাংলাদেশকে সহযোগিতা করতে হবে ভ্রাতৃপ্রতিম মুসলিম দেশগুলোকে।

প্রধানমন্ত্রী রোহিঙ্গা সংকট মোকাবিলায় ওআইসিভুক্ত দেশগুলোকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬)। **সংবাদ, সমকাল, ইনকিলাব, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, ডেইলি স্টার, ফিনানশিয়াল এক্সপ্রেস, বাংলাদেশ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **রোহিঙ্গা সংকট মোকাবিলায় যুক্তরাষ্ট্র বাংলাদেশকে তিন কোটি ২০ লাখ ডলার দিচ্ছে**
**সহায়তার ঘোষণা সৌদি আরব ও দক্ষিণ কোরিয়ারও**

মায়ানমার থেকে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের জন্য জরুরি মানবিক সহায়তা হিসেবে যুক্তরাষ্ট্র তিন কোটি ২০ লাখ মার্কিন ডলার (২৬২ দশমিক ৩ কোটি টাকা) দেওয়ার ঘোষণা দিয়েছে। বাংলাদেশের স্থানীয় আশ্রয়প্রদানকারী এবং যারা রাখাইন রাজ্যে অভ্যন্তরীণভাবে উচ্ছেদের শিকার হয়েছে তারাও এ সহায়তায় অন্তর্ভুক্ত থাকবে। নিউ ইয়র্কে অনুষ্ঠিত জাতিসংঘের ৭২তম সাধারণ অধিবেশনে যুক্তরাষ্ট্র এ সহায়তা প্রদানের ঘোষণা দিয়েছে। এদিকে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের জন্য ১ কোটি ৫০ লাখ মার্কিন ডলার সহায়তার ঘোষণা দিয়েছেন সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ। এছাড়া রোহিঙ্গাদের ত্রাণ কার্যক্রমে ১৫ লাখ ডলার মানবিক সহায়তা দেবে দক্ষিণ কোরিয়া। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

৪। **এসডিজি অর্জনে নারীর ক্ষমতায়নের ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সবার জন্য টেকসই উন্নয়নের সফল বাস্তবায়নের জন্য নারীর ক্ষমতায়নে তাদের জন্য শিক্ষা, প্রশিক্ষণ, প্রয়োজনীয় উপকরণ ও সমান সুযোগের ব্যবস্থা করতে হবে।

প্রধানমন্ত্রী বলেন, পরিবর্তনের অতিগুরুত্বপূর্ণ শক্তি হচ্ছে নারী। এজন্য সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলসের (এসডিজি) সফল বাস্তবায়নে নারীর ক্ষমতায়নের বিকল্প নেই। সব ক্ষেত্রে নারীর ক্ষমতায়নের মাধ্যমে বিশ্ব সবার জন্য টেকসই উন্নয়ন অর্জনে কার্যকরভাবে সফল হতে পারে বলে তিনি উল্লেখ করেন।

=৩=

প্রধানমন্ত্রী গত **১৯** সেপ্টেম্বর মঙ্গলবার জাতিসংঘ সদরদফতরে নারীর অর্থনৈতিক ক্ষমতাসম্পর্কিত জাতিসংঘ মহাসচিবের উচ্চপর্যায়ের প্যানেলের গোলটেবিল বৈঠকে একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

**৫।  জলবায়ু প্রশ্নে বৈশ্বিক চুক্তিগুলো সামনে এনে সুবিচার করার দাবি প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জলবায়ু পরিবর্তন প্রশ্নে আইনগতভাবে সম্পাদিত দৃঢ় ও কার্যকর বৈশ্বিক চুক্তিগুলোকে সামনে এনে সুবিচার নিশ্চিত করতে এবং তাদের ঐতিহাসিক দায়িত্ব পালনের জন্য উন্নত দেশগুলোর নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানিয়েছেন। গত **১৯** সেপ্টেম্বর মঙ্গলবার জাতিসংঘ সাধারণ পরিষদের ৭২তম বার্ষিক অধিবেশন উপলক্ষে জাতিসংঘের সদরদফতরে ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাকরন আয়োজিত পরিবেশ বিষয়ক বৈশ্বিক চুক্তিসংক্রান্ত শীর্ষ সম্মেলনে বক্তৃতাকালে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, সুনির্দিষ্টভাবে জলবায়ু পরিবর্তনের কারণে ঝুঁকিপূর্ণ দেশগুলোকে গুরুত্ব দিয়ে অভিযোজন ও প্রশমন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে দায়ীদেরকে স্থানীয় পর্যায় থেকে শুরু করে আন্তর্জাতিক পর্যায় পর্যন্ত চিহ্নিত করতে হবে। প্রধানমন্ত্রী বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের উন্নয়নের অধিকার মোকাবিলায় একটি যথাযথ, ন্যায়সঙ্গত ও টেকসই পদ্ধতি গ্রহণের জন্য উন্নত দেশগুলোর প্রতি আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)। **জনকণ্ঠ, নিউজ টুডে, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

এছাড়া **জনকণ্ঠ, ভোরের কাগজ, বণিকবার্তা, বাংলাদেশ প্রতিদিন, ডেইলি সান, অবজারভার, নিউ এজ** জাতিসংঘ সদরদফতরে জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেসের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি ছেপেছে।

**৬।  বাংলাদেশের সাফল্য প্রচার করুন : নিউইয়র্কে প্রবাসীদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্র ও অন্যান্য বসবাসকারী প্রবাসী বাংলাদেশিদের প্রতি দেশের সাফল্যের কথা ব্যাপকহারে প্রচারের আহ্বান জানিয়েছেন। তিনি তাঁর সম্মানে আওয়ামী লীগ যুক্তরাষ্ট্র শাখার দেওয়া সংবর্ধনা অনুষ্ঠানে এ আহ্বান জানান। তিনি বলেন, অর্থনৈতিক ও সামাজিক প্রতিটি সূচকে বাংলাদেশ আশাপ্রদ অবস্থান বজায় রেখেছে এবং দেশটি এখন বিশ্বে একটা মর্যাদার আসনে রয়েছে। এ বিষয়টি বিদেশে তুলে ধরা প্রয়োজন। আওয়ামী লীগ সভানেত্রী দলের নেতা কর্মীদের উদ্দেশে বলেন, বারবার দরকার শেখ হাসিনার সরকার-এমন স্লোগান দিলেই চলবেনা, আচার আচরণেও সতর্ক থাকতে হবে। জনগণের আস্থা ও বিশ্বাস অর্জন করতে হবে। গত **১৯** সেপ্টেম্বর মঙ্গলবার মেরিয়ট মার্কুইস হোটেল বলরুমে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে দলীয় নেতাকর্মী ছাড়াও বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশি এতে অংশ নেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (পৃ.৪,ক.৭), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)। **জনকণ্ঠ, সমকাল, ইত্তেফাক, ইন্ডিপেনডেন্ট**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৭।  সেনাবাহিনী রোহিঙ্গাদের ত্রাণ ও পুনর্বাসনে অংশ নেবে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

রোহিঙ্গাদের ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রমে সেনাবাহিনী অংশগ্রহণ করবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। কক্সবাজার জেলা প্রশাসকের কার্যালয়ে গতকাল (২০ সেপ্টেম্বর বুধবার) বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের দেওয়া ত্রাণসামগ্রী গ্রহণের সময় তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, সরকারের সিদ্ধান্ত অনুযায়ী রোহিঙ্গাদের ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রমে সেনাবাহিনীকে সংযুক্ত করা হয়েছে। এতে দ্রুততার সঙ্গে কার্যক্রম এগিয়ে যাবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

**৮।  রোহিঙ্গা ফেরত নিতে ত্রিপক্ষীয় ব্যবস্থাপনার প্রস্তাব দিলেন তথ্যমন্ত্রী**

রোহিঙ্গাদের ফেরত নেওয়ার ক্ষেত্রে ত্রিপক্ষীয় ব্যবস্থাপনার প্রস্তাব দিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের যাচাই সাপেক্ষে ফেরত নেওয়ার ব্যাপারে মায়ানমারের নেত্রী অং সান

সুচি'র প্রতিশ্রুতি দেওয়ার পর তিনি এ প্রস্তাব দেন। মন্ত্রী গতকাল (২০ সেপ্টেম্বর বুধবার) সচিবালয়ে এক মতবিনিময় সভায় মন্ত্রী এ ব্যাপারে কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **যায়যায়দিন** (পৃ.১৫,ক.৪), **সমকাল** (পৃ.৪,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

=৪=

**৯। ময়মনসিংহে ২০০ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র স্থাপনের অনুমোদন ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ৯ লাখ টন চাল আমদানির চুক্তি স্বাক্ষর**

ময়মনসিংহ জেলায় বেসরকারি খাতের ২০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন আইপিপি বিদ্যুৎকেন্দ্র স্থাপনে অনুমোদন দিয়েছে সরকার। বিদ্যুৎকেন্দ্রটি স্থাপন করবে বেসরকারি খাতের প্রতিষ্ঠান ইউনাইটেড এন্টারপ্রাইজ অ্যান্ড কোম্পানি। গতকাল (২০ সেপ্টেম্বর বুধবার) সচিবালয়ে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র সভায় বিদ্যুৎ বিভাগের এ সংক্রান্ত একটি প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। বৈঠকে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত সভাপতিত্ব করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪)।

এছাড়া বৈঠকশেষে খাদ্য সচিব মো. কায়কোবাদ হোসাইন জানান, মজুদ বাড়াতে ৯ লাখ টন চাল আমদানির চুক্তি স্বাক্ষর করেছে সরকার। সরকারি পর্যায়ে (জিটুজি) বিভিন্ন দেশ থেকে এ চাল আনা হবে। তিনি আরও জানান, এরই মধ্যে দুই লাখ টন চাল দেশে এসে পৌঁছেছে। দেড় লাখ টন প্রক্রিয়াধীন। বাকি সাড়ে ৫ লাখ টন নভেম্বরের মধ্যে আসবে। চলতি অর্থবছরে সরকার মোট ১৫ লাখ টন চাল আমদানির লক্ষ্য নির্ধারণ করেছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইনকিলাব** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

**১০। মিলগেট ও পাইকারিতে চালের দাম কমেছে**

সরকারের হস্তক্ষেপের পর দেশের বাজারে চালের দাম কমতে শুরু করেছে। ব্যবসায়ীদের আশ্বাসের একদিনের ব্যবধানে মিলগেট ও পাইকারিতে প্রতি কেজিতে ২ থেকে ৪ টাকা দাম কমেছে। দু-একদিনের মধ্যে খুচরা বাজারেও চালের দাম কমতে শুরু করবে বলে মনে করছেন বাজার সংশ্লিষ্টরা। গত **১৯** সেপ্টেম্বর মঙ্গলবার তিন মন্ত্রীর সঙ্গে বৈঠকে চালের দাম কমানোর আশ্বাস দিয়েছিলেন ব্যবসায়ীরা। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

**১১। ডিসেম্বরে আসছে ফোর 'জি' : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী**

চতুর্থ প্রজন্মের মোবাইল সেবা ফোর জি আগামী ডিসেম্বর মাসেই চালু করা হবে বলে জানিয়েছেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। তিনি বলেন, নভেম্বরের শেষের দিকে ফোর জি তরঙ্গ নিলাম শেষ করা হবে। এই নিলামের মাধ্যমে সরকারের **১১** হাজার কোটি টাকা রাজস্ব আদায়ের সম্ভাবনা রয়েছে বলে জানান তিনি। গতকাল (২০ সেপ্টেম্বর বুধবার) সচিবালয়ে ফোর জি সেবা নিয়ে আয়োজিত এক সংবাদসম্মেলনে তিনি এসব তথ্য জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**১২। এমবিবিএস/বিডিএস পরীক্ষায় সর্বোচ্চ সতর্কতা ও নিরাপত্তার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর**

আগামী ৬ অক্টোবর অনুষ্ঠেয় এমবিবিএস ভর্তি পরীক্ষা সর্বোচ্চ সতর্কতা ও নিরাপত্তার মধ্য দিয়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল (২০ সেপ্টেম্বর বুধবার) সচিবালয়ে এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষার তত্ত্বাবধানে গঠিত ওভারসিইং কমিটি'র সভায় সভাপতিত্বকালে তিনি এ নির্দেশ দেন। গতবছর অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার সাফল্যের ধারাবাহিকতায় এবারও যেন প্রশ্নপত্র তৈরি ও কেন্দ্রে পৌঁছানোর ক্ষেত্রে নিরাপত্তাজনিত কোনো বিচ্যুতি না ঘটে, সেদিকে সতর্ক থাকার জন্য নির্দেশ দেন মন্ত্রী। সূত্র-**ইনকিলাব** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

**১৩। জঙ্গি দমনে দেশব্যাপী অ্যান্টি টেররিজম ইউনিট গঠনের অনুমোদন দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

'অ্যান্টি টেররিজম ইউনিট' নামে পুলিশের একটি বিশেষায়িত ইউনিট গঠনের অনুমোদন দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। গত **১৯** সেপ্টেম্বর মঙ্গলবার এ সংক্রান্ত আদেশ জারি করা হয়। এই ইউনিট রাজধানীসহ সারাদেশে সমন্বিতভাবে সন্ত্রাস ও জঙ্গি দমনে কাজ করবে। এর সদস্যদের দেশে ও বিদেশে প্রশিক্ষণ দেওয়া

হবে। অত্যাধুনিক অস্ত্র ও যানবাহন থাকবে নতুন এই ইউনিটের হাতে। ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট (সিটিটিসি) এ ইউনিটের তত্ত্বাবধানে থেকে কাজ



করবে পুলিশ সদরদফতরের এআইজি (গোপনীয়) মো. মনিরুজ্জামান গতকাল (২০ সেপ্টেম্বর বুধবার) সাংবাদিকদের একথা জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

**১৪। রোহিঙ্গাদের সর্বশেষ অবস্থা জানতে মিডিয়া সেল গঠন**

রোহিঙ্গাদের বিষয়ে সরকারের বিভিন্ন পদক্ষেপ ও কর্মকাণ্ড সম্পর্কে গণমাধ্যমে তথ্য সরবরাহ করতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্যোগে কক্সবাজার জেলা প্রশাসকের কার্যালয়ে একটি মিডিয়া সেল গঠন করা হচ্ছে। গতকাল (২০ সেপ্টেম্বর বুধবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) কবির বিন আনোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিদিন বিকাল ৪টা থেকে ৫টার মধ্যে এ মিডিয়া সেল থেকে সার্বিক পরিস্থিতি সম্পর্কে প্রেস ব্রিফিং করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যায়যায়দিন** (পৃ.১৫,ক.৭)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** মোবাইল ফোনে ইন্টারনেটের গতিতে বিশ্বের ১২২টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১২০তম হওয়ার কথা উল্লেখ করে ইন্টানেটের এ নিম্নগতি ডিজিটাল বংলাদেশের রূপরেখা প্রণয়নে প্রতিবন্ধকতা সৃষ্টি করবে বলে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**খ.** **সংবাদ :** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদফতর গত তিন বছরে শিল্প-কারখানায় অগ্নিকাণ্ডে আর্থিক ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় ৮০০ কোটি টাকা দাঁড়ানোর খবর জানানোয় উদ্বেগ প্রকাশ করে এক্ষেত্রে শিল্পাঞ্চলে মানসম্পন্ন ও সক্ষম ফায়ার স্টেশন নির্মাণের ওপর গুরুত্বারোপ।

**গ.** **প্রথম আলো :** বন্যাদুর্গত এলাকায় বন্যা পরবর্তী পুনর্বাসনে নজর দেওয়ার সুপারিশ।

**ঘ.** **সমকাল :** প্রায় পাঁচ কোটি টাকা ব্যয়ে নির্মিত মাগুরার মহম্মদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ৫০ শয্যার ভবনটি উদ্বোধনের এক বছর পরও কার্যক্রম চালু না হওয়ার কথা উল্লেখ করে সারাদেশে এ ধরনের হাসপাতালের দৈন্যদশা নিরসনে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**ঙ.** **যায়যায়দিন :** শ্রীমঙ্গলে শিক্ষা প্রতিষ্ঠানের এক শিক্ষকের ডাস্টারের আঘাতে সপ্তম শ্রেণির একজন শিক্ষার্থী গুরুতর আহত হওয়ায় নিন্দা জানিয়ে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে নির্যাতনকারী শিক্ষকের কঠোর শাস্তির দাবি।

**চ.** **ফিনানশিয়াল এক্সপ্রেস :** ঢাকা মহানগরীর যত্রতত্র রাস্তা কাটা ও খোঁড়াখুঁড়ির কারণে তা জনদুর্ভোগের কারণ হচ্ছে উল্লেখ করে সুপরিকল্পিতভাবে এ ধরনের কর্মকাণ্ড চালানোর সুপারিশ।

**ছ.** **নিউ এজ :** ওএমএসে সিদ্ধ চালের পরিবর্তে আতপ চাল বিক্রি করার কথা উল্লেখ করে মানসম্মত চাল বিক্রির সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সমাজ ও রাষ্ট্রে মৌলিক পরিবর্তন আনতে শিক্ষা ব্যবস্থায় সংস্কার আনতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শ্রমিক কল্যাণ ও সুস্থ শ্রমপরিবেশ নিশ্চিতের মাধ্যমে জাতীয় অর্থনীতিকে উন্নয়নের পথে এগিয়ে নিতে হবে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫৪/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ২০ সেপ্টেম্বর ২০১৭, ৫ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের সঙ্গে আছি : প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট

২। রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করেছেন ফিলিস্তিনী প্রেসিডেন্ট

৩। জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে যৌন নির্যাতন বন্ধে বাংলাদেশের অঙ্গীকার পুনর্ব্যক্ত করলেন প্রধানমন্ত্রী

৪। শ্রমিকদের অধিকার রক্ষায় কাজ করে যাচ্ছি : নিউইয়র্কে উচ্চপর্যায়ের বৈঠকে প্রধানমন্ত্রী

৫। কয়েকদিনের মধ্যে চালের দাম কমবে : তিনমন্ত্রীর সঙ্গে বৈঠকে ব্যবসায়ীদের আশ্বাস

৬। আজ থেকে উপজেলাতেও ওএমএসের চাল বিক্রি হবে : খাদ্যমন্ত্রী

৭। এবারের পূজায় নিরাপত্তা বেশি জোরদার : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। সংসদীয় গণতন্ত্রের বিকাশে সিপিএ সম্মেলন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে : স্পিকার

৯। এলএনজি আমদানিতে সিঙ্গাপুরের গানভার ও পেট্রোবাংলার মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

১০। ২৬ প্রবাসী বাংলাদেশি পেলেন বাংলাদেশ ব্যাংকের রেমিটেন্স অ্যাওয়ার্ড

১১। পৌরসভার উন্নয়নে আরও ১৬০০ কোটি টাকা দেবে এডিবি

চলমান পাতা-২

১। **রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের সঙ্গে আছি : প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট**

নিউইয়র্কে এক সভার ফাঁকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার মধ্যে রোহিঙ্গা সঙ্কট নিয়ে আলোচনা হয়েছে। আলোচনাকালে ডোনাল্ড ট্রাম্প এই সঙ্কটে বাংলাদেশের পাশে থাকার আশ্বাস দিয়েছেন বলে পররাষ্ট্র সচিব শহীদুল হক সাংবাদিকদের জানিয়েছেন। গতকাল (১৯ সেপ্টেম্বর মঙ্গলবার) নিউইয়র্কে জাতিসংঘ সদরদফতরে এক উচ্চপর্যায়ের সভার ফাঁকে দুই নেতার মধ্যে এ বিষয়ে আলোচনা হয় বলে পররাষ্ট্র সচিব জানান। পররাষ্ট্র সচিব বলেন, 'যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট বলেছেন, 'মায়ানমার ইস্যুতে আমরা বাংলাদেশের সঙ্গে আছি। এ্যন্ড উই উইল সি হাউ ইট ক্যান বি রিজল্ভড। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৫)। **জনকণ্ঠ, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন, অবজারভার, নিউজ টুডেস**হ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করেছেন ফিলিস্তিনী প্রেসিডেন্ট**

মায়ানমারে দমনপীড়নের শিকার হয়ে রোহিঙ্গাদের বাংলাদেশে পালিয়ে আসাকে দুর্যোগ হিসেবে চিহ্নিত করেছেন ফিলিস্তিনের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস। নিউইয়র্কের স্থানীয় সময় গত ১৮ সেপ্টেম্বর সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে এক বৈঠকে অংশ নিয়ে এ কথা বলেন তিনি। রোহিঙ্গাদের আশ্রয়ে ভূমিকা রাখায় সবাই প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করছেন বলেও বাংলাদেশের সরকারপ্রধানকে জানান ফিলিস্তিনী প্রেসিডেন্ট। এসময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, মানবিক সত্তা হিসেবে এ দায়িত্ব পালনের কথা আমাদের মনে রাখতে হবে। তবে সাময়িকভাবে আমরা তাদের আশ্রয় দিচ্ছি। মায়ানমারকে তাদের নাগরিকদের ফেরত নিতে হবে। রোহিঙ্গা সংঙ্কট সমাধানে মায়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ তৈরিতে ফিলিস্তিনী প্রেসিডেন্টের সহযোগিতা চান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬)।

৩। **জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে যৌন নির্যাতন বন্ধে বাংলাদেশের অঙ্গীকার পুনর্ব্যক্ত করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ শান্তিরক্ষীদের মাঝে যৌন অপরাধ নির্মূলে জাতিসংঘ মহাসচিবের যথাযথ পদক্ষেপের প্রতি বাংলাদেশের দৃঢ় অঙ্গীকার পুনর্ব্যক্ত করে ভিকটিম সাপোর্ট ফান্ডে ১ লাখ ডলার প্রতীকী চাঁদার ঘোষণা দেন। প্রধানমন্ত্রী বলেন, জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে সর্বোচ্চসংখ্যক সেনাসদস্য ও পুলিশসদস্য নিয়োগকারী হিসেবে আমরা যৌন নির্যাতন ও অপরাধ বন্ধের বিষয়ে সর্বোচ্চ গুরুত্বারোপ করি। এ অভিযোগে আমাদের অবস্থান হচ্ছে জিরো টলারেন্স। প্রধানমন্ত্রী গত ১৮ সেপ্টেম্বর সোমবার জাতিসংঘ সদরদফতরে ট্রাস্টিশিপ কাউন্সিল চেম্বারে যৌন নির্যাতন ও অপরাধ দমন শীর্ষক উচ্চপর্যায়ের এক বৈঠকে এক বিবৃতিতে একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৬,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১)। **সংবাদ, জনকণ্ঠ, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, এশিয়ান এজ, বাংলাদেশ টুডেস**হ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৪। **শ্রমিকদের অধিকার রক্ষায় কাজ করে যাচ্ছি : নিউইয়র্কে উচ্চপর্যায়ের বৈঠকে প্রধানমন্ত্রী**

অর্থনীতি ও সমাজের অবিচ্ছেদ্য অংশ হিসেবে শ্রমিকদের অধিকারের বিষয়টিতে গুরুত্ব দেওয়া হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ ইস্যুতে বাংলাদেশ সরকারের দৃঢ় অঙ্গীকারের কথা তুলে ধরে তিনি বলেন, শ্রম অধিকার রক্ষায় কাজ করে যাচ্ছি। সামগ্রিক আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিত হলে যথাযোগ্য চাকরির সংস্থান ও শ্রমিক অধিকার প্রতিষ্ঠিত হবে। স্থানীয় সময় গত ১৮ সেপ্টেম্বর সোমবার সন্ধ্যায় নিউইয়র্কের কনভেইন কনফারেন্স সেন্টারে প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'গ্লোবাল ডিল ফর ডিসেন্ট ওয়ার্ক অ্যান্ড ইনক্লুসিভ গ্রোথ' শীর্ষক উচ্চপর্যায়ের ফলোআপ বৈঠকে এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৭), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

৫। **কয়েকদিনের মধ্যে চালের দাম কমবে : তিনমন্ত্রীর সঙ্গে বৈঠকে ব্যবসায়ীদের আশ্বাস**

আগামী কয়েক দিনের মধ্যে চালের দাম কেজিতে দুই থেকে তিন টাকা কমানোর আশ্বাস দিয়েছেন ব্যবসায়ীরা। একইসঙ্গে চাল আমদানি ও পরিবহণে পাটের বস্তা ব্যবহারের বাধ্যবাধকতা ৩ মাস স্থগিত করে প্লাস্টিকের ব্যাগ ব্যবহারের অনুমতিসহ স্থলবন্দর দিয়ে চালবাহী ট্রাকগুলো যাতে দ্রুত আসতে পারে, সে ব্যবস্থা করার দাবি জানিয়েছেন। ব্যবসায়ীদের এই দাবিগুলো মেনে চালের ঘাটতি মেটাতে ব্যবসায়ীদের যেভাবে সম্ভব উন্মুক্তভাবে চাল আমদানির নির্দেশনা দেওয়া হয়েছে। চালের বাজার স্থিতিশীল করতে সরকারের তরফ থেকে এ নির্দেশনা দেওয়া হয়। গতকাল (১৯ সেপ্টেম্বর মঙ্গলবার) অনুষ্ঠিত চাল

ব্যবসায়ীদের সঙ্গে সরকারের একাধিক মন্ত্রণালয়ের যৌথবৈঠকে এসব সিদ্ধান্ত হয়। সরকারের তরফ থেকে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ, কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এবং খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**৬। আজ থেকে উপজেলাতেও ওএমএসের চাল বিক্রি হবে : খাদ্যমন্ত্রী**

এবার দেশের উপজেলাগুলোতেও খোলাবাজারে (ওএমএস) চাল বিক্রি করবে সরকার। স্বল্প আয়ের মানুষের কথা বিবেচনা করে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল (১৯ সেপ্টেম্বর মঙ্গলবার) সচিবালয়ে খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম এ তথ্য জানান। তিনি বলেন, আজ (২০ সেপ্টেম্বর বুধবার) থেকে সারা দেশের প্রতিটি উপজেলায় খোলাবাজারে (ওএমএস) চাল বিক্রির কার্যক্রম চালু হবে। তবে সারাদেশে ওএমএস চালু হওয়ায় চলতি সেপ্টেম্বর থেকে আগামী তিন মাস ৫০ লাখ হতদরিদ্র পরিবারের মধ্যে ১০ টাকা কেজি দরে চাল বিক্রির 'খাদ্যবান্ধব কর্মসূচি' স্থগিত থাকবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

**৭। এবারের পূজায় নিরাপত্তা বেশি জোরদার : স্বরাষ্ট্রমন্ত্রী**

সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব দুর্গাপূজা উপলক্ষে সব ধরনের নিরাপত্তাব্যবস্থা নেওয়া হয়েছে। অন্যান্যবারের তুলনায় এবারের পূজায় নিরাপত্তাব্যবস্থা বেশি জোরদার করা হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল (১৯ সেপ্টেম্বর মঙ্গলবার) রাজধানীর বনানীতে দুর্গাপূজা উপলক্ষে মহালয়ার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.৩,ক.১)।

**৮। সংসদীয় গণতন্ত্রের বিকাশে সিপিএ সম্মেলন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, ঢাকায় অনুষ্ঠেয় ৬৩তম কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশন (সিপিএ) সম্মেলন কমনওয়েলথভুক্ত দেশসমূহে সংসদীয় গণতন্ত্রের বিকাশ, আইনের শাসন তথা সুশাসন প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। আগামী ১ থেকে ৮ নভেম্বর ঢাকায় অনুষ্ঠেয় সিপিএ'র সম্মেলন উপলক্ষে গতকাল (১৯ সেপ্টেম্বর মঙ্গলবার) সম্মেলনের প্রস্তুতি সম্পর্কে সংসদভবন মিডিয়া সেন্টারে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে স্পিকার এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮)।

**৯। এলএনজি আমদানিতে সিঙ্গাপুরের গানভার ও পেট্রোবাংলার মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর**

এলএনজি ক্রয় ও আমদানিতে পেট্রোবাংলাকে সহযোগিতা করবে সিঙ্গাপুরের গানভার। গতকাল (১৯ সেপ্টেম্বর মঙ্গলবার) গানভার ও পেট্রোবাংলার মধ্যে এ সংক্রান্ত একটি সমঝোতা স্মারক (এমওউ) সই হয় ঢাকার কারওয়ানবাজারের পেট্রোসেন্টারে। এ নিয়ে পাঁচটি বিদেশি কোম্পানির সঙ্গে সমঝোতা চুক্তি সই করলো পেট্রোবাংলা। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেন, গ্যাসের সংকট আগামী বছরের এপ্রিল থেকে কমতে থাকবে। এমওইউতে পেট্রোবাংলার পক্ষে সংস্থার সচিব সৈয়দ আশফাকুজ্জামান এবং গানভারের পক্ষে হেড অভ এলএনজি লাক স্পিরেভেলেড স্বাক্ষর করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১) **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**১০। ২৬ প্রবাসী বাংলাদেশি পেলেন বাংলাদেশ ব্যাংকের রেমিটেন্স অ্যাওয়ার্ড**

বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতিতে প্রবাসীদের অসামান্য অবদানের স্বীকৃতি প্রদান এবং ব্যাংকিং চ্যানেলে অধিক পরিমাণ বৈদেশিক মুদ্রা পাঠাতে উৎসাহিত করার লক্ষ্যে ২৬ প্রবাসী বাংলাদেশিকে রেমিটেন্স অ্যাওয়ার্ড দিয়েছে বাংলাদেশ ব্যাংক। এছাড়া চারটি অনাবাসী বাংলাদেশি মালিকানাধীন এক্সচেঞ্জ হাউস ও পাঁচটি সর্বোচ্চ রেমিটেন্স আহরণকারী তফসিলী ব্যাংককেও এ সম্মাননা দেওয়া হয়। গতকাল (১৯ সেপ্টেম্বর মঙ্গলবার) রাজধানীর বাংলা একাডেমিতে 'বাংলাদেশ ব্যাংক রেমিটেন্স অ্যাওয়ার্ড-২০১৬' দেওয়া হয়। অনুষ্ঠানটির আয়োজন করে বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৪)।

**১১। পৌরসভার উন্নয়নে আরও ১৬০০ কোটি টাকা দেবে এডিবি**

পৌরসভার অবকাঠামো উন্নয়নে ২০ কোটি ডলারের সমপরিমাণ এক হাজার ৬০০ কোটি টাকা ঋণ দেবে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। মূলত, স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালী করতে বর্তমান সরকারের নেওয়া কর্মসূচি বাস্তবায়নের অংশ হিসেবে অতিরিক্ত এ অর্থ দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে সংস্থাটি। স্থানীয় সরকার বিভাগের চলমান তৃতীয় আরবান গভর্ন্যান্স অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় এ অর্থায়ন

করছে এডিবি। এতে মোট ৩২ কোটি ৫০ লাখ ডলার অর্থায়নের প্রতিশ্রুতি দিয়েছে সংস্থাটি। এর মধ্যে গতকাল (১৯ সেপ্টেম্বর মঙ্গলবার) ২০ কোটি ডলারের ঋণচুক্তি স্বাক্ষর হয়। শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব কাজী শফিকুল আযম ও এডিবি'র কান্ট্রি ডিরেক্টর কাজোহিকো হিগুচি। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** যথাযথ সংরক্ষণের অভাবে রাজধানীর ধোলাইরপাড়-কুতুবখালী খালটি বিলীন হয়ে যাচ্ছে উল্লেখ করে দেশের সর্বত্রই অবৈধভাবে খাল দখলের এ ধরনের কর্মকাণ্ড বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ :** চট্টগ্রাম সমুদ্রবন্দরে জাহাজজট লেগেই আছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **প্রথম আলো :** বৈশ্বিক পুষ্টি পরিস্থিতি নিয়ে একটি প্রতিবেদনে বাংলাদেশে এখন প্রায় আড়াই কোটি মানুষ অপুষ্টিতে ভুগছে এ তথ্য প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে দেশের পুষ্টি পরিস্থিতির উন্নয়নে যথাযথ পদক্ষেপ  কামনা।

ঘ. **সমকাল :** পুলিশ বিভাগের গবেষণা প্রতিবেদনে রাজধানীতে যানজটের কারণ বিআরটিএ, সিটি করপোরেশন, রাজউক ও ট্রাফিক পুলিশের সমন্বয়হীনতার কারণ উল্লেখ করে যানজট 'নিরসনে সমন্বিত পরিকল্পনা ও এর যথাযথ বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ।

ঙ. **জনকণ্ঠ :** মানবস্বাস্থ্যের জন্য ক্ষতিকর ইলেক্ট্রনিক্স বর্জ্য রিসাইক্লিংয়ের জন্য যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** যত্রতত্র গাড়ি পার্কিং করা রাজধানীর যানজটের অন্যতম কারণ উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **এশিয়ান এজ :** সম্ভাবনাময় পর্যটনশিল্পের বিকাশে নজর দেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, চালের মূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণের পাশাপাশি যেকোনো অজুহাতে দ্রব্যমূল্য বাড়ানোর অসৎ প্রবণতা বন্ধে কঠোর পদক্ষেপ নিতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'জীবনসম্পৃক্ত শিক্ষার বিকল্প নেই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, মানুষের ভেতরের অন্তর্নিহিত শিক্ষার আলো জ্বালিয়ে দেওয়ার মধ্যেই শিক্ষার সাফল্য।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫৩/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ১৯ সেপ্টেম্বর ২০১৭, ৪ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট আয়োজিত জাতিসংঘের সংস্কার বিষয়ের সভায় প্রধানমন্ত্রীর যোগদান

২। রোহিঙ্গা সংকটে বাংলাদেশের পাশে থাকবে ভারত
বিমানেই প্রধানমন্ত্রীকে ভারতীয় পররাষ্ট্রমন্ত্রীর বার্তা

৩। রোহিঙ্গা ইস্যুতে বিশ্ব জনমত সৃষ্টিতে দক্ষিণ কোরিয়ার সহায়তা চাইলেন স্বাস্থ্যমন্ত্রী

৪। রোহিঙ্গা ইস্যুতে রাজনীতি নয় : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী
রোহিঙ্গাদের জন্য খোলা হয়েছে ৮ লঙ্গরখানা

৫। মানবিক কারণে প্রধানমন্ত্রী রোহিঙ্গাদের পাশে দাঁড়িয়েছেন
পিআইডিতে সংবাদ সম্মেলনে তথ্যমন্ত্রী

৬। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের পাশে থাকবে যুক্তরাজ্য : রুশনারা আলী

৭। রোহিঙ্গাদের জন্য বিদেশ থেকে আসা ত্রাণের কর মওকুফ করেছে এনবিআর

৮। সরকার গ্যাস নিয়ে ব্যবসা করবে না : জ্বালানি প্রতিমন্ত্রী

৯। চালের কৃত্রিম সংকট সৃষ্টি করলে ব্যবস্থা : আইজিপি

১০। সরকারি হলো আরও ১২টি স্কুল ও কলেজ

১১। বস্ত্রখাতে প্রণোদনা সুবিধা বাড়ল : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

চলমান পাতা-২

**১। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট আয়োজিত জাতিসংঘের সংস্কার বিষয়ের সভায় প্রধানমন্ত্রীর যোগদান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের সংস্কারে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আয়োজিত উচ্চপর্যায়ের এক সভায় অংশ নিয়েছেন। গতকাল (১৮ সেপ্টেম্বর সোমবার) জাতিসংঘ সদরদপ্তর আয়োজিত এ সভায় **১৯৩টি** দেশের রাষ্ট্র ও সরকারপ্রধানরা যোগ দেন। সভাস্থলে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্বাগত জানান ডোনাল্ড ট্রাম্প। এ সময় তাঁরা কুশল বিনিময় করেন। সভার আলোচ্য বিষয়ের শিরোনাম ছিল 'জাতিসংঘের সংস্কার : ব্যবস্থাপনা, নিরাপত্তা ও উন্নয়ন।' জাতিসংঘের বৃহত্তর দক্ষতা, জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নে মহাসচিব আন্তোনিও গুতেরেসের একটি ঘোষণা গ্রহণের প্রচেষ্টাকালে এ সভা অনুষ্ঠিত হলো। গতকাল সকাল পর্যন্ত এ ঘোষণায় **১২৮টি** দেশ স্বাক্ষর করেছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)। **ইত্তেফাক, সমকাল, যুগান্তর, ভোরের কাগজ, ডেইলি স্টার, ডেইলি সান** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে। **জনকণ্ঠ, ইনকিলাব, সংবাদ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, ডেইলি স্টার, নিউজ টুডে**সহ অধিকাংশ পত্রিকা প্রধানমন্ত্রীকে সংবর্ধনা প্রদানের ছবি ছেপেছে।

**২। রোহিঙ্গা সংকটে বাংলাদেশের পাশে থাকবে ভারত**
**বিমানেই প্রধানমন্ত্রীকে ভারতীয় পররাষ্ট্রমন্ত্রীর বার্তা**

রোহিঙ্গা ইস্যুতে অবস্থান পরিবর্তন করেছে ভারত। প্রতিবেশি এ দেশটি এখন রোহিঙ্গা সংকটে বাংলাদেশের পাশে থাকবে দিল্লির এ বার্তা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জানিয়েছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ। দু'দিন আগে টেলিফোনেই কিছুটা ইঙ্গিত দিয়েছিলেন তিনি। এবার দু'জন একই ফ্লাইটে আটলান্টিক পাড়ি দেওয়ার সময়ে সেই আলোচনাই হয়েছে। ঢাকা, নিউইয়র্ক, আবুধাবি ও দিল্লির কূটনৈতিক সূত্র একথা নিশ্চিত করেছে। এর পরিপ্রেক্ষিতে ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ গত **১৪** সেপ্টেম্বর বৃহস্পতিবার টেলিফোন করে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দিল্লির অবস্থান পরিবর্তনের কথা জানান। তিনি টেলিফোনে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জানান যে, রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের অবস্থানেই বিশ্বাস করে ভারত। ভবিষ্যতে মায়ানমারের সঙ্গে দ্বিপক্ষীয় আলোচনায় বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে বলবে ভারত। এছাড়াও বহুপক্ষীয় এবং গোপনীয় বৈঠকেও রোহিঙ্গাদের মায়ানমারে ফেরত পাঠানোর কথা বলবে ভারত। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৬)।

**৩। রোহিঙ্গা ইস্যুতে বিশ্ব জনমত সৃষ্টিতে দক্ষিণ কোরিয়ার সহায়তা চাইলেন স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম মায়ানমারে রোহিঙ্গাদের ওপর চলমান গণহত্যা বন্ধের লক্ষ্যে বিশ্বজনমত সৃষ্টিতে দক্ষিণ কোরিয়ার সহায়তা চাইলেন। গতকাল (১৮ সেপ্টেম্বর সোমবার) সচিবালয়ে স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত অ্যান সিওং দো সাক্ষাৎ করতে গেলে তিনি এ সহায়তা কামনা করে বলেন, মায়ানমার সেনাবাহিনী রোহিঙ্গা বিতাড়িত করার যে পদক্ষেপ নিয়েছে, তা নিন্দনীয় এবং অবিলম্বে তা বন্ধ করতে হবে। এজন্য বিশ্ব নেতৃবৃন্দকে মায়ানমার সরকারের ওপর চাপ বাড়ানোর তাগিদ দেন তিনি। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৮)।

**৪। রোহিঙ্গা ইস্যুতে রাজনীতি নয় : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**
**রোহিঙ্গাদের জন্য খোলা হয়েছে ৮ লঙ্গরখানা**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, রোহিঙ্গা ইস্যু নিয়ে যাতে কেউ রাজনীতি করতে না পারে সেদিকে সবাইকে সতর্ক থাকতে হবে। গতকাল (১৮ সেপ্টেম্বর সোমবার) কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গাদের ত্রাণবাহী যানবাহন চলাচল সহজতর করতে শহিদ এটিএম জাফর আলম আরাকান সড়কের কুতুপালং থেকে উখিয়া পর্যন্ত সড়ক প্রশস্তকরণ কাজের উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। তিনি বলেন, বাংলাদেশ কূটনৈতিক পর্যায়ে রোহিঙ্গা সমস্যা সমাধানে কাজ করছে। মন্ত্রী ওবায়দুল কাদের রোহিঙ্গাদের মধ্যে খাবার সরবরাহে ৮টি লঙ্গরখানা খোলা হয়েছে জানিয়ে সাংবাদিকদের বলেন, রোহিঙ্গাদের পাশে আছে সরকার। পরে মন্ত্রী কুতুপালংয়ে সরকারিভাবে পরিচালিত মেডিকেল ক্যাম্প পরিদর্শন করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.২), **সমকাল** (পৃ.২,ক.৬)।

**৫। মানবিক কারণে প্রধানমন্ত্রী রোহিঙ্গাদের পাশে দাঁড়িয়েছেন : পিআইডিতে সংবাদ সম্মেলনে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, রাজনীতি নয়, মনুষ্যত্বকে অগ্রাধিকার দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা উদ্বাস্তুদের পাশে দাঁড়িয়েছেন। বিশ্ব আজ তাঁর পাশে এসে দাঁড়িয়েছে। গতকাল (১৮ সেপ্টেম্বর সোমবার) সচিবালয়ে তথ্য অধিদফতরের সম্মেলনকক্ষে রোহিঙ্গা পরিস্থিতি নিয়ে সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, রোহিঙ্গা সমস্যা সমাধানে বাংলাদেশ সরকার সামরিক নয়, কূটনৈতিক তৎপরতায় বিশ্বাসী। মায়ানমারের সামরিক উত্তেজনা সৃষ্টির উসকানি রোধ করার পক্ষেও তিনি মত দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৫) **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৬), **নিউ নেশন** (পৃ.৩,ক.৬)।

**৬। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের পাশে থাকবে যুক্তরাজ্য : রুশনারা আলী**

মায়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের বর্তমানে বাংলাদেশের জন্য অন্যতম চ্যালেঞ্জ বলে মন্তব্য করেছেন সফররত ব্রিটিশ প্রধানমন্ত্রীর বাংলাদেশ বিষয়ক বাণিজ্যদূত রুশনারা আলী। তবে আশ্রয় ও খাবার দেওয়ার মাধ্যমে রোহিঙ্গাদের পাশে দাঁড়িয়ে বাংলাদেশ ঐতিহাসিক ভূমিকা পালন করছে বলে মনে করেন তিনি। বাংলাদেশের এ উদ্যোগে যুক্তরাজ্য পাশে থাকবে বলেও জানিয়েছেন ব্রিটিশ পার্লামেন্টের বাংলাদেশি বংশোদ্ভূত এ সদস্য। গতকাল (১৮ সেপ্টেম্বর সোমবার) সচিবালয়ে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ এর সঙ্গে এক বৈঠকে এসব মন্তব্য করেন রুশনারা আলী। যুক্তরাজ্যের উচ্চপর্যায়ের বাণিজ্য প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১)।

**৭। রোহিঙ্গাদের জন্য বিদেশ থেকে আসা ত্রাণের কর মওকুফ করেছে এনবিআর**

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের জন্য বিশ্বের বিভিন্ন দেশ থেকে আসা ত্রাণসামগ্রীর ওপর সব ধরনের শুল্ককর মওকুফ করেছে সরকার। এনবিআর বলেছে, যেসব দেশ ও সংস্থা নির্যাতিত রোহিঙ্গাদের সহায়তায় ত্রাণসামগ্রী সরবরাহ করবে, তাদের কোনো ধরনের শুল্ককর দিতে হবে না। মানবিক দৃষ্টিকোণ থেকে এ সিদ্ধান্ত নিয়েছে সরকার। এনবিআর সূত্রে জানা গেছে, আগে বিদেশ থেকে আনা ত্রাণসামগ্রীর ক্ষেত্রে নির্ধারিত শুল্ক ও ভ্যাট অব্যাহতি ছিল। এখন তার সঙ্গে অগ্রিম আয়করও প্রত্যাহার করা হলো। ফলে ত্রাণসামগ্রীতে সম্পূর্ণ কর অব্যাহতি সুবিধা দেওয়া হয়েছে। এ আদেশ জারি করার পরপরই গতকাল (১৮ সেপ্টেম্বর সোমবার) সংশ্লিষ্ট কমিশনারেটগুলোকে এ বিষয়ে নির্দেশনা দিয়ে চিঠি পাঠিয়েছে এনবিআর। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৭)।

**৮। সরকার গ্যাস নিয়ে ব্যবসা করবে না : জ্বালানি প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, এলএনজির ব্যবহার ও মূল্য নির্ধারণে দীর্ঘমেয়াদি ও সুনির্দিষ্ট পরিকল্পনা থাকা প্রয়োজন। সরকার এলএনজি বা গ্যাস নিয়ে ব্যবসা করবে না। সব মিলিয়ে টেকসই মূল্য ব্যবস্থাপনা থাকলে ব্যবসায়ীদের পরিকল্পনা স্থির করতে সহজ হবে। গতকাল (১৮ সেপ্টেম্বর সোমবার) রাজধানীতে পেট্রোসেন্টারে এক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। এলএনজি আমদানি পরবর্তীতে অগ্রাধিকার ভিত্তিতে শিল্পবাণিজ্যিক প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহের কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে এ সভা আয়োজন করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৭)।

**৯। চালের কৃত্রিম সংকট সৃষ্টি করলে ব্যবস্থা : আইজিপি**

বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করতে কেউ চাল মজুত করলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া আছে বলে জানিয়েছেন পুলিশ প্রধান একেএম শহীদুল হক। গতকাল (১৮ সেপ্টেম্বর সোমবার) ঢাকায় পুলিশ সদরদফতরে আইনশৃঙ্খলা বিষয়ক এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি মজুতদারদের বিরুদ্ধে এই হুঁশিয়ারি দেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

**১০। সরকারি হলো আরও ১২টি স্কুল ও কলেজ**

দেশের আরও ১২টি স্কুল ও কলেজ সরকারি করা হয়েছে। গতকাল (১৮ সেপ্টেম্বর সোমবার) এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। উন্নতমানের শিক্ষার ব্যবস্থা করার জন্য সরকার এসব

প্রতিষ্ঠান গড়েছিল। সরকার গড়ে তুললেও এগুলো নিজের আয়ে চলছিল। এ কারণে শিক্ষার ব্যয় বেড়ে যায়। ফলে স্থানীয়দের কাছে অনেকটাই উপেক্ষিত ছিল এসব প্রতিষ্ঠান। এমন পরিস্থিতিতে স্কুল ও কলেজগুলো পরিচালনা দুরূহ হয়ে পড়ে। এ কারণে প্রতিষ্ঠানগুলো সরকারি করা হয় বলে জানা গেছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৫), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১)।

**১১।  বস্ত্রখাতে প্রণোদনা সুবিধা বাড়ল : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

বস্ত্রখাতের কম্পোজিট (যারা একইসঙ্গে ফেব্রিকস ও পোশাক তৈরি করেন) মিলের রফতানিকারকরা নিজস্ব প্রতিষ্ঠান ছাড়া অন্য প্রতিষ্ঠান থেকে বস্ত্র তৈরি করলেও এখন থেকে নগদ সহায়তা পাবেন। আগে শুধু নিজস্ব প্রতিষ্ঠানে বস্ত্র তৈরি করলে তারা এ সহায়তা পেতেন। গতকাল (১৮ সেপ্টেম্বর সোমবার) এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে বাংলাদেশ ব্যাংক। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.২), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** অর্থনৈতিক অগ্রগতির সাথে কর্মপরিবেশের উন্নয়ন ও শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিত করা উন্নয়নকে টেকসই করার পূর্বশর্ত হওয়ায় কর্মক্ষেত্রে নিরাপত্তা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

**খ.** **সংবাদ :** রাজধানীর প্রতিটি বাড়িতে যাতে সেপটিক ট্যাংক থাকে সে ব্যাপারে নজরদারির সুপারিশ।

**গ.** **ভোরের কাগজ :** ওএমএসের বিক্রিত চালে সিদ্ধ চালের পরিবর্তে আতপ চাল দেওয়ার অভিযোগ ওঠার কথা উল্লেখ করে ভোক্তাদের কাছে মানসম্মত চাল বিক্রির সুপারিশ।

**ঘ.** **যুগান্তর :** আজ থেকে শুরু হওয়া জাতিসংঘ সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনে অংশ নিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা উল্লেখ করে রোহিঙ্গা সংকটের সমাধানের ব্যাপারে বিশ্বনেতারা কার্যকর আলোচনা করবেন বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঙ.** **যায়যায়দিন :** ঢাকা সিটি করপোরেশন বিভক্ত হওয়ার ছয় বছর পার হলেও এখনো নতুন জনবল কাঠামো তৈরি করতে না পারায় জনবল সংকটে ভুগছে উল্লেখ করে এ ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**চ.** **নিউ এজ :** সরকারি-বেসরকারি খাতে জনগণের জন্য স্বাস্থ্যসেবা বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

**ছ.** **এশিয়ান এজ :** দ্বিতীয় সাবমেরিন ক্যাবল চালু হওয়ায় ডিজিটাল বাংলাদেশ হওয়ার পথে দেশ আরও একধাপ এগিয়েছে বলে মন্তব্য করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মায়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ সৃষ্টি করার লক্ষ্যে বাংলাদেশকে আরো তৎপর হতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বাড়াতে হবে দেশি পণ্যের মান'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, প্রশিক্ষিত কারিগর দ্বারা বাংলাদেশে আন্তর্জাতিক মানের পণ্য উৎপাদিত হলে দেশে বিদেশি পণ্যের চাহিদা কমে আসবে, আন্তর্জাতিক বাজারে দেশি পণ্যের কদর বাড়বে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক**

খ. **জনকণ্ঠ, যায়যায়দিন :** ।

গ. **সংবাদ, প্রথম আলো, ভোরের কাগজ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন :**

ঘ. **যুগান্তর :**

ঙ. **ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেস :**

ছ. **ডেইলি সান :**

জ. **ডেইলি স্টার :**

ঞ. **অবজারভার :**

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত '-----------------------'শিরোনামের নিবন্ধে - করতে হবে বলে অভিমত প্রকাশ।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫২/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ১৮ সেপ্টেম্বর ২০১৭, ৩ আশ্বিন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জাতিসংঘের সাধারণ অধিবেশনে যোগ দিতে নিউইয়র্কে পৌঁছেছেন প্রধানমন্ত্রী

২। রোহিঙ্গাদের নিজ দেশে ফেরত পাঠানোই একমাত্র সমাধান
: বাংলাদেশে জাতিসংঘের আবাসিক প্রতিনিধি

৩। রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় বাংলাদেশের প্রশংসায় কমনওয়েলথ

৪। রেলের অবকাঠামো উন্নয়নে যুক্তরাজ্য সহযোগিতা করতে আগ্রহী : রুশনারা আলী
রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় বাংলাদেশের প্রশংসা

৫। চালের অবৈধ মজুত ঠেকাতে দেশজুড়ে অভিযান চালানো হবে : বাণিজ্যমন্ত্রী

৬। দুর্গাপূজায় রাত ৮টার মধ্যে প্রতিমা বিসর্জন, মেলা নিষিদ্ধ : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। ওয়াই-ফাই প্রকল্পে ৩০ হাজার নারী উদ্যোক্তাকে প্রশিক্ষণ দেওয়া হবে
: তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী

৮। ইন্টারন্যাশনাল ফেস্টিভ্যাল অভ হারমোনির আয়োজন পর্যালোচনায়
সংস্কৃতিমন্ত্রীর মহাস্থানগড় পরিদর্শন

৯। মোটা চাল ছেঁটে মিনিকেট, মিনিকেট নামে কোনো ধান নেই
: বিআইডিএসের গবেষণা প্রতিবেদন প্রকাশ

১০। টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে বাংলাদেশ সঠিক পথে রয়েছে : টিআইবি

১১। সমুদ্রবন্দরে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত

চলমান পাতা-২

**১। জাতিসংঘের সাধারণ অধিবেশনে যোগ দিতে নিউইয়র্কে পৌঁছেছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংযুক্ত আরব আমিরাতের রাজধানী আবুধাবিতে যাত্রাবিরতির পর গতকাল (১৭ সেপ্টেম্বর রোববার) নিউইয়র্কে পৌঁছেছেন। জাতিসংঘের ৭২তম সাধারণ অধিবেশনে যোগ দিতে তাঁর এই সফর। তিনি সেখানে আগামী ২১ সেপ্টেম্বর বৃহস্পতিবার মায়ানমারের রোহিঙ্গা সংকটের মূল কারণগুলো তুলে ধরে তা নিরসনে বাংলাদেশের প্রস্তাব বিশ্বনেতাদের সামনে তুলে ধরবেন। প্রধানমন্ত্রীকে বহনকারী ইতিহাদের ফ্লাইটটি গতকাল স্থানীয় সময় বিকেলে জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান যুক্তরাষ্ট্রে বাংলাদেশের রাষ্ট্রদূত এম জিয়াউদ্দিন ও জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মাসুদ বিন মোমেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪) **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮)।

**২। রোহিঙ্গাদের নিজ দেশে ফেরত পাঠানোই একমাত্র সমাধান**
**: বাংলাদেশে জাতিসংঘের আবাসিক প্রতিনিধি**

রোহিঙ্গাদের মায়ানমারে ফেরত পাঠানোই একমাত্র সমাধান। জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের আলোচনায়ও রোহিঙ্গা সংকটই প্রাধান্য পাবে। গতকাল (১৭ সেপ্টেম্বর রোববার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমের সঙ্গে বৈঠকশেষে ঢাকায় নিযুক্ত জাতিসংঘের আবাসিক প্রতিনিধি রবার্ট ওয়াটকিন্স সাংবাদিকদের এসব তথ্য জানিয়েছেন। এসময় পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, জাতিসংঘের চলতি অধিবেশনের মধ্য দিয়ে রোহিঙ্গা সংকট সমাধানে সিদ্ধান্ত আসবে বলে আশা করা হচ্ছে। রবার্ট ওয়াটকিন্স বলেন, পররাষ্ট্র প্রতিমন্ত্রীর সঙ্গে বৈঠকে রোহিঙ্গা ইস্যু নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। ত্রাণের জন্য জাতিসংঘের পক্ষ থেকে আন্তর্জাতিক সহায়তা চাওয়া হয়েছে। নতুন করে যারা বাংলাদেশে এসেছে, শুধু তাদের জন্য নয়, বরং আরও আগে থেকে যারা আছেন, তাদের সহায়তা দেওয়ার বিষয় নিয়েও ভাবতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

**৩। রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় বাংলাদেশের প্রশংসায় কমনওয়েলথ**

মায়ানমার থেকে পালিয়ে আসা লাখো রোহিঙ্গাকে নিজেদের ভূখণ্ডে আশ্রয় দেওয়ায় কমনওয়েলথের মহাসচিব প্যাট্রিসিয়া স্কটল্যান্ড বাংলাদেশ সরকারের প্রশংসা করেছেন। গত ১৬ সেপ্টেম্বর শনিবার তিনি এক বিবৃতিতে বলেন, নিজ বাড়িঘর ছেড়ে পালানো ছাড়া যাদের কোনো উপায় ছিল না, বাংলাদেশ তাদের জন্য সীমান্ত খুলে দেওয়ায় আমি উৎসাহিত। তিনি বলেন, রোহিঙ্গারা জানিয়েছেন, মায়ানমারে সরকারি বাহিনীর নিপীড়নের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য তারা বাড়িঘর ছেড়ে পালাচ্ছেন। তিনি বলেন, জরুরি ভিত্তিতে রোহিঙ্গাদের খাবার, আশ্রয় ও পোশাকসহ মৌলিক চাহিদাগুলো পূরণের মাধ্যমে বাংলাদেশ সরকার ও জনগণ কমনওয়েলথের সুনাম অক্ষুণ্ন রাখছেন। লাখো রোহিঙ্গার এই সংকটপূর্ণ মুহূর্তে এই সহায়তাগুলো অত্যন্ত প্রয়োজন। রোহিঙ্গাদের মানবিক সহায়তা করা কমনওয়েলথ চুক্তির শর্তাবলির সঙ্গে সঙ্গতিপূর্ণ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

**৪। রেলের অবকাঠামো উন্নয়নে যুক্তরাজ্য সহযোগিতা করতে আগ্রহী : রুশনারা আলী**
**রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় বাংলাদেশের প্রশংসা**

ব্রিটিশ প্রধানমন্ত্রীর বাণিজ্যদূত রুশনারা আলী বলেছেন, বাংলাদেশ রেলওয়ের অবকাঠামো উন্নয়নে যুক্তরাজ্যের রেলওয়ে কোম্পানিগুলো সহযোগিতা করতে আগ্রহী। তিনি আরও জানান, বাংলাদেশে যুক্তরাজ্যের রফতানি অর্থায়ন এখন ১৫০ মিলিয়ন পাউন্ড থেকে বেড়ে ৬২৫ মিলিয়নে পৌঁছেছে। গতকাল (১৭ সেপ্টেম্বর রোববার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমের সঙ্গে রুশনারা আলীর নেতৃত্বে যুক্তরাজ্যের একটি প্রতিনিধিদল বৈঠক করে। বৈঠকশেষে রুশনারা আলী সাংবাদিকদের এসব কথা বলেন।

রুশনারা আলী আরো বলেন, সংখ্যালঘু রোহিঙ্গা সম্প্রদায়কে বাংলাদেশে আশ্রয় ও বেসরকারি সংস্থাসমূহকে প্রবেশ করতে দিয়ে বাংলাদেশ নৈতিক সাফল্য অর্জন করেছে। মায়ানমারের রাখাইন রাজ্যে

সংখ্যালঘু রোহিঙ্গাদের বিরুদ্ধে মায়ানমার সশস্ত্র বাহিনীর সহিংসতার কারণে সৃষ্ট মানবিক সংকটের কথা তুলে ধরে রুশনারা আলী বলেন, সংখ্যালঘু জাতিসত্তার জনগণের ওপর মায়ানমার সরকারের এ আচরণ



কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। এ প্রেক্ষাপটে যুক্তরাজ্য থেকে অবশ্যই বাংলাদেশে সাহায্য ও বিনিয়োগ বৃদ্ধি পাবে বলে তিনি আশ্বাস দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

**৫। চালের অবৈধ মজুত ঠেকাতে দেশজুড়ে অভিযান চালানো হবে : বাণিজ্যমন্ত্রী**

গতকাল (১৭ সেপ্টেম্বর রোববার) সচিবালয়ে বাংলাদেশ অটোরাইস মিল ওনার্স অ্যাসোসিয়েশনের নেতাদের সঙ্গে বৈঠকশেষে সাংবাদিকদের বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেন, অবৈধ মজুতদারদের ধরতে সব চালের গুদামে অভিযান চালানো হবে। অতিরিক্ত মজুত রাখলে মিল মালিকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। তারা সিন্ডিকেট করে বাজারে চাল সংকট গুজব ছড়িয়েছে। তিনি সংশ্লিষ্ট জেলার ডিসি-এসপিদের এ ব্যাপারে নির্দেশনা দেন। বৈঠকে খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম উপস্থিত ছিলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৬। দুর্গাপূজায় রাত ৮টার মধ্যে প্রতিমা বিসর্জন, মেলা নিষিদ্ধ : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, আসন্ন দুর্গাপূজায় রাত ৮টার মধ্যে প্রতিমা বিসর্জন শেষ করতে হবে। নিরাপত্তার কারণে মণ্ডপের আশপাশে বা রাস্তায় কোনো মেলা বসানো যাবে না। এ বছর সারাদেশে পূজামণ্ডপগুলোতে এক লাখ ৬৮ হাজার পুলিশসহ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের সঙ্গে আনসার সদস্যও মোতায়েন থাকবে। গতকাল (১৭ সেপ্টেম্বর রোববার) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে শারদীয় দুর্গোৎসবে আইনশৃঙ্খলা প্রস্তুতিসংক্রান্ত বৈঠকের পর সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৭। ওয়াই-ফাই প্রকল্পে ৩০ হাজার নারী উদ্যোক্তাকে প্রশিক্ষণ দেওয়া হবে : তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী**

তথ্যপ্রযুক্তি বিভাগ ৩০ হাজার নারী উদ্যোক্তাকে 'উইমেন অ্যান্ড আইসিটি ফ্রন্টিয়ার ইনিশিয়েটিভ' (ওয়াই-ফাই) প্রকল্পের আওতায় প্রশিক্ষণ দেবে। তারা প্রশিক্ষণ পেয়ে ২০১৮ সালের মধ্যে দক্ষ মানবসম্পদ হিসেবে তথ্যপ্রযুক্তি খাতে অবদান রাখতে পারবেন। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) ও লিভারেজিং আইসিটি ফর গ্রোথ, এমপ্লয়মেন্ট অ্যান্ড গভর্নেন্স (এলআইসিটি) এ কর্মসূচি বাস্তবায়ন করবে। এ বিষয়ে তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, ওয়াই-ফাই প্রকল্পের মাধ্যমে নারীর ক্ষমতায়ন ও জীবনের সব ক্ষেত্রে তথ্যপ্রযুক্তির ব্যবহারের লক্ষ্যে কাজ করা হচ্ছে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে তথ্যপ্রযুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ইতোমধ্যে ইউনিয়ন পর্যায়ে ২০ হাজার নারীকে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭)।

**৮। ইন্টারন্যাশনাল ফেস্টিভ্যাল অভ হারমোনির আয়োজন পর্যালোচনায় সংস্কৃতিমন্ত্রীর মহাস্থানগড় পরিদর্শন**

এবছর ডিসেম্বরে বগুড়ার মহাস্থানগড়ে অনুষ্ঠিতব্য ইন্টারন্যাশনাল ফেস্টিভ্যাল অভ হারমোনির (আইএফএইচ) স্থান নির্বাচন এবং আয়োজনের প্রস্তুতি ও ব্যবস্থাপনার দিক নির্দেশনা দিতে সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর গতকাল (১৭ সেপ্টেম্বর রোববার ) সকালে বগুড়ার মহাস্থানগড় পরিদর্শন করেন। এ সময় মন্ত্রী বলেন, এই আয়োজন বিশ্বের দেশগুলোর সঙ্গে বাংলাদেশের সাংস্কৃতিক মেলবন্ধন আরও সুদৃঢ় করবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগ্রহেই এ বড় অনুষ্ঠান বগুড়ার মহাস্থানগড়ে অনুষ্ঠিত হচ্ছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩), **প্রথম আলো** (পৃ.১৬,ক.৪), **ডেইলি সান** (পৃ.১৩,ক.১)।

**৯। মোটা চাল ছেঁটে মিনিকেট, মিনিকেট নামে কোনো ধান নেই : বিআইডিএসের গবেষণা প্রতিবেদন প্রকাশ**

দেশে-বিদেশে মিনিকেট নামের কোনো ধান নেই। বাজারে এ নামে রং-বেরঙের নানা বস্তাবন্দি যে চাল পাওয়া যায় তা আসলে সাধারণ এবং কোনো কোনো ক্ষেত্রে নিম্নমানের মোট চাল মেশিনে ছেঁটে সরু করা। আর বিষয়টি এবার প্রমাণিত হয়েছে বাংলাদেশ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজের (বিআইডিএস) গবেষণায়। মোটা চাল ছেঁটে সরু এবং রাসায়নিকের মাধ্যমে চকচকে করায় কথিত 'মিনিকেট' চালে স্বাভাবিক খাদ্যমান ও পুষ্টিগুণও থাকে না। মিনিকেট চাল নিয়ে বিআইডিএসের গবেষণায় এই ফলাফল গতকাল (১৭ সেপ্টেম্বর রোববার) তুলে ধরা হয় পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি'র বৈঠকে। সংসদ ভবনে অনুষ্ঠিত এই বৈঠকে বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে গবেষণালব্ধ ফলাফলটি বিভিন্ন মন্ত্রণালয়ের মাধ্যমে ব্যাপক প্রচার করে জনসচেতনতা সৃষ্টির পরামর্শ দিয়েছে সংসদীয় কমিটি। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.৬)।

**১০।   টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে বাংলাদেশ সঠিক পথে রয়েছে : টিআইবি**

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে আইনি, নীতি ও প্রাতিষ্ঠানিক কাঠামোগত দিক থেকে বাংলাদেশ সঠিক পথেই রয়েছে বলে মনে করে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশে (টিআইবি)। টিআইবি মনে করে, অন্যান্য দেশের তুলনায় তথ্যে উল্লেখযোগ্য পর্যায়ে প্রবেশাধিকার দিয়েছে বাংলাদেশ। এক্ষেত্রে তথ্য অধিকার আইন-২০০৯ প্রণয়ন, তথ্য কমিশন গঠন ও আইনের প্রয়োগকে সন্তোষজনক বলে উল্লেখ করেছে এই সংস্থাটি। পাশাপাশি, দুর্নীতি দমন কমিশন (দুদক) ও জাতীয় মানবাধিকার কমিশনের কার্যক্রমকে ইতিবাচক হিসেবে উল্লেখ করেছে টিআইবি। গতকাল (১৭ সেপ্টেম্বর রোববার) রাজধানীর ধানমন্ডির মাইডাস সেন্টারে টিআইবি কার্যালয়ে আয়োজিত 'টেকসই উন্নয়ন অভীষ্ট ১৬ : দুর্নীতি প্রতিরোধ ও সুশাসনসংশ্লিষ্ট লক্ষ্যের ওপর বাংলাদেশের প্রস্তুতি, বাস্তবতা ও বাংলাদেশের চ্যালেঞ্জ' শীর্ষক গবেষণা প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে এ কথা জানানো হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

**১১।   সমুদ্রবন্দরে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত**

উত্তর বঙ্গোপসাগর এলাকায় গভীর সঞ্চালনশীল মেঘমালা তৈরি হচ্ছে। উত্তর বঙ্গোপসাগর, বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্রবন্দরগুলোর ওপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। আবহাওয়া অধিদপ্তর গতকাল (১৭ সেপ্টেম্বর রোববার) এ কথা জানায়। চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্কসংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারগুলোকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** লন্ডনে ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিটের তথ্য মতে, বাংলাদেশে প্রতি ১০০ স্নাতক ডিগ্রিধারী তরুণতরুণীর মধ্যে ৪৭ জনই বেকার হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে এ সমস্যা নিরসনে কর্মসংস্থানের জন্য শিল্পায়ন ও দেশি-বিদেশি বিনিয়োগের সুস্থ পরিবেশ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ, যুগান্তর, যায়যায়দিন, ডেইলি স্টার :** এক সপ্তাহে চালের দাম কেজি প্রতি ৯-১০ টাকা বেড়েছে উল্লেখ করে ক্রমাগত দাম বেড়ে চলা চালের দাম নিয়ন্ত্রণে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **ভোরের কাগজ :** মায়ানমারের রাখাইন রাজ্যে সাম্প্রতিক দমন-পীড়নের মুখে সীমান্ত অতিক্রম করে জীবন বাঁচাতে পালিয়ে আসা রোহিঙ্গারা কক্সবাজারের টেকনাফ, উখিয়া হয়ে ছড়িয়ে পড়ছে সারাদেশে উল্লেখ করে রোহিঙ্গাদের ছড়িয়ে পড়া ঠেকাতে কঠোর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যায়যায়দিন :** দেশ ও জাতির জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে শিক্ষার্থীদের স্কুল পর্যায় থেকে সংস্কৃতি চর্চার আহ্বান।

ঙ. **প্রথম আলো :** টাঙ্গাইল-ময়মনসিংহ সড়কের মধুপুর বনাঞ্চলের নয় কিলোমিটার সড়ক অপরাধীদের স্বর্গরাজ্যে পরিণত হওয়ার খবর উল্লেখ করে অপরাধীদের ধরতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

চ. **নিউজ টুডে :** হাজারীবাগ হতে ট্যানারিশিল্প সাভারে স্থানান্তরিত হওয়ায় ট্যানারির বর্জ্যে ধলেশ্বরী নদী দূষণের ঝুঁকিতে পড়ছে উল্লেখ করে দূষণ রোধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) ভেতরে কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে নানা অনিয়ম, দুর্নীতি বন্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, গণতান্ত্রিক রাজনীতির ভাষা সংযত ও শালীন হতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'নারী উদ্যোক্তা এবং যুব সমাজ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, আমাদের মেধাবী যুবসমাজ যদি নারীদের পাশে জোরালোভাবে দাঁড়ায় তাহলে সফল নারী উদ্যোক্তা খুব সহজেই তৈরি হবে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫১/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ১৭ সেপ্টেম্বর ২০১৭, ২ আশ্বিন, ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জাতিসংঘের সাধারণ অধিবেশনে যোগ দিতে নিউইয়র্কের পথে প্রধানমন্ত্রী

২। বিমস্‌টেকের জন্য মুক্তবাণিজ্য এলাকা গঠনে দ্রুত সমঝোতা চুক্তি স্বাক্ষর জরুরি
: কলকাতায় বিমস্‌টেক প্রদর্শনী উদ্বোধনকালে শিল্পমন্ত্রী

৩। সাধারণ শিক্ষাপ্রতিষ্ঠান ও মাদ্রাসায় কারিগরি শাখা সংযোজন করা হবে : শিক্ষামন্ত্রী

৪। দুই লাখ রোহিঙ্গা শিশুর জন্য টিকা ও ভিটামিন দেওয়া হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী

৫। রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে বাংলাদেশ দৃষ্টান্ত স্থাপন করেছে : ব্রিটিশ হাইকমিশনার

৬। রোহিঙ্গা ছড়িয়েপড়া ঠেকাতে নজরদারি বাড়ানো হয়েছে : আইজিপি
চট্টগ্রামে ২৭ চেকপোস্ট, পূজামণ্ডপে নিরাপত্তায় ৫০ হাজার পুলিশ সদস্য

৭। দোহাজারী-কক্সবাজার-ঘুনধুম রেলপথ নির্মাণ শুরু আগামী নভেম্বরে
: ঠিকাদার প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষর

৮। ওএমএসে চাল বিক্রি আজ থেকে শুরু

৯। সৌদি আরব থেকে দেশে ফিরতে আরও এক মাস সময় পেল অবৈধ বাংলাদেশিরা

১০। ওজোনস্তর রক্ষায় বাংলাদেশের সাফল্যের প্রশংসা করেছে ইউএনডিপি

চলমান পাতা-২

**১। জাতিসংঘের সাধারণ অধিবেশনে যোগ দিতে নিউইয়র্কের পথে প্রধানমন্ত্রী**

জাতিসংঘের ৭২তম সাধারণ অধিবেশনে যোগ দিতে নিউইয়র্কের পথে ঢাকা ছেড়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মায়ানমারের রোহিঙ্গা সংকটের মূল কারণগুলো তুলে ধরে তা নিরসনে বাংলাদেশের প্রস্তাব তিনি সেখানে বিশ্ব নেতাদের সামনে তুলে ধরবেন। গতকাল (১৬ সেপ্টেম্বর শনিবার) দুপুর ২টা ১০ মিনিটে তিনি বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইটে আবুধাবির উদ্দেশ্যে রওনা হন। সেখান থেকে আজ (১৭ সেপ্টেম্বর রোববার) সকালে ইতিহাদের ফ্লাইটে তিনি যুক্তরাষ্ট্রে পৌঁছাবেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১)। **ইত্তেফাক, সংবাদ, জনকণ্ঠ, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, অবজারভার, নিউজ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। বিমস্টেকের জন্য মুক্তবাণিজ্য এলাকা গঠনে দ্রুত সমঝোতা চুক্তি স্বাক্ষর জরুরি**
**: কলকাতায় বিমস্টেক প্রদর্শনী উদ্বোধনকালে শিল্পমন্ত্রী**

বিমস্টেক'র সদস্যভুক্ত দেশগুলোতে বিদ্যমান অর্থনৈতিক উন্নয়নের অপার সম্ভাবনা কাজে লাগাতে পারস্পরিক সহায়তা, ব্যবসাবাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক জোরদারের ওপর গুরুত্ব দিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, বিশ্বের মোট জনসংখ্যার শতকরা ২১ ভাগ বিমস্টেক জোটভুক্ত দেশগুলোতে বাস করছে। জোটের সমষ্টিগত জিডিপির পরিমাণ ৭৫০ বিলিয়ন মার্কিন ডলার হলেও দেশগুলোর সম্মিলিত বাণিজ্যের পরিমাণ এখনও বিশ্ববাণিজ্যের মাত্র ৭ শতাংশ। দ্বিপাক্ষিক ও বহুমাত্রিক বিনিয়োগ এবং বাণিজ্য বাড়িয়ে এ অঞ্চলের জনগণের টেকসই অর্থনৈতিক উন্নয়ন সম্ভব হবে বলে তিনি মন্তব্য করেন। ভারত আয়োজিত 'বিমস্টেক প্রদর্শনী-২০১৭' এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

**৩। সাধারণ শিক্ষাপ্রতিষ্ঠান ও মাদ্রাসায় কারিগরি শাখা সংযোজন করা হবে : শিক্ষামন্ত্রী**

প্রথমবারের মতো সরকারি উদ্যোগে এক সঙ্গে দেশের প্রায় সাড়ে তিনশ' শিক্ষার্থী চীন সরকারের স্কলারশিপ পেল। এরা চীনের সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে তিনবছর মেয়াদি ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পড়বে। ডিগ্রি শেষে চীনে উচ্চশিক্ষা ও কর্মসংস্থানের সুযোগও পাচ্ছেন তারা। স্কলারশিপপ্রাপ্ত কারিগরি শিক্ষান্তরের ৩৪৯ জন শিক্ষার্থীর যাত্রাপূর্ব ওরিয়েন্টেশন কর্মসূচিতে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সহযোগিতার জন্য চীন সরকারকে ধন্যবাদ জানিয়ে ঘোষণা করেন, ঢেলে সাজানো হচ্ছে দেশের কারিগরি শিক্ষার কারিকুলাম-সিলেবাস। সাধারণ শিক্ষাপ্রতিষ্ঠান ও মাদ্রাসায় কারিগরি শাখা সংযোজন করা হবে। গতকাল (১৬ সেপ্টেম্বর শনিবার) আইডিইবি মিলনায়তনে কারিগরি শিক্ষা অধিদফতর আয়োজিত ওরিয়েন্টেশন কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬), **নিউ নেশন** (পৃ.৩,ক.২)।

**৪। দুই লাখ রোহিঙ্গা শিশুর জন্য টিকা ও ভিটামিন দেওয়া হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী**

নির্যাতনের শিকার হয়ে মায়ানমার থেকে বাংলাদেশে পালিয়ে আসা প্রায় দুই লাখ রোহিঙ্গা শিশুকে হাম ও পোলিও টিকা এবং ভিটামিন এ ক্যাপসুল দেওয়া হচ্ছে। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, মায়ানমার থেকে আসা রোহিঙ্গা শিশুদের জন্য রোগব্যাধির প্রতিষেধক টিকা দেওয়া হচ্ছে। এর মধ্যে রয়েছে এক লাখ ২০ হাজার হাম (রুবেলা) ও ৪০ হাজার পোলিও টিকা এবং ৩৮ হাজার ভিটামিন এ ক্যাপসুল। গতকাল (১৬ সেপ্টেম্বর শনিবার) কক্সবাজারের উখিয়ার কুতুপালং রোহিঙ্গা ক্যাম্পে স্বাস্থ্যমন্ত্রী সাংবাদিকদের এ কথা বলেন। টেকনাফ ও উখিয়ায় গতকাল সকাল থেকে রোহিঙ্গা শিশুদের টিকা দেওয়া শুরু হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৪)।

**৫। রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে বাংলাদেশ দৃষ্টান্ত স্থাপন করেছে : ব্রিটিশ হাইকমিশনার**

ব্রিটিশ হাইকমিশনার অ্যালিসন ব্লেইক বলেছেন, সংকটময় মুহূর্তে রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে বাংলাদেশ বিশ্বে দৃষ্টান্ত স্থাপন করেছে। ইতোমধ্যে চার লাখ রোহিঙ্গা বাংলাদেশে এসে আশ্রয় নিয়েছে। এটা যেকোনো দেশের জন্য একটি বড় চ্যালেঞ্জ। গতকাল (১৬ সেপ্টেম্বর শনিবার) হাইকমিশনার ব্লেইক তাঁর বারিধারার বাসভবনে সংবাদমাধ্যমের প্রতিনিধিদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন। তিনি বলেন, এই

সংকটের জন্য দায়ী না হলেও বাংলাদেশকে বড় চ্যালেঞ্জ মোকাবিলা করতে হচ্ছে। মায়ানমারকেই এই সংকট নিরসনে পদক্ষেপ নিতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৬।	রোহিঙ্গা ছড়িয়েপড়া ঠেকাতে নজরদারি বাড়ানো হয়েছে : আইজিপি**
**চট্টগ্রামে ২৭ চেকপোস্ট, পূজামণ্ডপে নিরাপত্তায় ৫০ হাজার পুলিশ সদস্য**

পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) এ কে এম শহীদুল হক বলেছেন, রোহিঙ্গারা যেন দেশের ভেতর ছড়িয়ে পড়তে না পারে, সেজন্য গোয়েন্দা নজরদারি বাড়ানো হয়েছে। পাশাপাশি বিভিন্ন সড়কে চেকপোস্ট বসানো হয়েছে। এমনকি যাত্রীবাহী বাসসহ বিভিন্ন যানবাহনেও তল্লাশি করা হচ্ছে। তিনি গতকাল (১৬ সেপ্টেম্বর শনিবার) গাজীপুরের কাপাসিয়ায় টোক নয়নবাজার পুলিশ তদন্তকেন্দ্র উদ্বোধনকালে এ কথা বলেন। **সমকাল** (পৃ.১৯,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

এদিকে কক্সবাজারে আসা রোহিঙ্গাদের ছড়িয়েপড়া ঠেকাতে চট্টগ্রাম বিভাগের চার জেলার বিভিন্ন প্রবেশপথে ২৭টি চেকপোস্ট বসিয়েছে পুলিশ। এ ছাড়া বিভাগের ১১ জেলায় দুর্গাপূজায় সাড়ে তিন হাজার মণ্ডপের নিরাপত্তায় আইনশৃঙ্খলারক্ষাকারী বাহিনীর ৫০ হাজার সদস্য থাকবেন। গতকাল (১৬ সেপ্টেম্বর শনিবার) চট্টগ্রাম নগরের খুলশীতে নিজ কার্যালয়ে এক মতবিনিময় সভায় এসব তথ্য জানান পুলিশের চট্টগ্রাম রেঞ্জের ডিআইজি এসএম মনিরুজ্জামান। সভায় রোহিঙ্গা ইস্যুতে উস্কানি ছড়িয়ে কেউ যাতে পূজামণ্ডপে অপ্রীতিকর পরিস্থিতি সৃষ্টি করতে না পারে সে ব্যাপারে সতর্ক থাকার নির্দেশ দিয়েছেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৩) **সংবাদ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**৭।	দোহাজারী-কক্সবাজার -ঘুনধুম রেলপথ নির্মাণ শুরু আগামী নভেম্বরে**
**: ঠিকাদার প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষর**

কক্সবাজার সমুদ্র সৈকতে পর্যটকদের যাতায়াতের সুবিধার্থে চলতি বছরের নভেম্বর থেকেই শুরু হচ্ছে দোহাজারী-কক্সবাজার-ঘুনধুম রেলপথ নির্মাণকাজ। প্রাথমিকভাবে দোহাজারী-রামু-কক্সবাজার পর্যন্ত ১৪০ কিলোমিটার রেলপথ নির্মাণ করা হবে। এ প্রকল্পের আওতায় কক্সবাজারে নির্মাণ করা হবে আন্তর্জাতিক মানের রেলস্টেশন। প্রকল্প নির্মাণে ব্যয় ধরা হয়েছে ১৮ হাজার ৩৪ কোটি টাকা। এর মধ্যে এশিয়ান উন্নয়ন ব্যাংক (এডিবি) ঋণ দিচ্ছে ১৩ হাজার ১১৫ কোটি টাকা। বাকি ৪ হাজার ৯১৯ কোটি টাকা সরকারের ফান্ড থেকে ব্যয় করা হবে। প্রকল্পটি নির্মাণে মেয়াদ ধরা হয়েছে ২০১০ সালের ১লা জুলাই থেকে ২০২২ সালের ৩০ জুন পর্যন্ত। প্রকল্পটি নির্মাণে গতকাল (১৬ সেপ্টেম্বর শনিবার) রেলভবনে ঠিকাদার প্রতিষ্ঠানের সঙ্গে একটি চুক্তি স্বাক্ষর করে রেলওয়ে। এ সময় রেলমন্ত্রী মো. মুজিবুল হকসহ অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ (শেষ পৃ.,ক.২), ইনকিলাব (শেষ পৃ.,ক.৬), নিউজ টুডে (পৃ.৩,ক.৬), বাংলাদেশ টুডে (শেষ** পৃ.,ক.৬)।

**৮।	ওএমএসে চাল বিক্রি আজ থেকে শুরু**

দেশের বিভাগীয় ও জেলা শহরে আজ (১৭ সেপ্টেম্বর রোববার) থেকে ওএমএসের মাধ্যমে চাল বিক্রি শুরু হচ্ছে। প্রতি কেজি ৩০ টাকা দরে চাল বিক্রি করা হবে বলে খাদ্য মন্ত্রণালয় সূত্রে জানা গেছে। তবে খোলা বাজারে ১৭ টাকা কেজিতে আটা বিক্রি করা হবে। এছাড়া আগামী (২০ সেপ্টেম্বর বুধবার) থেকে হতদরিদ্রদের জন্য 'খাদ্যবান্ধব কর্মসূচি' শুরু হবে। এখানে ১০ টাকা কেজি দরে চাল বিক্রি করা হবে। গত ১৪ সেপ্টেম্বর বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম ওএমএস চালুর ঘোষণা দেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (শেষ পৃ.,ক.২)।

**৯।	সৌদি আরব থেকে দেশে ফিরতে আরও এক মাস সময় পেল অবৈধ বাংলাদেশিরা**

সৌদি আরবে অবৈধভাবে বসবাসরত বাংলাদেশিদের সাজা ছাড়া দেশে ফেরার সুযোগ দিতে সাধারণ ক্ষমার মেয়াদ আরও একমাস বাড়ানো হয়েছে। রিয়াদে বাংলাদেশ দূতাবাসের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, অবৈধ অভিবাসীরা ১৬ সেপ্টেম্বর থেকে ১৫ অক্টোবর পর্যন্ত সাধারণ ক্ষমার সুযোগ নিয়ে বিনা জরিমানায় দেশে ফিরতে পারবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**১০। ওজোনস্তর রক্ষায় বাংলাদেশের সাফল্যের প্রশংসা করেছে ইউএনডিপি**

বাংলাদেশে নিযুক্ত ইউএনডিপি'র ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর কয়কো ইয়োকসু মন্ট্রিয়ল প্রটোকলের সফল বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকারের প্রশংসা করেছেন। গতকাল (১৬ সেপ্টেম্বর শনিবার) রাজধানীর বনভবনে বিশ্ব ওজোন দিবস উপলক্ষে আয়োজিত এক আলোচনাসভায় তিনি এ প্রশংসা করেন। পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন। সূত্র-**জনকণ্ঠ** ( শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.৫,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** ইউনেস্কোর হিসাব অনুযায়ী বাংলাদেশে সাক্ষরতার হার ৬১.৫ শতাংশ হওয়ায় দেশের অর্থনৈতিক উন্নতির লক্ষ্যে সাক্ষরতার হার শতভাগ করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

খ. **সংবাদ :** অপ্রতুল বরাদ্দের কারণে দেশের প্রাথমিক বিদ্যালয়গুলোতে অবকাঠামো উন্নয়ন করা যাচ্ছে না উল্লেখ করে এ খাতে বরাদ্দ বাড়ানোর পাশাপাশি অনিয়ম-দুর্নীতি রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **ভোরের কাগজ :** সেবা সংস্থাগুলোর সমন্বয়হীনতায় রাজধানীর দুই সিটি করপোরেশনের উভয় অংশের সড়কজুড়েই অপরিকল্পিত খোঁড়াখুঁড়ি চলায় তা জনদুর্ভোগের কারণ হচ্ছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে রাজধানীর উন্নয়ন প্রক্রিয়ায় সম্পৃক্ত বিভিন্ন সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থাগুলিকে সমন্বয়ের মাধ্যমে কাজ করার সুপারিশ।

ঘ. **সমকাল :** স্বাস্থ্যসেবা নিশ্চিতের লক্ষ্যে প্রতিষ্ঠিত কমিউনিটি ক্লিনিকের অনেকগুলোর দুরবস্থায় উদ্বেগ প্রকাশ করে এ অবস্থা নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **প্রথম আলো :** ফেরিস্বল্পতার কারণে মানিকগঞ্জের পাটুরিয়া ও রাজবাড়ীর দৌলতদিয়া নৌপথে চলাচলকারী যানবাহনগুলোর যাত্রী ও শ্রমিকদের যে দুর্ভোগে পড়তে হচ্ছে তা গ্রহণযোগ্য নয় উল্লেখ করে এ ব্যাপারে নৌপরিবহণ মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ ।

চ. **নিউ এজ :** রেলওয়ের সেবার মান বাড়িয়ে আধুনিক ও যুগোপযোগী করার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি স্টার :** চালের দাম ঊর্ধ্বমুখী হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কার্যকর ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**আলোকিত বাংলাদেশ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিক্ষা ও শিক্ষাপ্রতিষ্ঠানের গুণগতমান বাড়িয়ে বিশ্বমানের পর্যায়ে পৌঁছাতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'বন্যা হয় প্রাকৃতিক ও মনুষ্যসৃষ্ট কারণে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বন্যার তীব্রতা ও বিস্তার হ্রাস করার জন্য নদীর গতিপথে বন্যা নিয়ন্ত্রক জলাধার তৈরি করা উচিত।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক**

খ. **জনকণ্ঠ, যায়যায়দিন :** ।

গ. **সংবাদ, প্রথম আলো, ভোরের কাগজ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন :**

ঘ. **যুগান্তর :**

ঙ. **ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেস :**

ছ. **ডেইলি সান :**

জ. **ডেইলি স্টার :**

ঞ. **অবজারভার :**

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত '----------------------'শিরোনামের নিবন্ধে - করতে হবে বলে অভিমত প্রকাশ।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫০/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ১৪ সেপ্টেম্বর ২০১৭, ৩০ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রী রাজশাহী যাচ্ছেন আজ

২। সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায় ও পর্যবেক্ষণের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার প্রস্তাব সংসদে সর্বসম্মতিক্রমে গৃহীত

৩। জিয়া পরিবার ও বিএনপি নেতাদের ১২শ'কোটি টাকা পাচারের তদন্ত হচ্ছে : সংসদে প্রধানমন্ত্রী

৪। বঙ্গবন্ধুর পলাতক ৬ খুনিকে ধরতে ইন্টারপোলের রেড নোটিশ জারি : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী

৫। রোহিঙ্গা সংকট মানবতার চরম অবমাননা : কুতুপালং শিবিরে কূটনীতিকবৃন্দ

৬। রোহিঙ্গাদের জন্য পাঠানো বিদেশি ত্রাণসামগ্রীতে শুল্ক মওকুফ

৭। ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়নে ৬৬৫ কোটি টাকার প্রকল্প একনেকে অনুমোদন

৮। পঞ্চাশ হাজার টন চিনি আমদানি করবে সরকার : মন্ত্রিসভা কমিটি'র সিদ্ধান্ত

৯। মিল মালিকদের কারসাজিতে চালের দাম বেড়েছে : বাণিজ্যমন্ত্রী

১০। কোচিংবাণিজ্য বন্ধে আইন সংসদে তোলা হবে : শিক্ষামন্ত্রী

চলমান পাতা-২

১। **প্রধানমন্ত্রী রাজশাহী যাচ্ছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (১৪ সেপ্টেম্বর বৃহস্পতিবার) রাজশাহী সফরে যাচ্ছেন। শারদায় বাংলাদেশ পুলিশ একাডেমিতে শিক্ষানবিস সহকারী পুলিশ সুপারদের সমাপনী কুচকাওয়াজে যোগদানের পর প্রধানমন্ত্রী ১৬টি উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং ৬টি প্রকল্পের উদ্বোধন করবেন। ১৬টি প্রকল্পের মধ্যে রয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিব হাইটেক পার্ক, বিভাগীয় ও জেলা পরিবার পরিকল্পনা ভবন, নদীর তীর রক্ষা বাঁধ, মুক্তিযোদ্ধা কমপ্লেক্স, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্কোয়ার ও রাজশাহী শিশু হাসপাতাল। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

২। **সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায় ও পর্যবেক্ষণের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার প্রস্তাব সংসদে সর্বসম্মতিক্রমে গৃহীত**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সংসদই সার্বভৌম। সংবিধান অনুযায়ী সব ক্ষমতার উৎস জনগণ। সেই জনগণ সংসদ নির্বাচিত করে। সংসদ আইন তৈরি করে দেয়। এ পার্লামেন্ট যে আইন পাস করে দেয়, সে আইন দ্বারাই বিচার বিভাগ ও নির্বাহী বিভাগ চলে। আর সেই সংসদকে খাটো করা, রাষ্ট্রপতিকে খাটো করা-সেটা গ্রহণযোগ্য হতে পারে না। ষোড়শ সংশোধনী বাতিলের রায় কারও কাছেই গ্রহণযোগ্যতা পায়নি, এর মাধ্যমে প্রধান বিচারপতি নিজেকে প্রশ্নবিদ্ধ করেছেন, সংবিধান, সংসদ ও গণতন্ত্রকে প্রশ্নবিদ্ধ করতে চেয়েছেন। গতকাল ( ১৩ সেপ্টেম্বর বুধবার) জাতীয় সংসদে সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায় ও আপিল বিভাগের পর্যবেক্ষণের কিছু বিষয়ে আইনি পদক্ষেপ নেওয়ার একটি প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে তিনি একথা বলেন। প্রধানমন্ত্রীর বক্তব্যের পর প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

৩। **জিয়া পরিবার ও বিএনপি নেতাদের ১২শ'কোটি টাকা পাচারের তদন্ত হচ্ছে : সংসদে প্রধানমন্ত্রী**

জিয়া পরিবার ও বিএনপি নেতাদের ১২টি দেশে ১২শ'কোটি টাকা পাচারসংক্রান্ত তথ্য সরকারের কাছে রয়েছে বলে সংসদকে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, গ্লোবাল ইন্টেলিজেন্স নেটওয়ার্কের (জিআইএন) এ সংক্রান্ত একটি রিপোর্ট সরকারের তদন্তাধীন। দেশের সম্পদ বিদেশে পাচার করার প্রমাণ পাওয়া গেলে তাদের বিরুদ্ধে অবশ্যই ব্যবস্থা নেওয়া হবে এবং পাচারকৃত অর্থ আইনি প্রক্রিয়ার মাধ্যমে দেশে ফেরত আনা হবে। গতকাল (১৩ সেপ্টেম্বর বুধবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত ৩০ মিনিটের প্রশ্নোত্তর পর্বে বিরোধীদল জাতীয় পার্টির সংসদ সদস্য ফখরুল ইমামের সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (শেষপৃ.,ক.১)।

৪। **বঙ্গবন্ধুর পলাতক ৬ খুনিকে ধরতে ইন্টারপোলের রেড নোটিশ জারি : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারবর্গের হত্যাকারী সাজাপ্রাপ্ত বিদেশে পলাতক ৬ আসামির বিরুদ্ধে ইন্টারপোলের রেড নোটিশ জারি হয়েছে। খুনিদের দেশে ফিরিয়ে আনা ত্বরান্বিত করতে টাস্কফোর্স হতে সংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাসসমূহে নির্দেশ দেওয়া হয়েছে। পলাতক অন্য আসামিদের অবস্থান নিশ্চিত করতে ইন্টারপোল সদস্যভুক্ত দেশসমূহের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখা হয়েছে। গতকাল (১৩ সেপ্টেম্বর বুধবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.৫)।

৫। **রোহিঙ্গা সংকট মানবতার চরম অবমাননা : কুতুপালং শিবিরে কূটনীতিকবৃন্দ**

কক্সবাজারের উখিয়া ও টেকনাফে রোহিঙ্গা শিবির পরিদর্শন করেছেন বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও কূটনীতিক। পরিদর্শনকালে তাঁরা বলেছেন, রোহিঙ্গা সংকট সত্যিই ভয়াবহ। নিজ দেশ থেকে বিতাড়িত করতে রোহিঙ্গাদের সঙ্গে যে নিষ্ঠুর আচরণ করা হয়েছে, তা মানবতার জন্য চরম অবমাননা। কূটনীতিকরা জানান, তাঁরা নিজ নিজ দেশের কাছে রোহিঙ্গাদের অমানবিক অবস্থার কথা তুলে ধরবেন এবং তাদের মায়ানমারে ফেরত পাঠাতে প্রয়োজনীয় উদ্যোগ নিতে নিজ দেশকে বলবেন। একইসঙ্গে বিপুলসংখ্যক রোহিঙ্গা

জনগোষ্ঠীকে আশ্রয় দেওয়ার জন্য কূটনীতিকরা বাংলাদেশের ভূয়সী প্রশংসা করেছেন। পররাষ্ট্রমন্ত্রী এএইচ মাহমুদ আলী ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমের নেতৃত্বে কূটনীতিকরা গতকাল (১৩ সেপ্টেম্বর বুধবার) বিমানে ঢাকা থেকে কক্সবাজার যান। সেখান থেকে সড়কপথে দুপুর ১২টার দিকে উখিয়ায় পৌঁছান। তাঁরা কুতুপালং ক্যাম্প পরিদর্শন করে রোহিঙ্গাদের খোঁজখবর নেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

**৬। রোহিঙ্গাদের জন্য পাঠানো বিদেশি ত্রাণসামগ্রীতে শুল্ক মওকুফ**

রোহিঙ্গাদের জন্য বিভিন্ন দেশের পাঠানো ত্রাণসামগ্রীর ওপর প্রযোজ্য শুল্ক ও কর মওকুফ করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। মালয়েশিয়া ও আজারবাইজান থেকে আগত ত্রাণসামগ্রীর ওপর শুল্ক ও কর মওকুফ করে পৃথক আদেশ জারি করেছে প্রতিষ্ঠানটি। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১)।

**৭। ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়নে ৬৬৫ কোটি টাকার প্রকল্প একনেকে অনুমোদন**

সারাদেশে বিভিন্ন ধর্মের এক হাজার সামাজিক প্রতিষ্ঠানের উন্নয়নের উদ্যোগ নিয়েছে সরকার। এ জন্য 'সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন' শীর্ষক একটি প্রকল্প অনুমোদন করেছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভা। এ প্রকল্পের মাধ্যমে সিটি করপোরেশনের বাইরে অবস্থিত মসজিদ, ঈদগাহ, কবরস্থান, মন্দির, শ্মশান, গির্জা, প্যাগোডা, গুরুদুয়ারা এবং খেলার মাঠের উন্নয়ন করা হবে। গতকাল (১৩ সেপ্টেম্বর বুধবার) রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলনকক্ষে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় ৬৬৫ কোটি ৬১ লাখ টাকার এ প্রকল্পসহ পাঁচ হাজার ১৮১ কেটি টাকার দশ প্রকল্প অনুমোদন করা হয়। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.২)।

**৮। পঞ্চাশ হাজার টন চিনি আমদানি করবে সরকার : মন্ত্রিসভা কমিটি'র সিদ্ধান্ত**

আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে ৫০ হাজার টন চিনি আমদানির দরপ্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। লন্ডনের মেসার্স ইডিএনএফ ম্যানসুগার সর্বনিম্ন দরদাতা হিসেবে দু'টি চালানে এ চিনি সরবরাহ করবে। এতে ব্যয় হবে ২১১ কোটি টাকা। গতকাল (১৩ সেপ্টেম্বর বুধবার) সচিবালয়ে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২),**ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৭,ক.১)।

**৯। মিল মালিকদের কারসাজিতে চালের দাম বেড়েছে : বাণিজ্যমন্ত্রী**

চালের দাম আরও বাড়ার জন্য মিল মালিকদের দায়ী করে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (১৩ সেপ্টেম্বর বুধবার) সচিবালয়ে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র বৈঠকশেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। মন্ত্রী চাল মজুতকারীদের বিরুদ্ধে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, মজুতকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

**১০। কোচিংবাণিজ্য বন্ধে আইন সংসদে তোলা হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষকদের উদ্দেশে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, আপনারা কোচিংবাণিজ্য করতে পারবেন না। নোটবই, গাইডবই লিখতে পারবেন না, বিক্রি করতে পারবেন না। এটা শাস্তিযোগ্য অপরাধ হবে। এ বিষয়ে আমাদের আইন তৈরি হয়ে গেছে। সেটা আমরা জাতীয় সংসদে তুলব। গতকাল (১৩ সেপ্টেম্বর বুধবার) খুলনা মহিলা কলেজ অডিটরিয়ামে শিক্ষার গুণগত মানোন্নয়ন, নৈতিকতা ও জঙ্গিবাদবিরোধী সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** এক দশক ধরে দেশের বিভিন্ন অঞ্চলে শতাধিক সেতুর কাজ অসমাপ্ত থাকায় তা জনদুর্ভোগের কারণ হচ্ছে উল্লেখ করে দ্রুত এ সেতুগুলো সমাপ্তকরণের উদ্যোগ নেওয়ার সুপারিশ।

খ. **সমকাল :** মাদক গ্রামে, শহরে সর্বত্র ছড়িয়ে পড়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ ।

গ. **ভোরের কাগজ, নিউ নেশন, ডেইলি সান :** দফায় দফায় বাড়ছে চালের দাম উল্লেখ করে দাম নিয়ন্ত্রণে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঘ. **সংবাদ :** মানিকগঞ্জের সাতটি উপজেলার ৮৩টি প্রাথমিক বিদ্যালয়ভবন ঝুঁকিপূর্ণ হওয়ায় পরিত্যক্ত ঘোষণা করার প্রেক্ষিতে খোলা মাঠে ক্লাস নেওয়ার কথা উল্লেখ করে এ ধরনের চিত্র সারা দেশেই কম বেশি থাকায় পরিত্যক্ত ভবনগুলি দ্রুত সংস্কারের ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইনকিলাব :** দেশে ইন্টারনেটের ব্যবহার দ্রুত বেড়ে চলছে উল্লেখ করে সেই সাথে ইন্টারনেটের মূল্য কমানোর সুপারিশ।

চ. **বাংলাদেশ টুডে :** জনসংখ্যা নিয়ন্ত্রণ চ্যালেঞ্জ হিসেবে নিতে হবে বলে মতপ্রকাশ।

ছ. **অবজারভার :** রাজধানীতে একটু বৃষ্টিতেই যে জলাবদ্ধতার সৃষ্টি হয় তা নিরসনে ভরাট হয়ে যাওয়া খাল-বিল পুনরুদ্ধার ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা সংস্কারের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**আমাদের সময়** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, অতিরিক্ত রোহিঙ্গা নাগরিকের চাপে আমাদের দেশের অর্থনীতি ও অভ্যন্তরীণ নিরাপত্তা যাতে বিপর্যয়ের মধ্যে না পড়ে সেদিকে অগ্রাধিকার ভিত্তিতে গুরুত্ব দিতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষা ব্যবস্থার জাতীয়করণ প্রয়োজন** 'শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, একমাত্র বৈষম্যহীন ও মানসম্পন্ন শিক্ষাই পারে মানবিক বোধসম্পন্ন মানুষের সংখ্যা বাড়াতে ।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৪৯/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ১৩ সেপ্টেম্বর ২০১৭, ২৯ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রোহিঙ্গাদের ফেরত নিতেই হবে : কুতুপালং ক্যাম্প পরিদর্শনকালে প্রধানমন্ত্রী

২। মায়ানমার সরকারের ওপর চাপ সৃষ্টির পরামর্শ সংসদীয় কমিটির

৩। বিদেশি কূটনীতিকরা আজ কক্সবাজার যাচ্ছেন
নতুন রোহিঙ্গা ৩ লাখ ৭০ হাজার ছাড়িয়েছে -জাতিসংঘ

৪। চাল আমদানিতে কৃষকের স্বার্থহানি ঘটবে না : সংসদে বাণিজ্যমন্ত্রী

৫। রেলওয়েতে বৈদ্যুতিক ট্রেন চালু করা হবে : সংসদে রেলমন্ত্রী

৬। গ্রামীণ নারীর কর্মসংস্থানে বাস্তবায়িত হচ্ছে ২৫০ কোটি ৫৬ লাখ টাকার প্রকল্প
: সংসদে মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী

৭। টেলিযোগাযোগে ফোরজি নীতিমালা অনুমোদন : লাইসেন্স ফি ১০ কোটি টাকা

৮। মেডিকেল কলেজে এমবিবিএস/বিডিএস ভর্তিতে নম্বর কাটায় হাইকোর্টের স্থগিতাদেশ

৯। পরিমার্জিত হলো মাধ্যমিকের ১১টি বই

১০। শেয়ারবাজারে ব্যাংকের বিনিয়োগ নিয়ে বাংলাদেশ ব্যাংকের বাড়তি নজরদারি

১১। মাদক ব্যবসার সঙ্গে সংশ্লিষ্টতা থাকলে চাকরি ছাড়ুন
: পুলিশ সদস্যদের উদ্দেশে ডিএমপি কমিশনার

চলমান পাতা-২

**১।	রোহিঙ্গাদের ফেরত নিতেই হবে : কুতুপালং ক্যাম্প পরিদর্শনকালে প্রধানমন্ত্রী**

কক্সবাজারের উখিয়ায় কুতুপালং ক্যাম্পের রোহিঙ্গাদের মাঝে উপস্থিত হয়ে মায়ানমার সরকারের প্রতি তাদের নিজেদের জনগণের ওপর নির্যাতন বন্ধের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, মায়ানমার সরকারের কাছে অনুরোধ করব তারা যেন নিরীহ মানুষের ওপর নির্যাতন বন্ধ করে ও প্রকৃত দোষীদের খুঁজে বের করে। এ ক্ষেত্রে প্রতিবেশী দেশ হিসেবে যা যা সাহায্য করা দরকার, তা করব। প্রধানমন্ত্রী আরও বলেন, রোহিঙ্গাদের নিজ দেশে অবশ্যই ফিরিয়ে নিতে হবে। নিরাপত্তা দিতে হবে যেন ভালোভাবে বাঁচতে পারে। তাদের সঙ্গে যেন অমানবিক আচরণ না করা হয়। গতকাল (১২ সেপ্টেম্বর মঙ্গলবার) কুতুপালং ক্যাম্প পরিদর্শন শেষে সংক্ষিপ্ত বক্তৃতায় এসব কথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পরে তিনি রোহিঙ্গাদের মাঝে ত্রাণ বিতরণ করেন। কুতুপালং রোহিঙ্গা শিবির পরিদর্শন শেষে প্রধানমন্ত্রী দুপুরে কক্সবাজারে ফিরে সার্কিট হাউসে জেলার শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন। এ সময় তিনি রোহিঙ্গা সংকট মোকাবিলায় প্রয়োজনীয় নির্দেশনা দেন। সূত্র-**সমকাল, জনকণ্ঠ, ইত্তেফাক, সংবাদ, ইন্ডিপেনডেন্ট, অবজারভার, নিউজ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ লিড নিউজ ছেপেছে।

**২।	মায়ানমার সরকারের ওপর চাপ সৃষ্টির পরামর্শ সংসদীয় কমিটির**

মায়ানমারের সরকার ও সেনাবাহিনী দ্বারা গণহত্যার শিকার রোহিঙ্গাদের প্রকৃতচিত্র জাতিসংঘে তুলে ধরার পরামর্শ দিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। কমিটির বৈঠকে বাংলাদেশে অনুপ্রবেশকারী রোহিঙ্গাদের নিজভূমি রাখাইনে ফিরিয়ে নিতে জাতিসংঘের মাধ্যমে মায়ানমারের প্রতি জোরালো চাপ সৃষ্টির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সুপারিশ করা হয়েছে। গতকাল (১২ সেপ্টেম্বর মঙ্গলবার) জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত এ বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি ডা. দিপুমনি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

**৩।	বিদেশি কূটনীতিকরা আজ কক্সবাজার যাচ্ছেন**
**নতুন রোহিঙ্গা ৩ লাখ ৭০ হাজার ছাড়িয়েছে -জাতিসংঘ**

ঢাকায় কর্মরত প্রায় সব দেশের কূটনীতিকরা আজ (১৩ সেপ্টেম্বর বুধবার) কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে যাচ্ছেন। পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী, পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম এবং পররাষ্ট্র সচিব শহীদুল হক কূটনীতিকদের নিয়ে আজ সকালে কক্সবাজার রওনা হবেন। এদিকে জাতিসংঘ শরণার্থী সংস্থা ইউএনএইচসিআর জানিয়েছে, গত ২৫ আগস্টের পর থেকে নতুন করে আসা রোহিঙ্গাদের সংখ্যা ৩ লাখ ৭০ হাজার ছাড়িয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**৪।	চাল আমদানিতে কৃষকের স্বার্থহানি ঘটবে না : সংসদে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, ঘাটতি পূরণে চাল আমদানিতে দেশের কৃষকের কোনো স্বার্থহানি ঘটবে না। গতকাল (১২ সেপ্টেম্বর মঙ্গলবার) জাতীয় সংসদে এক মনোযোগ আকর্ষণ নোটিশের জবাবে বাণিজ্যমন্ত্রী এসব কথা বলেন। বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেন, বাংলাদেশ খাদ্য উদ্বৃত্তের দেশ। গত বছর বাংলাদেশ ২ লাখ মেট্রিক টন চাল রপ্তানিও করেছিল। কিন্তু চলতি বছর বন্যায় হাওর এলাকায় ব্যাপক ফসলহানির কারণে খাদ্য ঘাটতি দেখা দিয়েছে। ঘাটতি পূরণে যথাসময়ে সরকার খাদ্য আমদানির পদক্ষেপ গ্রহণ করেছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮)।

**৫।	রেলওয়েতে বৈদ্যুতিক ট্রেন চালু করা হবে : সংসদে রেলমন্ত্রী**

রেলপথ মন্ত্রী মুজিবুল হক বলেছেন, মেট্রোরেলের পাশাপাশি বাংলাদেশ রেলওয়েতে বৈদ্যুতিক ট্রেন সার্ভিস চালু করবে সরকার। নারায়ণগঞ্জ থেকে ঢাকা হয়ে চট্টগ্রাম পর্যন্ত ইলেক্ট্রিক ট্রাকশন (ওভারহেড ক্যাটেনারি ও সাবস্টেশন নির্মাণসহ) প্রবর্তনের জন্য একটি সমীক্ষা প্রস্তাব অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। সমীক্ষা কার্যক্রম সম্পাদন শেষে সমীক্ষা প্রতিবেদনের আলোকে নারায়ণগঞ্জ হতে ঢাকা হয়ে জয়দেবপুর পর্যন্ত ইলেক্ট্রিক ট্রেন সার্ভিস চালুর বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হবে। গতকাল (১২

সেপ্টেম্বর মঙ্গলবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী সংসদকে এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.২)।

**৬। গ্রামীণ নারীর কর্মসংস্থানে বাস্তবায়িত হচ্ছে ২৫০ কোটি ৫৬ লাখ টাকার প্রকল্প : সংসদে মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী**

গ্রামীণ দুস্থ ও অসহায় মহিলাদের কর্মসংস্থানে ২৫০ কোটি ৫৬ লাখ ২২ হাজার টাকা ব্যয়ে 'ইনকাম জেনারেটিং একটিভিটিস (আইজিএ) ট্রেনিং অব ওমেন অ্যাট উপজেলা লেভেল' শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে বলে সংসদে জানিয়েছেন মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। তিনি বলেন, দেশের ৪২৬ টি উপজেলায়, ৮টি বিভাগীয় শহর ও ৬৪টি জেলাশহরে গত জানুয়ারি থেকে প্রকল্পটি শুরু হয়েছে। ২০১৯ সালের ডিসেম্বরে প্রকল্প বাস্তবায়ন শেষ হবে। গতকাল (১২ সেপ্টেম্বর মঙ্গলবার) সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৩,ক.৫)।

**৭। টেলিযোগাযোগে ফোরজি নীতিমালা অনুমোদন : লাইসেন্স ফি ১০ কোটি টাকা**

চলতি বছরেই দেশে চতুর্থ প্রজন্মের (ফোরজি) টেলিযোগাযোগ সেবা চালু করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ জন্য ফোরজি নীতিমালা চূড়ান্ত অনুমোদন দিয়েছে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। নীতিমালায় ফোরজির লাইসেন্স ফি নির্ধারণ করা হয়েছে ১০ কোটি টাকা। এ ছাড়া নীতিমালায় নতুন মোবাইল ফোন অপারেটরের আসার সুযোগ রাখা হয়েছে। গতকাল (১২ সেপ্টেম্বর মঙ্গলবার) ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ফোরজি লাইসেন্সিং গাইডলাইনের অনুমোদন দেয়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.২), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৮। মেডিকেল কলেজে এমবিবিএস/বিডিএস ভর্তিতে নম্বর কাটায় হাইকোর্টের স্থগিতাদেশ**

চলতি শিক্ষাবর্ষ থেকে মেডিকেল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশগ্রহণকারীদের প্রাপ্ত নম্বর থেকে ৫ নম্বর কেটে মেধা তালিকা তৈরির বিষয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের জারি করা বিজ্ঞপ্তির কার্যকারিতা স্থগিত করেছেন হাইকোর্ট। বিচারপতি ও এম ইনায়েতুর রহিম ও বিচারপতি মো. জাহাঙ্গীর হোসেন সমন্বয়ে গঠিত হাইকোর্টের অবকাশকালীন বেঞ্চ গতকাল (১২ সেপ্টেম্বর মঙ্গলবার) রুলসহ এ আদেশ দেন। রুলে ৫ নম্বর কেটে মেধা তালিকা তৈরির সিদ্ধান্ত দিয়ে জারি করা ঐ বিজ্ঞপ্তি কেন আইনগত কর্তৃত্ববহির্ভূত হবে না তা জানতে চাওয়া হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১)।

**৯। পরিমার্জিত হলো মাধ্যমিকের ১১টি বই**

মাধ্যমিক স্তরের **১১**টি বই পরিমার্জন করে সেগুলো শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের হাতে তুলে দিয়েছেন শিক্ষাবিদরা। গতকাল (১২ সেপ্টেম্বর মঙ্গলবার) সচিবালয়ে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) অধ্যাপক মোহাম্মদ কায়কোবাদ এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল নবম-দশম শ্রেণির গণিত, উচ্চতর গণিত, বিজ্ঞান, পদার্থবিজ্ঞান, রসায়ন ও জীববিজ্ঞানের পরিমার্জিত বই মন্ত্রীর হাতে তুলে দেন। এর আগে বাংলা সাহিত্য, ইংলিশ ফর টুডে, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, বাংলাদেশ ও বিশ্বসভ্যতা এবং অর্থনীতির পরিমার্জিত বই শিক্ষা মন্ত্রণালয়ে হস্তান্তর করেন শিক্ষাবিদরা। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**১০। শেয়ারবাজারে ব্যাংকের বিনিয়োগ নিয়ে বাংলাদেশ ব্যাংকের বাড়তি নজরদারি**

দেশে কার্যরত ব্যাংকগুলোর শেয়ারে বিনিয়োগ তাদের নির্ধারিত সীমা ছাড়িয়ে যায় কিনা তা খাতিয়ে দেখতে নজরদারি বাড়াচ্ছে কেন্দ্রীয় ব্যাংক। গত কয়েক মাস ধরে পুঁজিবাজারের সার্বিক মূল্যসূচক বাড়ায় প্রেক্ষিতে ব্যাংকগুলো যেন শেয়ারবাজারে তাদের সীমার অতিরিক্ত বিনিয়োগ করতে না পারে সেজন্যই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বাংলাদেশ ব্যাংকের অফ সাইট সুপারভিশন বিভাগ সূত্রে জানা গেছে, এখন থেকে ব্যাংকগুলোকে তাদের শেয়ারবাজারে বিনিয়োগের স্থিতি (এক্সপোজার প্রতিবেদন) প্রতি সপ্তাহে বাংলাদেশ

ব্যাংকে জমা দিতে হবে। যেখানে ব্যাংকগুলোর দৈনিক শেয়ার কেনার তথ্য প্রদান করতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

**১১। মাদক ব্যবসার সঙ্গে সংশ্লিষ্টতা থাকলে চাকরি ছাড়ুন : পুলিশ সদস্যদের উদ্দেশে ডিএমপি কমিশনার**

কোনো পুলিশ সদস্য যদি মাদক ব্যবসার সঙ্গে জড়িত থাকে তাহলে তাকে তৎক্ষণাৎ স্বেচ্ছায় চাকরি ছেড়ে দেওয়ার জন্য হুঁশিয়ারি উচ্চারণ করেন ডিএমপি কমিশনার আছাদুজ্জামান মিয়া। গতকাল (১২ সেপ্টেম্বর মঙ্গলবার) ডিএমপি হেডকোয়ার্টার্সে আয়োজিত আগস্ট মাসের অপরাধ পর্যালোচনা সভায় (ক্রাইম কনফারেন্স) তিনি এ হুঁশিয়ারি উচ্চারণ করেন। সভায় ডিএমপি কমিশনার ডিএমপির থানাগুলোতে কেউ যাতে হয়রানির শিকার না হয় সেদিকে খেয়াল রাখার নির্দেশ দেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** চুয়াডাঙ্গা জেলায় সকল শ্রেণিপেশার মানুষের স্বতঃস্ফূর্তভাবে ৭ লাখ বৃক্ষ রোপণ করার উদ্যোগকে স্বাগত জানিয়ে সারাদেশে এ ধরনের উদ্যোগ নেওয়ার আহ্বান।

**খ.** **সংবাদ, সমকাল :** চালের দাম ক্রমাগত বেড়ে চলায় উদ্বেগ প্রকাশ করে দ্রুত দাম নিয়ন্ত্রণের ওপর গুরুত্বারোপ।

**গ.** **প্রথম আলো :** দেশের ৬৪টি জেলার ৫ লাখ ৪১ হাজর ২০১ জন চাষিকে ৫৮ কোটি ৭৭ লাখ ১৯ হাজার ৩১৫ টাকা দামের বীজ ও সার বিনামূল্যে দেওয়ার সরকারি সিদ্ধান্তে স্বস্তি প্রকাশ করে বিতরণ কাজে যেন স্বচ্ছতা নিশ্চিত হয় সে ব্যাপারে নজর রাখার সুপারিশ।

**ঘ.** **যুগান্তর :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিমানে অব্যাহত দুর্নীতি বন্ধে চরম ক্ষোভ প্রকাশ করেছেন উল্লেখ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ কামনা।

**ঙ.** **ইনকিলাব :** এক প্রতিবেদনে দেশে প্রাথমিক স্তরে শিক্ষকের শূন্য পদের সংখ্যা শতকরা ২০ ভাগেরও বেশি এ তথ্য প্রকাশিত হওয়ায় শিক্ষার মান বাড়াতে উচ্চশিক্ষিত বেকারদের সরকারি-বেসরকারি স্কুলগুলোতে নিয়োগ দেওয়ার সুপারিশ।

**চ.** **এশিয়ান এজ :** বাংলাদেশে অনুপ্রবেশকারী রোহিঙ্গাদের তাদের দেশে নিরাপদে বসবাসের সুযোগ করে দিতে জাতিসংঘের সহায়তা কামনা ।

**ছ.** **নিউ এজ, নিউ নেশন :** বন্যার পরে বিভিন্ন এলাকায় পানিবাহিত রোগের প্রাদুর্ভাব দেখা দেওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কার্যকর ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**মানব কণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিক্ষাকে ডিজিটাল করে শিক্ষার্থীর কাঁধে ভারী স্কুলব্যাগ বহনকে বিদায় জানাতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'সুশিক্ষার বিকল্প নেই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, জীবনকে দক্ষ, গতিশীল, আকর্ষণীয়, গ্রহণযোগ্য ও কল্যাণকামী করতে সুশিক্ষার কোনো বিকল্প নেই।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৪৮/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ১২ সেপ্টেম্বর ২০১৭, ২৮ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রী রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে উখিয়া যাচ্ছেন আজ

২। রোহিঙ্গা সমস্যা জাতিসংঘে উত্থাপন করব : সংসদে প্রধানমন্ত্রী

৩। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশকে সহযোগিতা দেবে ফ্রান্স
: প্রধানমন্ত্রীকে রাষ্ট্রদূতের আশ্বাস

৪। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের পাশে থাকবে চীন ও ভারত : পররাষ্ট্র সচিব

৫। পরমাণু অস্ত্র নিরস্ত্রীকরণ চুক্তিতে স্বাক্ষর করবে বাংলাদেশ : মন্ত্রিসভায় অনুমোদন

৬। বিমানের লোকসান কমাতে নির্দেশ প্রধানমন্ত্রীর

৭। রফতানিতে নগদ সহায়তার খাত বাড়ানো হবে : বাণিজ্যমন্ত্রী

৮। বাংলাদেশের সঙ্গে বাণিজ্য বাড়াতে আগ্রহী জর্জিয়া

৯। বিএসএমএমইউ'র নীতি মেনে চলবে চট্টগ্রাম ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়

১০। বাংলাদেশ বিশ্ব পর্যটন সংস্থার দক্ষিণ এশিয়ার সভাপতি নির্বাচিত

১১। আগামী ২০২২ সাল নাগাদ মাছ চাষে বাংলাদেশ শীর্ষে থাকবে : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী

চলমান পাতা-২

**১। প্রধানমন্ত্রী রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে উখিয়া যাচ্ছেন আজ**

মায়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের অবস্থা সরেজমিনে দেখতে আজ (১২ সেপ্টেম্বর মঙ্গলবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনা কক্সবাজারের উখিয়া উপজেলার কুতুপালং রোহিঙ্গা শিবির পরিদর্শনে যাবেন। প্রধানমন্ত্রী সেখানে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের অবস্থা প্রত্যক্ষ করবেন এবং তাদের মাঝে ত্রাণ বিতরণ করবেন। এ সময় রোহিঙ্গাদের সার্বিক অবস্থা নিয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গেও প্রধানমন্ত্রীর বৈঠক করার কথা রয়েছে। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৫)।

**২। রোহিঙ্গা সমস্যা জাতিসংঘে উত্থাপন করব : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মানবিক কারণে রোহিঙ্গাদের আশ্রয় দেওয়া হয়েছে। মায়ানমার সরকারকে রোহিঙ্গাদের নাগরিকত্ব ফিরিয়ে দিতে হবে। নিজ ভূমিতে তাদের ফিরিয়ে নিয়ে পুনর্বাসন করতে হবে। এই সমস্যা মায়ানমার সৃষ্টি করেছে, সমাধান তাদেরই করতে হবে। প্রতিবেশী দেশ হিসেবে প্রয়োজনে বাংলাদেশ তাদের সহায়তা করবে। তিনি বলেন, রোহিঙ্গা সমস্যা জাতিসংঘে উত্থাপন করা হবে। গতকাল (১১ সেপ্টেম্বর সোমবার) জাতীয় সংসদে রোহিঙ্গা সমস্যা নিয়ে উত্থাপিত প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। পরে রোহিঙ্গা নির্যাতন বন্ধ ও তাদের মায়ানমারে ফিরিয়ে নিয়ে নিরাপদ বসবাসের ব্যবস্থা করতে জাতিসংঘসহ আন্তর্জাতিক মহলের ওপর জোরালো চাপ প্রয়োগের আহ্বান জানিয়ে প্রস্তাব জাতীয় সংসদে সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

**৩। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশকে সহযোগিতা দেবে ফ্রান্স : প্রধানমন্ত্রীকে রাষ্ট্রদূতের আশ্বাস**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মানবিক কারণে মায়ানমারের রোহিঙ্গাদের আশ্রয় দিয়েছে বাংলাদেশ। কিন্তু অনন্তকাল তাদের এখানে বসবাস করতে দেওয়া সম্ভব নয়। তিনি রোহিঙ্গাদের স্বদেশে ফিরিয়ে নিতে মায়ানমার সরকারের ওপর চাপ সৃষ্টি করতে ফ্রান্সসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান। ফ্রান্সের বিদায়ী রাষ্ট্রদূত সোফিয়ে অভার্ট গতকাল (১১ সেপ্টেম্বর সোমবার) জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **নিউ নেশন** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**৪। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের পাশে থাকবে চীন ও ভারত : পররাষ্ট্র সচিব**

মায়ানমারে সহিংসতার ফলে পালিয়ে আসা রোহিঙ্গাদের চাপ মোকাবিলার সংকটময় সময়ে বন্ধুপ্রতিম রাষ্ট্র ভারত ও চীন বাংলাদেশের পাশে থাকবে। গতকাল (১১ সেপ্টেম্বর সোমবার) রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় ঢাকাস্থ কূটনৈতিক মিশনগুলোর প্রতিনিধিদের সাথে পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলীর দ্বিতীয় দিনের ব্রিফিং শেষে সাংবাদিকদের এ কথা জানিয়েছেন পররাষ্ট্র সচিব শহীদুল হক। গতকাল পররাষ্ট্রমন্ত্রীর ব্রিফিংয়ে আসিয়ানভুক্ত দেশ এবং দক্ষিণ এশিয়াসহ এশিয়ার কয়েকটি দেশের রাষ্ট্রদূত ও ভারপ্রাপ্ত রাষ্ট্রদূতরা উপস্থিত ছিলেন। পররাষ্ট্র সচিব বলেন, আসিয়ানভুক্ত দেশগুলোও বিপুলসংখ্যক রোহিঙ্গাদের চাপে সৃষ্ট মানবিক বিপর্যয়ে জরুরি সহায়তা নিয়ে বাংলাদেশের পাশে থাকার প্রতিশ্রুতি দিয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

**৫। পরমাণু অস্ত্র নিরস্ত্রীকরণ চুক্তিতে স্বাক্ষর করবে বাংলাদেশ : মন্ত্রিসভায় অনুমোদন**

পরমাণু অস্ত্র নিরস্ত্রীকরণ চুক্তিতে স্বাক্ষর করার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ। গতকাল (১১ সেপ্টেম্বর সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠকে এ প্রস্তাবের খসড়ায় অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। বৈঠকশেষে সচিবালয়ে সংবাদ সম্মেলনে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম বলেন, জাতিসংঘের সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনকালে 'ট্রিটি অন দ্য প্রহিবিটেশন অব নিউক্লিয়ার ওয়েপনস' প্রস্তাবের খসড়ায় অনুমোদন দেওয়া হয়েছে। আগামী অধিবেশন চলাকালে সুবিধাজনক সময়ে চুক্তিতে স্বাক্ষর করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও জাতিসংঘের মহাসচিব এনতেনিও গুতেরেস। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

৬। **বিমানের লোকসান কমাতে নির্দেশ প্রধানমন্ত্রীর**

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের লোকসান কমাতে বিভিন্ন স্টেশনে কর্মরত ব্যবস্থাপকদের ওপর নজরদারি বাড়ানোর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী বলেন, ব্যবস্থাপকদের অসহযোগিতার কারণে বিমানের লোকসান গুণতে হচ্ছে। যারা এতে জড়িত তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রীকে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। গতকাল (১১ সেপ্টেম্বর সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকশেষে অনির্ধারিত আলোচনায় এ নিয়ে কথা হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫)।

৭। **রফতানিতে নগদ সহায়তার খাত বাড়ানো হবে : বাণিজ্যমন্ত্রী**

রফতানি আয় বাড়াতে সরকার নগদ সহায়তার ক্ষেত্র আরও সম্প্রসারণ করবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। নতুন পণ্যের রফতানি বাড়াতে সরকার এ উদ্যোগ নিচ্ছে। গতকাল (১১ সেপ্টেম্বর সোমবার) ইন্টারন্যাশনাল ফাইন্যান্স করপোরেশনের (আইএফসি) কান্ট্রি ম্যানেজার ওয়েনডি জো ওয়ার্নারের সঙ্গে বৈঠকশেষে বাণিজ্যমন্ত্রী সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫)।

৮। **বাংলাদেশের সঙ্গে বাণিজ্য বাড়াতে আগ্রহী জর্জিয়া**

ইউরেশিয়া অঞ্চলের দেশ জর্জিয়া বাংলাদেশের সঙ্গে বাণিজ্য বাড়াতে চায়। বিশেষত তৈরিপোশাক আমদানিতে তাদের বিশেষ আগ্রহ রয়েছে। দেশটির উপপররাষ্ট্রমন্ত্রী ডেভিড জালাগানিয়ার নেতৃত্বে তিন সদস্যের একটি উচ্চপর্যায়ের বাণিজ্য প্রতিনিধিদল বর্তমানে ঢাকায় রয়েছেন। গতকাল (১১ সেপ্টেম্বর সোমবার) তাঁরা বৈঠক করেছেন তৈরিপোশাক শিল্প মালিকদের সংগঠন বিজিএমইএ'র নেতাদের সঙ্গে। এছাড়া যৌথ উদ্যোগে বাংলাদেশি উদ্যোক্তাদের বিনিয়োগ চায় তারা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৩)।

৯। **বিএসএমএমইউ'র নীতি মেনে চলবে চট্টগ্রাম ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়**

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) নীতি অনুসরণ করে নবপ্রতিষ্ঠিত চট্টগ্রাম ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম চলবে। গতকাল (১১ সেপ্টেম্বর সোমবার) সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত চট্টগ্রাম ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম প্রক্রিয়াসংক্রান্ত এক সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম এতে সভাপতিত্ব করেন। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এতে উপস্থিত ছিলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষপৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

১০। **বাংলাদেশ বিশ্ব পর্যটন সংস্থার দক্ষিণ এশিয়ার সভাপতি নির্বাচিত**

চীনের চেংডুতে বিশ্ব পর্যটন সংস্থার (ইউএনডব্লিউটিও) ২২তম অধিবেশনে বাংলাদেশে দক্ষিণ এশিয়ার সভাপতি নির্বাচিত হয়েছে। বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন বলেন, এটি পর্যটন খাতে বাংলাদেশের এগিয়ে যাবার একটি স্বীকৃতি যা এ শিল্পের সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে আরও নিবিড়ভাবে কাজ করতে প্রেরণা যোগাবে। গতকাল (১১ সেপ্টেম্বর সোমবার) শুরু হওয়া এ অধিবেশন ১৬ সেপ্টেম্বর পর্যন্ত চলবে। সম্মেলনে স্পেনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত হাসান মাহমুদ খন্দকার ৫ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৮), **নিউ এজ** (পৃ.১,ক.১)।

১১। **আগামী ২০২২ সাল নাগাদ মাছ চাষে বাংলাদেশ শীর্ষে থাকবে : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মোহাম্মদ ছায়েদুল হক বলেছেন, জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) পূর্বাভাস দিয়েছে যে, আগামী ২০২২ সাল নাগাদ বিশ্বের যে চারটি দেশ মাছ চাষে বিপুল সাফল্য অর্জন করবে তার মধ্যে প্রথম স্থান অধিকারী দেশ হবে বাংলাদেশ। গতকাল (১১ সেপ্টেম্বর সোমবার) জাতীয় সংসদ অধিবেশনে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। মন্ত্রী সংসদকে জানান, বাংলাদেশের কৃষিনির্ভর অর্থনীতিতে মৎস্যখাতের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। দেশের জনগণের খাদ্যতালিকায় প্রাপ্ত প্রাণিজ আমিষের প্রায় ৬০ শতাংশ যোগান দেয় মাছ। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার প্রতিবেদন অনুযায়ী অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মাছ উৎপাদনে বাংলাদেশ বর্তমানে চতুর্থ স্থানে রয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, নিউ এজ :** রাজধানীর পার্কগুলির দৈন্যদশার কথা উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ারওপর গুরুত্বারোপ।

খ. **সমকাল :** খোলা ট্রাকে বর্জ্য অপসারণের সময় ত্রিপল ব্যবহার করা বাধ্যতামূলক হলেও ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন ৩৭৮টি বর্জ্যের ট্রাকে তা না মানায় পরিবেশ দূষিত হওয়ায় ত্রিপল ব্যবহার বাধ্যতামূলক করার সুপারিশ।

গ. **প্রথম আলো :** বাংলাদেশে আশ্রয় গ্রহণকারী রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে আন্তর্জাতিকভাবে চাপ সৃষ্টি করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ভোরের কাগজ, যুগান্তর, ডেইলি স্টার :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক গণভবন থেকে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে দ্বিতীয় সাবমেরিন ক্যাবল উদ্বোধনকে স্বাগত জানিয়ে এর মাধ্যমে দেশ উচ্চ গতিসম্পন্ন ইন্টারনেটের আওতায় আসবে বলে প্রত্যাশা।

ঙ. **যুগান্তর :** দেশের ব্যাংকিং খাতে দুর্নীতি, স্বজনপ্রীতি, চুরি ও লুটপাট তীব্র আকার ধারণ করায় এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **নিউ নেশন, অবজারভার :** বৃষ্টিতে রাজধানীতে জলাবদ্ধতার সৃষ্টি হওয়ায় এ অবস্থা নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** বিদ্যুৎ, গ্যাস ব্যবহারে সাশ্রয়ী হওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**আলোকিত বাংলাদেশ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সংস্কৃতি বিপণন নয়, সংস্কৃতি হোক আমাদের জীবনধারণের সংগ্রামে এগিয়ে যাওয়ার প্রেরণা।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বন্যাদুর্গত কৃষকদের বাঁচাতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের মাঝে বন্যা পরবর্তী স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি পুনর্বাসন প্রক্রিয়া শুরু করতে হবে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৪৭/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ১১ সেপ্টেম্বর ২০১৭, ২৭ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দ্বিতীয় সাবমেরিন ক্যাবল উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

২। বিদ্যুৎকেন্দ্র উদ্বোধনকালে দেশবাসীর প্রতি প্রধানমন্ত্রী : বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হোন

৩। রোহিঙ্গা শিবির পরিদর্শনে আগামীকাল কক্সবাজার যাচ্ছেন প্রধানমন্ত্রী

৪। রোহিঙ্গাদের ফেরত পাঠাতে সহযোগিতা করতে ওআইসি সম্মেলনে রাষ্ট্রপতির আহ্বান

৫। রোহিঙ্গা ইস্যুতে সারা বিশ্ব বাংলাদেশের পাশে রয়েছে : পররাষ্ট্রমন্ত্রী

৬। পালিয়ে আসা রোহিঙ্গাদের পরিচয়পত্র দেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় বাংলাদেশের উদারতার প্রশংসায় যুক্তরাষ্ট্র

৮। বন্যায় ক্ষতিগ্রস্ত সাড়ে ৫ লাখ কৃষক পাবেন কৃষি প্রণোদনা : কৃষিমন্ত্রী

৯। সংসদ অধিবেশন শুরু, চলবে পাঁচ কার্যদিবস

১০। টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি খাতে দুই প্রকল্পে তিন হাজার কোটি টাকা ঋণ দিচ্ছে চীন

১১। রপ্তানি বাণিজ্যে চলতি অর্থবছরের প্রথম ২ মাসে প্রবৃদ্ধি ১৪ শতাংশ

চলমান পাতা-২

১। **দ্বিতীয় সাবমেরিন ক্যাবল উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বল্প খরচে উন্নতমানের নিরবচ্ছিন্ন ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা নিশ্চিত করতে গতকাল (১০ সেপ্টেম্বর রোববার) পটুয়াখালী জেলার কুয়াকাটায় অবস্থিত দেশের দ্বিতীয় সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশনের কার্যক্রম উদ্বোধন করেছেন। এই ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেটওয়ে (আইআইজি)'র মাধ্যমে **১৫শ'** গিগাবাইট পার সেকেন্ড ডাটা আদান প্রদান সম্ভব হবে। প্রধানমন্ত্রী তাঁর সরকারি বাসভবন গণভবন থেকে পটুয়াখালীর কুয়াকাটায় স্থানীয় জনপ্রতিনিধি এবং সরকারি কর্মকর্তাদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সাবমেরিন ক্যাবল (এসএমডব্লিউ-৫) এবং এর ল্যান্ডিং স্টেশন উদ্বোধন করেন। তিনি দ্বিতীয় সাবমেরিন ক্যাবলের সঙ্গে সংযুক্ত হতে পারায় সন্তোষ প্রকাশ করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)। এছাড়া **সংবাদ, জনকণ্ঠ, ইত্তেফাক, সমকাল, নিউ এজ, বাংলাদেশ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **বিদ্যুৎকেন্দ্র উদ্বোধনকালে দেশবাসীর প্রতি প্রধানমন্ত্রী : বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হোন**

বিদ্যুৎ উৎপাদনে সরকারের ভর্তুকি দেওয়ার কথা তুলে ধরে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে নাগরিকদের অনুরোধ জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশবাসীর উদ্দেশে তিনি বলেন, আপনারা বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হবেন। অহেতুক বিদ্যুৎ চালু রাখবেন না। সরকার সারাদেশে বিদ্যুতের অপচয় রোধে প্রিপেইড মিটার অন্তর্ভুক্ত করবে। গতকাল (১০ সেপ্টেম্বর রোববার) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ১০টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম উদ্বোধনকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আশুগঞ্জ ৪৫০ মেগাওয়াট নর্থ কম্বাইন্ড সাইকল, সিম্পল সাইকল প্লান্ট (উত্তর) এবং ১০৮ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন কেরানীগঞ্জ ফার্নেস অয়েলবিত্তিক বিদ্যুৎকেন্দ্র উদ্বোধন করেন। এছাড়া তিনি অনুষ্ঠানে ভারতের ত্রিপুরা থেকে অতিরিক্ত ৬০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ কার্যক্রমেরও উদ্বোধন করেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

৩। **রোহিঙ্গা শিবির পরিদর্শনে আগামীকাল কক্সবাজার যাচ্ছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামীকাল (১২ সেপ্টেম্বর মঙ্গলবার) কক্সবাজার জেলার উখিয়া উপজেলার কুতুপালং রোহিঙ্গা শিবির পরিদর্শনে যাবেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহ্সানুল করিম জানান, তিনি সেখানে বিভিন্ন ক্যাম্পে অবস্থানরত শরণার্থীদের অবস্থা প্রত্যক্ষ করবেন। তিনি কর্মকর্তাদের সঙ্গে বৈঠক এবং ত্রাণসামগ্রী বিতরণ করবেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৪। **রোহিঙ্গাদের ফেরত পাঠাতে সহযোগিতা করতে ওআইসি সম্মেলনে রাষ্ট্রপতির আহ্বান**

মায়ানমারের রোহিঙ্গারা যাতে নিজেদের আবাসভূমিতে ফিরতে পারে তা নিশ্চিত করতে মুসলিম বিশ্ব ও আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। এছাড়া ভিটেমাটি ছেড়ে পালিয়ে আসা রোহিঙ্গারা যাতে সীমান্তের মায়ানমার অংশে জাতিসংঘের তত্ত্বাবধানে একটি 'সেইফ জোনে' থাকতে পারে সেজন্য আন্তর্জাতিক বিশ্বের প্রতি আহ্বান জানিয়েছেন তিনি। গতকাল (১০ সেপ্টেম্বর রোববার) কাজাখস্তানের রাজধানী আস্তানায় ইসলামী রাষ্ট্রগুলোর শীর্ষ সংগঠন ওআইসি'র প্রথম বিজ্ঞান ও প্রযুক্তি সম্মেলনে তিনি এ আহবান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৫। **রোহিঙ্গা ইস্যুতে সারা বিশ্ব বাংলাদেশের পাশে রয়েছে : পররাষ্ট্রমন্ত্রী**

রোহিঙ্গা সমস্যা সমাধানে বাংলাদেশের পাশে সারা বিশ্ব। বিভিন্ন দেশের রাষ্ট্রদূতদের সঙ্গে বৈঠকশেষে প্রেস ব্রিফিংয়ে পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী এ কথা বলেন। তিনি বলেন, কোনো দেশ রোহিঙ্গা নিধনকে সমর্থন করে না। প্রত্যেকেই বলেছে, রোহিঙ্গা সমস্যা সমাধানে আমরা সবাই বাংলাদেশকে সাহায্য করব। রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় গতকাল (১০ সেপ্টেম্বর রোববার) সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সেখানে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, অস্ট্রেলিয়া, তুরস্ক, ইউরোপিয়ান ইউনিয়নভুক্ত দেশ ও মধ্যপ্রাচ্যসহ বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও কূটনীতিক এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন

পররাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, রোহিঙ্গাদের সঙ্গে এই সমস্যা মায়ানমার নিজেরাই তৈরি করেছে, কাজেই সমাধান তাদেরই করতে হবে। সমস্যা সমাধানে বাংলাদেশ মায়ানমার সরকারের সঙ্গে একসঙ্গে কাজ করতে প্রস্তুত রয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)। এছাড়া, **নিউজ টুডে, নিউ নেশন, ফিনানশিয়াল এক্সপ্রেস**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৬। পালিয়ে আসা রোহিঙ্গাদের পরিচয়পত্র দেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, জাতিগত সহিংসতায় মায়ানমার থেকে বাংলাদেশে আসা রোহিঙ্গাদের নিবন্ধনের মাধ্যমে পরিচয়পত্র দেবে সরকার। বাংলাদেশের অভ্যন্তরে রোহিঙ্গা জনগোষ্ঠীর অনুপ্রবেশ নিয়ে সীমান্তবর্তী এলাকায় আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে গতকাল (১০ সেপ্টেম্বর রোববার) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত এক সভা শেষে তিনি সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে এসব কথা বলেন। তিনি বলেন, রোহিঙ্গারা সারা দেশে যাতে ছড়িয়ে পড়তে না পারে সেজন্য বিমান, নৌ ও সড়ক পথে তাদের ভ্রমণ নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। যে কোনো ধরনের পরিবহণে তারা ভ্রমণ করতে পারবেন না। আর পরিচয়পত্র ছাড়া কেউ দেশি ও আন্তর্জাতিক কোনো সাহায্য সহযোগিতা পাবে না। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**৭। রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় বাংলাদেশের উদারতার প্রশংসায় যুক্তরাষ্ট্র**

প্রাণ বাঁচাতে মায়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের মানবিক সংকটে সাড়া দিয়ে বাংলাদেশ যে উদারতার পরিচয় দিয়েছে তার প্রশংসা করেছে যুক্তরাষ্ট্র। পাশাপাশি গভীর উদ্বেগ প্রকাশ করে যুক্তরাষ্ট্র ক্ষতিগ্রস্ত ও অসহায় এসব শরণার্থীর কাছে মানবিক সহায়তা পৌঁছে দিতে বাংলাদেশের অব্যাহত চেষ্টাকেও সাধুবাদ জানিয়েছে। গতকাল (১০ সেপ্টেম্বর রোববার) যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এসব কথা বলা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭)।

**৮। বন্যায় ক্ষতিগ্রস্ত সাড়ে ৫ লাখ কৃষক পাবেন কৃষি প্রণোদনা : কৃষিমন্ত্রী**

বন্যার ক্ষতি পুষিয়ে নেওয়ার পাশাপাশি কৃষির অগ্রযাত্রা অব্যাহত রাখতে কৃষি প্রণোদনা দেওয়া হচ্ছে। এই প্রণোদনার আওতায় ৫ লাখ ৪১ হাজার ২০১ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে ৫৮ কোটি ৭৭ লাখ ১৯ হাজার ৩১৫ টাকার বীজ ও রাসায়নিক সার দেওয়া হবে। গতকাল (১০ সেপ্টেম্বর রোববার) কৃষি মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে এক সংবাদ সম্মেলনে কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫ ), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬)।

**৯। সংসদ অধিবেশন শুরু, চলবে পাঁচ কার্যদিবস**

সংসদের ১৭তম অধিবেশন শুরু হয়েছে, চলবে মাত্র ৫ কার্যদিবস। গতকাল (১০ সেপ্টেম্বর রোববার) স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অধিবেশন শুরু হয়েছে। এর আগে সংসদের কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে অধিবেশন ১৪ সেপ্টেম্বর পর্যন্ত চালানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় অধিবেশন প্রতিদিন বিকাল ৫টায় শুরুর সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**১০। টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি খাতে দুই প্রকল্পে তিন হাজার কোটি টাকা ঋণ দিচ্ছে চীন**

টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি খাতে সহায়তা হিসেবে পৃথক দুই প্রকল্পে তিন হাজার কোটি টাকার ঋণ সহায়তা দেবে চীন। গতকাল (১০ সেপ্টেম্বর রোববার) ঢাকায় চীনা দূতাবাস ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) মধ্যে এ সংক্রান্ত দুটি কাঠামো চুক্তি স্বাক্ষর হয়েছে। তথ্য যোগাযোগ অবকাঠমো উন্নয়ন তৃতীয় পর্যায় এবং ডিজিটাল সংযোগের জন্য টেলিযোগাযোগ নেটওয়ার্ক আধুনিকায়ন শীর্ষক প্রকল্প দুটির ঋণ সহায়তা চুক্তিতে স্বাক্ষর করেন ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত মা মিংকিয়াং এবং ইআরডি সচিব কাজী সফিকুল আজম। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**১১। রপ্তানি বাণিজ্যে চলতি অর্থবছরের প্রথম ২ মাসে প্রবৃদ্ধি ১৪ শতাংশ**

চলতি ২০১৭-১৮ অর্থবছরের প্রথম দুই মাসে আগের অর্থবছরের একই সময়ের চেয়ে প্রায় ১৪ শতাংশ রপ্তানি প্রবৃদ্ধি হয়েছে। একইসঙ্গে এ সময়ে রপ্তানি আয়ের যে লক্ষ্যমাত্রা ছিল তাও ছাড়িয়েছে। রপ্তানি উন্নয়ন ব্যুরো'র (ইপিবি) তথ্যানুযায়ী, গত দুই মাসে মোট ৬৬২ কোটি ৮৬ লাখ মার্কিন ডলারের পণ্য রপ্তানি হয়েছে। আগের অর্থবছরের একই সময়ে রপ্তানি হয়েছিল ৫৮২ কোটি ২৯ লাখ ডলার। গত জুলাই ও আগস্ট মাসের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রার চেয়ে সাত দশমিক ৯৬ শতাংশ বেশি রপ্তানি হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** সুনামগঞ্জের ছাতক উপজেলার ইসলামপুর ইউনিয়নে বাঁশের খুঁটিতে বিদ্যুৎ সঞ্চালন লাইন স্থাপন করায় তা বিপদজনক পরিস্থিতির সৃষ্টি করেছে উল্লেখ করে সারাদেশের অনেক জায়গায় এরকম বিপদজনকভাবে স্থাপিত বাঁশের খুঁটি ও গাছের বৈদ্যুতিক লাইন অপসারণে কঠোর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **সমকাল :** চট্টগ্রাম বন্দরের জন্য তেজস্ক্রিয় পণ্যের কনটেইনার বড় ধরনের হুমকি সৃষ্টি করায় এগুলো শনাক্তে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **ভোরের কাগজ :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের হাসপাতালে নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করানোয় তাঁর এ মনোভাবকে সাধুবাদ জানিয়ে দেশের চিকিৎসাসেবার মান বাড়িয়ে সাধারণ জনগণের বিদেশমুখিতা দূর করার আহ্বান।

ঘ. **যুগান্তর, যায়যায়দিন :** মায়ানমার থেকে শরণার্থী হিসেবে বাংলাদেশে আসা তিন লাখেরও বেশি রোহিঙ্গা খাদ্য ও পানীয় জলের সংকটে ভুগছে উল্লেখ করে তাদের পর্যাপ্ত ত্রাণ সহায়তার পাশাপাশি রোহিঙ্গাদের ওপর মায়ানমার সরকারের সহিংসতা বন্ধে আন্তর্জাতিক চাপ সৃষ্টি করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যায়যায়দিন :** সাভারের আশুলিয়ায় সহপাঠীর ধারালো অস্ত্রের আঘাতে ষষ্ঠ শ্রেণির এক ছাত্র খুন হওয়ায় উদ্বেগ প্রকাশ করে শিশুকিশোরদের এ ধরনের অপরাধ প্রবণতা রোধে অপরাধীদের কঠোর শাস্তির পাশাপাশি নৈতিক শিক্ষার প্রয়োজন বলে মত প্রকাশ।

চ. **অবজারভার :** গৃহস্থালির রান্নায় দেশের শতকরা ৮০ ভাগ গ্রামে কাঠ পুড়িয়ে মাটির চুলায় ও কেরোসিনের চুলায় রান্না হওয়ায় তা মারাত্মক বায়ু দূষণের কারণ হচ্ছে উল্লেখ করে পরিবেশবান্ধব উপায়ে রান্না করার ওপর গুরুত্বারোপ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** কারিগরি শিক্ষার মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তুলতে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, কর্ম উদ্যোগী শিক্ষা ব্যবস্থাই পারে মানুষের ভেতরে যে অমিত শক্তি রয়েছে তার মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি করতে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'আর্সেনিক ঝুঁকিতে থাকা মানুষগুলো কেন উপেক্ষিত'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ভূগর্ভস্থ পানি যাতে আর্সেনিক দ্বারা দূষিত হতে না পারে তার কার্যকর ব্যবস্থা গ্রহণই হচ্ছে মানুষকে স্থায়ীভাবে আর্সেনিকমুক্ত সুপেয় পানি সরবরাহের উত্তম পথ।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৪৬/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ১০ সেপ্টেম্বর ২০১৭, ২৬ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জাতীয় সংসদের সপ্তদশ অধিবেশন বসছে আজ

২। ওআইসি সম্মেলনে যোগ দিতে কাজাখস্তান পৌঁছেছেন রাষ্ট্রপতি

৩। আজ কুয়াকাটায় দ্বিতীয় সাবমেরিন ক্যাবলের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৪। আজ নতুন বিদ্যুৎকেন্দ্রের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৫। পালিয়ে আসা রোহিঙ্গাদের জন্য ২৫০০ একর জমির ব্যবস্থা করা হচ্ছে : ত্রাণমন্ত্রী

৬। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশ একা নয় : মালয়েশিয়ার প্রধানমন্ত্রী

৭। ফজিলাতুন্নেছা মুজিব হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষা করালেন প্রধানমন্ত্রী

৮। স্বাস্থ্যখাতে বাংলাদেশের সাফল্যের প্রশংসায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা

৯। দোহাজারী-কক্সবাজার রেললাইন সম্প্রসারণ এ মাসেই শুরু : রেলমন্ত্রী

১০। বাংলাদেশে বিনিয়োগে আগ্রহী সিঙ্গাপুর ও শ্রীলংকার ব্যাংক

চলমান পাতা-২

**১। জাতীয় সংসদের সপ্তদশ অধিবেশন বসছে আজ**

জাতীয় সংসদের সপ্তদশ অধিবেশন আজ (১০ সেপ্টেম্বর রোববার) বিকাল ৫ টায় শুরু হবে। এটি হবে সংসদের শরৎকালীন অধিবেশন। সংসদ সচিবালয় সূত্র জানায়, এ অধিবেশনের মেয়াদ এক সপ্তাহ থেকে ১০ দিন হতে পারে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**২। ওআইসি সম্মেলনে যোগ দিতে কাজাখস্তান পৌঁছেছেন রাষ্ট্রপতি**

ইসলামী দেশগুলোর শীর্ষ সংগঠন ওআইসি'র প্রথম বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্মেলনে যোগ দিতে কাজাখস্তানের রাজধানী আস্তানায় পৌঁছেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল (৯ সেপ্টেম্বর শনিবার) স্থানীয় সময় রাত ৮টা ২৫ মিনিটে রাষ্ট্রপতিকে বহনকারী বাংলাদেশ বিমানের ভিভিআইপি ফ্লাইটটি আস্তানার নূর সুলতান নাজারবায়েভ আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছায়। বিমানবন্দরে রাষ্ট্রপতিকে অভ্যর্থনা জানান কাজাখস্তানের বিচারমন্ত্রী মারাত বেকেতায়েভ এবং আস্তানার ফার্স্ট ডেপুটি মেয়র সেরজি মিখাইলোভিচ। কাজাখস্তানে বাংলাদেশের দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্রদূত মসুদ মান্নানও এ সময় উপস্থিত ছিলেন। এর আগে গতকাল (৯ সেপ্টেম্বর শনিবার) বাংলাদেশ বিমানের একটি ভিভিআইপি ফ্লাইটে রাষ্ট্রপতি আস্তানার উদ্দেশে রওনা হন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

**৩। আজ কুয়াকাটায় দ্বিতীয় সাবমেরিন ক্যাবলের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

কুয়াকাটায় বহুল প্রতীক্ষিত দেশের দ্বিতীয় সাবমেরিন ক্যাবল উদ্বোধনের মধ্য দিয়ে তথ্য প্রযুক্তির অগ্রযাত্রায় এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। আজ (১০ সেপ্টেম্বর রোববার) সকাল ১০টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সাবমেরিন ক্যাবল 'সি-মি-উই-৫' উদ্বোধন করবেন। একইসময়ে প্রধানমন্ত্রী কলাপাড়ার টিয়াখালী নদীর উপরে নির্মিত টিয়াখালী-লোন্দা সেতু এবং নবনির্মিত রাঙ্গাবালী উপজেলা পরিষদ ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। এছাড়াও তিনি কলাপাড়া উপজেলা পরিষদের বর্ধিত ভবনের নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন বলে আশা প্রকাশ করা হচ্ছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইনকিলাব** (পৃ.১,ক.৭), **যুগান্তর** (পৃ.২,ক.১)।

**৪। আজ নতুন বিদ্যুৎকেন্দ্রের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

দেশের আরো ১০টি উপজেলা শতভাগ বিদ্যুৎসেবার আওতায় আসছে। এ নিয়ে মোট ২৬টি উপজেলা শতভাগ বিদ্যুৎসুবিধার আওতায় আসলো। এছাড়া যাত্রা শুরু করছে নতুন দুইটি কেন্দ্র। ভারতের ত্রিপুরা থেকে ৬০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি করা হচ্ছে। বিদ্যুৎ বিভাগ সূত্র জানায়, আজ (১০ সেপ্টেম্বর রোববার) প্রধানমন্ত্রী শেখ হাসিনা নতুন কেন্দ্র, শতভাগ উপজেলা বিদ্যুতায়ন এবং বিদ্যুৎ আমদানির আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। আজ সকাল ১০টায় গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ উদ্বোধন করা হবে। এদিকে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ৪৫০ মেগাওয়াট এবং ঢাকার বসিলায় ১০০ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্রের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৫)।

**৫। পালিয়ে আসা রোহিঙ্গাদের জন্য ২৫০০ একর জমির ব্যবস্থা করা হচ্ছে : ত্রাণমন্ত্রী**

মায়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের জন্য আড়াই হাজার একর জমির ব্যবস্থা করা হচ্ছে বলে জানিয়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী। গতকাল (৯ সেপ্টেম্বর শনিবার) কক্সবাজারের টেকনাফে নোয়াপাড়া রোহিঙ্গা শরণার্থী শিবির পরিদর্শন শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে মানবিক দৃষ্টিকোণ থেকে রোহিঙ্গাদের আশ্রয় দেওয়া হয়েছে। অতি অল্প সময়ের মধ্যে রোহিঙ্গা সমস্যার সমাধান করার জন্য মিয়ানমারের ওপর আন্তর্জাতিকভাবে চাপ প্রয়োগ করা হচ্ছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৪), **সমকাল** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**৬। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশ একা নয় : মালয়েশিয়ার প্রধানমন্ত্রী**

মালয়েশিয়ার প্রধানমন্ত্রী নাজিব রাজাক বলেছেন, রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশ একা নয়, নতুন করে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের প্রয়োজনীয় সহায়তা দিতে বাংলাদেশ সরকারের পাশে রয়েছে মালয়েশিয়া। ইতোমধ্যে রোহিঙ্গাদের সহায়তার জন্য মালয়েশিয়ার সরকার ১২টন ত্রাণ পাঠিয়েছে যা চট্টগ্রাম এসে পৌঁছেছে। এছাড়া একটি প্রতিনিধিদল আগামীকাল (১১ সেপ্টেম্বর সোমবার) ঢাকায় পাঠাচ্ছে মালয়েশিয়া।

রোহিঙ্গাদের সহায়তায় আরো কি পদক্ষেপ নেওয়া যায়, সে বিষয়ে বাংলাদেশ সরকারের সঙ্গে ঐ টিম আলোচনা করবে বলে মালয়েশিয়ার সংবাদ সংস্থা বারনামার এক খবরে বলা হয়েছে। নাজিব রাজাক আরো জানান, আগামী ১২ সেপ্টেম্বর মঙ্গলবার মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে আলোচনায় রোহিঙ্গাদের মানবিক বিপর্যয়ের বিষয়টি তিনি উত্থাপন করবেন।সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৭। ফজিলাতুন্নেছা মুজিব হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষা করালেন প্রধানমন্ত্রী**

গাজীপুরের কাশিমপুর তেঁতুলবাড়ি এলাকায় স্থাপিত শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালে আবারও স্বাস্থ্য পরীক্ষা করালেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় তাঁর সঙ্গে ছিলেন ছোট বোন শেখ রেহানা। গতকাল (৯ সেপ্টেম্বর শনিবার) মায়ের নামে প্রতিষ্ঠিত আন্তর্জাতিক মানের অত্যাধুনিক এ হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষার জন্য যান তাঁরা। গত বছরের ৪ নভেম্বরও এ হাসপাতালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বাস্থ্য পরীক্ষা করান। এবারও তিনি নিজে হাসপাতালের কাউন্টারে গিয়ে স্বাস্থ্য চেকআপের জন্য রেজিস্ট্রেশন করান ও নির্ধারিত ফি পরিশোধ করে নিয়মিত কয়েকটি স্বাস্থ্য পরীক্ষা করান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.২,ক.১)।

**৮। স্বাস্থ্যখাতে বাংলাদেশের সাফল্যের প্রশংসায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা**

সংক্রামক ব্যাধি নিয়ন্ত্রণ, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, প্রাকৃতিক দুর্যোগকালীন জরুরি স্বাস্থ্য পরিস্থিতি মোকাবিলাসহ স্বাস্থ্যখাতে বাংলাদেশের অভাবনীয় সাফল্যের প্রশংসা করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)। দ্বীপ রাষ্ট্র মালদ্বীপে চলমান বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের ৫ দিনব্যাপী বার্ষিক সম্মেলনে ডব্লিউএইচও'র মহাসচিব ড. ট্রেডস আধানম ঘেব্রিয়েসাস এ প্রশংসা করেন। গত ৬ সেপ্টেম্বর বুধবার থেকে এ সম্মেলন শুরু হয়েছে। চলবে ১০ সেপ্টেম্বর পর্যন্ত। স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**৯। দোহাজারী-কক্সবাজার রেললাইন সম্প্রসারণ এ মাসেই শুরু : রেলমন্ত্রী**

রেলমন্ত্রী মুজিবুল হক বলেছেন, চলতি মাসের শেষে দোহাজারী থেকে কক্সবাজারের রামু পর্যন্ত রেললাইন সম্প্রসারণের কাজ শুরু হবে। গত সপ্তাহে রেল মন্ত্রণালয়ে প্রকল্পটি পাস হয়েছে। তিনি আরো বলেন, আগামী দেড় বছরের মধ্যেই এই রেললাইন সম্প্রসারণের কাজ সম্পন্ন হয়ে যাবে। রামু-কক্সবাজার মহাসড়কের বাইপাস ফুটবল চত্বরে আয়োজিত এক পথসভায় গতকাল (৯ সেপ্টেম্বর শনিবার) এ কথা বলেন রেলমন্ত্রী। রেলমন্ত্রী বলেন, রেলপথের কার্যক্রম দুই ধাপে শুরু হবে। প্রথম ধাপে দোহাজারী থেকে চকরিয়া পর্যন্ত এবং দ্বিতীয় ধাপে চকরিয়া থেকে কক্সবাজার পর্যন্ত রেললাইনের কাজ শেষ হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.৬)।

**১০। বাংলাদেশে বিনিয়োগে আগ্রহী সিঙ্গাপুর ও শ্রীলংকার ব্যাংক**

সিঙ্গাপুর ভিত্তিক বহুজাতিক ব্যাংক ও আর্থিক সেবা প্রতিষ্ঠান দি ডেভেলপমেন্ট ব্যাংক অব সিঙ্গাপুর লিমিটেড (ডিবিএস ব্যাংক) এবং কলম্বো ভিত্তিক ন্যাশনাল ডেভেলপমেন্ট ব্যাংক অব শ্রীলংকা (এনডিবি ব্যাংক) বাংলাদেশে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছে। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান কাজি মো. আমিনুল ইসলামের সাথে ডিবিএস ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সুরজিত সোম গতকাল (৯ সেপ্টেম্বর শনিবার) টেলিফোনে আলাপকালে বাংলাদেশে বিনিয়োগের ব্যাপারে গভীর আগ্রহ প্রকাশ করে বলেন, বাংলাদেশে বিদ্যুৎ, জ্বালানি ও অবকাঠামো উন্নয়নসহ বিভিন্ন খাতে বিনিয়োগ ত্বরান্বিত করার পাশাপাশি এদেশের আর্থিক খাতে উন্নতমানের দ্রব্য ও সেবা নিয়ে আসতে চায় ব্যাংকটি। সম্প্রতি শ্রীলংকার রাজধানী কলম্বোতে অনুষ্ঠিত সার্ক ইনভেস্টমেন্ট ফোরামে ন্যাশনাল ডেভেলপমেন্ট ব্যাংক অব শ্রীলংকা গ্রুপের প্রধান নির্বাহী কর্মকর্তা দিমান্থা সেরেভিরাত্নে বিডা'র চেয়ারম্যানের সাথে দেখা করে বাংলাদেশের আর্থিক খাতে উল্লেখযোগ্য আকারে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **প্রথম আলো** (পৃ.১৩,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** স্কুল ভিত্তিক ডিজিটাল শিক্ষার দৈন্যদশা প্রকট হয়ে পড়ায় উদ্বেগ প্রকাশ করে ডিজিটাল শিক্ষা কার্যক্রমের প্রতিবন্ধকতা দূর করতে কার্যকর পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সংবাদ :** সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রায় ৫৩ হাজার শিক্ষকের শূন্য পদ রয়েছে উল্লেখ করে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে দ্রুত এ শূন্য পদগুলো পূরণের সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** জনস্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর নকল মিনারেল ওয়াটারে বাজার সয়লাব হয়ে যাওয়ায়এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **প্রথম আলো :** ফরিদপুর শহরে নির্মিত ১০তলা ভবন নির্মাণে মারাত্মক ত্রুটি চিহ্নিত হওয়ার পরও তার প্রতিকারে এখনো কোনো কার্যকর পদক্ষেপ না নেওয়ায় উদ্বেগ প্রকাশ করে সারাদেশে নির্মিত এ ধরনের ত্রুটিপূর্ণ ভবনের ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যায়যায়দিন :** ঈদ উদযাপন শেষে কর্মস্থলে ফেরা মানুষ নানা দুর্ভোগে পড়ছে উল্লেখ করে এ ব্যাপারে নজরদারির সুপারিশ।

চ. **নিউ এজ :** বন্যাকবলিত উত্তরাঞ্চলের মানুষের বন্যাপরবর্তী পুনর্বাসনে সরকারকে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি স্টার :** নিম্ন আদালতে বিচারক সংকট দূর করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আমাদের সামাজিক যোগাযোগের ক্ষেত্রে ফেসবুক এক বৈপ্লবিক পরিবর্তন এনে দিয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত **'বাংলাদেশকে নৈতিক অবস্থান নিতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, রোহিঙ্গা গণহত্যা বন্ধে বিদেশে জনমত তৈরি করে বাংলাদেশকে নৈতিক অবস্থান নিতে হবে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৪৫/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ৭ সেপ্টেম্বর ২০১৭, ২৩ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রীর সঙ্গে জাতিসংঘের বিদায়ী আবাসিক প্রতিনিধির সাক্ষাৎ : রোহিঙ্গাদের দেশে ফেরাতে জাতিসংঘের পদক্ষেপ কামনা

২। রাখাইন রাজ্যে চলমান সহিংসতায় মায়ানমারের রাষ্ট্রদূতকে ডেকে বাংলাদেশের প্রতিবাদ

৩। রোহিঙ্গাদের ওপর সহিংসতা বন্ধে সব দেশের এগিয়ে আসা উচিত : বাণিজ্যমন্ত্রী

৪। পালিয়ে আসা রোহিঙ্গাদের স্বাস্থ্যসেবা দিতে পৃথক মেডিকেল টিম গঠনের নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

৫। প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় সরকার প্রস্তুত : প্রধানমন্ত্রী

৬। বাংলাদেশে জাতিসংঘ সহযোগিতা বাড়াবে : অর্থমন্ত্রীকে ইউনিডো'র ডিজি

৭। শিল্পমন্ত্রীর সাথে ইউনিডো ডিজি'র সাক্ষাৎ : ই-বর্জ্য ব্যবস্থাপনায় সহায়তার আশ্বাস

৮। সরকার দুই হাজার ভূমিঅফিস নির্মাণ করবে : ভূমিমন্ত্রী

৯। দেশে সাক্ষরতার হার ৭২ দশমিক ৩ শতাংশ : গণশিক্ষা মন্ত্রী

১০। বিদ্যুতের দাম ৫ শতাংশ বাড়তে পারে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

**১। প্রধানমন্ত্রীর সঙ্গে জাতিসংঘের বিদায়ী আবাসিক প্রতিনিধির সাক্ষাৎ**
**: রোহিঙ্গাদের দেশে ফেরাতে জাতিসংঘের পদক্ষেপ কামনা**

মায়ানমারের রাখাইন রাজ্যে সহিংসতার কারণে পালিয়ে আসা শরণার্থীদের দ্রুত দেশে ফেরাতে জাতিসংঘের পদক্ষেপ চেয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ ব্যাপারে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টি করতে আন্তর্জাতিক মহলের প্রতি আবারও আহ্বান জানিয়েছেন তিনি। বাংলাদেশে জাতিসংঘের আবাসিক প্রতিনিধি রবার্ট ডি ওয়াটকিনস গতকাল ৬ সেপ্টেম্বর বুধবার বিদায়ী সাক্ষাৎ করতে প্রধানমন্ত্রীর কার্যালয়ে গেলে প্রধানমন্ত্রী বলেন, মায়ানমারের নাগরিকদের যেন দেশে ফিরিয়ে নেওয়া হয়, সেজন্য জাতিসংঘের দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়া প্রয়োজন। রাখাইনে সহিংসতা বন্ধ করতেও মায়ানমারের ওপর চাপ সৃষ্টি করতে হবে। **সূত্র-সমকাল** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**২। রাখাইন রাজ্যে চলমান সহিংসতায় মায়ানমারের রাষ্ট্রদূতকে ডেকে বাংলাদেশের প্রতিবাদ**

মায়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গা মুসলিমদের বিরুদ্ধে ব্যাপক সহিংসতা ও চলমান সেনা অভিযান এবং বাংলাদেশে অপ্রত্যাশিতভাবে অত্যধিক রোহিঙ্গা প্রবেশ করার ঘটনায় মায়ানমারের ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত অং মিন্টকে আবারও তলব করে প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ। গতকাল ৬ সেপ্টেম্বর বুধবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ-পূর্ব এশিয়া অনুবিভাগের মহাপরিচালক মঞ্জুরুল করীম তাঁকে তলব করেন। এ বিষয়ে তাঁকে একটি অনানুষ্ঠানিক পত্রও হস্তান্তর করা হয়। পত্রে রোহিঙ্গাদের সুরক্ষা এবং বাংলাদেশে অবস্থানরত সব রোহিঙ্গাকে প্রত্যাবাসনে পদক্ষেপ নেওয়ার জন্য মায়ানমার সরকারকে আহ্বান জানানো হয়। এছাড়া মায়ানমার সীমান্তে ল্যান্ডমাইন স্থাপনের বিষয়েও প্রতিবাদ জানানো হয়। **সূত্র-সংবাদ** (পৃ.১,ক.১), **ভোরের কাগজ** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৩। রোহিঙ্গাদের ওপর সহিংসতা বন্ধে সব দেশের এগিয়ে আসা উচিত : বাণিজ্যমন্ত্রী**

মায়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গাদের ওপর সহিংসতা বন্ধে আন্তর্জাতিক চাপ বাড়ানোর আহ্বান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, রোহিঙ্গাদের ওপর অমানবিক নির্যাতন কোনো সভ্য দেশ সমর্থন করতে পারে না। ইতোমধ্যে ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, মালদ্বীপ, তুরস্কসহ বিভিন্ন দেশ মানবিক দৃষ্টিভঙ্গি থেকে বিষয়টিকে দেখতে শুরু করেছে। রোহিঙ্গাদের রক্ষায় সব দেশের এগিয়ে আসা উচিত। গতকাল ৬ সেপ্টেম্বর বুধবার বাণিজ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে এক অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন। **সূত্র-সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.১), **অবজারভার** (পৃ.১০,ক.২)।

**৪। পালিয়ে আসা রোহিঙ্গাদের স্বাস্থ্যসেবা দিতে পৃথক মেডিকেল টিম গঠনের নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর**

মায়ানমারের রাখাইন রাজ্য থেকে পালিয়ে আসা শরণার্থী রোহিঙ্গাদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ৬ সেপ্টেম্বর বুধবার চট্টগ্রাম বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এবং কক্সবাজার জেলা সিভিল সার্জনকে ফোন করে মন্ত্রী এ নির্দেশ দেন। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, পালিয়ে আসা শরণার্থী এসব রোহিঙ্গা জনগোষ্ঠীর বিষয়টি সরকার মানবিক দৃষ্টিতে দেখছে। তারা যাতে সঠিক স্বাস্থ্যসেবা পায় সে জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেওয়া হয়েছে। পৃথক মেডিকেল টিম গঠন করে ক্যাম্পের পাশাপাশি তাদের অবস্থানকারী এলাকায় চিকিৎসকরা চিকিৎসাসেবা নিশ্চিত করবেন। **সূত্র-সমকাল** (পৃ.২,ক.৮),

**৫। প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় সরকার প্রস্তুত : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুর্যোগ ব্যবস্থাপনা প্রস্তুতির ওপর গুরুত্বারোপ করে বলেছেন, দুর্যোগকালে প্রস্তুতি ভালো থাকলে ক্ষয়ক্ষতির পরিমাণ অনেক কম রাখা সম্ভব হয়। তিনি বলেন, ভৌগোলিক অবস্থানের কারণেই বাংলাদেশ একটি দুর্যোগপ্রবণ দেশ। আমাদের এই প্রাকৃতিক দুর্যোগের সঙ্গেই বসবাস করতে হবে। কাজেই সঠিক পরিকল্পনা থাকলে জানমালের ক্ষয়ক্ষতি সীমিত রাখা সম্ভব। তিনি গতকাল ৬ সেপ্টেম্বর বুধবার তাঁর কার্যালয়ে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলের সভায় একথা বলেন। **সূত্র-সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১৬,ক.৪), **অবজারভার** (পৃ.১৬,ক.১)।

**৬। বাংলাদেশে জাতিসংঘ সহযোগিতা বাড়াবে : অর্থমন্ত্রীকে ইউনিডো'র ডিজি**

ঢাকা সফররত জাতিসংঘের শিল্প উন্নয়ন বিষয়ক সংস্থার (ইউনিডো) মহাপরিচালক লি ইয়ং গতকাল ৬ সেপ্টেম্বর বুধবার অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সঙ্গে সাক্ষাৎ করেন। রাজধানীর ঢাকা ক্লাবে আয়োজিত এ সাক্ষাৎ অনুষ্ঠানে তাঁদের মধ্যে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা হয়। আলাপকালে ইউনিডো'র মহাপরিচালক বাংলাদেশের উন্নয়নে তাঁদের সহযোগিতা আরো বাড়বে বলে আশ্বাস দেন। তিনি বলেন, বিভিন্ন সংস্থার মাধ্যমে জাতিসংঘ বাংলাদেশের উন্নয়নে সহযোগিতা করে থাকে। ভবিষ্যতে এ সহযোগিতা আরো বাড়বে। এ সময় তিনি বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের প্রশংসা করেন। **সূত্র-ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **জনকণ্ঠ**(পৃ.১৫,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.১৭,ক.১)।

**৭। শিল্পমন্ত্রীর সাথে ইউনিডো ডিজি'র সাক্ষাৎ : ই-বর্জ্য ব্যবস্থাপনায় সহায়তার আশ্বাস**

বাংলাদেশে ইলেক্ট্রনিক বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনায় জাতিসংঘের শিল্প উন্নয়ন সংস্থা (ইউনিডো) কারিগরি সহায়তা দেবে বলে জানিয়েছেন সংস্থার মহাপরিচালক লি ইয়ং। এ ছাড়া, কৃষিভিত্তিক শিল্পের প্রসার, জ্বালানি দক্ষতা বৃদ্ধি ও পরিবেশবান্ধব শিল্পায়নে সংস্থাটির পক্ষ থেকে সহায়তা করার কথাও বলেছেন তিনি। ঢাকা সফররত ইউনিডোর মহাপরিচালক গতকাল ৬ সেপ্টেম্বর বুধবার শিল্পমন্ত্রী আমির হোসেন আমুর সঙ্গে বৈঠককালে এসব কথা জানান। শিল্প মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এ বৈঠকে শিল্পখাতে ইউনিডোর সহায়তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ সময় স্থানীয় কৃষিভিত্তিক শিল্পের ভ্যালু চেইন উন্নয়ন, ট্যানারির কঠিন বর্জ্য ও দূষিত পানি ব্যবস্থাপনা, স্বল্প কার্বন নির্গমন, কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, পাটজাত পণ্যের বহুমুখীকরণে কারিগরি সহায়তা প্রদানসহ অন্যান্য বিষয়ে আলোচনা হয়েছে। **সূত্র-সমকাল** (পৃ.১০,ক.৮), **সংবাদ** (পৃ.১৪,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৪), **অবজারভার** (পৃ.৪,ক.৬)।

**৮। সরকার দুই হাজার ভূমিঅফিস নির্মাণ করবে : ভূমিমন্ত্রী**

ভূমিমন্ত্রী শামসুর রহমান শরীফ বলেছেন, চলতি বছরের মধ্যে এক হাজার ভূমিঅফিস নির্মাণের কাজ সম্পন্ন করা হবে এবং আরও ২ হাজার ভূমিঅফিস নির্মাণ বর্তমান সরকারের মেয়াদকালেই সম্পন্ন হবে। গতকাল ৬ সেপ্টেম্বর বুধবার পাবনার ঈশ্বরদীর লক্ষীকুণ্ডা ইউনিয়ন ভূমিঅফিস এবং পাকশী ইউনিয়ন ভূমিঅফিস উদ্বোধনকালে ভূমিমন্ত্রী এসব তথ্য জানান। **সূত্র-জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.১২,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৮)।

**৯। দেশে সাক্ষরতার হার ৭২ দশমিক ৩ শতাংশ : গণশিক্ষা মন্ত্রী**

সরকারের নানামুখী কর্মসূচির কারণে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ তথ্য অনুযায়ী বাংলাদেশে বর্তমানে সাক্ষরতার হার ৭২.৩ শতাংশ দাঁড়িয়েছে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান। আগামীকাল ৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে গতকাল ৬ সেপ্টেম্বর বুধবার মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান। **সূত্র-ইত্তেফাক** (পৃ.৩,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.৪,ক.১)।

**১০। বিদ্যুতের দাম ৫ শতাংশ বাড়তে পারে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুতের দাম ৫ শতাংশ বাড়তে পারে বলে জানিয়েছেন বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। তিনি বলেন, কিছু দিনের মধ্যে প্রতি ইউনিট (কিলোওয়াট-ঘন্টা) বিদ্যুতের দাম ৩০ থেকে ৩৫ পয়সা বাড়তে পারে। তবে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিপি) সরাসরি জ্বালানি তেল আমদানির অনুমতি পেলে দাম নাও বাড়তে পারে। গতকাল ৬ সেপ্টেম্বর বুধবার সচিবালয়ে তিনি এ কথা বলেন। **সূত্র-সমকাল** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮),

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** হালদা নদীকে দূষণের হাত থেকে বাঁচাতে স্থানীয় প্রশাসন, সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় ও মৎস্য অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকলকে একটি সমন্বিত পরিকল্পনার মাধ্যমে সক্রিয় ভূমিকা রাখার সুপারিশ।

খ. **সংবাদ :** মধ্যপ্রাচ্যের দেশ থেকে বাংলাদেশি নারী গৃহকর্মীদের ফিরিয়ে আনতে পররাষ্ট্র এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়কে যথাযথ ব্যবস্থা গ্রহণের আহ্বান।

গ. **প্রথম আলো :** রাঙামাটিতে পাহাড়ধসে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের ব্যবস্থা করার সুপারিশ।

ঘ. **সমকাল :** পরিবেশ রক্ষায় স্বেচ্ছাশ্রমে তালেরচারা রোপণে রাজবাড়ীর তরুণ-তরুণীদের উদ্যোগের মতো সামাজিক উদ্যোগ বাংলাদেশের সর্বত্র গড়ে তুলতে সংশ্লিষ্টদের এগিয়ে আসার আহ্বান।

ঙ. **যুগান্তর :** কোচিং, নোটবই, গাইডবই ও শিক্ষকের প্রাইভেট পড়ানোকে নিষিদ্ধ করে শিক্ষা আইনের নতুন খসড়ার উদ্যোগকে খুবই সময়োপযোগী ও বাস্তবধর্মী একটি পদক্ষেপ বলে অভিমত।

চ. **ইন্ডিপেনডেন্ট :** গ্রামের তরুণদের মৎস্য ও পোলট্রি খামার গড়ায় উৎসাহিত করতে দেশের ৫৬ জেলায় অবস্থিত ৯২১টি খাল ও ১৬১১টি ছোট বড় পুকুর পুনঃখননের সরকারি সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে তরুণদের মধ্যে এ বিষয়ে যথাযথ ট্রেনিং প্রদান ও প্রযুক্তিগত সহায়তার ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** দেশে অনেক ভুয়া অস্ত্রের লাইসেন্স থাকার তথ্য উল্লেখ করে এসব ভুয়া লাইসেন্স বাতিলে যথাযথ আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

জ. **নিউজ টুডে :** এইচএসসিতে অকৃতকার্য কলেজগুলোর শিক্ষাকার্যক্রম বন্ধ করে দেওয়ার পাশাপাশি অন্যান্য কলেজের শিক্ষার পরিবেশ উন্নয়নে সরকারি সহায়তা প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশে আশ্রয় নেওয়া লাখ লাখ রোহিঙ্গা উদ্বাস্তু শিবিরে মানবেতর জীবন যাপন করছে যা এবারের ঈদের আনন্দকে ম্লান করে দিয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'কিশোর অপরাধ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বাংলাদেশের প্রতিটি শিশু শিক্ষা নিয়ে যোগ্যতা অনুসারে কাজ করার সুযোগ পেলে কখনই ওরা অপরাধে জড়িয়ে সমাজের বোঝা হবে না। বরং তারা দেশ ও জাতি গঠনে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম হবে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৪৪/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ৬ সেপ্টেম্বর ২০১৭, ২২ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। শেখ হাসিনার সাথে ইন্দোনেশিয়ার পররাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎ
: রাখাইন রাজ্যে সহিংসতা বন্ধের আহ্বান

২। রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে আন্তর্জাতিক চাপ প্রয়োগের আহ্বান প্রধানমন্ত্রীর

৩। বাংলাদেশের পক্ষে রোহিঙ্গা স্রোত সামাল দেওয়া সম্ভব নয় : সেতুমন্ত্রী

৪। রোহিঙ্গা নির্যাতন রোধে জাতিসংঘের হস্তক্ষেপ করা উচিত : আইনমন্ত্রী

৫। রোহিঙ্গাদের একক আশ্রয়কেন্দ্র হচ্ছে উখিয়ার বালুখালিতে

৬। ৩৫ জেলায় ১০৬ কোটি টাকার সরকারি ত্রাণ সহায়তা

৭। বন্যাদুর্গত এলাকায় শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটির দিনেও ক্লাস নেওয়ার নির্দেশ শিক্ষা মন্ত্রণালয়ের

৮। টাঙ্গাইলে ধর্ষণের ঘটনায় জড়িতদের পক্ষে দাঁড়াবেন না : আইনজীবীদের প্রতি স্বাস্থ্যমন্ত্রী

৯। আইন মেনেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য নিয়োগ দেওয়া হয়েছে : শিক্ষামন্ত্রী

১০। হজের ফিরতি ফ্লাইট শুরু আজ

চলমান পাতা-২

**১। শেখ হাসিনার সাথে ইন্দোনেশিয়ার পররাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎ : রাখাইন রাজ্যে সহিংসতা বন্ধের আহ্বান**

মায়ানমারের রাখাইন রাজ্যে সহিংসতা বন্ধ করতেসে দেশের সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রীশেখ হাসিনা। তিনি বলেছেন, মায়ানমারের সংকট মোকাবিলায় বাংলাদেশ সব রকম সহযোগিতা করবে, তবে সব কিছুর আগে তাদের উচিত সহিংসতা বন্ধ করা। ইন্দোনেশিয়ার পররাষ্ট্রমন্ত্রীরেতনো মারসুদি গতকাল ৫ সেপ্টেম্বর মঙ্গলবার গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করলে তিনি এ কথা বলেন। **সূত্র-সমকাল** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**২। রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে আন্তর্জাতিক চাপ প্রয়োগের আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ থেকে মায়ানমারের নাগরিকদের ফিরিয়ে নিতে দেশটির ওপর চাপ সৃষ্টি করতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, মায়ানমারের বিপুলসংখ্যক নাগরিককে আশ্রয় দেওয়া বাংলাদেশের জন্য বিরাট বোঝা। আমরা শুধু মানবিক দিক বিবেচনায় তাদের আশ্রয় দিয়েছি। গতকাল ৫ সেপ্টেম্বর মঙ্গলবার ইন্দোনেশিয়ার নবনিযুক্ত রাষ্ট্রদূত রিনা প্রিতিয়াসমিয়ারসি সোয়েমারনো প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, আমাদের নীতি খুবই পরিষ্কার যে প্রতিবেশী দেশগুলোতে নাশকতামূলক কর্মকাণ্ড চালাতে কাউকে আমাদের ভূখণ্ড ব্যবহার করতে দেওয়া হবে না। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

**৩। বাংলাদেশের পক্ষে রোহিঙ্গা স্রোত সামাল দেওয়া সম্ভব নয় : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, রোহিঙ্গা শরণার্থীদের স্রোত সামাল দেওয়া বাংলাদেশের পক্ষে সম্ভব নয়। ইতোমধ্যে ওই এলাকায় ভয়ানক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। গতকাল ৫ সেপ্টেম্বর মঙ্গলবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন কৃষক শ্রমিক জনতা লীগের সভাপতি আব্দুল কাদের সিদ্দিকী বীরোত্তমকে দেখতে গিয়ে সাংবাদিকদের তিনি বলেন, সরকার রোহিঙ্গার বিষয়টি মানবিকভাবে দেখছে। এখন সরকারের নীতি রোহিঙ্গা পুশিংয়ের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানানো। বিষয়টি নিয়ে জাতিসংঘ, হিউম্যান রাইটস সংগঠনগুলোসহ বিভিন্ন পর্যায়ে কূটনৈতিক তৎপরতা অব্যাহত আছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৪। রোহিঙ্গা নির্যাতন রোধে জাতিসংঘের হস্তক্ষেপ করা উচিত : আইনমন্ত্রী**

মায়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গাদের ওপর যে অমানবিক অত্যাচার-নির্যাতন হচ্ছে, তা রোধে জাতিসংঘের হস্তক্ষেপ করা উচিত বলে মন্তব্য করেছেন আইনমন্ত্রী আনিসুল হক। গতকাল ৫ সেপ্টেম্বর মঙ্গলবার সচিবালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। রোহিঙ্গাদের ওপর বর্বর ও নৃশংস নির্যাতন হচ্ছে মন্তব্য করে তিনি বলেন, তাদের বাড়িঘর পুড়িয়ে দেওয়া হচ্ছে, হত্যা করা হচ্ছে, বাংলাদেশে ঠেলে দেওয়া হচ্ছে। এর প্রতিবাদে আমরা আন্তর্জাতিক গোষ্ঠীগুলোকে এগিয়ে আসার আহ্বান জানাই। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.১৫,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৫। রোহিঙ্গাদের একক আশ্রয়কেন্দ্র হচ্ছে উখিয়ার বালুখালিতে**

বাংলাদেশে অনুপ্রবেশ করা রোহিঙ্গাদের জন্য উখিয়ার বালুখালিতে অস্থায়ী আশ্রয় শিবির খুলছে সরকার। এই আশ্রয়শিবির থাকবে কাঁটাতার বেস্টিত। উখিয়ার কুতুপালং-এ ইতোপূর্বে নিবন্ধিত এবং এখন যারা আসছে সকলকে ওই এক জায়গায় নেওয়া হবে। এখানে বায়োমেট্রিক পদ্ধতিতে তাদের নিবন্ধন করা হবে। সার্বক্ষণিক ওই আশ্রয়শিবিরের নিরাপত্তায় থাকবে আনসার সদস্যসহ অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সচিব মোস্তফা কামাল উদ্দীন গতকাল ৫ সেপ্টেম্বর মঙ্গলবার জানান, খাদ্য বা অন্যান্য কারণে রোহিঙ্গারা সারাদেশে যাতে ছড়িয়ে না পড়ে সেজন্য সকলকে একটি জায়গায় সীমাবদ্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ ছাড়া ওই জায়গা থেকে কেউ যাতে পালিয়ে দেশের অন্যত্র আশ্রয় না নিতে পারে সে জন্য কাঁটাতারের বেড়া দেওয়া হবে। আর তাদেরকে চিহ্নিত করে রাখতে বায়োমেট্রিক পদ্ধতিতে রেজিস্ট্রেশন করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

**৬। ৩৫ জেলায় ১০৬ কোটি টাকার সরকারি ত্রাণ সহায়তা**

বন্যায় ক্ষতিগ্রস্ত ৩৫টি জেলায় জরুরি ত্রাণ সহায়তার জন্য ১০৫ কোটি ৯৭ লাখ টাকা বরাদ্দ দিয়েছে সরকার। সরকারি সংবাদ সংস্থা বাসস দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বরাত দিয়ে জানিয়েছে, গত ৯ থেকে ২৫ আগস্ট পর্যন্ত এসব জেলায় বন্যাদুর্গত মানুষদের চাল, শুকনা খাবার ও নগদ সহায়তা দেওয়া হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক মো. রিয়াজ আহমেদ বাসসকে বলেছেন, আগামী তিন মাস পর্যন্ত দুর্গত মানুষ ত্রাণসামগ্রী ও নগদ সহায়তা পাবে। বন্যায় ক্ষতিগ্রস্ত জেলা প্রশাসনের কাছ থেকে প্রাপ্ত চাহিদা অনুযায়ী সরকার আরও অর্থ বরাদ্দ করবে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৭। বন্যাদুর্গত এলাকায় শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটির দিনেও ক্লাস নেওয়ার নির্দেশ শিক্ষা মন্ত্রণালয়ের**

বন্যাদুর্গত এলাকার শিক্ষাপ্রতিষ্ঠানে সাপ্তাহিক ছুটির দিনেও ক্লাস নেওয়ার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। নির্ধারিত সময়ে সিলেবাস শেষ করতেই শিক্ষা মন্ত্রণালয়ের এ নির্দেশ বলে জানিয়েছেন কর্মকর্তারা। শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা নির্দেশনায় বলা হয়েছে, সাম্প্রতিক বন্যায় দেশের বিভিন্ন জেলায় কয়েক হাজার শিক্ষাপ্রতিষ্ঠান পানিতে নিমজ্জিত হয়ে পাঠদান কার্যক্রম বন্ধ হয়ে যায়। এছাড়া এসব অঞ্চলের অধিকাংশ প্রতিষ্ঠান আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহার করা হয়। ফলে এসব শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম নানাভাবে ব্যাহত হয়েছে। এসব ক্ষতিগ্রস্ত শিক্ষাপ্রতিষ্ঠানে যথাসময়ে সিলেবাস সমাপ্ত করার লক্ষ্যে সাপ্তাহিক ছুটির দিনে পাঠদান কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানকে নির্দেশ দিতে শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরকে নির্দেশ দেওয়া হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**৮। টাঙ্গাইলে ধর্ষণের ঘটনায় জড়িতদের পক্ষে দাঁড়াবেন না : আইনজীবীদের প্রতি স্বাস্থ্যমন্ত্রী**

টাঙ্গাইলে চলন্ত বাসে গণধর্ষণের পর হত্যার শিকার কলেজছাত্রী রূপা হত্যা মামলায় অপরাধীদের পক্ষে না লড়তে আইনজীবীদের প্রতি আহ্বান জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি বলেন, সিরাজগঞ্জের তাড়াশ উপজেলার গ্রামের দরিদ্র ঘরের মেয়ে রূপা জীবিকা নির্বাহের জন্য সংগ্রামী জীবনকে বেছে নেয়। তার ওপরই নির্ভর করত পরিবারটি। এ সম্ভাবনাময় তরুণীকে ধর্ষণের পর নৃশংসভাবে যারা খুন করেছে, তারা পশুর চেয়েও অধম। এদের হয়ে আইনি লড়াই না চালানোর জন্য সব আইনজীবীর প্রতি আমি অনুরোধ করছি। মন্ত্রী গতকাল ৫ সেপ্টেম্বর মঙ্গলবার সচিবালয়ে ঈদ শুভেচ্ছা বিনিময়কালে এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)।

**৯। আইন মেনেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য নিয়োগ দেওয়া হয়েছে : শিক্ষামন্ত্রী**

আইন মেনেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) নতুন উপাচার্য নিয়োগ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল ৫ সেপ্টেম্বর মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, রাষ্ট্রপতি তাঁর আইনি ক্ষমতাবলে এ নিয়োগ দিয়েছেন। ঢাবির উপাচার্য পদ শূন্য হয় গত ২৪ আগস্ট। উপ-উপাচার্যের দায়িত্ব পালন করে আসা অধ্যাপক মো. আখতারুজ্জামানকে গত ৪ সেপ্টেম্বর সোমবার উপাচার্য হিসেবে নিয়োগ দেন রাষ্ট্রপতি। শিক্ষা মন্ত্রণালয়ের আদেশে বলা হয়, উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিকের মেয়াদ পূর্ণ হওয়ায় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক মো. আখতারুজ্জামানকে সাময়িকভাবে উপাচার্যের দায়িত্ব দিয়েছেন রাষ্ট্রপতি। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

**১০। হজের ফিরতি ফ্লাইট শুরু আজ**

সৌদি আরবে পবিত্র হজ পালন শেষে আজ ৬ সেপ্টেম্বর বুধবার থেকে দেশে ফিরবেন বাংলাদেশি হাজিরা। বিমান বাংলাদেশ ও সৌদি এয়ারলাইন্সের ফ্লাইটে করে দেশে ফিরবেন তাঁরা। হাজিদের আনতে জেদ্দার উদ্দেশে গতকাল ৫ সেপ্টেম্বর মঙ্গলবার রাতেই ঢাকা ছেড়েছে বিমানের প্রথম ফিরতি হজ ফ্লাইট বিজি-২০১১। আজ থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফিরতি হজ ফ্লাইট শুরু হয়ে চলবে ৫ অক্টোবর পর্যন্ত।

সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, সংবাদ :** চট্টগ্রাম বিভাগসহ অন্যান্য বেশ কয়েকটি এলাকা আর্সেনিকের মারাত্মক ঝুঁকির মুখে পড়ায় ভূ-উপরিভাগের পানিকে যথাযথভাবে বিশুদ্ধ করার ব্যবস্থা করাসহ চার চেম্বারের আর্সেনিক নিরোধক ফিল্টারের ও আর্সেনিক পরীক্ষার কিট সর্বসাধারণের জন্য সহজলভ্য করার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ, জনকণ্ঠ, ডেইলি সান, ডেইলি স্টার, অবজারভার :** রোহিঙ্গা সংকটের কারণে বাংলাদেশ বিপাকে পড়ায় এ সংকট নিরসনে বিশ্ব জনমত গড়ে তোলার সুপারিশ।

গ. **যুগান্তর, প্রথম আলো, ইনকিলাব, ভোরের কাগজ, ডেইলি সান :** কোরবানির পশুর চামড়া বাজারের বিশৃঙ্খলা দূর করাসহ চামড়া পাচার রোধ করার আহ্বান।

ঘ. **সমকাল :** যথাযথ প্রক্রিয়ায় মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই শেষে মুক্তিযোদ্ধাদের তালিকা চূড়ান্ত করাসহ এ ক্ষেত্রে অন্তরায় সৃষ্টির জন্য দায়ীদের কঠোর শাস্তি দেওয়ার সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** দেশে রেমিট্যান্স প্রবাহ অব্যাহত রাখতে কারিগরি শিক্ষায় শিক্ষিত দক্ষ ও প্রশিক্ষিত জনবল গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউজ টুডে :** বাল্যবিবাহ প্রতিরোধের কার্যক্রমে শিক্ষক, উপজেলা চেয়ারম্যান, গ্রাম্য লিডার, ধর্মীয় নেতা ও মসজিদের ইমামদের সংযুক্ত করার আহ্বান

ছ. **ডেইলি স্টার, নিউ নেশন, নিউ এজ :** ঈদের ছুটিতে সড়ক দুর্ঘটনায় প্রাণহানিতে উদ্বেগ প্রকাশ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সড়ক-মহাসড়কগুলো জরুরি ভিত্তিতে সংস্কার ও মেরামত করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, যুব-সমাজের কর্ম-উপযোগী পরিবেশ গড়তে উদ্যোক্তা তৈরির ক্ষেত্রে উপযুক্ত শিক্ষা ও প্রশিক্ষণের প্রয়োজন।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'কারিগরি শিক্ষার বিকল্প নেই'** শিরোনামের নিবন্ধে অভিমত করা হয়েছে, বর্তমান পৃথিবীটা প্রযুক্তিনির্ভর হওয়ায় এ যুগে কারিগরি শিক্ষার কোনো বিকল্প নেই।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৪৩/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ৫ সেপ্টেম্বর ২০১৭, ২১ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পবিত্র ঈদুল আজহা উদযাপন

২। বন্যার্তদের পাশে দাঁড়ান : ঈদের শুভেচ্ছায় রাষ্ট্রপতি

৩। বাংলাদেশ হবে শান্তির দেশ : ঈদ শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী

৪। মিয়ানমারে জাতিসংঘের অধীনে রোহিঙ্গা অঞ্চল থাকা উচিত : অর্থমন্ত্রী

৫। আঞ্চলিক বাণিজ্য জোট শক্তিশালী করতে হবে : শ্রীলংকায় বাণিজ্যমন্ত্রী

৬। অর্থনৈতিক মুক্তি অর্জনই প্রধান লক্ষ্য : এলজিআরডি মন্ত্রী

৭। জেএসসি পরীক্ষা শুরু আগামী ১ নভেম্বর

৮। জঙ্গি নির্মূলের যুদ্ধের মধ্যেই আগামী জাতীয় সংসদ নির্বাচন হবে : তথ্যমন্ত্রী

৯। অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য

১০। ঈদে অপ্রীতিকর কোনো ঘটনা ঘটেনি : ডিএমপি কমিশনার

চলমান পাতা-২

১। **পবিত্র ঈদুল আজহা উদযাপন**

বন্যাসহ সব প্রাকৃতিক দুর্যোগ থেকে দেশ ও জাতিকে মুক্ত করা, শান্তি ও কল্যাণ কামনা এবং যথাযোগ্য ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে উদযাপিত হয়েছে পবিত্র ঈদুল আজহা। সেই সঙ্গে ছিল মুসলিম উম্মাহর ঐক্য ও রোহিঙ্গাদের জন্য দোয়া কামনা। গত ২ সেপ্টেম্বর শনিবার মহান আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে পশু কোরবানির মধ্য দিয়ে সারাদেশে মুসলিম সম্প্রদায় প্রধান ধর্মীয় উৎসব ঈদুল আজহা উদযাপন করেছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১০,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

২। **বন্যার্তদের পাশে দাঁড়ান : ঈদের শুভেচ্ছায় রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সরকারের পাশাপাশি বন্যায় ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়াতে সমাজের বিত্তবানদের প্রতি আহ্বান জানিয়েছেন। পবিত্র ঈদুল আজহা উপলক্ষে ২ সেপ্টেম্বর শনিবার বঙ্গভবনে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে ঈদের শুভেচ্ছা বিনিময়কালে রাষ্ট্রপতি এ আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, সমাজের বিত্তবানদের মনে রাখতে হবে, বন্যার্তদের কেউ যেন ঈদ উৎসব থেকে বঞ্চিত না হয়। সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত এবং এ মুহূর্তে ঈদের আনন্দ উপভোগ করতে অক্ষম হাওর ও অন্যান্য এলাকার মানুষের সঙ্গে সমাজের বিত্তবানদের ঈদের আনন্দ ভাগাভাগি করা উচিত বলে রাষ্ট্রপতি অভিমত প্রকাশ করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

৩। **বাংলাদেশ হবে শান্তির দেশ : ঈদ শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী**

বাংলাদেশকে শান্তির দেশ হিসেবে গড়ে তোলার দৃঢ়প্রত্যয় ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, বাংলাদেশ হবে দক্ষিণ এশিয়ার শান্তিপূর্ণ ও উন্নত সমৃদ্ধ দেশ। বাংলাদেশ যেন বিশ্বদরবারে মর্যাদার আসনে অধিষ্ঠিত হয়, সেদিকে লক্ষ্য রেখেই তাঁর সরকার কাজ করে যাচ্ছে। গত ২ সেপ্টেম্বর শনিবার ঈদুল আজহার দিন গণভবনে সর্বস্তরের মানুষের সঙ্গে ঈদ শুভেচ্ছা বিনিময় শেষে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৪। **মিয়ানমারে জাতিসংঘের অধীনে রোহিঙ্গা অঞ্চল থাকা উচিত : অর্থমন্ত্রী**

জাতিসংঘের অধীনে রোহিঙ্গাদের জন্য মিয়ানমারে আলাদা একটি অঞ্চল থাকা উচিত বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, রোহিঙ্গাদের ওপর যা ঘটছে তা খুব খারাপ হচ্ছে। গতকাল ৪ সেপ্টেম্বর সোমবার ঈদের ছুটির পর প্রথম কার্যদিবসে সচিবালয়ে ঈদ শুভেচ্ছা বিনিময় শেষে অর্থমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৬)।

৫। **আঞ্চলিক বাণিজ্য জোট শক্তিশালী করতে হবে : শ্রীলংকায় বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, ভারত মহাসাগর দিয়ে বিশ্বের অর্ধেক কনটেইনারবাহী জাহাজ এবং তিন ভাগের দু'ভাগ তেলবাহী জাহাজ চলাচল করে। বাণিজ্যিক দিক থেকে এ অঞ্চল খুবই গুরুত্বপূর্ণ। এ অঞ্চলে দারিদ্র্য দূরীকরণ, আর্থ-সামাজিক উন্নয়নের জন্য বহুমুখী বাণিজ্য ও বিনিয়োগ এবং অর্থনৈতিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা বাড়ানো প্রয়োজন। এ জন্য সাফটা, বিমসটেক ও আশিয়ানের মতো আঞ্চলিক বাণিজ্য জোটগুলোকে শক্তিশালী করতে হবে। বাণিজ্যমন্ত্রী শ্রীলংকার রাজধানী কলম্বোয় দ্বিতীয় ভারত মহাসাগর সম্মেলনের প্রথম বিশেষ অধিবেশনে এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১০,ক.১), **সংবাদ** (পৃ.১৪,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

৬। **অর্থনৈতিক মুক্তি অর্জনই প্রধান লক্ষ্য : এলজিআরডি মন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, অর্থনৈতিক মুক্তি অর্জনই এখন আমাদের প্রধান লক্ষ্য। গতকাল ৪ সেপ্টেম্বর সোমবার সচিবালয়ে স্থানীয় সরকার বিভাগের সম্মেলনকক্ষে ঈদ পরবর্তী প্রথম কর্মদিবসে স্থানীয় সরকার বিভাগ এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের সাথে শুভেচ্ছা বিনিময়কালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৩),

**৭। জেএসসি পরীক্ষা শুরু আগামী ১ নভেম্বর**

আগামী ১ নভেম্বর থেকে চলতি বছরের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও সমমান পরীক্ষা শুরু হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, এজন্য সকল প্রস্তুতি নেওয়া হয়েছে। গতকাল ৪ সেপ্টেম্বর সোমবার সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

**৮। জঙ্গি নির্মূলের যুদ্ধের মধ্যেই আগামী জাতীয় সংসদ নির্বাচন হবে : তথ্যমন্ত্রী**

জঙ্গি নির্মূলের যুদ্ধের মধ্যেই আগামী জাতীয় সংসদ নির্বাচন হবে বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল ৪ সেপ্টেম্বর সোমবার কুষ্টিয়ার খোকসা উপজেলায় জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদের কার্যালয় উদ্বোধন উপলক্ষে স্থানীয় বাসস্ট্যান্ডে এক সমাবেশে তিনি একথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.১)।

**৯। অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে বর্তমান উপউপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে নিয়োগ দেওয়া হয়েছে। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের এ অধ্যাপককে গতকাল ৪ সেপ্টেম্বর সোমবার উপাচার্য হিসেবে সাময়িকভাবে দায়িত্ব দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**১০। ঈদে অপ্রীতিকর কোনো ঘটনা ঘটেনি : ডিএমপি কমিশনার**

কোরবানির পশুর মার্কেটে কোনো অনিয়ম, জোর-জবরদস্তি, হাসিল বেশি নেওয়া, ছিনতাই, রাহাজানির মতো কোনো অপ্রীতিকর ঘটনা ঈদে ঘটেনি বলে জানিয়েছেন ডিএমপি কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া। তিনি বলেন, বিভিন্ন মেডিকেল কলেজে আমরা খবর নিয়েছি। কোনো মানুষ অজ্ঞান হয়ে সেখানে গিয়ে ভর্তি হয়নি। গতকাল ৪ সেপ্টেম্বর সোমবার ডিএমপি হেডকোয়ার্টার্সে ঢাকা মেট্রোপলিটন পুলিশের সদরদপ্তর ও প্রশাসন বিভাগ কর্তৃক আয়োজিত ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** শিক্ষার্থীদের প্রকৃত মানুষ ও দক্ষ নাগরিক হিসেবে গড়ে তুলতে বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে মাঝে-মধ্যেই সংশ্লিষ্ট শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি মানবিক গুণাবলি বিষয়েও প্রশিক্ষণ প্রদানের ওপর সমান গুরুত্ব দেওয়া প্রয়োজন বলে অভিমত।

খ. **সংবাদ, ইত্তেফাক :** দেশের হাইওয়ে পুলিশের লোকবল সংকটসহ নানাবিধ সমস্যা তুলে ধরে সমস্যাগুলো দ্রুত সমাধানের আহ্বান।

গ. **জনকণ্ঠ :** বাংলাদেশে সিনেমা হলের সংখ্যা ক্রমান্বয়ে কমে যাওয়ায় চলচ্চিত্র শিল্পকে বাঁচাতে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল :** দেশে আর্সেনিকে আক্রান্তের সংখ্যা ক্রমে বাড়ায় আর্সেনিক দূষণ প্রতিকার ও প্রতিরোধ দুই-ই জরুরি বলে অভিমত।

ঙ. **যায়যায়দিন, জনকণ্ঠ :** রূপা হত্যায় জড়িতদের কঠোর শাস্তি নিশ্চিত করার প্রত্যাশা।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বন্যাদুর্গত এলাকার জনগণের দুর্ভোগ লাঘবে ত্রাণ সহায়তা বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** দেশের ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুযোগ-সুবিধা আরও বৃদ্ধির মাধ্যমে শিক্ষাব্যয় কমানোর প্রত্যাশা।

জ. **নিউজ টুডে :** দেশের বিভিন্ন স্থানের প্রত্নতত্ত্বগুলোর যথাযথ রক্ষণাবেক্ষণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বন্যা সমস্যা সমাধানে নদীগুলোর গভীরতা বৃদ্ধির জন্য অতিদ্রুত ড্রেজিং করতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিশুদের জন্য চাই আনন্দময় জীবন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন করে শিশুদের শিক্ষায় অন্তর্ভুক্তকরণে শ্রমজীবী শিশুদের কল্যাণে নিয়োজিত সকল প্রতিষ্ঠানের কাজের মধ্যে কার্যকরী সমন্বয় সাধন নিশ্চিত করা জরুরি।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৪২/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ৩১ আগস্ট ২০১৭, ১৬ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। অস্ট্রেলিয়াকে টেস্টে হারালো বাংলাদেশ
এ জয় দেশবাসীর জন্য ঈদ উপহার : প্রধানমন্ত্রী

২। রোহিঙ্গা পুশিং বন্ধে মায়ানমারকে চাপ দিতে যুক্তরাষ্ট্রের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান

৩। বন্যায় ক্ষতিগ্রস্ত একটি মানুষও না খেয়ে কষ্ট পাবে না : প্রধানমন্ত্রী

৪। সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে আরও ৩ লাখ টন চাল
আমদানির প্রস্তাব অনুমোদন

৫। স্বল্প মুনাফায় মেগা প্রকল্পে ঋণের প্রস্তাব জাপানি ব্যাংকের : অর্থমন্ত্রী

৬। উচ্চ শুল্কহার কমাতে শ্রীলংকার প্রতি বাণিজ্যমন্ত্রীর আহ্বান

৭। বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে প্রধানমন্ত্রীর ঈদ শুভেচ্ছা

৮। মহাসড়কে ভারি যান চলাচলে কঠোর ব্যবস্থা : সেতুমন্ত্রী

৯। ঘরমুখো মানুষকে নিরাপত্তা দিতে সব ব্যবস্থা নেওয়া হয়েছে : আইজিপি

১০। চলে গেলেন কিংবদন্তী কণ্ঠসৈনিক আবদুল জব্বার

১১। ময়মনসিংহে নতুন শিক্ষাবোর্ড গঠন : সরকারি আদেশ জারি

চলমান পাতা-২

**১। অস্ট্রেলিয়াকে টেস্টে হারালো বাংলাদেশ**

**এ জয় দেশবাসীর জন্য ঈদ উপহার : প্রধানমন্ত্রী**

টেস্টে প্রথমবারের মতো অস্ট্রেলিয়াকে হারিয়ে নতুন ইতিহাস গড়লো বাংলাদেশ। সাকিব আল হাসানের অলরাউন্ড নৈপুণ্যে ও তামিম ইকবালের অনবদ্য ব্যাটিংয়ে ভর করে গতকাল ৩০ আগস্ট বুধবার মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে অস্ট্রেলিয়াকে ২০ রানে হারিয়েছে বাংলাদেশ। এর মধ্য দিয়ে দুই ম্যাচের সিরিজে ১-০ তে এগিয়ে গেল বাংলাদেশ ক্রিকেট দল।

মাঠে বসে ঐতিহাসিক টেস্ট জয় উপভোগ করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টেস্ট জয়ের পর খোলোয়াড়, কোচ, বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) কর্মকর্তাদের অভিনন্দন জানিয়েছেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, এ জয় দেশবাসীর জন্য ঈদ উপহার। গতকাল ৩০ আগস্ট বুধবার টেস্ট জয়ের জন্য বাংলাদেশ দলের যখন ২ ইউকেট প্রয়োজন তখন খেলোয়াড়দের উৎসাহ দিতে মিরপুরের শেরেবাংলা স্টেডিয়ামে খেলা দেখতে যান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জয়ের পর টাইগারদের ড্রেসিং রুমে গিয়ে তাদের সঙ্গে কথা বলেন তিনি। আনন্দঘন পরিবেশে খেলোয়াড় ও বিসিবির স্টাফদের সঙ্গে ছবিও তোলেন প্রধানমন্ত্রী। অভিনন্দন বার্তায় প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকারের যথাযথ পৃষ্ঠপোষকতা ও সহযোগিতার ফলে এই ঐতিহাসিক সাফল্য অর্জিত হয়েছে। এ বিজয়ে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদও বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানান। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**২। রোহিঙ্গা পুশিং বন্ধে মায়ানমারকে চাপ দিতে যুক্তরাষ্ট্রের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা নাগরিকদের বাংলাদেশে জোর করে ঠেলে দেওয়া (পুশিং) বন্ধ করতে মায়ানমারের প্রতি চাপ প্রয়োগের জন্য যুক্তরাষ্ট্রের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল ৩০ আগস্ট বুধবার তাঁর কার্যালয়ে যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক ভারপ্রাপ্ত সহকারী পররাষ্ট্রমন্ত্রী এলিস ওয়েলস'র সাথে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এই আহ্বান জানান। বৈঠকের পরে ব্রিফিংকালে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম প্রধানমন্ত্রীর বক্তব্য উদ্ধৃত করে বলেন, 'মানবিক বিবেচনায় আমরা বিপুলসংখ্যক রোহিঙ্গা উদ্বাস্তুকে বাংলাদেশে আশ্রয় দিয়েছি এবং এটি আমাদের জন্য একটি বিরাট সমস্যা। এজন্য মায়ানমারের প্রতি প্রবল চাপ বাড়ানোর জন্য আপনাদের প্রতি আহ্বান জানাচ্ছি'। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**৩। বন্যায় ক্ষতিগ্রস্ত একটি মানুষও না খেয়ে কষ্ট পাবে না : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, চলমান বন্যায় ক্ষতিগ্রস্ত একটি মানুষও না খেয়ে কষ্ট পাবে না। বানভাসিদের মাঝে আমরা খাদ্য পৌঁছে দিচ্ছি। ক্ষতিগ্রস্ত ঘর-বাড়ি মেরামত করে দেওয়া হবে। পানি নেমে যাওয়ার সঙ্গে সঙ্গে সবাই যাতে কৃষি কাজ শুরু করতে পারে, তার সব ধরণের ব্যবস্থাই আমরা করে রেখেছি। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে মাসব্যাপী কর্মসূচির অংশ হিসেবে গতকাল ৩০ আগস্ট বুধবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ঢাকা মহানগর আওয়ামী লীগ উত্তর ও দক্ষিণ আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৭,ক.৭), **যুগান্তর** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪)।

**৪। ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে আরও ৩ লাখ টন চাল আমদানির প্রস্তাব অনুমোদন**

জরুরি ভিত্তিতে আরও তিন লাখ টন চাল আমদানি করছে সরকার। গতকাল ৩০ আগস্ট বুধবার সচিবালয়ে অর্থমন্ত্রীর সভাপতিত্বে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ সংক্রান্ত দুটি দর প্রস্তাবের অনুমোদন দেওয়া হয়েছে। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মোস্তাফিজুর রহমান এ তথ্য জানান। এছাড়া বৈঠকে কক্সবাজার জেলার ক্ষতিগ্রস্ত পোল্ডারগুলোর পুনর্বাসন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় বিভিন্ন নির্মাণ কাজ সংক্রান্ত পানিসম্পদ মন্ত্রণালয়ের দর প্রস্তাবের অনুমোদন দেওয়া হয়েছে। সরাসরি ক্রয় পদ্ধতিতে কাজটি বাস্তবায়ন করবে বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত ডকইয়ার্ড অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড। এজন্য মোট ব্যয় হবে ১৫৬ কোটি ৯৯ লাখ ৫৬ হাজার টাকা। বৈঠকে

ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা মেটাতে দেশের বিভিন্ন স্থানে নতুন বিদুৎকেন্দ্র স্থাপন, বিদ্যমান কেন্দ্রের চুক্তির মেয়াদ বাড়ানো এবং বিদ্যুৎ সাব-স্টেশন নির্মাণের অনুমোদন দিয়েছে কমিটি। এর মধ্যে বেসরকারি খাতে জামালপুরে **১১৫** মেগাওয়াট এইচএফও ভিত্তিক বিদ্যুৎকেন্দ্র স্থাপনের দর প্রস্তাবের অনুমোদন দেওয়া হয়। এছাড়া বৈঠকে বাংলাদেশ সরকার ও এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) অর্থায়নে রামু থেকে মিয়ানমার পর্যন্ত রেললাইন নির্মাণ প্রকল্পের সুপারভিশন কনসালট্যান্ট নিয়োগের দর প্রস্তাবের অনুমোদন দেওয়া হয়। এতে ব্যয় হবে ৪১৬ কোটি ৫১ লাখ ২৭ হাজার টাকা। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.,ক.৪)।।

**৫। স্বল্প মুনাফায় মেগা প্রকল্পে ঋণের প্রস্তাব জাপানি ব্যাংকের : অর্থমন্ত্রী**

দেশের মেগা প্রকল্পে স্বল্প মুনাফায় অর্থায়ন করবে জাপানি প্রতিষ্ঠান সামিটোমো মিটসুই ব্যাংকিং কর্পোরেশন। গতকাল ৩০ আগস্ট বুধবার সংস্থাটির সিঙ্গাপুর শাখার একটি প্রতিনিধিদল অর্থমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে এ প্রস্তাব দিয়েছে। বৈঠক শেষে সাংবাদিকদের এসব কথা জানান অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। অর্থমন্ত্রীর নিজ কার্যালয়ে জাপানি প্রতিষ্ঠান সামিটোমো মিটসুই ব্যাংকিং কার্পোরেশন সিঙ্গাপুর শাখার এশিয়া অঞ্চলের বিনিয়োগ প্রধান রাজিব কাননের নেতৃত্বে প্রতিনিধি দলটি অর্থমন্ত্রীর সঙ্গে বৈঠক করেন। অর্থমন্ত্রী বলেন, জাপানের দ্বিতীয় শীর্ষ আর্থিক প্রতিষ্ঠান এটি এবং বিশ্বের একটি বড় প্রতিষ্ঠানও। বর্তমানে দেশে অনেকগুলো মেগা প্রকল্প বাস্তবায়ন হচ্ছে। পদ্মা সেতুর অর্থায়নে কোনো সমস্যা নেই। কিন্তু এর বাইরে আরও অনেক মেগা প্রকল্প আছে। রেলেও আছে। এসব প্রকল্পে অর্থায়ন নিয়ে আলোচনা হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.১)।

**৬। উচ্চ শুল্কহার কমাতে শ্রীলংকার প্রতি বাণিজ্যমন্ত্রীর আহ্বান**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, উচ্চ শুল্কহার কমালে শ্রীলংকার বাজারে বাংলাদেশের পণ্যের রপ্তানি আরো বাড়বে। শ্রীলংকায় বাংলাদেশের ওষুধ, কাগজ, সিমেন্ট, এমএস রড ও কৃষি পণ্যের প্রচুর চাহিদা রয়েছে। উচ্চ শুল্কহারের কারণে এ সব পণ্য বাংলাদেশ রপ্তানি করতে পারছে না। এখানে ট্যারিফ ও প্যারা ট্যারিফের হার তুলনামূলক অনেক বেশি। মন্ত্রী বলেন, দু'দেশের মধ্যে চলমান বাণিজ্য সমস্যা দূর করতে বাংলাদেশ ও শ্রীলংকার মধ্যে জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের দ্রুত সভা আহবান করা প্রয়োজন। শ্রীলংকায় সফররত বাণিজ্যমন্ত্রী গতকাল ৩০ আগস্ট বুধবার কলম্বোতে শ্রীলংকার শিল্প ও বাণিজ্যমন্ত্রী রশিদ বাথিউদ্দিনের সাথে দ্বি-পাক্ষিক বৈঠকে এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

**৭। বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে প্রধানমন্ত্রীর ঈদ শুভেচ্ছা**

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে ঈদুল আজহার শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ৩০ আগস্ট প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ও আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আবদুস সোবহান গোলাপের পক্ষ থেকে দলটির সাবেক সহ-দপ্তর সম্পাদক সেকেন্দার আলী মোল্লার নেতৃত্বে চার সদস্যের একটি প্রতিনিধি দল নয়াপল্টন বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে যান এবং বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর হাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঈদ শুভেচ্ছা কার্ড পৌঁছে দেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**৮। মহাসড়কে ভারি যান চলাচলে কঠোর ব্যবস্থা : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ঈদে ঘরমুখো মানুষের স্বস্তিদায়ক চলাচলকে বিঘ্নিত করে অস্বস্তি সৃষ্টি করা হলে তা কোনোভাবেই মেনে নেয়া যাবে না। জনগণের স্বস্তিকে ঝুঁকির মুখে ফেলে আমরা কাউকে রাস্তায় চলতে দিতে পারি না। তাই ঈদের তিন দিন আগে থেকে মহাসড়কে ভারি যানবাহণ অর্থাৎ ট্রাক, কাভার্ডভ্যান, লরি বা অতিরিক্ত মালবাহি যানবাহণ চলাচল করতে পারবে না। এ ধরণের যানবাহণ মহাসড়কে চলাচল করলে সঙ্গে সঙ্গে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। সেতুমন্ত্রী গতকাল ৩০ আগস্ট বুধবার ঈদ উপলক্ষে ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের গাজীপুরের কালিয়াকৈর উপজেলার চন্দ্রা ত্রিমোড়ে যানজট পরিস্থিতি পরিদর্শনে এসে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**৯।	ঘরমুখো মানুষকে নিরাপত্তা দিতে সব ব্যবস্থা নেওয়া হয়েছে : আইজিপি**

পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) এ কে এম শহীদুল হক বলেছেন, ঈদে ঘরমুখো মানুষকে নিরাপত্তা দিতে পুলিশের পক্ষ থেকে সব ধরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে পুলিশের কর্মকর্তাদের ছুটি বাতিল করা হয়েছে। গত কয়েকদিন দেশের কোনো মহাসড়কে চুরি, ডাকাতি, ছিনতাই বা মলম পার্টির কোনো খবর পাওয়া যায়নি। পাশাপাশি যাত্রীরা যাতে যানজটের মধ্যে না পড়ে সেজন্য পুলিশ কাজ করে যাচ্ছে। তিনি গতকাল ৩০ আগস্ট বুধবার গাজীপুরের কালিয়াকৈরের চন্দ্রা ত্রিমোড়ের পুলিশ কন্ট্রোলরুম উদ্বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন। সূত্র-**জনকন্ঠ** (পৃ.১৪,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১)।

**১০।	চলে গেলেন কিংবদন্তী কণ্ঠসৈনিক আবদুল জব্বার**

চলে গেলেন কিংবদন্তী কণ্ঠসৈনিক মোহাম্মদ আবদুল জব্বার। তিনি গতকাল ৩০ আগস্ট বুধবার সকাল ৯টা ১০ মিনিটে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৯ বছর। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা শোক প্রকাশ করেছেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

**১১।	ময়মনসিংহে নতুন শিক্ষাবোর্ড গঠন : সরকারি আদেশ জারি**

**'**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ' নামে দেশের **১১**তম শিক্ষা বোর্ড গঠন করেছে সরকার। ময়মনসিংহ বিভাগের চার জেলা নিয়ে নতুন এই বোর্ড হচ্ছে। গত ২৮ আগস্ট এ সংক্রান্ত আদেশ জারি করে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২)।

**সম্পাদকীয়**

ক.	**সংবাদ :** অপহরণ, গুম, নিখোঁজের ঘটনা বাড়ায় উদ্বেগ প্রকাশ করে এ ধরনের ঘটনাগুলোর সুষ্ঠু তদন্ত সাপেক্ষে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

খ.	**ভোরের কাগজ :** নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য বৃদ্ধির জন্য দায়ী সিন্ডিকেটের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ.	**ইত্তেফাক :** দেশের ৩২ শতাংশ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ছাড়া চলছে উল্লেখ করে প্রাথমিক শিক্ষা কার্যক্রমের এসব প্রতিবন্ধকতা দূর করে প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের ওপর গুরুত্বারোপ।

ঘ.	**প্রথম আলো, সমকাল, যুগান্তর :** ছোঁয়া পরিবহণের এক বাসে এক তরুণীকে নির্যাতন করে নির্মমভাবে খুনের ঘটনায় নিন্দা জানিয়ে এ ঘটনার জন্য দায়ীদের শুধু শাস্তি প্রদানই যথেষ্ট নয় বরং এ ধরনের নৃশংসতার বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান।

ঙ.	**যায়যায়দিন, সমকাল, ডেইলি সান :** টেস্ট ক্রিকেটে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে বাংলাদেশ ক্রিকেট দলের জয়ে অভিনন্দন জানিয়ে এ সাফল্যের ধারা দেশের ক্রিকেটদল অব্যাহত রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ.	**ইন্ডিপেনডেন্ট :** দেশে আইসিটি সেক্টরের উন্নতি বৈদেশিক মুদ্রা অর্জনের বড় খাত হতে পারে বলে মতপ্রকাশ।

ছ.	**অবজারভার :** বন্যাকবলিত এলাকার লোকজন যাতে যথাযথ ত্রাণ পেয়ে ঈদ উদ্‌যাপন করতে পারে সেদিকে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

জ.	**নিউ এজ :** শিশুদের প্রতি সহিংসতা প্রতিরোধে সবাইকে সচেতন হওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মাতৃভাষাই শিক্ষা লাভের শ্রেষ্ঠ মাধ্যম।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'বঙ্গবন্ধু আমাদের সব প্রেরণার উৎস'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, তারুণ্যের শক্তিই আমাদের দেশ গড়ার আন্দোলনকে ত্বরান্বিত করতে পারে।

#

ডালিয়া/শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক**

খ. **জনকণ্ঠ, যায়যায়দিন :** ।

গ. **সংবাদ, প্রথম আলো, ভোরের কাগজ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন :**

ঘ. **যুগান্তর :**

ঙ. **ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেস :**

ছ. **ডেইলি সান :**

জ. **ডেইলি স্টার :**

ঞ. **অবজারভার :**

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত '-----------------------'শিরোনামের নিবন্ধে - করতে হবে বলে অভিমত প্রকাশ।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৪১/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ৩০ আগস্ট ২০১৭, ১৫ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। একনেকে প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তির প্রকল্পসহ মোট ৯টি প্রকল্পের অনুমোদন

২। রাষ্ট্রপতির সঙ্গে আইএমও'র মহাসচিবের সাক্ষাত : শিপিং খাতে সহযোগিতার আশ্বাস

৩। ঈদের দিন প্রধানমন্ত্রী সর্বস্তরের মানুষের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করবেন

৪। সড়কের অবস্থার কারণে যানজট হবে না : সেতুমন্ত্রী

৫। কোরবানির ঈদে পশুর বর্জ্য ২৪ ঘন্টার মধ্যে অপসারণ করা হবে : ডিএসসিসি মেয়র

৬। রোহিঙ্গা সমস্যা সমাধানে যুক্তরাষ্ট্রের সহায়তা চাইল বাংলাদেশ

৭। বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষাপ্রতিষ্ঠান দ্রুত সংস্কারের নির্দেশ শিক্ষামন্ত্রীর

৮। ডিজিটাল সুবিধা রপ্তানি লক্ষ্য অর্জনে সহায়তা করবে : বাণিজ্যমন্ত্রী

৯। ই-টেন্ডার বাস্তবায়নে ৪৪০ কোটি টাকা ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক

১০। বাংলাদেশের দক্ষ কর্মীরা বিদেশে চাহিদা মেটাবে : প্রবাসীকল্যাণমন্ত্রী

চলমান পাতা-২

১। **একনেকে প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তির প্রকল্পসহ মোট ৯টি প্রকল্পের অনুমোদন**

প্রাথমিক পর্যায়ে ঝরে পড়া রোধে আরও ১০ লাখ শিক্ষার্থীকে উপবৃত্তির আওতায় আনছে সরকার। ফলে এ স্তরে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা দাঁড়াবে ১ কোটি ৪০ লাখ। বাড়তি শিক্ষার্থী যোগ হওয়ায় এ খাতে ব্যয়ও বাড়ছে প্রায় ৪ হাজার কোটি টাকা। এ লক্ষ্যে প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্প ৩য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের মেয়াদ বাড়ানো হয়েছে। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) ৬ হাজার ৯২৩ কোটি ৬ লাখ টাকা ব্যয়ে এই প্রকল্পের অনুমোদন দিয়েছে। গতকাল ২৯ আগস্ট মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তির প্রকল্পসহ মোট ৯টি প্রকল্পের চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। এসব প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে ১০ হাজার ৩৩১ কোটি ৭৫ লাখ টাকা। এর পুরোটাই বাংলাদেশ সরকারের নিজস্ব তহবিল থেকে অর্থায়ন করা হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.১১,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

২। **রাষ্ট্রপতির সঙ্গে আইএমও'র মহাসচিবের সাক্ষাত : শিপিং খাতে সহযোগিতার আশ্বাস**

আন্তর্জাতিক নৌ সংস্থা (আইএমও) বাংলাদেশের সম্ভাবনাময় শিপিং খাতে সার্বিক সমর্থন প্রদানের আশ্বাস দিয়েছে। গতকাল ২৯ আগস্ট মঙ্গলবার বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সাক্ষাতের সময় আইএমও'র মহাসচিব কাইট্যাক লিম এই আশ্বাস দেন। রাষ্ট্রপতির সঙ্গে আলাপকালে আইএমও মহাসচিব বলেন, বাংলাদেশ আইএমও'র গুরুত্বপূর্ণ সদস্য এবং এদেশে শিপিং খাতের ব্যাপক সম্ভাবনা রয়েছে। বঙ্গভবনের মুখপাত্র বলেন, বৈঠকে লিম বাংলাদেশের মেরিন ট্রেনিং একাডেমি ও জাহাজ নির্মাণ শিল্পের অগ্রগতির প্রশংসা করেন। বঙ্গভবনে লিমকে অভিনন্দন জানিয়ে রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশ এখন আন্তর্জাতিক মানের সমুদ্রগামী জাহাজ ও সমুদ্রবর্তী টহল জাহাজ নির্মাণ করছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৫)।

৩। **ঈদের দিন প্রধানমন্ত্রী সর্বস্তরের মানুষের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করবেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পবিত্র ঈদুল আজহার দিন (২ সেপ্টেম্বর) সকাল ৯টা থেকে দলের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদ, উপদেষ্টা পরিষদ, রাজনীতিক, কবি, সাহিত্যিক, লেখক, সাংবাদিক, শিক্ষক, বুদ্ধিজীবীসহ বিভিন্ন শ্রেণী-পেশা এবং সর্বস্তরের জনসাধারণের সাথে শুভেচ্ছা বিনিময় করবেন। প্রধানমন্ত্রীর বাসভবন গণভবনে এই শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠিত হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.৮)।

৪। **সড়কের অবস্থার কারণে যানজট হবে না : সেতুমন্ত্রী**

সারা দেশে সড়ক-মহাসড়ক এখন চলাচলের উপযোগী অবস্থায় আছে জানিয়ে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, সড়কের অবস্থার কারণে যানজট হবে না। রাস্তাঘাট নিয়ে তিনি মোটেও চিন্তিত নন বলেও জানান মন্ত্রী। ঘরমুখো যাত্রীদের ঈদযাত্রা নির্বিঘ্ন করতে এবং অতিরিক্ত ভাড়া আদায় বন্ধে গতকাল ২৯ আগস্ট মঙ্গলবার রাজধানীর সায়েদাবাদ বাস টার্মিনালে ভিজিলেন্স টিমের কার্যক্রম পরিদর্শন শেষে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪)।

৫। **কোরবানির ঈদে পশুর বর্জ্য ২৪ ঘন্টার মধ্যে অপসারণ করা হবে : ডিএসসিসি মেয়র**

আসন্ন কোরবানির ঈদে পশুর বর্জ্য ২৪ ঘণ্টার মধ্যে অপসারণ করা হবে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। তিনি বলেন, ঈদের দিন দুপুর ২টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার মধ্যে ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি করপোরেশন কোরবানির পশুর বর্জ্য অপসারণ করবে। বর্জ্য অপসারণে গতি আনতে দুই সিটি করপোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের ঈদের ছুটি বাতিল করা হয়েছে। গতকাল ২৯ আগস্ট মঙ্গলবার নগর ভবনে মেয়র মোহাম্মদ হানিফ মিলনায়তনে দুই সিটি করপোরেশন আয়োজিত যৌথ সংবাদ সম্মেলনে মেয়র সাঈদ খোকন এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৭),

**৬। রোহিঙ্গা সমস্যা সমাধানে যুক্তরাষ্ট্রের সহায়তা চাইল বাংলাদেশ**

রোহিঙ্গা সমস্যা সমাধানে যুক্তরাষ্ট্রের আরো সহায়তা চেয়েছে বাংলাদেশ। সফররত যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক ভারপ্রাপ্ত সহকারী মন্ত্রী এলিস ওয়েলস গতকাল ২৯ আগস্ট মঙ্গলবার পররাষ্ট্রমন্ত্রী এএইচ মাহমুদ আলীর সঙ্গে সাক্ষাৎকালে মন্ত্রী এ আহ্বান জানান। পররাষ্ট্রমন্ত্রী মার্কিন কর্মকর্তাকে মিয়ানমারের রোহিঙ্গাদের বিদ্যমান পরিস্থিতি ও বাংলাদেশ সরকারের গৃহীত পদক্ষেপসমূহ অবহিত করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

**৭। বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষাপ্রতিষ্ঠান দ্রুত সংস্কারের নির্দেশ শিক্ষামন্ত্রীর**

বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলো দ্রুত সংস্কারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল ২৯ আগস্ট মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের বার্ষিক উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন-সংক্রান্ত সভায় শিক্ষামন্ত্রী এ নির্দেশ দেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৯,ক.৩), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৮। ডিজিটাল সুবিধা রপ্তানি লক্ষ্য অর্জনে সহায়তা করবে : বাণিজ্যমন্ত্রী**

বাংলাদেশের রপ্তানি বাণিজ্য লক্ষ্যমাত্রা অর্জনে ও বৈদেশিক বাণিজ্য সক্ষমতা অর্জনে পেপারলেস ট্রেড সহায়ক ভূমিকা রাখবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, পেপারলেস ট্রেড এর সুবিধা গ্রহণের জন্য বাংলাদেশ এ চুক্তিতে স্বাক্ষরের সিদ্ধান্ত গ্রহণ করেছে। বাণিজ্য জটিলতা দূর এবং দ্রুত কাজ সম্পাদন করতে বাংলাদেশ ইতোমধ্যে ব্যাপক কার্যক্রম হাতে নিয়েছে। গতকাল ২৯ আগস্ট মঙ্গলবার থাইল্যান্ডের ব্যাংককে 'হাইলেভেল ডায়ালগ অন এনহানসিং রিজিওন্যাল ট্রেড থ্রো ইফেকটিভ পার্টিসিপেশন ইন দি ডিজিটাল ইকোনমি' শীর্ষক ডায়ালগে প্রথম প্যানেলিস্ট হিসেবে বক্তৃতা প্রদানের সময় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৩), **সমকাল** (পৃ.১২,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১)।

**৯। ই-টেন্ডার বাস্তবায়নে ৪৪০ কোটি টাকা ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক**

সরকারি ক্রয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা বাড়ানোর পাশাপাশি ক্রয় প্রক্রিয়া দ্রুত ও সহজ করতে ই-জিপি বা ইলেকট্রনিক দরপত্র ব্যবস্থা সম্প্রসারণ করতে বিশ্বব্যাংক থেকে আরও সাড়ে পাঁচ কোটি ডলার বা বাংলাদেশি মুদ্রায় ৪৪০ কোটি টাকার সমপরিমাণ অর্থ ঋণ নিচ্ছে সরকার। 'ডিজিটাইজিং ইমপ্লিমেন্টেশন মনিটরিং অ্যান্ড পাবলিক প্রকিউরমেন্ট' শীর্ষক প্রকল্পে এ অর্থ ব্যয় করা হবে। গতকাল ২৯ আগস্ট মঙ্গলবার রাজধানীর শেরে বাংলা নগরের ইআরডি সম্মেলন কক্ষে এ-সংক্রান্ত চুক্তিতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব কাজী শফিকুল আযম এবং বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর চিমিয়াও ফান স্বাক্ষর করেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **অবজারভার** (পৃ.১৭,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**১০। বাংলাদেশের দক্ষ কর্মীরা বিদেশে চাহিদা মেটাবে : প্রবাসীকল্যাণমন্ত্রী**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেছেন, বাংলাদেশের দক্ষ কর্মীরা বিদেশে কর্মীর চাহিদা মেটাবে। তিনি গতকাল ২৯ আগস্ট মঙ্গলবার রাজধানীর ইস্কাটনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে বিএমইটি'র মাধ্যমে জাপানগামী টেকনিক্যাল ইন্টার্নদের প্রথম ব্যাচের প্রাক-বহির্গমন ব্রিফিং অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৮)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** ফরিদপুর পৌরসভা কর্তৃপক্ষ ফরিদপুর সদরের কৈজুরি ইউনিয়নের কবিরপুর এলাকায় মহাসড়ক ও এর সংলগ্ন জায়গা দখল করে ময়লার ভাগাড় বানিয়েছে উল্লেখ করে দেশের বিভিন্ন স্থানে আরও অনেক পৌরসভার বিরুদ্ধে বর্জ্য অব্যবস্থাপনার এ ধরণের অভিযোগ আমলে নিয়ে যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **যায়যায়দিন :** শিক্ষার প্রাথমিক স্তরে ঝরেপড়া কমাতে নতুন করে আরও ১০ লাখ শিক্ষার্থীকে উপবৃত্তির আওতায় আনাকে প্রশংসনীয় উল্লেখ করে এর সাথে সাথে প্রাথমিক শিক্ষার মান বাড়াতে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **ইত্তেফাক :** সরকারের জনস্বাস্থ্য ইনস্টিটিউটের (আইপিএইচ) সুরক্ষিত ভবনের দেয়াল ভেঙে প্রায় ৫ থেকে ৬ হাজার ব্যাগ ৩% সোডিয়াম ক্লোরাইড স্যালাইন চুরির ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ প্রতিষ্ঠানে এ ধরণের চুরির ঘটনা আগেও ঘটায় সুষ্ঠু তদন্ত দাবি।

ঘ. **ভোরের কাগজ :** কোরবানির পশুর বহরে চাঁদাবাজি বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **সমকাল :** নানা অব্যবস্থাপনার কারণে বাংলাদেশের অনেক হাজী হজ পালন করতে সৌদি আরবে যেতে না পারায় উদ্বেগ প্রকাশ করে এ ধরণের অব্যবস্থাপনার জন্য দায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** শিশুদের অধিকার সুরক্ষায় সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

ছ. **নিউ এজ :** ঈদ যাত্রা নির্বিঘ্ন করতে বন্যায় ক্ষতিগ্রস্ত মহাসড়ক দ্রুত সংস্কারের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ ।

## উপ-সম্পাদকীয়

**মানবকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিক্ষা ব্যবস্থা ডিজিটাল করা হলে ভারী স্কুল ব্যাগ বহন থেকে শিশুরা রক্ষা পাবে।

## নিবন্ধ ও ফিচার

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত 'গবাদিপশু আমদানিতে স্বাস্থ্য ঝুঁকি বাড়ছে' শিরোনামের নিবন্ধে গরু আমদানির পরিমাণ বৃদ্ধি পাওয়ায় একদিকে যেমন দেশীয় খামারিরা অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন অন্যদিকে আমদানি করা এসব গবাদিপশুর মাধ্যমে দেশের মানুষ ও পশুপাখির স্বাস্থ্য ঝুঁকি বাড়ছে বলে অভিমত প্রকাশ।

#

ডালিয়া/শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৪০/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ২৯ আগস্ট ২০১৭, ১৪ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মন্ত্রিপরিষদে চট্টগ্রাম ও খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ আইন অনুমোদন

২। চাহিদা অনুযায়ী চাল আমদানির নির্দেশ প্রধানমন্ত্রীর

৩। ফসল ঘরে না ওঠা পর্যন্ত বন্যার্তদের সহায়তা : স্পিকার

৪। ঈদে ঘরমুখো মানুষ শান্তিতে গন্তব্যে পৌঁছতে পারবেন : সেতুমন্ত্রী

৫। মিয়ানমার সীমান্তে যৌথ অভিযানের প্রস্তাব বাংলাদেশের

৬। রোহিঙ্গাদের অনুপ্রবেশ ঠেকাতে কাজ করছে বিজিবি : বিজিবি মহাপরিচালক

৭। মেয়েশিশুকে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তুলতে স্পিকারের আহ্বান

৮। স্বাস্থ্য খাতের উন্নয়নে সাড়ে ৫১ কোটি ডলার দিচ্ছে বিশ্বব্যাংক

৯। ওষুধ শিল্পে যৌথ বিনিয়োগে আগ্রহ ইন্দোনেশিয়ার

চলমান পাতা-২

১। **মন্ত্রিপরিষদে চট্টগ্রাম ও খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ আইন অনুমোদন**

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ আইন-২০১৭ ও খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ আইন-২০১৭ এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিপরিষদ। গতকাল ২৮ আগস্ট সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সভা শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪)।

২। **চাহিদা অনুযায়ী চাল আমদানির নির্দেশ প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা খাদ্য ঘাটতি মেটাতে চাহিদা অনুযায়ী পর্যায়ক্রমে চাল আমদানির নির্দেশ দিয়েছেন। গতকাল ২৮ আগস্ট সোমবার মন্ত্রিসভার নিয়মিত বৈঠকের পর অনানুষ্ঠানিক আলোচনায় প্রধানমন্ত্রী এই নির্দেশ দিয়েছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত এই বৈঠকে দেশের সর্বশেষ খাদ্য মজুদ ও বন্যা পরিস্থিতি নিয়ে আলোচনা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **নিউ এজ** (শেষ পৃ.,ক.২)।

৩। **ফসল ঘরে না ওঠা পর্যন্ত বন্যার্তদের সহায়তা : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ও কমনওয়েলথ পার্লামেন্টারিয়ান অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের আগামী ফসল না ওঠা পর্যন্ত সরকারের পক্ষ থেকে সব ধরনের সহযোগিতা দেওয়া হবে। রাস্তাঘাট, শিক্ষাপ্রতিষ্ঠান, ঘরবাড়ি নির্মাণসহ ক্ষতিগ্রস্তদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে সরকার কাজ করে যাচ্ছে। বন্যাকবলিত এলাকায় প্রধানমন্ত্রী ত্রাণ কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। প্রধানমন্ত্রীর ঘোষণা, কোনো লোক খাদ্যের অভাবে কষ্ট পাবে না। গতকাল ২৮ আগস্ট সোমবার রংপুরের পীরগঞ্জ উপজেলার কাবিলপুর ইউনিয়নের লালদীঘি উচ্চ বিদ্যালয় মাঠে বন্যায় ক্ষতিগ্রস্তদের মাঝে ত্রাণ ও কৃষি উপকরণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫)।

৪। **ঈদে ঘরমুখো মানুষ শান্তিতে গন্তব্যে পৌঁছতে পারবেন : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, সারাদেশে কোথাও আগের তুলনায় যানজট নেই। গতকাল ২৮ আগস্ট সোমবার নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার ভুলতা এলাকায় ঢাকা-সিলেট মহাসড়ক, এশিয়ান হাইওয়ে বাইপাস সড়ক ও ভুলতা ফ্লাইওভার পরিদর্শনকালে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, ঈদে ঘরমুখো যাত্রীদের সেবায় মহাসড়কে বিপুল পরিমাণ জনবল কাজ করছে। ঈদে নিশ্চিন্ত ভ্রমণ রক্ষায় মহাসড়কগুলোও মেরামত করা হয়েছে। ফলে এবারের ঈদেও মানুষ শান্তিতে তাদের গন্তব্যে পৌঁছতে পারবেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১), **অবজারভার** (পৃ.১০,ক.১)।

৫। **মিয়ানমার সীমান্তে যৌথ অভিযানের প্রস্তাব বাংলাদেশের**

রাখাইন রাজ্যে চলমান সহিংসতা এবং রোহিঙ্গাদের অনুপ্রবেশের প্রেক্ষাপটে দুই দিনের ব্যবধানে ঢাকায় মিয়ানমারের ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত অং মিন্টকে ফের তলব করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়। এবার বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত এলাকায় যৌথ অভিযানের প্রস্তাব করেছে বাংলাদেশ। এর মাধ্যমে দুই দেশের নিরাপত্তা বাহিনী উগ্রপন্থি গোষ্ঠীর বিরুদ্ধে একযোগে কাজ করতে পারবে। গতকাল ২৮ আগস্ট সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ এশিয়া বিষয়ক মহাপরিচালক মঞ্জুরুল করিম খান চৌধুরী মিয়ানমারের দূতকে ডেকে সরকারের পক্ষে এ সংক্রান্ত একটি আনুষ্ঠানিক পত্র দেন। এর আগে গত শনিবার মিয়ানমারের দূতকে তলব করে রাখাইনে সহিংসতার নিন্দা জানানো হয়। একই সঙ্গে রোহিঙ্গারা যেন বাংলাদেশে অনুপ্রবেশ না করে সে ব্যবস্থা নেওয়ারও আহ্বান জানানো হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

৬। **রোহিঙ্গাদের অনুপ্রবেশ ঠেকাতে কাজ করছে বিজিবি : বিজিবি মহাপরিচালক**

বিজিবি মহাপরিচালক (ডিজি) মেজর জেনারেল আবুল হোসেন বলেছেন, বাংলাদেশ-মিয়ানমার সীমান্তে শূন্যরেখা (জিরো পয়েন্ট) দিয়ে কাউকে প্রবেশ করতে দেওয়া হবে না। রোহিঙ্গা অনুপ্রবেশ ঠেকাতে

সীমান্তে কাজ করছে বিজিবি। তিনি বলেন, একটি সার্বভৌম দেশে অন্য কেউ অনুপ্রবেশ করতে পারে না। এজন্য বিজিবির পক্ষ থেকে সব ধরনের প্রস্তুতি নিয়ে রাখা হয়েছে। গতকাল ২৮ আগস্ট সোমবার বিজিবি পরিচালিত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের প্রধানদের সম্মেলনের উদ্বোধন শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **সমকাল** (পৃ.২,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৬)।

**৭। মেয়েশিশুকে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তুলতে স্পিকারের আহ্বান**

স্পিকার ও সিপিএ নির্বাহী কমিটি'র চেয়ারপারসন ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, আর বাল্যবিবাহ নয়-বাল্যবিবাহ প্রতিরোধ ও মাতৃমৃত্যু হ্রাসে মেয়ে শিশুকে শিক্ষিত ও দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তুলতে হবে। নারীদের এগিয়ে নিতে সরকার যুগোপযোগী পরিকল্পনা ও নীতিমালা গ্রহণ করে ধাপে ধাপে তা বাস্তবায়ন করে যাচ্ছে। ফলে এ দেশের নারীরা এখন আর পিছিয়ে নেই। তিনি গতকাল ২৮ আগস্ট সোমবার রংপুরের পীরগঞ্জ উপজেলা পরিষদ অডিটরিয়ামে বাংলাদেশ জাতীয় সংসদ ও ইউএনএফপিএ'র যৌথ উদ্যোগে আয়োজিত এসপিপিডি প্রকল্পের আওতায় 'বাল্যবিবাহ প্রতিরোধের মাধ্যমে মাতৃমৃত্যু হ্রাসকরণ' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

**৮। স্বাস্থ্য খাতের উন্নয়নে সাড়ে ৫১ কোটি ডলার দিচ্ছে বিশ্বব্যাংক**

বাংলাদেশের স্বাস্থ্য খাতের উন্নয়ন এবং সবার জন্য স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে ৫১ কোটি ৫০ লাখ ডলার ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক। এর মধ্যে ৫০ কোটি ডলার ঋণ আর এক কোটি ৫০ লাখ ডলার অনুদান। বাংলাদেশি মুদ্রায় মোট অর্থের পরিমাণ প্রায় ৪ হাজার ১২০ কোটি টাকা। চতুর্থ স্বাস্থ্য ও পুষ্টি খাত কমসূচিতে (এইচপিএনএসপি) এ অর্থ দিচ্ছে বিশ্বব্যাংক। গতকাল ২৮ আগস্ট সোমবার বিশ্বব্যাংকের সঙ্গে এ সংক্রান্ত দুটি ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.২), **অবজারভার** (পৃ.১৭,ক.৬)।

**৯। ওষুধ শিল্পে যৌথ বিনিয়োগে আগ্রহ ইন্দোনেশিয়ার**

বাংলাদেশের সম্ভাবনাময় ওষুধ শিল্পে যৌথ উদ্যোগে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছে এশিয়ান দেশ ইন্দোনেশিয়া। এছাড়া বাংলাদেশ থেকে আরো বেশি পরিমাণে পণ্য আমদানি করতে চায় দেশটি। গতকাল ২৮ আগস্ট সোমবার ঢাকায় নিযুক্ত ইন্দোনেশিয়ার রাষ্ট্রদূত রিনা সোয়েমারনো ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআইয়ের নেতাদের সঙ্গে সাক্ষাৎকালে একথা বলেন। ইন্দোনেশিয়ার রাষ্ট্রদূত ঢাকা ও জাকার্তার মধ্যে সরাসরি বিমান যোগাযোগের ওপর গুরুত্ব দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **প্রথম আলো** (পৃ.১২,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১৭,ক.২)।

## সম্পাদকীয়

**ক.** **সংবাদ :** শিল্প অধ্যুষিত অঞ্চল গাজীপুর ও নারায়ণগঞ্জের মাত্র ২৫ শতাংশ পোশাক কারখানার শ্রমিকদের উৎসব ভাতা পরিশোধ করার কথা উল্লেখ করে ঈদের আগেই দেশে সব গার্মেন্টস কারখানার শ্রমিকদের বেতন-ভাতা পরিশোধে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান।

**খ.** **জনকণ্ঠ :** সারাদেশে বন্যাপরিস্থিতির উন্নতি হয়েছে উল্লেখ করে বন্যাদুর্গতদের দ্রুত ত্রাণ ও পুনর্বাসনের উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**গ.** **ভোরের কাগজ :** কোরবানির পশুর হাটের ইজারা নিয়ে সিন্ডিকেটবাজি-টেন্ডারবাজি, অনিয়মের অভিযোগ আমলে নিয়ে এ ব্যাপারে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

**ঘ.** **প্রথম আলো :** পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স প্রায় চিকিৎসকশূন্য থাকায় চিকিৎসাসেবা মারাত্মক ব্যাহত হচ্ছে উল্লেখ করে এ ধরনের চিত্র সারাদেশের প্রায় প্রতিটি স্বাস্থ্য কমপ্লেক্স ও হাসপাতালে থাকায় এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **ইনকিলাব :** রাজধানীতে চুরি ছিনতাইয়ের ঘটনা ব্যাপক বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে আইনশৃঙ্খলা সুরক্ষা ও জননিরাপত্তা নিশ্চিত করার উপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** সুন্দরবনের জীববৈচিত্র্য সুরক্ষায় সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

ছ. **নিউ নেশন :** বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষাপ্রতিষ্ঠানে অতি দ্রুত শিক্ষা কার্যক্রম চালু করার ওপর গুরুত্বারোপ।

জ. **এশিয়ান এজ :** সাভারের চামড়া শিল্প নগরীতে ঈদুল আজহায় কোরবানির পশুর চামড়া সংগ্রহ, পরিবহণ ও সংরক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রোহিঙ্গা সমস্যা নিয়ে বাংলাদেশকে মিয়ানমারের সঙ্গে জোর কূটনৈতিক তৎপরতা চালাতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শারীরিক শিক্ষাকে বাধ্যতামূলক করা উচিত'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, রোগমুক্ত শরীর গঠন করতে হলে শারীরিক শিক্ষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা সমাজে অপরিসীম।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৩৯/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ২৮ আগস্ট ২০১৭, ১৩ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সব শিল্প প্রতিষ্ঠানকে কল্যাণ তহবিলের আওতায় আনা হবে : প্রধানমন্ত্রী

২। বাংলাদেশি নাবিকদের কর্মসংস্থানে আইএমও'র সহায়তার আহ্বান প্রধানমন্ত্রীর

৩। অভিনেত্রী আনোয়ারাকে প্রধানমন্ত্রীর ৩০ লাখ টাকা আর্থিক সহায়তা প্রদান

৪। ২৪ ঘন্টার মধ্যে সড়ক সংস্কারের নির্দেশ সড়ক পরিবহণমন্ত্রীর

৫। বন্যাদুর্গত এলাকায় চিকিৎসায় গাফিলতি সহ্য করা হবে না : স্বাস্থ্যমন্ত্রী

৬। কাতার সংকট এলএনজি আমদানিতে প্রভাব ফেলবে না : বাণিজ্যমন্ত্রী

৭। পিআইবি-এটুআই গণমাধ্যম পুরস্কার পেলেন ৭ সাংবাদিক

৮। জেনেভায় মানবাধিকার কাউন্সিলে রোহিঙ্গা পরিস্থিতি তুলে ধরবে বাংলাদেশ

৯। ঈদের ছুটিতে নিরবচ্ছিন্ন এটিএম সেবা দিতে বাংলাদেশ ব্যাংকের নির্দেশ

১০। ঈদে চামড়া সন্ত্রাস রোধে হার্ড লাইনে আইনশৃঙ্খলা বাহিনী

চলমান পাতা-২

**১। সব শিল্প প্রতিষ্ঠানকে কল্যাণ তহবিলের আওতায় আনা হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, কর্মক্ষেত্রে নিহত এবং আহত শ্রমিক পরিবারের সদস্যদের সহযোগিতার জন্য সব প্রস্তুতকারক এবং রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানকে শ্রম এবং কর্মসংস্থান মন্ত্রণালয়ের কেন্দ্রীয় কল্যাণ তহবিলের আওতায় আনা হবে। প্রধানমন্ত্রী বলেন, 'আমরা ইতোমধ্যেই সব গার্মেন্ট শিল্প প্রতিষ্ঠানকে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের কেন্দ্রীয় তহবিলের আওতায় আনার জন্য বাণিজ্য মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছি। প্রধানমন্ত্রী গতকাল ২৭ আগস্ট রোববার তাঁর কার্যালয়ে কর্মক্ষেত্রে নিহত ও পঙ্গু শ্রমিকদের পরিবারের সদস্যদের মাঝে তৈরি পোশাক শিল্পের তহবিল থেকে ক্ষতিপূরণের চেক প্রদানকালে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

**২। বাংলাদেশি নাবিকদের কর্মসংস্থানে আইএমও'র সহায়তার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অধিক সংখ্যক বিদেশি জাহাজে বাংলাদেশি নাবিকদের কর্মসংস্থানের জন্য ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশনের (আইএমও) সহায়তা চেয়েছেন। সফররত আইএমও'র মহাসচিব কিতক লিম গতকাল ২৭ আগস্ট রোববার প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ সহায়তার আহ্বান জানান। কিতক লিম বাংলাদেশি নাবিকদের প্রশংসা করে বলেন, আইএমও'র বি-ক্যাটাগরির সদস্য বাংলাদেশ সংস্থাটিতে ভালো করছে এবং এ খাতে এ দেশের অনেক সম্ভাবনা রয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১৬,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**৩। অভিনেত্রী আনোয়ারাকে প্রধানমন্ত্রীর ৩০ লাখ টাকা আর্থিক সহায়তা প্রদান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অভিনেত্রী আনোয়ারা বেগমের প্রতি সাহায্যের হাত বাড়িয়ে দিলেন। স্বামীর অসুস্থতার কারণে আনোয়ারা দুর্দশার মধ্যে জীবনযাপন করছিলেন। তার দুর্দশার কথা জানতে পেরে প্রধানমন্ত্রী গতকাল ২৭ আগস্ট রোববার গণভবনে তাকে ৩০ লাখ টাকা আর্থিক সহায়তা প্রদান করেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.১৬,ক.৮)।

**৪। ২৪ ঘণ্টার মধ্যে সড়ক সংস্কারের নির্দেশ সড়ক পরিবহণমন্ত্রীর**

ঈদযাত্রা স্বস্তিদায়ক করতে চব্বিশ ঘণ্টার মধ্যে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ১৫ জেলার সব জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক চলাচলের উপযোগী করার নির্দেশ দিলেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, দেশের সব মহাসড়ক দিয়ে মানুষ যাতে নির্বিঘ্নে যাতায়াত করতে পারে সেজন্য রাত-দিন কাজ করতে হবে সংশ্লিষ্ট প্রকৌশলী ও ঠিকাদারদের। গতকাল ২৭ আগস্ট রোববার যশোর সার্কিট হাউসের সম্মেলন কক্ষে সড়ক ও জনপথ বিভাগের খুলনা এবং ঢাকা বিভাগের নির্বাহী প্রকৌশলীদের সঙ্গে মতবিনিময়কালে মন্ত্রী এ নির্দেশ দেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৬), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

**৫। বন্যাদুর্গত এলাকায় চিকিৎসায় গাফিলতি সহ্য করা হবে না : স্বাস্থ্যমন্ত্রী**

বন্যাদুর্গত এলাকায় চিকিৎসা ও ওষুধ সরবরাহে কোনো গাফিলতি সহ্য করা হবে না বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ২৭ আগস্ট রোববার সচিবালয়ে জাতীয় স্বাস্থ্য কাউন্সিলের প্রস্তুতিমূলক সভায় বন্যাকবলিত এলাকায় নিয়োজিত মেডিকেল টিমের সদস্যদের উদ্দেশ্য করে তিনি বলেন, দুর্গত এলাকায় আশ্রয়কেন্দ্রগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে। সম্ভব হলে বাড়ি বাড়ি গিয়ে সেবা দেওয়ার উদ্যোগ নিতে হবে। স্বাস্থ্যমন্ত্রী বলেন, বন্যাকবলিত এলাকায় এরই মধ্যে পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট, খাবার স্যালাইনসহ প্রয়োজনীয় ওষুধ পর্যাপ্ত পরিমাণে পাঠানো হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

**৬। কাতার সংকট এলএনজি আমদানিতে প্রভাব ফেলবে না : বাণিজ্যমন্ত্রী**

কাতার সংকটের প্রভাবে দেশে তরল প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানি ব্যাহত হবে না। চুক্তি অনুযায়ী নির্দিষ্ট সময়েই গ্যাস পাওয়া যাবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গতকাল ২৭ আগস্ট রোববার সচিবালয়ে কাতারের রাষ্ট্রদূত আহমেদ মোহামেদ আল-দেহিমির সঙ্গে বৈঠক শেষে এ কথা বলেন বাণিজ্যমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৬), **সংবাদ** (পৃ.১৪,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১),

**৭। পিআইবি-এটুআই গণমাধ্যম পুরস্কার পেলেন ৭ সাংবাদিক**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, স্বাধীনতাবিরোধী শক্তি নির্বাচনের নামে গণতন্ত্রের লাইসেন্স (বৈধতা) পেতে পারে না। গণতন্ত্রের রাজনীতিতে অপরাধী এবং দেশবিরোধীদের কোনো স্থান নেই। গতকাল ২৭ আগস্ট রোববার বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের (পিআইবি) সম্মেলনকক্ষে 'পিআইবি-এটুআই গণমাধ্যম পুরস্কার-২০১৭' বিতরণ অনুষ্ঠানে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। পিআইবি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম যৌথভাবে এ পুরস্কার দিয়েছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৪,ক.৫), **সংবাদ** (পৃ.১৫,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১)।

**৮। জেনেভায় মানবাধিকার কাউন্সিলে রোহিঙ্গা পরিস্থিতি তুলে ধরবে বাংলাদেশ**

জেনেভায় মানবাধিকার কাউন্সিলে রোহিঙ্গা পরিস্থিতি জোরালোভাবে তুলে ধরবে বাংলাদেশ। মানবাধিকার কাউন্সিলের ইউনিভার্সাল পিরিওডিক রিভিউতে (ইউপিআর) এ বিষয়ে মতামত দেওয়া হবে বলে জানিয়েছেন পররাষ্ট্র সচিব এম শহীদুল হক। গতকাল ২৭ আগস্ট রোববার সরকারি কর্মকর্তাদের জন্য আয়োজিত ইউপিআর বিষয়ক এক কর্মশালায় তিনি এসব তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**৯। ঈদের ছুটিতে নিরবচ্ছিন্ন এটিএম সেবা দিতে বাংলাদেশ ব্যাংকের নির্দেশ**

আসন্ন ঈদুল আজহার ছুটিতে এটিএম বুথ, মোবাইল ব্যাংকিং, পস, ই-পেমেন্ট গেটওয়ের মাধ্যমে নিরবচ্ছিন্ন সেবা দেওয়ার নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। এসব ক্ষেত্রে কোনো কারিগরি ত্রুটি দেখা দিলে দ্রুততম সময়ের মধ্যে তা নিরসন করতে হবে। কোনো অবস্থাতেই গ্রাহকরা যেন হয়রানির শিকার না হন, সে বিষয়ে ব্যাংকগুলোকে সতর্ক করা হয়েছে। গতকাল ২৭ আগস্ট রোববার এ সংক্রান্ত একটি সার্কুলার ব্যাংকগুলোর প্রধান নির্বাহীদের কাছে পাঠানো হয়। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.১)।

**১০। ঈদে চামড়া সন্ত্রাস রোধে হার্ড লাইনে আইনশৃঙ্খলা বাহিনী**

পবিত্র ঈদ-উল-আজহা সামনে রেখে চামড়া সন্ত্রাস রোধে হার্ড লাইনে আইনশৃঙ্খলা বাহিনী। পশুর চামড়া নিয়ে যাতে সিন্ডিকেট গড়ে উঠতে না পারে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এ জন্য চামড়া সন্ত্রাসীদের তালিকা তৈরি করছে পুলিশ ও গোয়েন্দা সংস্থা। পশুর হাটকে ঘিরে নেওয়া হয়েছে পর্যাপ্ত নিরাপত্তা। পুলিশ সদর দফতর সূত্রে এ খবর পাওয়া গেছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** মিয়ানমারের রাখাইন রাজ্যে মিয়ানমারের নিরাপত্তা বাহিনীর সঙ্গে রোহিঙ্গা বিদ্রোহীদের সংঘর্ষে সহিংস পরিস্থিতির শিকার রোহিঙ্গাদের বাংলাদেশে অনুপ্রবেশ ঠেকাতে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টিতে প্রয়োজন আঞ্চলিক ও আন্তর্জাতিক উদ্যোগ বলে মত প্রকাশ।

খ. **সংবাদ :** গ্যাসের মজুদ ক্রমেই ফুরিয়ে আসায় উদ্বেগ প্রকাশ করে এ অবস্থায় নতুন গ্যাস ক্ষেত্র অনুসন্ধান ও উত্তোলনের মাধ্যমে জ্বালানি খাতে জাতীয় সক্ষমতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ।

গ. **ভোরের কাগজ :** বন্যা ও অতি বর্ষণে সারাদেশের সড়ক-মহাসড়কগুলো বেহাল হওয়ায় তা দুর্ঘটনার কারণ হতে পারে উল্লেখ করে এ ব্যাপারে কঠোর নজরদারির ওপর গুরুত্বারোপ।

ঘ. **সমকাল :** পাটের ন্যায্যমূল্য না পাওয়ায় পাটচাষিরা পাট চাষে নিরুৎসাহিত হচ্ছে উল্লেখ করে পাটচাষিদের জন্য পর্যাপ্ত প্রণোদনা ও উপযুক্ত বাজারমূল্য প্রাপ্তি নিশ্চিত করার সুপারিশ।

ঙ. **যুগান্তর, প্রথম আলো, সমকাল, নিউ এজ :** ব্যাংকিং খাতে দুর্নীতি ও অর্থ লুটপাটের জন্য পরিচালনা পর্ষদ বহুলাংশে দায়ী বলে মনে করেন সংশ্লিষ্ট বিশেষজ্ঞরা উল্লেখ করে এ ব্যাপারে তাদের সুপারিশ আমলে নিয়ে অনিয়ম ও দুর্নীতির সঙ্গে যুক্ত, বিশেষত রাষ্ট্রায়ত্ত ব্যাংকের পরিচালকসহ অন্যদের বিরুদ্ধে কেন্দ্রীয়  ব্যাংক আইনানুগ ব্যবস্থা নিবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **ইন্ডিপেনডেন্ট :** সমুদ্র ও স্থলপথে অবৈধ মানব পাচারকারীদের শনাক্ত করে কঠোর শাস্তি দেওয়াসহ ভুক্তভোগীদের যথাযথভাবে পুনর্বাসনের ব্যবস্থা করার পাশাপাশি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সুশীল সমাজ ও গণমাধ্যমকে এ ব্যাপারে ভূমিকা রাখার আহ্বান।

ছ. **ডেইলি সান :** বিদ্যুৎ উৎপাদন ও বিতরণ ব্যবস্থা জোরদার না হওয়ায় প্রত্যন্ত অনেক গ্রামাঞ্চলে বিদ্যুতের লোডশেডিংয়ে জনদুর্ভোগের পাশাপাশি সেসব অঞ্চলে উন্নয়নও ব্যাহত হয় বলে অভিমত ।

জ. **নিউজ টুডে :** মানসম্মত শিক্ষা নিশ্চিত করার জন্য কোচিং ব্যবসা বন্ধ করতে সর্বোচ্চ প্রচেষ্টা চালানোর সুপারিশ।

ঝ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** সরকারি বড় বড় প্রকল্পের কাজ বাস্তবায়নের সমস্যা চিহ্নিত করার লক্ষ্যে কাজের তদারকি করতে জাতীয় প্রকল্প বাস্তবায়ন সংস্থায় সরকারের বাইরে বিখ্যাত বিশেষজ্ঞদের নিয়োগ দেওয়াসহ নির্দিষ্ট বাজেটে ও সময়ে প্রকল্প বাস্তবায়নে সংস্থার সিদ্ধান্ত মোতাবেক দ্রুত সংশোধনমূলক ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ঈদুল আজহার দিনে পশু কোরবানি করাই সর্বোত্তম ইবাদত।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'সচেতনতাই পারে থ্যালাসেমিয়াকে রুখতে'** শিরোনামের নিবন্ধে থ্যালাসেমিয়া প্রতিরোধে বিয়ের আগে রক্ত পরীক্ষার প্রয়োজনীয়তা তুলে ধরতে পারলে ভবিষ্যৎ প্রজন্ম সচেতন হবে বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৩৮/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ২৭ আগস্ট ২০১৭, ১২ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বন্যাদুর্গতদের পুনর্বাসনে ১১৭ কোটি টাকার প্রকল্প হাতে নিয়েছে সরকার : গোবিন্দগঞ্জ ও বগুড়া পরিদর্শনে প্রধানমন্ত্রী

২। ফসল ঘরে না ওঠা পর্যন্ত এনজিওর ঋণ পরিশোধ নয় : স্থানীয় সরকারমন্ত্রী

৩। বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষক ও উদ্যোক্তাদের ঋণ সুবিধা দিতে বাংলাদেশ ব্যাংকের নির্দেশ

৪। ঢাকা-চট্টগ্রাম রুটে গ্রিন লাইনের দ্বিতল বাস সার্ভিস উদ্বোধন করেন সেতুমন্ত্রী

৫। বিআইডব্লিউটিসির ঈদ স্পেশাল সার্ভিস আগামী ৩০ আগস্ট থেকে শুরু

৬। কোরবানির পশু বেচাকেনা ও জবাই বিষয়ে ডিএমপির পরামর্শ

৭। বঙ্গবন্ধুই বাঙালি জাতিকে এক করতে পেরেছিলেন : সংস্কৃতিমন্ত্রী

৮। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৪১তম মৃত্যুবার্ষিকী আজ

৯। কার্ডের সকল লেনদেন পিনভিত্তিক করতে হবে : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

১০। দুধ উৎপাদনে ঋণ বাড়ানোর নির্দেশ বাংলাদেশ ব্যাংকের

চলমান পাতা-২

১।	**বন্যাদুর্গতদের পুনর্বাসনে ১১৭ কোটি টাকার প্রকল্প হাতে নিয়েছে সরকার**
**: গোবিন্দগঞ্জ ও বগুড়া পরিদর্শনে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, উত্তরাঞ্চলের বন্যাদুর্গত জনগণের পুনর্বাসনে তার সরকার **১১৭** কোটি টাকার পুনঃপ্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন শুরু করেছে। এই কর্মসূচির আওতায় আগামী বোরো ফসল ঘরে তোলার আগ পর্যন্ত কৃষকরা নানা সুবিধা পাবেন। উত্তরাঞ্চলের ছয় জেলার ৬ লাখ কৃষক আগামী ফসল তোলার আগ পর্যন্ত বোরো ফসলের ৫ কেজি করে বীজ, ২০ কেজি ডিএপি, ৫ কেজি করে এমওপি এবং প্রত্যেক কৃষককে **১** হাজার করে টাকা দেয়া হবে। একই সঙ্গে সরকার কৃষকদের সহযোগিতার জন্য ৫৮ কোটি ৭৭ লাখ টাকার একটি প্রণোদনা প্রকল্পও গ্রহণ করেছে, যাতে একজন কৃষক **১**০ থেকে ২০ কেজি ডিএপি সার এবং ৫ কেজি থেকে **১**৫ কেজি এমওপি সার পাবেন। কাজেই কৃষকের আর সার এবং বীজ নিয়ে ভোগান্তি পোহাতে হবে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ২৬ আগস্ট শনিবার গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলা পরিষদ চত্বরে সাধারণ জনগণের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণকালে একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.**১**,ক.৩)।

২।	**ফসল ঘরে না ওঠা পর্যন্ত এনজিওর ঋণ পরিশোধ নয় : স্থানীয় সরকারমন্ত্রী**

ফরিদপুরের সদর উপজেলার নর্থচ্যানেল ইউনিয়নের বন্যার্তদের মাঝে গতকাল ২৬ আগস্ট শনিবার সরকারি ত্রাণ বিতরণ অনুষ্ঠানে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, বন্যায় ক্ষতিগ্রস্তদের নতুন ফসল ঘরে না ওঠা পর্যন্ত কোনো এনজিওর ঋণের টাকা পরিশোধ করতে হবে না। গতকাল ২৬ আগস্ট শনিবার ফরিদপুর সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা প্রভাংষু সোম মহানের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী একথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **ইনকিলাব** (পৃ.৮,ক.**১**), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.**১**,ক.**১**)।

৩।	**বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষক ও উদ্যোক্তাদের ঋণ সুবিধা দিতে বাংলাদেশ ব্যাংকের নির্দেশ**

আগের ঋণ পরিশোধ না করলেও বন্যার কারণে ক্ষতিগ্রস্ত কৃষক ও এসএমই খাতের কুটির ও ক্ষুদ্র বা মাইক্রো উদ্যোক্তাদের নতুন ঋণ দেওয়ার নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। এজন্য অর্থ জমা ছাড়াই তাদের ঋণ পুনঃতফসিল করতে বলা হয়েছে। এ ধরণের ঋণ পুনঃতফসিলের ক্ষেত্রে ব্যাংকার গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৬ মাস পর্যন্ত গ্রেস পিরিয়ড (ঋণ পরিশোধ শুরুর সময়) দেওয়া যাবে। সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে ব্যাংকগুলোর কাছে পাঠিয়েছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.**১**৩,ক.**১**)।

৪।	**ঢাকা-চট্টগ্রাম রুটে গ্রিন লাইনের দ্বিতল বাস সার্ভিস উদ্বোধন করেন সেতুমন্ত্রী**

ঢাকা-চট্টগ্রাম রুটে প্রথমবারের মতো দ্বিতল বাস সার্ভিস চালু করেছে গ্রিন লাইন পরিবহণ। গতকাল ২৬ আগস্ট শনিবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এর উদ্বোধন করেন। মন্ত্রী বলেন, গ্রিন লাইনের দ্বিতল বাস সার্ভিস দেশের গণপরিবহণে নতুন মাত্রা যোগ করবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫)।

৫।	**বিআইডব্লিউটিসির ঈদ স্পেশাল সার্ভিস আগামী ৩০ আগস্ট থেকে শুরু**

আসন্ন পবিত্র ঈদ-উল-আজহা উপলক্ষে আগামী ৩০ আগস্ট থেকে স্পেশাল সার্ভিস শুরু করবে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ সংস্থা বিআইডব্লিউটিসি। রাষ্ট্রীয় এই সংস্থার ছয়টি জাহাজ এবারের ঈদে ঘরে ফেরা মানুষদের পৌঁছে দেবে। বিশেষ এই নৌ সার্ভিস চলবে আগামী ৪ সেপ্টেম্বর পর্যন্ত। তবে যাত্রীর চাপ থাকলে সময় আরও বাড়বে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.**১**) **ভোরের কাগজ** (পৃ.**১**,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.**১**), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

**৬। কোরবানির পশু বেচাকেনা ও জবাই বিষয়ে ডিএমপির পরামর্শ**

কোরবানির ঈদে পশু বেচাকেনা, হাট পরিচালনা ও পশু জবাই থেকে শুরু করে বর্জ্য অপসারণসহ নানা বিষয়ে নগরবাসীকে নানা পরামর্শ দিয়েছে ঢাকা মহানগর পুলিশ। গতকাল ২৭ আগস্ট শনিবার ডিএমপির এক বিজ্ঞপ্তিতে পরামর্শগুলো জানানো হয়। তাতে কোরবানির হাটে পশু কেনাবেচার সময় সতর্কতার সঙ্গে অর্থ লেনদেন, প্রয়োজনে পুলিশের সহায়তা নেওয়া, পশু কেনাবেচার সময় জাল টাকার বিষয়ে সতর্ক থাকা, চাঁদাবাজদের বিষয়ে আইনশৃঙ্খলা বাহিনীকে জানানো, নির্ধারিত স্থানে হাট বসানো, হাটের সীমানার মধ্যে পশু বেচা-কেনা করা, কোরবানিকৃত পশুর বর্জ্য দ্রুত সরানোর জন্য সিটি করপোরেশনকে অবহিত করা, গোশত বিতরণে পরিবেশবান্ধব ব্যাগ ব্যবহার করাসহ নানা পরামর্শ দেওয়া হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** ( শেষ পৃ.,ক.৫)।

**৭। বঙ্গবন্ধুই বাঙালি জাতিকে এক করতে পেরেছিলেন : সংস্কৃতিমন্ত্রী**

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানই একমাত্র নেতা, যিনি গোটা বাঙালি জাতিকে এক করতে পেরেছিলেন। তাঁর আগের কেউ পারেননি। তিনি এ দেশের স্বাধীনতার ডাক দিয়েছিলেন আর তাঁর ডাকে সাড়া দিয়ে বাঙালিরা মুক্তিযুদ্ধে গিয়েছিলেন। গতকাল ২৬ আগস্ট শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের শাসসুন নাহার হল ছাত্রলীগ আয়োজিত জাতীয় শোক দিবসের আলোচনা সভায় সংস্কৃতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫)।

**৮। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৪১তম মৃত্যুবার্ষিকী আজ**

আজ ১২ ভাদ্র জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৪১তম মৃত্যুবার্ষিকী। ১৯৭৬ সালের এদিনে মৃত্যুবরণ করেন চির তারুণ্যের প্রতীক এই কবি। তিনি ছিলেন  অসাম্প্রদায়িক চেতনার পথিকৃৎ লেখক। তাঁর লেখনি জাতীয় জীবনে অসাম্প্রদায়িক চেতনা বিকাশে ব্যাপক ভূমিকা পালন করে। তাঁর কবিতা ও গান মানুষকে যুগে যুগে শোষণ ও বঞ্চনা থেকে মুক্তির পথ দেখিয়ে চলছে। জাতীয় কবির মৃত্যুবার্ষিকী উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। এছাড়া বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক ও পেশাজীবী সংগঠন নানা কর্মসূচি গ্রহণ করেছে। বাংলাদেশ বেতার, টেলিভিশন ও বিভিন্ন বেসরকারি টেলিভিশন চ্যানেল কবির মৃত্যুবার্ষিকী উপলক্ষে বিশেষ অনুষ্ঠানমালা প্রচারের উদ্যোগ নিয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১) **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৯। কার্ডের সকল লেনদেন পিনভিত্তিক করতে হবে : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

বিভিন্ন পেমেন্ট চ্যানেলের মাধ্যমে কার্ডভিত্তিক লেনদেনের নিরাপত্তা নিশ্চিত করা, ঝুঁকি হ্রাস এবং গ্রাহক সচেতনতা বাড়ানোর তাগিদসহ বাণিজ্যিক ব্যাংগুলোকে একগুচ্ছ নির্দেশনা দিয়েছে বাংলাদেশ ব্যাংক। গত ২৪ আগস্ট বৃহস্পতিবার এ সংক্রান্ত একটি মাস্টার প্রজ্ঞাপন জারি করে দেশে কার্যরত সব তফসিলি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহীর কাছে পাঠানো হয়েছে। কার্ডভিত্তিক লেনদেনের মধ্যে উল্লেখযোগ্য নির্দেশনা হল চলতি বছরের মধ্যে কার্ডভিত্তিক সকল ধরনের লেনদেন পিনভিত্তিক করতে হবে। এসএমএস বা ক্ষুদে বার্তা সেবা চালুর মাধ্যমে কার্ডভিত্তিক সব লেনদেনের তথ্য গ্রাহককে জানাতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১)। **ইনকিলাব** (পৃ.৩,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.২)।

**১০। দুধ উৎপাদনে ঋণ বাড়ানোর নির্দেশ বাংলাদেশ ব্যাংকের**

দেশকে দুধে স্বয়ংসম্পূর্ণ করতে পুনঃ অর্থায়ন কর্মসূচির আওতায় ৫ শতাংশ রেয়াতি সুদে ঋণ প্রদান কার্যক্রম জোরদার করতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে নির্দেশ নিয়েছে বাংলাদেশ ব্যাংক। আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে অবিতরণকৃত সব অর্থ গ্রাহক পর্যায়ে বিতরণ করতে বলা হয়েছে। গত ২৪ আগস্ট বৃহস্পতিবার বাংলাদেশ ব্যাংকের কৃষিঋণ বিভাগ এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৩,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** সড়ক দুর্ঘটনা রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার পাশাপাশি সড়ক দুর্ঘটনায় আহতদের যথাযথ চিকিৎসার ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** সঠিক সময়ে টিকা না পাওয়ায় দেশের প্রায় ২০ লাখ শিশু হাম হওয়ার ঝুঁকিতে আছে উল্লেখ করে হাম ও হেপাটাইটিস বি এর টিকা সঠিক সময়ে ও সব শিশুকে দিতে সর্বাত্মক উদ্যোগ নেওয়ার সুপারিশ।

গ. **প্রথম আলো :** শব্দদূষণের জন্য দায়ী হাইড্রলিক হর্ন ব্যবহার বন্ধে উচ্চ আদালত যে নির্দেশ দিয়েছেন তা প্রশংসার দাবিদার উল্লেখ করে এ হর্ন অপসারণে পুলিশের অভিযান অব্যাহত রাখা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **সমকাল :** পাবনার চার্টমোহর উপজেলার নিমাইছড়া-তাড়াশ সদর পর্যন্ত ১৬ কিলোমিটার বন্যা নিয়ন্ত্রণ বাঁধে পানি উন্নয়ন বোর্ডের প্রায় ২০০ কোটি টাকার সম্পত্তি দখল করেছে প্রভাবশালী চক্র, এ খবরে উদ্বেগ প্রকাশ করে দখলকারীদের উচ্ছেদ করে তাদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **যুগান্তর :** ঈদে ঘরে ফেরা মানুষের যাতায়াত নির্বিঘ্ন করতে মহাসড়কের তীব্র যানজট কমাতে জরুরি ভিত্তিতে পদক্ষেপ কামনা।

চ. **ইন্ডিপেনডেন্ট :** দেশে শিশু শ্রমের কারণে অনেক দরিদ্র শিশু তাদের আনন্দময় শৈশব থেকে বঞ্চিত হওয়ায় সরকার, গণমাধ্যম, সুশীল সমাজ ও এনজিও সবাইকে সম্মিলিতভাবে এগিয়ে এসে এ পরিস্থিতির অবসানে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান, সংবাদ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, ভোরের কাগজ, যায়যায়দিন :** মায়ানমারে আবারও সহিংসতা দেখা দেওয়ায় বাংলাদেশে রোহিঙ্গা সমস্যা সমাধান জটিল হওয়ায় বাংলাদেশকে রোহিঙ্গা সমস্যা সমাধানে আন্তর্জাতিক সম্প্রদায় যেন তৎপর হয় সে প্রচেষ্টা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

ঝ. **ডেইলি স্টার :** অপরিকল্পিতভাবে গৃহ ও স্থাপনা নির্মাণ কাজের জন্য প্রতিবছর ১ শতাংশ হারে কৃষিজমি হারিয়ে যাওয়ার বিষয় তুলে ধরে জমি সুরক্ষায় অতিদ্রুত কৃষি জমি ও জলাশয় ব্যবহারের নীতিমালা কঠোরভাবে প্রয়োগের আহ্বান।

জ. **নিউজ টুডে :** খাদ্য নিরাপত্তা নিশ্চিতে চাল আমদানি সম্পূর্ণরূপে দুর্নীতিমুক্ত রাখার প্রত্যাশা।

ঞ. **নিউ এজ :** দেশের বরেন্দ্র এলাকায় নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক সেচ ব্যবস্থার দ্বারা সেই এলাকার কৃষির উন্নয়নে সরকারকে যথাযথ ব্যবস্থা গ্রহণের আহ্বান করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বৃদ্ধ বয়সে মা-বাবাকে যথাযথভাবে প্রতিপালন করা প্রতিটি সন্তানের দায়িত্ব।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'আসুন, সবাই মিলে ঢাকাকে বাসযোগ্য করি'** শিরোনামের নিবন্ধে ঢাকা শহরের ওপর চাপ কমানোর জন্য ঢাকার বিকেন্দ্রীকরণ এখন জরুরি বিষয় হয়ে দাঁড়িয়েছে বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৩৭/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ২৪ আগস্ট ২০১৭, ৯ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বন্যার পানি নামার পর নতুন ফসল উৎপাদনে পদক্ষেপ নেবে সরকার : প্রধানমন্ত্রী

২। মন্ত্রিসভা কমিটিতে ১১ হাজার ৮৮ কোটি ৩৩ লাখ টাকার ক্রয় প্রস্তাব অনুমোদন

৩। বিলম্বে হলেও রিজার্ভ চুরির সব টাকা উদ্ধার সম্ভব হবে : অর্থমন্ত্রী

৪। বাণিজ্য বাড়াতে তুরস্কের সঙ্গে 'এফটিএ' করবে বাংলাদেশ : বাণিজ্যমন্ত্রী

৫। খাদ্য প্রক্রিয়াজাত শিল্পে '২১ সালের মধ্যে বিলিয়ন ডলার রফতানি : শিল্পমন্ত্রী

৬। বনজীবী-মৎস্যজীবীদের জিম্মি করে দস্যুতা বন্ধ করা হবে : বাগেরহাটে স্বরাষ্ট্রমন্ত্রী

৭। বিটি প্রযুক্তির ব্যবহার দেশকে কৃষিতে ব্যাপক সাফল্য এনে দিয়েছে : কৃষিমন্ত্রী

৮। স্পিকারের সঙ্গে ইইউ'র রাষ্ট্রদূতের সাক্ষাৎ

৯। ঈদুল আজহা আগামী ২ সেপ্টেম্বর

১০। হাইড্রোলিক হর্ন বাজালে গাড়ি জব্দ : হাইকোর্টের নির্দেশনা

১১। জেএসসি ও জেডিসি পরীক্ষা আগামী ১ নভেম্বর শুরু

চলমান পাতা-২

**১। বন্যার পানি নামার পর নতুন ফসল উৎপাদনে পদক্ষেপ নেবে সরকার : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বন্যায় পানি কমে যাবার পর থেকেই নতুন ফসল উৎপাদনে পদক্ষেপ নেবে সরকার। পাহাড়ি ঢল এবং অতিবৃষ্টির কারণে সৃষ্ট এই বন্যায় ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। বন্যা পরবর্তিতে কোনো ধরনের রোগ যেন ব্যাপক আকার ধারণ করতে না পারে সেজন্যও সরকার পদক্ষেপ নিয়েছে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর কার্যালয়ে সামরিক এবং বেসামরিক প্রশাসন এবং আওয়ামী লীগের নেতাকর্মীরা বানভাসী জনগণের দুর্ভোগ লাঘবে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে। তিনি বলেন, সরকার বন্যাদুর্গত এলাকায় ছাত্র-ছাত্রীদের মধ্যে পাঠ্যবই পুনরায় বিতরণ করবে এবং পানি কমার সঙ্গে সঙ্গেই সড়ক-মহাসড়কগুলোর সংস্কার কাজ শুরু করবে। গতকাল ২৩ আগস্ট বুধবার তেজগাঁওয়ের প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫)।

**২। মন্ত্রিসভা কমিটিতে ১১ হাজার ৮৮ কোটি ৩৩ লাখ টাকার ক্রয় প্রস্তাব অনুমোদন**

১১ হাজার ৮৮ কোটি ৩৩ লাখ টাকা ব্যয়ে ২১টি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এর মধ্যে দেশের খাদ্য মজুদ বাড়াতে এক লাখ টন গম এবং ৫০ হাজার টন সিদ্ধ চাল আমদানির প্রস্তাব রয়েছে। তিনটি আলাদা আন্তর্জাতিক কোটেশনের মাধ্যমে এসব গম ও চাল আমদানি করা হবে। গতকাল ২৩ আগস্ট বুধবার সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মোস্তাফিজুর রহমান এ তথ্য জানান। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** (পৃ.১২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**৩। বিলম্বে হলেও রিজার্ভ চুরির সব টাকা উদ্ধার সম্ভব হবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ থেকে হ্যাকিংয়ের মাধ্যমে চুরি যাওয়া ১০ কোটি ১০ লাখ ডলারের সব অর্থ ফেরত পাওয়া যাবে। তবে টাকা পেতে সময় লাগবে। ইতোমধ্যে কিছু টাকা ফেরত এসেছে। পুরো টাকা ফেরত আনার কার্যক্রম চলছে। গতকাল ২৩ আগস্ট বুধবার সচিবালয়ে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক শেষে তিনি একথা জানান। সূত্র-**ইনকিলাব** ( পৃ.৮,ক.২), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৫)।

**৪। বাণিজ্য বাড়াতে তুরস্কের সঙ্গে 'এফটিএ' করবে বাংলাদেশ : বাণিজ্যমন্ত্রী**

চলমান বাণিজ্য বৃদ্ধির জন্য তুরস্কের সঙ্গে এফটিএ (মুক্ত বাণিজ্য চুক্তি) করতে আগ্রহী বাংলাদেশ। এ বিষয়ে তুরস্কের সঙ্গে প্রথম পর্যায়ের আলাপ আলোচনা শেষ হয়েছে। দ্বিতীয় পর্যায়ের আলোচনা কিছুদিনের মধ্যে অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গতকাল ২৩ আগস্ট বুধবার ঢাকায় হোটেল লা মেরিডিয়ানে 'তার্কিস এক্সপোর্টার্স অ্যাসেম্বলি' এবং এফবিসিসিআই আয়োজিত 'তার্কি-বাংলাদেশ বিজনেস ফোরাম অ্যান্ড বি-টু-বি মিটিং প্রোগ্রাম' এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.২), **সমকাল** (পৃ.১২,ক.৬), **নিউ নেশন** (পৃ.১৩,ক.৮), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫)।

**৫। খাদ্য প্রক্রিয়াজাত শিল্পে '২১ সালের মধ্যে বিলিয়ন ডলার রফতানি : শিল্পমন্ত্রী**

খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক শিল্পখাতের দ্রুত প্রবৃদ্ধি ঘটছে। এ সম্ভাবনা কাজে লাগিয়ে ২০২১ সালের মধ্যে খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পখাতে বাংলাদেশ বিলিয়ন ডলার রফতানি করতে সক্ষম হবে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। গতকাল ২৩ আগস্ট বুধবার রাজধানীর প্যান প্যাসিফিক হোটেল সোনারগাঁওয়ে 'বাংলাদেশ খাদ্য নিরাপত্তা সম্মেলন-২০১৭' উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। 'ভোক্তা অধিকার সংরক্ষণ : সকলের সম্মিলিত দায়িত্ব' শীর্ষক স্লোগানে দেশে প্রথমবারের মতো করা হয়েছে এ আয়োজন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **সমকাল** (পৃ.৪,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৬)।

**৬। বনজীবী-মৎস্যজীবীদের জিম্মি করে দস্যুতা বন্ধ করা হবে : বাগেরহাটে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, সুন্দরবন ও সাগরের বনজীবী ও মৎস্যজীবীদের জিম্মি করে কাউকে দস্যুতা করতে দেওয়া হবে না। বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার অঙ্গীকার প্রাকৃতিক ঐতিহ্য সুন্দরবন কেন্দ্রিক জীবিকা নির্বাহকারী উপকূলীয় এলাকার জনগোষ্ঠী যাতে নির্বিঘ্নে চলতে পারে, তার জন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সব ধরনের পদক্ষেপ নিবে। বিপথগামী গুটিকয়েক মানুষের জন্য লাখ লাখ মানুষ ক্ষতিগ্রস্ত হবে, সরকার রাজস্ব হারাবে, এটা হতে পারে না। তাই বনদস্যুদের প্রাথমিকভাবে আত্মসমর্পণের সুযোগ দেওয়া হয়েছে। তাদের স্বাভাবিক জীবনে ফিরে আসা ও জীবিকা নির্বাহে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে নগদ অর্থ সহায়তা দেওয়া হচ্ছে। এ সুযোগ যারা নিবে না তাদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়া হবে বলে মন্ত্রী হুঁশিয়ারি উচ্চারণ করেন। গতকাল ২৩ আগস্ট বুধবার বাগেরহাট স্টেডিয়ামে আত্মসমর্পণ করা ১৩২ জন বনদস্যুকে অর্থ ও উপহার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.৪,ক.১)।

**৭। বিটি প্রযুক্তির ব্যবহার দেশকে কৃষিতে ব্যাপক সাফল্য এনে দিয়েছে : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, দেশের কৃষির সাফল্যে বর্তমান সরকারের উদার রাজনীতির অবদান রয়েছে। দক্ষিণ এশিয়ায় বাংলাদেশই সর্বপ্রথম ২০১৩ সালে কৃষিতে বায়োটেকনোলজি (বিটি) প্রযুক্তির ব্যবহার শুরু করে। খাদ্য ঘাটতির দেশ থেকে বাংলাদেশ এখন খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়েছে। কৃষির রূপান্তর এবং প্রযুক্তি ব্যবহারে কৃষকরা সুফল পাওয়াতেই এটি সম্ভব হয়েছে। বিপুলসংখ্যক জনগোষ্ঠীর পুষ্টি নিশ্চিত করা এখন আমাদের সামনে চ্যালেঞ্জ। তাই আমাদের লক্ষ্য হলো যথাযথ পুষ্টিমান সমৃদ্ধ উন্নত বীজের একাধিক জাত উদ্ভাবন এবং প্রান্তিক পর্যায়ের কৃষক পর্যন্ত প্রয়োজনীয় প্রযুক্তি পৌঁছে দেওয়া। গতকাল ২৩ আগস্ট বুধবার 'ডেভেলপিং দ্য সিড সেক্টর ইন বাংলাদেশ ঃ হোয়াট রোল ফর পলিসি' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫)।

**৮। স্পিকারের সঙ্গে ইইউ'র রাষ্ট্রদূতের সাক্ষাৎ**

সিপিএ চেয়ারপারসন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ করেছেন ইউরোপিয়ান ইউনিয়নের (ইইউ) বিদায়ী রাষ্ট্রদূত পিয়েরে মায়াদুন। গতকাল ২৩ আগস্ট বুধবার জাতীয় সংসদ ভবনে স্পিকারের কার্যালয়ে সাক্ষাৎকালে তাঁরা বাংলাদেশের সংসদীয় কার্যক্রম, নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন, স্বাস্থ্য খাতে বাংলাদেশের উন্নয়ন, সামাজিক নিরাপত্তা এবং বাংলাদেশের তৈরি পোশাক শিল্প ও ইউরোপিয়ান ইউনিয়নের কার্যপরিধিসহ দ্বি-পাক্ষিক বিভিন্ন স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৩), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৭)।

**৯। ঈদুল আজহা আগামী ২ সেপ্টেম্বর**

দেশের আকাশে জিলহজ মাসের চাঁদ দেখা যাওয়ায় আগামী ২ সেপ্টেম্বর অর্থাৎ ১০ জিলহজ উদ্‌যাপিত হবে পবিত্র ঈদুল আজহা। গতকাল ২৩ আগস্ট বুধবার সন্ধ্যায় পবিত্র ঈদুল আজহার তারিখ নির্ধারণে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ কথা জানানো হয়। জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে এই বৈঠক অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্ম বিষয়কমন্ত্রী ও জাতীয় চাঁদ দেখা কমিটির সভাপতি অধ্যক্ষ মতিউর রহমান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**১০। হাইড্রোলিক হর্ন বাজালে গাড়ি জব্দ : হাইকোর্টের নির্দেশনা**

রাজধানী ঢাকার রাস্তায় চলাচলকারী সব যানবাহনে হাইড্রোলিক হর্নের ব্যবহার আগামী ৪৮ ঘন্টার মধ্যে বন্ধের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। আমদানি বন্ধের পাশাপাশি বাজারে থাকা সব হাইড্রোলিক হর্ন আগামী সাত দিনের মধ্যে জব্দ করতে বলা হয়েছে। একই সঙ্গে আগামী ২৭ আগস্টের পর যদি কোনো যানবাহনে হাইড্রোলিক হর্ন বাজানো হয়, তাহলে ওই গাড়িও জব্দ করতে পুলিশ কমিশনার, যুগ্ম কমিশনার (ট্রাফিক) ও ডিএমপি, মহানগরীর চার বিভাগের ট্রাফিকের ডেপুটি কমিশনারসহ ঢাকার ২০ থানার ওসিকে নির্দেশ দেওয়া হয়েছে। জনস্বার্থে করা এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি

মোহাম্মদ উল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল ২৩ আগস্ট বুধবার এ আদেশ দেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

**১১। জেএসসি ও জেডিসি পরীক্ষা আগামী ১ নভেম্বর শুরু**

আগামী ১ নভেম্বর জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা শুরু হবে। ১৮ নভেম্বর পর্যন্ত জেএসসি ও জেডিসি পরীক্ষা হবে। নির্ধারিত দিনে সকাল ১০টা থেকে এই পরীক্ষা শুরু হবে। আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ-কমিটি এবং মাদ্রাসা শিক্ষাবোর্ড গতকাল ২৩ আগস্ট বুধবার অষ্টম শ্রেণীর শিক্ষার্থীদের সমাপনী পরীক্ষার এ সময় সূচি প্রকাশ করে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** অব্যবস্থাপনা, অবৈধ দখলদারিত্ব এবং নানারকম অপকর্মের অভয়াশ্রম হিসেবে রাজধানীর অনেক উদ্যানই বর্তমানে সর্বসাধারণ হতে বিচ্ছিন্ন স্থানে পরিণত হওয়ার কথা উল্লেখ করে পার্কগুলি দখলমুক্তকরণ, সংরক্ষণ ও পরিবেশবান্ধব করে তুলতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার সুপারিশ।

খ. **জনকণ্ঠ, যায়যায়দিন,ডেইলি স্টার, নিউজ টুডে :** ঈদে ঘরে ফেরা মানুষের যাতায়াত নির্বিঘ্ন করতে বেহাল সড়ক- মহাসড়ক দ্রুত সংস্কারের ওপর গুরুত্বারোপ।

গ. **যুগান্তর :** দেশের বিভিন্ন স্থানে বন্যার পানি নেমে যাওয়ার পর বিশুদ্ধ পানিসহ নিত্যপ্রয়োজনীয় খাদ্য, প্রয়োজনীয় ওষুধ ও গোখাদ্যের চরম সংকট দেখা দেওয়ায় উদ্বেগ প্রকাশ করে বন্যাদুর্গতদের পুনর্বাসনে দ্রুত ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঘ. **ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেস :** খাদ্যে ভেজাল প্রতিরোধ করে নিরাপদ খাদ্য নিশ্চিত করতে দেশব্যাপী ব্যাপক গণসচেতনতা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ডেইলি সান :** ব্যক্তিমালিকানাধীন সংস্থার কাছে বিদ্যুৎ উৎপাদন প্রক্রিয়া প্রকল্পগুলোর কাজ স্বচ্ছতা ও প্রতিযোগিতার ভিত্তিতে সম্পন্ন করার সুপারিশ।

চ. **নিউ নেশন :** জাল নোট তৈরিতে জড়িত দুটি চক্রের ৭ সদস্য গ্রেপ্তার হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে জাল নোট তৈরি প্রতিহত করতে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ছ. **অবজারভার :** যানবাহনে ব্যবহৃত হাইড্রোলিক হর্ন আগামী ৪৮ ঘন্টার মধ্যে বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে ডিএমপিকে দেওয়া হাইকোর্টের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বন্যাদুর্গত জনপদের মানুষকে সহযোগিতা করতে সরকারি-বেসরকারি সব সংগঠন ও ব্যক্তির দ্রুত এগিয়ে আসা উচিত।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'বৃদ্ধাশ্রম নয় পরিবারই হোক বাবা মায়ের নিরাপদ আবাস'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, প্রবীণদের সামাজিক নিরাপত্তা ও অধিকার নিশ্চিত করতে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৩৭/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ২৩ আগস্ট ২০১৭, ৮ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রীর সঙ্গে জাপানের বিদায়ী রাষ্ট্রদূতের সাক্ষাৎ
: বাংলাদেশের উন্নয়নে অব্যাহত সহায়তার আশ্বাস

২। নারায়ণগঞ্জে ৭ খুন মামলার রায় : তারেক ও নূর হোসেনসহ ১৫ জনের মৃত্যুদণ্ড বহাল

৩। আরো বেশি জনশক্তি নিতে সংযুক্ত আরব আমিরাতের প্রতি স্বাস্থ্যমন্ত্রীর আহ্বান

৪। দশম জাতীয় সংসদের ১৭তম অধিবেশন বসবে আগামী ১০ সেপ্টেম্বর

৫। বন্যায় ক্ষতিগ্রস্তদের ঋণ পরিশোধে বিশেষ সুবিধা : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার

৬। পাট রপ্তানিকারকদের জন্য বিশেষ সুবিধা : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

৭। সিভিল সার্ভিস আইন দ্রুত প্রণয়নের নির্দেশ জনপ্রশাসন প্রতিমন্ত্রীর

৮। খাদ্য নিরাপত্তা নিয়ে আন্তর্জাতিক সম্মেলন শুরু আজ

চলমান পাতা-২

**১।	প্রধানমন্ত্রীর সঙ্গে জাপানের বিদায়ী রাষ্ট্রদূতের সাক্ষাৎ**
**: বাংলাদেশের উন্নয়নে অব্যাহত সহায়তার আশ্বাস**

বাংলাদেশের উন্নয়নে জাপানের সহায়তা অব্যাহত থাকবে বলে জানিয়েছেন সে দেশের বিদায়ী রাষ্ট্রদূত মাসাকো ওয়াতানাবে। গতকাল ২২ আগস্ট মঙ্গলবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে বিদায়ী সাক্ষাতের সময় এ কথা জানান রাষ্ট্রদূত। রাষ্ট্রদূত বলেন, বাংলাদেশের কয়েকটি মেগা প্রকল্পে ৬০০ বিলিয়ন ইয়েন ঋণ সুবিধা দিচ্ছে জাপান। জাপানের বিনিয়োগকারীরাও বাংলাদেশের প্রতি গভীরভাবে নজর রাখছেন। তারা এ দেশের গৃহনির্মাণ শিল্পে বিনিয়োগে আগ্রহী। মাসাকো ওয়াতানাবে দুই দেশের মধ্যে অর্থনৈতিক সম্পর্ক জোরদার করার ওপর গুরুত্বারোপ করার পাশাপাশি দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদারেও গুরুত্ব দেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

**২।	নারায়ণগঞ্জে ৭ খুন মামলার রায় : তারেক ও নূর হোসেনসহ ১৫ জনের মৃত্যুদণ্ড বহাল**

নারায়ণগঞ্জের আলোচিত সাত খুন মামলায় হাইকোর্টের রায়ে সাবেক কাউন্সিলর নূর হোসেন ও সাবেক তিন র‌্যাব কর্মকর্তা তারেক সাঈদ, আরিফ হোসেন ও মাসুদ রানাসহ ১৫ জনের মৃত্যুদণ্ডাদেশ বহাল রয়েছে। হাইকোর্টের রায়ে ১১ জনের মৃত্যুদণ্ড পরিবর্তন করে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছে। এছাড়া মামলার ৩৫ জন আসামির মধ্যে বাকি ৯ জনকে নিম্ন আদালতে দেওয়া বিভিন্ন মেয়াদে কারাদণ্ডের রায়ে কোনো পরিবর্তন আসেনি হাইকোর্টে। গতকাল ২২ আগস্ট মঙ্গলবার বিচারপতি ভবানী প্রসাদ সিংহ ও বিচারপতি মোস্তফা জামান ইসলামের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ মামলার আসামিদের ডেথ রেফারেন্স (মৃত্যুদণ্ড অনুমোদন) ও আপিলের ওপর রায় ঘোষণা করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক, জনকণ্ঠ, প্রথম আলো, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, ডেইলি সান**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩।	আরো বেশি জনশক্তি নিতে সংযুক্ত আরব আমিরাতের প্রতি স্বাস্থ্যমন্ত্রীর আহ্বান**

সংযুক্ত আরব আমিরাত সফররত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম সে দেশে বাংলাদেশ থেকে আরো বেশি জনশক্তি নেওয়ার জন্য আহ্বান জানিয়েছেন। গতকাল ২২ আগস্ট মঙ্গলবার সংযুক্ত আরব আমিরাতের রাইস আল খাইমা প্রদেশের শাসক শেখ সৌদ বিন সাকর আল কাশিমির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠককালে তিনি এই আহ্বান জানান। রাইস আল খাইমায় অনুষ্ঠিত বৈঠকে দুই দেশের মধ্যে স্বাস্থ্য, বাণিজ্য ও জনশক্তি রপ্তানিসহ বিভিন্ন বিষয়ে দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়নের লক্ষ্যে একসঙ্গে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন দুই নেতা। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.১১,ক.৩)।

**৪।	দশম জাতীয় সংসদের ১৭তম অধিবেশন বসবে আগামী ১০ সেপ্টেম্বর**

দশম জাতীয় সংসদের ১৭তম অধিবেশন আগামী ১০ সেপ্টেম্বর রোববার বিকেল ৫টায় শুরু হবে। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতাবলে গতকাল ২২ আগস্ট মঙ্গলবার এ অধিবেশন আহ্বান করেন। এটি হবে সংসদের শরৎকালীন অধিবেশন। সংসদ সচিবালয় সূত্রে জানা গেছে, এ অধিবেশনের মেয়াদ এক সপ্তাহ থেকে ১০ দিন হতে পারে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

**৫। বন্যায় ক্ষতিগ্রস্তদের ঋণ পরিশোধে বিশেষ সুবিধা : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার**

বন্যায় ক্ষতিগ্রস্তদের স্বল্পমেয়াদি কৃষি, ক্ষুদ্র এবং এসএমই খাতের কুটির ও মাইক্রো ঋণ পরিশোধে বিশেষ সুবিধা দেওয়ার নির্দেশনা দিয়েছে বাংলাদেশ ব্যাংক। কোনো ধরনের ডাউনপেমেন্ট ছাড়া এ ধরনের ঋণ পুনঃতফসিলের পর নতুন ঋণ দেওয়ার সুযোগ দেওয়া হয়েছে। আগামী বছরের জুন পর্যন্ত এই নীতিমালার আলোকে ক্ষতিগ্রস্তদের সুবিধা দেওয়া যাবে। গতকাল ২২ আগস্ট মঙ্গলবার কেন্দ্রীয় ব্যাংক থেকে এ-সংক্রান্ত একটি সার্কুলার জারি করে ব্যাংকগুলোর প্রধান নির্বাহীর কাছে পাঠানো হয়েছে। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬)।

**৬। পাট রপ্তানিকারকদের জন্য বিশেষ সুবিধা : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

কাঁচা পাট রপ্তানিকারকদের সমস্যা সমাধানে ঋণগ্রহীতার হিসাব ব্লক সুবিধা প্রদান করা হয়। এতে রপ্তানিকারকেরা ঋণ পরিশোধে ১০ বছর সময় পান। এ নিয়ে নতুন এক প্রজ্ঞাপনে বলা হয়েছে, নতুন পরিশোধসূচির জন্য নির্ধারিত কিস্তি গ্রহণ এবং নতুন ঋণ মঞ্জুরির ক্ষেত্রে ন্যূনতম জমার পরিমাণ এখন ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ব্যাংক নির্ধারণ করতে পারবে। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এক নির্দেশনার আলোকে বাংলাদেশ ব্যাংক গতকাল ২২ আগস্ট মঙ্গলবার এই প্রজ্ঞাপন জারি করেছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৩,ক.১), **সমকাল** (পৃ.১২,ক.২)।

**৭। সিভিল সার্ভিস আইন দ্রুত প্রণয়নের নির্দেশ জনপ্রশাসন প্রতিমন্ত্রীর**

সিভিল সার্ভিস আইন দ্রুত প্রণয়নে পদক্ষেপ নিতে নির্দেশনা দিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক। গতকাল ২২ আগস্ট মঙ্গলবার জনপ্রশাসন মন্ত্রণালয়ের সভাকক্ষে ক্যারিয়ার প্ল্যানিং অ্যান্ড ট্রেনিং অনুবিভাগের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এই নির্দেশনা প্রদান করেন। প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী দেশকে উন্নয়নের লক্ষ্য নির্ধারণ করে দিয়েছেন। এই লক্ষ্য অর্জনে একটি দক্ষ, শক্তিশালী ও সেবামুখী আমলাতন্ত্র গড়তে সবধরনের প্রচেষ্টা অব্যাহত আছে। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪)।

**৮। খাদ্য নিরাপত্তা নিয়ে আন্তর্জাতিক সম্মেলন শুরু আজ**

'ভোক্তা অধিকার সংরক্ষণ : সকলের সম্মিলিত দায়িত্ব' শীর্ষক খাদ্য নিরাপত্তা বিষয়ক দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন আজ ২৩ আগস্ট বুধবার থেকে শুরু হচ্ছে। নিরাপদ ও স্বাস্থ্যসম্মত খাদ্য নিশ্চিত করার পাশাপাশি এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে রাজধানীর হোটেল প্যান-প্যাসিফিক সোনারগাঁওয়ে অনুষ্ঠিতব্য এ সম্মেলনের উদ্বোধন করবেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। বিশেষ অতিথি থাকবেন খাদ্যমন্ত্রী মো. কামরুল ইসলাম। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

ক. **যায়যায়দিন :** রাজধানীতে মানুষের চলাচলে গতি আনতে এলিভেটেড এক্সপ্রেসওয়ে ও পাতাল রেল নির্মাণের বিষয়টি দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন বলে মতপ্রকাশ।

খ. **জনকণ্ঠ :** দেশের বাইরে অবস্থানরত বাংলাদেশের নাগরিকরা বিভিন্ন ধরনের নিরাপত্তাজনিত সংকটে পড়েন উল্লেখ করে এ ব্যাপারে সংশ্লিষ্ট দেশের দূতাবাস আন্তরিকভাবে তৎপর হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **ইত্তেফাক :** বিদেশ থেকে গরু আমদানি কমিয়ে এনে দেশে গবাদিপশু উৎপাদনের ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ :** বন্যার কারণে দেশের উত্তর ও দক্ষিণাঞ্চলের সঙ্গে রাজধানীর যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে এবং পানির স্রোতে ভেঙে গেছে জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের ১৮টি স্থান উল্লেখ করে দ্রুত যোগাযোগ কাঠামো সংস্কারের সুপারিশ।

ঙ. **যুগান্তর, ডেইলি সান, ডেইলি স্টার, নিউ এজ :** ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এর 'পাসপোর্ট সেবায় সুশাসন : চ্যালেঞ্জ ও করণীয়' শীর্ষক এক গবেষণা প্রতিবেদনে পাসপোর্ট সেবা গ্রহীতাদের ৫৫ দশমিক ২ শতাংশ বিভিন্ন দুর্নীতি ও অনিয়মের শিকার হচ্ছেন এ তথ্য উঠে আসায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে যথাযথ উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বাল্যবিবাহ প্রতিরোধে গ্রাম্য সমাজসহ সমাজের প্রতিটি স্তরে ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ছ. **অবজারভার :** চট্টগ্রামের জলাবদ্ধতার দুর্ভোগ নিরসনে একনেকের অনুমোদিত ছয় হাজার কোটি টাকার অধিক প্রকল্পের কাজ সফলভাবে বাস্তবায়নের প্রত্যাশা।

জ. **ডেইলি স্টার :** বিদেশে নারী গৃহকর্মীদের নির্যাতনের ঘটনার পরিপ্রেক্ষিতে বিদেশে নারী গৃহকর্মী পাঠানোর আগে কাজের ধরন ও কর্মস্থলের বিষয়ে কর্তৃপক্ষকে খোঁজখবর নিয়ে সে অনুযায়ী ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বন্যাদুর্গত এলাকার অসহায় মানুষের পাশে দাঁড়ানো আমাদের সবার মানবিক কর্তব্য।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'রূপালি ইলিশের স্বীকৃতি দেশের গর্ব'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ইলিশ সংরক্ষণে সবাই সচেতন হলে এর উৎপাদন বৃদ্ধি করা সম্ভব।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৩৬/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ২২ আগস্ট ২০১৭, ৭ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আন্তর্জাতিক সোলার জোটের সদস্য হচ্ছে বাংলাদেশ : মন্ত্রিসভায় প্রস্তাব অনুমোদন
২১ আগস্ট গ্রেনেড হামলার ঘটনায় মন্ত্রিসভায় শোক ও নিন্দা প্রস্তাব

২। পাকিস্তানের সঙ্গে বাংলাদেশের তুলনা মেনে নেওয়া যায় না : প্রধানমন্ত্রী

৩। জঙ্গি তৎপরতা যাচাইয়ে নজরদারি বাড়ানো হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৪। জঙ্গিবাদ নির্মূলে চাই সামাজিক সচেতনতা : আইজিপি

৫। কোরবানির পশুর হাট ও চামড়া নিয়ে নৈরাজ্য হতে দেওয়া হবে না : ডিএমপি কমিশনার

৬। ৩৬ ঘন্টা পর ঢাকার সঙ্গে উত্তর ও দক্ষিণের রেল যোগাযোগ চালু

৭। মানি লন্ডারিং প্রতিরোধ সূচকে বাংলাদেশের ২৮ ধাপ উন্নতি

৮। বিশেষ সুবিধা মিলবে শিল্পের কাঁচামাল আমদানিতে : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

৯। নায়করাজ রাজ্জাকের মহাপ্রয়াণ : চলচ্চিত্র ও সংস্কৃতি অঙ্গণে শোকের ছায়া

১০। নদী ভাঙনের মারাত্মক ঝুঁকিপূর্ণ ২৯টি স্থান চিহ্নিত

চলমান পাতা-২

**১। আন্তর্জাতিক সোলার জোটের সদস্য হচ্ছে বাংলাদেশ : মন্ত্রিসভায় প্রস্তাব অনুমোদন**
**২১ আগস্ট গ্রেনেড হামলার ঘটনায় মন্ত্রিসভায় শোক ও নিন্দা প্রস্তাব**

সৌরশক্তি বাড়াতে বিদ্যমান অন্তরায় দূর করাসহ এ সংক্রান্ত সমন্বিত বিভিন্ন উদ্যোগে যুক্ত হতে আন্তর্জাতিক সোলার জোটের (আইএসএ) সদস্য হচ্ছে বাংলাদেশ। গতকাল ২১ আগস্ট সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে 'ফ্রেমওয়ার্ক এগ্রিমেন্ট অন দ্য এস্টাবলিশমেন্ট অব দ্য ইন্টারন্যাশনাল সোলার অ্যালায়েন্স' অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) এনএম জিয়াউল আলম এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)।

এছাড়া রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউতে ২০০৪ সালের ২১ আগস্ট আওয়ামী লীগের সন্ত্রাসবিরোধী সমাবেশে গ্রেনেড হামলার ঘটনায় মন্ত্রিসভায় শোক ও নিন্দা প্রস্তাব গ্রহণ করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২),

**২। পাকিস্তানের সঙ্গে বাংলাদেশের তুলনা মেনে নেওয়া যায় না : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, পাকিস্তানের সঙ্গে বাংলাদেশের তুলনা করা কিছুতেই মেনে নেওয়া যায় না। উচ্চ আদালতে পাকিস্তানের সঙ্গে বাংলাদেশকে তুলনা করার তীব্র সমালোচনা করে প্রধানমন্ত্রী বলেন, কেন বাংলাদেশকে পাকিস্তান এবং পাকিস্তানের প্রধানমন্ত্রীর সঙ্গে তুলনা করা হবে। আমাকে এ ধরনের হুমকি দিয়ে কোনো লাভ হবে না। এজন্য জনতার আদালতে বিচার প্রার্থনা করেন প্রধানমন্ত্রী। গতকাল ২১ আগস্ট সোমবার রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে ২০০৪ সালের ২১ আগস্ট গ্রেনেড হামলায় শহিদদের স্মরণে আয়োজিত আলোচনা সভার ভাষণে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক, প্রথম আলো, জনকণ্ঠ, ইনকিলাব, যুগান্তর, সমকাল, ডেইলি সান, নিউজ টুডে, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩। জঙ্গি তৎপরতা যাচাইয়ে নজরদারি বাড়ানো হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠানসহ সামাজিক-সাংস্কৃতিক সংগঠনগুলোতে জঙ্গি তৎপরতা রয়েছে কিনা তা যাচাই করতে সরকার নজরদারি বাড়াবে। মাদ্রাসা বোর্ডের পাঠ্যপুস্তকে জঙ্গিবাদকে উদ্বুদ্ধ করে এমন কোনো বিষয় রয়েছে কিনা সেটিও খতিয়ে দেখা হচ্ছে। জঙ্গিবাদ প্রতিরোধে সামাজিক আন্দোলনের পাশাপাশি গোয়েন্দা নজরদারি অব্যাহত থাকবে। গতকাল ২১ আগস্ট সোমবার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে জঙ্গিবাদ প্রতিরোধে সরকার গঠিত কমিটির বৈঠক শেষে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৫)।

**৪। জঙ্গিবাদ নির্মূলে চাই সামাজিক সচেতনতা : আইজিপি**

হলি আর্টিজানের ঘটনার পর সারাদেশে জঙ্গিদের সাথে আরো ২৩টি সম্মুখযুদ্ধের ঘটনা ঘটলেও এখনও জঙ্গিবাদ নির্মূল করা সম্ভব হয়নি। জঙ্গিবাদ নির্মূলে শুধু আইনের ব্যবহার নয়, একই সাথে ব্যাপক সামাজিক সচেতনতা তৈরির প্রয়োজন রয়েছে। নতুন করে যাতে আরো জঙ্গি তৈরি না হয় সেজন্য পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, সামাজিক সংগঠন সবাইকে কাজে লাগাতে হবে। গতকাল ২১ আগস্ট সোমবার এফডিসিতে ব্র্যাক, ডিবেট ফর ডেমোক্রেসি ও এটিএন বাংলা আয়োজিত বিতর্ক বিকাশের ফাইনাল বিতর্কে প্রধান অতিথি হিসেবে পুলিশের আইজি একেএম শহীদুল হক এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **যুগান্তর** (পৃ.১৬,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.২)।

**৫। কোরবানির পশুর হাট ও চামড়া নিয়ে নৈরাজ্য হতে দেওয়া হবে না : ডিএমপি কমিশনার**

ডিএমপি কমিশনার আছাদুজ্জামান মিয়া জানিয়েছেন, কোরবানির পশুর হাট ও চামড়া নিয়ে কোনো নৈরাজ্য হতে দেওয়া হবে না। গতকাল ২১ আগস্ট সোমবার ডিএমপি হেডকোয়ার্টার্সে কোরবানির পশুর হাটের নিরাপত্তা সংক্রান্ত এক সমন্বয় সভায় তিনি এ কথা বলেন। তিনি জানান, এবারের কোরবানির পশুর হাটে তিন স্তরের নিরাপত্তা ব্যবস্থা গৃহীত হয়েছে। তার মধ্যে পশুরহাট কেন্দ্রিক মানি এস্কর্ট, জালনোট

শনাক্তকরণ এবং চামড়া ক্রয়-বিক্রয় ও পাচার রোধ সংক্রান্ত নিরাপত্তা ব্যবস্থা। ডিএমপি কমিশনার জানান, ঢাকা শহরে অনুমোদিত ২৩ পশুর হাটে থাকবে পুলিশের কঠোর নজরদারি। পশুবাহী ট্রাক যেখানে যেতে চায় সেখানে যেতে দিতে হবে। কোনো অবস্থায় বাধা দেওয়া যাবেনা। এটি সরকারি নির্দেশ। তিনি জানান, ঈদে পশুর হাট চলবে তিন দিন। ঈদের ৩ দিন আগে কোরবানির হাট ও তার ২ দিন আগে থাকবে প্রস্তুতি। সূত্র-**জনকন্ঠ** (শেষ পৃ.,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.২ ), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.৩)।

**৬। ৩৬ ঘন্টা পর ঢাকার সঙ্গে উত্তর ও দক্ষিণের রেল যোগাযোগ চালু**

বঙ্গবন্ধু সেতুর ওপর দিয়ে ঢাকার সঙ্গে উত্তর-দক্ষিণের রেলযোগাযোগ ৩৬ ঘন্টা পর পুনরায় চালু হয়েছে। গতকাল ২১ আগস্ট সোমবার ৫টা ২৩ মিনিটে রংপুর থেকে ঢাকাগামী রংপুর এক্সপ্রেস ট্রেনটি মেরামতকৃত রেলসেতু প্রথম পার হওয়ার মধ্য দিয়ে যাত্রীবাহী ট্রেন চলাচল পুনরায় শুরু হয়। এসময় রেলওয়ের পশ্চিমাঞ্চলের জেনারেল ম্যানেজার খায়রুল আলম, পাকশি ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার অসীম কুমার তালুকদার ও রেলওয়ের পশ্চিমাঞ্চলের প্রধান প্রকৌশলী রমজান আলীসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এই রেলসেতুর সংযোগ অংশের মাটি ধসার কারণে এই রেল সড়কে ট্রেন চলাচল বন্ধ ছিল। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২),

**৭। মানি লন্ডারিং প্রতিরোধ সূচকে বাংলাদেশের ২৮ ধাপ উন্নতি**

মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে আন্তর্জাতিক সূচকে বাংলাদেশের ২৮ ধাপ উন্নতি হয়েছে। সবচেয়ে দ্রুত উন্নয়ন করেছে এমন ১০টি দেশের তালিকায়ও রয়েছে বাংলাদেশ। সারা বিশ্বের ১৪৬টি দেশের মধ্যে ঝুঁকির তালিকায় বাংলাদেশের অবস্থান ৮২, গত বছর যা ৫৪ নম্বরে ছিল। এর মাধ্যমে উচ্চ ঝুঁকির তালিকা থেকে বেরিয়ে বাংলাদেশ মধ্যম ঝুঁকির তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে। বাংলাদেশ ব্যাংক গতকাল ২১ আগস্ট সোমবার বাংলাদেশের এই অগ্রগতির তথ্য জানিয়েছে। সুইজারল্যান্ডভিত্তিক ব্যাসেল ইনস্টিটিউট অন গভর্ন্যান্স মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন ঝুঁকি নিরূপণ করে গত ছয় বছর ধরে এ সূচক প্রকাশ করে আসছে। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.৪), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৪)।

**৮। বিশেষ সুবিধা মিলবে শিল্পের কাঁচামাল আমদানিতে : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

শিল্পের কাঁচামাল আমদানির ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন ছাড়াই স্বল্প মেয়াদের বায়ার্স ক্রেডিটে ব্যাংক গ্যারান্টি প্রদানের সুযোগ দেওয়া হয়েছে। এখন থেকে ব্যাংকগুলো আমদানিকারকের নিজস্ব শিল্প প্রতিষ্ঠানে ব্যবহারের জন্য কাঁচামাল আমদানিতে ১৮০ দিন পর্যন্ত বায়ার্স ক্রেডিটে গ্যারান্টি প্রদান করতে পারবে। বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ গতকাল ২১ আগস্ট সোমবার এ বিষয়ে এক প্রজ্ঞাপন জারি করে বলেছে, স্বল্প মেয়াদে শিল্পে ব্যবহৃত কাঁচামাল আমদানিতে ইন্টারন্যাশনাল ইসলামিক ট্রেড ফাইন্যান্স করপোরেশনের (আইআইটিএফসি) অনুকূলে ব্যাংকগুলো গ্যারান্টি ইস্যু করতে পারবে। এ জন্য বাংলাদেশ ব্যাংকের কোনো অনুমোদনের প্রয়োজন হবে না। তবে ব্যাংককে অবশ্যই ঋণ নিয়মাচার যথাযথভাবে পরিপালন করতে হবে। সে ক্ষেত্রে একক গ্রাহক ঋণসীমা কোনো অবস্থায় অতিক্রম করে অর্থায়ন করা যাবে না। সূত্র-**প্রথম আলো** (পৃ.১২,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৭)।

**৯। নায়করাজ রাজ্জাকের মহাপ্রয়াণ : চলচ্চিত্র ও সংস্কৃতি অঙ্গণে শোকের ছায়া**

দেশীয় চলচ্চিত্রের কিংবদন্তি অভিনেতা নায়করাজ রাজ্জাক আর নেই। ঢাকায় ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গতকাল ২১ আগস্ট সোমবার সন্ধ্যা ৬ টা ১৩ মিনিটে তিনি মৃত্যুবরণ করেন। তিনি স্ত্রী, পুত্র, কন্যাসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তাঁর মৃত্যুতে চলচ্চিত্রাঙ্গণে শোকের ছায়া নেমে আসে। নায়করাজের মৃত্যুতে শোকবার্তা দিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বিরোধীদলীয় নেতা রওশন এরশাদ, বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াসহ বিভিন্ন সামাজিক,

সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধিরা। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)।

**১০। নদী ভাঙনের মারাত্মক ঝুঁকিপূর্ণ ২৯টি স্থান চিহ্নিত**

দেশের ২৯টি স্থান চলতি বছরে নদী ভাঙনের মারাত্মক ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত হয়েছে। স্যাটেলাইটে প্রাপ্ত তথ্যের ওপর গবেষণা করে পানিসম্পদ মন্ত্রণালয়ের ট্রাস্টি প্রতিষ্ঠান সেন্টার ফর এনভায়রনমেন্টাল অ্যান্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (সিইজিআইএস) এই কাজটি করেছে। ভাঙনের তীব্রতা ও সম্ভাব্য ক্ষয়ক্ষতি ঝুঁকির ওপর ভিত্তি করে ব্র্যাক কুড়িগ্রামের রৌমারী, বগুড়ার সারিয়াকান্দি, রাজবাড়ির পাংশা ও কালুখালী এবং শরীয়তপুরের জাজিরা ও নড়িয়া উপজেলার মানুষকে সতর্ক করার কাজ করছে। গতকাল ২১ আগস্ট সোমবার স্থানীয় পর্যায়ে নদীভাঙনের ঝুঁকি, পূর্বাভাস, সতর্কীকরণ, প্রচার ও করণীয় বিষয়ক পরামর্শসভায় এ তথ্য দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** আমাদের দেশ বন্যার ঝুঁকি কবলিত হওয়ায় স্থায়ীভাবে আশ্রয়কেন্দ্র নির্মাণের ওপর গুরুত্বারোপ।

**খ.** **ভোরের কাগজ, জনকণ্ঠ, ডেইলি সান :** বন্যাদুর্গতদের তিন মাস পর্যন্ত সব ধরনের ত্রাণ সহায়তা দেওয়ার ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা উল্লেখ করে তাঁর এ আশ্বাসের সফল বাস্তবায়ন কামনা।

**গ.** **যুগান্তর, যায়যায়দিন :** প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার উদ্দেশ্যে কোটালীপাড়ায় ৭৬ কেজি ওজনের বোমা পুঁতে রাখার মামলার রায়ে ১০ জনকে গুলি করে মৃত্যুদণ্ড কার্যকরের আদেশ দেওয়ায় ন্যায়বিচার নিশ্চিত হয়েছে বলে মত প্রকাশ।

**ঘ.** **যায়যায়দিন :** সরকারের আগামী সেপ্টেম্বর থেকে ১০ টাকা কেজি দরে চাল বিক্রির সিদ্ধান্ত নেওয়ার কথা উল্লেখ করে এ কর্মসূচিতে সব ধরনের অনিয়ম ও দুর্নীতি রোধ করে প্রকৃত হতদরিদ্রদের সুফল প্রাপ্তি যেন নিশ্চিত হয় সেদিকে নজর রাখার সুপারিশ।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** বিগত ১০ বছরে ধীরে ধীরে কুয়াকাটা সমুদ্র সৈকতের ৩৩ কিলোমিটার সমুদ্রে বিলীন হয়ে কুয়াকাটা সৈকত সমুদ্র ভাঙনে হুমকির মুখে পড়ায় দেশের অর্থনীতির স্বার্থে ভাঙন প্রতিরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**চ.** **ডেইলি সান :** ঈদ-উল-আজহার ছুটির আগেই গার্মেন্টস শ্রমিকদের প্রাপ্য বকেয়া ও বেতন পরিশোধ করতে গার্মেন্টস মালিকদের প্রতি আহ্বান।

**ছ.** **নিউজ টুডে :** এন আর বি বাণিজ্যিক ব্যাংকের বিতরণকৃত ৭০১ কোটি টাকার অধিকাংশই ব্যাংকিং বিধি-বিধান ভঙ্গ করে ব্যাংকের পরিচালকদের মধ্যে বিতরণ করার বিষয় তুলে ধরে সরকারকে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**জ.** **নিউ এজ :** প্রায় এক বছর আগে গাইবান্ধার শাহেবগঞ্জের রংপুর সুগার মিলের জমি থেকে বিতাড়িত সাঁওতাল শিশুদের প্রাতিষ্ঠানিক শিক্ষা ব্যাহত হওয়ায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে মানবাধিকারের স্বার্থে এ ব্যাপারে দ্রুত যথাযথ ব্যবস্থা গ্রহণের আহ্বান।

**ঝ.** **ফিনানশিয়াল এক্সপ্রেস :** বন্যায় সারা দেশের রাস্তা-ঘাটের ব্যাপক ক্ষতিতে কোরবানির পশু পরিবহণে সমস্যা দেখা দেওয়ায় অতিদ্রুত সড়কগুলো মেরামত করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'যুবসমাজের সম্ভাবনা নষ্ট করে দিচ্ছে ইয়াবা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ইয়াবার সর্বগ্রাসী থাবা থেকে আমাদের যুবসমাজকে বাঁচাতে হলে সবাইকে একযোগে সচেষ্ট হতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৩৫/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ২১ আগস্ট ২০১৭, ৬ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ফসল ঘরে তোলা পর্যন্ত ত্রাণ দেওয়া হবে : বন্যাদুর্গত দিনাজপুর ও কুড়িগ্রামে প্রধানমন্ত্রী

২। কোটালীপাড়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যাপ্রচেষ্টার মামলায় ১০ জনের মৃত্যুদণ্ড : গুলি করে দণ্ড কার্যকরের নির্দেশ

৩। বঙ্গবন্ধুর আদর্শ আমাদের প্রেরণার উৎস : রাষ্ট্রপতি

৪। নতুন প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নে কাজ করতে হবে : শিক্ষামন্ত্রী

৫। বন্যায় সড়কের ৪১ পয়েন্টে ক্ষতি হয়েছে : সড়কমন্ত্রী

৬। বঙ্গবন্ধুর দূরদর্শী সিদ্ধান্তে জ্বালানি খাত শক্ত ভিত্তির ওপর দাঁড়িয়েছে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৭। বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত খুনি ছাড়াও নেপথ্য ষড়যন্ত্রকারীদের বিচার করতে হবে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

৮। ঈদে নিরাপত্তা নিশ্চিতে গোয়েন্দা নজরদারি বাড়ছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৯। ভয়াল ২১ আগস্ট আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

১০। কোরবানির পশুর চামড়ার দাম গত বছরের মতোই : ঢাকায় গরুর চামড়া প্রতি বর্গফুট ৫০-৫৫ টাকা নির্ধারণ

চলমান পাতা-২

**১। ফসল ঘরে তোলা পর্যন্ত ত্রাণ দেওয়া হবে : বন্যাদুর্গত দিনাজপুর ও কুড়িগ্রামে প্রধানমন্ত্রী**

বন্যাদুর্গতরা তাদের ফসল ঘরে তোলার আগ পর্যন্ত ত্রাণসামগ্রী পাবেন বলে আশ্বস্ত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, বন্যাদুর্গতদের নতুন ফসল ঘরে তোলার আগ পর্যন্ত আগামী তিন মাস খাদ্য সাহায্য চলবে। দুর্গতরা সবাই যেন খাদ্য সহায়তা পেতে পারে সে জন্যই এ ব্যবস্থা হচ্ছে এবং এটি অব্যাহত থাকবে। ১০ টাকা কেজি দরে ৫০ লাখ পরিবারের মধ্যে চাল বিতরণ করা হবে জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, প্রত্যেকের কাছেই ত্রাণসামগ্রী পৌঁছবে। আপনাদের একটু ধৈর্য ধরে অপেক্ষা করতে হবে এবং আমাদের ওপর আস্থা রাখতে হবে। গতকাল ২০ আগস্ট রোববার দিনাজপুর জেলা স্কুলে বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণের আগে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** ( শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

**২। কোটালীপাড়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যাপ্রচেষ্টার মামলায় ১০ জনের মৃত্যুদণ্ড : গুলি করে দণ্ড কার্যকরের নির্দেশ**

গোপালগঞ্জের কোটালীপাড়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যাচেষ্টার মামলার রায়ে ১০ আসামিকে দোষী সাব্যস্ত করে মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছে আদালত এবং তাদের গুলি করে দণ্ড কার্যকরের নির্দেশ দেওয়া হয়। গতকাল ২০ আগস্ট রোববার ঢাকার দ্রুত বিচার ট্রাইব্যুনাল-২ এর বিচারক মমতাজ বেগম এ দণ্ডাদেশ দেন। একই আদালত গোপালগঞ্জ থানায় দায়ের করা বিস্ফোরক দ্রব্য আইনের অপর একটি মামলায় দোষী সাব্যস্ত করে ৯ জনকে ২০ বছর কারাদণ্ডে দণ্ডিত করেছে। মৃত্যুদণ্ডের আদেশপ্রাপ্ত আসামিরা নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হরকাতুল জিহাদ (হুজি) সদস্য। অপর মামলার দোষী সাব্যস্ত আসামিরাও জঙ্গি সংগঠনের সদস্য। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৩। বঙ্গবন্ধুর আদর্শ আমাদের প্রেরণার উৎস : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বঙ্গবন্ধুর নীতি ও আদর্শকে সব প্রেরণার উৎস হিসেবে বর্ণনা করে মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস জানার জন্য ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, বঙ্গবন্ধুকে হত্যার পর স্বাধীনতাবিরোধী শক্তি মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃত এবং বিভিন্নভাবে নতুন প্রজন্মকে বিভ্রান্ত করার অপচেষ্টা চালায়। তাই বাংলাদেশের প্রকৃত ইতিহাস জানতে হবে। জাতীয় শোক দিবস উপলক্ষে গতকাল ২০ আগস্ট রোববার ইডেন মহিলা কলেজ আয়োজিত আলোচনা সভায় রাষ্ট্রপতি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৪। নতুন প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নে কাজ করতে হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নই আমাদের লক্ষ্য। তাঁর স্বপ্নের বাস্তবায়নে আমরা কাজ করে যাব। এটাই আমাদের শপথ। তিনি শিক্ষার্থীদের বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নে কাজ করার আহ্বান জানান। মন্ত্রী গতকাল ২০ আগস্ট রোববার ঢাকা কলেজ অডিটরিয়ামে স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীদের উদ্দেশে বক্তৃতাকালে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৭)।

**৫। বন্যায় সড়কের ৪১ পয়েন্টে ক্ষতি হয়েছে : সড়কমন্ত্রী**

উজানের পানি ও বন্যার কারণে উত্তরাঞ্চলসহ দেশের বিভিন্ন স্থানের সড়ক-মহাসড়কের ৪১ পয়েন্টে ক্ষতি হয়েছে। তাই এবারও ঈদযাত্রা স্বস্তিদায়ক করাটা চ্যালেঞ্জিং বলে জানিয়েছেন সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল ২০ আগস্ট রোববার সচিবালয়ে সড়ক ও সেতু মন্ত্রণালয়ের সভাকক্ষে দেশে চলমান বন্যায় সড়ক-মহাসড়কের সার্বিক অবস্থা এবং ঈদ প্রস্তুতি নিয়ে এক জরুরি সংবাদ সম্মেলনে তিনি এই মন্তব্য করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১৬,ক.৮)।

৬। **বঙ্গবন্ধুর দূরদর্শী সিদ্ধান্তে জ্বালানি খাত শক্ত ভিত্তির ওপর দাঁড়িয়েছে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দূরদর্শী সিদ্ধান্তের কারণেই বাংলাদেশের জ্বালানি খাত একটি শক্ত ভিত্তির ওপর দাঁড়িয়েছে। গতকাল ২০ আগস্ট রোববার রাজধানীর বিদ্যুৎ ভবনে জাতির পিতার ৪২তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে পিডিবি আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪),

৭। **বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত খুনি ছাড়াও নেপথ্য ষড়যন্ত্রকারীদের বিচার করতে হবে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মস্বীকৃত খুনি ছাড়াও পর্দার অন্তরালে থাকা নেপথ্য ষড়যন্ত্রকারীদের বিচারের আওতায় আনতে হবে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসের সম্মেলন কক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবসের আলোচনা সভায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৭), **ইত্তেফাক** (পৃ.৫,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১৬,ক.৫)।

৮। **ঈদে নিরাপত্তা নিশ্চিতে গোয়েন্দা নজরদারি বাড়ছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, আসন্ন ঈদুল আজহায় ঘরমুখো মানুষের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে দেশব্যাপী গোয়েন্দা নজরদারি বাড়ানো হবে। আর ঈদে বাড়ি ফেরা মানুষের ভোগান্তি কমাতে আগামী ২৮ আগস্ট থেকে পর্যায়ক্রমে পোশাক শ্রমিকদের ছুটি শুরু হবে এবং তার আগেই বোনাস (উৎসব ভাতা) পরিশোধ করতে হবে। গতকাল ২০ আগস্ট রোববার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে 'ঈদুল আজহা উপলক্ষে আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা, শিল্পাঞ্চলে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে করণীয়' শীর্ষক এক বৈঠক শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৭,ক.২), **ভোরের কাগজ** বাণিজ্য পাতা (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

৯। **ভয়াল ২১ আগস্ট আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

রক্তস্নাত বিভীষিকাময় ২১ আগস্ট আজ। ভয়াল বিস্ফোরণ, বীভৎস, রাজনৈতিক হত্যাযজ্ঞের দিন আজ। নারকীয় গ্রেনেড হামলার ত্রয়োদশ বার্ষিকী। ২০০৪ সালের এই দিনে বঙ্গবন্ধু এভিনিউতে আওয়ামী লীগের সমাবেশে নারকীয় গ্রেনেড হামলা বাংলাদেশে এক কলঙ্কময় অধ্যায়ের জন্ম দেয়। বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয় প্রাঙ্গণ এদিন মুহূর্তেই পরিণত হয়েছিল মৃত্যুপুরীতে। তৎকালীন বিরোধী দলীয় নেত্রী, আওয়ামী লীগ সভানেত্রী ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার উদ্দেশ্যে এই গ্রেনেড হামলা চালানো হয়। শোকাবহ আগস্টে গ্রেনেড হামলা উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.১,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

১০। **কোরবানির পশুর চামড়ার দাম গত বছরের মতোই**
**: ঢাকায় গরুর চামড়া প্রতি বর্গফুট ৫০-৫৫ টাকা নির্ধারণ**

এবারও কোরবানির চামড়ার দাম গত বছরের মতোই রাখা হয়েছে। ট্যানারি ব্যবসায়ীরা এবার ঢাকায় প্রতি বর্গফুট গরুর চামড়া কিনবেন ৫০ থেকে ৫৫ টাকায়। ঢাকার বাইরে এর দাম হবে ৪০ থেকে ৪৫ টাকা। এছাড়া সারাদেশে খাসির চামড়া প্রতি বর্গফুট ২০-২২ টাকা এবং বকরির চামড়া প্রতি বর্গফুট ১৫-১৭ টাকায় সংগ্রহ করা হবে। গতকাল ২০ আগস্ট রোববার বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে চামড়া শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন পক্ষের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ এই দাম ঘোষণা করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, ইন্ডিপেনডেন্ট :** টানা দুইমাস বৃষ্টি আর জলাবদ্ধতার পর চট্টগ্রামের রাস্তা-ঘাটের বেহাল দশার কথা উল্লেখ করে জনদুর্ভোগ লাঘবে দ্রুত সড়কগুলো সংস্কারের ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** বন্যার অজুহাতে বাজারে সব ধরনের নিত্যপণ্যের মূল্য বৃদ্ধিতে উদ্বেগ প্রকাশ করে নিত্যপণ্যের বাজার স্থিতিশীল রাখতে খাদ্য মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মনিটরিং ব্যবস্থা জোরদার করার সুপারিশ।

গ. **যায়যায়দিন :** বন্যা কবলিত এলাকায় পর্যাপ্ত ত্রাণ সরবরাহের ওপর গুরুত্বারোপ।

ঘ. **প্রথম আলো, ডেইলি স্টার :** কর্মক্ষেত্রে নির্মাণ শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিত করার সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** জাতীয় সামাজিক নিরাপত্তা প্রোগ্রামের আওতায় নেওয়া বয়স্ক ভাতার পরিমাণ বাড়ানোসহ প্রয়োজনে বয়স্ক ভাতাধারীদের সংখ্যা বাড়ানোর সুপারিশ।

চ. **ডেইলি সান :** পাঁচটি বেসরকারি মেডিকেল কলেজের মানসম্পন্ন শিক্ষা ব্যবস্থার সুযোগ না থাকায় অতি দ্রুত আইনি পদক্ষেপ গ্রহণের দ্বারা তাদের প্রাতিষ্ঠানিক কার্যক্রম বন্ধ করার আহ্বান।

ছ. **ডেইলি স্টার :** পঙ্গু হাসপাতালের ব্যবহৃত বিষাক্ত বর্জ্য উন্মুক্ত স্থানে ফেলে রাখায় তা জনস্বাস্থ্যের জন্য হুমকি হওয়ায় জনস্বার্থে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ ব্যাপারে দ্রুত ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

জ. **নিউজ টুডে :** কৃষি, গার্মেন্টস ও বস্ত্রখাতে শ্রমিকদের দক্ষতা বাড়াতে নারী ও পুরুষ উভয় শ্রমিকের প্রশিক্ষণের ওপর গুরুত্বারোপ।

ঝ. **নিউ এজ :** সাভার ট্যানারি শিল্পের দ্বারা যেন হাজারিবাগের মতো পরিবেশ দূষণের অবস্থা তৈরি না হয় সে বিষয়ে সতর্ক থাকার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, জঙ্গিবাদ মোকাবিলায় সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **‘শিশুর সৃজনশীলতার বিকাশ ও আমাদের শিক্ষা ব্যবস্থা’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিশুর জীবনমান বৃদ্ধির জন্য সৃজনশীল শিক্ষা ব্যবস্থার বিকল্প নেই।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৩৪/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ২০ আগস্ট ২০১৭, ৫ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রী আজ দিনাজপুর ও কুড়িগ্রাম যাচ্ছেন

২। কুড়িগ্রামের ভেঙে যাওয়া বন্যা নিয়ন্ত্রণ বাঁধ মেরামত দ্রুত শেষ হবে : পানিসম্পদ মন্ত্রী

৩। বাণিজ্য সক্ষমতা বৃদ্ধি করে ২০২১ সালে ৬০ বিলিয়ন ডলার রফতানি আয় করা হবে : বাণিজ্যমন্ত্রী

৪। বঙ্গবন্ধু হত্যা প্রতিরোধে দায়িত্ব পালনে ব্যর্থদের জবাব দিতে হবে : আইনমন্ত্রী

৫। আগামী বছরই সবার ঘরে বিদ্যুৎ : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৬। পুলিশ সদস্যদের মামলার তদন্তে নিরপেক্ষ হতে হবে : আইজিপি

৭। সাইবার অপরাধ নিয়ন্ত্রণের সক্ষমতা বৃদ্ধির চেষ্টা চলছে : ডিএমপি কমিশনার

চলমান পাতা-২

১। **প্রধানমন্ত্রী আজ দিনাজপুর ও কুড়িগ্রাম যাচ্ছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ২০ আগস্ট রোববার দিনাজপুর ও কুড়িগ্রামে বন্যাকবলিত এলাকা পরিদর্শন এবং বন্যার্তদের মধ্যে ত্রাণ বিতরণ করবেন। প্রধানমন্ত্রী প্রথমে দিনাজপুর যাবেন। তিনি বেলা **১১**টায় দিনাজপুর জিলা স্কুল আশ্রয়কেন্দ্রে বন্যার্তদের মধ্যে ত্রাণ বিতরণ করবেন। পরে তিনি বিরল উপজেলার ফরাক্কাবাদ ইউনিয়নের তেঘরা উচ্চ বিদ্যালয় আশ্রয়কেন্দ্রে গিয়ে ত্রাণ বিতরণ করবেন। দুপুর আড়াইটায় তিনি কুড়িগ্রাম জেলার উদ্দেশে রওনা দেবেন। সেখানে তিনি রাজারহাটে বন্যার্তদের মধ্যে ত্রাণ বিতরণ করবেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

২। **কুড়িগ্রামের ভেঙে যাওয়া বন্যা নিয়ন্ত্রণ বাঁধ মেরামত দ্রুত শেষ হবে : পানিসম্পদ মন্ত্রী**

পানিসম্পদ মন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেছেন, কুড়িগ্রামে ভেঙে যাওয়া বন্যা নিয়ন্ত্রণ বাঁধ এক সপ্তাহের মধ্যে মেরামত শুরু হবে এবং ত্বরিত গতিতে কাজ শেষ করা হবে। মন্ত্রী গতকাল **১৯** আগস্ট শনিবার কুড়িগ্রাম সদর উপজেলার কাঁঠালবাড়ী ইউনিয়নের বাংটুর ঘাট এলাকায় বন্যায় ভেঙে যাওয়া বাঁধ পরিদর্শনে এসে এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.১)।

৩। **বাণিজ্য সক্ষমতা বৃদ্ধি করে ২০২১ সালে ৬০ বিলিয়ন ডলার রফতানি আয় করা হবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী  তোফায়েল আহমেদ বলেছেন, প্রতিযোগিতামূলক বিশ্ব বাণিজ্যে সক্ষমতা অর্জনের জন্য বাংলাদেশ কাজ করে যাচ্ছে। দেশীয় শিল্পের সুরক্ষা দিয়ে বাংলাদেশ আমদানি ও রফতানি নীতি গ্রহণ করে। আগামী ২০২১ সালের মধ্যে ৬০ বিলিয়ন মার্কিন ডলার রপ্তানির লক্ষ্যমাত্রা নিয়ে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। ডব্লিউটিও এর দেওয়া বাণিজ্য সুবিধা গ্রহণের জন্য পেপারলেস বাণিজ্যে সক্ষমতা অর্জনের প্রস্তুতি চলছে। শ্রীলংকার সাথে ফ্রি ট্রেড এগ্রিমেন্ট (এফটিএ) স্বাক্ষর করা হচ্ছে। মন্ত্রী বলেন, ডব্লিউটিও-এর সিদ্ধান্ত মোতাবেক ইউরোপিয় ইউনিয়ন, অস্ট্রেলিয়া, কানাডা, চীন, ভারতসহ বিভিন্ন উন্নত দেশের দেওয়া বাণিজ্য সুবিধা কাজে লাগিয়ে বাংলাদেশের বৈদেশিক বাণিজ্য এগিয়ে যাচ্ছে। বৈদেশিক বাণিজ্যের ভলিউম বৃদ্ধির সাথে সাথে বাংলাদেশ চট্টগ্রাম, মংলা বন্দরের পাশাপাশি পানগাঁও ও পায়রা সমুদ্র বন্দর চালু করেছে, রাস্তাঘাট সম্প্রসারণ করা হচ্ছে। বৈদেশিক বাণিজ্য বৃদ্ধির সাথে সাথে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের বিকল্প নেই। বাংলাদেশ, ভুটান, ইন্ডিয়া, নেপাল (বিবিআইএন) এবং বাংলাদেশ চীন, ইন্ডিয়া, মায়ানমার (বিসিআইএম) কানেকটিভিটি বাস্তবায়নে বাংলাদেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে কাজ করে যাচ্ছে। বাণিজ্যমন্ত্রী গতকাল **১৯** আগস্ট শনিবার ঢাকায় সেন্টার ফর গভর্নেন্স স্টাডিজ (সিজিএস) আয়োজিত বাংলাদেশ ইন্সটিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্রাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) এর মিলনায়তনে 'বাংলাদেশ ইন রিজিওনাল ট্রেড এন্ড কানেকটিভিটি : এ পলিটিকো-ইকোনমিক অ্যাসেসমেন্ট' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.২), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৪)।

৪। **বঙ্গবন্ধু হত্যা প্রতিরোধে দায়িত্ব পালনে ব্যর্থদের জবাব দিতে হবে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, বঙ্গবন্ধুর খুনীরা যেখানেই পালিয়ে থাকুক না কেন তাদেরকে খুঁজে বের করে এনে সাজা কার্যকর করা হবে। তিনি বলেন, **১৯৭৫** সালের **১৫** আগস্ট কালরাতে বঙ্গবন্ধু হত্যাকাণ্ড প্রতিরোধ করতে অনেকেই তাদের দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছেন। তারা কেন ব্যর্থ হয়েছেন এ প্রশ্নের জবাব তাদেরকেই দিতে হবে। গতকাল **১৯** আগস্ট শনিবার রাজধানীর ধানমন্ডিতে বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের সহযোগিতায় আওয়ামী লীগের তথ্য ও গবেষণা কেন্দ্র আয়োজিত 'বঙ্গবন্ধু হত্যা মামলার পথচলা ও প্রতিবন্ধকতা' সংক্রান্ত এক সেমিনারে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

**৫। আগামী বছরই সবার ঘরে বিদ্যুৎ : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, ২০১৮ সালের (আগামী বছরের) মধ্যে শতভাগ মানুষের কাছে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হবে। তবে মানসম্মত বিদ্যুৎ দেওয়া বড় চ্যালেঞ্জ এজন্য আরও সময় লাগবে। গতকাল **১৯** আগস্ট শনিবার রাজধানীর বিদ্যুৎ ভবনে ফোরাম ফর এনার্জি রিপোর্টার্স, বাংলাদেশ (এফইআরবি) আয়োজিত 'জ্বালানি'র দাম ও জাতীয় অর্থনীতি' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তেব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.**১**২,ক.**১**), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

**৬। পুলিশ সদস্যদের মামলার তদন্তে নিরপেক্ষ হতে হবে : আইজিপি**

পুলিশ সদস্যদের নিরপেক্ষভাবে মামলার তদন্ত প্রতিবেদন প্রদানের নির্দেশ দিয়েছেন পুলিশ মহাপরির্দশক এ কে এম শহিদুল হক। গত **১**৮ আগস্ট শুক্রবার রাজশাহীর চারঘাটের সারদায় আবস্থিত বাংলাদেশ পুলিশ একাডেমিতে ৩৫তম বহিরাগত ক্যাডেট এসআই-**১**৬ ব্যাচের প্রশিক্ষণ সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ নির্দেশনা দেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫)।

**৭। সাইবার অপরাধ নিয়ন্ত্রণের সক্ষমতা বৃদ্ধির চেষ্টা চলছে : ডিএমপি কমিশনার**

জননিরাপত্তায় সাইবার অপরাধ প্রতিরোধে বিশ্বের বিভিন্ন দেশে অ্যাপস ব্যবহারে সীমাবদ্ধতা থাকলেও আমাদের দেশে সেটা নেই। ফলে দিন দিন সাইবার অপরাধের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। কিন্তু দুঃখজনক হলেও এটি প্রতিরোধ করার সক্ষমতা এখনও আমাদের হয়নি, তবে আমরা কাজ করে যাচ্ছি বলে জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনার আছাদুজ্জামান মিয়া। গতকাল **১৯** আগস্ট শনিবার রাজধানীর তেজগাঁওস্থ এফডিসিতে আয়োজিত এক বিতর্ক প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ শেষে এসব কথা জানান তিনি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.**১**),**ইত্তেফাক** (পৃ.৪,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.**১**৯,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.**১**)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** ক্ষুদ্র উদ্যোক্তাদের জামানত ছাড়া **১**০ লাখ টাকা ঋণ গ্রহণের সুবিধা দেওয়ায় তা তাদের উদ্যোগগুলিকে অধিক গতিশীল করবে বলে আশা প্রকাশ।

খ. **ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে** : বন্যাদুর্গত এলাকায় সমন্বিত ও সুপরিকল্পিতভাবে ত্রাণ তৎপরতা জোরদার করার সুপারিশ।

গ. **যুগান্তর** : বৈদেশিক অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পগুলোর গতি বাড়াতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বিশেষ নজরদারির উদ্যোগ নেওয়ায় তা প্রকল্পের গতি বাড়াতে সহায়তা করবে বলে মতপ্রকাশ।

ঘ. **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশি শিশুদের মানসিক স্বাস্থ্যের প্রবৃদ্ধি সন্তোষজনক না হওয়ার পরিপ্রেক্ষিতে বিশেষজ্ঞ মানসিক চিকিৎসকের সেবা প্রাপ্তির সুযোগ বাড়ানোসহ এ ব্যাপারে ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ডেইলি সান :** দেশের ৯০ এর অধিক বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আইন ভঙ্গ করে নানা অবৈধ উপায়ে তাদের কার্যক্রম চালুর রাখার বিষয় তুলে ধরে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি স্টার :** বিগত ছয় বছরে চার বছরের সুনামগঞ্জের হাওর প্রজেক্টের কাজ মাত্র ২০ শতাংশ সম্পন্ন হওয়ায় প্রজেক্টের অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্নে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ছ. **নিউ নেশন, নিউ এজ :** বিগত ২০১৬-১৭ অর্থ বছরে দুর্বল সেবা ও ব্যবস্থাপনাগত অদক্ষতার কারণে বাংলাদেশ রেলওয়ের **১.২২৬** কোটি টাকার লোকসানের বিষয় তুলে ধরে ঢাকা-চট্টগ্রাম রেল লাইনের উন্নয়নের দ্বারা লোকসান কমানোর ওপর গুরুত্বারোপ।

জ. **নিউ এজ, যায়যায়দিন :** কোরবানির পশু ব্যবসায়ীদেরকে চাঁদাবাজদের হয়রানি থেকে সুরক্ষায় সরকারকে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সর্বস্তরে শিশু নির্যাতনের বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে তৃণমূল পর্যায়ে সামাজিক আন্দোলন গড়ে তোলা প্রয়োজন।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'সবুজ নগরীর প্রত্যাশায়'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ঢাকাকে বাড়তি মানুষের হাত থেকে রক্ষা করতে হলে ঢাকার বাইরে মফস্বল শহরে শিল্প-কারখানা গড়ে তোলার ব্যবস্থা করতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৩৩/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ১৭ আগস্ট ২০১৭, ২ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায়ের বিষয়ে সরকারের অবস্থান রাষ্ট্রপতিকে অবহিত করলেন প্রধানমন্ত্রী

২। দেশবাসীর ভাগ্য নিয়ে কেউ যেন ছিনিমিনি খেলতে না পারে সে বিষয়ে সতর্ক থাকার আহ্বান প্রধানমন্ত্রীর

৩। বন্যায় দেশে খাদ্য সংকট দেখা দেবে না : অর্থমন্ত্রী

৪। বন্যাকবলিত এলাকায় চিকিৎসাসেবা নিশ্চিতে স্বাস্থ্যমন্ত্রীর নির্দেশ

৫। চালের আমদানি শুল্ক কমিয়ে ২ শতাংশ করার সিদ্ধান্ত গ্রহণ

৬। বঙ্গবন্ধুর খুনিদের সম্পদ বাজেয়াপ্ত করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। নির্বাহী ম্যাজিস্ট্রেট দিয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় বাধা নেই : রায় ১০ অক্টোবর পর্যন্ত স্থগিত

৮। সুনির্দিষ্ট অভিযোগ ছাড়া পশুর ট্রাক থামানো যাবে না : আইজিপি

৯। বাংলাদেশে মোটরগাড়ি উৎপাদন শিল্পে জাপানি বিনিয়োগ আহ্বান শিল্পমন্ত্রীর

১০। উল্টোপথে গাড়ি চালালেই আইনী ব্যবস্থা : ডিএমপি কমিশনার

চলমান পাতা-২

**১। সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায়ের বিষয়ে সরকারের অবস্থান রাষ্ট্রপতিকে অবহিত করলেন প্রধানমন্ত্রী**

সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায়ের পর্যবেক্ষণ নিয়ে সরকার ও আওয়ামী লীগের অবস্থান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদকে অবহিত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ১৬ আগস্ট বুধবার বঙ্গভবনে গিয়ে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সাক্ষাত করেন প্রধানমন্ত্রী। সরকার ও রাষ্ট্র প্রধানের মধ্যে অনুষ্ঠিত বৈঠকে দেশে চলমান বন্যা পরিস্থিতি ছাড়াও ষোড়শ সংশোধনী বাতিলের রায়ের পর্যবেক্ষণ নিয়েও আলোচনা হয়। বৈঠকে আইনমন্ত্রী আনিসুল হক, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের, এটর্নি জেনারেল মাহবুবে আলমও উপস্থিত ছিলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬),**ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**২। দেশবাসীর ভাগ্য নিয়ে কেউ যেন ছিনিমিনি খেলতে না পারে সে বিষয়ে সতর্ক থাকার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এই দেশের মানুষের ভাগ্য নিয়ে কেউ যেন আর ছিনিমিনি খেলতে না পারে, আর কেউ বাংলাদেশের মানুষের উন্নত জীবন পাওয়ার যে সম্ভাবনা সৃষ্টি হয়েছে তা যেন কেড়ে নিতে না পারে, সে বিষয়ে দেশবাসীকে সতর্ক থাকতে হবে। গতকাল ১৬ আগস্ট বুধবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তজার্তিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ আওয়ামী লীগ আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদতবার্ষিকী উপলক্ষে আলোচনা সভায় সভাপতির ভাষণে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ. ক.১), **সমকাল** (পৃ.১,ক.৭),**ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৩। বন্যায় দেশে খাদ্য সংকট দেখা দেবে না : অর্থমন্ত্রী**

চলমান বন্যা মোকাবিলায় সরকার প্রস্তুত রয়েছে বলে উল্লেখ করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, পরিস্থিতি মোকাবিলা করতে আমরা প্রস্তুত আছি। বন্যায় দেশে খাদ্য সঙ্কট দেখা দেবে না। গতকাল ১৬ আগস্ট বুধবার রাজধানীর একটি হোটেলে সোনালী ব্যাংক ও প্রাণ ডেইরির মধ্যে এক সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

**৪। বন্যাকবলিত এলাকায় চিকিৎসাসেবা নিশ্চিতে স্বাস্থ্যমন্ত্রীর নির্দেশ**

বন্যাকবলিত এলাকায় মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে মেডিকেল টিম গঠন ও প্রয়োজনীয় ওষুধ পাঠানোর নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ১৬ আগস্ট বুধবার রাজধানীর ধানমন্ডির জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমিতে (নায়েম) জাতীয় শোক দিবসের আলোচনা সভায় স্বাস্থ্যমন্ত্রী আরও বলেন, বন্যাকবলিত এলাকার মানুষ যাতে সঠিকভাবে চিকিৎসাসেবা পায়, সেজন্য মেডিকেল টিম ও প্রয়োজনীয় ওষুধ পাঠানোর জন্য স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে নির্দেশ দেওয়া হয়েছে। বন্যাকবলিত এলাকায় ইতোমধ্যে তারা কাজ শুরু করেছেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.৬),

**৫। চালের আমদানি শুল্ক কমিয়ে ২ শতাংশ করার সিদ্ধান্ত গ্রহণ**

চাল আমদানিতে শুল্ক ১০ শতাংশ থেকে কমিয়ে ২ শতাংশ করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। আমদানি ও সরবরাহ বাড়াতে দুই মাসের ব্যবধানে দ্বিতীয় দফায় শুল্ক কমানো হলো। নতুন এই শুল্কহার গতকাল ১৬ আগস্ট বুধবার থেকেই কার্যকর করে প্রজ্ঞাপন জারি করা হয়। এ ছাড়া বন্যা পরিস্থিতি মোকাবিলায় চলতি অর্থবছরে চালের আমদানি আড়াই গুণ বাড়ানো হবে। বাজেটে ৬ লাখ টন চাল ও ৩ লাখ টন গম আমদানির লক্ষ্যমাত্রা ছিল। গতকাল ১৬ আগস্ট বুধবার খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটির বৈঠকে ১৫ লাখ টন চাল ও ৫ লাখ টন গম আমদানির সিদ্ধান্ত হয়েছে। সচিবালয়ে খাদ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে পরিকল্পনা ও পরিধারণ কমিটির বৈঠক শেষে এসব তথ্য জানান খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।।

৬। **বঙ্গবন্ধুর খুনিদের সম্পদ বাজেয়াপ্ত করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের খুনিদের সম্পদ বাজেয়াপ্ত করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেছেন, পলাতক খুনিদের শীঘ্রই দেশে ফিরিয়ে এনে ফাঁসির রায় কার্যকর করা হবে। গতকাল **১৬** আগস্ট বুধবার সাভারের আশুলিয়ার পলাশবাড়ি এলাকায় হাজী জয়নুদ্দিন স্কুল অ্যান্ড কলেজে জাতীয় শোক দিবসের আলোচনা সভায় স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

৭। **নির্বাহী ম্যাজিস্ট্রেট দিয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় বাধা নেই : রায় ১০ অক্টোবর পর্যন্ত স্থগিত**

নির্বাহী ম্যাজিস্ট্রেট দিয়ে ভ্রাম্যমাণ (মোবাইল কোর্ট) আদালত পরিচালনা অবৈধ ও অসাংবিধানিক ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায় **১০** অক্টোবর পর্যন্ত স্থগিত করা হয়েছে। গতকাল **১৬** আগস্ট বুধবার প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বে আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ এ আদেশ দেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ. ক.৩), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১)।

৮। **সুনির্দিষ্ট অভিযোগ ছাড়া পশুর ট্রাক থামানো যাবে না : আইজিপি**

পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) এ কে এম শহীদুল হক বলেছেন, সুনির্দিষ্ট অভিযোগ ছাড়া মহাসড়কে কোরবানির পশুবাহী ট্রাক থামানো যাবে না। গতকাল **১৬** আগস্ট বুধবার পুলিশ সদর দপ্তরে ঈদুল আজহা উপলক্ষে আইন শৃঙ্খলা ও ট্রাফিক ব্যবস্থাপনা সংক্রান্ত সভায় তিনি এ কথা বলেন। পাশাপাশি তিনি সড়ক, রেল, নৌপথ, পশুরহাট ও ঈদ জামাতস্থলে নিরাপত্তা নিশ্চিত করারও নির্দেশ দেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪)।

৯। **বাংলাদেশে মোটরগাড়ি উৎপাদন শিল্পে জাপানি বিনিয়োগ আহ্বান শিল্পমন্ত্রীর**

জাপানি উদ্যোক্তাদের জন্য বাংলাদেশ সরকার একটি বিশেষায়িত অর্থনৈতিক অঞ্চল (এসইজেড) গড়ে তুলছে। এ অর্থনৈতিক অঞ্চলে জাপানের স্বনামধন্য উদ্যোক্তারা বিনিয়োগে এগিয়ে আসতে পারে। এ লক্ষ্যে জাপানি উদ্যোক্তাদের উৎসাহিত করতে বাংলাদেশে নিযুক্ত জাপানের বিদায়ী রাষ্ট্রদূতের প্রতি পরামর্শ দিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত মাসাতো ওয়াতানাবে গতকাল **১৬** আগস্ট বুধবার শিল্পমন্ত্রী আমির হোসেন আমুর সাথে বিদায়ী সাক্ষাৎ করতে এলে তিনি এ পরামর্শ দেন। তিনি বাংলাদেশে মোটরগাড়ি উৎপাদন শিল্পে বিনিয়োগে এগিয়ে আসতে রাষ্ট্রদূতের দৃষ্টি আকর্ষণ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

১০। **উল্টোপথে গাড়ি চালালেই আইনী ব্যবস্থা : ডিএমপি কমিশনার**

তথাকথিত প্রভাবশালীরা উল্টোপথে গাড়ি চালাতে চায়। তা হতে দেওয়া যাবে না। উল্টোপথে গাড়ি চালালেই আইন মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে। এক্ষেত্রে উল্টোপথে গাড়ি চালানোর চেষ্টাকারী যত প্রভাশালীই হোন, তা আমলে নেওয়া হবে না। উল্টোপথে গাড়ি চলা প্রতিরোধে সংসদীয় কমিটিও কঠোর হওয়ার সুপারিশ করেছে। গতকাল **১৬** আগস্ট বুধবার ডিএমপির মিডিয়া সেন্টারে ‘শব্দ দূষণ ও হাইড্রলিক হর্ন বন্ধে করণীয় শীর্ষক’ এক সংবাদ সম্মেলনে ডিএমপি কমিশনার এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.৪,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দেশে অসংক্রামক রোগে বৎসরে ৫ লাখ ২২ হাজার লোকের মৃত্যু হয় বলে বাংলাদেশ হেলথ ওয়াচ রিপোর্ট ২০১৬ তে প্রদত্ত তথ্য উল্লেখ করে অস্বাভাবিক ও উদ্বেগজনক হারে বাড়া অসংক্রামক রোগ প্রতিরোধে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

খ. **সংবাদ, ভোরের কাগজ, যায়যায়দিন,অবজারভার :** জাতীয় শোক দিবসে রাজধানীর পান্থপথে জঙ্গিবিরোধী অভিযানে একজন সন্দেহভাজন জঙ্গি মারা গেছে উল্লেখ করে জঙ্গিবিরোধী অভিযান অব্যাহত রাখার পাশাপাশি জনসচেতনতা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

গ. **প্রথম আলো :** যশোরের অভয়নগরে ভৈরব নদের তীরে গড়ে ওঠা সীসা কারখানা মারাত্মক পরিবেশ দূষণের কারণ হচ্ছে উল্লেখ করে সরকারের অনুমতি ছাড়া গড়ে তোলা এ কারখানা অবিলম্বে উচ্ছেদ করার দাবি।

ঘ. **ইন্ডিপেনডেন্ট :** চট্টগ্রাম বন্দরে হাজার হাজার টন কার্গোসহ কনটেইনার ভেসেলের উপস্থিতি বন্দরের সমস্যাকে আরো জটিল করে তোলায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অতিদ্রুত এ ব্যাপারে পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **ডেইলি সান :** সন্ত্রাসীদের কাছে উচ্চ মূল্যে প্রি-রেজিস্টার্ড সিম কার্ড বেচা-কেনায় জড়িতদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করে এধরণের অবৈধ সিম বিক্রি কঠোরভাবে বন্ধের ব্যবস্থা করার আহ্বান।

ছ. **নিউজ টুডে, নিউ নেশন, প্রথম আলো, যায়যায়দিন, ইনকিলাব, :** বন্যাকবলিত পশ্চিমবঙ্গের লোকজন বাংলাদেশে আশ্রয় নেওয়ার বিষয় তুলে ধরে বন্যা দুর্গতদের দুর্দশা লাঘবে অতিদ্রুত ত্রাণ সহায়তা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শুধু প্রাতিষ্ঠানিক শিক্ষা মানুষকে যোগ্যতা প্রমাণের দৃঢ়তা দিতে পারে না, তার জন্য প্রয়োজন আত্ম-শিক্ষা।

## নিবন্ধ ও ফিচার

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'রাজধানীর জলাবদ্ধতা ও জনদুর্ভোগ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, রাজধানীকে বাসযোগ্য করে গড়ে তুলতে জলাবদ্ধতা নিরসনে কার্যকর পদক্ষেপ নিতে হবে।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৩২/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ১৬ আগস্ট ২০১৭, ১ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জাতীয় শোক দিবসে বঙ্গবন্ধুর প্রতি রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা

২। জাতীয় শোক দিবসে জঙ্গিমুক্ত অসাম্প্রদায়িক দেশ গড়ার প্রত্যয়

৩। বঙ্গবন্ধু হত্যার ষড়যন্ত্রে রাঘববোয়ালরা জড়িত ছিল : প্রধান বিচারপতি

৪। বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নের শপথ নিতে হবে : শিক্ষামন্ত্রী

৫। বঙ্গবন্ধুর খুনিদের সম্পত্তি বাজেয়াপ্ত করতে আইনগত বাধা নেই : আইনমন্ত্রী

৬। সৌদি দূতাবাস এক লাখ ১৯ হাজার হজযাত্রীকে ভিসা দিয়েছে

৭। উত্তরাঞ্চলের বন্যা পরিস্থিতির অবনতি এবং মধ্যাঞ্চলেও বন্যার আশঙ্কা

৮। বিদেশের বিভিন্ন মিশনে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালিত

৯। জাতীয় শোক দিবসে বিনামূল্যে চিকিৎসা পেলেন রোগীরা

১০। জামানত ছাড়াই ঋণ পাবেন নারী উদ্যোক্তারা

চলমান পাতা-২

**১।	জাতীয় শোক দিবসে বঙ্গবন্ধুর প্রতি রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদতবার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষে গতকাল ১৫ আগস্ট মঙ্গলবার তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ ছাড়া প্রধানমন্ত্রী গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। গতকাল ১৫ আগস্ট মঙ্গলবার রাজধানীর ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী। পৃথকভাবে এই শ্রদ্ধাঞ্জলি নিবেদনের পর বঙ্গবন্ধুর সম্মানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন তাঁরা। সশস্ত্র বাহিনীর একটি চৌকস দল এ সময় গার্ড অব অনার প্রদান করে এবং বিউগলে করুণ সুর বাজানো হয়। পরে ১৫ আগস্টে শহিদ বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের নিহত সদস্যদের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

এরপর প্রধানমন্ত্রী শেখ হাসিনা টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। পরে বঙ্গবন্ধুর সম্মানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। এরপর আওয়ামী লীগের সভাপতি হিসেবে দলের নেতা-কর্মীদের নিয়ে আরেকটি পুষ্পাঞ্জলি অর্পণ করেন প্রধানমন্ত্রী। এ সময় সশস্ত্র বাহিনীর একটি চৌকস দল বঙ্গবন্ধুর প্রতি রাষ্ট্রীয় সালাম জানায়। তখন বিউগলে করুণ সুর বাজানো হয়। তিন বাহিনীর প্রধানরা এ সময় উপস্থিত ছিলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)। **প্রথম আলো, যুগান্তর, সংবাদ, ফিনানশিয়াল এক্সপ্রেস, ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২।	জাতীয় শোক দিবসে জঙ্গিমুক্ত অসাম্প্রদায়িক দেশ গড়ার প্রত্যয়**

জঙ্গিমুক্ত অসাম্প্রদায়িক দেশ গড়ার প্রত্যয়ের মধ্য দিয়ে গতকাল ১৫ আগস্ট মঙ্গলবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে। দেশজুড়ে পালিত এসব কর্মসূচিতে উঠে এসেছে বিদেশে পালিয়ে থাকা বঙ্গবন্ধুর খুনিদের দেশে ফিরিয়ে এনে ফাঁসির রায় কার্যকর করে জাতির পিতা হত্যার কলঙ্ক থেকে জাতিকে পুরোপুরি দায়মুক্ত করার দাবি। প্রায় সব অনুষ্ঠানেই বঙ্গবন্ধু হত্যার ষড়যন্ত্রে জড়িতদের খুঁজে বের করে বিচারের দাবি উঠেছে। এদিন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি ও স্বাধীন বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে অবনত মস্তকে স্মরণ করেছে গোটা জাতি। জাতির পিতাসহ ১৫ আগস্টের সব শহিদকে হৃদয় নিংড়ানো শ্রদ্ধা জানায় শোকার্ত মানুষ। সেই সঙ্গে জঙ্গি ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ গণপ্রতিরোধ গড়ে তুলে বঙ্গবন্ধুর স্বপ্নের অসাম্প্রদায়িক গণতান্ত্রিক বাংলাদেশ ও ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলা প্রতিষ্ঠার দৃঢ় শপথও নেয় সারাদেশের মানুষ। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** ( পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**৩।	বঙ্গবন্ধু হত্যার ষড়যন্ত্রে রাঘববোয়ালরা জড়িত ছিল : প্রধান বিচারপতি**

বঙ্গবন্ধু হত্যার ষড়যন্ত্রের সঙ্গে আরও রাঘববোয়াল জড়িত ছিল। এ মামলার তদন্তে ত্রুটির কারণে তাদের বিচারের মুখোমুখি করা যায়নি। তবে মামলার নথি পর্যালোচনা করে দেখা গেছে, এর পেছনে গভীর ষড়যন্ত্র ছিল, যা বিচারের রায়ে উল্লেখ করা হয়েছে। জাতীয় শোক দিবস উপলক্ষে গতকাল ১৫ আগস্ট মঙ্গলবার সুপ্রিম কোর্ট অডিটরিয়ামে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে সংক্ষিপ্ত আলোচনা পর্বে এ মন্তব্য করেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৪।	বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নের শপথ নিতে হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, স্বাধীন বাংলাদেশের প্রতিষ্ঠাতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যার প্রতিশোধ গ্রহণ এবং প্রকৃত শ্রদ্ধা জ্ঞাপনের সবচেয়ে বড় কর্তব্য হচ্ছে তাঁর আদর্শ চেতনা ও লক্ষ্য বাস্তবায়ন করে সোনার বাংলা প্রতিষ্ঠা করা। জাতীয় শোক দিবসে এটাই হোক সবার শপথ। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা বিভাগ আয়োজিত জাতীয় শোক দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। গতকাল ১৫ আগস্ট মঙ্গলবার রাজধানীর ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স (আইডিইবি) মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫)।

৫। **বঙ্গবন্ধুর খুনিদের সম্পত্তি বাজেয়াপ্ত করতে আইনগত বাধা নেই : আইনমন্ত্রী**

গতকাল ১৫ আগস্ট মঙ্গলবার ব্রাহ্মণবাড়িয়ার কসবা প্রেসক্লাব চত্বরে জাতীয় শোক দিবসের বিশাল জনসভায় প্রধান অতিথির বক্তব্যে আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, বঙ্গবন্ধুর খুনিদের সম্পত্তি বাজেয়াপ্ত করতে আইনগত কোনো বাধা নেই। আমরা তাদের সম্পত্তি বাজেয়াপ্ত করার প্রক্রিয়া শুরু করেছি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৫,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

৬। **সৌদি দূতাবাস এক লাখ ১৯ হাজার হজযাত্রীকে ভিসা দিয়েছে**

পবিত্র হজ পালনের জন্য সৌদি আরব সরকার এখন পর্যন্ত প্রায় এক লাখ ১৯ হাজার বাংলাদেশিকে ভিসা দিয়েছে। গতকাল ১৫ আগস্ট মঙ্গলবার ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ঢাকায় সৌদি দূতাবাস নিশ্চিত করেছে গত সোমবার পর্যন্ত এক লাখ ১৮ হাজার ৯২৪ বাংলাদেশিকে ভিসা দেওয়া হয়েছে। এখন কোনো বাংলাদেশির ভিসার আবেদন অমীমাংসিত নেই। এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় সৌদি দূতাবাসের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করে যাচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

৭। **উত্তরাঞ্চলের বন্যা পরিস্থিতির অবনতি এবং মধ্যাঞ্চলেও বন্যার আশঙ্কা**

উত্তরাঞ্চলের সার্বিক বন্যা পরিস্থিতির আরও অবনতি হয়েছে। পানিবন্দী হয়ে পড়েছে উত্তরাঞ্চলের ৭ লাখেরও বেশি মানুষ। তবে পানি উন্নয়ন বোর্ড জানিয়েছে, দু-একদিনের মধ্যে উত্তরাঞ্চলের পানি স্থিতিশীল হয়ে পড়বে। এরপর নদীগুলো থেকে পানি নেমে বন্যা পরিস্থিতি উন্নতির আশা ব্যক্ত করেছেন তারা। তবে তারা জানান পানি নেমে যাওয়ার পথে দেশের মধ্যাঞ্চলেও বন্যা দেখা দিতে পারে। এক্ষেত্রে ঢাকার আশপাশের এলাকাও বন্যাকবলিত হয়ে পড়ার আশঙ্কা রয়েছে। পানি উন্নয়ন বোর্ড জানিয়েছে ঢাকার বুড়িগঙ্গা, তুরাগ,বালু, শীতলক্ষ্যা, টঙ্গী খাল, ধলেশ্বরী ও কালীগঙ্গার পানি বাড়ছে তবে তা এখনও বিপদসীমার নিচে রয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১২,ক.১)।

৮। **বিদেশের বিভিন্ন মিশনে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালিত**

বিদেশের বিভিন্ন বাংলাদেশ মিশনে যথাযোগ্য মর্যাদা ও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে জাতীয় শোক দিবস পালিত হয়েছে। দিল্লী, কলকাতা, মুম্বাই, তাসখন্দ, ইস্তাম্বুল, রিয়াদ প্রভৃতি বাংলাদেশ মিশনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালনের খবর পাওয়া গেছে। এছাড়া পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগেও গতকাল ১৫ আগস্ট মঙ্গলবার জাতীয় শোক দিবস পালিত হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.২), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.৪)।

৯। **জাতীয় শোক দিবসে বিনামূল্যে চিকিৎসা পেলেন রোগীরা**

জাতীয় শোক দিবস উপলক্ষে সারাদেশে সরকারি হাসপাতালে বিনামূল্যে চিকিৎসাসেবা পেলেন রোগীরা। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের নির্দেশে গতকাল ১৫ আগস্ট মঙ্গলবার সকাল ৮টা থেকে দুপুর ১২টা পর্যন্ত সব সরকারি হাসপাতালে এ চিকিৎসা কার্যক্রম চলে। বিশেষজ্ঞ চিকিৎসকদের পরামর্শের পাশাপাশি রোগীদের বিভিন্ন পরীক্ষা নিরীক্ষাও বিনামূল্যে করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

১০। **জামানত ছাড়াই ঋণ পাবেন নারী উদ্যোক্তারা**

জামানতের বিকল্প হিসেবে ক্রেডিট গ্যারান্টি স্কিম সুবিধা চালু করতে যাচ্ছে বাংলাদেশ ব্যাংক। এর ফলে যেসব নারী উদ্যোক্তা জামানতের অভাবে ঋণ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন, তারা সুবিধা পাবেন। ব্যাংকগুলো এ স্কিমের অধীনে সহজেই ঋণ বিতরণ করতে পারবে। এ জন্য বিশ্বব্যাংকের প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফিন্যান্স করপোরেশনের (আইএফসি) সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছে বাংলাদেশ ব্যাংক। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬),

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** অবৈধ দখলদারদের দাপটে গাজীপুরের প্রায় দেড় শতাধিক সরকারি খাস পুকুর ভরাট হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে সারাদেশে এ রকম দখল হয়ে যাওয়া পুকুর ও জলাশয় সংস্কার ও উদ্ধারে কঠোর তৎপরতার সুপারিশ।

খ. **জনকণ্ঠ :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় দেশের দক্ষিণাঞ্চলের উপকূলে সবুজ বনায়ন তৈরি করার ওপর গুরুত্বারোপ করেছেন উল্লেখ করে এ ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার আহ্বান

গ. **ভোরের কাগজ, যুগান্তর, ইত্তেফাক, ডেইলি সান, ফিনানশিয়াল এক্সপ্রেস, নিউ এজ :** উজানের ঢল এবং টানা বৃষ্টির পানিতে উত্তরাঞ্চলসহ ২২টি জেলার বন্যা পরিস্থিতি ভয়াবহ রূপ নেওয়ায় উদ্বেগ প্রকাশ করে বন্যা কবলিত এলাকায় দ্রুত ত্রাণ পৌঁছানোর ওপর গুরুত্বারোপ।

ঘ. **ইনকিলাব :** ঈদের আগেই দেশের বেহাল সড়ক-মহাসড়কগুলো সংস্কারের সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** সম্ভাবনাময় পোল্ট্রি খাতের উন্নয়নে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

চ. **নিউজ টুডে :** উচ্চ শিক্ষার প্রসারে দেশের সব বিশ্ববিদ্যালয়ে গবেষণার সুযোগ করে দেওয়ার ওপর গুরুত্বারোপ।

## উপ-সম্পাদকীয়

**আলোকিত বাংলাদেশ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, কৃষিনির্ভর বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে কৃষির গুরুত্ব সীমাহীন।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বাড়িয়ে দিতে হবে সহানুভূতির হাত'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সরকারি-বেসরকারি হস্তক্ষেপে দেশের আনাচে-কানাচে মাদক ব্যবসা শক্ত হাতে নির্মূল করতে হবে।

#

ফাহিমা/শুকলা/সাঈদা/রশীদ/২০১৭/

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৩১/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ১৩ আগস্ট ২০১৭, ২৯ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানাতে ১৫ আগস্ট টুঙ্গিপাড়া যাচ্ছেন প্রধানমন্ত্রী

২। মুক্তামণির হাতে সফল অস্ত্রোপচারে চিকিৎসকদের প্রধানমন্ত্রীর ধন্যবাদ

৩। করপোরেট প্রতিষ্ঠানগুলোকে সমাজের কল্যাণে কাজ করতে হবে : অর্থমন্ত্রী

৪। সাড়ে ১৯ হাজার শিক্ষা ভবন নির্মাণ হবে : প্রকৌশলীদের সভায় শিক্ষামন্ত্রী

৫। বাংলাদেশ এখন উদীয়মান শক্তিতে পরিণত হয়েছে : স্বাস্থ্যমন্ত্রী

৬। বিদেশে শিক্ষার্থীদের ভর্তির জন্য স্বাস্থ্য বীমা ফি দেওয়া যাবে ব্যাংক থেকেই : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

৭। ঈদ-উল-আজহা উপলক্ষে ১৮ আগস্ট থেকে বাসের অগ্রিম টিকিট

৮। চামড়া, প্রকৌশল ও প্লাস্টিক পণ্যের রপ্তানি বাড়াতে বিশেষ উদ্যোগ

৯। পুলিশকে সর্বোচ্চ সতর্ক থাকার নির্দেশ ডিএমপি কমিশনারের

১০। খুলনায় সাড়ে ২২ কোটি টাকার কোকেনসহ আটক ৬

চলমান পাতা-২

**১।	জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানাতে ১৫ আগস্ট টুঙ্গিপাড়া যাচ্ছেন প্রধানমন্ত্রী**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবসে শ্রদ্ধা জানাতে আগামী ১৫ আগস্ট মঙ্গলবার গোপালগঞ্জের টুঙ্গিপাড়া যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গোপালগঞ্জ জেলা প্রশাসকের কাছে পাঠানো প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-১ কাজী নিশাত রসুল স্বাক্ষরিত এক বার্তায় গতকাল ১২ আগস্ট শনিবার এ তথ্য জানা গেছে। বার্তায় বলা হয়েছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকাল ১০টায় টুঙ্গিপাড়ায় পৌছে জাতির পিতার সমাধিতে পুষ্পস্তবক অর্পণ, ফাতেহা পাঠ ও মোনাজাতে অংশ নেবেন। এ সময় সশস্ত্র বাহিনীর একটি চৌকস দল প্রধানমন্ত্রীকে গার্ড অব অনার প্রদান করবে। বেলা ১১টায় বঙ্গবন্ধুর সমাধিসৌধ মসজিদে মিলাদ ও বিশেষ দোয়া মাহফিলে অংশ নেবেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫)।

**২।	মুক্তামণির হাতে সফল অস্ত্রোপচারে চিকিৎসকদের প্রধানমন্ত্রীর ধন্যবাদ**

বিরল রোগে আক্রান্ত সাতক্ষীরার শিশু মুক্তামণির হাতে প্রাথমিকভাবে অস্ত্রোপচার সফল হয়েছে। আড়াই ঘন্টার অস্ত্রোপচারে তার ডান হাতের আক্রান্ত অংশ থেকে প্রায় তিন কেজি ওজনের টিউমার ফেলে দেওয়া হয়েছে। তবে সে বর্তমানে ঝুঁকিমুক্ত নয়। অস্ত্রোপচার শেষে গতকাল ১২ আগস্ট শনিবার এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের (ঢামেক) প্লাস্টিক সার্জারি ইউনিটের পরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম। এদিকে মুক্তামণির অস্ত্রোপচার সফল হওয়ায় ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের বার্ন ইউনিটের সমন্বয়ক ড. সামন্ত লাল সেনকে ফোন করে সব চিকিৎসককে ধন্যবাদ জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬)।

**৩।	করপোরেট প্রতিষ্ঠানগুলোকে সমাজের কল্যাণে কাজ করতে হবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত দেশের করপোরেট প্রতিষ্ঠানগুলোকে সমাজের কল্যাণে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। বেসরকারি ডাচ্-বাংলা ব্যাংকের উদ্যোগে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান অনুষ্ঠানে অর্থমন্ত্রী এ আহ্বান জানান। গতকাল ১২ আগস্ট শনিবার রাজধানীর মিরপুরে শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়ামে এক শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৪।	সাড়ে ১৯ হাজার শিক্ষা ভবন নির্মাণ হবে : প্রকৌশলীদের সভায় শিক্ষামন্ত্রী**

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের (ইইডি) মতবিনিময় সভায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, আগামী এক বছরের মধ্যে সারাদেশে সাড়ে ১৯ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানের নতুন ভবন নির্মাণ করা হবে। এ জন্য শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তাদের আরও সততা ও দক্ষতার সঙ্গে কাজ করতে হবে। গতকাল ১২ আগস্ট শনিবার রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে ইইডির মাঠ পর্যায়ের প্রকৌশলীদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.২), **অবজারভার** (পৃ.১০,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৬)।

**৫।	বাংলাদেশ এখন উদীয়মান শক্তিতে পরিণত হয়েছে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে গত ৮ বছরে বাংলাদেশের উন্নয়ন বিশ্বব্যাপী প্রশংসিত হয়েছে। বাংলাদেশ উন্নয়নশীল দেশ থেকে এখন উদীয়মান শক্তিতে পরিণত হয়েছে। গতকাল ১২ আগস্ট শনিবার তিনি সিরাজগঞ্জের দত্তবাড়ীতে নির্মিয়মান আরপিএ'র ৩৪ কোটি টাকা ব্যয়ে নার্সিং কলেজ, ছোনগাছা ইউনিয়নে ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রস্থান পরিদর্শন ও শহীদ এম মনসুর আলী মেডিকেল কলেজ হাসপাতালের নির্মানাধীন কাজ পরিদর্শনকালে তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪)।

**৬। বিদেশে শিক্ষার্থীদের ভর্তির জন্য স্বাস্থ্য বীমা ফি দেওয়া যাবে ব্যাংক থেকেই : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

উচ্চশিক্ষার জন্য বিদেশে গমনেচ্ছু শিক্ষার্থীরা এখন মেডিকেল ইন্স্যুরেন্স (স্বাস্থ্য বীমা) বাবদ ফি সরাসরি ব্যাংক থেকেই পরিশোধ করতে পারবেন। গত ১০ আগস্ট বৃহস্পতিবার বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৩,ক.৫)।

**৭। ঈদ-উল-আজহা উপলক্ষে ১৮ আগস্ট থেকে বাসের অগ্রিম টিকিট**

আসন্ন ঈদ-উল-আজহা উপলক্ষে দূরপাল্লার বাসের অগ্রিম টিকিট বিক্রি শুরু হবে আগামী ১৮ আগস্ট থেকে। গতকাল ১২ আগস্ট শনিবার এ তথ্য জানিয়েছে বাংলাদেশ বাস ট্রাক ওনার্স অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ। তারা জানান, প্রতিবছরের মতো এবারও বিক্রি শেষ না হওয়া পর্যন্ত টিকিট দেওয়া হবে। প্রথম দিন বিক্রি হবে ২৫ তারিখের টিকিট। দেশের উত্তরাঞ্চলসহ বিভিন্ন রুটের যাত্রীরা অগ্রিম টিকিট পাবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.১) **সমকাল** (শেষ পৃ.,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.১)।

**৮। চামড়া, প্রকৌশল ও প্লাস্টিক পণ্যের রপ্তানি বাড়াতে বিশেষ উদ্যোগ**

রপ্তানি খাতে তৈরি পোশাকের ওপর অতি নির্ভরশীলতা কমাতে চামড়া ও চামড়াজাত পণ্য, পাদুকা, হালকা প্রকৌশল ও প্লাস্টিক খাতের উন্নয়নে বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। 'এক্সপোর্ট কম্পিটিটিভনেস ফর জব' শীর্ষক প্রকল্পের মাধ্যমে এ খাতগুলোর রপ্তানি বাজারে প্রবেশ ও রপ্তানি প্রতিযোগিতা বৃদ্ধির জন্য যে সমস্যাগুলো রয়েছে তা দূর করার উদ্যোগ নেওয়া হয়েছে। বাণিজ্য মন্ত্রণালয়ের মাধ্যমে এ প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। গত ৯ আগস্ট বুধবার ৯৪১ কোটি টাকা ব্যয়ে প্রকল্পটি অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬) **সমকাল** (পৃ.১২,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১৯,ক.৭)।

**৯। পুলিশকে সর্বোচ্চ সতর্ক থাকার নির্দেশ ডিএমপি কমিশনারের**

ঢাকা মহানগর পুলিশকে সর্বোচ্চ সতর্ক থেকে দায়িত্ব পালনের নির্দেশনা দিয়েছেন ডিএমপি কমিশনার আছাদুজ্জামান মিয়া। জঙ্গি সংগঠনসহ নানা অপশক্তি চলতি মাসে হামলা চালিয়ে আন্তর্জাতিক দৃষ্টি আকর্ষণের চেষ্টা করতে পারে, এমন গোয়েন্দা তথ্যের ভিত্তিতেই তিনি এই নির্দেশনা দেন বলে জানা গেছে। গতকাল ১২ আগস্ট শনিবার ঢাকা মহানগর পুলিশের মাসিক অপরাধ পর্যালোচনা সভায় ডিএমপি কমিশনার একথা বলেন। সূত্র- **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৪)।

**১০। খুলনায় সাড়ে ২২ কোটি টাকার কোকেনসহ আটক ৬**

খুলনায় সোয়া ২ কেজি কোকেনসহ মাদক চোরাচালান চক্রের ৬ সদস্যকে আটক করেছে র‍্যাব-৬ এর একটি দল। উদ্ধারকৃত কোকেনের আনুমানিক মূল্য ২২ কোটি ৫০ লাখ টাকা। র‍্যাবের দাবি দক্ষিণ-পশ্চিমাঞ্চলে কোকেনের এতবড় চালান আটক এই প্রথম। গত ১১ আগস্ট শুক্রবার রাত ১০টা থেকে গতকাল ১২ আগস্ট শনিবার পর্যন্ত খুলনা মহানগরীর ময়লাপোতাসহ বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে উক্ত কোকেনসহ তাদের আটক করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.২), **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.১০,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১০,ক.৩)।

## সম্পাদকীয়

ক. **সংবাদ, ইনকিলাব :** সুন্দরবনে ৩২০টি শিল্পকারখানার নীতিগত অনুমোদন দিয়েছে পরিবেশ কমিটি উল্লেখ করে এসব শিল্পকারখানা যেন পরিবেশের ক্ষতি না করে সে ব্যাপারে নজর রাখার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** ঢাকায় বিশ্বমানের ও বিশ্বের সর্ববৃহৎ বার্ন ও প্লাস্টিক সার্জারি হাসপাতাল নির্মাণের উদ্যোগকে স্বাগত জানিয়ে এটি স্বাস্থ্যখাতে একটি যুগান্তকারী পদক্ষেপ বলে মতপ্রকাশ।

গ. **জনকণ্ঠ :** জাতির পিতা বঙ্গবন্ধুর পলাতক খুনীদের দ্রুত দেশে এনে রায় কার্যকরের ওপর গুরুত্বারোপ।

ঘ. **ভোরের কাগজ :** বন্যা, অতিবৃষ্টি এবং নিম্নমানের সংস্কারের কারণে সারাদেশের আঞ্চলিক ও মহাসড়কগুলোর করুণদশার কথা উল্লেখ করে ঈদের আগেই সড়ক মহাসড়কগুলো দ্রুত সংস্কারের সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও রংপুরে নতুন চারটি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের সরকারি উদ্যোগকে স্বাগত জানিয়ে নারী, পুরুষ ও প্রতিবন্ধীদের জাতীয় অর্থনীতির মূলধারায় আনতে উচ্চমানসম্পন্ন কারিগরি ও প্রযুক্তিগত শিক্ষার ব্যবস্থা করার আহ্বান।

চ. **ডেইলি সান :** রাজধানীর অধিকাংশ ফুটওভার ব্রিজে আলোর স্বল্পতার কারণে সন্ধ্যার পর পথচারীদের জন্য নিরাপত্তাহীন হওয়ায় কর্তৃপক্ষকে এ বিষয়ে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি স্টার, সমকাল, যুগান্তর, যায়যায়দিন :** শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আগুন লাগার ঘটনা তদন্ত করে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে যথাযথ ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**আলোকিত বাংলাদেশ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রোহিঙ্গাদের পুনর্বাসন ও রোহিঙ্গা সমস্যা আন্তর্জাতিকীকরণ করে রোহিঙ্গা সমস্যা সমাধানে একটি বড় ভূমিকা পালন করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'কিশোরী ও গর্ভবতী মায়েদের স্বাস্থ্যসেবায় মিডওয়াইফ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সহায়ক কর্মপরিবেশ নিশ্চিত হলে মিডওয়াইফরা উৎকৃষ্ট মানের সেবা দিতে পারেন।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৩০/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ১০ আগস্ট ২০১৭, ২৬ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনে সাড়ে পাঁচ হাজার কোটি টাকার প্রকল্প একনেকে অনুমোদন

২। এক লাখ টন চাল ও গম আমদানির প্রস্তাব ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন

৩। কোনো ষড়যন্ত্রই তৈরি পোশাক খাতের চলমান অগ্রগতি ব্যাহত করতে পারবে না : শিল্পমন্ত্রী

৪। এইডস নির্মূলে বাংলাদেশ একযোগে কাজ করবে : স্বাস্থ্যমন্ত্রী

৫। গাজীপুরে টাম্পাকো অগ্নিকাণ্ডের মামলা চলবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৬। বঙ্গবন্ধুর খুনীদের শীঘ্রই দেশে ফিরিয়ে আনা হবে : আইনমন্ত্রী

৭। এসডিজি অর্জনে স্থিতিশীল রাজনৈতিক পরিবেশ জরুরি : বনমন্ত্রী

৮। সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হক স্মরণে কুড়িগ্রামে স্মৃতি কমপ্লেক্স নির্মাণ করা হবে : সংস্কৃতিমন্ত্রী

৯। ১৬শ'কোটি টাকার ঋণ অনুমোদন এডিবির

চলমান পাতা-২

**১। চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনে সাড়ে পাঁচ হাজার কোটি টাকার প্রকল্প একনেকে অনুমোদন**

চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনে পাঁচ হাজার ৬১৬ কোটি ৫০ লাখ টাকার একটি বৃহৎ প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে সরকার। এ প্রকল্পের আওতায় খাল খনন ও সম্প্রসারণ এবং ড্রেনেজ ব্যবস্থা উন্নত করা হবে। এতে বৃষ্টির পানি দ্রুত নিষ্কাশন হবে। এ লক্ষ্যে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) গতকাল ৯ আগস্ট বুধবার 'চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে খাল পুনঃখনন, সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন' শীর্ষক প্রকল্পসহ মোট **১১** প্রকল্পের চূড়ান্ত অনুমোদন দিয়েছে। এসব প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে ৯ হাজার ৭৬১ কোটি ২৪ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ৮ হাজার ২৬৭ কোটি ৮৬ লাখ টাকা, বাস্তবায়নকারী সংস্থার নিজস্ব তহবিল থেকে ৭০৩ কোটি ৩৮ লাখ টাকা এবং বৈদেশিক সহায়তা থেকে পাওয়া যাবে ৭৯০ কোটি টাকা। রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলনকক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক বৈঠকে এসব প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**২। এক লাখ টন চাল ও গম আমদানির প্রস্তাব ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন**

দু'টি আলাদা প্রস্তাবে ৫০ হাজার টন করে মোট এক লাখ টন চাল ও গম আমদানির প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। এছাড়া ৭৮৬ কোটি ৯২ লাখ টাকা ব্যয়ে **১১**টি ক্রয় প্রস্তাবসহ বেসরকারি খাতে **১০**টি বিদ্যুৎকেন্দ্র স্থাপনের ক্রয় প্রস্তাব রয়েছে। গতকাল ৯ আগস্ট বুধবার সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে ক্রয় প্রস্তাবগুলো অনুমোদন দেওয়া হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৭)।

**৩। কোনো ষড়যন্ত্রই তৈরি পোশাক খাতের চলমান অগ্রগতি ব্যাহত করতে পারবে না : শিল্পমন্ত্রী**

দেশের প্রধান রফতানি পণ্য তৈরি পোশাক খাত নিয়ে আন্তর্জাতিক ষড়যন্ত্র অব্যাহত আছে বলে মন্তব্য করেছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তবে কোনো ষড়যন্ত্রই এ খাতের চলমান অগ্রগতি ব্যাহত করতে পারবে না। সরকার এ শিল্পের উন্নয়নে কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে কর্মপরিবেশের উল্লেখযোগ্য উন্নয়ন হয়েছে। শ্রমিকদের মজুরি বেড়েছে। এ খাতের মাধ্যমে বড় অঙ্কের রফতানি আয় ছাড়াও নারীর ক্ষমতায়নের কাজটি এগিয়ে চলেছে। এর মাধ্যমে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনও সহজ হবে বলে মনে করেন তিনি। রাজধানীর বসুন্ধরা আন্তর্জাতিক কনভেনশন সিটিতে গতকাল ৯ আগস্ট বুধবার টেক্সটাইল পণ্যের যন্ত্রপাতির প্রদর্শনীর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৪), **অবজারভার** (পৃ.৪,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১)।

**৪। এইডস নির্মূলে বাংলাদেশ একযোগে কাজ করবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, দক্ষিণ-পূর্ব এশীয় অঞ্চলে এইডস নির্মূলের লক্ষ্যে বাংলাদেশ আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধির মাধ্যমে একযোগে কাজ করে যাবে। এই অঞ্চলের জনগণের স্বাস্থ্যমানের উন্নয়নে দেশগুলো পারস্পরিক সহায়তা জোরদার করে ইতোমধ্যে সাফল্য পেয়েছে। আগামীতে সম্পদ ও অভিজ্ঞতা বিনিময়ে গতিশীলতা বাড়িয়ে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বাংলাদেশ সব দেশের সহযোগিতা চায়। গতকাল ৯ আগস্ট বুধবার সচিবালয়ে দক্ষিণ-পূর্ব এশীয় অঞ্চলে এইচআইভি ও এইডস এবং তৃতীয় লিঙ্গের জন্য প্রয়োজনীয় কর্মসূচি পর্যবেক্ষণের লক্ষ্যে বাংলাদেশে সফররত শ্রীলঙ্কা ও ভুটানের প্রতিনিধি দলের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক. ৫), **অবজারভার** (পৃ.১০,ক.১)।

৫। **গাজীপুরে টাম্পাকো অগ্নিকাণ্ডের মামলা চলবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, টাম্পাকো অগ্নিকাণ্ডে দায়ের করা মামলা চলবে। নিহতের ঘটনায় পুলিশ একটি তদন্ত রিপোর্ট জমা দিয়েছে, পাশাপাশি পৃথক আরেকটি তদন্ত হয়েছে। সবগুলো তদন্তই সম্পন্ন হয়েছে, যথাযথভাবেই বিচারকার্য শেষ হবে। গতকাল ৯ আগস্ট বুধবার গাজীপুরের টঙ্গীতে টাম্পাকো ফয়ল্স কারখানার নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৫,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৬। **বঙ্গবন্ধুর খুনীদের শীঘ্রই দেশে ফিরিয়ে আনা হবে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী এডভোকেট আনিসুল হক বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিদেশে পলাতক খুনীদের অবস্থান শনাক্ত করা হয়েছে। কূটনৈতিক চ্যানেলের মাধ্যমেই তাদের ফিরিয়ে আনার চেষ্টা চলছে। তাদের দেশে ফিরিয়ে এনে রায় কার্যকরের জন্য সরকার কাজ করছে। গতকাল ৯ আগস্ট বুধবার সচিবালয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৬)।

৭। **এসডিজি অর্জনে স্থিতিশীল রাজনৈতিক পরিবেশ জরুরি : বনমন্ত্রী**

পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু বলেছেন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে স্থিতিশীল রাজনৈতিক পরিবেশ জরুরি। তিনি বলেন, উন্নয়নকে ধরে রাখতে হলে সমাজ এবং রাজনীতির গতিধারা কী হবে তা নির্ধারণ করতে হবে। এ ক্ষেত্রে সবচেয়ে জরুরি ইতিবাচক মানসিকতা। গতকাল ৯ আগস্ট বুধবার টেকসই উন্নয়ন অভীষ্ট-১৩ অর্জনে খসড়া কর্মপরিকল্পনা পর্যালোচনা শীর্ষক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫)।

৮। **সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হক স্মরণে কুড়িগ্রামে স্মৃতি কমপ্লেক্স নির্মাণ করা হবে : সংস্কৃতিমন্ত্রী**

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হকের স্মৃতি ধরে রাখার জন্য খুব শীঘ্রই তাঁর কুড়িগ্রামের সমাধিকে ঘিরে একটি স্মৃতি কমপ্লেক্স নির্মাণ করা হবে। যেন তাঁর গ্রন্থ, রচনাসমগ্র ও কর্ম সম্পর্কে মানুষ যুগ-যুগ ধরে জানতে পারে। মন্ত্রী গতকাল ৯ আগস্ট বুধবার কুড়িগ্রাম সরকারি কলেজ প্রাঙ্গণে সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হকের সমাধিস্থল পরিদর্শন ও কবর জিয়ারত শেষে এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৯,ক.৭), **সমকাল** (পৃ.১৯,ক.১)।

৯। **১৬শ' কোটি টাকার ঋণ অনুমোদন এডিবির**

দেশের ৩৫টি পৌরসভার অবকাঠামো উন্নয়ন, সেবার মান ও সুশাসন জোরদারে নেওয়া একটি প্রকল্পে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) অতিরিক্ত ২০ কোটি ডলার ঋণ দেবে। এডিবি'র ঢাকা কার্যালয় গতকাল ৯ আগস্ট বুধবার জানায়, ম্যানিলাতে সংস্থাটির পরিচালনা পর্ষদ এ সপ্তাহে এই ঋণ অনুমোদন করেছে। বাংলাদেশি মুদ্রায় ঋণের পরিমাণ **১৬শ'** কোটি টাকা। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **অবজারভার** (পৃ.১৭,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** চট্টগ্রাম বন্দর ও চাক্তাই খাতুনগঞ্জসহ চট্টগ্রাম নগরীতে নতুন নতুন শিল্প-কারখানা স্থাপিত হওয়ায় নগরীতে ভারী যানবাহন চলাচলে প্রয়োজনীয় সংখ্যক টার্মিনাল না বাড়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

খ. **ভোরের কাগজ :** পেঁয়াজের দাম অস্বাভাবিক ভাবে বেড়ে যাওয়ায় মূল্য নিয়ন্ত্রণে নজরদারির সুপারিশ।

গ. **যায়যায়দিন :** মালয়েশিয়ান কর্তৃপক্ষ সন্ত্রাসবিরোধী এক অভিযানে যে ৪০০ এর বেশি মানুষকে গ্রেপ্তার করেছে, তাদের মধ্যে অবৈধ বাংলাদেশি অভিবাসী থাকায় উদ্বেগ প্রকাশ করে এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা রোধে বিদেশে বৈধ উপায়ে দক্ষ কর্মী পাঠানোর ওপর গুরুত্বারোপ।

ঘ. **প্রথম আলো :** সমবায় অধিদপ্তর কর্তৃক প্রকাশিত একটি প্রতিবেদনে বিভিন্ন প্রতারক সমবায় সমিতি সাধারণ মানুষের কাছ থেকে আমানত সংগ্রহ করার পর আর তা ফেরত দিচ্ছে না এ তথ্য প্রকাশিত হওয়ায় এদের বিরুদ্ধে কঠোর প্রদক্ষেপ নেওয়ার পাশাপাশি সাধারণ মানুষকেও এ ব্যাপারে সচেতন হওয়ার আহ্বান।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** বর্তমানে দেশে মাছের উৎপাদন বিগত তিন দশকে প্রায় ২৫ গুণ বেড়ে যাওয়ার পরিপ্রেক্ষিতে দেশীয় মাছগুলোকে বিলুপ্তির হাত থেকে রক্ষায় যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি সান :** অর্থনৈতিক জোনে অবস্থিত শিল্প কারখানায় প্রাকৃতিক গ্যাসের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করাসহ গ্যাসের অপচয় বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার আহ্বান।

ছ. **নিউজ টুডে :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফাইন আর্টস ফ্যাকাল্টি ও জহুরুল হক হলে বৃষ্টির পানি সংরক্ষণ করে ব্যবহার করার পাইলট প্রকল্পের সাফল্যে রাজউককে সেটি ঢাকা শহরের ৩ লক্ষ নির্ধারিত ভবনের ওপর বাধ্যতামূলকভাবে প্রয়োগের ব্যবস্থা করে ক্রমান্বয়ে তা সবার ওপরই বাধ্যতামূলক করার প্রত্যাশা ।

জ. **নিউ নেশন :** চট্টগ্রাম বন্দরের সরকারি খাদ্য গুদাম থেকে ৯০ কোটি টাকা মূল্যমানের ৩৩ হাজার মেট্রিক টন গম চুরি হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে ঘটনায় জড়িতদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা না হলে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি হওয়ার আশঙ্কা প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সমাজকে অপরাধ প্রবণতা থেকে রক্ষা এবং সুস্থ-সুন্দর যোগাযোগ নিশ্চিত করার জন্য আমাদের দেশে সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোর ওপর আরও কার্যকর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা প্রয়োজন।

## নিবন্ধ ও ফিচার

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'সড়ক বিভাজক বৃক্ষ ও বাসযোগ্য শহর'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, নগর পরিকল্পনায় সড়ক বিভাজক, পার্ক, লেকের পাড়, নদীর তীরবর্তী অঞ্চল পরিবেশ উপযোগী বৃক্ষরোপণের আওতায় আনার মাধ্যমে আমাদের শহর হয়ে উঠতে পারে সবুজ এবং প্রাণী ও মানুষের বাসযোগ্য।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২৯/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ৯ আগস্ট ২০১৭, ২৫ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। স্বাধীনতা যুদ্ধে ভূমিকার জন্যই বঙ্গমাতাকে হত্যা করা হয় : প্রধানমন্ত্রী

২। সন্ত্রাসী তৎপরতা চালানোর জন্য বাংলাদেশের ভূখন্ড ব্যবহার করতে দেওয়া হবে না : প্রধানমন্ত্রী

৩। চালের আমদানি শুল্ক কমে পাঁচ শতাংশ হচ্ছে : বাণিজ্যমন্ত্রী

৪। বঙ্গবন্ধুর পলাতক খুনিদের অবস্থান নিশ্চিত হওয়া গেছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। ২২টি এজেন্সির নিবন্ধিতদের হজে প্রেরণ নিশ্চিত করতে হবে : ধর্মমন্ত্রী

৬। ঈদুল আজহার আগে পরে ৫ দিন করে বন্ধ থাকবে ট্রাক-ভ্যানের ফেরি পারাপার

৭। পথ শিশুদের শিক্ষা ব্যয় মিটবে সিএসআরের অর্থে : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

৮। মানবসম্পদ উন্নয়নে ৫৭ কোটি টাকা দিচ্ছে জাপান

চলমান পাতা-২

**১। স্বাধীনতা যুদ্ধে ভূমিকার জন্যই বঙ্গমাতাকে হত্যা করা হয় : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ১৫ আগস্টের খুনিরা মহান স্বাধীনতা যুদ্ধে বঙ্গমাতার অবদান সম্পর্কে জানতো, তাই তাঁকেও নির্মমভাবে হত্যা করেছে। তিনি বলেন, আমার মনে হয় ঘাতকের দল জানতো এদেশের স্বাধীনতার পেছনে আমার মায়ের অবদান। তাই আমার মায়ের ওপরও তাদের আক্রোশ ছিল। প্রধানমন্ত্রী গতকাল ৮ আগস্ট মঙ্গলবার ওসমানী স্মৃতি মিলনায়তনে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবের ৮৭তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**২। সন্ত্রাসী তৎপরতা চালানোর জন্য বাংলাদেশের ভূখণ্ড ব্যবহার করতে দেওয়া হবে না : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকার পার্শ্ববতী দেশের সঙ্গে যৌথ উদ্যোগে সীমান্তে মানবপাচার বন্ধের উদ্যোগ নিয়েছে। সন্ত্রাসের বিরুদ্ধে তাঁর সরকারের জিরো টলারেন্স নীতির উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, কাউকেই কোনো প্রকার সন্ত্রাসী তৎপরতা চালানোর জন্য বাংলাদেশের ভূখণ্ড ব্যবহার করতে দেওয়া হবে না। এ প্রসঙ্গে তিনি বলেন, সকল শ্রেণিপেশার মানুষের মধ্যে গণসচেতনতা সৃষ্টির মাধ্যমে তাঁর সরকার সমাজ থেকে সন্ত্রাস ও জঙ্গিবাদ উৎপাটনের উদ্যোগ নিয়েছে। ব্রিটিশ পররাষ্ট্র ও কমনওয়েলথ বিষয়ক দফতরের প্রতিমন্ত্রী তারিক মাহমুদ আহমেদ গতকাল ৮ আগস্ট মঙ্গলবার গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাত করতে এলে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **সমকাল** (পৃ.৪,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২),

**৩। চালের আমদানি শুল্ক কমে পাঁচ শতাংশ হচ্ছে : বাণিজ্যমন্ত্রী**

চালের আমদানি শুল্ক কমিয়ে পাঁচ শতাংশ করা হচ্ছে বলে সংসদীয় কমিটিকে জানিয়েছে বাণিজ্য মন্ত্রণালয়। এর আগে চালের আমদানির ওপর ২৮ শতাংশ শুল্ক থাকলেও তা কমিয়ে ১০ শতাংশ নির্ধারণ করা হয়েছিল। সরকারের নতুন সিদ্ধান্তে চালের আমদানি শুল্ক দাঁড়াবে মাত্র পাঁচ শতাংশ। গতকাল ৮ আগস্ট মঙ্গলবার সংসদ ভবনে অনুষ্ঠিত বৈঠকে এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠক শেষে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ জানান, চালের আমদানি শুল্ক নতুন করে আরও পাঁচ শতাংশ কমানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। শীঘ্রই এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **যায়যায়দিন** (পৃ.১,ক.১)।

**৪। বঙ্গবন্ধুর পলাতক খুনিদের অবস্থান নিশ্চিত হওয়া গেছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

বিদেশে পলাতক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের খুনিদের অবস্থান চিহ্নিত হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল ৮ আগস্ট মঙ্গলবার সচিবালয়ে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে সার্বিক আইনশৃঙ্খলা ফলোআপ বৈঠকের পর মন্ত্রী এ কথা জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৮), **সমকাল** (পৃ.৪,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক. ৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪),

**৫। ২২টি এজেন্সির নিবন্ধিতদের হজে প্রেরণ নিশ্চিত করতে হবে : ধর্মমন্ত্রী**

সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে ২২টি হজ এজেন্সিকে ভিসার আবেদন করতে দুই দিনের আল্টিমেটাম বেঁধে দিয়েছেন ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান। তিনি বলেছেন, আগামী ১০ আগস্টের মধ্যে যেসব হজ এজেন্সি হজের কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হবে, তাদের লাইসেন্স বাতিল করা হবে। এজেন্সিগুলো সময় মতো রিপোর্ট না করায় হজ ফ্লাইট বাতিল হয়েছে। ধর্মমন্ত্রী বলেন, হজযাত্রীগণ সারা জীবনের সঞ্চয় দিয়ে হজ করতে সৌদি আরবে যান। সকল হজযাত্রীরাই হজে যাওয়ার সুযোগ পাবেন বলেও ধর্মমন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন। গতকাল ৮ আগস্ট মঙ্গলবার আশকোনাস্থ হজ ক্যাম্পে এক প্রেস ব্রিফিংয়ে ধর্মমন্ত্রী একথা বলেন। সূত্র-**ইনকিলাব** ( শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.৩,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

৬। **ঈদুল আজহার আগে পরে ৫ দিন করে বন্ধ থাকবে ট্রাক-ভ্যানের ফেরি পারাপার**

ঈদুল আজহা উপলক্ষে ঈদের পূর্বে ৫ দিন ও ঈদের পরে ৫ দিন নিত্যপ্রয়োজনীয় পণ্য ব্যতীত সাধারণ ট্রাক ও কাভার্ড ভ্যান ফেরি পারাপার বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে পশুবাহী ট্রাক চলাচলের বিষয়ে অগ্রাধিকার দিতে বলা হয়েছে। এছাড়া যাত্রীবাহী লঞ্চের স্বাভাবিক চলাচল নিশ্চিতকল্পে নৌপথে সব মাছ ধরার জালপাতা বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। লঞ্চ মালিকদের নৌপথের ভাড়া বাড়ানোর দাবির জবাবে নৌমন্ত্রী শাজাহান খান বলেন, নীতিমালার আলোকে ভাড়া বৃদ্ধি করা হবে। ভাড়া বৃদ্ধির আগে কেউ যদি অতিরিক্ত ভাড়া আদায় করে তাহলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানান তিনি। গতকাল ৮ আগস্ট মঙ্গলবার রাজধানীর মতিঝিলে বিআইডব্লিউটিএ ভবনে পবিত্র ঈদুল আজহা উপলক্ষে জলযানসমূহ সুষ্ঠুভাবে চলাচল, যাত্রীদের নিরাপত্তা নিশ্চিতকরণ সংক্রান্ত এক সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৭। **পথ শিশুদের শিক্ষা ব্যয় মিটবে সিএসআরের অর্থে : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের (সিএসআর) আওতায় এখন থেকে পথ শিশু ও কর্মজীবী শিশু-কিশোররা শিক্ষা বা কারিগরি শিক্ষার সুযোগ পাবে। একই সঙ্গে তাদের ব্যাংক হিসাব খোলা ও পরিচালনার ব্যয়ও থাকছে সিএসআরের আওতায়। গতকাল ৮ আগস্ট মঙ্গলবার এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে বাংলাদেশ ব্যাংক। উল্লিখিত খাতে ব্যাংকগুলোকে সিএসআর থেকে খরচ করার পরামর্শ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **যুগান্তর** (পৃ.১৫,ক.১)।

৮। **মানবসম্পদ উন্নয়নে ৫৭ কোটি টাকা দিচ্ছে জাপান**

মানবসম্পদ উন্নয়নে প্রায় ৫৭ কোটি টাকা অনুদান দিচ্ছে জাপান। এ অর্থ সরকারি কর্মকর্তাদের উচ্চ শিক্ষার জন্য 'দ্য প্রজেক্ট ফর হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট স্কলারশিপ' শীর্ষক প্রকল্প বাস্তবায়নে ব্যয় করা হবে। প্রকল্পের আওতায় তিন ও চার বছর মেয়াদি পর্যায়ে আলাদাভাবে ২৪ কোটি ৮২ লাখ ৯৬ হাজার টাকা ও ৩২ কোটি ৩ লাখ টাকা প্রদান করবে দেশটি। রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে গতকাল ৮ আগস্ট মঙ্গলবার এ উপলক্ষে অনুদান চুক্তি ও বিনিময় নোট স্বাক্ষরিত হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৫,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** মহাখালী পাবলিক ইনস্টিটিউটের খাদ্য পরীক্ষাগারের তথ্যানুযায়ী দেশের ৫৪ ভাগ খাদ্যপণ্য ভেজাল ও দেহের জন্য মারাত্মক ক্ষতিকর উল্লেখ করে জনগণের স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য ও ভোক্তা অধিকার আইনের প্রয়োগ নিশ্চিত করার পাশাপাশি সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

খ. **সংবাদ :** হজযাত্রীরা সময়মতো ভিসা না পাওয়ায় বাংলাদেশ বিমানের **১৭টি** ও সৌদি এয়ারলাইন্সের ৪টি হজ ফ্লাইট বাতিল হওয়ার জন্য হজ এজন্সিগুলোর অব্যবস্থাপনাকে দায়ী করে এই এজেন্সিগুলোর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **সমকাল, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন :** বাংলাদেশের জাতীয় মাছ ইলিশ ভৌগোলিক নির্দেশক (জিআই-জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন) পণ্য হিসেবে স্বীকৃতি পাওয়ায় স্বস্তি প্রকাশ করে এর মধ্য দিয়ে ইলিশের ওপর বাংলাদেশের ঐতিহাসিক অধিকার স্বত্ব আকারে সুপ্রতিষ্ঠিত হলো বলে মত প্রকাশ।

ঘ. **ভোরের কাগজ :** মাঠ পর্যায়ে মুক্তিযোদ্ধা যাচাই-বাছাইয়ে আর্থিক লেনদেনসহ নানা অনিয়ম এবং দুর্নীতির অভিযোগ উঠার কথা উল্লেখ করে তথ্য ভিত্তিক যাচাই-বাছাই করে মুক্তিযোদ্ধা পরিচয় নিশ্চিত ও তালিকা চূড়ান্ত করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে খাদ্যপণ্যে ক্ষতিকর কীটনাশক, রাসায়নিক সার, বিষাক্ত ও অস্বাস্থ্যকর বালাইনাশক ব্যবহার কঠোরভাবে প্রতিহত করতে শহর থেকে গ্রাম পর্যায়ে ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার আহ্বান।

চ. **ডেইলি সান :** পদ্মা রেল লিংক বাস্তবায়নের দ্বারা রাজধানীর সাথে দেশের দক্ষিণাঞ্চলের পাঁচ জেলার রেল যোগাযোগ সম্পন্ন হলে তাতে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি আরও ১.৫ থেকে ১.৭৫ শতাংশ বৃদ্ধি হওয়ার প্রত্যাশা।

ছ. **নিউজ টুডে :** রাজধানী ঢাকার সাথে অন্য পৌরসভার লোকজনের আয় ৪৫ শতাংশ কম হওয়ায় এ অসমতা দূরীকরণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

জ. **নিউ নেশন :** বিগত তিন বছরে গুঁড়োদুধ আমদানি প্রায় দ্বিগুণ হওয়ায় স্থানীয় দুধ উৎপাদনকারীদের স্বার্থ রক্ষায় গুঁড়োদুধ আমদানির পরিবর্তে স্থানীয় উৎপাদন বাড়ানোর উদ্যোগ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ঢাকাকে তিলোত্তমা নগরী হিসেবে গড়ে তুলতে হলে নিতে হবে দীর্ঘমেয়াদী পরিকল্পনা।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'অপ্রয়োজনে সিজারিয়ান নয়'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, অপ্রয়োজনীয় সিজারিয়ান অপারেশন বন্ধে সুনির্দিষ্ট মানদণ্ড মেনে হাসপাতাল, ক্লিনিক ইত্যাদির লাইসেন্স প্রদান ও নবায়ন করার বিধান চালু করতে হবে। ।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**সম্পাদকীয়**

ক. **সংবাদ :**

খ. **ইত্তেফাক :**

গ. **যুগান্তর :**

ঘ. **ইনকিলাব :**

ঙ. **ইন্ডিপেনডেন্ট :**

ছ. **ডেইলি সান :**

জ. **ডেইলি স্টার :**

**উপ-সম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'----'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে,

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২৮/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ৮ আগস্ট ২০১৭, ২৪ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মন্ত্রিসভায় বিদেশে সাতটি নতুন মিশন স্থাপনের নীতিগত অনুমোদন

২। সৌদি আরবের কৌশলগত অংশীদার হতে পারে বাংলাদেশ : প্রধানমন্ত্রী

৩। চট্টগ্রাম বহির্নোঙরে ফ্লোটিং টার্মিনাল নির্মাণ করা হবে

৪। পদ্মা সেতুর ব্যয় বৃদ্ধির সম্ভাবনা নেই : অর্থমন্ত্রী

৫। অপারেশন থিয়েটারে দুই শিফট চালুর নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

৬। বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবের ৮৭তম জন্মবার্ষিকী আজ

৭। অটিজমে আন্তর্জাতিক অ্যাওয়ার্ড লাভে প্রধানমন্ত্রীর কন্যাকে মন্ত্রিসভার অভিনন্দন

৮। জ্বালানি নিরাপত্তায় বহুমুখী উদ্যোগ নিয়েছে সরকার : জ্বালানি প্রতিমন্ত্রী

৯। জাদুঘর পরিচালনার জন্য বিশেষজ্ঞ প্রয়োজন : সংস্কৃতিমন্ত্রী

১০। মশা মারতে ড্রেনে গাপ্পি মাছ ছাড়বে ডিএসসিসি

১১। ইলিশের জিআই পেল বাংলাদেশ

১২। রপ্তানির উৎসে কর শূন্য দশমিক ৭ শতাংশ : এসআরও জারি

চলমান পাতা-২

**১।  মন্ত্রিসভায় বিদেশে সাতটি নতুন মিশন স্থাপনের নীতিগত অনুমোদন**

বিদেশে নতুন আরও সাতটি বাংলাদেশি মিশন স্থাপন করছে সরকার। এছাড়াও ইতোমধ্যে বিদেশে স্থাপিত ১৭টি বাংলাদেশ মিশন ভূতাপেক্ষভাবে অনুমোদন দেওয়া হয়েছে। গতকাল ৭ আগস্ট সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ সংক্রান্ত প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম এ অনুমোদনের কথা জানিয়ে বলেন, নতুন মিশনগুলো হবে আফগানিস্তানের কাবুল, সুদানের খার্তুম, সিয়েরালিওনের ফ্রি টাউন, রোমানিয়ার বুখারেস্ট, ভারতের চেন্নাই, অস্ট্রেলিয়ার সিডনি ও কানাডার টরেন্টোতে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**২।  সৌদি আরবের কৌশলগত অংশীদার হতে পারে বাংলাদেশ : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ এবং সৌদি আরবের মধ্যে সশস্ত্র বাহিনীর সদস্যদের প্রশিক্ষণ এবং সামরিক অবকাঠামো নির্মাণে পারস্পরিক সহযোগিতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, প্রশিক্ষণ সহযোগিতা, সক্ষমতা বাড়ানো, সামরিক অবকাঠামো নির্মাণ, জাহাজ নির্মাণ এবং বাংলাদেশি বিভিন্ন সামগ্রী রফতানির ক্ষেত্রে সৌদি আরবের কৌশলগত অংশীদার হতে পারে বাংলাদেশ। গতকাল ৭ আগস্ট সোমবার গণভবনে সৌদি চিফ অব জেনারেল স্টাফ জেনারেল আবদুল রহমান আল-বানইয়ান সৌজন্য সাক্ষাতে এলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৩।  চট্টগ্রাম বহির্নোঙরে ফ্লোটিং টার্মিনাল নির্মাণ করা হবে**

চট্টগ্রাম বন্দরের চাপ কমাতে বহির্নোঙরে গভীর সমুদ্রে ফ্লোটিং টার্মিনাল নির্মাণ করা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। এখান থেকে কন্টেইনার পণ্য নিয়ে সরাসরি পানগাঁও পোর্টে চলে আসবে। এতে সময় ও চট্টগ্রাম বন্দরের চাপ দুটোই কমে যাবে। এছাড়া পানগাঁও পোর্টের কাজের গতি আরও বৃদ্ধি পাবে বলে জানান তিনি। গতকাল ৭ আগস্ট সোমবার কেরানীগঞ্জের পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার পোর্টে এক মতবিনিময় সভায় স্টেকহোল্ডারদের দাবির প্রেক্ষিতে তিনি এ ঘোষণা দেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৪।  পদ্মা সেতুর ব্যয় বৃদ্ধির সম্ভাবনা নেই : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, পদ্মা সেতুর ব্যয়ভার আর বাড়ার সম্ভাবনা নেই। নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি হয়েছে। তাই এ ব্যয়ভার বাড়ার কথা নয়। গতকাল ৭ আগস্ট সোমবার শিমুলিয়া-কাঁঠালবাড়ি চ্যানেল পরিদর্শনে এসে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

**৫।  অপারেশন থিয়েটারে দুই শিফট চালুর নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর**

সরকারি হাসপাতালগুলোতে স্বয়ংসম্পূর্ণ জরুরি বিভাগ স্থাপনের লক্ষ্যে 'ইমার্জেন্সি প্রটোকল' এবং অপারেশন থিয়েটারে দুই শিফট চালু করতে দু'টি নীতিমালা প্রণয়ণে কমিটি গঠনের নির্দেশ দিয়েছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম। মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হাবিবুর রহমানকে প্রধান করে কমিটিতে স্বাস্থ্য অধিদফতর এবং বিভিন্ন হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকরা সদস্য হিসেবে থাকবেন। বিশেষায়িত ও মেডিকেল কলেজ হাসপাতালসহ জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে আধুনিক জরুরি বিভাগ চালু করতে প্রয়োজনীয় জনবল ও যন্ত্রপাতিসহ কার্যপরিধি নির্ধারণের জন্য কমিটিকে 'ইমার্জেন্সি প্রটোকল' প্রণয়নের সুপারিশ ১৫ দিনের মধ্যে জমা দেওয়ার নির্দেশ দেন মন্ত্রী। গতকাল ৭ আগস্ট সোমবার সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে 'সরকারি হাসপাতালে ইমার্জেন্সি প্রটোকল, অপারেশন থিয়েটারে দুই শিফট চালু এবং ঝুঁকিভাতা বণ্টন নীতিমালা' সংক্রান্ত মতবিনিময় সভায় সভাপতিত্বকালে তিনি এ নির্দেশ দেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.২)।

**৬। বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবের ৮৭তম জন্মবার্ষিকী আজ**

স্বাধীন বাংলাদেশের স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী, মহীয়সী নারী, বাঙালির সকল লড়াই-সংগ্রাম-আন্দোলনের নেপথ্যের প্রেরণাদাত্রী বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবের ৮৭তম জন্মবার্ষিকী আজ। ১৯৩০ সালের এই দিনে গোপালগঞ্জের টুঙ্গীপাড়া গ্রামে তিনি জন্মগ্রহণ করেন। ১৯৭৫ সালের ১৫ আগস্টের কালরাতে জাতির পিতা হত্যাকারীদের বর্বরোচিত হত্যাযজ্ঞের শিকার হয়ে তিনিও শাহাদাৎবরণ করেন। বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবের জন্মবার্ষিকী উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

**৭। অটিজমে আন্তর্জাতিক অ্যাওয়ার্ড লাভে প্রধানমন্ত্রীর কন্যাকে মন্ত্রিসভার অভিনন্দন**

অটিজম আক্রান্ত ব্যক্তিদের কল্যাণে নিরবচ্ছিন্ন ও উদ্ভাবনীমূলক কাজের স্বীকৃতিস্বরূপ 'ইন্টারন্যাশনাল চ্যাম্পিয়ন অ্যাওয়ার্ড' পাওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা সায়মা ওয়াজেদ পুতুলকে অভিনন্দন জানিয়েছে মন্ত্রিসভা। পুতুল বিশ্ব স্বাস্থ্য সংস্থার মানসিক স্বাস্থ্যবিষয়ক অ্যাডভাইজরি প্যানেলের বিশেষজ্ঞ ও বাংলাদেশের অটিজম বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির সভাপতি। গতকাল ৭ আগস্ট সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে সায়মা ওয়াজেদ পুতুলকে অভিনন্দন জানানো হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬)।

**৮। জ্বালানি নিরাপত্তায় বহুমুখী উদ্যোগ নিয়েছে সরকার : জ্বালানি প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে বিকল্প জ্বালানি আমদানির উদ্যোগ গ্রহণ এবং গভীর-অগভীর সমুদ্র ও স্থলভাগে গ্যাস অনুসন্ধান কাজ জোরদার করেছে সরকার। গতকাল ৭ আগস্ট সোমবার রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে 'গ্যাস সেক্টর মাস্টার প্ল্যানের খসড়া উপস্থাপন' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, পরিকল্পনা মাফিক সম্পদের সুষ্ঠু ব্যবহার করে সুষম উন্নয়ন করা হবে। চাহিদা সরবরাহ এবং সম্ভাব্য প্রাপ্তির উৎস, অর্থনৈতিক চ্যালেঞ্জ, ক্লিন এনার্জি বা বৈশ্বিক অবস্থা নিয়ে প্ল্যানে ডিটেইলস বলা আছে। এটিকে ম্যাগনাকার্টা উল্লেখ করে তিনি বলেন, সেক্টর ওয়াইজ গ্যাসের চাহিদা নিরূপণ করে গ্যাস সরবরাহের উদ্যোগ নেওয়া হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১৫,ক.৭), **ভোরের কাগজ** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.১), **অবজারভার** (পৃ.১৭,ক.৬)।

**৯। জাদুঘর পরিচালনার জন্য বিশেষজ্ঞ প্রয়োজন : সংস্কৃতিমন্ত্রী**

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, জাতীয় জাদুঘর পরিচালনার দায়িত্বে বিশেষজ্ঞ ব্যক্তি প্রয়োজন। সেজন্য তিনি বিভিন্ন বিষয়ে যেমন বিশেষ ক্যাডার সার্ভিস হয়েছে তেমনি সংস্কৃতি ক্যাডার ভিত্তিক কর্মকর্তা নিয়োগের প্রয়োজনীয়তার কথা জানান। তিনি বলেন, বিশ্বে জাদুঘর পরিচালনার জন্য এ বিষয়ে গবেষকরা 'কিউরেটর' হিসেবে নিয়োগ পেয়ে থাকেন। গতকাল ৭ আগস্ট সোমবার জাতীয় জাদুঘরের ১০৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬) **সংবাদ** (শেষ পৃ.,ক.৬)।

**১০। মশা মারতে ড্রেনে গাপ্পি মাছ ছাড়বে ডিএসসিসি**

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র মোহাম্মদ সাঈদ খোকন বলেছেন, মশার প্রজননরোধে ডিএসসিসি এলাকার ৪৫০ কিলোমিটার ড্রেনে গাপ্পি মাছ ছাড়া হবে। গতকাল ৭ আগস্ট সোমবার স্টামফোর্ড বিশ্ববিদ্যালয় আয়োজিত চিকুনগুনিয়াবিষয়ক এক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৮,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক. ৫), **নিউ এজ** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান** (পৃ.১৪,ক.১)।

**১১। ইলিশের জিআই পেল বাংলাদেশ**

জামদানির পর এবার বাংলাদেশের ইলিশ ভৌগোলিক নির্দেশক বা জিআই পণ্য হিসেবে স্বীকৃতি পেয়েছে। এর ফলে ইলিশ বাংলাদেশের নিজস্ব পণ্য হিসেবে সারাবিশ্বে স্বীকৃতি পেল। পেটেন্ট ডিজাইন ও

ট্রেডমার্কস অধিদফতর বলছে, ভৌগোলিক নির্দেশক (জিওগ্রাফিক্যাল ইনডিকেশন) পণ্য হিসেবে ইলিশ নিবন্ধনের সব প্রক্রিয়া শেষ। এক সপ্তাহের মধ্যে আনুষ্ঠানিকভাবে মৎস্য অধিদফতরের হাতে ইলিশের জিআই নিবন্ধনের সনদ তুলে দেওয়া হবে। শিল্পমন্ত্রণালয় সূত্রে এসব তথ্য জানা গেছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৩)।

**১২। রপ্তানির উৎসে কর শূন্য দশমিক ৭ শতাংশ : এসআরও জারি**

গার্মেন্টসসহ রপ্তানিখাতের বহুল আলোচিত উৎসে কর কমলো। চলতি অর্থবছরের বাজেটে রপ্তানি উৎসে কর দশমিক সাত শূন্য শতাংশ (০.৭০%) থেকে বাড়িয়ে এক শতাংশ (১%) করা হলেও শেষ পর্যন্ত তা কমিয়ে পূর্বের জায়গায় নিয়ে আসা হলো। সম্প্রতি এ সংক্রান্ত একটি আদেশ জারি (এসআরও) করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৮), **প্রথম আলো** (পৃ.১৩,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

## সম্পাদকীয়

ক. **সংবাদ :** চিকিৎসা ব্যয় মেটাতে গিয়ে প্রতি বছর প্রায় ৬৪ লাখ মানুষ সর্বস্বান্ত হয়ে পড়ছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে লাগামহীনভাবে বেড়ে চলা চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **প্রথম আলো, যায়যায়দিন, ভোরের কাগজ, নিউ এজ :** বিশ্বজিৎ দাস হত্যাকাণ্ডের রায় প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে দণ্ড পাওয়া পলাতক ব্যক্তিদের গ্রেপ্তারে সর্বোচ্চ পদক্ষেপ নেওয়ার দাবি।

গ. **সমকাল :** খাগড়াছড়ির দীঘিনালা ডিগ্রি কলেজে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে পাহাড়ি-বাঙালি শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষের খবরে উদ্বেগ প্রকাশ করে পার্বত্য জেলাগুলোতে স্থিতিশীলতা ও আইনের শাসন প্রতিষ্ঠা ও উন্নয়নে সবাইকে একযোগে কাজ করার আহ্বান।

ঘ. **ইনকিলাব :** রাজধানীর গণপরিবহণে চলা নৈরাজ্যকর পরিস্থিতি নিয়ন্ত্রণে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ডেইলি সান :** ঢাকার রাস্তায় প্রতিদিন ৩৬৫টি নতুন গাড়ি নামায় তাতে রাজধানীর যানজট আরও প্রকট হচ্ছে উল্লেখ করে একটি ওয়েল অর্গানাইজড পাবলিক ট্রান্সপোর্ট সিস্টেম গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি স্টার, নিউ নেশন :** বিগত ৮ বছরে ঢাকার ড্রেইনেজ সিস্টেমের উন্নয়নে পৃথক পৃথক সংস্থার মাধ্যমে দুই হাজার কোটি টাকা ব্যয় হলেও সংস্থাগুলোর মধ্যে কাজের সমন্বয় না থাকায় তাতে আরও সমস্যা তৈরি হওয়ায় বিভিন্ন প্রজেক্টের পরিবর্তে সমন্বিতভাবে কাজ করার সুপারিশ।

## উপ-সম্পাদকীয়

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বুদ্ধিবৃত্তিক ও সাংস্কৃতিক অগ্রযাত্রার পথকে রক্ষা করতে দায়িত্বশীল রাজনীতিকদেরই এগিয়ে আসতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'খেলাপি ঋণের অভিশাপমুক্ত হোক ব্যাংক খাত'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সামাজিকভাবে ঋণ খেলাপিদের বিরুদ্ধে ব্যাপক আন্দোলন গড়ে তুলতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

## সম্পাদকীয়

ক. **সংবাদ :**

খ. **ইত্তেফাক :**

গ. **যুগান্তর :**

ঘ. **ইনকিলাব :**

ঙ. **ইন্ডিপেনডেন্ট :**

ছ. **ডেইলি সান :**

জ. **ডেইলি স্টার :**

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'----'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে,

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২৭/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ৭ আগস্ট ২০১৭, ২৩ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সংসদ নির্বাচনে ইইউ'র পর্যবেক্ষক পাঠানোর প্রস্তাবকে স্বাগত জানালেন প্রধানমন্ত্রী

২। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় আরো সতর্ক হতে হবে : প্রধানমন্ত্রী

৩। ২০২০ সালের মধ্যে প্রজনন হার দুই-এ নামিয়ে আনতে হবে : স্বাস্থ্যমন্ত্রী

৪। মুক্তিযোদ্ধাদের সম্মানী ও উৎসব ভাতা ঈদের আগেই : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী

৫। চাই পারমাণবিক বোমামুক্ত দক্ষিণ এশিয়া : তথ্যমন্ত্রী

৬। বঙ্গবন্ধু উপগ্রহ ১৬ ডিসেম্বর উৎক্ষেপণ : টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী

৭। বাংলাদেশ ট্যাপি গ্যাস লাইনে যুক্ত হতে চায় : জ্বালানি প্রতিমন্ত্রী

৮। ঢাকা মেট্রোরেল প্রকল্পের রেল কোচ সংগ্রহে চুক্তি স্বাক্ষর

৯। পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নাম পরিবর্তন

১০। চট্টগ্রাম ওয়াসার উন্নয়নে বিশ্বব্যাংকের বাড়তি ৪ কোটি ৭৫ লাখ ডলার ঋণ

১১। আমানতকারীর মৃত্যুর পর টাকা পাবে নমিনিই : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপণ

চলমান পাতা-২

**১। সংসদ নির্বাচনে ইইউ'র পর্যবেক্ষক পাঠানোর প্রস্তাবকে স্বাগত জানালেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) আগামী নির্বাচনে পর্যবেক্ষক পাঠানোর প্রস্তাবকে স্বাগত জানিয়ে তাদের উদ্যোগে ২০০৮ সালের নির্বাচনের আগে ছবিসহ ভোটার তালিকা প্রণয়নের উদ্যোগের প্রশংসা করেছেন। গতকাল ৬ আগস্ট রোববার বিদায়ী ইইউ রাষ্ট্রদূত পিয়েরে মায়েদুন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় রাষ্ট্রদূত বাংলাদেশে শান্তিপূর্ণ রাজনৈতিক অবস্থার প্রশংসা করে বলেন, আগামী নির্বাচনে ইউরোপীয় ইউনিয়ন নির্বাচন পর্যবেক্ষক দল প্রেরণ করবে। আগামী সাধারণ নির্বাচনে পর্যবেক্ষক পাঠাতে ইইউ'র আগ্রহের প্রশংসা করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২)।

**২। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় আরো সতর্ক হতে হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, কোনো ধরনের দূষণ না করেও বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাবের শিকার হচ্ছে। তাই জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব মোকাবিলায় কারো মুখাপেক্ষী হয়ে থাকা নয়, বরং নিজেদেরই আরো সতর্ক হতে হবে। এক্ষেত্রে দেশের উপকূলীয় অঞ্চলসহ সারাদেশে সবুজ বেষ্টনী গড়ে তোলার তাগিদ দেন তিনি। গতকাল ৬ আগস্ট রোববার প্রধানমন্ত্রীর কার্যালয়ে জাতীয় পরিবেশ কমিটির চতুর্থ বৈঠকে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**৩। ২০২০ সালের মধ্যে প্রজনন হার দুই-এ নামিয়ে আনতে হবে : স্বাস্থ্যমন্ত্রী**

আগামী ২০২০ সালের মধ্যে সার্বিক প্রজনন হার দুই-এ নামানোর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পরিবার পরিকল্পনা অধিদফতরের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের কাজে আরও গতিশীল হওয়ার নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ৬ আগস্ট রোববার সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে পরিবার-পরিকল্পনা অধিদফতরের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সাথে এক মতবিনিময় সভায় সভাপতিত্বকালে তিনি এ নির্দেশ দেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৮)।

**৪। মুক্তিযোদ্ধাদের সম্মানী ও উৎসব ভাতা ঈদের আগেই : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক জানিয়েছেন, ঈদুল আজহার আগেই প্রত্যেক মুক্তিযোদ্ধা সাড়ে ৫২ হাজার টাকা সম্মানী ও উৎসব ভাতা পাবেন। গত ঈদের বকেয়া উৎসব ভাতা, তিন মাসের সম্মানী ভাতা, ঈদুল আজহার উৎসব ভাতা বাবদ এই টাকা দেওয়া হবে। গতকাল ৬ আগস্ট রোববার মুক্তিযোদ্ধাদের একটি প্রতিনিধিদল মুক্তিযুদ্ধবিয়ষক মন্ত্রণালয়ে সাক্ষাৎ করতে গেলে মন্ত্রী তাদের এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৫। চাই পারমাণবিক বোমামুক্ত দক্ষিণ এশিয়া : তথ্যমন্ত্রী**

পারমাণবিক বোমামুক্ত দক্ষিণ এশিয়ার দাবি জানিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল ৬ আগস্ট রোববার রাজধানীতে বাংলাদেশ পরমাণুশক্তি কেন্দ্র মিলনায়তনে গতকাল ৬ আগস্ট রোববার হিরোশিমা দিবস উপলক্ষে আয়োজিত সেমিনারে এ দাবি তুলে ধরেন তিনি। তথ্যমন্ত্রী বলেন, এই মুহূর্তে পারমাণবিক, দারিদ্র্য ও জঙ্গিবাদ-তিন বোমার ওপরে অবস্থান করছে দক্ষিণ এশিয়া। সংঘাত, ধ্বংস ও দারিদ্র্যের কষাঘাত থেকে মুক্তি পেতে এই তিনের অবসানের কোনো বিকল্প নেই। ৭২ বছর আগে জাপানে হিরোশিমা ও নাগাসাকিতে যুক্তরাষ্ট্রের পারমাণবিক বোমা হামলায় প্রায় দুই লাখ মানুষের নিহত হবার ঘটনাকে গভীর বেদনার সঙ্গে স্মরণ করে এ সময় মন্ত্রী বলেন, শান্তির পথে অগ্রযাত্রায় আমাদের দক্ষিণ এশিয়াকে পারমাণবিক বোমামুক্ত করতেই হবে। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**৬।	বঙ্গবন্ধু উপগ্রহ ১৬ ডিসেম্বর উৎক্ষেপণ : টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী**

বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ নির্মাণকাজ প্রায় শেষ। এখন চলছে গ্রাউন্ড স্টেশন নির্মাণ। গ্রাউন্ড স্টেশনের নির্মাণকাজও শতকরা ৮৮ ভাগ শেষ হয়েছে। সবকিছু ঠিক থাকলে এ বছরের ১৬ ডিসেম্বর মহাকাশে উৎক্ষেপণ করা হবে। এই স্যাটেলাইট চালু হলে টেলিভিশন চ্যানেল, ইন্টারনেট সেবাদানকারী প্রতিষ্ঠান, ভি-স্যাট ও বেতারসহ ৪০ ধরনের সেবা পাওয়া যাবে। এতে ব্রডকাস্টিং থেকে শুরু করে টেলিযোগাযোগ সব সেক্টরেই বৈপ্লবিক পরিবর্তন ঘটবে। তখন আর বিদেশি স্যাটেলাইটের ওপর নির্ভরশীল হতে হবে না। অন্যদিকে স্যাটেলাইটের অব্যবহৃত তরঙ্গ ভাড়া দিয়ে বিপুল বৈদেশিক মুদ্রা আয় করাও সম্ভব হবে। গত ৫ আগস্ট শনিবার টাঙ্গাইলের দেলদুয়ার উপজেলার দেউলি ও আতিয়া ইউনিয়ন তথ্য কেন্দ্র পরির্দশনকালে ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৪,ক.৮)।

**৭।	বাংলাদেশ ট্যাপি গ্যাস লাইনে যুক্ত হতে চায় : জ্বালানি প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, বাংলাদেশ ট্যাপি (তুর্কমেনিস্তান-আফগানিস্তান-পাকিস্তান-ইন্ডিয়া) গ্যাস সঞ্চালন লাইনে যুক্ত হতে চায়। ট্যাপির জন্য সুনির্দিষ্ট টাইমলাইন পেলে গ্যাস মাস্টার প্ল্যানে এটাকে সংযুক্ত করা হবে। গতকাল ৬ আগস্ট রোববার মন্ত্রণালয়ে বাংলাদেশের জ্বালানি ও বিদ্যুৎ খাতের সম্ভাবনা নিয়ে তুর্কমেনিস্তানের নন-রেসিডেন্ট রাষ্ট্রদূত পারাখাত দুর্দোয়েভের সঙ্গে এক আলোচনায় প্রতিমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৫,ক.১), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬),

**৮।	ঢাকা মেট্রোরেল প্রকল্পের রেল কোচ সংগ্রহে চুক্তি স্বাক্ষর**

ঢাকা মেট্রোরেল প্রকল্পের রেল কোচ এবং রেল ট্র্যাক সংগ্রহে সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তির আওতায় প্রায় চার হাজার দুইশত সাতান্ন কোটি টাকা ব্যয়ে রেল কোচ ও রেল ট্র্যাক ছাড়াও রোলিং স্টক, ট্রেন সিমুলেটর, ডিপোর যন্ত্রপাতি, খুচরা যন্ত্রাংশ এবং সংশ্লিষ্টদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রয়েছে। সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের উপস্থিতিতে গতকাল ৬ আগস্ট রোববার রাজধানীর একটি হোটেলে নির্মাণ ঠিকাদারি প্রতিষ্ঠান জাপানের কাওয়াসাকি-মিতসুবিশি কনসোর্টিয়াম এবং মেট্রোরেল বাস্তবায়ন সংস্থা ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড-ডিএমটিসিএল এর মধ্যে এ চুক্তি স্বাক্ষরিত হয়। সূত্র-**ইনকিলাব** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.১)।

**৯।	পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নাম পরিবর্তন**

সরকার 'পরিবেশ ও বন' মন্ত্রণালয়-এর নাম পরিবর্তন করে 'পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন' মন্ত্রণালয় করার সিদ্ধান্ত নিয়েছে। গতকাল ৬ আগস্ট রোববার প্রধানমন্ত্রী শেখ হাসিনার কার্যালয়ে তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় পরিবেশ কমিটির (ন্যাশনাল কমিটি অন এনভায়রনমেন্ট) চতুর্থ সভায় এ সংক্রান্ত একটি প্রস্তাব অনুমোদন করা হয়। বৈঠকে জাতীয় পরিবেশ নীতি ২০১৭'র খসড়া এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনের জন্য 'জাতীয় বিনিয়োগ পরিকল্পনা (কান্ট্রি ইনভেস্টমেন্ট প্লান-সিআইপি)' খসড়াও অনুমোদন পেয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**১০।	চট্টগ্রাম ওয়াসার উন্নয়নে বিশ্বব্যাংকের বাড়তি ৪ কোটি ৭৫ লাখ ডলার ঋণ**

চট্টগ্রাম পানি সরবরাহ উন্নয়ন ও স্যানিটেশন শীর্ষক প্রকল্পের জন্য অতিরিক্ত ৪ কোটি ৭৫ লাখ ডলারের ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক। গতকাল ৬ আগস্ট রোববার এ বিষয়ে বিশ্বব্যাংক ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) মধ্যে একটি ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিতে ইআরডির অতিরিক্ত সচিব মাহমুদা বেগম ও বিশ্বব্যাংকের ঢাকা কার্যালয়ের ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর রাজশ্রী এস পালাকার স্বাক্ষর করেন। বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ প্রায় ৩৭৫ কোটি টাকা।সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (পৃ.১৪,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১১। আমানতকারীর মৃত্যুর পর টাকা পাবে নমিনিই : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপণ**

আবারও নমিনির পক্ষেই অবস্থান নিয়েছে বাংলাদেশ ব্যাংক (বিবি)। কেন্দ্রীয় ব্যাংকটি বলেছে, ব্যাংকে টাকা রেখে কোনো আমানতকারীর মৃত্যু হলে তার নমিনি ছাড়া অন্য কারও কাছে টাকা দেওয়া যাবে না। গতকাল ৬ আগস্ট রোববার কেন্দ্রীয় ব্যাংক এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে। বাংলাদেশ ব্যাংকের ওই প্রজ্ঞাপনে নমিনি ছাড়া অন্য কারও কাছে টাকা না দেওয়ার জন্য দেশে বাণিজ্যিক ব্যাংকগুলোকে নির্দেশনা দেওয়া হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** আমাদের নগরবাসী শিশু-কিশোরদের বড় অংশই খেলাধুলার সুযোগ থেকে বঞ্চিত হওয়ার কথা উল্লেখ করে তাদের খেলাধুলার জন্য পর্যাপ্ত মাঠের ব্যবস্থা করার সুপারিশ।

**খ.** **যায়যায়দিন :** খাদ্যপণ্যের অগ্নিমূল্য নিয়ন্ত্রণে আমদানি, মজুদ ও বাজার মনিটরিং ব্যবস্থা চালু রেখে পণ্যমূল্য স্থিতিশীল রাখতে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**গ.** **জনকণ্ঠ, নিউজ টুডে :** গৃহকর্মী নির্যাতনের হার বেড়ে চলায় উদ্বেগ প্রকাশ করে ২০১৬ সালে অনুমোদিত হওয়া গৃহকর্মী সুরক্ষা আইনের খসড়া আলোর মুখ না দেখায় আইনটির দ্রুত বাস্তবায়ন প্রত্যাশা।

**ঘ.** **ডেইলি সান :** স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্পেশাল বিসিএসের মাধ্যমে ১০ হাজার ডাক্তার এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণির পদে ৪০ হাজার জনবল নিয়োগ দেওয়ার বিষয়ে সরকারি সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে হাসপাতাল ও কমিউনিটি হেলথ ক্লিনিকগুলোতে ডাক্তারদের উপস্থিতি নিশ্চিত করার সুপারিশ।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** আধুনিক অস্ত্রশস্ত্র, গোলাবারুদ ও যন্ত্রপাতির সমন্বয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নতুন ‘এন্টি-টেরোরিজম ইউনিট’ গঠনের উদ্যোগকে স্বাগত জানিয়ে তা দেশের সন্ত্রাস দমনে ব্যাপক অবদান রাখবে বলে প্রত্যাশা।

**চ.** **ডেইলি স্টার :** ১৫ জন যাত্রী ধারণক্ষমতার ‘হিউম্যান হলার’ মিনিবাসে রূপান্তরিত করে দ্বিগুণের বেশি যাত্রী পরিবহণের খবরে উদ্বেগ প্রকাশ করে এ ধরনের অবৈধ বিপদজনক রূপান্তরের কাজ দ্রুত প্রতিহত করার সুপারিশ।

**ছ.** **নিউ এজ :** জনশক্তি রপ্তানিতে জড়িত রিক্রুটিং এজেন্সিসমূহের কার্যকলাপ কঠোরভাবে মনিটরিং করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **‘মৌলিক সুবিধা পাওয়ার ক্ষেত্রে বস্তিবাসী শিশুরা পিছিয়ে’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সরকারি এবং বেসরকারি সুযোগ সুবিধা নিশ্চিত করতে পারলে বস্তিবাসী শিশুদের মধ্য থেকে শিক্ষিত সুনাগরিক বেরিয়ে আসবে এবং জাতীয় উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্ত হয়ে তারা দেশের সার্বিক উন্নয়নে অবদান রাখতে পারবে।

#

ডালিয়া/ফাহিমা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২৬/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ৬ আগস্ট ২০১৭, ২২ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সব জেলায় শিশু হাসপাতাল হবে : স্বাস্থ্যমন্ত্রী

২। সারা দেশে দুই কোটি শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে

৩। ফিলিপাইনে মামলা থাকায় তদন্ত প্রতিবেদন প্রকাশ করা যাচ্ছে না : অর্থমন্ত্রী

৪। নির্বাচন যথা সময়ে সংবিধান অনুযায়ীই হবে : বাণিজ্যমন্ত্রী

৫। শোক দিবসের নামে কোনো চাঁদাবাজি চলবে না : সেতুমন্ত্রী

৬। ষোড়শ সংশোধনী বাতিলের সঙ্গে সরকার অপসারণের সম্পর্ক নেই : তথ্যমন্ত্রী

৭। অর্থনীতিতে আইসিএসবির ভূমিকা বাড়ানোর তাগিদ অর্থপ্রতিমন্ত্রীর

৮। চাল আমদানিতে কম্বোডিয়ার সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর

৯। আজ বাইশে শ্রাবণ, বিশ্বকবির ৭৬তম মৃত্যুবার্ষিকী

চলমান পাতা-২

১। **সব জেলায় শিশু হাসপাতাল হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, পর্যায়ক্রমে দেশের প্রতিটি জেলায় শিশু হাসপাতাল করা হবে। গতকাল ৫ আগস্ট শনিবার রাজধানীর শেরেবাংলা নগরে শিশু হাসপাতালে ৬ মাস থেকে ৫৯ মাস বয়সী শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর কর্মসূচি উদ্বোধনকালে স্বাস্থ্যমন্ত্রী এ ঘোষণা দেন। ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়াতে শিশুদের টিকাদান কেন্দ্রে নিয়ে যাওয়ার পাশাপাশি অন্যদের উৎসাহিত করার জন্য অভিভাবকদের প্রতি আহ্বান জানান তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

২। **সারা দেশে দুই কোটি শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে**

জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইনের আওতায় গতকাল ৫ আগস্ট শনিবার আনন্দমুখর পরিবেশে সারাদেশে ২ কোটি'র বেশি শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে। গতকাল শনিবার শ্যামলীর ঢাকা শিশু হাসপাতালে এই ক্যাম্পের উদ্বোধন করেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। সূত্র-**জনকন্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৭)।

৩। **ফিলিপাইনে মামলা থাকায় তদন্ত প্রতিবেদন প্রকাশ করা যাচ্ছে না : অর্থমন্ত্রী**

ফিলিপাইনে মামলা থাকায় বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির তদন্ত প্রতিবেদন প্রকাশ করা যাচ্ছে না বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, মামলাটি একটি পর্যায়ে গেলে প্রতিবেদন প্রকাশ করা হবে। গতকাল ৫ আগস্ট শনিবার নগরীর একটি হোটেলে সিলেট সিটি করপোরেশনের উদ্যোগে মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে এক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতা শেষে গণমাধ্যমকর্মীদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৬), **জনকন্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৪। **নির্বাচন যথা সময়ে সংবিধান অনুযায়ীই হবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, আগামী নির্বাচনকালীন বর্তমান সরকার থাকবে, সংসদ থাকবে, নির্বাচন পরিচালনা করবে নির্বাচন কমিশন। বিএনপি যত প্রস্তাবই দিক না কেন, নির্বাচন যথা সময়ে সংবিধান অনুযায়ীই হবে। সহায়ক সরকার বলতে সংবিধানে কোনো শব্দ নেই। পৃথিবীর কোনো সংবিধানেই এমন শব্দ নেই। গতকাল ৫ আগস্ট শনিবার ভোলার চরফ্যাশনে এক সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৩), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৮,ক.১)।

৫। **শোক দিবসের নামে কোনো চাঁদাবাজি চলবে না : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, শোক দিবসের নামে কোনো রকম চাঁদাবাজি চলবে না। গতকাল ৫ আগস্ট শনিবার ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি) ভবনের সামনের সড়কে অস্থায়ী মঞ্চে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে ডিএসসিসি আয়োজিত নাগরিক শোক র‍্যালিতে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২ )।

**৬। ষোড়শ সংশোধনী বাতিলের সঙ্গে সরকার অপসারণের সম্পর্ক নেই : তথ্যমন্ত্রী**

ষোড়শ সংশোধনী বাতিল হওয়ায় সরকারে পদত্যাগ বা অপসারণ বিষয়ে বিএনপি নেতাদের বক্তব্যের জবাবে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, ষোড়শ সংশোধনী বাতিল হয়েছে, এখানে সংবিধানের একটি অংশের অনুচ্ছেদ বাতিল হয়েছে। সরকার গঠন এবং সরকার অপসারণ করার একটি আইনগত সাংবিধানিক বিধান আছে। সুতরাং কারো কথায় সরকার গঠনও হয় না, কারো বিবৃতির দোহাই দিয়ে সরকার অপসারণও হয় না। গতকাল ৫ আগস্ট শনিবার কুষ্টিয়ার মিরপুর উপজেলার আমলা বাজারে মা কম্পিউটার ট্রেনিং সেন্টারে একটি কর্মশালা উদ্বোধনকালে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৮,ক.৭), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

**৭। অর্থনীতিতে আইসিএসবির ভূমিকা বাড়ানোর তাগিদ অর্থপ্রতিমন্ত্রীর**

অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এম এ মান্নান বলেছেন, দেশের অর্থনীতির আকার দিন দিন বড় হচ্ছে। এ অবস্থায় অর্থনীতিতে সবার ভূমিকা বাড়াতে হবে। এক্ষেত্রে ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ ( আইসিএসবি) গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। গতকাল ৫ আগস্ট শনিবার রাজধানীর একটি হোটেলে আইসিএসবি আয়োজিত ২০১৭-১৮ অর্থবছরের জাতীয় বাজেট ও অর্থবিল ২০১৭ সংক্রান্ত সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১)।

**৮। চাল আমদানিতে কম্বোডিয়ার সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর**

আগামী পাঁচ বছরে ১০ লাখ টন চাল আমদানির জন্য কম্বোডিয়ার সঙ্গে সমঝোতা চুক্তি (এমওইউ) স্বাক্ষর করেছে বাংলাদেশ। কম্বোডিয়ার রাজধানী নমপেনে বাংলাদেশের খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম ও কম্বোডিয়ার বাণিজ্যমন্ত্রী প্যান সোরাকাসের মধ্যে এ ব্যাপারে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই চুক্তির আওতায় বাংলাদেশ এ বছর আড়াই লাখ টন চাল আমদানি করবে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৪,ক.১)।

**৯। আজ বাইশে শ্রাবণ, বিশ্বকবির ৭৬তম মৃত্যুবার্ষিকী**

আজ বাইশে শ্রাবণ। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ৭৬তম মৃত্যুবার্ষিকী। যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন উপলক্ষে সরকারি ও বেসরকারিভাবে রাজধানী ঢাকাসহ সারাদেশে বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠন বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** বরিশাল নগরীতে প্রায় অর্ধশত ঝুঁকিপূর্ণ ভবন রয়েছে উল্লেখ করে সারাদেশে এ রকম ঝুঁকিপূর্ণ ভবন চিহ্নিত করে সংস্কার বা অপসারণের ওপর গুরুত্বারোপ।

**খ.** **সংবাদ :** রাজধানীর জলাবদ্ধতা নিরসনে দুই সিটি করপোরেশন, পানি উন্নয়ন বোর্ড ও ওয়াসাকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান।

**গ.** **জনকণ্ঠ :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ঐতিহ্যবাহী স্থাপনা হিসেবে সুপরিচিত রাজধানীর ৯৩টি প্রাচীন প্রত্নতাত্ত্বিক নিদর্শন ও স্থান সংরক্ষণের ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার নির্দেশনা দেওয়ার কথা উল্লেখ করে এসব স্থাপনার বেহাল দশা থেকে পূর্বের অবস্থায় ফিরিয়ে আনতে প্রধানমন্ত্রীর নির্দেশনার যথাযথ বাস্তবায়ন প্রত্যাশা।

ঘ. **সমকাল :** রাজধানীর বনশ্রীতে এক বাসায় গৃহকর্মী লাইলীর মৃত্যুর জন্য দায়ীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি।

ঙ. **ডেইলি সান :** দেশের ৬১টি বেসরকারি মেডিকেল কলেজের অধিকাংশতেই নিম্নমানের শিক্ষা কার্যক্রম চলার পাশাপাশি শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ফি আদায়ের বিষয় তুলে ধরে জরুরি ভিত্তিতে এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিয়ে মানসম্মত চিকিৎসা শিক্ষা নিশ্চিত করার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** সামাজিক বনায়ন কর্মসূচিতে যেন গ্রামের যুবকদের কর্মসংস্থানের দ্বারা গ্রামের উন্নয়ন ত্বরান্বিত হয় তা নিশ্চিত করাসহ অযথা গাছ কাটা ও বনভূমি অবৈধ দখল বন্ধের ব্যবস্থা করার আহ্বান।

ছ. **ডেইলি স্টার :** নৌ পরিবহণ মন্ত্রণালয়ে ঘুষ লেনদেনের দ্বারা নৌপথে আনফিট নৌযান চলাচল অব্যাহত থাকায় তা বন্ধে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

## উপ-সম্পাদকীয়

**বাংলাদেশ প্রতিদিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সঠিক দিক নির্দেশনা ও নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রণয়ন করতে পারলে আন্তর্জাতিক মানের একটি উন্নত স্বাস্থ্য ব্যবস্থা আমাদের দেশে প্রতিষ্ঠা করা সম্ভব।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'সচেতনতাই বাল্যবিয়ে রোধ করতে পারে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, অভিভাবকসহ সমাজের সব স্তরের জনগণ সচেতন হলে বাল্যবিয়ের অভিশাপ থেকে কিশোরীরা নিশ্চিতভাবে মুক্তি লাভ করবে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২৫/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ৩ আগস্ট ২০১৭, ১৯ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রাজধানীর প্রত্নতাত্ত্বিক স্থাপনা সংরক্ষণের নির্দেশ প্রধানমন্ত্রীর

২। কোরবানির ঈদে নিত্যপণ্যের দাম বাড়বে না : বাণিজ্যমন্ত্রী

৩। মেট্রোরেলের স্টেশন ও উড়ালপথ নির্মাণকাজের উদ্বোধন করলেন সড়কমন্ত্রী

৪। ৫৭ ধারা সাংবাদিকতার বিরুদ্ধে নয় : তথ্যমন্ত্রী

৫। হজযাত্রীদের ফ্লাইট সমস্যা সমাধানে মনিটরিং শুরু : বিমানমন্ত্রী

৬। সিএসআর নীতিমালা প্রণয়নে জাতীয় কাউন্সিল হচ্ছে : অর্থ প্রতিমন্ত্রী

৭। ঈদে বৈধ পথেই ভারতীয় গরু আসবে : বিজিবি মহাপরিচালক

৮। ৫৭ ধারায় মামলা করতে পুলিশ সদর দফতরের অনুমোদন লাগবে : আইজিপি

৯। এমবিবিএস ভর্তি পরীক্ষা ৬ অক্টোবর ও বিডিএস ১০ নভেম্বর

১০। পিআইবি'র নতুন পরিচালনা বোর্ড গঠন

চলমান পাতা-২

**১। রাজধানীর প্রত্নতাত্ত্বিক স্থাপনা সংরক্ষণের নির্দেশ প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যথাযথ সংস্কারের মাধ্যমে রাজধানীর প্রত্নতাত্ত্বিক স্থাপনাগুলো সংরক্ষণে পদক্ষেপ নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন। গতকাল ২ আগস্ট বুধবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে সংস্কৃতি মন্ত্রণালয়, প্রত্নতত্ত্ব অধিদফতর ও রাজউকের জ্যেষ্ঠ কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে প্রধানমন্ত্রী ঐতিহাসিক গুরুত্ব বিবেচনায় নিয়ে প্রয়োজনে কোনো স্থাপনা ভেঙে নতুন করে নির্মাণ, সংরক্ষণ ও সংস্কারের ব্যাপারে পদক্ষেপ নেওয়ারও নির্দেশ দেন। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম এ বিষয়ে অবহিত করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**২। কোরবানির ঈদে নিত্যপণ্যের দাম বাড়বে না : বাণিজ্যমন্ত্রী**

কোরবানির ঈদকে সামনে রেখে কোনো পণ্যের দাম বৃদ্ধি পাবে না বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, ঈদকে সামনে রেখে ভোজ্যতেলসহ নিত্যপ্রয়োজনীয় নানা পণ্যের পর্যাপ্ত মজুদ রয়েছে। তাছাড়া বাণিজ্য মন্ত্রণালয়ের বাজার মনিটরিং টিম নিয়মিত বাজার মনিটরিং করবে। গতকাল ২ আগস্ট বুধবার সচিবালয়ে তিনি এ কথা জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৪)।

**৩। মেট্রোরেলের স্টেশন ও উড়ালপথ নির্মাণকাজের উদ্বোধন করলেন সড়কমন্ত্রী**

যোগাযোগ খাতের উন্নয়নের লক্ষ্যে মেট্রোরেলের স্টেশন ও উড়ালপথ (ভায়াডাক্ট) নির্মাণকাজের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। গতকাল ২ আগস্ট বুধবার আগারগাঁওয়ে পরিসংখ্যান ভবনের কাছে এই কাজের উদ্বোধন করেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি জানান ২০১৯ সালে মেট্রোরেলের একাংশ চালু করার পরিকল্পনা রয়েছে সরকারের। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১৯,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৫)।

**৪। ৫৭ ধারা সাংবাদিকতার বিরুদ্ধে নয় : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৭ ধারা ডিজিটাল জগতের নিরাপত্তা বিধানে সার্বজনীন ধারা, সাংবাদিকতার বিরুদ্ধে কোনো ধারা নয়। গতকাল ২ আগস্ট বুধবার রাজধানীর হেয়ার রোডে তথ্যমন্ত্রীর সরকারি বাসভবনে অনলাইন সাংবাদিক সোসাইটির নেতৃবৃন্দ শুভেচ্ছা ও অভিনন্দন জানাতে এলে তিনি এ কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৫)।

**৫। হজযাত্রীদের ফ্লাইট সমস্যা সমাধানে মনিটরিং শুরু : বিমানমন্ত্রী**

বেসামারিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন বলেছেন, অতীতে হজফ্লাইট সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রশংসা পেয়েছি। তবে এ বছর কিছু সমস্যা সৃষ্টি হয়েছে। এ সমস্যা কেটে যাবে। ইতোমধ্যে সমস্যা সমাধানে হজের সামগ্রিক কার্যক্রম মনিটরিং শুরু হয়েছে। গতকাল ২ আগস্ট বুধবার সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে আন্তঃমন্ত্রণালয় বৈঠক শেষে এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন বিমানমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১) **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৪)।

**৬। সিএসআর নীতিমালা প্রণয়নে জাতীয় কাউন্সিল হচ্ছে : অর্থ প্রতিমন্ত্রী**

সামাজিক দায়বদ্ধতা কর্মসূচী (সিএসআর) নীতিমালা প্রণয়নে শীঘ্রই একটি জাতীয় কাউন্সিল গঠন করা হবে বলে জানিয়েছেন অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এম এ মান্নান। গতকাল ২ আগস্ট বুধবার ঢাকা চেম্বার অডিটরিয়ামে 'বাংলাদেশে কর্পোরেট প্রতিষ্ঠানসমূহে সামাজিক দায়বদ্ধতা কার্যক্রম জোরদার' শীর্ষক এক সেমিনারে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (পৃ.১৪,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১)।

**৭। ঈদে বৈধ পথেই ভারতীয় গরু আসবে : বিজিবি মহাপরিচালক**

আসন্ন ঈদুল আজহা উপলক্ষে ভারতীয় গরু বৈধভাবে বাংলাদেশে প্রবেশ করতে পারবে বলে জানিয়েছেন বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) মহাপরিচালক মেজর জেনারেল আবুল হোসেন। তিনি বলেন, সীমান্ত এলাকায় নির্দিষ্ট যেসব পথ (ঘাটাল) রয়েছে সেসব পথ দিয়েই বৈধভাবে ভারতীয় গরু বাংলাদেশে প্রবেশ করতে দেওয়া হবে। গরু আনার জন্য বাংলাদেশি কোনো রাখাল ও ব্যবসায়ী কোনোভাবেই সীমান্তের জিরোলাইন অতিক্রম করতে পারবে না। ভারতের ব্যাপারীরা জিরোলাইনে গরু নিয়ে এলে নিয়ম অনুযায়ী এদেশের ব্যবসায়ীরা তা নিয়ে আসতে পারবেন। গতকাল ২ আগস্ট বুধবার বিজিবি সদর দফতরে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**৮। ৫৭ ধারায় মামলা করতে পুলিশ সদর দফতরের অনুমোদন লাগবে : আইজিপি**

আইসিটি আইনে মামলা করার আগে পুলিশ সদর দফতরের আইন শাখার পরামর্শ নেওয়ার জন্য নির্দেশনা দেওয়া হয়েছে। আইজিপির সভাপতিত্বে পুলিশ সদর দফতরে অনুষ্ঠিত উর্ধ্বতন কর্মকর্তাদের এক বৈঠকে এ নির্দেশনা দেন আইজিপি এ কে এম শহীদুল হক। পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাদের এ বৈঠকে দেশে ৫৭ ধারায় মামলা দায়ের নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ওই সময় আইজিপি কর্মকর্তাদের নির্দেশনা দেন যে, ৫৭ ধারায় মামলা দায়ের করতে হলে পুলিশ সদর দফতরের আইন শাখার পরামর্শ নিতে হবে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৫) **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৯। এমবিবিএস ভর্তি পরীক্ষা ৬ অক্টোবর ও বিডিএস ১০ নভেম্বর**

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষা আগামী ৬ অক্টোবর অনুষ্ঠিত হবে। বিডিএস ভর্তি পরীক্ষা হবে ১০ নভেম্বর। গতকাল ২ আগস্ট বুধবার সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত এমবিবিএস ও বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম এতে সভাপতিত্ব করেন। সভায় স্বাস্থ্যমন্ত্রী ১ সেপ্টেম্বর থেকে সকল কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ দেন। তিনি প্রয়োজনে আইন-শৃঙ্খলা বাহিনীর সহায়তা নেওয়ার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ জানিয়ে বলেন, কিছু চিহ্নিত কোচিং সেন্টারে ভর্তি পরীক্ষার সময় ভূয়া প্রশ্নপত্র বানিয়ে জনগণকে বিভ্রান্ত এবং নিরীহ অভিভাবকদের সাথে প্রতারণা করে। এই চক্রকে প্রতিরোধ করতে পরীক্ষার সময় কোচিং সেন্টার বন্ধ থাকবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**১০। পিআইবি'র নতুন পরিচালনা বোর্ড গঠন**

বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের (পিআইবি) ১৩ সদস্যের নতুন পরিচালনা বোর্ড গঠন করা হয়েছে। এ বোর্ডের চেয়ারম্যান দৈনিক সমকাল-এর সম্পাদক গোলাম সারওয়ার, সদস্যসচিব পিআইবির মহাপরিচালক শাহ আলমগীর এবং কমিটির অন্যান্য সদস্যের মধ্যে রয়েছেন তথ্য অধিদফতরের প্রধান তথ্য কর্মকর্তা কামরুন নাহার। গত ১ আগস্ট মঙ্গলবার এ-সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.১), **সমকাল** (পৃ.২,ক.১) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৪)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে রোগীদের খাবারের মান নিয়ে অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে দেশের সকল সরকারি হাসপাতালে রোগীর খাবার নিয়ে যেকোনো অনিয়মের দিকে নজর দেওয়ার সুপারিশ।

খ. **জনকণ্ঠ :** দেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার বেহাল অবস্থায় উদ্বেগ প্রকাশ করে দক্ষ মানবসম্পদ তৈরিতে প্রয়োজন কারিগরি শিক্ষার ওপর সবিশেষ গুরুত্বারোপ করা বলে মতপ্রকাশ।

গ. **ভোরের কাগজ, যায়যায়দিন :** ভিসা জটিলতা,মোয়াল্লেম ফিসহ নানা সমস্যার কারণে অন্তত ৪০

হাজার মানুষের হজযাত্রা নিয়ে শংকা দেখা দেওয়ায় এ সংকটের দ্রুত সমাধানের সুপারিশ।

ঘ. **ইনকিলাব :** ইলিশের ভরা মওসুমেও বাংলাদেশের জেলেরা ভারতীয় জেলেদের অনুপ্রবেশ ও দস্যুতার কারণে অবাধে ইলিশ শিকার করতে পারছে না এ অভিযোগ আমলে নিয়ে মৎস্য সম্পদ রক্ষায় সাগরের বিশেষ অর্থনৈতিক অঞ্চলের নিরাপত্তা জোরদারে জরুরি ভিত্তিতে বিশেষ উদ্যোগ গ্রহণ করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** শিশু জন্মের প্রথম ৬ মাস শুধু মায়ের দুধ পান করানোসহ অন্তত দুই বছর শিশুকে মায়ের দুধ খাওয়ানোয় শিশু ও মা উভয়ই শারীরিক নানা অসুখ থেকে মুক্ত থাকবে বলে অভিমত।

ছ. **ডেইলি সান :** রাজধানীর উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত মেট্রোরেল নির্মাণ কাজ শুরু হওয়ায় সংশ্লিষ্টরা যথাসময়ে এর নির্মাণ কাজ সম্পন্নে সচেষ্ট হবেন বলে প্রত্যাশা।

জ. **নিউজ টুডে :** সমুদ্র অর্থনীতির বিপুল সম্ভাবনা কাজে লাগাতে দক্ষ জনশক্তি গড়ে তুলতে চট্টগ্রাম ছাড়াও দেশের অন্যান্য স্থানে মেরিন সাইন্স এ্যান্ড ফিসারিজ ইন্সটিটিউট গড়ে তোলার সুপারিশ।

ঝ. **নিউ এজ :** বাংলাদেশে প্রতি ১ লাখে ৮ জন লোকের আত্মহত্যা করার ঘটনাকে গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে বিশেষজ্ঞ ও মনোবিজ্ঞানীদের সমন্বয়ে বোর্ড গঠন করে ঘটনার কারণ ও সমাধানে সরকারকে যথাযথ ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**আমাদের সময়** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, গণতান্ত্রিক ব্যবস্থায় প্রকৃত শাসন হচ্ছে আইনের শাসন।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শুদ্ধাচারের সন্ধানে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দুর্নীতি প্রতিরোধে ব্যক্তি পর্যায়ে কর্তব্যনিষ্ঠা ও সততা, তথা চরিত্রনিষ্ঠা খুব দরকার।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২৩/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ১ আগস্ট ২০১৭, ১৭ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিদ্যুৎ স্থাপনায় নাশকতার শাস্তি ১০ বছরের জেল ও জরিমানার বিধান রেখে মন্ত্রিসভায় বিদ্যুৎ আইন অনুমোদন

২। তিন বাহিনী প্রধানের চাকরির মেয়াদ ৪ বছর হচ্ছে : মন্ত্রিসভায় অনুমোদন

৩। রাজধানীর খাল উদ্ধারের নির্দেশ প্রধানমন্ত্রীর

৪। শোকাবহ আগস্টের প্রথম দিন আজ : বিভিন্ন সংগঠনের মাসব্যাপী কর্মসূচি ঘোষণা

৫। আগস্টে চাঁদাবাজির খবর পেলেই ব্যবস্থা : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৬। চিকুনগুনিয়ায় আক্রান্তদের ফিজিওথেরাপি দেবে ডিএসসিসি

৭। বাংলাদেশে নদী দূষণ রোধে কাজ করতে আগ্রহী চীন

৮। পাট রফতানিতে আয় বেড়েছে ৪ শতাংশ

৯। নির্দিষ্ট খাতের গুটিকয়েক মানুষকে ঋণ দেওয়ার সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে ব্যাংকগুলোকে গভর্নরের নির্দেশ

১০। আজ থেকে ২৪ ঘন্টা খোলা বেনাপোল বন্দর

১১। বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ শুরু আজ

চলমান পাতা-২

১। **বিদ্যুৎ স্থাপনায় নাশকতার শাস্তি ১০ বছরের জেল ও জরিমানার বিধান রেখে মন্ত্রিসভায় বিদ্যুৎ আইন অনুমোদন**

বিদ্যুৎ স্থাপনায় নাশকতার জন্য সর্বোচ্চ দশ বছরের জেল ও দশ কোটি টাকা জরিমানার বিধান রেখে দীর্ঘ ১০৭ বছর পুরনো বিদ্যুৎ আইনের পরিবর্তন আনা হচ্ছে। ব্রিটিশ আমলের তৈরি 'বিদ্যুৎ আইন, ১৯১০'-এর সংস্কার আনছে সরকার। গতকাল ৩১ জুলাই সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে 'বিদ্যুৎ আইন, ২০১৭' এর অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,.ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

২। **তিন বাহিনী প্রধানের চাকরির মেয়াদ ৪ বছর হচ্ছে : মন্ত্রিসভায় অনুমোদন**

সেনা, নৌ ও বিমানবাহিনীর প্রধানের (পদে) চাকরির মেয়াদ সর্বোচ্চ চার বছর নির্ধারণ করে 'প্রতিরক্ষা বাহিনীসমূহের প্রধানদের (নিয়োগ, বেতন, ভাতা এবং অন্যান্য সুবিধা) আইন-২০১৭' এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে সরকার। তবে বাহিনী প্রধানদের বেতন ভাতা আগের মতোই থাকছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ৩১ জুলাই সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয় বলে বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,.ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

৩। **রাজধানীর খাল উদ্ধারের নির্দেশ প্রধানমন্ত্রীর**

রাজধানীর খাল উদ্ধার করার জন্য স্থানীয় সরকার মন্ত্রীকে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, প্রয়োজনে বক্স কালভার্টগুলোকেও উন্মুক্ত করে দিতে। যান চলাচলের জন্য বক্স কালভার্টের ওপরে ছোট আকৃতির ওভার পাস তৈরি করা যেতে পারে। এ জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়কে গুরুত্বের সঙ্গে কাজ করার নির্দেশ দেন তিনি। গতকাল ৩১ জুলাই সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠক শেষে অনির্ধারিত আলোচনায় এসব কথা বলেন প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ,১.ক.৬) **ইন্ডিপেনডেন্ট** (পৃ,১.ক.৬)।

৪। **শোকাবহ আগস্টের প্রথম দিন আজ : বিভিন্ন সংগঠনের মাসব্যাপী কর্মসূচি ঘোষণা**

শোকাবহ আগস্টের প্রথম দিন আজ। ১৯৭৫ সালের এ মাসেই বাঙালি জাতি হারিয়েছে হাজার বছরের শ্রেষ্ঠ সন্তান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। প্রতিবারের মত এবারও ১৫ আগস্টকে সামনে রেখে প্রথম দিন থেকেই শুরু হচ্ছে আওয়ামী লীগসহ সহযোগী ও ভ্রাতৃপ্রতীম সংগঠনগুলোর মাসব্যাপী কর্মসূচি। এদিন সকালে নগরীর ৩২ নম্বর ধানমন্ডিতে বিভন্ন সংগঠন বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধা জানাবে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ,১.ক.১),এশিয়ান এজ (পৃ,১.ক.১)।

৫। **আগস্টে চাঁদাবাজির খবর পেলেই ব্যবস্থা : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

১৫ আগস্ট সামনে রেখে চাঁদাবাজির কোনো খবর পেলেই ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল ৩১ জুলাই সোমবার রাজধানীর কাকরাইলের ইন্সটিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে ঢাকা ট্যাক্স বার অ্যাসোসিয়েশনের অভিষেক অনুষ্ঠানে এ হুশিয়ারি দেন তিনি। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.১)।

৬। **চিকুনগুনিয়ায় আক্রান্তদের ফিজিওথেরাপি দেবে ডিএসসিসি**

রাজধানীতে চিকুনগুনিয়ায় আক্রান্তদের শরীরের অস্বাভাবিক ব্যথার কথা চিন্তা করে বাড়িতে গিয়ে বিনামূল্যে ফিজিওথেরাপি সেবা দেওয়ার ব্যবস্থা করেছে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি)। গতকাল ৩১ জুলাই সোমবার নগর ভবনে মেয়র সাঈদ খোকন বিনামূল্যে ফিজিওথেরাপি সেবা ও প্রশিক্ষণ প্রদান কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এ সেবা প্রদানের জন্য বাংলাদেশ ফিজিওথেরাপি অ্যাসোসিয়েশন

এবং স্বাধীনতা ফিজিওথেরাপি পরিষদের চিকিৎসকরা রোগীদের সেবার কাজে নিয়োজিত থাকবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **যুগান্তর** (পৃ.১৮,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৮), **নিউ এজ** (পৃ.১১,ক.৫)।

**৭। বাংলাদেশে নদী দূষণ রোধে কাজ করতে আগ্রহী চীন**

বাংলাদেশের নদীগুলো দূষণ রোধ ও রক্ষায় প্রয়োজনীয় সহযোগিতার জন্য একসঙ্গে কাজ করার আগ্রহ প্রকাশ করেছে চীন সরকার। গতকাল **৩১** জুলাই সোমবার সচিবালয়ে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেনের সাথে চীনের পীত নদী রক্ষা কমিশনের কমিশনার ও ভাইস মিনিস্টার ইউই ঝংমিংয়ের নেতৃত্বে **১১** সদস্যের প্রতিনিধিদলের এক সৌজন্য সাক্ষাতে এই আগ্রহ প্রকাশ করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,.ক.৫)।

**৮। পাট রফতানিতে আয় বেড়েছে ৪ শতাংশ**

পাট ও পাটজাত পণ্য রফতানিতে আয় বেড়েছে ৪ শতাংশ। ২০১৬-১৭ অর্থবছরে এ খাত থেকে মোট আয় হয়েছে ৯৬ কোটি ২৪ লাখ ২০ হাজার মার্কিন ডলার, যা এর আগের অর্থবছরের (২০১৫-১৬) তুলনায় ৪ দশমিক ৬৬ শতাংশ বেশি। রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সর্বশেষ প্রতিবেদন অনুসারে, বাংলাদেশ ২০১৫-১৬ অর্থবছরে পাট ও পাটজাত দ্রব্য রফতানি করে মোট ৯১ কোটি ৯৫ লাখ ৮০ হাজার মার্কিন ডলার আয় করেছিল। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৫), **সংবাদ** (পৃ,১৪.ক.৪)।

**৯। নির্দিষ্ট খাতের গুটিকয়েক মানুষকে ঋণ দেওয়ার সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে ব্যাংকগুলোকে গভর্নরের নির্দেশ**

নির্দিষ্ট খাতের গুটিকয়েক মানুষকে ঋণ দেওয়ার সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে সব বাণিজ্যিক ব্যাংককে নির্দেশ দিয়েছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির। গতকাল **৩১** জুলাই সোমবার বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে আয়োজিত 'ফিন্যান্সিয়াল ইন্সট্যাবলিটি রিপোর্ট-২০১৬' প্রকাশ অনুষ্ঠানে তিনি এ নির্দেশ দেন। ফজলে কবির বলেন, খেলাপি সংস্কৃতি থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। এজন্য বড় অঙ্কের ঋণ দেওয়া থেকে সরে এসে ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের ঋণ দিতে হবে। ঋণ দেওয়ার আগেই দেখতে হবে তারা ঋণ ফেরত দেওয়ার উপযোগী কিনা। এজন্য গুণগত মানের ঋণ বিতরণের পরামর্শ দেন তিনি। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬) ।

**১০। আজ থেকে ২৪ ঘন্টা খোলা বেনাপোল বন্দর**

আজ **১** আগস্ট মঙ্গলবার থেকে বেনাপোল স্থলবন্দর রাতদিন ২৪ ঘন্টা খোলা থাকবে। বাংলাদেশ ও ভারতের বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বের বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী বেনাপোল ও পেট্রাপোল সীমান্ত দিয়ে ২৪ ঘন্টা চালু হতে চলেছে আন্তর্জাতিক আমদানি-রফতানি বাণিজ্য। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.২,ক.২)।

**১১। বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ শুরু আজ**

'মাতৃদুগ্ধ পান টেকসই করতে আসুন ঐক্যবদ্ধ হই' প্রতিপাদ্য সামনে রেখে আজ থেকে শুরু হচ্ছে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ। আজ **১** আগস্ট মঙ্গলবার থেকে আগামী সোমবার পর্যন্ত এ সপ্তাহ পালন করা হবে। বিশ্বের অন্যান্য দেশের মতো **১৯৯২** সাল থেকে বাংলাদেশেও বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ পালন করা হচ্ছে। এ উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। আজ রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম এ সপ্তাহের উদ্বোধন করবেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** ২০৩০ সালের আগেই বাংলাদেশের শতভাগ মানুষের নিরাপদ পানি নিশ্চিতকরণের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগের সফলতা কামনা।

খ. **যাযযায়দিন :** দেশের সামগ্রিক সমৃদ্ধি অর্জনের জন্য রপ্তানির লক্ষ্যমাত্রা অর্জনে যথাযথ উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ :** ঢাকা ওয়াসা পানির দাম বাড়ানোর কথা উল্লেখ করে মূল্যবৃদ্ধির সাথে সাথে পরিসেবার মানও যাতে বাড়ে এব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল :** ঢাকার চামড়া শিল্পনগরী হাজারীবাগ থেকে সাভারে স্থানান্তর করা হলেও সেখানে কঠিন ও তরল বর্জ্য শোধন ব্যবস্থা চালু না হওয়ায় পরিবেশ দূষণ রোধে অবিলম্বে কার্যকর উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের মোট ভূমির ৭০ শতাংশ ও মোট জনসংখ্যার ৮০ শতাংশ ভূমিকম্পের আওতায় থাকার খবরে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউজ টুডে :** এমডিজির লক্ষ্যমাত্রা অর্জনে সব সরকারি প্রতিষ্ঠানে ই-গভর্ন্যান্স চালুর কোনো বিকল্প নেই বলে অভিমত প্রকাশ।

জ. **নিউ এজ :** রাজধানীর ৬৯২টি শাখা ব্যাংক অফিস আগুনের 'উচ্চ ঝুঁকিতে' ও অবশিষ্টগুলোর ৬৮ শতাংশ ঝুঁকিতে থাকার পরিপ্রেক্ষিতে ব্যাংকসহ সকল সরকারি-বেসরকারি স্থাপনার ফায়ার সার্ভিস অ্যারেঞ্জম্যান্ট পুনরায় পরীক্ষা করে যথোপযুক্ত করে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের মানুষের জন্য প্রয়োজন অনুযায়ী কর্মসংস্থান সৃষ্টি করে মানবপাচার রোধ করতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'মূল্যবোধের অবক্ষয় কেন ঘটছে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সমাজে মূল্যবোধ প্রতিষ্ঠা করতে হলে পরিবারের ভেতর ধর্মীয় অনুশাসন অপরিহার্য।

#

শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২২/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ৩১ জুলাই ২০১৭, ১৬ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বাংলাদেশ প্রতিবেশীর সঙ্গে সুসম্পর্ক বজায় রাখায় বিশ্বাসী : প্রধানমন্ত্রী

২। জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর তামাকজাত পণ্য উৎপাদন বন্ধের উদ্যোগ নেওয়া হচ্ছে : অর্থমন্ত্রী

৩। নির্বাচন কমিশন সংবিধান ও আইন অনুযায়ী নির্বাচন পরিচালনা করে থাকে : স্পিকার

৪। যুবসমাজকে দক্ষ জনশক্তিতে পরিণত করে রপ্তানি করা সম্ভব : বাণিজ্যমন্ত্রী

৫। বিচার বিভাগের সঙ্গে নির্বাহী বিভাগের দূরত্ব সৃষ্টি হয়নি : আইনমন্ত্রী

৬। মাদক ব্যবসায় জড়িতদের ছাড় দেওয়া হবে না : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। পর্যটন খাতে বিনিয়োগ বাড়াতে হবে : পর্যটনমন্ত্রী

৮। অ্যাকর্ড-অ্যালায়েন্সকে সমন্বয় সেলের নেতৃত্বে কাজ করতে হবে : শ্রম প্রতিমন্ত্রী

৯। ঢাকা ঘোষণার মধ্য দিয়ে পানি সম্মেলন সমাপ্ত

১০। নতুন অর্থবছরে ৪ হাজার ১ শ' কোটি ডলারের রফতানি লক্ষ্যমাত্রা নির্ধারণ

চলমান পাতা-২

**১। বাংলাদেশ প্রতিবেশীর সঙ্গে সুসম্পর্ক বজায় রাখায় বিশ্বাসী : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সুসম্পর্কে বিশ্বাস করে। প্রধানমন্ত্রী বলেন, এটা স্বাভাবিক যে প্রতিবেশীদের সঙ্গে সমস্যা থাকতেই পারে। কিন্তু বন্ধুত্ব এবং সহযোগিতাও চলমান থাকবে এবং যে কোনো সমস্যাই আলাপ-আলোচনার মাধ্যমেই সমাধান করা হবে। বাংলাদেশে পাকিস্তানের হাইকমিশনার রফিউজ্জামান সিদ্দিকী গতকাল ৩০ জুলাই রোববার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করতে এলে প্রধানমন্ত্রী একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,.ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

**২। জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর তামাকজাত পণ্য উৎপাদন বন্ধের উদ্যোগ নেওয়া হচ্ছে : অর্থমন্ত্রী**

জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর তামাকজাত পণ্যের উৎপাদন বন্ধ করতে উদ্যোগ নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, দেশের তামাক বাজারের ৮০ শতাংশ বিড়ি ও নিম্নমানের বিড়ির দখলে। এসব তামাকজাত পণ্য স্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর। তাই ভবিষ্যতে দেশে বিড়ি থাকবে না, এজন্য প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হচ্ছে। গতকাল ৩০ জুলাই রোববার অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে বৈঠক শেষে এ সিদ্ধান্তের কথা জানান তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.১৫,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৭,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৫)।

**৩। নির্বাচন কমিশন সংবিধান ও আইন অনুযায়ী নির্বাচন পরিচালনা করে থাকে : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, দেশের সংবিধান অনুযায়ী নির্বাচন পরিচালনার দায়িত্ব নির্বাচন কমিশনের ওপর ন্যস্ত এবং কমিশন সংবিধান ও আইন অনুযায়ী নির্বাচন পরিচালনা করে থাকে। বাংলাদেশ সফররত ৫ সদস্যের ইউএন ইলেক্টরাল নিডস অ্যাসেসমেন্ট মিশন প্রতিনিধিদল গতকাল ৩০ জুলাই রোববার স্পিকারের কার্যালয়ে সাক্ষাৎ করলে তিনি তাদের এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৫,ক.৫)।

**৪। যুবসমাজকে দক্ষ জনশক্তিতে পরিণত করে রপ্তানি করা সম্ভব : বাণিজ্যমন্ত্রী**

দেশের শিক্ষিত যুবসমাজকে দক্ষ জনশক্তিতে পরিণত করে দেশের চাহিদা পূরণ করে, রপ্তানি করা সম্ভব বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, গ্রামীণসহ দেশের চলমান উন্নয়নে ডিপ্লোমা প্রকৌশলীরা গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে যাচ্ছেন। বাংলাদেশের প্রকৌশল বিভাগে আরও দক্ষ জনশক্তি তৈরি করা সম্ভব। বিশ্ব বাজারে দক্ষ প্রকৌশলীর বিপুল চাহিদা রয়েছে। গত ২৯ জুলাই শনিবার ঢাকায় রেডিসন ব্লু হোটেলে ইনস্টিটিউশন অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি) এবং কলম্বো প্লান স্টাফ কলেজ, মেনিলা আয়োজিত 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন স্কিলস ফর দি ফিউচার ওয়ার্ল্ড অফ ওয়ার্ক অ্যান্ড টিভিইটি ফর গ্লোবাল কমপেটিটিভনেস' শীর্ষক সম্মেলনের সমাপনী সেশনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৩,ক.১)।

**৫। বিচার বিভাগের সঙ্গে নির্বাহী বিভাগের দূরত্ব সৃষ্টি হয়নি : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, বিচার বিভাগের সঙ্গে নির্বাহী বিভাগের দ্বন্দ্ব চলছে না। বিচার বিভাগের সঙ্গে নির্বাহী বিভাগের কোনো দূরত্বও সৃষ্টি হয়নি। বিচার বিভাগ সম্পূর্ণ স্বাধীন। গতকাল ৩০ জুলাই রোববার যশোরের চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন উদ্বোধনের পর আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৪), **এশিয়ান এজ** (পৃ,১.ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

**৬। মাদক ব্যবসায় জড়িতদের ছাড় দেওয়া হবে না : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, প্রধানমন্ত্রী মাদক নিয়ন্ত্রণে জিরো টলারেন্স ঘোষণা করেছেন। মাদক ব্যবসায় জড়িতরা বিত্তবান বা প্রভাবশালী রাজনীতিক হলেও ছাড় দেওয়া হবে না। গতকাল ৩০ জুলাই রোববার ময়মনসিংহ শহরের অ্যাডভোকেট তারেক স্মৃতি অডিটরিয়ামে (টাউন হল) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ পুলিশ রেঞ্জ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও পৌরসভার যৌথ উদ্যোগে বিভাগীয় মাদকবিরোধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

**৭। পর্যটন খাতে বিনিয়োগ বাড়াতে হবে : পর্যটনমন্ত্রী**

বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন বলেছেন, বাংলাদেশে অপার পর্যটন সম্ভাবনা রয়েছে। তবে বিনিয়োগস্বল্পতা এ খাতের অন্যতম প্রতিবন্ধকতা। পর্যটন খাতকে এগিয়ে নিতে বিনিয়োগ আরও বাড়াতে হবে। এভিয়েশন অ্যান্ড ট্যুরিজম জার্নালিস্ট ফোরাম অব বাংলাদেশে (এটিজেএফবি) ও বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের (বিটিবি) যৌথ উদ্যোগে ফেলোশিপপ্রাপ্ত সাংবাদিকদের সনদপত্র প্রদান অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৩), **সংবাদ** (পৃ.১৪,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৪)।

**৮। অ্যাকর্ড-অ্যালায়েন্সকে সমন্বয় সেলের নেতৃত্বে কাজ করতে হবে : শ্রম প্রতিমন্ত্রী**

শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু বলেছেন, রাজউক, গণপূর্ত ডিপিডিসিসহ বিভিন্ন সেক্টরে বিশেষজ্ঞদের নিয়ে সমন্বয় সেল গঠন করা হয়েছে। অ্যাকর্ড-অ্যালায়েন্সকে কিছু করতে হলে এই সমন্বয় সেলের নেতৃত্বে কাজ করতে হবে। এর বাইরে সম্ভব নয়। দেশের আইন মেনেই সবাইকে কাজ করতে হবে। আমাদের বিজিএমইএ ও বিকেএমইএ ইতোমধ্যে ইউরোপ আমেরিকার বাইরেও বাজার অনুসন্ধান করছে। আশা করছি তারা নতুন নতুন বাজার সৃষ্টিতে সক্ষম হবে। গতকাল ৩০ জুলাই রোববার নারায়ণগঞ্জ শহরের চাষাঢ়ায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উপ-মহাপরিদর্শকের নতুন কার্যালয় উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৪), **সংবাদ** (পৃ.১৫,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

**৯। ঢাকা ঘোষণার মধ্য দিয়ে পানি সম্মেলন সমাপ্ত**

২০৩০ সালের মধ্যে বিশ্বের সবার কাছে প্রয়োজনীয় নিরাপদ পানি ও স্যানিটেশন সুবিধা পৌঁছে দেওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করে 'ঢাকা ঘোষণা'র (ঢাকা ডিক্লারেশন অন ওয়াটার) মধ্য দিয়ে শেষ হলো দু'দিনব্যাপী ঢাকা পানি সম্মেলন। গতকাল ৩০ জুলাই রোববার রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে আন্তর্জাতিক এ সম্মেলনের সমাপনী অধিবেশনে এ ঘোষণা দেওয়া হয়। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**১০। নতুন অর্থবছরে ৪ হাজার ১ শ' কোটি ডলারের রফতানি লক্ষ্যমাত্রা নির্ধারণ**

বাণিজ্য মন্ত্রণালয় ৭.৮ শতাংশ প্রবৃদ্ধি ধরে নতুন ২০১৭-১৮ অর্থবছরের রফতানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। পণ্য ও সেবাখাত মিলিয়ে চলতি অর্থবছরের মোট রফতানির লক্ষ্যমাত্রা দাঁড়িয়েছে ৪ হাজার ১০০ কোটি মার্কিন ডলার। গতকাল ৩০ জুলাই রোববার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ নতুন অর্থবছরের রফতানি আয়ের এই লক্ষ্যমাত্রা ঘোষণা করেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,১১.ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** নেত্রকোনায় জেএসসি পরীক্ষার ফরম পূরণে শিক্ষার্থীদের নিকট হতে অতিরিক্ত ফি আদায় করার বিষয় এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফরম পূরণের ক্ষেত্রেও এমন অভিযোগ ওঠায় এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **জনকণ্ঠ :** চিকিৎসার উচ্চ ব্যয়, অত্যাধুনিক যন্ত্রপাতির অপ্রতুলতা, প্রশিক্ষিত জনশক্তির অভাব এবং সচেতনতার অভাবের কারণে ক্যান্সারের চিকিৎসা সেবা ব্যাহত হওয়ায় এ পরিস্থিতিতে সরকারি ও বেসরকারি নানা উদ্যোগ নেওয়া জরুরি বলে মত প্রকাশ।

গ. **ইনকিলাব, ডেইলি সান :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা পানি সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে ঢাকায় নতুন খাল খনন, পুরোনো খাল সংস্কার এবং জলাধারগুলো সংরক্ষণে সরকারের অঙ্গীকার ব্যক্ত করায় স্বস্তি প্রকাশ করে এ পদক্ষেপের যথাযথ বাস্তবায়ন প্রত্যাশা।

ঘ. **ইন্ডিপেনডেন্ট :** বাঘ শুমারির তথ্য অনুযায়ী সুন্দরবনের বাংলাদেশ অংশে মাত্র **১০৬টি** বাঘের পরিসংখ্যান উল্লেখ করে বাঘ শিকার বন্ধ করাসহ মানুষের কারণে যেন বাঘের খাবারের প্রাণীকুল ধ্বংস না হয় সেজন্য সরকারকে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **নিউজ টুডে :** এডিবির রিপোর্ট অনুযায়ী জলবায়ুর বিরূপ প্রভাবে **২০৩০** সালের মধ্যে বাংলাদেশের **৩** শতাংশ ভূমি হারানোর বিষয় তুলে ধরে সরকারকে এখনই এ ব্যাপারে যথাযথ পলিসি প্রণয়নের আহ্বান।

চ. **নিউ নেশন :** বিএসটিআই'র অনুমোদনবিহীন ক্যাফেইনযুক্ত সফট ড্রিংকস জনস্বাস্থ্যের জন্য হুমকি হওয়ায় এর ক্ষতিকর প্রভাব তুলে ধরে ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে বাংলা ভাষা শেখার ব্যবস্থাকে যথাসম্ভব উন্নত করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'জীববৈচিত্র্য সুরক্ষায় বাঘ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সুন্দরবনের নৌপথ দিয়ে বিপদজনক সব ধরনের নৌযান চলাচল বন্ধ করা হলে বাঘের জীবনযাপনের অনুকূল পরিবেশের সৃষ্টি হবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২১/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ৩০ জুলাই ২০১৭, ১৫ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ২০৩০ সালের মধ্যে দেশের শতভাগ মানুষ নিরাপদ পানি পাবে
: ঢাকা পানি সম্মেলনের উদ্বোধনীতে প্রধানমন্ত্রী

২। এসডিজি বাস্তবায়নে ঢাকা পানি সম্মেলন গুরুত্বপূর্ণ অবদান রাখবে : পানিসম্পদ মন্ত্রী

৩। স্বাস্থ্য খাত এবং সরকারি ক্রয় সংক্রান্ত প্রকল্পের মানোন্নয়নে
৪ হাজার ৬০০ কোটি টাকা দিচ্ছে বিশ্বব্যাংক

৪। চট্টগ্রামের সীতাকুণ্ডে ৪৬ হাজার শিশুকে হাম ও রুবেলার টিকা দেওয়া হবে

৫। জঙ্গি দমনে আমরা সফলতা অর্জন করেছি : স্বরাষ্ট্রমন্ত্রী

৬। ডিজিটাল মানচিত্রের আওতায় আসছে তৈরি পোশাক কারখানা

৭। তৈরি পোশাক রফতানিতে দ্বিতীয় অবস্থান ধরে রেখেছে বাংলাদেশ

৮। রফতানি প্রক্রিয়াকরণ এলাকায় তেলচালিত বিদ্যুৎকেন্দ্রের অনুমতি দেওয়া হবে
: প্রধানমন্ত্রীর জ্বালানিবিষয়ক উপদেষ্টা

৯। তরুণ প্রকৌশলীদের উদ্ভাবন জ্বালানি খাতের উন্নয়ন ঘটাবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

১০। বাঘ নিরাপদ রাখতে 'জিরো টলারেন্স' : বনমন্ত্রী

চলমান পাতা-২

১। **২০৩০ সালের মধ্যে দেশের শতভাগ মানুষ নিরাপদ পানি পাবে**

**: ঢাকা পানি সম্মেলনের উদ্বোধনীতে প্রধানমন্ত্রী**

দেশের বিভাগীয় সদরগুলোতে ২০২১ সাল নাগাদ ভূ-উপরিস্থিত নিরাপদ পানি সরবরাহ এবং ২০৩০ সালের আগেই দেশের শতভাগ মানুষকে নিরাপদ পানির আওতায় আনার পরিকল্পনা বাস্তবায়ন করা হবে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, এখনও বিশ্বের প্রায় ১০০ কোটি মানুষের সুপেয় পানির প্রাপ্যতা নিশ্চিত করা যায়নি। কিন্তু ২০১৫ সালে বাংলাদেশের ৮৭ শতাংশ মানুষ নিরাপদ পানির আওতায় এসেছে। আমরা ২০৩০ সালের মধ্যেই জাতিসংঘ ঘোষিত 'সকলের জন্য নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নিশ্চিতকরণ' এসডিজির এ লক্ষ্যমাত্রা অর্জন করব। প্রধানমন্ত্রী গতকাল ২৯ জুলাই শনিবার রাজধানীর সোনারগাঁও হোটেলে তিন দিনব্যাপী 'ঢাকা পানি সম্মেলন'র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এই আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)। **সমকাল, যুগান্তর, অবজারভার, এশিয়ান এজ, বাংলাদেশ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **এসডিজি বাস্তবায়নে ঢাকা পানি সম্মেলন গুরুত্বপূর্ণ অবদান রাখবে : পানিসম্পদ মন্ত্রী**

পানিসম্পদ মন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেছেন, জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) ৬ নং লক্ষ্য বাস্তবায়নে দক্ষিণ এশিয়া, দক্ষিণ-পূর্ব এশিয়া, পূর্ব এশিয়া ও ডেল্টা কোয়ালিশনভুক্ত অঞ্চলের দেশে কর্মকৌশল খুঁজে বের করতে ঢাকা পানি সম্মেলন ২০১৭ গুরুত্বপূর্ণ অবদান রাখবে। গতকাল ২৯ জুলাই শনিবার রাজধানীর সোনারগাঁও হোটেলে ঢাকা পানি সম্মেলন-২০১৭ এর প্রথম দিনের অর্জন নিয়ে এক প্রেস ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৫) **যুগান্তর** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.১০,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫) ।

৩। **স্বাস্থ্য খাত এবং সরকারি ক্রয় সংক্রান্ত প্রকল্পের মানোন্নয়নে**

**৪ হাজার ৬০০ কোটি টাকা দিচ্ছে বিশ্বব্যাংক**

বাংলাদেশের স্বাস্থ্য খাত এবং সরকারি ক্রয় সংক্রান্ত প্রকল্পের মানোন্নয়নে ৫৭ কোটি (৫৭০ মিলিয়ন) ডলার দিচ্ছে অন্যতম উন্নয়ন সহযোগী বিশ্বব্যাংক। সংস্থাটির বোর্ড সভায় এই অর্থ সহায়তা অনুমোদন দেওয়া হয়েছে। বাংলাদেশি মুদ্রায় এই অর্থের পরিমাণ দাঁড়ায় প্রায় ৪ হাজার ৬০০ কোটি টাকা। গতকাল ২৯ জুলাই শনিবার বিশ্বব্যাংকের ঢাকা অফিসের যোগাযোগ কর্মকর্তা মেহরিন আহমেদ মাহবুব এ তথ্য জানিয়েছেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৩,ক.৪), **সমকাল** (পৃ.১২,ক.৫), **অবজারভার** (পৃ.১৭,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১)।

৪। **চট্টগ্রামের সীতাকুণ্ডে ৪৬ হাজার শিশুকে হাম ও রুবেলার টিকা দেওয়া হবে**

সীতাকুণ্ডের ৩টি ইউনিয়নের ৬ মাস থেকে ১৫ বছর বয়সী ৪৬ হাজার ১৪৫ শিশুকে হাম ও রুবেলার টিকাদানের সিদ্ধান্ত নিয়েছে চট্টগ্রাম জেলা সিভিল সার্জন অফিস। গতকাল ২৯ জুলাই শনিবার শুরু হওয়া এ কর্মসূচি ৩ অক্টোবর পর্যন্ত চলবে। ৮২টি শিক্ষাপ্রতিষ্ঠানের মাধ্যমে এ টিকা প্রদান করা হবে। এ লক্ষ্যে নির্ধারিত ইউনিয়নগুলো হচ্ছে-৩ নম্বর সীতাকুণ্ড পৌরসভা, ৭ নম্বর কুমিরা ইউনিয়ন ও ৮ নম্বর সোনাইছড়ি ইউনিয়ন। সীতাকুণ্ডের ত্রিপুরা পল্লীতে হাম আক্রান্ত হয়ে ১০ শিশুর মৃত্যু ও শতাধিক শিশু আক্রান্ত হওয়ার পর স্বাস্থ্য অধিদফতর এ সিদ্ধান্ত নেয়। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

৫। **জঙ্গি দমনে আমরা সফলতা অর্জন করেছি : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল এমপি বলেছেন, জঙ্গিরা দেশের ও সমাজের শত্রু। সকল শ্রেণিপেশার মানুষকে সঙ্গে নিয়ে আমরা জঙ্গি দমনে সফলতা অর্জন করেছি। গতকাল ২৯ জুলাই শনিবার ঢাকার দোহার উপজেলার সরকারি পদ্মা ডিগ্রি কলেজের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫)।

**৬। ডিজিটাল মানচিত্রের আওতায় আসছে তৈরি পোশাক কারখানা**

ডিজিটাল মানচিত্রের আওতায় আসছে বাংলাদেশের সব তৈরি পোশাক কারখানা। কাজটি সম্পন্ন হলে গুগল ম্যাপে পোশাক কারখানাগুলোর নাম-ঠিকানাসহ ভৌগোলিক অবস্থান, শ্রমিকের সংখ্যা, নারী ও পুরুষ শ্রমিকের সংখ্যা, উৎপাদন চালু না বন্ধ, কোন ধরনের পণ্য তৈরি হয়, ক্রেতা কারা, নিকটবর্তী হাসপাতাল ও ফায়ার সার্ভিস স্টেশন কোথায়, ট্রেড ইউনিয়নের সঙ্গে কারখানার সম্পৃক্ততা ইত্যাদি তথ্য পাওয়া যাবে। ডিজিটাল মানচিত্রে নিজেদের যেকোনো তথ্য হালনাগাদ করার জন্য প্রতিটি কারখানার একটি অ্যাকাউন্ট থাকবে। ডিজিটাল আরএমজি ফ্যাক্টরি ম্যাপিং ইন বাংলাদেশ (ডিআরএফএম-বি) প্রকল্পের আওতায় কাজটি করবে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তা উন্নয়ন কেন্দ্র (সিইডি)। সিঅ্যান্ডএ ফাউন্ডেশনের অর্থায়নে এবং তৈরি পোশাকশিল্পের মালিকদের সংগঠন বিজিএমইএ এর সহায়তায় চার বছরের মধ্যে কাজটি করবে সিইডি। রাজধানীর বিজিএমইএর কার্যালয়ের অ্যাপারেল ক্লাবে গতকাল ২৯ জুলাই শনিবার প্রকল্পটির উদ্বোধন করেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৩,ক.১), **সমকাল** (পৃ.১২,ক.২), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.৩,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৪) ।

**৭। তৈরি পোশাক রফতানিতে দ্বিতীয় অবস্থান ধরে রেখেছে বাংলাদেশ**

তৈরি পোশাক খাতে নানা প্রতিকূলতার মধ্যেও ২০১৬ সালে এ খাতে বিশ্বের দ্বিতীয় রফতানিকারক দেশের অবস্থান ধরে রেখেছে বাংলাদেশ। পাশাপাশি পোশাকের বিশ্ববাজারে বাংলাদেশের রফতানির অংশও বেড়েছে। বিশ্ব বাণিজ্য সংস্থা (ডব্লিউটিও) গত শুক্রবার ২৮ জুলাই বিশ্ব বাণিজ্যের পরিসংখ্যান নিয়ে তাদের বার্ষিক প্রকাশনা প্রকাশ করেছে। প্রতিবেদনে দেশওয়ারি রফতানির বিবেচনায় চীনের পরেই বাংলাদেশের অবস্থান বলে উল্লেখ করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.৫)।

**৮। রফতানি প্রক্রিয়াকরণ এলাকায় তেলচালিত বিদ্যুৎকেন্দ্রের অনুমতি দেওয়া হবে**

**: প্রধানমন্ত্রীর জ্বালানিবিষয়ক উপদেষ্টা**

রফতানি প্রক্রিয়াকরণ এলাকায় শিল্পকারখানার জন্য ব্যবসায়ীরা তেলচালিত বিদ্যুৎকেন্দ্র নির্মাণ করতে চাইলে সরকার অনুমতি দেবে। প্রধানমন্ত্রীর জ্বালানিবিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী ব্যবসায়ীদের আয়োজিত একটি সেমিনারে গতকাল ২৯ জুলাই শনিবার এ কথা বলেন। রাজধানীর লেকশোর হোটেলে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) 'জ্বালানি নিরাপত্তা ২০৩০ : চ্যালেঞ্জ ও সম্ভাবনা' শীর্ষক সেমিনারটি আয়োজন করে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**৯। তরুণ প্রকৌশলীদের উদ্ভাবন জ্বালানি খাতের উন্নয়ন ঘটাবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, তরুণ প্রকৌশলীদের উদ্ভাবন বাংলাদেশের জ্বালানি খাতের ইতিবাচক পরিবর্তন ঘটাবে। তিনি বলেন, অর্থনৈতিক, বাণিজ্যিক, সামাজিক তথা সার্বিক উন্নয়নের পিছনে জ্বালানি শক্তির অবদান অপরিহার্য। গতকাল ২৯ জুলাই শনিবার মিরপুর সেনানিবাসস্থ মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি) এর পেট্রোলিয়াম ও মাইনিং ইঞ্জিনিয়ারিং বিভাগ আয়োজিত 'এনার্জি সিনারিও অ্যান্ড প্রোসপেক্ট অব পেট্রোলিয়াম অ্যান্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং ইন বাংলাদেশ' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.২), **অবজারভার** (পৃ.৩,ক.৫)।

**১০। বাঘ নিরাপদ রাখতে 'জিরো টলারেন্স' : বনমন্ত্রী**

বিশ্বের বিভিন্ন দেশে বাঘের সংখ্যা কমলেও বাংলাদেশে বাড়ছে। আগের যে কোনো সময়ের তুলনায় সুন্দরবনে বাঘ বেশি নিরাপদে আছে। আর এই পরিবেশ নিশ্চিতে সরকার 'জিরো টলারেন্স' নীতি গ্রহণ করেছে। গতকাল ২৯ জুলাই শনিবার বাগেরহাট জেলা পরিষদ মিলনায়তনে 'বিশ্ব বাঘ দিবস' উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.১০,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** নেত্রকোনায় জেএসসি পরীক্ষার ফরম পূরণে শিক্ষার্থীদের নিকট হতে অতিরিক্ত ফি আদায় করা হচ্ছে উল্লেখ করে এছাড়া এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফরম পূরণের ক্ষেত্রেও এমন অভিযোগ ওঠায় এব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **জনকণ্ঠ :** চিকিৎসার উচ্চ খরচ, অত্যাধুনিক যন্ত্রপাতির অপ্রতুলতা, প্রশিক্ষিত জনশক্তির অভাব এবং সচেতনতার অভাবের কারণে ক্যান্সারের সেবা ব্যাহত হওয়ায় এ পরিস্থিতিতে সরকারি ও বেসরকারি নানা উদ্যোগ নেওয়া জরুরি বলে মতপ্রকাশ।

গ. **ইনকিলাব :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা পানি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকার নতুন খাল খনন, পুরোনো খাল সংস্কার এবং জলধারগুলো সংরক্ষণে সরকার পদক্ষেপ নেওয়ার কথা বলায় স্বস্তি প্রকাশ করে এ পদক্ষেপের যথাযথ বাস্তবায়ন প্রত্যাশা।

ঘ. **ইন্ডিপেনডেন্ট :** টাইগার যেন নাম অনুযায়ী সুন্দরবনের বাংলাদে অংশে মাত্র ১০৬টি বাঘ থাকায় বাঘ শিকার বন্ধ করাসহ মানুষের কারণে যেন বাঘের খাবারের প্রাণীকুল যেন ধ্বংস না হয় সেজন্য সরকারকে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **ডেইলি সান :** রাজধানীর পুরাতন খালগুলো পুনরায় খনন করাসহ প্রয়োজনে নতুন খাল খননে প্রধানমন্ত্রীর ঘোষণার যথাযথ বাস্তবায়নের প্রত্যাশা।

চ. **নিউজ টুডে :** এডিবির রিপোর্ট অনুযায়ী জলবায়ুর বিরূপ প্রভাবে বাংলাদেশ ২০৩০ সালে মধ্যে ভূমির ৩ শতাংশ হারানোর বিষয় তুলে ধরে সরকারকে এখনই এ ব্যাপারে যথাযথ পলিসি প্রণয়নের আহ্বান।

ছ. **নিউ নেশন :** বিএসটিআই'র অনুমোদন বিহীন ক্যাফেইন মুক্ত সমার্ট ডিংকস জনস্বাস্থ্যে জন্য হুমিক হওয়ায় সফট ড্রিংকসের ক্ষতিকার প্রভাব তুলে ধরে ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার প্রত্যাশা জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে বাংলা ভাষা শেখার ব্যবস্থাকে যথাসম্ভব উন্নত করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'জীববৈচিত্র্য সুরক্ষায় বাঘ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সুন্দরবনের নৌপথ দিয়ে বিপদজনক সব ধরনের নৌযান চলাচল বন্ধ করা হলে বাঘের জীবনযাপনের অনুকূল পরিবেশের সৃষ্টি হবে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২০/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ২৭ জুলাই ২০১৭, ১২ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নির্বাচন কমিশন সম্পূর্ণ স্বাধীন ও স্বতন্ত্র : প্রধানমন্ত্রী

২। জনগণের প্রকৃত সেবক হিসেবে কাজ করুন : জেলা প্রশাসকদের প্রতি রাষ্ট্রপতি

৩। পণ্যের দাম স্বাভাবিক রাখতে ডিসিদের প্রতি নির্দেশ বাণিজ্যমন্ত্রীর

৪। রূপকল্প বাস্তবায়নে বড় বাধা মাদক : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। কর্মসংস্থান ও প্রবৃদ্ধিমুখী নতুন মুদ্রানীতি ঘোষণা

৬। সরকার তিনটি চ্যালেঞ্জ নিয়ে কাজ করছে : তথ্যমন্ত্রী

৭। জনপ্রতিনিধিদের সঙ্গে মিলে ডিসিদের কাজ করতে হবে : রেলপথমন্ত্রী

৮। চাইলে দেশের তরুণ সমাজ অনেক কিছু করতে পারে : সজীব ওয়াজেদ জয়

৯। ইন্টারন্যাশনাল চ্যাম্পিয়ন অ্যাওয়ার্ড পেলেন সায়মা ওয়াজেদ

১০। শিল্পকলায় শুরু হলো ২২তম জাতীয় চারুকলা প্রদর্শনী

১। **নির্বাচন কমিশন সম্পূর্ণ স্বাধীন ও স্বতন্ত্র : প্রধানমন্ত্রী**

নির্বাচন কমিশন একটি স্বাধীন ও স্বতন্ত্র প্রতিষ্ঠান এবং এটি সম্পূর্ণ স্বাধীনভাবেই কাজ করছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, সিদ্ধান্ত গ্রহণের সর্বক্ষেত্রে নির্বাচন কমিশন সম্পূর্ণ স্বাধীনভাবেই কাজ করছে। ফ্রান্সের রাষ্ট্রদূত সোফি অবার গতকাল ২৬ জুলাই বুধবার প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর তেজগাঁওয়ের কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন। বৈঠকে ফরাসি রাষ্ট্রদূত নির্বাচন কমিশনের স্মার্ট কার্ড প্রকল্পের প্রশংসা করে বলেন, এ প্রকল্প ফরাসি প্রতিষ্ঠান ওবের্থার টেকনোলজিসের (ওটি) সহযোগিতায় বাস্তবায়িত হচ্ছে। এটি যথাযথভাবে সম্পন্ন করার জন্য সোফি প্রধানমন্ত্রীর সহযোগিতা কামনা করেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৫), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭)।

২। **জনগণের প্রকৃত সেবক হিসেবে কাজ করুন : জেলা প্রশাসকদের প্রতি রাষ্ট্রপতি**

বিশেষ আমলাতান্ত্রিক মনোভাব পরিত্যাগ করে জনগণের প্রকৃত সেবক হিসেবে দেশ এবং দেশের জনগণের সেবা করার জন্য বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের (ডিসি) প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। বঙ্গভবনের দরবার হলে গতকাল ২৬ জুলাই বুধবার বিভাগ ও জেলার প্রশাসনিক প্রধানদের রাষ্ট্রপতি বলেন, বর্তমান যুগে প্রশাসনকে হতে হবে গণমুখী ও উন্নয়নভিত্তিক এবং অতঃপর আমলাদের সেকেলে ধরনের আমলাতান্ত্রিক মনোভাব ত্যাগ করা প্রয়োজন। রাষ্ট্রপতি বলেন, তৃণমূল পর্যায়ের বিভিন্ন সরকারি কার্যক্রমের প্রধান সমন্বয়ক হিসেবে দেশকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের ক্ষুধা, দারিদ্র্য ও শোষণমুক্ত দেশ হিসেবে গড়ে তোলার জন্য আপনাদের মেধা ও দক্ষতাকে কাজে লাগাতে হবে। তিনি বিভাগীয় কমিশনার ও ডিসিদের প্রতি ভীতি, লোভ ও অনুরাগ অথবা বিরাগের ঊর্ধ্বে উঠে দায়িত্ব পালনেরও আহ্বান জানান। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

৩। **পণ্যের দাম স্বাভাবিক রাখতে ডিসিদের প্রতি নির্দেশ বাণিজ্যমন্ত্রীর**

স্থানীয়ভাবে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম স্বাভাবিক রাখতে জেলা প্রশাসকদের (ডিসি) ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গতকাল ২৬ জুলাই বুধবার সচিবালয়ের মন্ত্রিপরিষদ সভাকক্ষে ডিসি সম্মেলনের দ্বিতীয় দিনের অধিবেশন শেষে এ কথা বলেন বাণিজ্যমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৫)।

৪। **রূপকল্প বাস্তবায়নে বড় বাধা মাদক : স্বরাষ্ট্রমন্ত্রী**

ভিশন-২০২১ ও রূপকল্প-২০৪১ বাস্তবায়নে বড় বাধা মাদকের আগ্রাসন বলে উল্লেখ করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেন, বঙ্গবন্ধুর স্বপ্নের বাংলাদেশ গড়ে তুলতে দেশের যুব সমাজকে মাদকের হাত থেকে রক্ষা করতে হবে। সমাজের অর্থলিপ্সু মানুষ যুবকদের ইয়াবার দিকে ঠেলে দিচ্ছে। শুধু বল প্রয়োগ করে মাদক নিয়ন্ত্রণ করা সম্ভব নয়। এ জন্য সমাজের সবাইকে এগিয়ে আসতে হবে। গতকাল ২৬ জুলাই বুধবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **নিউ এজ** (পৃ.৩,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৩)।

**৫।	কর্মসংস্থান ও প্রবৃদ্ধিমুখী নতুন মুদ্রানীতি ঘোষণা**

কর্মসংস্থান ও প্রবৃদ্ধিমুখী নতুন মুদ্রানীতি ঘোষণা করেছে বাংলাদেশ ব্যাংক। চলতি ২০১৭-১৮ অর্থবছরের প্রথমার্ধের (জুলাই-ডিসেম্বর) ঘোষিত মুদ্রানীতিতে বেসরকারি খাতের ঋণের লক্ষ্যমাত্রা কমিয়ে দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। গতকাল ২৬ জুলাই বুধবার বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ মুদ্রানীতি ঘোষণা করেন ব্যাংকের গভর্নর ফজলে কবির। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

**৬।	সরকার তিনটি চ্যালেঞ্জ নিয়ে কাজ করছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, সরকার এখন তিনটি চ্যালেঞ্জ নিয়ে কাজ করছে। একটি হলো জঙ্গি দমন করে দেশে শান্তি প্রতিষ্ঠিত করা, দ্বিতীয়টি হচ্ছে বৈষম্য ও দারিদ্র্যমুক্ত উন্নয়নশীল দেশ গড়া, তৃতীয়টি হচ্ছে দলবাজিমুক্ত সুশাসন প্রতিষ্ঠা করা। এ সময় তিনি আরো বলেন, বাংলাদেশে শিল্প প্রতিষ্ঠানের মালিকদের সর্বাত্মক সহযোগিতা করছে বর্তমান সরকার। তাই শিল্প প্রতিষ্ঠান মালিকপক্ষকে শ্রমিকদের সব রকমের সুযোগ-সুবিধা দিতে হবে। গতকাল ২৬ জুলাই বুধবার সাভারের আশুলিয়ায় বড় রাঙ্গামাটিয়া এলাকায় পিকাড কমিউনিটি স্কুল উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫)।

**৭।	জনপ্রতিনিধিদের সঙ্গে মিলে ডিসিদের কাজ করতে হবে : রেলপথমন্ত্রী**

রেলপথমন্ত্রী মুজিবুল হক জনপ্রতিনিধিদের সঙ্গে মিলে কাজ করতে জেলা প্রশাসকদের (ডিসি) প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, বর্তমান সরকার জনগণের কল্যাণে সবকিছু করছে। আর জনকল্যাণে মাঠ পর্যায়ের প্রতিনিধি হিসেবে জেলা প্রশাসকদের জনপ্রতিনিধিদের সঙ্গে মিলে কাজ করতে হবে। গতকাল ২৬ জুলাই বুধবার সচিবালয়ের মন্ত্রিপরিষদ কক্ষে জেলা প্রশাসক সম্মেলন-২০১৭ তে রেলপথ মন্ত্রণালয় বিষয়ক আলোচনায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৩,ক.১)

**৮।	চাইলে দেশের তরুণসমাজ অনেক কিছু করতে পারে : সজীব ওয়াজেদ জয়**

প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, বাংলাদেশের তরুণ সমাজ চাইলে অনেক কিছু করতে পারে। আমাদের বিরুদ্ধে ষড়যন্ত্র করে পদ্মা সেতুর অর্থ বরাদ্দ বন্ধ করা হয়েছিল। কিন্তু আমরাই সেটা করেছি। আমরা পারি, আমরাই পারব। গতকাল ২৬ জুলাই বুধবার রাজধানীর একটি পাঁচতারা  হোটেলে সেন্টার ফর রিসার্চ এন্ড ইনফরমেশন (সিআরআই) আয়োজিত লেটস টক উইথ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২)।

**৯।	ইন্টারন্যাশনাল চ্যাম্পিয়ন অ্যাওয়ার্ড পেলেন সায়মা ওয়াজেদ**

বিশ্ব স্বাস্থ্য সংস্থার মানসিক স্বাস্থ্য বিষয়ক অ্যাডভাইজরি প্যানেলের বিশেষজ্ঞ, বাংলাদেশের অটিজম বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির সভাপতি সায়মা ওয়াজেদ হোসেন পুতুল অটিজম আক্রান্ত ব্যক্তিদের কল্যাণে নিরবচ্ছিন্ন ও উদ্ভাবনীমূলক কাজের স্বীকৃতিস্বরূপ 'ইন্টারন্যাশনাল চ্যাম্পিয়ন অ্যাওয়ার্ড'-এ ভূষিত হয়েছেন। মার্কিন যুক্তরাষ্ট্রে আয়োজিত এক অনুষ্ঠানে তাঁকে এই অ্যাওয়ার্ড প্রদান করা হয়। গতকাল ২৬ জুলাই বুধবার নিউইয়র্কে জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনের বরাত দিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**১০।	শিল্পকলায় শুরু হলো ২২তম জাতীয় চারুকলা প্রদর্শনী**

বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে প্রতিবছর অনুষ্ঠিত হয়ে আসছে  'জাতীয় চারুকলা প্রদর্শনী'। সেই ধারাবাহিকতায় এবার শিল্পকলা একাডেমির উদ্যোগে এবং একাডেমির চারুকলা বিভাগের ব্যবস্থাপনায় শুরু হলো '২২তম জাতীয় চারুকলা প্রদর্শনী ২০১৭'। এ উপলক্ষে গতকাল ২৬ জুলাই বুধবার শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালা মিলনায়তনে অনুষ্ঠিত হয় উদ্বোধনী ও প্রদর্শনীতে স্থান পাওয়া শিল্পকর্ম থেকে বাছাই করে সেরা ১০ শিল্পীকে পুরস্কার প্রদান অনুষ্ঠান। এ অনুষ্ঠানে প্রদর্শনীর উদ্বোধন ও পুরস্কারপ্রাপ্ত শিল্পীদের মাঝে পুরস্কার প্রদান করেন অনুষ্ঠানের প্রধান অতিথি অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। এ সময় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** ডেমু ট্রেনের সময়সূচি অফিসযাত্রীদের কর্মস্থলের সাথে সামঞ্জস্যপূর্ণ নয় বলে ৬২ শতাংশ যাত্রীর এ অভিযোগ আমলে নিয়ে এ ট্রেনের সময়ানুবর্তিতা অনুসরণের জন্য কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ, অবজারভার, ফিনানশিয়াল এক্সপ্রেস :** রাজধানী ঢাকা আর বন্দরনগরী চট্টগ্রামের বাসিন্দারা জলাবদ্ধতা, যানজট, বেহাল সড়ক ব্যবস্থার কারণে চরম দুর্ভোগের মধ্যে আছে উল্লেখ করে জরুরি ভিত্তিতে এসব সমস্যা থেকে উত্তরণে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ** : সর্বোচ্চ আদালতে চূড়ান্ত রায়ের পর রাজধানীর হাজারীবাগ থেকে চামড়া শিল্পকে সাভারে নেওয়া হলেও সেখানে ১৫৪ টি শিল্প কারখানার মধ্যে মাত্র ৬২টি চামড়া উৎপাদনের কাজ শুরু করায় সেখানে মূলত কাজের উপযোগী পরিবেশ গড়ে ওঠেনি উল্লেখ করে সাভারে চামড়া শিল্পনগরী পুরোপুরি চালু করার সুপারিশ।

ঘ. **যুগান্তর** : ম্যাক্সিম সমবায় সমিতি নামের একটি প্রতিষ্ঠানের প্রতারণার মাধ্যমে গ্রাহকের আমানতের প্রায় ৩০৩ কোটি টাকা হাতিয়ে নেওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে সমবায় সমিতির নামে মানুষকে প্রতারিত ও নিঃস্ব করার দুষ্টচক্র থেকে সাধারণ মানুষকে মুক্তি দিতে কঠোর পদক্ষেপ কামনা।

ঙ. **ইন্ডিপেনডেন্ট** : কাতার সংকটের কারণে গত জুনে কাতারে জনশক্তি রপ্তানি প্রায় অর্ধেক নেমে আসার বিষয় বিবেচনায় নিয়ে সিঙ্গাপুর ও মালয়েশিয়ার মতো দেশে যেখানে বাংলাদেশি শ্রমিকদের চাহিদা আছে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে সেসব দেশে আরও শ্রমশক্তি পাঠানোর ব্যবস্থা করার আহ্বান।

চ. **ডেইলি সান, নিউজ টুডে, নিউ এজ, যায়যায়দিন, সমকাল, যুগান্তর** : ২০১২ সাল দিনাজপুরে লিচু খেয়ে এনডোসালফান বিষক্রিয়া ১৩ শিশুর মৃত্যুর হওয়ার রিপোর্টের বিষয় তুলে ধরে এনডোসালফান এর ব্যবহার নিষিদ্ধ থাকায় করাসহ খাদ্যদ্রব্যে বিষাক্ত কেমিকেল, ফরমালিন ও কীটনাশকের ব্যবহার বন্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি স্টার, নিউ নেশন, ইত্তেফাক** : সাত বছর আগে পাবলিক বিশ্ববিদ্যালয়ে একক ভর্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত এখনও বাস্তবায়িত না হওয়ায় অভিভাবক ও শিক্ষার্থীদের দুর্ভোগ বিবেচনায় নিয়ে দ্রুত এ ব্যাপারে সুচিন্তিত সিদ্ধান্ত নেওয়ার আহ্বান।

জ. **নিউ এজ** : যশোরের ভবদহের জলাবদ্ধতার দুর্ভোগের হাত থেকে অভয়নগর, মনিরামপুর ও কেশবপুরের জনগণকে রক্ষা করতে এ সমস্যার স্থায়ী সমাধানে প্রত্যাশা।

## উপ-সম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করা রাজনীতির প্রধান উদ্দেশ্য হওয়া উচিত।

## নিবন্ধ ও ফিচার

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত **'পরীক্ষার খাতা মূল্যায়ন'** নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিক্ষার মান নিশ্চিত করতে হলে শিক্ষকদের মান নিশ্চিত করতে হবে ।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১৯/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ২৬ জুলাই ২০১৭, ১১ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান নিয়ে জনসচেতনতা সৃষ্টি করতে ডিসিদের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান

২। জেলা প্রশাসকদের রাজস্ব আদায় বাড়ানোর নির্দেশ অর্থমন্ত্রীর

৩। ভূগর্ভস্থ করা হবে শহর এলাকার বিতরণ লাইন : জেলা প্রশাসক সম্মেলনে বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৪। ইয়াবা পাচারের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে আইন হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। ডিজিটাল সিকিউরিটি অ্যাক্টে অপরাধ ও শাস্তি স্পষ্ট করা থাকবে : আইনমন্ত্রী

৬। সুষ্ঠু নির্বাচনের স্বার্থে কোনো আপস নয় : সিইসি

৭। চিকিৎসার জন্য মুক্তামণিকে বিদেশে পাঠানোর নির্দেশ প্রধানমন্ত্রীর

৮। দুর্যোগ মোকাবিলায় প্রতিবেশি দেশগুলোর চেয়ে বাংলাদেশের প্রস্তুতি ভালো : সজীব ওয়াজেদ জয়

৯। বাংলাদেশিদের জন্য আরও সহজ হলো ভারতে প্রবেশ ও প্রস্থান

১০। হজযাত্রীদের বিমানের টিকিটের ওপর আবগারি শুল্ক কমলো : এনবিআর এর প্রজ্ঞাপন

১১। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে চালু হচ্ছে ই-টিকিট

চলমান পাতা-২

১। **দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান নিয়ে জনসচেতনতা সৃষ্টি করতে ডিসিদের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান**

দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান নিয়ে জনসচেতনতা সৃষ্টি করতে জেলা প্রশাসকদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, যে করেই হোক দুর্নীতি দূর করতে হবে। কারণ, কোনো কাজ করতে গিয়ে সেখানে যদি দুর্নীতি হয়, তাহলে উন্নয়নের ছোঁয়া গ্রাম-বাংলায় বা কোথাও লাগবে না। কাজেই দুর্নীতির বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টির পাশাপাশি কঠোর অবস্থানে থাকতে হবে। গতকাল ২৫ জুলাই মঙ্গলবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে তিন দিনের জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। তিনি ডিসিদের জন্য ২৩ দফা নির্দেশনা দেন। পরে প্রধানমন্ত্রীর সঙ্গে মুক্ত আলোচনায় অংশ নেন ৬৪ ডিসি ও ছয় বিভাগীয় কমিশনার। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

২। **জেলা প্রশাসকদের রাজস্ব আদায় বাড়ানোর নির্দেশ অর্থমন্ত্রীর**

রাজস্ব আদায় আরও বাড়াতে জেলা প্রশাসকদের (ডিসি) নির্দেশ দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। পাশাপাশি সরকারের উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়ন মনিটরিং করতেও বলেছেন তিনি। গতকাল ২৫ জুলাই মঙ্গলবার ডিসি সম্মেলনে এ নির্দেশ দেন অর্থমন্ত্রী। সচিবালয়ে কেবিনেট ডিভিশনের সম্মেলন কক্ষে এ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৩। **ভূগর্ভস্থ করা হবে শহর এলাকার বিতরণ লাইন : জেলা প্রশাসক সম্মেলনে বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, শহর ও শহরতলীর বিতরণ লাইন এবং সাব স্টেশন ভূগর্ভস্থ করার উদ্যোগ নেওয়া হয়েছে। এছাড়া আগামী ১৫ বৎসর গ্রিডের জন্য কী পরিমাণ জমি প্রয়োজন হবে তা এখনই নির্ধারণ করে অধিগ্রহণ করার বিষয়টি প্রক্রিয়াধীন। গতকাল ২৫ জুলাই মঙ্গলবার জেলা প্রশাসক সম্মেলনের প্রথম দিনের কার্য অধিবেশনের বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৩,ক.৬) **ডেইলি সান** বিজনেজ পাতা (পৃ.১,ক.১)।

৪। **ইয়াবা পাচারের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে আইন হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল জানিয়েছেন, ইয়াবার অপব্যবহার ও অবৈধ পাচারকারীর সঙ্গে জড়িতদের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান সংযোজন করে নতুন আইন প্রণয়ন হচ্ছে। গতকাল ২৫ জুলাই মঙ্গলবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে 'মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস-২০১৭' পালন উপলক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ, ক,১), **ইত্তেফাক** (শেষ পৃ, ক,১), **ইত্তেফাক** (শেষ পৃ, ক,১),

৫। **ডিজিটাল সিকিউরিটি অ্যাক্টে অপরাধ ও শাস্তি স্পষ্ট করা থাকবে : আইনমন্ত্রী**

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক বলেছেন, সাইবার অপরাধ প্রতিরোধ করতে নতুন ডিজিটাল সিকিউরিটি অ্যাক্টে অপরাধ এবং শাস্তি স্পষ্ট করা থাকবে। তিনি বলেন, ৫৭ ধারায় কিছু মামলা হওয়ার কারণে এই ধারাটি প্রশ্নবিদ্ধ হয়েছে। তবে নতুন ডিজিটাল সিকিউরিটি আইনে অপরাধের শাস্তি কতটুকু হবে তা নির্ধারণ করা হবে। গতকাল ২৫ জুলাই মঙ্গলবার রাজধানীর বনানীতে এক অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫)।

৬। **সুষ্ঠু নির্বাচনের স্বার্থে কোনো আপস নয় : সিইসি**

গণতন্ত্র রক্ষায় সুষ্ঠু নির্বাচনের স্বার্থে কারও সঙ্গে কোনো আপস করা হবে না বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার কে এম নুরুল হুদা। তিনি বলেন, গণতান্ত্রিক পন্থায় যেসব আইন বিধিবিধান আমাদের হাতে তুলে দেওয়া হয়েছে, সেই আলোকে আমরা নির্বাচন অনুষ্ঠান করব। কারও সঙ্গে কোনোভাবে আপস করব না। সেক্ষেত্রে সবার সহযোগিতা কামনা করেন তিনি। গতকাল ২৫ জুলাই মঙ্গলবার ময়মনসিংহ টাউনহল সংলগ্ন অ্যাডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়ামে ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে প্রধান নির্বাচন কমিশনার কে এম নুরুল হুদা এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১) **সংবাদ** (শেষ পৃ.,ক.৪) **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১) **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৭। চিকিৎসার জন্য মুক্তামণিকে বিদেশে পাঠানোর নির্দেশ প্রধানমন্ত্রীর**

বিরল রোগে আক্রান্ত ১২ বছরের মুক্তামণিকে উন্নত চিকিৎসার জন্য প্রয়োজনে বিদেশে পাঠানোর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ২৫ জুলাই মঙ্গলবার ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইউনিটের সমন্বয়কারী ডা. সামন্ত লাল সেন এ তথ্য নিশ্চিত করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১) **যুগান্তর** (পৃ.২,ক.৩) **ডেইলি স্টার** (পৃ.৪,ক.১)।

**৮। দুর্যোগ মোকাবিলায় প্রতিবেশি দেশগুলোর চেয়ে বাংলাদেশের প্রস্তুতি ভালো : সজীব ওয়াজেদ জয়**

প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় এবং দুর্গত মানুষের পাশে দাঁড়ানোর ব্যাপারে প্রতিবেশি দেশগুলোর চেয়ে বাংলাদেশের প্রস্তুতি ভালো। দ্য ডিপ্লোমেট পত্রিকায় ২৪ জুলাই প্রকাশিত এক নিবন্ধে জয় লিখেছেন জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশ বিশ্বের মধ্যে ঝুঁকিপূর্ণ অবস্থানে রয়েছে। তবে সম্ভাব্য দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশ বিশ্বের মধ্যে সবচেয়ে সমন্বিত কর্মসূচি গ্রহণ করছে। সূত্র-**ইত্তেফাক** ( শেষ পৃ.,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**৯। বাংলাদেশিদের জন্য আরও সহজ হলো ভারতে প্রবেশ ও প্রস্থান**

বাংলাদেশি পর্যটকদের জন্য ভারতে প্রবেশ ও প্রস্থান আরও সহজ করা হয়েছে। এখন ভারতের যে কোনো স্থলবন্দর সীমান্ত দিয়ে প্রবেশের অনুমতি থাকলে বাংলাদেশিরা দেশটির যে কোনো আন্তর্জাতিক বিমানবন্দর, হরিদাসপুর (বেনাপোল) অথবা গেদে (দর্শনা) স্থলবন্দর দিয়ে আসা যাওয়া করতে পারবেন। গতকাল ২৫ জুলাই মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১) **সংবাদ** (পৃ.২,ক.৮) **ডেইলি সান** (পৃ.৩,ক.১) **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৪)।

**১০। হজযাত্রীদের বিমানের টিকিটের ওপর আবগারি শুল্ক কমলো : এনবিআর এর প্রজ্ঞাপন**

হজযাত্রীদের সুবিধার জন্য আন্তর্জাতিক রুটের বিমানের টিকিটের ওপর আবগারি শুল্ক এক হাজার টাকা কমিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। বর্তমান নিয়ম অনুযায়ী টিকিটের ওপর ২ হাজার টাকা আবগারি শুল্ক দেওয়ার কথা, সেটিকে ১ হাজার টাকা করা হয়েছে। এতে প্রতি হজযাত্রীর বিমান ভাড়া ১ হাজার টাকা কম দিতে হবে। সম্প্রতি এনবিআর এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**১১। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে চালু হচ্ছে ই-টিকিট**

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) শীঘ্রই চালু হচ্ছে ই-টিকিট (ইলেকট্রনিক টিকিট)। এতে করে রোগীদের সময় সাশ্রয় হবে ও লাইনে দাঁড়িয়ে টিকিট ক্রয়ের দুর্ভোগ কিছুটা হলেও লাঘব হবে। পাশাপাশি রোগীরা প্রয়োজন মতো আগাম টিকিট ক্রয় করে চিকিৎসাসেবা নিতে পারবেন। সূত্র–**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.৩,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **সংবাদ :** কতিপয় ব্যবসায়ী ঋণ পুনর্গঠনের সুবিধা নিয়ে ঋণের বড় অংশের কিস্তি পরিশোধ না করায় নতুন করে খেলাপি হয়ে পড়েছেন উল্লেখ করে এসব ঋণ খেলাপির বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেওয়া জরুরি বলে মত প্রকাশ।

খ. **প্রথম আলো, সমকাল, যুগান্তর :** জলাবদ্ধতায় বন্দরনগর চট্টগ্রামের অবস্থা শোচনীয় হয়ে পড়ায় উদ্বেগ প্রকাশ করে এ অবস্থা নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** কৃষকের কাছ থেকে ডিজিটাল পদ্ধতিতে শস্য সংগ্রহের সরকারের উদ্যোগের সফলতা কামনা।

ঘ. **ইত্তেফাক :** চুক্তিভিত্তিক দপ্তরি কাম নৈশ প্রহরী নিয়োগকে কেন্দ্র করে যশোরের মনিরামপুরে ৪৫টি প্রাথমিক বিদ্যালয়ে নানা অনিয়ম ও দুর্নীতির যে অভিযোগ উঠেছে তা আমলে নিয়ে সারাদেশে এধরনের নিয়োগ বাণিজ্য বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার পাশাপাশি চাহিদা অনুযায়ী কর্মসংস্থান তৈরির ওপর গুরুত্বারোপ।

ঙ. **নিউ নেশন :** দেশে বিভিন্ন বেসরকারি সংস্থায় কর্মরত প্রায় ১০ হাজার বিদেশি নাগরিক কর ফাঁকি দিতে এমপ্লয়মেন্ট ভিসার পরিবর্তে টুরিস্ট ভিসা নবায়ন করার বিষয় তুলে ধরে এনবিআরকে এসব বিদেশিদের করের আওতায় আনাসহ স্থানীয় সংস্থাকে বিদেশিদের পরিবর্তে দেশি লোকদের নিয়োগ দিতে উৎসাহিত করার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** ওষুধি গাছের গুণাগুণ তুলে ধরে সরকার ও কমিউনিটি পর্যায়ে ব্যাপক প্রচারণা চালিয়ে জনগণের মধ্যে ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** পাইপ লাইনে থাকা দেশে আরো অধিক বিশেষ অর্থনৈতিক জোন গঠনের পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

জ. **অবজারভার :** প্রভাবশালী ব্যক্তিদের গাড়ি যখন তখন ট্রাফিক আইন ভঙ্গ করে রং সাইড দিয়ে চলার মানসিকতা পরিহার করার প্রত্যাশা।

ঝ. **নিউজ টুডে :** প্রধানমন্ত্রীর হস্তক্ষেপে পুলিশি হামলার শিকার ছাত্র সিদ্দিকুর রহমানকে উন্নত চিকিৎসার জন্য ভারতের চেন্নাই পাঠানোর সিদ্ধান্তের জন্য অভিনন্দন জানিয়ে পুলিশ সদস্যের আচরণ সংযত রাখতে সচেষ্ট হওয়ার আহ্বান।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে কৃষককে পণ্যের উপযুক্ত মূল্য প্রদান এবং ভোক্তাকে সহনীয় মূল্যে পণ্য প্রদান একটি উন্নত কৃষি মূল্যনীতির প্রধান উদ্দেশ্য হওয়া উচিত।

## নিবন্ধ ও ফিচার

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত **'শিশু নির্যাতন ঃ নীরবতার সংস্কৃতি ভাঙতে হবে'** শিরোনামের নিবন্ধে শিশু নির্যাতন প্রতিরোধে গৃহীত পদক্ষেপসমূহ জাতীয় পর্যায়ে প্রচার হওয়া প্রয়োজন, যাতে সরকার, বেসরকারি সংস্থা, মিডিয়া, সাধারণ নাগরিক নির্যাতন প্রতিরোধে ভূমিকা রাখতে পারে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১৮/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ২৫ জুলাই ২০১৭, ১০ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। অগ্রাধিকারভিত্তিক বাণিজ্য চুক্তির অনুমোদন : মন্ত্রিসভার ৭৪ সিদ্ধান্তের ৫৩টি বাস্তবায়ন

২। ভালো চলচ্চিত্র নির্মাণে সহযোগিতা দেবে সরকার : প্রধানমন্ত্রী

৩। অংশীজনের সঙ্গে ৫৭ ধারা নিয়ে বৈঠক করুন : তথ্যমন্ত্রীকে প্রধানমন্ত্রী

৪। মৎস্য খাত রক্ষায় নজরদারি বাড়াতে হবে : রাষ্ট্রপতি

৫। তিন দিনের ডিসি সম্মেলন শুরু আজ : গুরুত্ব পাবে আইন-শৃঙ্খলা ও নির্বাচন

৬। শুল্ক জটিলতা দূর করা হলে রপ্তানি বাড়বে : বাণিজ্যমন্ত্রী

৭। কোচিং বাণিজ্য বন্ধে আইন হচ্ছে: শিক্ষামন্ত্রী

৮। চার শতাধিক যাত্রী নিয়ে হজ ফ্লাইট সৌদি আরবের জেদ্দায় পৌঁছেছে

৯। ঢাকা দক্ষিণ সিটির ৩,৩৩৭ কোটি টাকার বাজেট ঘোষণা

১০। মোবাইল নম্বর ঠিক রেখে অপারেটর পরিবর্তন সেবা অনুমোদন

চলমান পাতা-২

**১। অগ্রাধিকারভিত্তিক বাণিজ্য চুক্তির অনুমোদন : মন্ত্রিসভার ৭৪ সিদ্ধান্তের ৫৩টি বাস্তবায়ন**

ডি-৮ ভুক্ত আটটি মুসলিম দেশের মধ্যে অগ্রাধিকারভিত্তিক বাণিজ্য চুক্তি অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। চলতি বছরের জুন থেকে আগস্ট পর্যন্ত ৩ মাসে ৯টি মন্ত্রিসভার বৈঠকে মোট ৭৪টি সিদ্ধান্ত নেয়া হয়। এর মধ্যে বাস্তবায়ন হয়েছে ৫৩টি। ২১টি সিদ্ধান্ত বাস্তবায়নাধীন। এ সময়ে সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৭১ দশমিক ৬২ শতাংশ। এ বছরের দ্বিতীয় ত্রৈমাসিকে মন্ত্রিসভা বৈঠকের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ক এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। গতকাল ২৪ জুলাই সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে প্রতিবেদনটি উপস্থাপন করা হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম এ তথ্য জানান। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৬), **ডেইলি সান,** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)।

**২। ভালো চলচ্চিত্র নির্মাণে সহযোগিতা দেবে সরকার : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের ইতিহাস, সংস্কৃতি ও কৃষ্টিকে তুলে ধরে উন্নত ধারার চলচ্চিত্র নির্মাণের আহ্বান জানিয়েছেন। এ জন্য চলচ্চিত্র নির্মাতাদের প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতা দেওয়ারও আশ্বাস দেন। তিনি বলেন, আমরা চাই যারা চলচ্চিত্র নির্মাণ করেন তারা আরও উন্নতমানের এমন সিনেমা করবেন, যা আমাদের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, কৃষ্টি সবকিছু ধারণ করতে পারে। পাশাপাশি আন্তর্জাতিকভাবেও আমাদের এই শিল্প আরও মর্যাদা অর্জন করতে পারে। এ জন্য প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতা দেওয়া হবে। প্রধানমন্ত্রী গতকাল ২৪ জুলাই সোমবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০১৫ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬**), ডেইলি সান** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**৩। অংশীজনের সঙ্গে ৫৭ ধারা নিয়ে বৈঠক করুন : তথ্যমন্ত্রীকে প্রধানমন্ত্রী**

৫৭ ধারায় কী আছে তা ব্যাখ্যা দেওয়ার জন্য অংশীজনদের সঙ্গে একাধিকবার বৈঠক করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী বলেছেন, আইনটির যাতে অপব্যবহার না হয় তা সতর্কতার সঙ্গে দেখতে হবে। ৫৭ ধারার পরিবর্তে প্রচলিত আইনে মামলা করা যাবে কি-না তাও দেখতে হবে। গতকাল ২৪ জুলাই সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠক শেষে অনির্ধারিত আলোচনায় প্রধানমন্ত্রী এ কথা বলেন। তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু প্রধানমন্ত্রীকে জানান, ৫৭ ধারার আইন কোনো সাংবাদিকের বিরুদ্ধে অপপ্রয়োগ করা হচ্ছে না। যারা সাইবার ক্রাইম করছেন, সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতেই তাদের বিরুদ্ধে মামলা হয়েছে। উদ্দেশ্যমূলক কোনো সাংবাদিকের বিরুদ্ধে এ ধারায় মামলা করা হয়নি। সরকারের সুরক্ষার জন্যই আইনে এ ধারা সংযোজন করা প্রয়োজন। তিনি অংশীজনদের সঙ্গে এ ধারা নিয়ে আলোচনা করবেন বলে জানান।

সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৪। মৎস্য খাত রক্ষায় নজরদারি বাড়াতে হবে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বিভিন্ন প্রজাতির মিঠাপানির মাছ চাষ ও সংরক্ষণ এবং দেশের গুরুত্বপূর্ণ এই মৎস্য খাতের কোনো ধরনের ক্ষতি প্রতিরোধে কঠোর নজরদারি নিশ্চিত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, বিশেষ করে মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের প্রতি আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৭ পালন উপলক্ষে গতকাল ২৪ জুলাই সোমবার বঙ্গভবনের দরবার হলে আয়োজিত এক অনুষ্ঠানে এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

**৫। তিন দিনের ডিসি সম্মেলন শুরু আজ : গুরুত্ব পাবে আইন-শৃঙ্খলা ও নির্বাচন**

জেলা প্রশাসকদের (ডিসি) তিন দিনের সম্মেলন শুরু হচ্ছে আজ ২৫ জুলাই মঙ্গলবার। প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে আজ সকাল সাড়ে ১০টায় এ সম্মেলনের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আওয়ামী লীগ সরকারের টানা দ্বিতীয় মেয়াদে শেষ পর্যায়ের সম্মেলন এটি। সিটি করপোরেশন ও জাতীয় সংসদ নির্বাচন, দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি, সরকারি কাজ বাস্তবায়নে প্রতিবন্ধকতা দূর করতে আইনি সুরক্ষাসহ আরও বেশ কিছু জনগুরুত্বপূর্ণ বিষয় নিয়ে এ সম্মেলনে আলোচনা করা হবে। এ ছাড়া সাম্প্রতিক সময়ে দেশজুড়ে ঘূর্ণিঝড়, মোরা, বন্যা, বাঁধভাঙন ও পাহাড়ধস সম্পর্কিত আলোচিত বিষয়গুলোও সম্মেলনে আলোচনায় থাকছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

৬। **শুল্ক জটিলতা দূর করা হলে রপ্তানি বাড়বে : বাণিজ্যমন্ত্রী**

উন্নত দেশগুলোতে শুল্ক জটিলতা দূর করা হলে বাংলাদেশের পণ্য রপ্তানি আরও বাড়বে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, শুল্ক জটিলতার কারণে বাংলাদেশের রপ্তানি অনেক ক্ষেত্রে বাধাগ্রস্ত হচ্ছে। বিশ্ববাণিজ্য সংস্থার সিদ্ধান্ত মোতাবেক উন্নত বিশ্বের দেশগুলো এলডিসিভুক্ত দেশগুলোকে ডিউটি ও কোটা ফ্রি বাণিজ্য সুবিধা প্রদান করার কথা, কিন্তু অনেক উন্নত দেশ সে সুবিধা দিচ্ছে না। বিভিন্ন ধরনের শুল্ক জটিলতার কারণে রপ্তানি বাধাগ্রস্ত হচ্ছে। গতকাল ২৪ জুলাই সোমবার বাণিজ্য মন্ত্রণালয়ের অফিস কক্ষে বাংলাদেশ সফররত ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন এর সেক্রেটারি জেনারেল কোনিও মিকুরিয়া এর সঙ্গে সাক্ষাতের সময় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৩) **সমকাল** (পৃ.১৯,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), বাংলাদেশ টুডে (পৃ.১০,ক.২)।

৭। **কোচিং বাণিজ্য বন্ধে আইন হচ্ছে: শিক্ষামন্ত্রী**

শীঘ্রই আইন করে কোচিং বাণিজ্য বন্ধ করা হবে এবং কোচিং বাণিজ্য সংশ্লিষ্ট শিক্ষকদের বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল ২৪ জুলাই সোমবার বিশ্বসাহিত্য কেন্দ্রে সেকায়েপ আয়োজিত পাঠাভ্যাস উন্নয়নে সেরা সংগঠক সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** (পৃ.১১,ক.১)।

৮। **চার শতাধিক যাত্রী নিয়ে হজ ফ্লাইট সৌদি আরবের জেদ্দায় পৌঁছেছে**

বাংলাদেশ থেকে চলতি মৌসুমের প্রথম হজ ফ্লাইট সৌদি আরবের জেদ্দায় পৌঁছেছে। গতকাল ২৪ জুলাই সোমবার স্থানীয় সময় বেলা সোয়া ১১টায় বিমানটি জেদ্দার কিং আবদুল আজিজ বিমানবন্দরের হজ টার্মিনালে পৌঁছায়। গতকাল ২৪ জুলাই সোমবার সকাল ৭টা ৫৫ মিনিটে ৪১৮ জন হজযাত্রীর এ দলটিকে নিয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ফ্লাইটটি ঢাকা ত্যাগ করে। বিমানবন্দরে উপস্থিত থেকে উদ্বোধন ফ্লাইটের হজযাত্রীদের বিদায় জানান বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন এবং ধর্মমন্ত্রী মতিউর রহমান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫) **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩)।

৯। **ঢাকা দক্ষিণ সিটির ৩,৩৩৭ কোটি টাকার বাজেট ঘোষণা**

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) উন্নয়ন ব্যয়কে প্রাধান্য দিয়ে ২০১৭-১৮ অর্থবছরের (প্রস্তাবিত) জন্য ৩ হাজার ৩৩৭ কোটি ৬৭ লাখ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। বাজেটের শতকরা ৭৭ ভাগ উন্নয়নে খরচ করা হবে। গতকাল ২৪ জুলাই সোমবার নগর ভবনের মেয়র মোহাম্মদ হানিফ অডিটরিয়ামে এক অনুষ্ঠানে ডিএসসিসির মেয়র সাঈদ খোকন এ বাজেট ঘোষণা করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১) **সমকাল** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭)।

১০। **মোবাইল নম্বর ঠিক রেখে অপারেটর পরিবর্তন সেবা অনুমোদন**

নম্বর ঠিক রেখে মোবাইল ফোন অপারেটর পরিবর্তন তথা এক সিমেই সব অপারেটরের সুবিধা বা এমএনপি (মোবাইল নম্বর পোর্টেবিলিটি) সেবা চূড়ান্ত অনুমোদন পেয়েছে। গতকাল ২৪ জুলাই সোমবার টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম বিষয়টি নিশ্চিত করেছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫)।

**সম্পাদকীয়**

ক. **সংবাদ, ইনকিলাব, ভোরের কাগজ, যুগান্তর, সমকাল, প্রথম আলো, যায়যায়দিন, ডেইলি সান, ডেইলি স্টার, নিউজ টুডে, অবজারভার :** উচ্চ মাধ্যমিক ও সমমানের পরীক্ষায় পাসের হার ও জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা গতবছরের তুলনায় কমে যাওয়ার কথা উল্লেখ করে উত্তীর্ণ শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে মেধার উন্নয়ন ও যথাযথ মূল্যায়ন কামনা।

খ. **যুগান্তর :** ঢাকার আঞ্চলিক খাদ্য কর্মকর্তা এবং ঢাকা ও নারায়ণগঞ্জ জেলা খাদ্য নিয়ন্ত্রক নারায়ণগঞ্জ সেন্ট্রাল স্টোরেজ ডিপো পরিদর্শনে গেলে সেখানে ত্রিপলে ঢাকা স্তুপে চালের বদলে বাঁশ ও কাঠের তৈরি ড্যামেজ পাওয়া যাওয়ায় নিন্দা জানিয়ে এ ধরনের দুর্নীতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **সমকাল :** পোশাক শিল্পের শ্রমিকদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে তোলার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের সমুদ্র সম্পদ আহরণ ও সুরক্ষায় দক্ষ সম্পদ গড়ে তুলতে চট্টগ্রাম ছাড়াও দেশের অন্যান্য স্থানে সমুদ্র সম্পদ সংক্রান্ত ইনস্টিটিউট গড়ে তোলাসহ বিদ্যমান ইনস্টিটিউটের সমস্যাগুলো জরুরিভিত্তিতে সমাধানের ওপর গুরুত্বারোপ।

ঙ. **ডেইলি সান** : ঢাকার চারপাশের বুড়িগঙ্গা, তুরাগ, ধলেশ্বরী, বালু ও শীতলক্ষ্যা নদীগুলো দখল ও দূষণে বিপন্ন হয়ে পড়ায় সংশ্লিষ্ট সংস্থাকে এসব নদী রক্ষায় কঠোর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

চ. **নিউ এজ** : দেশের বাণিজ্যিক ব্যাংকগুলোর অধিকাংশই সাইবার হামলা মোকাবিলায় যথাযথ সাইবার নিরাপত্তা জোরদার না করায় অতিদ্রুত সাইবার সিকিউরিটি শক্তিশালী করার সুপারিশ।

ছ. **ডেইলি স্টার:** মালয়েশিয়ার কুয়ালালামপুর বিমানবন্দরে ভ্রমণ সংক্রান্ত বৈধ কাগজপত্র থাকা সত্ত্বেও বাংলাদেশি বৈধ কর্মী ও স্বনামধন্য বাংলাদেশি নাগরিকদের হেনস্তা হওয়ার ঘটনা তুলে ধরে বাংলাদেশে অবস্থিত মালয়েশিয়ান হাইকমিশনকে বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, নির্বাচন ছাড়া গণতন্ত্রের সুষ্ঠু চর্চা সম্ভব নয়।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'ওবিসিটি একটি স্বাস্থ্য সমস্যা : সচেতনতাই সহজ সমাধান'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ওবিসিটিকে জটিল স্বাস্থ্য সমস্যা হিসেবে বিবেচনা করে এর প্রতিকারে আমাদের সচেতন হতে হবে।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১৭/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ২৪ জুলাই ২০১৭, ৯ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। শিক্ষার গুণগত মানের দিকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে : প্রধানমন্ত্রী

২। রুটিন ওয়ার্ক নয়, উদ্ভাবনী শক্তি কাজে লাগান : জনপ্রশাসন পদক প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৩। মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস শিক্ষার্থীদের জানাতে হবে : রাষ্ট্রপতি

৪। ভিয়েতনামের বিনিয়োগকারীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান স্পিকারের

৫। স্বাস্থ্যখাতে দুর্নীতি করলে ছাড় নয় : স্বাস্থ্যমন্ত্রী

৬। চামড়াজাত পণ্য রপ্তানিতে বাংলাদেশ শীর্ষস্থানে যাবে : শিল্পমন্ত্রী

৭। নতুন পদ্ধতিতে খাতা মূল্যায়নে পাসের হার কমেছে : শিক্ষামন্ত্রী

৮। প্রবাসী কর্মীরা যেন সেবাবঞ্চিত না হন : প্রবাসীকল্যাণমন্ত্রী

৯। বিমানের হজ ফ্লাইট শুরু আজ

১০। বাড়ি করতে খরচের ৭৫% ঋণ পাবেন প্রবাসীরা : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

চলমান পাতা-২

**১। শিক্ষার গুণগত মানের দিকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবারের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফলাফলে সন্তোষ প্রকাশ করে বলেছেন, ভবিষ্যৎ প্রজন্ম যেন বর্তমান বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে নিজেদের গড়ে তোলার সুযোগ পায় সেজন্য তার সরকার শিক্ষার গুণগত মানোন্নয়নে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। প্রধানমন্ত্রী বলেন, এই বছর এইচএসসি'র ফলাফল একটু খারাপ হলেও আমরা শিক্ষা ব্যবস্থাকে আধুনিক করে গড়ে তুলে এর গুণগত মানের দিকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রয়োগ করেছি। সকল বিষয়ের প্রতি বিশেষ করে উত্তরপত্র মূল্যায়ণে বিশেষ নজর দেওয়া হয়েছে যাতে ভবিষ্যত প্রজন্ম বর্তমান বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে বেড়ে উঠতে পারে। তিনি গতকাল ২৩ জুলাই রোববার তাঁর সরকারি বাসভবন গণভবনে এইচএসসি এবং সমমানের পরীক্ষার ফলাফল গ্রহণকালে একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান,** (পৃ.১,ক.১)।

**২। রুটিন ওয়ার্ক নয়, উদ্ভাবনী শক্তি কাজে লাগান : জনপ্রশাসন পদক প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

সরকারি চাকরিজীবীদের শুধু রুটিন ওয়ার্ক হিসেবে দায়িত্ব পালন না করে উদ্ভাবনী শক্তি কাজে লাগিয়ে জনকল্যাণে নিবেদিত হওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, শুধু রুটিন দায়িত্ব পালনে সীমাবদ্ধ থাকলে চলবে না। উদ্ভাবনী শক্তি দিয়ে আরও কি কাজ করলে মানুষের কল্যাণ হয় সেটা চিন্তা করে সেভাবেই পদক্ষেপ নিতে হবে। তাহলেই দেশ এগিয়ে যাবে। প্রধানমন্ত্রী গতকাল ২৩ জুলাই রোববার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় পাবলিক সার্ভিস দিবস উদ্‌যাপন ও জনপ্রশাসন পদক ২০১৭ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)।

**৩। মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস শিক্ষার্থীদের জানাতে হবে : রাষ্ট্রপতি**

শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানানোর ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল ২৩ জুলাই রোববার ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম মুক্তিযুদ্ধের গণহত্যার ছবিসংবলিত স্মারক ডাকটিকিটের অ্যালবাম বঙ্গভবনে নিয়ে গেলে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। রাষ্ট্রপতি বলেন, এর মাধ্যমে নতুন ও আগামী প্রজন্ম বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে জানতে পারবে। স্মারক অ্যালবামটি দেশের সব শিক্ষা প্রতিষ্ঠান যাতে সংগ্রহ করতে পারে এবং শিক্ষার্থীরা মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস জানতে পারে সে উদ্যোগ নেওয়ার আহ্বান জানান রাষ্ট্রপতি। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১) **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬), **নিউ নেশন** (পৃ.৩,ক.৬)।

**৪। ভিয়েতনামের বিনিয়োগকারীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান স্পিকারের**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বাংলাদেশে বিনিয়োগ করতে ভিয়েতনামের বিনিয়োগকারীদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল ২৩ জুলাই রোববার ভিয়েতনামের হ্যানয়ে কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটির অফিসে দেশটির কমিউনিস্ট পার্টির জেনারেল সেক্রেটারি গুয়েন ফু ট্রং-এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে স্পিকার এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১)।

**৫। স্বাস্থ্যখাতে দুর্নীতি করলে ছাড় নয় : স্বাস্থ্যমন্ত্রী**

বরিশালসহ দক্ষিণাঞ্চলে স্বাস্থ্যসেবা খাতের উন্নয়নে সরকার **১** হাজার কোটি টাকার প্রকল্প গ্রহণ করেছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি বলেন, হাজারো সমস্যার মধ্যেও প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার স্বাস্থ্যসেবা খাতকে এগিয়ে নিয়ে যাচ্ছে। এ খাতে সরকারের সব উন্নয়ন প্রচেষ্টা ও অগ্রগতি ম্লান হয়ে যাবে যদি সাধারণ মানুষ কাঙ্ক্ষিত সেবা না পান। এ কাজে কেউ অন্যায়-দুর্নীতি করলে তাকে ছাড় দেওয়া হবে না। গতকাল ২৩ জুলাই রোববার বরিশাল শেরেবাংলা চিকিৎসা মহাবিদ্যালয় (শেবাচিম) হাসপাতালে নিবিড় পরিচর্যা কেন্দ্র (আইসিইউ) উদ্বোধন শেষে চিকিৎসক সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** ( পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫)।

**৬। চামড়াজাত পণ্য রপ্তানিতে বাংলাদেশ শীর্ষস্থানে যাবে : শিল্পমন্ত্রী**

সাভারের চামড়া শিল্পনগরী পুরোদমে চালু হলে দেশের চামড়া শিল্প খাতে বৈপ্লবিক পরিবর্তন আসবে বলে মন্তব্য করেছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, এর ফলে চামড়াজাত পণ্য রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশ ক্রমান্বয়ে বিশ্বের শীর্ষস্থানে যাবে। শিল্পমন্ত্রী গতকাল ২৩ জুলাই রোববার জাতীয় পাবলিক সার্ভিস দিবস উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় এ আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **যুগান্তর** (পৃ.১৭,ক.৬), **নিউ নেশন** (পৃ.১৩,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

**৭। নতুন পদ্ধতিতে খাতা মূল্যায়নে পাসের হার কমেছে : শিক্ষামন্ত্রী**

পরীক্ষার খাতা মূল্যায়নে নতুন পদ্ধতি প্রয়োগ করায় সার্বিকভাবে পাসের হার কমেছে বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, পাসের হার কম হলেও এতে বিস্মিত হওয়ার কিছু নেই। কারণ উত্তরপত্র মূল্যায়নে অবমূল্যায়ন বা অতিমূল্যায়ন রোধে বোর্ডসমূহ বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। এটা শিক্ষাকে আরও উন্নত করার পথ। গতকাল ২৩ জুলাই রোববার এইচএসসি, আলিম ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ উপলক্ষে সচিবালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৮)।

**৮। প্রবাসী কর্মীরা যেন সেবাবঞ্চিত না হন : প্রবাসীকল্যাণমন্ত্রী**

প্রবাসী কর্মীরা যেন সেবাবঞ্চিত না হন সে লক্ষ্যে কাজ করার জন্য কর্মকর্তা-কর্মচারীদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। তিনি বলেন, সরকারি কর্মচারীরা জনগণের অর্থে পরিচালিত হয়। যার যার অবস্থান থেকে মানুষের কল্যাণে এগিয়ে আসতে হবে। কোনো প্রবাসী কর্মী ও তার পরিবারের সদস্যরা যেন প্রাপ্ত সেবা থেকে বঞ্চিত না হন, সে বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে এক হয়ে কাজ করতে হবে। মন্ত্রী গতকাল ২৩ জুলাই রোববার ঢাকার ইস্কাটনে প্রবাসীকল্যাণ ভবনের ব্রিফিং সেন্টারে 'জাতীয় পাবলিক সার্ভিস দিবস' উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮)।

**৯। বিমানের হজ ফ্লাইট শুরু আজ**

আজ ২৪ জুলাই সোমবার শুরু হচ্ছে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের হজ ফ্লাইট। ৪১৯ জন হজযাত্রী নিয়ে সৌদি আরবের জেদ্দার উদ্দেশ্যে প্রথম হজ ফ্লাইট ঢাকা ছেড়ে যাবে। বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন বিমানবন্দরে উপস্থিত থেকে উদ্বোধন ফ্লাইটের হজযাত্রীদের বিদায় জানাবেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৫,ক.৪) **ইনকিলাব (শেষ** পৃ.,ক.১) **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**১০। বাড়ি করতে খরচের ৭৫% ঋণ পাবেন প্রবাসীরা : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

প্রবাসী বাংলাদেশিদের জন্য দেশে বাড়ি নির্মাণের ক্ষেত্রে ঋণ সুবিধা বাড়িয়েছে বাংলাদেশ ব্যাংক। এখন থেকে প্রবাসী বাংলাদেশিরা দেশে বাড়ি বানাতে মোট খরচের ৭৫ শতাংশ পর্যন্ত ব্যাংক ঋণ নিতে পারবেন। আগে মোট খরচের ৫০ শতাংশ পর্যন্ত ঋণ নেওয়ার সুযোগ ছিল। গতকাল ২৩ জুলাই রোববার এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে কেন্দ্রীয় ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৭,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **সংবাদ :** যুক্তরাষ্ট্রভিত্তিক ইউনাইটেড স্টেটস ফ্যাশন ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশনের করা এক জরিপে বাংলাদেশের পোশাক খাত কমপ্লায়েন্স ঝুঁকিতে রয়েছে এ তথ্য জানার কথা উল্লেখ করে যেসব পোশাক কারখানা পুরোপুরি কমপ্লায়েন্স মেনে চলে না সেসব কারখানাকে তা মেনে চলতে উদ্বুদ্ধ করার আহ্বান।

খ. **ইত্তেফাক :** দেশে বর্তমানে সাড়ে সাত হাজারের বেশি নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় সোয়া লাখ শিক্ষক এমপিও থেকে বঞ্চিত এ খবরে উদ্বেগ প্রকাশ করে এমপিভুক্তি নিয়ে অনিয়ম বন্ধ করে এর আওতা বাড়ানোর সুপারিশ।

গ. **জনকণ্ঠ, নিউ নেশন :** চট্টগ্রামের সীতাকুণ্ডের দুর্গম অঞ্চলে পাহাড় ধসে মাটি চাপা পড়ে নারী ও শিশুসহ পাঁচজন নিহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এভাবে বার বার পাহাড় ধসের ঘটনা রোধে সুষ্ঠু ও সমন্বিত মহাপরিকল্পনা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যায়যায়দিন :** অনেক বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান প্রশ্নবিদ্ধ হওয়ায় এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে নজর দেওয়ার সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** ভ্রমণের সব বৈধ ও প্রয়োজনীয় কাগজপত্র থাকা সত্ত্বেও প্রায় প্রতি সপ্তাহে মালয়েশিয়ার কুয়ালালামপুর বিমানবন্দর থেকে শত শত বাংলাদেশি বিখ্যাত ও গণমান্য ব্যক্তিদের ফেরত পাঠানোর ঘটনা তুলে ধরে মালয়েশিয়ান ইমিগ্রেশন অথরিটি ও সেখানকার বাংলাদেশ হাইকমিশনকে দ্রুত এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আহ্বান।

চ. **ডেইলি সান :** দেশের দুর্গম এলাকার স্বাস্থ্যকেন্দ্রগুলোতে প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার, নার্স, প্রশিক্ষণপ্রাপ্ত মেডিক্যাল স্টাফ ও ওষুধের অভাবে গ্রামাঞ্চলে স্বাস্থ্যসেবা বিঘ্নিত হওয়ায় দ্রুত এ অবস্থার উন্নয়নের সুপারিশ।

ছ. **ডেইলি স্টার :** আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াডে অংশগ্রহণকারী বাংলাদেশি টিমের অসামান্য সাফল্যে অভিনন্দন জানিয়ে সরকারকে এসব বিষয়ে আরও পদক্ষেপ নেওয়ার আহ্বান।

জ. **নিউ এজ :** আইন ও সালিশ কেন্দ্রের রিপোর্টে প্রকাশিত গণপিটুনিতে **২০১৬** সালে **৫১** জন নিহত হওয়ার ঘটনা তুলে ধরে গণপিটুনি নিরুৎসাহিত করতে সরকারকে এ ব্যাপারে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, টেকসই উন্নয়নের লক্ষ্য পূরণে সমাজ, সংস্কৃতি, রাজনীতি ও অর্থনীতিকে প্রয়োজনীয় সংস্কার ও সমন্বয় করতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিশুর মানসিক সুস্থতার জন্য অভিভাবকের সচেতনতা জরুরি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিশু-কিশোররা মানসিক সমস্যায় বেশি ভুগতে পারে, তাই সন্তানদের কথা বিবেচনা করে অভিভাবকদের কর্তব্য সন্তানদের জন্য অনুকূল পরিবেশ বজায় রাখা।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১৬/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ২৩ জুলাই ২০১৭, ৮ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। হজ কর্মসূচির উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী

২। আইসিটি কার্যক্রম প্রান্তিক পর্যায়ে পৌঁছে দেওয়া হবে : পাবলিক সার্ভিস দিবসের বাণীতে প্রধানমন্ত্রী

৩। বাংলাদেশে পর্যটন শিল্পের প্রসার ঘটানো সম্ভব : স্পিকার

৪। চলতি বছর ১০ লাখ কর্মী বিদেশে পাঠানো হবে : প্রবাসীকল্যাণমন্ত্রী

৫। আউটসোর্সিংয়ে বিশ্বে বাংলাদেশ দ্বিতীয়

৬। আইসিটি ট্রেনিং দিয়ে বর্তমান প্রজন্মকে দক্ষ মানবসম্পদে পরিণত করা হবে : তথ্য ও প্রযুক্তি প্রতিমন্ত্রী

৭। রফতানিযোগ্য চার খাতকে অগ্রাধিকার দিচ্ছে সরকার : শিল্পমন্ত্রী

৮। সমুদ্র সম্পদের সম্ভাবনা কাজে লাগাতে দক্ষ জনবল গড়তে হবে : শিক্ষামন্ত্রী

৯। এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ আজ

১০। চিকুনগুনিয়া আগামী দশ দিনে ৯৮ শতাংশ নিয়ন্ত্রণে আসবে : ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র

চলমান পাতা-২

১। **হজ কর্মসূচির উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী**

সব ধর্মের মানুষ যাতে শান্তিতে বসবাস করে, দেশের উন্নয়নে ভূমিকা রাখতে পারে, সে জন্য দোয়া করতে হজযাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, আপনারা পবিত্র জায়গায় যাচ্ছেন, দোয়া করবেন, যেন এই বাংলাদেশে সব ধর্মের মানুষ শান্তিপূর্ণভাবে সহাবস্থান করতে পারে এবং উন্নয়নের গতিধারা আমরা অব্যাহত রাখতে পারি। গতকাল ২২ জুলাই শনিবার কুর্মিটোলা বিমানবন্দর এলাকার আশকোনা হজ ক্যাম্পে এ বছরের হজ কর্মসূচির উদ্বোধনকালে এই আহ্বান জানান প্রধানমন্ত্রী। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান,** (শেষ পৃ.১,ক.১)।

২। **আইসিটি কার্যক্রম প্রান্তিক পর্যায়ে পৌঁছে দেওয়া হবে : পাবলিক সার্ভিস দিবসের বাণীতে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর বাণীতে বলেছেন, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে আইসিটি কার্যক্রমকে উন্নত ও সহজতরকরণ এবং স্বল্পখরচে প্রান্তিক জনগণের কাছে সেবা পৌঁছানোর জন্য আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। আজ জাতীয় পাবলিক সার্ভিস দিবস। বাংলাদেশে এই প্রথমবারের মতো দিবসটি পালিত হচ্ছে। বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারের বিভিন্ন সংস্থা নানা কর্মসূচির মধ্য দিয়ে দেশব্যাপী দিবসটি পালন করছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ উপলক্ষে বাণী দিয়েছেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ. ২ , ক. ৭**), বাংলাদেশ টুডে** (পৃ.৩, ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২)।

৩। **বাংলাদেশে পর্যটন শিল্পের প্রসার ঘটানো সম্ভব : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, দেশ-বিদেশের পর্যটকদের জন্য সকল ধরনের সুযোগ-সুবিধা নিশ্চিত করে বাংলাদেশের পর্যটন শিল্পের প্রসার ঘটানো সম্ভব। গতকাল ২২ জুলাই শনিবার ভিয়েতনামের কোয়াং নিন প্রদেশের পর্যটন নগরী হা লং সিটি পরিদর্শনে কোয়াং নিন প্রদেশের স্টান্ডিং ডেপুটি সেক্রেটারি দো থি হোয়াংয়ের সঙ্গে অনুষ্ঠিত দ্বি-পক্ষীয় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** ( পৃ.১৫,ক.৭**), ভোরের কাগজ** (পৃ.২,ক.২)।

৪। **চলতি বছর ১০ লাখ কর্মী বিদেশে পাঠানো হবে : প্রবাসীকল্যাণমন্ত্রী**

প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেছেন, গত দু'বছর ধরে মন্ত্রণালয়ের দায়িত্ব গ্রহণের পর বিদেশে কর্মী প্রেরণের সংখ্যা ও গুণগত মান বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ বছর বৈদেশিক কর্মসংস্থানে ১০ লাখ কর্মী প্রেরণ করা হবে, যা অতীতের সব রেকর্ড ছাড়িয়ে যাবে। আমরা বিএমইটির মাধ্যমে দক্ষতা উন্নয়ন ও বৈদেশিক কর্মসংস্থানের ক্ষেত্রে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করে যাচ্ছি। গতকাল ২২ জুলাই শনিবার জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) অধীন প্রতিষ্ঠানগুলোর অধ্যক্ষ ও সহকারী পরিচালকদের দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা এবং জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর সদর দফতরের নবনির্মিত ৯ম তলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮), **ইনকিলাব** ( শেষ পৃ.,ক.৩**) ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.৬), **নিউ নেশন** (পৃ.১৩,ক.২)।

৫। **আউটসোর্সিংয়ে বিশ্বে বাংলাদেশ দ্বিতীয়**

বিশ্বে অনলাইনে শ্রমদাতা (আউটসোসিং) দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান দ্বিতীয় বলে জানিয়েছে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের গবেষণা ও পাঠদান বিভাগ। বিশ্ববিদ্যালয়টির অক্সফোর্ড ইন্টারনেট ইনস্টিটিউট (ওআইআই) এর একটি সমীক্ষা প্রতিবেদনে এই তথ্য পাওয়া গেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.১১,ক.১), **নিউ নেশন** (পৃ.১৩,ক.১)।

৬। **আইসিটি ট্রেনিং দিয়ে বর্তমান প্রজন্মকে দক্ষ মানবসম্পদে পরিণত করা হবে : তথ্য ও প্রযুক্তি প্রতিমন্ত্রী**

২০১৮ সালের মধ্যে দেশের সব স্থানে অপটিক্যাল ফাইবারের মাধ্যমে হাইস্পিডের ইন্টারনেট সংযোগ দেওয়া হবে উল্লেখ করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, বর্তমান প্রজন্মকে আইসিটি ট্রেনিংয়ের মাধ্যমে দক্ষ মানবসম্পদে পরিণত করে ২০২১ সালের মধ্যে ৫ বিলিয়ন ডলার রপ্তানি করা

সম্ভব হবে। গতকাল ২২ জুলাই শনিবার নাটোর জেলার সিংড়া-গোল ই-আফরোজ সরকারি কলেজ মাঠে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এলআইসিটি প্রকল্পের আয়োজনে আইসিটি ক্যারিয়ার ক্যাম্পে উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১০,ক.১)।

**৭। রফতানিযোগ্য চার খাতকে অগ্রাধিকার দিচ্ছে সরকার : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, বর্তমান সরকার রফতানিযোগ্য চারটি খাতকে অগ্রাধিকার দিয়ে কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। বাংলাদেশের পাট, চা, চামড়া এবং মৎস্য খাতকে সমৃদ্ধ করে রফতানিযোগ্য করার পদক্ষেপ ইতোমধ্যেই সফলতা অর্জন করেছে। তিনি বলেন, মাছ আমাদের একটি বড় সম্পদ। সবাই মিলে এ খাতকে অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ করলে একদিকে মানুষ যেমন অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে পারে, অন্য দিকে মাছ রফতানি করে দেশ বৈদেশিক মুদ্রাও অর্জন করতে পারে। তিনি গতকাল ২২ জুলাই শনিবার ঝালকাঠি সদর উপজেলা পরিষদ মিলনায়তনে জাতীয় মৎস্য সপ্তাহের আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১)।

**৮। সমুদ্র সম্পদের সম্ভাবনা কাজে লাগাতে দক্ষ জনবল গড়তে হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সামুদ্রিক সম্পদের অনুসন্ধান, আহরণ ও সুষ্ঠু ব্যবহারের জন্য এ বিষয়ে প্রযুক্তি, দক্ষতা ও জ্ঞান আয়ত্ত করতে হবে। সমুদ্র সম্পদের সম্ভাবনা ও সুযোগকে কাজে লাগানোর জন্য দক্ষ জনবল গড়ে তুলতে হবে। শিক্ষামন্ত্রী গতকাল ২২ জুলাই শনিবার রাজধানীর সেগুনবাগিচায় 'লিগ্যাল রেজিম অ্যাট সি অ্যান্ড গভার্নেন্স অফ মেরিটাইম রিসোর্সেস ফর সাসটেইনেবল ব্লু-ইকোনমি' শীর্ষক দিনব্যাপী আন্তর্জাতিক সেমিনারের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৫) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৯। এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ আজ**

আজ ২৩ জুলাই রোববার এইচএসসি ও সমমানের ফল প্রকাশিত হবে। শিক্ষার্থীরা দুপুর ১টার পর থেকে শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট, যে কোনো মোবাইলের এসএমএসের মাধ্যমে ও নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ফল জানতে পারবেন। এর আগে সকাল ১০টায় গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ১০ শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে ফলাফলের কপি হস্তান্তর করবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এরপর শিক্ষা মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে ফলাফলের বিস্তারিত তুলে ধরবেন তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

**১০। চিকুনগুনিয়া আগামী দশ দিনে ৯৮ শতাংশ নিয়ন্ত্রণে আসবে : ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র**

আগামী ১০ দিনের মধ্যে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি) এলাকায় চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে আনার ঘোষণা দিয়েছেন মেয়র সাঈদ খোকন। গতকাল ২২ জুলাই শনিবার চিকুনগুনিয়া নিয়ে সচেতনতামূলক শোভাযাত্রার পূর্বে মেয়র এই ঘোষণা দেন। মেয়রের মতে, এ রোগ আগামী ১০ দিনে ৯৮ শতাংশ নিয়ন্ত্রণে আসবে। তবে নিয়ন্ত্রণে আসলেও পার্শ্ববর্তী এলাকা থেকে আসতে পারে চিকুনগুনিয়া। এতে আবার অল্প কিছু লোক নতুন করে আক্রান্ত হতে পারেন। তাই প্রত্যেককে নিজ অবস্থান থেকে সচেতন থাকতে হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক, সমকাল :** ময়মনসিংহের ফুলবাড়ীয়া উপজেলার ফুলতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিম ধসে পড়ার বিষয় তুলে ধরে সারা দেশে অবকাঠামোগত সংকটে থাকা ২০ হাজার প্রাথমিক বিদ্যালয় অতিদ্রুত টেকসইভাবে সংস্কার করার সুপারিশ।

**খ.** **সংবাদ :** রুটিনসহ পরীক্ষার তারিখ ঘোষণার দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর পুলিশের হামলার ঘটনার নিন্দা জানিয়ে ঘটনার নিরপেক্ষ তদন্ত ও দোষীদের শাস্তির প্রত্যাশা।

গ. **জনকণ্ঠ :** প্রাণিজ আমিষের ষাট ভাগের জোগান মাছ থেকে আসায় মাছে ফরমালিনের অপব্যবহার বন্ধ করার জন্য সরকারের আরও কঠোর অবস্থানের প্রত্যাশা।

ঘ. **প্রথম আলো :** সিলেটের কোম্পানীগঞ্জ উপজেলায় শাহ আরেফিন টিলায় পাথর উত্তোলনের সময় গর্ত ধসে আবারও শ্রমিকের মৃত্যুর খবরে 'পাথরখেকো' বলে অভিহিত ৪৭ ব্যক্তির বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়াসহ পাথর উত্তোলনে মদদদাতাদের চিহ্নিত করে শাস্তি দেওয়ার আহ্বান।

ঙ. **যুগান্তর, ইনকিলাব, ভোরের কাগজ, ডেইলি সান, ডেইলি স্টার, নিউ এজ** : চট্টগ্রামের সীতাকুণ্ডে পুনরায় পাহাড় ধসে প্রাণহানি হওয়ায় এ ধরণের প্রাণহানি রোধে পাহাড় কাটা বন্ধে কঠোর অবস্থান নেওয়াসহ পাহাড়ের পাদদেশে বসবাসকারীদের উচ্ছেদ ও পুনর্বাসনে দীর্ঘমেয়াদি পরিকল্পনা নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট** : বিগত ৪০ বছরে ঢাকার ৪৩টি খাল বেদখল হয়ে পড়ায় অবশিষ্ট খালগুলো সুরক্ষা করাসহ দখল খালগুলো পুনরুদ্ধারে ঢাকা সিটি মেয়র, ওয়াসা ও রাজউকের কঠোর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ছ. **ডেইলি স্টার :** চট্টগ্রাম বন্দরের জাহাজজটের সমস্যা তুলে ধরে দ্রুত এ সমস্যা সমাধানে কার্যকর উদ্যোগ নেওয়ার প্রত্যাশা।

জ. **নিউজ টুডে :** ঢাকা শহরের যানজট ও জলজট সমস্যায় জনগণের দুর্ভোগ লাঘবে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থাকে সমন্বিতভাবে কাজ করার সুপারিশ।

ঝ. **নিউ নেশন :** রপ্তানি আয় ক্রমাগত কমে যাওয়ায় সংকট কাটাতে সরকারকে সংশ্লিষ্ট শিল্পখাতে প্রাধান্যের ভিত্তিতে গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশের পপুলেশন বোনাসকে ডিভিডেণ্ডে পরিণত করতে যথোপযুক্ত শিক্ষা ও প্রশিক্ষণের যেমন ব্যবস্থা করতে হবে তেমনি একই সঙ্গে মেধা ও যোগ্যতা অনুযায়ী কাজের নিশ্চয়তা দিতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রাকাশিত **'শিশু কিশোরদের খেলাধুলার গুরুত্ব'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, খেলাধুলার মাধ্যমে শিশুরা একদিকে সুঠাম দেহের অধিকারী হতে পারে অন্যদিকে খারাপ চিন্তা, অনৈতিক কাজ থেকে খেলাধুলা শিশুদের দূরে রাখতে পারে। সেজন্য বাবা-মায়ের উচিত সন্তানের মাঠে বা উন্মুক্ত পরিবেশে খেলাধুলায় উদ্বুদ্ধ করা।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

সংখ্যা **১৫/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ২০ জুলাই ২০১৭, ৫ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সামান্য মুনাফার লোভে মাছে ভেজাল না দেওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর

২। অন্যের অসুবিধা না করে ভিভিআইপিদের নিরাপত্তা নিশ্চিত করুন
: এসএসএফ সদস্যদের প্রতি রাষ্ট্রপতি

৩। সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে **১২** ক্রয় প্রস্তাব অনুমোদন

৪। পবিত্র ঈদুল আজহায় যত্রতত্র পশু কোরবানি করা যাবে না : স্থানীয় সরকার মন্ত্রী

৫। চট্টগ্রাম সমুদ্রবন্দরের মতো এবার বেনাপোল স্থলবন্দর ২৪ ঘন্টা খোলা : নৌমন্ত্রী

৬। প্রকল্পের কাজে অনিয়ম দুর্নীতি বরদাশত করা হবে না : শিক্ষামন্ত্রী

৭। এসডিজি বাস্তবায়নে বেসরকারি খাতকে উৎসাহিত করা হচ্ছে : পরিকল্পনামন্ত্রী

৮। নোয়াব নাম দিলেই নবম ওয়েজ বোর্ড গঠন হবে : তথ্য মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি

৯। ২০৩০ সালের আগেই দেশ বাল্যবিয়ে মুক্ত হবে : মহিলা বিষয়ক প্রতিমন্ত্রী

১০। বিএসএমএমইউকে বাংলাদেশ বেতারের জমির দলিল হস্তান্তর করলেন প্রধানমন্ত্রী

১১। যানজটে দিনে ৩২ লাখ কর্মঘন্টা নষ্ট : ঢাকার উন্নয়ন শীর্ষক সম্মেলনে বিশ্বব্যাংক

চলমান পাতা-২

১। **সামান্য মুনাফার লোভে মাছে ভেজাল না দেওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের মৎস্য সম্পদের বিপুল সম্ভাবনার কথা উল্লেখ করে সামান্য মুনাফার লোভে মাছে ভেজাল না দিতে মৎস্য ব্যবসায়ী, প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানিতে সম্পৃক্তদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, রপ্তানির ক্ষেত্রে সবসময় আমাদের সতর্ক থাকতে হবে, যাতে কোনো রকম অভিযোগ আমাদের বিরুদ্ধে না আসে। মাছচাষ এবং প্রক্রিয়াজাতকরণের সঙ্গে যারা জড়িত, তাদের অনুরোধ করব সামান্য একটু মুনাফার লোভে নিজের ব্যবসাটাও যেমন নষ্ট করবেন না, তেমনি দেশের রপ্তানি বা পণ্যটাও নষ্ট করবেন না। প্রধানমন্ত্রী গতকাল **১৯** জুলাই বুধবার রাজধানীর কৃষিবিদ মিলনায়তনে জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৭ উদ্‌যাপন উপলক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ. ক. ২), **বাংলাদেশ টুডে** (পৃ.১ ,ক. ৫)।

২। **অন্যের অসুবিধা না করে ভিভিআইপিদের নিরাপত্তা নিশ্চিত করুন : এসএসএফ সদস্যদের প্রতি রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ অন্যের অসুবিধা না করে ভিভিআইপিদের নিরাপত্তা নিশ্চিত করতে স্পেশাল সিকিউরিটি ফোর্সের (এসএসএফ) প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি গতকাল **১৯** জুলাই বুধবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) এসএসএফের **৩১**তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এ কথা বলেন। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, কোনো গুরুত্বপূর্ণ ব্যক্তি নিরাপত্তাজনিত কারণে যাতে জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে না যান, তা আপনাদের নিশ্চিত করতে হবে। তিনি নিরাপত্তা ও জনসংযোগের বিষয়টি যুগপৎভাবে মাথায় রাখার জন্য এসএসএফ সদস্যদের উপদেশ দেন। সূত্র : **প্রথম আলো** (পৃ.২, ক. ৫), **জনকণ্ঠ** (পৃ, ১, ক. ৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯, ক. ২)।

৩। **সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ১২টি ক্রয় প্রস্তাব অনুমোদন**

দেশের খাদ্য মজুদ বাড়াতে আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে ৫০ হাজার মেট্রিক টন চাল আমদানিসহ দুই হাজার ২৯৫ কোটি টাকার মোট **১২**টি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল **১৯** জুলাই বুধবার সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এসব ক্রয় প্রস্তাব অনুমোদন করা হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.**১**) **সমকাল** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.২ ,ক. ৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ, ক. ৬)।

৪। **পবিত্র ঈদুল আজহায় যত্রতত্র পশু কোরবানি করা যাবে না : স্থানীয় সরকার মন্ত্রী**

পবিত্র ঈদুল আজহায় রাস্তাঘাটে ও যত্রতত্র পশু কোরবানি করা যাবে না বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। এজন্য ঢাকাসহ দেশের **১১** সিটি করপোরেশনে ২ হাজার ৯২৭টি স্থান নির্ধারণ করা হয়েছে। তাই নিজ বাড়ির আঙিনা ও নির্ধারিত স্থানে পশু জবাই করতে হবে। পাশাপাশি পশু জবাইয়ের পরে দ্রুত এর বর্জ্য অপসারণ করতে হবে বলে জানান তিনি। গতকাল **১৯** জুলাই বুধবার সচিবালয়ে স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষে আসন্ন পবিত্র ঈদুল আজহা উপলক্ষে নির্দিষ্ট স্থানে কোরবানির পশু জবাই এবং দ্রুত বর্জ্য অপসারণকল্পে সিটি করপোরেশনসমূহের কর্মপরিকল্পনা ও প্রস্তুতি পর্যালোচনা সংক্রান্ত সভায় এ আহ্বান জানান তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.**১**,ক. ৪), **জনকণ্ঠ** (পৃ.২ ক.৭), **এশিয়ান এজ** (পৃ.৩, ক. ৪)।

৫। **চট্টগ্রাম সমুদ্রবন্দরের মতো এবার বেনাপোল স্থলবন্দর ২৪ ঘন্টা খোলা : নৌমন্ত্রী**

চট্টগ্রাম সমুদ্রবন্দরের মতো এবার যশোরের বেনাপোল স্থলবন্দর এখন থেকে সপ্তাহের ৭ দিনই ২৪ ঘন্টা খোলা থাকবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী **১** আগস্ট বন্দর দু'টি ২৪ ঘন্টা চালু রাখার কার্যক্রম আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন। নৌ মন্ত্রণালয়ে গতকাল **১৯** জুলাই বুধবার অনুষ্ঠিত সভায় এসব তথ্য জানান নৌ পরিবহণমন্ত্রী শাজাহান খান। তিনি বলেন, দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি, বাণিজ্য সম্প্রসারণ তথা আমদানি-

রপ্তানি কার্যক্রম সহজ ও উন্নত করার লক্ষ্যে এ উদ্যোগ নেওয়া হয়েছে। সূত্র : **প্রথম আলো** (পৃ.১২, ক. ১), **জনকণ্ঠ** (পৃ.১, ক . ১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ. ক. ৫), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১. ক. ২)।

৬। **প্রকল্পের কাজে অনিয়ম দুর্নীতি বরদাশত করা হবে না : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রকল্পের কাজে অনিয়ম, দুর্নীতি ও অপচয় বরদাশত করা হবে না। এ ব্যাপারে সবাইকে সতর্ক থাকতে হবে। প্রকল্পে কোনো অনিয়ম-দুর্নীতি হলে কাউকে ছাড় দেওয়া হবে না। বরাদ্দ অর্থের পরিপূর্ণ ব্যবহার করতে হবে উল্লেখ করে তিনি বলেন, এক টাকা দিয়ে দুই টাকার কাজ করার মানসিকতা সৃষ্টি করতে হবে। কারণ, বাজেটে বরাদ্দ দেওয়া টাকা জনগণের টাকা, গরিব মানুষের টাকা। শিক্ষামন্ত্রী গতকাল **১৯** জুলাই বুধবার ঢাকায় শিক্ষাভবনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি)-এর আওতাধীন **১৩**টি প্রকল্প ও প্রোগ্রামের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সঙ্গে অধিদফতরের সভাকক্ষে এক দিক নির্দেশনামূলক সভায় একথা বলেন। সূত্র- **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.৪), **অবজারভার** (পৃ.১০ ক. ৫), **নিউ এজ** (পৃ.৪, ক. ৭)।

৭। **এসডিজি বাস্তবায়নে বেসরকারি খাতকে উৎসাহিত করা হচ্ছে : পরিকল্পনামন্ত্রী**

টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) বাস্তবায়নে বাংলাদেশে বেসরকারি খাতকে উৎসাহিত করা হচ্ছে। এ জন্য ব্যবসায় সহায়ক পরিবেশ তৈরির পাশাপাশি উদ্যোক্তাদের প্রণোদনা দিচ্ছে সরকার। একই সঙ্গে বহুজাতিক কোম্পানির সামাজিক দায়বদ্ধতার ক্ষেত্র বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে। যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে চলমান এসডিজি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় জাতিসংঘের উচ্চ পর্যায়ের রাজনৈতিক ফোরামের (এইচএলপিএফ) এক অনুষ্ঠানে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল একথা বলেছেন। 'ব্যক্তি খাতে এসডিজি অর্জন : ২০৩০ সালের মধ্যে ব্যক্তি খাতের লক্ষ্য বাস্তবায়নে সরকারি প্রণোদনা' শীর্ষক এ আলোচনার আয়োজন করে যৌথভাবে বাংলাদেশ, ডেনমার্ক ও নেদারল্যান্ডস। সূত্র : **সমকাল** (পৃ.**১২**, ক. ৪), **ইত্তেফাক** (পৃ.**১৮**, ক. ৬)।

৮। **নোয়াব নাম দিলেই নবম ওয়েজ বোর্ড গঠন হবে : তথ্য মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি**

সংবাদপত্র মালিকদের সংগঠন নিউজ পেপারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (নোয়াব) তাদের প্রতিনিধি মনোনয়ন দিলেই সাংবাদিকদের জন্য নবম ওয়েজ বোর্ড গঠন করা হবে। গতকাল **১৯** জুলাই বুধবার তথ্য মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে। সূত্র : **সমকাল** (পৃ.**১৯**, ক, ৬), **ইত্তেফাক** (পৃ.**১৫**, ক. ৮), **বাংলাদেশ টুডে** (পৃ.**১**, ক, ৩), **অবজারভার** (পৃ.৩, ক, ১)।

৯। **২০৩০ সালের আগেই দেশ বাল্যবিয়ে মুক্ত হবে : মহিলা বিষয়ক প্রতিমন্ত্রী**

বাল্যবিয়ে বন্ধে সরকারের শক্তিশালী অবস্থান ও কার্যক্রমের কারণে দেশে বাল্যবিয়ে কমে আসছে। ২০১৫ সালের বিআইডিএস এর জরিপ অনুযায়ী **১৫** বছরের নিচে বিয়ের শতকরা হার ছিল **২৩** দশমিক ৮ শতাংশ। **২০১৭** সালে বিআইডিএস জরিপ অনুযায়ী তা কমে হয়েছে **১০** দশমিক ৭ শতাংশ। মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেন, বাল্যবিয়ের মূল কারণ হল দরিদ্রতা। দারিদ্র্য নির্মূলে সকলকে এক সাথে কাজ করার আহ্বান জানান তিনি। গতকাল **১৯** জুলাই বুধবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ইউনিসেফ এবং ইউএনএফপিএ আয়োজিত 'বাল্য বিবাহ নিরোধ কল্পে জাতীয় কর্মপরিকল্পনা ২০১৭-২০৩০ চূড়ান্তকরণ' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ. ৩, ক. ২), **জনকণ্ঠ** (পৃ.১, ক. ১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩, ক. ২), **নিউজ টুডে** (পৃ.৩, ক. ৫)।

১০। **বিএসএমএমইউকে বাংলাদেশ বেতারের জমির দলিল হস্তান্তর করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর শাহবাগের বাংলাদেশ বেতারের জমি ও স্থাপনার দলিল বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়কে (বিএসএমএমইউ) হস্তান্তর করেছেন। গতকাল **১৯** জুলাই বুধবার প্রধানমন্ত্রী

তাঁর কার্যালয়ে বিএসএমএমইউর উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খানের হাতে উক্ত জমি ও স্থাপনার দলিল হস্তান্তর করেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩, ক. ৬), **ইনকিলাব** (পৃ.৩, ক. ১), **অবজারভার** (শেষ পৃ. ক. ১), **এশিয়ান এজ** (পৃ.৩, ক. ৭)।

**১১। যানজটে দিনে ৩২ লাখ কর্মঘন্টা নষ্ট : ঢাকার উন্নয়ন শীর্ষক সম্মেলনে বিশ্বব্যাংক**

রাজধানী ঢাকায় যানজটের কারণে দিনে ৩২ লাখ কর্মঘন্টা নষ্ট হয়। গত ১০ বছরে যানচলাচলের গড় গতি প্রতি ঘণ্টায় ২১ কিলোমিটার থেকে ৭ কিলোমিটার পর্যন্ত নেমে এসেছে, যা পায়ে হেঁটে চলার গড় গতি (৫ কি. মি.) হতে একটু বেশি। বাংলাদেশের শহুরে জনসংখ্যার ৩৬ শতাংশ বৃহত্তর ঢাকায় বাস করে। ঢাকা এখন হয়ে উঠেছে বিশ্বের সবচেয়ে ঘনবসতিপূর্ণ শহরগুলোর অন্যতম। উচ্চ-মধ্যম আয়ের দেশে পরিণত হতে হলে বাংলাদেশকে অবশ্যই ঢাকার শহরায়ন সম্প্রসারণে যথাযথ ব্যবস্থাপনা গ্রহণ করতে হবে। গতকাল ১৯ জুলাই বুধবার রাজধানীর একটি হোটেলে '২০৩৫ সালে ঢাকার উন্নয়ন' শীর্ষক এক আন্তর্জাতিক সম্মেলনে বিশ্বব্যাংক প্রকাশিত 'টোয়ার্ডস গ্রেট ঢাকা : এ নিউ আরবান ডেভেলপমেন্ট প্যারাডাইম ইস্টওয়ার্ড' শীর্ষক খসড়া প্রতিবেদনে এসব তথ্য উল্লেখ করা হয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১, ক, ২) **যুগান্তর** (শেষ পৃ. ক, ২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১ ক, ৬), **সংবাদ, প্রথম আলো, সমকাল, ডেইলি সান, ডেইলি স্টার, ফিনানশিয়াল এক্সপ্রেস, নিউ নেশনসহ অধিকাংশ পত্রিকা** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**সম্পাদকীয়**

**ক. ইত্তেফাক :** বিভাগীয় ও জেলা শহরগুলির পাশাপাশি মফস্বল শহরেও বর্তমানে ময়লা আবর্জনা গুরুতর সমস্যার কারণ হয়ে দাঁড়িয়েছে উল্লেখ করে পরিকল্পিতভাবে নির্দিষ্ট স্থানে ডাম্পিং স্টেশন গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

**খ. সংবাদ, যুগান্তর :** প্রয়োজনের তুলনায় কম জেটি থাকায় চট্টগ্রাম বন্দরের বহির্নোঙরে কয়েক মাস ধরে জাহাজ জট দেখা দিয়েছে উল্লেখ করে চট্টগ্রাম বন্দরসহ দেশের সব বন্দরগুলোর অবকাঠামো সংকট দূর করার সুপারিশ।

**গ. সংবাদ, যুগান্তর, সমকাল, প্রথম আলো, ভোরের কাগজ, যায়যায়দিন, ডেইলি স্টার :** শিশু গৃহকর্মী আদুরী নির্যাতনের মামলায় গৃহকর্মী নওরিন জাহান নদীকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়ায় গৃহকর্মী নির্যাতন বন্ধে তা দৃষ্টান্তমূলক হয়ে থাকবে বলে মত প্রকাশ।

**ঘ. যায়যায়দিন :** পোশাক কারখানাসহ দেশের যেসব শিল্প কারখানায় বয়লারের নিবন্ধন নেই, সেসব বয়লার ৬০ দিনের মধ্যে বন্ধের নির্দেশ দিয়েছে হাইকোর্ট উল্লেখ করে এ নির্দেশের যথাযথ বাস্তবায়ন প্রত্যাশা।

**ঙ. ইন্ডিপেনডেন্ট :** পঞ্চগড় জেলার আটোয়ারি উপজেলায় আয়োজিত বৃক্ষ মেলার বিষয় তুলে ধরে দেশব্যাপী পরিবেশ সুরক্ষা ও বনায়নের জন্য অধিক বৃক্ষ রোপণে জনগণকে উৎসাহিত করতে সরকারকে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**চ. ডেইলি সান :** দুর্নীতির অভিযোগে অভিযুক্ত রাজধানীর হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনোস্টিক সেন্টারের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনের তদন্ত করার উদ্যোগের সাফল্য কামনা।



**ছ. ডেইলি স্টার :** ১৬ মিলিয়ন অধিবাসীর জন্য রাজধানীকে বসবাসযোগ্য রাখতে পরিকল্পিত নগরায়নের আহ্বান।

জ. **নিউ এজ :** চট্টগ্রাম বন্দরের পণ্য খালাসে দীর্ঘ যানজট ও বেনাপোল বন্দরে অপর্যাপ্ত অবকাঠামোর কারণে বন্দর দুটিতে সৃষ্ট সমস্যা গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে কর্তৃপক্ষকে সংকট সমাধানে দ্রুত পদক্ষেপ নেওয়ার সুপারিশ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**মানবকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে অভিমত প্রকাশ করা হয়েছে জঙ্গিবাদের মূলোৎপাটন করতে হলে এদের আশ্রয়-প্রশ্রয়দাতাসহ অর্থনৈতিক জোগানদাতাদের চিহ্নিত করে কঠোর ব্যবস্থা নিতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রাকাশিত **'জনসংখ্যা সমস্যা নয়, হয়ে উঠুক সম্ভাবনা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সর্বস্তরের মানুষের মাঝে শিক্ষা সুলভভাবে ছড়িয়ে দিতে হবে, তবেই দেশের মানুষ হবে শিক্ষিত ও উন্নত।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১৪/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ১৯ জুলাই ২০১৭, ৪ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। তেজগাঁও কার্যালয় চত্বরে প্রধানমন্ত্রীর বৃক্ষ রোপণ

২। সীতাকুণ্ডের ত্রিপুরাপাড়ায় স্থায়ী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

৩। গণতন্ত্র ও উন্নয়নে মিডিয়ার ভূমিকা গুরুত্বপূর্ণ : তথ্যমন্ত্রী

৪। গ্লোবাল অ্যাওয়ার্ড পাচ্ছেন শিক্ষামন্ত্রী

৫।	মালয়েশিয়ায় অবৈধ বাংলাদেশি কর্মীরা বৈধ হতে আরও পাঁচ মাস সময় পাবেন

৬।	হজ ফ্লাইট শুরু আগামী ২৪ জুলাই

৭।	বিশিষ্ট ক্রীড়াবিদ গোলাম মোস্তফাকে দেখতে হাসপাতালে প্রধানমন্ত্রী

৮।	জাতীয় শোক দিবস পালনের নামে চাঁদাবাজি বরদাস্ত করা হবে না : স্বরাষ্ট্রমন্ত্রী

৯।	রাজশাহীতে বঙ্গবন্ধু সিলিকন সিটির অবকাঠামো নির্মাণ শুরু

১০।	প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু আগামী ১৯ নভেম্বর

১১।	জাহাজভাঙা শিল্পে নিরাপত্তায় সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে : শ্রম প্রতিমন্ত্রী

১২।	পিপিপি প্রকল্পে ৫২ কোটি ডলার দেবে এডিবি

চলমান পাতা-২

১। **তেজগাঁও কার্যালয় চত্বরে প্রধানমন্ত্রীর বৃক্ষ রোপণ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল **১৮** জুলাই মঙ্গলবার তাঁর তেজগাঁও কার্যালয় চত্বরে দু'টি গাছের চারা রোপণ করেছেন। প্রধানমন্ত্রী বিকেলে আকাশ নিম এবং রুদ্র পলাশ এর দু'টি চারা রোপণ করেন। পরে তিনি বাগান ঘুরে দেখেন এবং পরিবেশ রক্ষা ও বাস্তুসংস্থানের ভারসাম্য বজায় রাখতে বর্ষাকালে আরো বেশিসংখ্যক চারাগাছ লাগানোর জন্য সকলের প্রতি আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক **১**), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক **১**), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৭)।

২। **সীতাকুণ্ডের ত্রিপুরাপাড়ায় স্থায়ী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর**

চট্টগ্রামের সীতাকুণ্ড উপজেলার সোনাইছড়ি ইউনিয়নের ত্রিপুরাপাড়ায় স্থায়ী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। এর আগে দ্রুততম সময়ের মধ্যে ঐ এলাকায় একটি অস্থায়ী স্বাস্থ্যকেন্দ্র চালুর নির্দেশ দিয়েছেন তিনি। আজ **১৯** জুলাই বুধবার থেকে ত্রিপুরাপাড়া ও নিকটস্থ হাম আক্রান্ত এলাকায় দু'টি অস্থায়ী টিকাদান কেন্দ্র ও দু'টি স্যাটেলাইট স্বাস্থ্যসেবা কেন্দ্র স্থাপন করা হবে। একইসঙ্গে ঐ এলাকায় সব শিশুকে হাম প্রতিরোধী বিশেষ টিকাদান কার্যক্রম শুরু হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক. ৭), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.৪), **অবজারভার** (পৃ.১১,ক.৬)।

৩। **গণতন্ত্র ও উন্নয়নে মিডিয়ার ভূমিকা গুরুত্বপূর্ণ : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, গণতন্ত্র, উন্নয়ন, স্বাস্থ্য ও উদ্ভাবনের মতো ইস্যুতে গণমাধ্যমের ভূমিকা গুরুত্বপূর্ণ। তিনি বলেন, সরকার ইউনিসেফ ও পাঁচটি টিভি চ্যানেলের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা চুক্তির আলোকে শিশুর নিরাপত্তা ও অধিকার রক্ষায় সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। তিনি বলেন, এতে একটি নতুন অধ্যায় সূচিত হবে। গতকাল **১৮** জুলাই ইউনিসেফ ও পাঁচটি বাংলাদেশি টেলিভিশন চ্যানেলের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫), **নিউ এজ** (পৃ.৩,ক.৬)।

৪। **গ্লোবাল অ্যাওয়ার্ড পাচ্ছেন শিক্ষামন্ত্রী**

ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস গ্লোবাল অ্যাওয়ার্ড-২০১৭ এর জন্য মনোনীত হয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। শিক্ষাক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসেবে তাঁকে এ অ্যাওয়ার্ড প্রদান করা হবে। আগামী ২৩-২৪ নভেম্বর ভারতের মুম্বাইয়ে অনুষ্ঠিতব্য ৬ষ্ঠ ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস সম্মেলনে তাঁকে এ পুরস্কার প্রদান করা হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক **১**), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.১)।

৫। **মালয়েশিয়ায় অবৈধ বাংলাদেশি কর্মীরা বৈধ হতে আরও পাঁচ মাস সময় পাবেন**

মালয়েশিয়ায় অবৈধ বাংলাদেশি কর্মীরা বৈধ হতে পাঁচ মাস সময় পাবেন। আগামী **৩১** ডিসেম্বর পর্যন্ত তারা বৈধতা পেতে আবেদন করতে পারবেন। এ সময়ের মধ্যে তাদের ধরপাকড় করা হবে না। গতকাল **১৮** জুলাই মঙ্গলবার কুয়ালালামপুরে বাংলাদেশ দূতাবাসে সংবাদ সম্মেলনে এ কথা জানিয়েছেন দেশটিতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার শহীদুল ইসলাম। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪)।

৬। **হজ ফ্লাইট শুরু আগামী ২৪ জুলাই**

আগামী ২৪ জুলাই থেকে এবারের হজযাত্রা শুরু হচ্ছে বলে জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন। আগামী শনিবার ২২ জুলাই আনুষ্ঠানিকভাবে এর উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল **১৮** জুলাই মঙ্গলবার সচিবালয়ে হজ নিয়ে এক আন্তঃমন্ত্রণালয় সভা শেষে এ তথ্য জানান তিনি। বিমানমন্ত্রী বলেন, বাংলাদেশ থেকে হজযাত্রীদের নিয়ে যাওয়ার জন্য বিমানের বিশেষ ফ্লাইট চলবে ২৬ আগস্ট পর্যন্ত। আর ফিরতি হজ ফ্লাইট ৬ সেপ্টেম্বর থেকে শুরু হয়ে ৫ অক্টোবর পর্যন্ত চলবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.১,ক. ১), **ডেইলি সান** (পৃ.২,ক.৪), **অবজারভার** (পৃ.১৬,ক.১)।

৭। **বিশিষ্ট ক্রীড়াবিদ গোলাম মোস্তফাকে দেখতে হাসপাতালে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ১৮ জুলাই মঙ্গলবার রাজধানীর অ্যাপোলো হাসপাতালে চিকিৎসাধীন বিশিষ্ট ক্রীড়াবিদ গোলাম মোস্তফাকে দেখতে যান। লং জাম্পে সর্বভারতীয় চ্যাম্পিয়ন গোলাম মোস্তফা শহিদ শেখ কামালের সহধর্মিণী সুলতানা কামালের বড় ভাই। তিনি শ্বাসকষ্টজনিত রোগে ভুগছেন। প্রধানমন্ত্রী কর্তব্যরত চিকিৎসকদের কাছে গোলাম মোস্তফার চিকিৎসার খোঁজ-খবর নেন এবং তাঁর আত্মীয়স্বজনের সঙ্গে কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

৮। **জাতীয় শোক দিবস পালনের নামে চাঁদাবাজি বরদাস্ত করা হবে না : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালনের নামে কোনো ধরনের চাঁদাবাজি বরদাস্ত করা হবে না। এ ধরনের কোনো ঘটনা ঘটলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। গতকাল ১৮ জুলাই মঙ্গলবার সচিবালয়ে নিজ মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে দেশব্যাপী আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভা শেষে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জাতীয় শোক দিবসের দিন ধানমন্ডি ৩২ নম্বর বাড়ি এবং আশপাশ এলাকা, গোপালগঞ্জের টুঙ্গীপাড়া, রাজধানীর বনানী কবরস্থান এলাকায় কয়েকস্তরের নিরাপত্তা ব্যবস্থা থাকবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩ ক,১), **প্রথম আলো** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.৫)।

৯। **রাজশাহীতে বঙ্গবন্ধু সিলিকন সিটির অবকাঠামো নির্মাণ শুরু**

গেট ও সীমানা প্রাচীরের ভিত্তিপ্রস্তর উন্মোচনের মধ্য দিয়ে বঙ্গবন্ধু সিলিকন সিটির অবকাঠামো নির্মাণের প্রাথমিক পর্যায়ের কাজ শুরু হলো বিভাগীয় শহর রাজশাহীতে। গতকাল ১৮ জুলাই মঙ্গলবার বঙ্গবন্ধু সিলিকন সিটির ভিত্তিপ্রস্তর উন্মোচন করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রতিমন্ত্রী বলেন, হাই-টেক পার্কের নির্মাণ শেষে এখানে ১৪ হাজার তরুণ-তরুণীর কর্মসংস্থানের ব্যবস্থা হবে। আগামী ২০২১ সাল নাগাদ রাজশাহীকে সারা বিশ্বই চিনবে এই হাই-টেক পার্কের মধ্য দিয়ে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৫,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.৪,ক.৫)।

১০। **প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু আগামী ১৯ নভেম্বর**

পঞ্চম শ্রেণির প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা আগামী ১৯ নভেম্বর শুরু হবে। আর পরীক্ষা শেষ হবে ২৬ নভেম্বর। সচিবালয়ে গতকাল ১৮ জুলাই মঙ্গলবার প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষার জাতীয় স্টিয়ারিং কমিটির সভায় এই সময়সূচি চূড়ান্ত করা হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক ১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৮)।

১১। **জাহাজভাঙা শিল্পে নিরাপত্তায় সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে : শ্রম প্রতিমন্ত্রী**

জাহাজভাঙা শিল্পকে শতভাগ ঝুঁকিপূর্ণ ও স্পর্শকাতর উল্লেখ করে খাতটির নিরাপত্তা নিশ্চিতে সর্বোচ্চ গুরুত্ব দেওয়ার তাগিদ দিয়েছেন শ্রম প্রতিমন্ত্রী মুজিবুল হক। চট্টগ্রামের একটি হোটেলে দুই দিনব্যাপী 'নিরাপদ ও টেকসই জাহাজাভাঙা শিল্পে হংকং কনভেনশন' শীর্ষক আন্তর্জাতিক সেমিনারের সমাপনী অধিবেশনে গতকাল ১৮ জুলাই মঙ্গলবার এ কথা বলেন শ্রম প্রতিমন্ত্রী। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৩,ক. ৬), **সংবাদ** (পৃ.১৫,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.১৫, ক. ৮)।

১২। **পিপিপি প্রকল্পে ৫২ কোটি ডলার দেবে এডিবি**

সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) প্রকল্পসহ অবকাঠামো উন্নয়নে ৫২ কোটি ৬০ লাখ ডলার ঋণ দেবে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। এই অর্থ বাংলাদেশের প্রায় ৪৩১ কোটি টাকার সমান। এডিবির পরিচালনা পর্ষদের এক সভায় এই আর্থিক সহায়তা অনুমোদন করা হয়। সূত্র-**প্রথম আলো** (পৃ.১,ক ১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.১৭,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র সর্বশেষ শ্রমশক্তি জরিপে বর্তমানে পূর্ণকালীন কর্মহীন নারী-পুরষের সংখ্যা ৭১ লাখের বেশি উল্লেখ করে কর্মসংস্থান বাড়াতে শিল্পোন্নয়নসহ বিনিয়োগ বান্ধব পরিবেশ সৃষ্টির ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ, প্রথম আলো, ডেইলি স্টার, নিউ এজ :** চট্টগ্রামের সীতাকুণ্ডের দুর্গম পাহাড়ের ৯টি ত্রিপুরাপল্লির আদিবাসী শিশুদের টিকাদান ও ভিটামিন 'এ' ক্যাপসুল না খাওয়ানোয় এসব শিশু মৃত্যুঝুঁকির মধ্যে আছে উল্লেখ করে দুর্গম পাহাড়ি অঞ্চলের সব শিশুকে ইপিআই কর্মসূচির আওতায় আনার সুপারিশ।

গ. **সমকাল :** ভোটার তালিকায় রোহিঙ্গা অনুপ্রবেশ ঠেকাতে বিশেষ ৩০টি উপজেলায় ভোটার হতে জাতীয় পরিচয়পত্র প্রদর্শনের নিয়ম করায় নির্বাচন কমিশনকে স্বাগত।

ঘ. **ইনকিলাব :** ইলিশ ও সামুদ্রিক মৎস্যসম্পদের অর্থনৈতিক লক্ষ্য অর্জনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **যায়যায়দিন :** খাদ্য সংকট কমাতে ধানের উৎপাদন বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের শিক্ষিত বেকার নারীদের সরকারি-বেসরকারি চাকুরির সুযোগ বাড়াতে দেশব্যাপী কম্পিউটার চালনা ও আইসিটি ট্রেনিয়ের ব্যবস্থা করাসহ অশিক্ষিত নারীদের পোলট্রি, গবাদিপশুসহ এ ধরনের অন্যান্য কাজের ট্রেনিংয়ের ব্যবস্থা করে দক্ষ করে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** ঢাকা শহরের বর্জ্য ব্যবস্থাপনার বিশৃঙ্খল অবস্থার চিত্র তুলে ধরে নগর কর্তৃপক্ষকে দক্ষ বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার সুপারিশ।

জ. **ডেইলি স্টার :** দখল ও দূষণে হবিগঞ্জের রামপুরের খোয়াই নদীর অস্তিত্ব বিপন্ন হয়ে পড়ায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অতিদ্রুত এ নদী উদ্ধারে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঝ. **নিউ নেশন :** হজযাত্রীদের কাছ থেকে হজ এজেন্সির অতিরিক্ত অর্থ আদায়ের প্রচেষ্টা প্রতিহত করার প্রত্যাশা।

ঞ. **নিউ এজ :** টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে শিশুশ্রম নিরসনে সমন্বিত পরিকল্পনা নেওয়ার আহ্বান।

## উপ-সম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে অভিমত প্রকাশ করা হয়েছে, কৃষি ও খাদ্য নিরাপত্তার লক্ষ্যে বন্যা নিয়ন্ত্রণ ও পানি ব্যবস্থাপনাকে সর্বাধিক অগ্রাধিকারমূলক জাতীয় প্রকল্প হিসেবে গ্রহণ করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রাকাশিত **'শৈশব ও কৈশোরে কম ওজন মারাত্মক স্বাস্থ্য সমস্যা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বেশি ওজন যেমন মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর, তেমন উচ্চতার তুলনায় কম ওজনও ঝুঁকিপূর্ণ। তাই সুষম খাদ্য, শারীরিক পরিশ্রম, ব্যায়াম, সুশৃঙ্খল জীবন যাপন ও চিকিৎসকের পরামর্শ মতো শরীরের সঠিক ওজন বজায় রাখা জরুরি ।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১৩/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ১৮ জুলাই ২০১৭, ৩ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। অনুমতি ছাড়া অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন করা যাবে না : মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন

২। শিক্ষার মান নিশ্চিতকরণে পদক্ষেপ নিতে হবে : বিশ্ববিদ্যালয়গুলোকে রাষ্ট্রপতি

৩। আগামী জাতীয় সংসদ নির্বাচন নিয়ে মন্ত্রীদের সতর্কভাবে কথা বলার পরামর্শ প্রধানমন্ত্রীর

৪। এসডিজি অর্জনে তৃণমূলকে সম্পৃক্ত করতে হবে : স্পিকার

৫। বন্যাদুর্গত এলাকার একজন মানুষও না খেয়ে থাকবে না: ত্রাণমন্ত্রী

৬। কৃষকদের কাছ থেকে এক হাজার কোটি টাকার পাট কিনবে সরকার

৭। ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিয়ে জরিপ হচ্ছে : শ্রম প্রতিমন্ত্রী

৮। পরিকল্পিত পরিবার গঠনে সহযোগিতা দিতে অগ্রসর জনগোষ্ঠীর প্রতি স্বাস্থ্যমন্ত্রীর আহ্বান

৯। অবকাঠামো শক্তিশালী হলে জেন্ডার বৈষম্য কমবে : এডিবির প্রতিবেদন

১০। জাতীয় মৎস্য সপ্তাহ শুরু আজ

চলমান পাতা-২

১। **অনুমতি ছাড়া অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন করা যাবে না : মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন**

কোনো হাসপাতাল সরকারের অনুমতি ছাড়া মানবদেহে অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন করতে পারবে না। তবে সরকারি হাসপাতালে যেখানে বিশেষায়িত ইউনিট আছে সেখানে এ ধরনের অনুমতির প্রয়োজন নেই এমন বিধান রেখে 'মানবদেহের অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন (সংশোধন) আইন, ২০১৭' এর খসড়া চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এতে অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজনে নিকটাত্মীয়ের পরিধিও বাড়ানো হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল **১৭** জুলাই সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.**১**,ক.৮), **ডেইলি সান** (পৃ.**১**,ক.৮)।

২। **শিক্ষার মান নিশ্চিতকরণে পদক্ষেপ নিতে হবে : বিশ্ববিদ্যালয়গুলোকে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ শিক্ষার মান নিশ্চিতকরণে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বিশ্ববিদ্যালয়গুলোর প্রতি আহ্বান জানিয়েছেন। বাংলাদেশ ইউনিভার্সিটি অভ প্রফেশনালসের (বিইউপি) উপাচার্য মেজর জেনারেল সালাহউদ্দিন মিয়াজী গতকাল **১৭** জুলাই সোমবার বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি বলেন, উচ্চ শিক্ষার মান নিশ্চিত করুন, যাতে ছাত্রছাত্রীরা বৈশ্বিক প্রতিযোগিতার সুযোগ নিতে পারে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৩। **আগামী জাতীয় সংসদ নির্বাচন নিয়ে মন্ত্রীদের সতর্কভাবে কথা বলার পরামর্শ প্রধানমন্ত্রীর**

আগামী জাতীয় সংসদ নির্বাচন নিয়ে নানামুখী ষড়যন্ত্র হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি নির্বাচন কমিশন (ইসি) ঘোষিত রোডম্যাপ নিয়ে মন্তব্য না করতে এবং আগামী নির্বাচন নিয়ে সতর্কভাবে কথা বলার জন্য মন্ত্রীদের পরামর্শ দিয়েছেন। পাশাপাশি আগামী নির্বাচনে বিএনপির সেনা মোতায়েনের দাবিরও সমালোচনা করেন প্রধানমন্ত্রী। সচিবালয়ে গতকাল **১৭** জুলাই সোমবার অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে অনির্ধারিত আলোচনায় এসব কথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**যুগান্তর** (পৃ.**১**,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.**১**), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.**১**,ক.২), **এশিয়ান এজ** (পৃ.**১**,ক.**১**)।

৪। **এসডিজি অর্জনে তৃণমূলকে সম্পৃক্ত করতে হবে : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জন করতে হলে তৃণমূলের জনগণকে ব্যাপকভাবে সম্পৃক্ত করতে হবে। এ কাজে সংসদ সদস্যসহ জনপ্রতিনিধিদের যথাযথ ভূমিকা পালন করতে হবে। গতকাল **১৭** জুলাই সোমবার জাতীয় সংসদ ভবনের শপথ কক্ষে 'বাংলাদেশ জাতীয় সংসদ ও ইউএনএফপিএ' এর যৌথ উদ্যোগে আয়োজিত 'জনসংখ্যা ও উন্নয়ন বিষয়ে সংসদের সক্ষমতা বৃদ্ধি (এসপিসিপিডি)' শীর্ষক প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৫। **বন্যাদুর্গত এলাকার একজন মানুষও না খেয়ে থাকবে না: ত্রাণমন্ত্রী**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেছেন, এ সরকারের সময়ে বন্যাদুর্গত এলাকার একজন মানুষও না খেয়ে থাকবে না, বন্যা মোকাবিলায় সব রকম প্রস্তুতি রয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত ও নদী ভাঙনের শিকার প্রত্যেকটি পরিবারকে পুনর্বাসিত করা হবে। তিনি হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, ত্রাণ নিয়ে কোনো অনিয়ম সহ্য করা হবে না, কাউকে ছাড় দেওয়া হবে না। গতকাল **১৭** জুলাই সোমবার কুড়িগ্রামের উলিপুর উপজেলার চাঁদনী বজরা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে **১২**শ বন্যার্ত মানুষের মাঝে ত্রাণ বিতরণকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৪), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

৬। **কৃষকদের কাছ থেকে এক হাজার কোটি টাকার পাট কিনবে সরকার**

শুরু হয়েছে পাট কাটার মৌসুম। আর মৌসুমের শুরুতেই পাট কিনতে মাঠে নেমেছে রাষ্ট্রায়ত্ত পাটকলগুলোর পরিচালনাকারী সংস্থা বাংলাদেশ পাটকল করপোরেশন (বিজেএমসি)। কৃষক যাতে পাটের

ন্যায্যমূল্য পায় সেজন্য আগেভাগেই পাট কেনা শুরু করেছে সরকারের এ সংস্থাটি। চলতি মৌসুমে এক হাজার কোটি টাকার পাট কিনবে বিজেএমসি। ইতোমধ্যে সরকার ২০০ কোটি টাকা পাট কেনার জন্য বরাদ্দ দিয়েছে। এছাড়া মিলগুলো ও বিজেএমসি গতবারের মতো এবারো প্রায় ৬০০ কোটি টাকা জোগান দেবে। বাকি টাকা সরকারের কাছ থেকে নেওয়া হবে। **১৭শ'** ৫০ টাকা থেকে **১৮'শ** টাকা দরে মোট ২২ লাখ কুইন্টাল পাট কেনা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২)।

**৭। ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিয়ে জরিপ হচ্ছে : শ্রম প্রতিমন্ত্রী**

শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. মুজিবুল হক বলেছেন, ঝুঁকিপূর্ণ শিশুশ্রমের কারণ বের করতে সরকার দেশব্যাপী একটি জরিপ করছে। এতে দেশে কী পরিমাণ শিশু ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত রয়েছে, তা বের করা হবে। এরপর এটাকে সামনে রেখে কর্মপরিকল্পনা নেওয়া হবে। গতকাল **১৭** জুলাই সোমবার রাজধানীর ডেইলি স্টার ভবনে 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার আলোকে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন এবং করণীয়' শীর্ষক এক গোলটেবিল বৈঠকে এ কথা জানান শ্রম প্রতিমন্ত্রী মো. মুজিবুল হক । সূত্র-**প্রথম আলো** (পৃ.৯,ক.**১**)**, নিউ এজ** (পৃ.৪,ক.২)।

**৮। পরিকল্পিত পরিবার গঠনে সহযোগিতা দিতে অগ্রসর জনগোষ্ঠীর প্রতি স্বাস্থ্যমন্ত্রীর আহ্বান**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, পরিকল্পিত পরিবার গঠনে মানুষকে উদ্বুদ্ধ করতে শুধু শহরকেন্দ্রিক না থেকে প্রত্যন্ত, দুর্গম, বস্তি ও শ্রমিক অধ্যুষিত এলাকায় সচেতনতা কার্যক্রম জোরদার করতে হবে। এক্ষেত্রে সহযোগিতার হাত বাড়াতে রাজনৈতিক, ধর্মীয় নেতৃবৃন্দ এবং গণমাধ্যম ও সাংস্কৃতিক ব্যাক্তিত্বসহ সর্বস্তরের অগ্রসর জনগোষ্ঠীর প্রতি আহ্বান জানান তিনি। গতকাল **১৭** জুলাই সোমবার ঢাকার একটি জাতীয় দৈনিকের কার্যালয়ে 'পরিবার পরিকল্পনা : জনগণের ক্ষমতায়ন, জাতীয় উন্নয়ন' শীর্ষক গোল টেবিল বৈঠকে প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩)।

**৯। অবকাঠামো শক্তিশালী হলে জেন্ডার বৈষম্য কমবে : এডিবির প্রতিবেদন**

বাংলাদেশের নারীদের অর্থনৈতিকভাবে ক্ষমতা বাড়াতে অবকাঠামো শক্তিশালী করতে হবে। অবকাঠামো উন্নত হলে দেশের জেন্ডার বৈষম্য কমবে বলে অভিমত প্রকাশ করা হয়েছে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) স্বাধীন মূল্যায়ন বিভাগের 'জেন্ডার সহায়তা ও দেশের উন্নয়ন' বিষয়ক এক প্রতিবেদনে। গতকাল **১৭** জুলাই সোমবার রাজধানীর একটি হোটেলে এ প্রতিবেদন তুলে ধরেন এডিবির স্বাধীন মূল্যায়ন বিভাগের মুখ্য মূল্যায়ন বিশেষজ্ঞ হিঅন এইচ সন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.**১৮**,ক.৬), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.২)**, নিউজ টুডে** (পৃ.৩,ক.**১**), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.**১**)।

**১০। জাতীয় মৎস্য সপ্তাহ শুরু আজ**

'মাছচাষে গড়বো দেশ, বদলে দেব বাংলাদেশ' এই প্রতিপাদ্য নিয়ে আজ থেকে সপ্তাহব্যাপী শুরু হচ্ছে জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৭। এ উপলক্ষে জাতীয় ও জেলা পর্যায়ে ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এছাড়া দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.৫,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (ডিআইএ) সারাদেশের প্রায় ৩৬ সহস্রাধিক এমপিওভুক্ত প্রতিষ্ঠানে আর্থিক অনিয়মের তদন্ত করতে গিয়ে অসংখ্য জাল সনদধারী শিক্ষক-কর্মচারীর সন্ধান পাওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে জাল সনদধারীদের চিহ্নিত করে বিচার দাবি।

খ. **প্রথম আলো :** ফরিদপুর জেনারেল হাসপাতালের দুটি অ্যাম্বুলেন্স জ্বালানি তেলের অভাবে **১৭** দিন বন্ধ থাকার খবর উল্লেখ করে সারাদেশে বেশিরভাগ সরকারি হাসপাতালে এ ধরনের চিত্র দেখা যাওয়ায় এ ব্যাপারে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

গ. **সমকাল :** বেসরকারি উদ্যোগে গড়ে ওঠা মাদ্রাসার সঙ্গে যুক্ত 'ক্যাডেট' ও 'ইন্টারন্যাশনাল' শব্দ বাদ দিতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ নির্দেশ জারি করায় তা যুক্তিসংগত বলে মত প্রকাশ।

ঘ. **যায়যায়দিন :** কৃষিপণ্য রপ্তানিতে আয় বাড়াতে যথাযথ পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **ইন্ডিপেন্ডেন্ট, নিউ এজ :** মাতৃমৃত্যুর হার কমানোর ক্ষেত্রে বাংলাদেশ ব্যাপক উন্নতি লাভ করায় আরও সাফল্যের জন্য সরকারের পাশাপাশি এনজিওসমূহকেও এ ব্যাপারে এগিয়ে আসার আহ্বান।

চ. **ডেইলি সান, নিউ এজ, সংবাদ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন :** নির্বাচনী রোডম্যাপ ঘোষিত হওয়ায় জাতীয় নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করতে নির্বাচন কমিশনকে সব দলের জন্য লেভেল প্লেয়িং ফিল্ড তৈরি করতে সর্বোত্তম প্রচেষ্টা চালানোর সুপারিশ।

ছ. **ডেইলি স্টার, নিউ নেশন, সংবাদ :** গণসেবা গ্রহণ করতে গিয়ে পাবলিক প্লেসে নারীদের নিরাপত্তা নিয়ে এ্যাকশন এইডের গবেষণার ফলাফল তুলে ধরে কর্মক্ষেত্র, মার্কেট, বাসস্টপ, হাসপাতাল ও পুলিশ স্টেশনের মতো পাবলিক প্লেসে নারীদের নিরাপত্তা নিশ্চিতকরণে সরকারি-বেসরকারি সংস্থাসমূহকে এগিয়ে আসার সুপারিশ।

জ. **নিউ টুডে :** রেমিট্যান্স প্রবাহ কমে যাওয়ায় টেকনিক্যাল ট্রেনিংয়ের দ্বারা দক্ষ জনসম্পদ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঝ. **অবজারভার :** রাজধানীবাসীকে চিকুনগুনিয়া ও জলাবদ্ধতার হাত থেকে নিষ্কৃতি দিতে সম্প্রতি ঢাকার দুই মেয়রের গৃহীত কর্মপ্রচেষ্টার সাফল্যের প্রত্যাশা।

ঞ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** গুলিস্তান-যাত্রাবাড়ীর মেয়র মো. হানিফ ফ্লাইওভারের টোলের হার নিয়ে প্রাইভেট অপারেটরদের খামখেয়ালি সিদ্ধান্তে স্বল্প দূরত্বের যানচলাচলে অনীহা তৈরি হওয়ায় টোল আদায়ে যথাযথ পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা।

## উপ-সম্পাদকীয়

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে রাজনীতিবিদ ও বুদ্ধিজীবীরা দুর্নীতিমুক্ত ও সংস্কৃতিমনা থাকার চেষ্টা করলে সমাজও দুর্নীতিমুক্ত ও সংস্কৃতিমনা হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'মানসিক স্বাস্থ্য ঠিক রাখতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শারীরিক স্বাস্থ্যের মতো মানসিক স্বাস্থ্যের সুস্থতার ব্যাপারেও সচেতন থাকতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১২/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ১৭ জুলাই ২০১৭, ২ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দেশে প্রয়োজনীয় খাদ্য মজুদ রয়েছে : প্রধানমন্ত্রী

২। বন্যাপ্রবণ ১৭ জেলায় আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হবে : ত্রাণমন্ত্রী

৩। আগস্টের মধ্যে বাংলাদেশে বিদ্যমান শ্রম আইন সংশোধন করা হবে : বাণিজ্যমন্ত্রী

৪। ড্রেনেজ ব্যবস্থাপনার দায়িত্ব সিটি করপোরেশনের হাতে ন্যস্ত করার নির্দেশ স্থানীয় সরকার মন্ত্রীর

৫। মালয়েশিয়ায় অবৈধ বাংলাদেশি কর্মীদের বিরুদ্ধে অভিযান বন্ধ রয়েছে : প্রবাসীকল্যাণমন্ত্রী

৬। অধস্তন আদালতের বিচারকদের চাকরি শৃঙ্খলাবিধি আগামী সপ্তাহে : আইনমন্ত্রী

৭। এমপিও ভুক্তি নিয়ে দুর্নীতি হলে জানান : শিক্ষকদের প্রতি শিক্ষামন্ত্রী

৮। মাঠপর্যায়ে স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার ওপর গুরুত্ব দিতে হবে : সিভিল সার্জনদের উদ্দেশ্যে স্বাস্থ্যমন্ত্রী

৯। নীতিমালা অনলাইন মিডিয়াকে সুরক্ষা দেবে : তথ্যমন্ত্রী

১০। বৃক্ষরোপণ নিয়ে মানুষের মধ্যে সচেতনতা বেড়েছে : বনমন্ত্রী

১১। সংসদ নির্বাচনের প্রস্তুতির হিসেবে নির্বাচন কমিশনের রোডম্যাপ ঘোষণা

চলমান পাতা-২

১। **দেশে প্রয়োজনীয় খাদ্য মজুদ রয়েছে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, হাওরে বন্যায় অনেক ফসল নষ্ট হয়ে গেছে। আমাদের ভৌগোলিক অবস্থানটা এমন জায়গায় প্রতিনিয়তই এ ধরনের প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা করে বাঁচতে হয়। তবে বন্যায় ফসলহানি হলেও খাদ্য ঘাটতিতে পড়বে না দেশ। এজন্য প্রয়োজনীয় খাদ্য মজুদ রয়েছে। আরো মজুদ রাখার জন্য বিভিন্ন দেশ থেকে নগদ মূল্যে চাল আমদানি শুরু করা হয়েছে। গতকাল **১৬** জুলাই রোববার ওসমানী স্মৃতি মিলনায়তনে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার **১৪২১** ও **১৪২২** প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১)।

২। **বন্যাপ্রবণ ১৭ জেলায় আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হবে : ত্রাণমন্ত্রী**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেছেন, সরকার বন্যাপ্রবণ **১৭** জেলার প্লাবিত প্রতিটি ইউনিয়নে বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ করবে। প্রকল্পের কাজ শীঘ্রই শুরু হবে। উত্তরাঞ্চলের বন্যাপ্লাবিত এলাকা পরিদর্শন ও ত্রাণ বিতরণের তৃতীয় দিনে গতকাল **১৬** জুলাই রোববার গাইবান্ধা জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে বন্যা পরিস্থিতি নিয়ে কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের সঙ্গে আলোচনাকালে তিনি এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৭,ক.১), **ডেইলি সান** (পৃ.১২,ক.২)।

৩। **আগস্টের মধ্যে বাংলাদেশে বিদ্যমান শ্রম আইন সংশোধন করা হবে : বাণিজ্যমন্ত্রী**

আন্তর্জাতিক শ্রম সংস্থাকে (আইএলও) দেওয়া প্রতিশ্রুতি অনুযায়ী আগামী **৩১** আগস্টের মধ্যে বাংলাদেশে বিদ্যমান শ্রম আইন সংশোধন করা হবে। আইএলওর কনভেনশনের মানদন্ড অনুযায়ী এ আইন সংশোধন করা হবে। এ বিষয়ে সরকার, মালিক ও শ্রমিক সব পক্ষ একমত হয়েছে। অন্যদিকে শ্রম অধিকার ও ইপিজেড ট্রেড ইউনিয়নসহ আইএলওর যেসব আপত্তি রয়েছে, সেগুলোসহ ইপিজেড আইনের সংশোধনী খসড়া আগামী মাসের মধ্যে সংস্থাটির কাছে পাঠাতে হবে। আগামী নভেম্বরের মধ্যে ইপিজেড আইনের সংশোধন করে ও শ্রম আইনকে অধিকতর আন্তর্জাতিকমানের করে ইন্টারন্যাশনাল লেবার কাউন্সিলকে (আইএলসি) অবহিত করা হবে। গতকাল **১৬** জুলাই রোববার বাণিজ্য মন্ত্রণালয়ে এ বিষয়ে অনুষ্ঠিত এক সভা শেষে এসব কথা বলেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **প্রথম আলো** (পৃ.১৩,ক.২)।

৪। **ড্রেনেজ ব্যবস্থাপনার দায়িত্ব সিটি করপোরেশনের হাতে ন্যস্ত করার নির্দেশ স্থানীয় সরকার মন্ত্রীর**

রাজধানীর জলাবদ্ধতার স্থায়ী সমাধানে ড্রেনেজ ব্যবস্থাপনা সিটি করপোরেশনের হাতে ন্যস্ত করার নির্দেশ দিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন। তিনি বলেছেন, নাগরিকদের সুবিধা-অসুবিধা দেখার দায়িত্বে সরাসরি সম্পৃক্ত প্রতিষ্ঠান হিসেবে সিটি করপোরেশন কেই এই দায়িত্ব পালন করতে হবে। এ জন্য ঢাকার দুই সিটি করপোরেশনকে জলাবদ্ধতা নিরসনের পৃথক রোডম্যাপও তৈরি করতে হবে। গতকাল **১৬** জুলাই রোববার রাজধানীর গুলশান ২ এ ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) নগর ভবনে রাজধানীর জলাবদ্ধতা নিরসনে বিভিন্ন সেবা সংস্থার সমন্বয় সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪) **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

৫। **মালয়েশিয়ায় অবৈধ বাংলাদেশি কর্মীদের বিরুদ্ধে অভিযান বন্ধ রয়েছে : প্রবাসীকল্যাণমন্ত্রী**

প্রবাসীকল্যাণমন্ত্রী নূরুল ইসলাম বিএসসি জানিয়েছেন, মালয়েশিয়ায় অবৈধ বাংলাদেশি কর্মীদের বিরুদ্ধে অভিযান বন্ধ রয়েছে। বাংলাদেশ সরকারের অনুরোধে মালয়েশিয়া এ অভিযান বন্ধ রেখেছে। অবৈধ কর্মীরা আগামী ডিসেম্বর পর্যন্ত 'রিহায়ারিং' কর্মসূচিতে নিবন্ধিত হয়ে বৈধ হওয়ার সুযোগ পাবেন। গতকাল **১৬** জুলাই রোববার রাজধানীর ইস্কাটনে প্রবাসীকল্যাণ ভবনে এক সেমিনারে মন্ত্রী এসব কথা জানান। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৭,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.২)।

৬. **অধস্তন আদালতের বিচারকদের চাকরি শৃঙ্খলাবিধি আগামী সপ্তাহে : আইনমন্ত্রী**

অধস্তন আদালতের বিচারকদের চাকরির শৃঙ্খলা সংক্রান্ত বিধিমালার গেজেট আগামী সপ্তাহে প্রস্তুত হবে বলে আশা প্রকাশ করেছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, আগামী বৃহস্পতিবার এ বিষয়ে বৈঠকে গেজেটের খসড়া তৈরি করা হবে। গতকাল **১৬** জুলাই রোববার প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার সঙ্গে এক বৈঠক শেষে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৫),**অবজারভার** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৭। **এমপিও ভুক্তি নিয়ে দুর্নীতি হলে জানান : শিক্ষকদের প্রতি শিক্ষামন্ত্রী**

এমপিভুক্তি নিয়ে শিক্ষকরা কোথাও দুর্নীতি বা হয়রানির শিকার হলে তাকে জানাতে শিক্ষকদের প্রতি অনুরোধ জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল **১৬** জুলাই রোববার রাজধানীর শিক্ষা ভবনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের (মাউশি) কর্মকর্তাদের সঙ্গে এক মতবিনিময় সভায় তিনি এ আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫)**, সংবাদ** (পৃ.১,ক.৫)**, ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

৮। **মাঠপর্যায়ে স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার ওপর গুরুত্ব দিতে হবে : সিভিল সার্জনদের উদ্দেশ্যে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী বলেন, সীতাকুণ্ডে বসবাসরত পাহাড়িরা কুসংস্কারে বিশ্বাস করত। তারা বাচ্চাদের চিকিৎসা না করিয়ে কবিরাজের ওপর নির্ভর করত। তাই অপুষ্টিতে আক্রান্ত শিশুরা চিকিৎসা না পাওয়ার জন্য মারা গেছে। এমতাবস্থায় অপুষ্টিতে আক্রান্ত শিশুদের জোর করে চিকিৎসা সেবার আওতায় আনা হয়েছে। সিভিল সার্জনদের উদ্দেশ্যে স্বাস্থ্যমন্ত্রী বলেন, মাঠপর্যায়ে স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার ওপর গুরুত্ব দিতে হবে। গতকাল **১৬** জুলাই রোববার রাজধানীর একটি হোটেলে স্বাস্থ্য অধিদফতরের উদ্যোগে জরুরি প্রসব সেবায় বিশেষ অবদানের জন্য পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫)।

৯। **নীতিমালা অনলাইন মিডিয়াকে সুরক্ষা দেবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, দেশের অনলাইন গণমাধ্যমগুলো অবাধ তথ্যপ্রবাহে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে এবং সরকার অনলাইন গণমাধ্যমকে সুরক্ষা দেবে। সদ্য প্রণীত এই নীতিমালা এ ক্ষেত্রে দিকনির্দেশনার কাজ করবে বলেও তিনি উল্লেখ করেন। গতকাল **১৬** জুলাই রোববার সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ে বাংলাদেশ অনলাইন মিডিয়া এসোসিয়েশন (বিওএমএ) নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময়কালে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৫,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪)।

১০। **বৃক্ষরোপণ নিয়ে মানুষের মধ্যে সচেতনতা বেড়েছে : বনমন্ত্রী**

পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু বলেছেন, গাছ সম্পর্কে মানুষের মধ্যে আগ্রহ বাড়ছে। বৃক্তমেলায় এর আগে এত মানুষ দেখা যেত না। শিক্ষা এবং অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি মানুষের মধ্যে বৃক্ষরোপণ সম্পর্কে সচেতনতাও বেড়েছে। গতকাল **১৬** জুলাই রোববার জাতীয় বৃক্ষমেলা **২০১৭** এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮)**, ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১)।

১১। **সংসদ নির্বাচনের প্রস্তুতির হিসেবে নির্বাচন কমিশনের রোডম্যাপ ঘোষণা**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আনুষ্ঠানিক প্রস্তুতির অংশ হিসেবে কর্মপরিকল্পনা বা রোডম্যাপ ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। নির্বাচনের দেড় বছর আগে উন্মোচন করা এ রোডম্যাপে নির্বাচনের প্রস্তুতিমূলক বিষয়গুলো কখন কিভাবে বাস্তবায়ন করা হবে তা উল্লেখ করা হয়েছে। এই রোডম্যাপ ধরে ধারাবাহিকভাবে রাজনৈতিক দল, সুশীল সমাজ, গণমাধ্যম বিশেষজ্ঞসহ বিভিন্ন নির্বাচন সংশ্লিষ্ট বিশেষজ্ঞতদের সঙ্গে বৈঠকে বসবে কমিশন। গতকাল **১৬** জুলাই রোববার কে এম নূরুল হুদার নেতৃত্বাধীন কমিশন আনুষ্ঠানিকভাবে রোডম্যাপ ঘোষণা করে। আগারগাঁওস্থ নির্বাচন কমিশন ইটিআই ভবনে একাদশ সংসদ নির্বাচনকে সামনে রেখে আগামী দেড় বছরের কর্মপরিকল্পনা (রোডম্যাপ) তুলে ধরেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি)। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **সমকাল, প্রথম আলো, সংবাদ, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** মোহাম্মদপুর বাসষ্ট্যান্ড হতে শিয়া মসজিদ মোড় পর্যন্ত বাঁশবাড়ি সড়কের মধ্যে ছোট-বড় শতাধিক গর্তের কারণে মোহাম্মদপুরবাসী ভোগান্তি পোহাচ্ছে উল্লেখ করে ঢাকা শহরের প্রায় সর্বত্র একই চিত্র থাকায় এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **প্রথম আলো, ভোরের কাগজ, জনকণ্ঠ :** শ্রীলংকার প্রেসিডেন্ট মাইথ্রিপালা সিরিসেনার তিন দিনের ঢাকা সফর দু'দেশের কূটনৈতিক ক্ষেত্রে নতুন মাত্রা যোগ করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **সমকাল :** রাজধানী ও বিভাগীয় শহরগুলোর বাইরে বিদ্যুতের লোডশেডিং অসহনীয় পর্যায়ে পৌঁছেছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **জনকণ্ঠ :** জর্ডানের কারাগারে শত শত নারীর দুঃসহ বন্দি জীবন শীর্ষক এক প্রতিবেদন প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে জর্ডানসহ মধ্যপ্রাচ্যর অনেক দেশে বাংলাদেশি নারীদের মানবেতর জীবন বিবেচনায় এনে ঐসব দেশে নারী কর্মী না পাঠানোর সুপারিশ।

ঙ. **ইন্ডিপেন্ডেট :** চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতাল ও সংক্রামক ব্যাধি হাসপাতালে অজ্ঞাত রোগে আক্রান্ত ৬৮ শিশু ভর্তি হওয়ায় উদ্বেগ প্রকাশ করে দ্রুত এ রোগ চিহ্নিত করে এ ব্যাপারে জনসচেতনতা গড়ে তোলার সুপারিশ।

চ. **ডেইলি স্টার, ডেইলি সান :** আইএলও'র তথ্য মতে দেশের প্রায় ৪০ শতাংশ লোক বেকার থাকায় তরুণ উদ্যোক্তাদের মাঝে সহজ লোন ও যথোপযুক্ত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করে দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি স্টার :** চট্টগ্রামের চন্দনাইশ উপজেলায় উদ্বোধনের পূর্বেই নবনির্মিত সেতু ভেঙ্গে পড়ার ঘটনায় গঠিত তদন্ত কমিটির রিপোর্টের ভিত্তিতে দায়ী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের আহ্বান।

জ. **নিউ নেশন :** রাজধানীর মুগদা জেনারেল হাসপাতালের দুর্নীতি অব্যবস্থাপনা দূর করার আহ্বান।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে চলতি মৌসুমে অকাল বন্যায় ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি হওয়ায় এখন জরুরি হচ্ছে পরবর্তী ফসলের জন্য কৃষককে উন্নত মানের ধানের বীজ, সেচের পানি এবং সারের জোগান নিশ্চিত করা।

## নিবন্ধ ও ফিচার

**সমকাল** পত্রিকায় প্রকাশিত 'নির্বাচন কমিশন ও নির্বাচনী ব্যবস্থাপনা' শীর্ষক নিবন্ধে নির্বাচনের মাধ্যমে গণতন্ত্রের পথ সুগম হয় এবং সত্যিকারের গণতন্ত্র সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করে, জনগণের আশা আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটায় বলে অভিমত প্রকাশ।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৭/৯.০০ঘন্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১১/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ১৬ জুলাই ২০১৭, ১ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নিরাপত্তার জন্য জনবিচ্ছিন্ন করবেন না : এসএসএফ সদস্যদের প্রতি প্রধানমন্ত্রী

২। দ্বিপক্ষীয় সম্পর্ক 'উইন উইন' অংশীদারিত্বে নেবে ঢাকা-কলম্বো
: শ্রীলঙ্কার প্রেসিডেন্টের সফর শেষে ৩৫ দফা যৌথ ঘোষণা

৩। ব্যবসায়ীদের ভিসামুক্ত সুবিধা দিতে শ্রীলঙ্কার আগ্রহ প্রকাশ

৪। বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণের কাজ ৮৮ শতাংশ শেষ : ডাক প্রতিমন্ত্রী

৫। চট্টগ্রামে জলাবদ্ধতা নিরসনে ৬ হাজার কোটি টাকার প্রকল্প আসছে : গণপূর্তমন্ত্রী

৬। বন্যাদুর্গতদের ত্রাণ সহায়তায় অনিয়ম দুর্নীতি বরদাস্ত করা হবে না : ত্রাণমন্ত্রী

৭। ইয়াবা ঠেকাতে টেকনাফের নাফ নদীতে মাছ ধরা বন্ধ হতে পারে : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। পল্লী বিদ্যুতের মাধ্যমেই শতভাগ বিদ্যুতায়নে সরকারের সাফল্য আসবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৯। পলিথিন বন্ধের উদ্যোগ নেওয়া হয়েছে : পরিবেশ উপমন্ত্রী

১০। পাবলিক বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষে স্নাতক পর্যায়ের সম্ভাব্য
ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা

চলমান পাতা-২

১। **নিরাপত্তার জন্য জনবিচ্ছিন্ন করবেন না : এসএসএফ সদস্যদের প্রতি প্রধানমন্ত্রী**

নিরাপত্তা দিতে গিয়ে তাঁকে যেন জনবিচ্ছিন্ন করা না হয় সে বিষয়ে সচেষ্ট থাকার জন্য স্পেশাল সিকিউরিটি ফোর্স (এসএসএফ) সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, 'এসএসএফ' সদস্যদের বলব আমরা মানুষ থেকে যেন বিচ্ছিন্ন না হয়ে যাই, সে দিকটায় ভালোভাবে দৃষ্টি দিতে হবে। প্রধানমন্ত্রী গতকাল ১৫ জুলাই শনিবার তাঁর কার্যালয়ে এসএসএফের ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে অনুষ্ঠিত দরবারে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৪), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭) **অবজারভার** (শেষ পৃ.,ক.৫)।

২। **দ্বিপক্ষীয় সম্পর্ক 'উইন উইন' অংশীদারিত্বে নেবে ঢাকা-কলম্বো**
**: শ্রীলঙ্কার প্রেসিডেন্টের সফর শেষে ৩৫ দফা যৌথ ঘোষণা**

ঢাকা-কলম্বো সম্মান ও বিশ্বাসের মধ্য দিয়ে যে দ্বিপক্ষীয় সম্পর্ক গড়ে তুলেছে তা শক্তিশালী করার মধ্য দিয়ে উভয় পক্ষ উইন উইন অংশীদারিত্বে নিয়ে যাবে। সন্ত্রাস, জঙ্গি ও উগ্রবাদের বিরুদ্ধে বাংলাদেশ ও শ্রীলঙ্কা একযোগে কাজ করবে। চলতি বছরের মধ্যেই দুই দেশ মুক্তবাণিজ্য চুক্তি করবে। এছাড়া শান্তিপূর্ণ, স্থিতিশীল ও অন্তর্ভুক্তিমূলক দক্ষিণ এশিয়া অঞ্চল গড়তে উভয় দেশ একযোগে কাজ করবে। শ্রীলঙ্কার প্রেসিডেন্টের ঢাকা সফর শেষে দুই দেশের যৌথ ঘোষণায় এসব প্রকাশ করা হয়েছে। গতকাল ১৫ জুলাই শনিবার পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে এসব ঘোষণা প্রকাশ করা হয়েছে। তিনদিনের ঢাকা সফর শেষে শ্রীলঙ্কার প্রেসিডেন্ট মৈত্রীপালা সিরিসেনা গতকাল ১৫ জুলাই শনিবার ঢাকা ত্যাগ করেছেন। তার সফর শেষে ৩৫ দফা যৌথ ঘোষণা প্রকাশ করা হয়। সূত্র-**জনকণ্ঠ** ( পৃ.১,ক.৩), **প্রথম আলো** (পৃ.২,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক ৮) **ডেইলি সান** (পৃ.১,ক.৭)।

৩। **ব্যবসায়ীদের ভিসামুক্ত সুবিধা দিতে শ্রীলঙ্কার আগ্রহ প্রকাশ**

মুক্তবাণিজ্য চুক্তির পর এবার দ্বিপক্ষীয় বাণিজ্য বৃদ্ধিতে শ্রীলঙ্কা ব্যবসায়ীদের ভিসামুক্ত সুবিধা দেওয়ার আগ্রহ প্রকাশ করেছে। এ সুবিধা কাজে লাগিয়ে দু'দেশ নিজেদের মধ্যে পারস্পরিক বাণিজ্য বাড়াতে পারবে বলে মনে করেন শ্রীলঙ্কান পররাষ্ট্রমন্ত্রী রবি কার নায়েকে। গতকাল ১৫ জুলাই শনিবার রাজধানীর হোটেল রেডিসনে বাণিজ্য ও বিনিয়োগ বিষয়ক এ সংলাপে দু'দেশের ব্যবসায়ীরা অংশ নেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৪)।

৪। **বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণের কাজ ৮৮ শতাংশ শেষ : ডাক প্রতিমন্ত্রী**

আবহাওয়া ঠিক থাকলে আগামী ডিসেম্বরে বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ এবং এপ্রিলে বাণিজ্যিক কার্যক্রম শুরু হবে বলে জানিয়েছেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। তিনি বলেন, বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণের কাজ ৮৮ শতাংশ শেষ হয়েছে। অক্টোবরের মধ্যে গাজীপুরে বঙ্গবন্ধু স্যাটেলাইটের গ্রাউন্ড স্টেশনের কাজ শেষ হবে। সেপ্টেম্বর মাসের মধ্যে ইকুইপমেন্ট টেস্টিং শুরু। গতকাল ১৫ জুলাই শনিবার গাজীপুরে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ গ্রাউন্ড স্টেশন নির্মাণকাজ পরিদর্শনে এসে প্রতিমন্ত্রী এসব তথ্য জানান। প্রতিমন্ত্রী বলেন, আমাদের লক্ষ্য এ বছরের ১৬ ডিসেম্বরের মধ্যে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ করা। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **ইত্তেফাক** (পৃ.৫, ক. ৬), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক ৮) **এশিয়ান এজ** (পৃ.১৬,ক.১)।

৫। **চট্টগ্রামে জলাবদ্ধতা নিরসনে ৬ হাজার কোটি টাকার প্রকল্প আসছে : গণপূর্তমন্ত্রী**

গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বলেছেন, জলাবদ্ধতা থেকে নগরবাসীকে মুক্তির লক্ষ্যে কাজ করে যাচ্ছে সরকার। চট্টগ্রামের জলাবদ্ধতার সমস্যা নিরসনে সরকার ছয় হাজার কোটি টাকা ব্যয়ের একটি বড় প্রকল্প হাতে নিচ্ছে বলে তিনি জানান। গত ১৪ জুলাই শুক্রবার রাতে চট্টগ্রাম প্রেসক্লাবে 'নান্দনিক চট্টগ্রামের নন্দিত নাগরিক' শীর্ষক মতবিনিময় সভায় এ তথ্য জানান মন্ত্রী। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১২,ক ১) **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

৬। **বন্যাদুর্গতদের ত্রাণ সহায়তায় অনিয়ম দুর্নীতি বরদাস্ত করা হবে না : ত্রাণমন্ত্রী**

দুর্যোগ ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেছেন, প্রধানমন্ত্রীর নির্দেশে বন্যার পানি না নামা পর্যন্ত ত্রাণ তৎপরতা অব্যাহত থাকবে। বিপদগ্রস্ত শিশু, নারীসহ কেউ এর আওতার বাইরে নয়। চালের পাশাপাশি থাকবে শুকনা খাবারের ব্যবস্থা। ত্রাণ বিতরণের ক্ষেত্রে মন্ত্রী, এমপি, প্রশাসনসহ কারও দুর্নীতি-অনিয়ম বরদাস্ত করা হবে না। তিনি গতকাল ১৫ জুলাই শনিবার সিরাজগঞ্জ জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে জেলা দুর্যোগ প্রস্তুতি কমিটির বিশেষ সভায় প্রশাসন, জনপ্রতিনিধি, দলীয় নেতৃবৃন্দ ও সুধীজনদের সঙ্গে আলাপকালে প্রধান অতিথির

বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.২), **সমকাল** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৪)।

**৭। ইয়াবা ঠেকাতে টেকনাফের নাফ নদীতে মাছ ধরা বন্ধ হতে পারে : স্বরাষ্ট্রমন্ত্রী**

বাংলাদেশ-মিয়ানমার সীমান্তের কক্সবাজার জেলার টেকনাফের নাফ নদীতে মাছ ধরা বন্ধের চিন্তাভাবনা করছে সরকার। দেশে ইয়াবা প্রবেশ ঠেকাতে সরকার এ সিদ্ধান্ত নিয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল **১৫** জুলাই শনিবার চট্টগ্রামে র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)-৭ এর সদর দপ্তর পতেঙ্গায় মাদকদ্রব্য ধ্বংস অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **নিউ এজ** (পৃ.৪,ক ৫) **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৮। পল্লী বিদ্যুতের মাধ্যমেই শতভাগ বিদ্যুতায়নে সরকারের সাফল্য আসবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, দেশের ৮০ শতাংশ বিদ্যুৎ গ্রাহক পল্লী বিদ্যুতের। ২০২১ সালের মধ্যে শতভাগ বিদ্যুতায়নের যে অঙ্গীকার প্রধানমন্ত্রী করেছেন, তা বাস্তবায়নে পল্লী বিদ্যুতের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। পল্লী বিদ্যুতের মাধ্যমেই সরকারের সেই সাফল্য আসবে। গতকাল **১৫** জুলাই শনিবার রাজধানীর খিলক্ষেতে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বিআরইবি) আয়োজিত পল্লী বিদ্যুৎ সমিতির (পবিস) জেনারেল ম্যানেজার (জিএম) সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৭), **ইনকিলাব** (পৃ.৩,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮) **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**৯। পলিথিন বন্ধের উদ্যোগ নেওয়া হয়েছে : পরিবেশ উপমন্ত্রী**

টাস্কফোর্স ও পরিবেশ অধিদপ্তরের মাধ্যমে নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বাজারজাতকরণ ও ব্যবহার বন্ধের উদ্যোগ নেওয়া হয়েছে বলে সংসদকে জানিয়েছেন পরিবেশ ও বন উপমন্ত্রী আবদুল্লাহ আল ইসলাম জ্যাকব। গতকাল **১৫** জুলাই শনিবার জাতীয় সংসদে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের পক্ষে **৭১** বিধিতে দেওয়া বক্তব্যে তিনি এ তথ্য দেন। উপমন্ত্রী বলেন, পরিবেশ অধিদপ্তর ও টাস্কফোর্সের এনফোর্সমেন্ট কার্যক্রম এবং ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ২০১৫ সালের এপ্রিল থেকে এ বছরের জানুয়ারি পর্যন্ত চার হাজার ২৫৯টি প্রতিষ্ঠানে অভিযান পরিচালনা করা হয়। এসব প্রতিষ্ঠান থেকে ৩১৭ টন অবৈধ পলিথিন জব্দ এবং তিন কোটি ৯৯ লাখ টাকা জরিমানা আদায় করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৪)।

**১০। পাবলিক বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষে স্নাতক পর্যায়ের সম্ভাব্য ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা**

দেশের সরকারি বিশ্ববিদ্যালয়গুলোর ২০১৭-১৮ শিক্ষাবর্ষে **১**ম বর্ষে স্নাতক পর্যায়ে ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ নির্ধারণ করা হয়েছে। গতকাল **১৫** জুলাই শনিবার রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সংগঠন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের স্ট্যান্ডিং কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি পরীক্ষা ও আনুষঙ্গিক বিভিন্ন বিষয় নিয়েও আলোচনা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, সংবাদ, প্রথম আলো, নিউজ টুডে, নেশন :** চিকুনগুনিয়া ও ডেঙ্গু প্রতিরোধে মশা নিধনে নগর কর্তৃপক্ষকে দ্রুত ও কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **ভোরের কাগজ, ডেইলি স্টার :** বরিশালের কীর্তনখোলা নদীতে তেলবাহী একটি ট্যাংকারের সাথে সিমেন্ট তৈরির কাঁচামাল বোঝাই আরেকটি কার্গোর মুখোমুখি সংঘর্ষে বিপুল পরিমাণ ডিজেল নদীতে ছড়িয়ে পরিবেশ বিপর্যয়ের আশংকা দেখা দিয়েছে উল্লেখ করে এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনার পুনরাবৃত্তি রোধে সর্বাত্মক ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ :** চালের মজুদ করা ১৬০০ ব্যবসায়ীদের কালো তালিকাভুক্ত করে তাদের কাছ থেকে তিন বছর চাল না নেওয়ার সরকারের কঠোর সিদ্ধান্ত যুক্তিযুক্ত বলে মতপ্রকাশ।

ঘ. **প্রথম আলো :** ইউনিসেফ ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার এক প্রতিবেদনে বাংলাদেশের ৭ কোটি ১০ লাখ মানুষ সুরক্ষিত সুপেয় পানি পায় না ও ৬৮ শতাংশ মানুষের সুরক্ষিত পয়োব্যবস্থাপনার সুযোগ নেই এ তথ্য পরিবেশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **সংবাদ :** বন্যাকবলিত এলাকায় ত্রাণের জন্য অসহায় মানুষের হাহাকার আমলে নিয়ে দ্রুত তাদের নিকট পর্যাপ্ত ত্রাণ পাঠানোর ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** নারীদের প্রতি বৈষম্য ও নির্যাতন প্রতিরোধে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

## উপ-সম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে দেশীয় সংস্কৃতিকে তুলে ধরে বিদেশি অপসংস্কৃতির আগ্রাসন রোধ করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'কৃষি খাতে নারীর অবদান'** শিরোনামের নিবন্ধে কৃষি কাজে নিয়োজিত নারী শ্রমিকের ন্যায্য মজুরি নিশ্চিত করতে পারলে দেশের উৎপাদন খাতে তারা আরও আগ্রহী হবে বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/সাঈদা/রশীদ/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১০/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ১৩ জুলাই ২০১৭, ২৯ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মানুষের কল্যাণে যে কোনো ত্যাগ স্বীকার করব : সংসদে প্রধানমন্ত্রী

২। স্পেনকে বাংলাদেশে বিনিয়োগের আহ্বান প্রধানমন্ত্রীর

৩। ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে দশ ক্রয় প্রস্তাব অনুমোদন

৪। বন্যাদুর্গত ৬ লাখ লোকের পর্যাপ্ত ত্রাণ সহায়তার খাদ্য মজুদ আছে : ত্রাণমন্ত্রী

৫। শ্রীলঙ্কার প্রেসিডেন্ট সিরিসেনা আসছেন আজ

৬। তথ্যপ্রযুক্তি আইনের ৫৭ ধারা রাষ্ট্রের নিরাপত্তার জন্য : তথ্যমন্ত্রী

৭। জাতীয় সংসদে রাষ্ট্রের গুরুত্বপূর্ণ সব বিষয়ে আলোচনা করার স্বাধীনতা সংসদ সদস্যদের রয়েছে : আইনমন্ত্রী

৮। ধান গবেষণা ইনস্টিটিউট বিল পাস

৯। দেশের ৫৬টি ইউনিয়ন পরিষদে ভোট আজ

১০। শিল্পে নতুন গ্যাস সংযোগ আগামী এপ্রিলে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

১১। চিকুনগুনিয়া নিয়ে আতঙ্ক কাটাতে এগিয়ে আসুন : চিকিৎসকদের প্রতি স্বাস্থ্যমন্ত্রী

১২। বাংলাদেশ ২০২১ সালের মধ্যে হবে ডিজিটাল মধ্যম আয়ের দেশ : জেনেভায় বাণিজ্যমন্ত্রী

চলমান পাতা-২

১। **মানুষের কল্যাণে যে কোনো ত্যাগ স্বীকার করব : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ক্ষমতা আমার কাছে ব্যক্তিগত আকাঙ্খা পূরণের জন্য নয়। মানুষের কল্যাণে জীবনে আমি যে কোনো ত্যাগ স্বীকার করব। আমি রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর মেয়ে, নিজেও তিন তিনবার প্রধানমন্ত্রী। নিজের ভাগ্যোন্নয়নের কথা কখনো চিন্তাও করি না। আমার সন্তানরা সবসময় আমার কাজে সহযোগিতা করছে। সজীব ওয়াজেদ জয়ের কারণেই আজ ডিজিটাল বাংলাদেশ হয়েছে। গতকাল **১২** জুলাই বুধবার জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)।

২। **স্পেনকে বাংলাদেশে বিনিয়োগের আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্পেনের সঙ্গে অর্থনৈতিক সম্পর্ক জোরদার করার উদ্দেশ্যে বাংলাদেশে স্পেনকে বিনিয়োগ করার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, এই বিনিয়োগের মাধ্যমে আগামী দিনে দু'দেশের মধ্যকার সম্পর্ক আরও গভীর হবে। এছাড়া স্বাধীনতার পর স্পেন সবসময় বাংলাদেশকে সমর্থন জুগিয়েছে একথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, যুদ্ধবিধ্বস্ত দেশ পুনর্গঠনে স্পেন সহায়তা প্রদান করেছে। গতকাল **১২** জুলাই বুধবার প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর তেজগাঁও কার্যালয়ে স্পেনের নতুন রাষ্ট্রদূত আলভারো ডি সালাস জিমেনেজ ডি আজকারাতের সঙ্গে এক সাক্ষাতে এসব বিষয় নিয়ে আলোচনা হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩)। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.২,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৩। **ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে দশ ক্রয় প্রস্তাব অনুমোদন**

বরিশাল-ভোলা সড়কে সেতু নির্মাণসহ **১** হাজার **১০৪** কোটি টাকা ব্যয়ে মোট **১০**টি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল **১২** জুলাই বুধবার সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এর সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.**১**), **সমকাল** (পৃ.৫,ক.৫)।

৪। **বন্যাদুর্গত ৬ লাখ লোকের পর্যাপ্ত ত্রাণ সহায়তার খাদ্য মজুদ আছে : ত্রাণমন্ত্রী**

ভারি বর্ষণ ও উজানের ঢলে আগামী কয়েক দিনে দেশের বন্যা পরিস্থিতির আরও অবনতির আশঙ্কা করা হচ্ছে। গতকাল **১২** জুলাই বুধবার দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনে জানানো হয় সরকারি হিসেবে বন্যা প্লাবিত **১৩** জেলার ৪৫ উপজেলায় সাড়ে ছয় লাখ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে দুর্যোগ পরিস্থিতিতে ত্রাণ কার্যক্রম চালানোর মতো পর্যাপ্ত খাদ্য সরকারের কাছে মজুদ রয়েছে বলে জানান দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

৫। **শ্রীলঙ্কার প্রেসিডেন্ট সিরিসেনা আসছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে আজ বৃহস্পতিবার তিনদিনের সফরে ঢাকা আসছেন শ্রীলঙ্কার প্রেসিডেন্ট মৈত্রীপালা সিরিসেনা। লঙ্কান প্রেসিডেন্টকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বেলা সাড়ে এগারোটায় স্বাগত জানাবেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সিরিসেনার ঢাকা সফরকালে দুই দেশের মধ্যে দশটিরও বেশি চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর হবে। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম গতকাল **১২** জুলাই বুধবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৬। **তথ্যপ্রযুক্তি আইনের ৫৭ ধারা রাষ্ট্রের নিরাপত্তার জন্য : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, তথ্যপ্রযুক্তি আইনের ৫৬ ও ৫৭ ধারা কেবল সাংবাদিকদের জন্য করা হয়নি। এটি সাধারণ দণ্ডবিধিঃ রাষ্ট্র, নারী ও শিশুর নিরাপত্তার জন্য করা হয়েছে। এটা জামিন অযোগ্য অপরাধ তবে উচ্চ আদালতে গেলে জামিন পাওয়া যায়। এই আইন সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক, এটা কেউ প্রমাণ করতে পারেনি। এটা মানবাধিকারবিরোধী বলেও তিনি মনে করেন না। গতকাল **১২** জুলাই বুধবার জাতীয়

সংসদে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **অবজারভার** (পৃ.২,ক.১) **এশিয়ার এজ** (পৃ.১,ক.৪)।

**৭। জাতীয় সংসদে রাষ্ট্রের গুরুত্বপূর্ণ সব বিষয়ে আলোচনা করার স্বাধীনতা সংসদ সদস্যদের রয়েছে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, রাষ্ট্রের ভালোমন্দ সব বিষয়ে জাতীয় সংসদে আলোচনা করার স্বাধীনতা সংসদ সদস্যদের রয়েছে। তাই সংবিধানের ষোড়শ সংশোধনী নিয়ে সংসদে আলোচনায় আইনের কোনো ব্যত্যয় ঘটেনি। তথ্যপ্রযুক্তি আইনের ৫৭ ধারার বিষয়ে আগস্ট মাসের প্রথম সপ্তাহে চূড়ান্ত সিদ্ধান্ত দেওয়া হবে বলে জানান তিনি। গতকাল **১২** জুলাই বুধবার সাভারে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে (বিপিএটিসি) সাব-রেজিস্টারদের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১০,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**৮। ধান গবেষণা ইনস্টিটিউট বিল পাস**

জাতীয় সংসদে বাংলাদেশে ধান গবেষণা ইনস্টিটিউট বিল-২০১৭ পাস হয়েছে। এই আইনের আলোকে প্রতিষ্ঠিত ইনস্টিটিউট ধানের উৎপাদন বৃদ্ধি, উন্নত ও উচ্চ ফলনশীল জাত উদ্ভাবনসহ জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় গবেষণা কার্যক্রম পরিচালনা করবে। গতকাল **১২** জুলাই বুধবার সংসদ অধিবেশনে কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বিলটি পাসের প্রস্তাব করলে তা কন্ঠভোটে পাস হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**৯। দেশের ৫৬টি ইউনিয়ন পরিষদে ভোট আজ**

দেশের বিভিন্ন জেলার ৫৬টি ইউনিয়ন পরিষদে আজ **১৩** জুলাই বৃহস্পতিবার ভোট অনুষ্ঠিত হবে। এর মধ্যে ২২টি ইউনিয়ন পরিষদে সাধারণ, ৩৪টি ইউনিয়ন পরিষদে উপ-নির্বাচন এবং দুটি ইউনিয়ন পরিষদে পুনঃনির্বাচন অনুষ্ঠিত হবে। ভোটগ্রহণকে কেন্দ্র করে সব ধরণের প্রস্তুতি সম্পন্ন করেছে নির্বাচন কমিশন। সূত্র-**ইত্তেফাক** ( শেষ পৃ.,ক.৫)।

**১০। শিল্পে নতুন গ্যাস সংযোগ আগামী এপ্রিলে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

দেশের প্রায় দুই হাজার শিল্প কারখানার মালিক গ্যাস সংযোগ পাওয়ার প্রতীক্ষায় রয়েছেন। তাদের আগামী বছরের এপ্রিল পর্যন্ত অপেক্ষা করতে হবে। আগামী এপ্রিলে এলএনজি আমদানি শুরু হলে এসব কারখানায় গ্যাস সংযোগ দেওয়া হবে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ গতকাল **১২** জুলাই বুধবার 'পাওয়ার সামিট ২০১৭' এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **অবজারভার** (পৃ.১০,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

**১১। চিকুনগুনিয়া নিয়ে আতঙ্ক কাটাতে এগিয়ে আসুন : চিকিৎসকদের প্রতি স্বাস্থ্যমন্ত্রী**

চিকুনগুনিয়া নিয়ে জনমনে আতঙ্ক দেখা দিয়েছে তা কাটাতে জনসচেতনতা কার্যক্রম জোরদার করতে চিকিৎসকদের প্রতি আহ্বান জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল **১২** জুলাই বুধবার সচিবালয়ে চিকিৎসকদের শীর্ষ সংগঠন বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের (বিএমএ) নেতাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি বলেন, এ রোগ নিয়ে মানুষের মনের ভয় কাটাতে এবং চিকিৎসার পরামর্শ দিতে চিকিৎসকরাই বড় ভূমিকা রাখতে পারেন। এজন্য পথসভাসহ জনসচেতনতা কার্যক্রম চালাতে এবং চিকুনগুনিয়ার উৎস এডিস মশক নিধনে সিটি করপোরেশনগুলোকে উদ্বুদ্ধ করতে বিএমএকে এগিয়ে আসতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৫,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫)।

**১২। বাংলাদেশ ২০২১ সালের মধ্যে হবে ডিজিটাল মধ্যম আয়ের দেশ : জেনেভায় বাণিজ্যমন্ত্রী**

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত 'ভিশন-২০২১' সফল বাস্তবায়নের মধ্যদিয়ে ডিজিটাল মধ্যম আয়ের বাংলাদেশ আত্মপ্রকাশ করবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, দেশের **১৬** কোটি মানুষের মধ্যে **১৩২** মিলিয়ন মানুষ এখন মোবাইল ফোন ব্যবহার করছে, ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা এখন ৬৭ দশমিক ২৫ মিলিয়ন। এছাড়া মোবাইল ফোনে বিপুল সংখ্যক মানুষ ইন্টারনেট

ব্যবহার করে বিভিন্ন সেবা গ্রহণ করছে। গতকাল **১২** জুলাই বুধবার জেনেভায় 'এইড ফর ট্রেড গ্লোবাল রিভিউ-২০১৭' সম্মেলনের 'এইড ফর ট্রেড ইন এশিয়া অ্যান্ড দ্য প্যাসিফিক : প্রোমটিং কানেকটিভিটি অ্যান্ড ইনক্লুসিভ ডেভেলপমেন্ট' শীর্ষক রাউন্ড টেবিল সেশনে বক্তব্য প্রদানের সময় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **অবজারভার** (পৃ.২,ক.২)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** বরিশাল জেলার উজিরপুর উপজেলায় এক গ্রামে চুরির মিথ্যা অভিযোগে মধ্যযুগীয় কায়দায় নির্যাতনে সপ্তম শ্রেণির এক ছাত্রের মৃত্যুর ঘটনায় নিন্দা জানিয়ে হত্যাকারীদের কঠোর শাস্তির দাবি।

গ. **জনকণ্ঠ :** ডিজিটাল বাংলাদেশ যথার্থ অর্থে গড়ে তুলতে আইসিটি সেক্টরের ব্যাপক উন্নয়ন ও বিকাশের বিকল্প নেই বলে মন্তব্য।

ঘ. **প্রথম আলো :** মাগুরার মহম্মদপুর উপজেলার বড়রিয়ার খাল দখল করে শতাধিক অবৈধ স্থাপনা গড়ে তোলায় ২০ কিলোমিটার দীর্ঘ খালটি সরু হয়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে খালটিসহ দেশের সব খাল দখলমুক্ত করে সেগুলোতে পানি প্রবাহ নিশ্চিত করার জন্য পাউবোকে উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঙ. **ইনকিলাব, ডেইলি স্টার, ফিনানসিয়াল এক্সপ্রেস :** ঢাকায় ক্রমেই মশাবাহিত ভাইরাসজনিত চিকুনগুনিয়া রোগীর সংখ্যা বেড়ে যাওয়ায় শংকা প্রকাশ করে জরুরি ভিত্তিতে এ রোগের সংক্রমণ প্রতিরোধে কার্যকর উদ্যোগ গ্রহণের পাশাপাশি এ ভাইরাস কিভাবে ছড়িয়ে পড়ল তার সঠিক তথ্য খুঁজে বের করার ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বর্তমানে দেশের ৮৩ শতাংশ জনগোষ্ঠী নিরাপদ পানি কভারেজ এর আওতাভুক্ত থাকার সাফল্যের পরিপ্রেক্ষিতে ভূ-গর্ভস্থ্য পানির অতিরিক্ত ব্যবহারের পরিবর্তে ভূ-উপরিস্থ পানির ব্যবহার বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** সিএনজি চালিত অটোরিকসা চালকদের ভাড়া নিয়ে দৌরাত্ম্য বন্ধে পর্যাপ্ত গণপরিবহণের সুযোগ-সুবিধা বৃদ্ধির সুপারিশ।

জ. **ডেইলি স্টার :** সড়ক ও জনপথ অধিদফতরের বেনাপোল-যশোর মহাসড়ক প্রশস্ত করতে ২,৭০০টি পুরানো গাছ কেটে ফেলার পরিকল্পনা তুলে ধরে গাছ না কেটে সড়ক প্রশস্ত করার বিকল্প উপায় বের করার আহ্বান।

ঝ. **এশিয়ান এজ :** দেশের প্রায় ৬০ মিলিয়ন লোক বিদ্যুতের বাইরে থাকায় নবায়নযোগ্য জ্বালানি সোলার হোম সিস্টেমের ওপর আরোপিত **১৫** শতাংশ ভ্যাট পুনঃবিবেচনা করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সামাজিক অবক্ষয় রোধে ও সমাজে স্থিতিশীলতার জন্য ভালো মানুষ তৈরি করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষক নিয়োগ এবং জবাবদিহিতা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকারি-বেসরকারি সব ক্ষেত্রে জবাবদিহিতা থাকতে হবে।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা

মো. আব্দুর রশীদ

**abdurrashid01710@gmail.com**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ০৯/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ১২ জুলাই ২০১৭, ২৮ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। চট্টগ্রামে এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণসহ ৯ প্রকল্প একনেকে অনুমোদন

২। ভারতে তীর্থযাত্রীদের ওপর হামলার নিন্দা প্রধানমন্ত্রীর

৩। চিকুনগুনিয়া নিয়ে আতঙ্কিত হওয়ার কিছু নেই : স্বাস্থ্যমন্ত্রী

৪। এসডিজি অর্জনে বাণিজ্য বাধা দূর করতে হবে : জেনেভায় বাণিজ্যমন্ত্রী

৫। সুইস ব্যাংকে টাকা পাচার সংক্রান্ত ভিত্তিহীন খবরে জনমনে বিভ্রান্তি দূর করতে সংসদে অর্থমন্ত্রীর বিবৃতি

৬। দেশের ৮৭ ভাগ মানুষ নিরাপদ পানি পায় : সংসদে স্থানীয় সরকার মন্ত্রী

৭। তুলা আমদানি হয়েছে চাহিদার ৯৭ শতাংশ : সংসদে কৃষিমন্ত্রী

৮। প্রতি উপজেলায় মিনি স্টেডিয়াম করা হবে : সংসদে ক্রীড়া প্রতিমন্ত্রী

৯। বিমান চালনায় বাধা সৃষ্টি করলে মৃত্যুদণ্ড : সংসদে বিল পাস

১০। এলাকাভিত্তিক গাড়ি নিয়ন্ত্রণে ক্ষমতা পেল বিআরটিএ : সংসদে বিল পাস

১১। আরও ৫৮ শব্দসৈনিককে মুক্তিযোদ্ধার স্বীকৃতিস্বরূপ প্রজ্ঞাপন জারি

চলমান পাতা-২

**১। চট্টগ্রামে এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণসহ ৯ প্রকল্প একনেকে অনুমোদন**

চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহ আমানত বিমানবন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণসহ ৯ প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এগুলো বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে ৬ হাজার ৩৯৩ কোটি ১৮ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ৫ হাজার ৯০০ কোটি টাকা, বাস্তবায়নকারী সংস্থা থেকে ৫৭ কোটি ৩ লাখ টাকা এবং বৈদেশিক সহায়তা থেকে ৪৩০ কোটি ৪২ লাখ টাকা ব্যয় করা হবে। গতকাল **১১** জুলাই মঙ্গলবার রাজধানীর শেরে বাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.**১**), **সমকাল** (পৃ.১৯,ক.২), **অবজারভার** (পৃ.**১**৭,ক.**১**), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.**১১**,ক.২)।

**২। ভারতে তীর্থযাত্রীদের ওপর হামলার নিন্দা প্রধানমন্ত্রীর**

জম্মু-কাশ্মীরে হিন্দুদের তীর্থক্ষেত্র অমরনাথ যাত্রায় সন্ত্রাসী হামলায় সাত পূণ্যার্থী নিহতের ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এছাড়া নিহতদের প্রতি শোক ও তাঁদের আত্মার শান্তি কামনা করেছেন তিনি। গতকাল **১১** জুলাই মঙ্গলবার ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কাছে পাঠানো এক বার্তায় তিনি এ শোক প্রকাশ করেন। সেইসঙ্গে প্রধানমন্ত্রী উগ্র চরমপন্থার বিরুদ্ধে ভারতের সঙ্গে কাজ করতে অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৪)।

**৩। চিকুনগুনিয়া নিয়ে আতঙ্কিত হওয়ার কিছু নেই : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম চিকুনগুনিয়া নিয়ে আতঙ্কিত না হওয়ার জন্য পরামর্শ দিয়ে বলেছেন, চিকুনগুনিয়া মরণব্যাধি নয়। এটি ভাইরাসজনিত একটি রোগ। কয়েকদিনের চিকিৎসায় এই রোগে আক্রান্ত ব্যক্তি আরোগ্য লাভ করেন। এই রোগ এখন পর্যন্ত মহামারি রূপ ধারণ করেনি। গতকাল **১১** জুলাই মঙ্গলবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্যমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.**১**৯,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)।

**৪। এসডিজি অর্জনে বাণিজ্য বাধা দূর করতে হবে : জেনেভায় বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনে বিশ্ব বাণিজ্যে প্রতিবন্ধকতা দূর করতে হবে। বাড়াতে হবে বাণিজ্য সক্ষমতা। আর এ জন্য সম্মিলিত পরিকল্পনা নিতে হবে। মন্ত্রী গতকাল **১১** জুলাই মঙ্গলবার সুইজারল্যান্ডের জেনেভায় বিশ্ব বাণিজ্য সংস্থা (ডব্লিউটিও) আয়োজিত বাণিজ্যের জন্য সাহায্য (এইড ফর ট্রেড) বিষয়ে ষষ্ঠ বৈশ্বিক পর্যালোচনার এক কর্ম-অধিবেশনে এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.**১**২,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.৪), **অবজারভার** (পৃ.৪,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.**১১**,ক.৬)।

**৫। সুইস ব্যাংকে টাকা পাচার সংক্রান্ত ভিত্তিহীন খবরে জনমনে**
**বিভ্রান্তি দূর করতে সংসদে অর্থমন্ত্রীর বিবৃতি**

সুইস ব্যাংকে অর্থ পাচার নিয়ে জনমনে সৃষ্ট বিভ্রান্তি দূর করতে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, বিদেশে যে টাকা পাচার হয় তা যৎসামান্য। এটা নজরে নেওয়ার মতো নয়। সুইস ব্যাংকে টাকা পাচারের বিষয়টি বাস্তবে মোটেই তেমন কিছু নয়। টাকার যে হিসাব গণমাধ্যমে বেরিয়েছে ওইগুলো সুইস ব্যাংকের সঙ্গে এদেশের লেনদেনের হিসাব ও সম্পদের হিসাব। এ নিয়ে দেশে একটা ভুল বোঝাবুঝির সৃষ্টি হচ্ছে। এই বিবৃতিতে তার অবসান হবে। গতকাল **১১** জুলাই মঙ্গলবার সংসদে ৩০০ বিধিতে দেওয়া এক বিবৃতিতে অর্থমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষপৃ.,ক.**১**), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.২), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

**৬। দেশের ৮৭ ভাগ মানুষ নিরাপদ পানি পায় : সংসদে স্থানীয় সরকার মন্ত্রী**

বাংলাদেশে শতকরা ৮৭ভাগ জনগণ নিরাপদ পানির সুবিধার আওতাভুক্ত। অবশিষ্ট **১৩** ভাগ জনগণ দূরবর্তী অন্যান্য নিরাপদ পানির উৎস থেকে খাবার পানি সংগ্রহ করে থাকে। আর বর্তমানে বাংলাদেশে ৯৯ ভাগ

জনগণ মৌলিক স্যানিটেশনের আওতাভুক্ত। এর মধ্যে ৬১ ভাগ জনগণ উন্নত ল্যাট্রিন, ২৮ ভাগ জনগণ যৌথ ল্যাট্রিন এবং ১০ ভাগ মানুষ অনুন্নত ল্যাট্রিন ব্যবহার করে। গতকাল **১১** জুলাই মঙ্গলবার জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **ইনকিলাব (** শেষ পৃ.,ক.৬**), অবজারভার** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.৩,ক.১)।

**৭। তুলা আমদানি হয়েছে চাহিদার ৯৭ শতাংশ : সংসদে কৃষিমন্ত্রী**

২০১৬-১৭ অর্থবছরে তৈরি পোশাক শিল্পের চাহিদা পূরণে প্রায় ৪৫ লাখ বেইল ফাইবার তুলা আমদানি হয়েছে। পাশাপাশি সদ্যসমাপ্ত অর্থবছরে দেশে ১ লাখ ৬০ হাজার বেইল ফাইবার তুলা উৎপাদিত হয়েছে, যা তৈরি পোশাক শিল্পে তুলার মোট চাহিদার প্রায় ৩ শতাংশ। অর্থাৎ চাহিদার বাকি ৯৭ শতাংশ তুলাই আমদানি করা হয়েছে। গতকাল **১১** জুলাই মঙ্গলবার জাতীয় সংসদে কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এসব তথ্য তুলে ধরেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৯,ক.২)।

**৮। প্রতি উপজেলায় মিনি স্টেডিয়াম করা হবে : সংসদে ক্রীড়া প্রতিমন্ত্রী**

দেশের প্রতিটি উপজেলায় একটি করে মিনি স্টেডিয়াম নির্মাণ করার পরিকল্পনা নিয়েছে সরকার। সারাদেশে ৪৯০টি মিনি স্টেডিয়াম নির্মাণ করা হবে। ইতোমধ্যে ১৩১টি মিনি স্টেডিয়াম নির্মাণের টেন্ডার ও ওয়ার্ক অর্ডার হয়েছে। ৩ একর জমি নিশ্চিত হলেই মিনি স্টেডিয়াম করা হবে। গতকাল **১১** জুলাই মঙ্গলবার জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. বীরেন শিকদার এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **ভোরের কাগজ** (পৃ.৫,ক.৫)।

**৯। বিমান চালনায় বাধা সৃষ্টি করলে মৃত্যুদণ্ড : সংসদে বিল পাস**

বিমান চালনায় বাধা সৃষ্টি করে মানুষের জীবন ঝুঁকিতে ফেললে মৃত্যুদণ্ডের পাশাপাশি পাঁচ কোটি টাকা জরিমানার বিধান রেখে 'বেসামরিক বিমান চলাচল বিল-২০১৭' সংসদে পাস হয়েছে। গতকাল **১১** জুলাই মঙ্গলবার সংসদের বৈঠকে বিলটি পাসের জন্য উত্থাপন করেন বিমানমন্ত্রী রাশেদ খান মেনন। পরে সেটি কণ্ঠভাটে পাস হয়। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **যুগান্তর** ( পৃ.১৭,ক.৫)।

**১০। এলাকাভিত্তিক গাড়ি নিয়ন্ত্রণের ক্ষমতা পেল বিআরটিএ : সংসদে বিল পাস**

যানজট নিরসনে এলাকাভিত্তিক মোটরযান ও গণপরিবহণের সংখ্যা নির্ধারণ ও নিয়ন্ত্রণে বিআরটিএকে ক্ষমতা দিয়ে সংসদে 'বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ বিল-২০১৭' পাস হয়েছে। গতকাল **১১** জুলাই মঙ্গলবার সংসদে বিলটি পাসের জন্য উত্থাপন করেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। পরে এটি কণ্ঠভোটে পাস হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.১৭,ক.৫)।

**১১। আরও ৫৮ শব্দসৈনিককে মুক্তিযোদ্ধার স্বীকৃতিস্বরূপ প্রজ্ঞাপন জারি**

স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান 'চরমপত্র'র উপস্থাপক এম আর আখতার মুকুল, চলচ্চিত্রকার সুভাষ দত্ত, কণ্ঠশিল্পী তিমির নন্দী, ফকির আলমগীরসহ মুক্তিযুদ্ধে অবদান রাখা আরও ৫৮ জন শব্দসৈনিককে মুক্তিযোদ্ধার স্বীকৃতি দিয়েছে সরকার। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের (জামুকা) ৪৪তম সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ১০ জুলাই সোমবার এই শব্দসৈনিকদের মুক্তিযোদ্ধার স্বীকৃতি দিয়ে প্রজ্ঞাপন জারি করা হয়। এর আগে গত বছরের ১৫ নভেম্বর প্রথম দফায় ১০৮ জন শব্দসৈনিককে মুক্তিযোদ্ধার স্বীকৃতি দিয়ে প্রজ্ঞাপন জারি করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৭), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬**), বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.৪,ক.২)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** ময়মনসিংহের মুক্তাগাছা শহরে ময়মনসিংহ-টাঙ্গাইল মহাসড়ক দখল করে একটি অবৈধ বাস টার্মিনাল স্থাপন করা হয়েছে উল্লেখ করে সারা দেশেই সড়ক-মহাসড়কের ওপর নির্মিত এমন অসংখ্য অবৈধ বাস টার্মিনাল ও স্থাপনা অপসারণে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ :** একাদশ শ্রেণীতে ভর্তি হওয়া প্রায় সাড়ে ১২ লাখ শিক্ষার্থীর জন্য খোলাবাজারে সরকার নির্ধারিত মূল্যে বিক্রির লক্ষ্যে প্রতি বিষয়ের জন্য বই ছাপানোর অনুমোদন দেওয়া হয়েছে মাত্র ছয় লাখ কপি যার ফলে প্রায় অর্ধেক শিক্ষার্থী সরকার অনুমোদিত বই পাবেনা উল্লেখ করে যেকোনো মূল্যে সব শিক্ষার্থীদেরহাতে সহজে সুলভে মানসম্মত বই পৌঁছে দেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **সমকাল, সংবাদ, ভোরের কাগজ, যুগান্তর, ডেইলি স্টার, ডেইলি সান :** জাতীয় সংসদে অর্থমন্ত্রী শীর্ষ ১০০ ঋণ খেলাপির তালিকা প্রকাশ করায় সাধুবাদ জানিয়ে তাদের বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **ইনকিলাব :** দেশের মানবসম্পদকে দক্ষ করে গড়ে তুলতে শিক্ষাব্যবস্থার গুণগত মানোন্নয়নের ওপর গুরুত্বারোপ।

ঙ. **যায়যায়দিন :** সকল কলেজগুলোতে আইসিটি বিষয় বাধ্যতামূলক করা হলেও শিক্ষক সংকট থাকায় উদ্বেগ প্রকাশ করে এ সংকট নিরসনে যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বরিশাল সিটি করপোরেশনের ২৬১ পয়েন্টে স্থাপিত সিসিটিভিগুলো অধিকাংশ অকার্যকর হয়ে পড়ায় এগুলোসহ রাজধানীর নষ্ট হয়ে যাওয়া সিসিটিভিগুলো দ্রুত মেরামত করার আহ্বান।

ছ. **ডেইলি সান :** দেশের ১১ শতাংশ নারী জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির কার্যক্রমের বাইরে থাকায় এ জনগোষ্ঠীকে এ পদ্ধতির  অধীনে আনতে সরকারকে বেশ কিছু মেকানিজম গ্রহণের সুপারিশ।

জ. **নিউ নেশন :** ভারতের ফারাক্কা ও গজলডোবা বাঁধের ৫৪টি স্লুইস গেট খুলে দেওয়ায় রাতারাতি বাংলাদেশের লালমনিরহাট, রংপুর, নীলফামারি, কুড়িগ্রাম ও জামালপুর জেলায় বন্যা পরিস্থিতির অবনতি হওয়ার বিষয় তুলে  ধরে সম্পাদকীয় প্রকাশ।

**নিবন্ধন ও ফিচার**

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত **'যানজট ও জলাবদ্ধতার সমাধানে সমন্বিত পদক্ষেপ দরকার'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, রাজধানীর জলাবদ্ধতা ও যানজট নিরসনে সরকার ও সিটি করপোরেশন কর্তৃপক্ষকে সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ০৮/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ১১ জুলাই ২০১৭, ২৭ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। শ্রীলংকার সঙ্গে ভিসা অব্যাহতি চুক্তি স্বাক্ষরের প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন

২। সরকারের অর্জন প্রচারের নির্দেশ প্রধানমন্ত্রীর

৩। মোবাইল ব্যাংকিংয়ে প্রতিদিন ৮৪৪ কোটি টাকা লেনদেন : সংসদে অর্থমন্ত্রী

৪। সংসদে পাট গবেষণা ইনস্টিটিউট বিল পাস

৫। ২০২১ সালের মধ্যে আইসিটি সেক্টরেই ২০ লাখ লোকের কর্মসংস্থান : সংসদে তথ্যপ্রযুক্তি বিষয়ক প্রতিমন্ত্রী

৬। গত অর্থবছরে এক লাখ কোটি টাকার সর্বোচ্চ এডিপি বাস্তবায়ন হয়েছে : পরিকল্পনামন্ত্রী

৭। চিকুনগুনিয়া ঠেকাতে সরকারি হাসপাতালে সহায়তা কেন্দ্র চালু করার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

৮। চিকুনগুনিয়া কোনো মহামারী রোগ নয় : স্বাস্থ্য প্রতিমন্ত্রী

৯। বিদেশি বিনিয়োগের পরিবেশ নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর : শিল্পমন্ত্রী

১০। বিশ্ব জনসংখ্যা দিবস আজ

চলমান পাতা-২

১।	**শ্রীলংকার সঙ্গে ভিসা অব্যাহতি চুক্তি স্বাক্ষরের প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন**

বাংলাদেশের কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীরা ভিসা ছাড়া শ্রীলংকা ভ্রমণের সুযোগ পেতে যাচ্ছেন। এজন্য শ্রীলংকার সঙ্গে ভিসা অব্যাহতি চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল ১০ জুলাই সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়।

মন্ত্রিসভা বৈঠকের শুরুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৭১ সালে বাংলাদেশে পাকিস্তানি সেনাবাহিনী ও তাদের এদেশীয় দোসরদের গণহত্যা ও যুদ্ধাপরাধের ওপর আলোকচিত্র সমন্বয়ে ৭১টি স্মারক ডাকটিকিট সংবলিত উদ্বোধনী খাম অবমুক্ত এবং 'গণহত্যা ও যুদ্ধাপরাধ' শিরোনামে একটি বিশেষ স্মারক ডাকটিকিট অ্যালবামের মোড়ক উন্মোচন করেন।

এছাড়া এখন থেকে প্রতি বছর ৯ ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস ও ৬ এপ্রিল আন্তর্জাতিক ক্রীড়া দিবস হিসেবে পালন করার অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮)।

২।	**সরকারের অর্জন প্রচারের নির্দেশ প্রধানমন্ত্রীর**

সরকারের উন্নয়নকাজ ও বড় অর্জন নিয়ে ব্যাপকভাবে প্রচারের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একই সঙ্গে প্রতিটি মন্ত্রণালয় কী কী কাজ করেছে, তার তালিকা পুস্তিকা আকারে প্রকাশে মন্ত্রী-প্রতিমন্ত্রীদের নির্দেশ দেন তিনি। গতকাল ১০ জুলাই সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার বৈঠকে এ নির্দেশ দেওয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৩।	**মোবাইল ব্যাংকিংয়ে প্রতিদিন ৮৪৪ কোটি টাকা লেনদেন : সংসদে অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত সংসদকে জানিয়েছেন, বর্তমানে বাংলাদেশে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের (এমএফএস) মাধ্যমে দৈনিক গড়ে ৪৯ লাখ ৫ হাজারটি লেনদেন হয়। এতে গড়ে দৈনিক লেনদেনকৃত অর্থের পরিমাণ ৮৪৪ কোটি ২৩ লাখ টাকা। গতকাল ১০ জুলাই সোমবার সংসদে এক প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এ তথ্য জানান। সূত্র- **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৫)।

৪।	**সংসদে পাট গবেষণা ইনস্টিটিউট বিল পাস**

পাটের বহুমুখী ব্যবহারের লক্ষ্যে প্রযুক্তি উদ্ভাবন ও আনুষঙ্গিক বিষয়ে গবেষণার লক্ষ্যে গতকাল ১০ জুলাই সোমবার সংসদে 'বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট বিল-২০১৭' পাস হয়েছে। কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বিলটি পাসের প্রস্তাব করলে তা কণ্ঠভোটে পাস হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

৫।	**২০২১ সালের মধ্যে আইসিটি সেক্টরেই ২০ লাখ লোকের কর্মসংস্থান : সংসদে তথ্যপ্রযুক্তি বিষয়ক প্রতিমন্ত্রী**

তরুণ প্রজন্মের জন্য দেশের বিভিন্ন পার্ক, হাটবাজার ইত্যাদি স্থানে এক হাজার ওয়াই-ফাই জোন স্থাপন করা হবে। দেশব্যাপী সাশ্রয়ী ইন্টারনেট সেবা ও টেকসই নেটওয়ার্ক গড়ার লক্ষ্যে পয়েন্ট অব ইন্টারকানেক্ট স্থাপন করা হবে। আর ২০২১ সালের মধ্যে শুধু আইসিটি সেক্টরে ২০ লাখ তরুণ-তরুণী কর্মসংস্থানের সুযোগ পাবে। গতকাল ১০ জুলাই সোমবার জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে এ তথ্য জানান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৬।	**গত অর্থবছরে এক লাখ কোটি টাকার সর্বোচ্চ এডিপি বাস্তবায়ন হয়েছে : পরিকল্পনামন্ত্রী**

দেশের ইতিহাসে এবারই সবচেয়ে বেশি বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত হয়েছে বলে উল্লেখ করেছেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেছেন, সদ্য বিদায়ী ২০১৬-১৭ অর্থবছরে এডিপি বাস্তবায়ন হয়েছে ১ লাখ ৬ হাজার ৮২০ কোটি টাকার। একক অর্থবছরের হিসেবে এটি এখন পর্যন্ত সর্বোচ্চ বাস্তবায়ন। এর আগের ২০১৫-১৬ অর্থবছরে ৮৭ হাজার ৬৭ কোটি টাকার এডিপি বাস্তবায়িত হয়েছিল। এবার এডিপি বাস্তবায়নের প্রবৃদ্ধি হয়েছে ২৩ শতাংশ। গতকাল ১০ জুলাই সোমবার রাজধানীর শেরেবাংলা নগরে নিজ দফতরে প্রেস ব্রিফিংয়ে এসব তথ্য জানান তিনি। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **যুগান্তর** (পৃ.১৫,ক.২), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

৭। **চিকুনগুনিয়া ঠেকাতে সরকারি হাসপাতালে সহায়তা কেন্দ্র চালু করার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর**

চিকুনগুনিয়া পরিস্থিতি মোকাবিলায় সব সরকারি হাসপাতালে হেল্প ডেস্ক বা সহায়তা কেন্দ্র চালু করা হচ্ছে। রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে কয়েকটি হাসপাতালে এরই মধ্যে এ কেন্দ্র চালু করা হয়েছে। পাশাপাশি চিকুনগুনিয়া আক্রান্ত রোগীদের শরীরের বিভিন্ন অস্থি-সন্ধির ব্যথা প্রশমনে প্রতিটি হাসপাতালে প্রয়োজনে জয়েন্ট পেইন ক্লিনিক বা অর্থালজিয়া ক্লিনিক খোলা হবে। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম দ্রুত এ সেবা সহায়তা কেন্দ্র চালু করতে স্বাস্থ্য অধিদপ্তরকে নির্দেশ দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৭), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

৮। **চিকুনগুনিয়া কোনো মহামারী রোগ নয় : স্বাস্থ্য প্রতিমন্ত্রী**

রাজধানীসহ বিভিন্ন স্থানে চিকুনগুনিয়ায় আক্রান্তের হার বাড়লেও তা মহামারী আকার ধারণ করেনি, তবে বেশ ছড়িয়েছে। আর এটা মহামারী কোনো রোগও না। এছাড়া ঢাকার বাইরে এই রোগের বিস্তার তেমন একটা নেই বলেও মন্তব্য করেছেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক। গতকাল ১০ জুলাই সোমবার স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে বিশ্ব জনসংখ্যা দিবস উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.২)।

৯। **বিদেশি বিনিয়োগের পরিবেশ নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর : শিল্পমন্ত্রী**

বিদেশি বিনিয়োগের উন্নতমানের পরিবেশ নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, বর্তমানে বাংলাদেশে ব্যবসা করার জন্য উন্নত পরিবেশ তৈরি হচ্ছে। দেশে ১০০টি বিশেষ অর্থনৈতিক অঞ্চল তৈরি হচ্ছে। যেখানে ইতোমধ্যে চীন এবং ভারত বিনিয়োগ করছে। গতকাল ১০ জুলাই সোমবার রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) ও বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি ফেডারেশনের (এফবিসিসিআই) সঙ্গে বাংলাদেশ-সিঙ্গাপুর বিজনেস ফোরামের (এসবিএফ) চুক্তি ও সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১), **প্রথম আলো** (পৃ.১২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৭)।

১০। **বিশ্ব জনসংখ্যা দিবস আজ**

আজ ১১ জুলাই মঙ্গলবার পালিত হচ্ছে বিশ্ব জনসংখ্যা দিবস। এবার দিবসটির প্রতিপাদ্য 'পরিবার পরিকল্পনা : জনগণের ক্ষমতায়ন, জাতির উন্নয়ন'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। বাণীতে তাঁরা সুস্থ সবল জাতি গঠনে পরিবার পরিকল্পনা, মা, শিশুস্বাস্থ্য এবং প্রজনন স্বাস্থ্যসেবা দেওয়ার ক্ষেত্রে তৃণমূল পর্যায়ের সেবা অবকাঠামোগুলোর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত ও সহজলভ্য করার আহ্বান জানিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

## সম্পাদকীয়

ক. **জনকণ্ঠ :** উন্নত ও অগ্রসর বাংলাদেশ তৈরিতে দক্ষ মানবসম্পদ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

খ. **ভোরের কাগজ :** ২০১৯ সালে অনুষ্ঠিতব্য জাতীয় নির্বাচনকে সামনে রেখে নির্বাচনী রোডম্যাপ চূড়ান্ত করেছে নির্বাচন কমিশন উল্লেখ করে সবার অংশগ্রহণে একটি গ্রহণযোগ্য ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত ।

গ. **সংবাদ :** সরকারের নিয়ন্ত্রণে থাকা ব্যাংকগুলোর অনিয়ম ও দুর্নীতিসহ দুররস্থার কথা উল্লেখ করে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল :** দখলবাজদের থাবায় বনভূমি ক্রমেই সংকুচিত হচ্ছে উল্লেখ করে চট্টগ্রামসহ সব বনভূমিকে দখলবাজদের কবল থেকে উদ্ধারে সর্বাত্মক উদ্যোগ নেওয়ার আহ্বান।

ঙ. **যায়যায়দিন :** যশোর জেনারেল হাসপাতালে একদিন বয়সী একটি শিশু চুরির ঘটনার নিন্দা জানিয়ে এ ধরনের ঘটনারোধে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** রাজশাহী অঞ্চলে সমন্বিত মৎস্য চাষের মাধ্যমে মাছ, পোলট্রি, সবজি ও ফলমূল চাষ ব্যাপক জনপ্রিয় হওয়ায় এ পদ্ধতি দেশের বেকার যুবকদের মধ্যে ছড়িয়ে দিতে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও ব্যাংক লোনের ব্যবস্থা করার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** রাজধানী ঢাকার জনগোষ্ঠীকে জলাবদ্ধতা ও চিকুনগুনিয়ার হাত থেকে রক্ষা করতে সংশ্লিষ্ট প্রশাসনকে দক্ষতার সাথে সংকট সমাধানের প্রচেষ্টা জোরদার করার আহ্বান।

জ. **ডেইলি স্টার :** মেয়র হানিফ ফ্লাইওভারের সব সিঁড়ি অপসারণে হাইকোর্টের নির্দেশনা যথাযথভাবে প্রয়োগ করাসহ সিঁড়ির নিচের সব অবৈধ স্থাপনা অপসারণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অতিদ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঝ. **নিউ এজ :** রাঙামাটি জেলার কাপ্তাই লেকের চারপাশের জলাভূমি ও খাস জমিতে গড়ে ওঠা অবৈধ স্থাপনাগুলো সরিয়ে কাপ্তাই লেককে অবৈধ দখলমুক্ত করার সুপারিশ।

**উপ-সম্পাদকীয়**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে অভিমত প্রকাশ করা হয়েছে, সড়ক দুর্ঘটনা রোধে যাত্রী ও এর সাথে সংশ্লিষ্টদের সচেতন হতে হবে।

**নিবন্ধন ও ফিচার**

**ভোরের কাগজ** প্রত্রিকায় প্রকাশিত **'স্কুলে বইয়ের বোঝা বাড়িয়ে শিশু নির্যাতন'** শিরোনামের নিবন্ধে শিক্ষার নামে শিশুর পিঠে বইয়ের বোঝা চাপিয়ে দেওয়াতে তা প্রকৃত শিক্ষার সহায়ক তো হচ্ছেই না, বরং এক রকম অদৃশ্য শিশু নির্যাতন আকারে আমাদের শিক্ষা ব্যবস্থায় ছড়িয়ে পড়ছে যা অবিলম্বে দূর করা খুবই জরুরি বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ০৭/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ১০ জুলাই ২০১৭, ২৬ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সেনা সদস্যদের পদোন্নতিতে মাঠ পর্যায়ের সাফল্য বিবেচনা করা উচিত : প্রধানমন্ত্রী

২। রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারকে চাপ দিন : আন্তর্জাতিক সম্প্রদায়কে প্রধানমন্ত্রী

৩। সন্ত্রাস দমনে অর্থ ও অস্ত্র সরবরাহ বন্ধ করতে হবে : প্রধানমন্ত্রী

৪। গ্রাম পুলিশদের মৃত্যুভাতা প্রদান বিবেচনাধীন : সংসদে অর্থমন্ত্রী

৫। দেশ আজ সার উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ : শিল্পমন্ত্রী

৬। সারে ভর্তুকি ৩ হাজার চারশ ৪০ কোটি টাকা : সংসদে কৃষিমন্ত্রী

৭। রাজধানীতে ধূলি দূষণের প্রধান কারণ আশপাশের এলাকার ইটভাটা : সংসদে পরিবেশমন্ত্রী

৮। ক্লিন এনার্জিকে উৎসাহিত করা হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৯। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৭ ধারা নিয়ে সিদ্ধান্ত আগস্টে : আইনমন্ত্রী

১০। নীতিমালা না হওয়া পর্যন্ত যৌথ প্রযোজনার ছবি বন্ধের সিদ্ধান্ত

১১। আরও ১৫ বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধার স্বীকৃতিস্বরূপ গেজেট প্রকাশ

১২। চিকুনগুনিয়া আক্রান্তদের কেন ক্ষতিপূরণ দেওয়া হবে না : হাইকোর্টের রুল

চলমান পাতা-২

১। **সেনা সদস্যদের পদোন্নতিতে মাঠ পর্যায়ের সাফল্য বিবেচনা করা উচিত : প্রধানমন্ত্রী**

সেনাবাহিনীতে পদোন্নতির ক্ষেত্রে সবকিছুর ঊর্ধ্বে থেকে নিরপেক্ষ দৃষ্টিতে বিচার-বিশ্লেষণ করে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী দেশপ্রেমিক যোগ্য নেতৃত্ব খুঁজে নিতে বলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, মাঠ পর্যায়ে সাফল্য ও প্রশিক্ষণে দক্ষতাই সেনা কর্মকর্তাদের পদোন্নতির জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ মানদন্ড হওয়া উচিত। ভবিষ্যতে জাতির উন্নয়নমূলক কর্মকাণ্ডের কথা চিন্তা করে গণতন্ত্রকে সুসংহতকরণে দক্ষ এমন দেশপ্রেমিক কর্মকর্তাদের হাতেই নেতৃত্ব থাকা উচিত। গতকাল ৯ জুলাই রোববার ঢাকা সেনানিবাসে সেনা সদর দপ্তরে আর্মি সিলেকশন বোর্ড-২০১৭ এর বৈঠকে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

২। **রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারকে চাপ দিন : আন্তর্জাতিক সম্প্রদায়কে প্রধানমন্ত্রী**

রোহিঙ্গাদের নিজ দেশে ফিরিয়ে নিতে মিয়ানমারকে চাপ দিতে জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনারসহ (ইউএনএইচসিআর) আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সফররত জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনার ফিলিপো গ্র্যান্ডির সঙ্গে সাক্ষাতের সময় প্রধানমন্ত্রী বলেন, শুধু মিয়ানমারের শরণার্থীদের তাদের মাতৃভূমিতে টেকসই প্রত্যাবর্তনের মাধ্যমেই দীর্ঘদিনের শরণার্থী সমস্যার সমাধান সম্ভব। গতকাল ৯ জুলাই রোববার প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর জাতীয় সংসদ ভবনের কার্যালয়ে ফিলিপো গ্র্যান্ডির সাক্ষাৎকালে তিনি একথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৪)।

৩। **সন্ত্রাস দমনে অর্থ ও অস্ত্র সরবরাহ বন্ধ করতে হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সন্ত্রাস দমনে অবশ্যই অর্থ এবং অস্ত্র সরবরাহ বন্ধ করতে হবে। সন্ত্রাসীদের কোনো ভৌগোলিক সীমা নেই, ধর্ম নেই। সফররত যুক্তরাষ্ট্রের প্রশান্ত মহাসাগরীয় কমান্ডের কমান্ডার এডমিরাল হেরি বি হ্যারিস (জুনিয়র) গতকাল ৯ জুলাই রোববার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ঢাকা ক্যান্টনমেন্টের সশস্ত্রবাহিনী বিভাগে (এএফডি) তাঁর অফিসে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

৪। **গ্রাম পুলিশদের মৃত্যুভাতা প্রদান বিবেচনাধীন : সংসদে অর্থমন্ত্রী**

গ্রাম পুলিশদের এককালীন মৃত্যুভাতা প্রদান করা যায় কিনা সেটা সরকারের বিবেচনায় রয়েছে। তবে এ মুহূর্তে তাদের বেতন-ভাতা বাড়ানোর কোনো সুযোগ নেই। গতকাল ৯ জুলাই রোববার জাতীয় সংসদে কার্যপ্রণালী বিধির ৭১ বিধি অনুসারে জরুরী জনগুরুত্বসম্পন্ন নোটিশের জবাবে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **যুগান্তর** (পৃ.১৭,ক.১)।

৫। **দেশ আজ সার উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, দেশ আজ সারে স্বয়ংসম্পূর্ণ। বর্তমানে দেশে সারের চাহিদা ৭ লাখ টন। আমাদের মজুদ আছে ৯ লাখ টন। এখন আর আমাদের সার আমদানি করতে হয় না। সরকার সারের উৎপাদন বৃদ্ধি ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে সার সংকট দূর করেছে। গতকাল ৯ জুলাই পলাশের ঘোড়াশাল ইউরিয়া সার কারখানায় বিসিআইসিতে সদ্য নিয়োগপ্রাপ্ত সহকারী এবং উপসহকারী প্রকৌশলীদের বুনিয়াদি প্রশিক্ষণে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১)।

৬। **সারে ভর্তুকি ৩ হাজার চারশ ৪০ কোটি টাকা : সংসদে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, বিগত অর্থবছরে সার বাবদ ৩ হাজার ৪৪০ কোটি ৬৩ লাখ টাকা ভর্তুকি দেওয়া হয়েছে। গতকাল ৯ জুলাই রোববার জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.৪,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।

৭। **রাজধানীতে ধূলি দূষণের প্রধান কারণ আশপাশের এলাকার ইটভাটা : সংসদে পরিবেশমন্ত্রী**

পরিবেশ ও বন মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু সংসদকে জানিয়েছেন, ঢাকা শহরের ধূলি দূষণের ৫৮ শতাংশের কারণ আশপাশের এলাকার ইটভাটা। 'নরওয়েজিয়ান ইনস্টিটিউট ফর এয়ার রিসার্চ' এর গবেষণার তথ্য তুলে ধরে পরিবেশমন্ত্রী জানান, বাংলাদেশের পরিবেশ সংরক্ষণ বিধিমালা অনুযায়ী বাতাসে প্রতি ঘনমিটারে ১৫০ মাইক্রোগ্রাম পর্যন্ত ভাসমান বস্তুকণা সহনীয় ধরা হয়। সেখানে শুকনো মৌসুমে ঢাকায় এর মাত্রা থাকে ৪৯৯ মাইক্রোগ্রাম পর্যন্ত। গতকাল ৯ জুলাই রোববার সংসদে প্রশ্নোত্তর পর্বে তিনি একথা জানান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.১)।

৮। **ক্লিন এনার্জিকে উৎসাহিত করা হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, ক্লিন এনার্জির ব্যবহার বাড়ানোর উদ্যোগকে উৎসাহিত করা হবে। গতকাল ৯ জুলাই রোববার রাজধানীর বিদ্যুৎ ভবনে 'কাপ্তাই ৭ দশমিক ৪ মেগাওয়াট সোলার পাওয়ার প্ল্যান্ট নির্মাণের লক্ষ্যে চুক্তি স্বাক্ষর' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের (পিডিবি) উদ্যোগে রাঙ্গামাটির কাপ্তাইয়ে ৯ দশমিক ৩৪ মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে নির্মিতব্য এই সৌর বিদ্যুৎকেন্দ্রে প্রতি ইউনিট বিদ্যুতের উৎপাদন খরচ পড়বে ৫ টাকা ৪৮ পয়সা। এশিয়ান উন্নয়ন ব্যাংক (এডিবি) এর আর্থিক সহায়তায় চীনের জেডটিই করপোরেশনের মাধ্যমে বাস্তবায়নাধীন এই প্রকল্প আগামী বছরের জুলাই মাসে উৎপাদনে আসবে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.২), **অবজারভার** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)।

৯। **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৭ ধারা নিয়ে সিদ্ধান্ত আগস্টে : আইনমন্ত্রী**

বহুল আলোচিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৭ ধারা বহাল থাকবে কিনা আগামী আগস্ট মাসের মাঝামাঝি সময়ে সে ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। গতকাল ৯ জুলাই রোববার সচিবালয়ে আইন মন্ত্রণালয়ের উদ্যোগে 'ডিজিটাল সিকিউরিটি অ্যাক্টের খসড়া ও আইসিটি অ্যাক্টের ৫৭ ধারা বাতিল' বিষয়ে এক মতবিনিময় সভা শেষে আইনমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

১০। **নীতিমালা না হওয়া পর্যন্ত যৌথ প্রযোজনার ছবি বন্ধের সিদ্ধান্ত**

যুগোপযোগী ও পূর্ণাঙ্গ নতুন নীতিমালা না হওয়া পর্যন্ত যৌথ প্রযোজনার ছবি নির্মাণ স্থগিত রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে। গতকাল ৯ জুলাই রোববার এ অনুষ্ঠানে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু প্রধান অতিথি ছিলেন। তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে চলচ্চিত্র পরিবারের প্রতিনিধিদের সঙ্গে এ বৈঠকে যৌথ প্রযোজনার ছবি স্থগিত রাখা সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়া হয়। তথ্য সচিব মরতুজা আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় চলচ্চিত্র পরিবারের প্রতিনিধিদের পক্ষে অভিনেতা ফারুক এবং চলচ্চিত্র শিল্পী সমিতির সভাপতি মিশা সওদাগর একগুচ্ছ প্রস্তাবনা তুলে ধরেন। প্রস্তাবনাগুলো পর্যালোচনা করে চলচ্চিত্রের স্বার্থে যৌথ প্রযোজনার ছবি নির্মাণ নীতিমালা দ্রুত যুগোপযোগী ও পূর্ণাঙ্গ করে নতুন নীতিমালা তৈরি এবং নীতিমালা না হওয়া পর্যন্ত যৌথ প্রযোজনার ছবি নির্মাণ কার্যক্রম স্থগিত রাখার সিদ্ধান্ত হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), **সমকাল** (শেষ পৃ.১৯,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.৮)।

১১। **আরও ১৫ বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধার স্বীকৃতিস্বরূপ গেজেট প্রকাশ**

একাত্তরে পাকিস্তানী বাহিনী এবং রাজাকারদের হাতে নির্যাতিত আরও ১৫ বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধার স্বীকৃতি দিয়েছে সরকার। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের (জামুকা) ৪৪তম সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁদের মুক্তিযোদ্ধা স্বীকৃতি দিয়ে গেজেট প্রকাশ করা হয়েছে। এ নিয়ে বর্তমান সরকার মোট ১৮৫ জন বীরাঙ্গনাকে স্বীকৃতি দিয়ে গেজেট প্রকাশ করেছে। স্বীকৃতিপ্রাপ্তরা প্রতি মাসে ভাতাসহ মুক্তিযোদ্ধাদের মতো অন্যান্য সরকারি সুযোগ-সুবিধা পাবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.৮)।

১২। **চিকুনগুনিয়া আক্রান্তদের কেন ক্ষতিপূরণ দেওয়া হবে না : হাইকোর্টের রুল**

চিকুনগুনিয়া জ্বরে আক্রান্ত ও ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদান এবং এডিস মশা নিধনে



দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য কেন নির্দেশ দেওয়া হবে না এই মর্মে রুল জারি করেছে হাইকোর্ট। এ ছাড়া চিকুনগুনিয়ার প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে সারাদেশে জনসচেতনতা বৃদ্ধি এবং রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন আক্রান্ত এলাকার ডাম্পিং স্পটগুলো (আবর্জনাস্তূপ) পরিষ্কার করতে কেন নির্দেশ দেওয়া হবে না, রুলে তা-ও জানতে চাওয়া হয়েছে। বিচারপতি সৈয়দ মোহাম্মদ দস্তগীর হোসেন ও বিচারপতি মো. আতাউর রহমান খানের ডিভিশন বেঞ্চ গতকাল ৯ জুলাই রোববার এই আদেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** বাংলাদেশ রোগতত্ত্ব ও রোগ নিয়ন্ত্রণ এবং গবেষণা ইনস্টিটিউটের সাম্প্রতিক জরিপে ঢাকার প্রায় প্রতি **১১** জনের একজন চিকুনগুনিয়া ভাইরাসে আক্রান্ত এ তথ্য উঠে আসায় উদ্বেগ প্রকাশ করে রাজধানীসহ আক্রান্ত এলাকাগুলিতে অবিলম্বে মশানিধন কার্যক্রম পরিচালনা করার ওপর গুরুত্বারোপ।

**খ.** **সংবাদ :** দখল ও দূষণের হাত থেকে বুড়িগঙ্গা নদীকে উদ্ধারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**গ.** **ভোরের কাগজ, ইনকিলাব :** বন্যা মোকাবিলায় সুপরিকল্পিত ও টেকসই বাঁধ নির্মাণের ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **জনকণ্ঠ :** বাংলাদেশের প্রথম ন্যানো স্যাটেলাইট 'ব্র্যাক অন্বেষা' যাত্রা শুরু করার বিষয় তুলে ধরে কৃত্রিম উপগ্রহ বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপিত হওয়ার প্রত্যাশা।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশে আমের বাম্পার ফলন হওয়ায় এ ফলের উৎপাদন আরও বাড়াতে আম চাষিদের মাঝে ভালো জাতের আমের চারা সরবরাহ করা, আমের ব্লাইট ও অন্যান্য রোগ প্রতিরোধ করতে কীটনাশক ও বালাইনাশক বিতরণ করার ব্যবস্থা করার আহ্বান।

**চ.** **ডেইলি সান :** সড়ক মেরামত, ট্রাফিক আইনের যথাযথ প্রয়োগ ও সড়ক দুর্ঘটনায় জড়িতদের বিচারের ব্যবস্থা করা হলে বাংলাদেশে সড়ক দুর্ঘটনার হার কমে আসবে বলে প্রত্যাশা।

**ছ.** **নিউজ টুডে :** প্রাতিষ্ঠানিক শিক্ষা থেকে বঞ্চিত প্রায় ১০ মিলিয়ন শিশু, তরুণ ও যুবকের শিক্ষার সুযোগ সৃষ্টির দ্বারা তাদের দরিদ্র অবস্থা দূরীকরণে কর্তৃপক্ষকে অনতিবিলম্বে এগিয়ে আসার আহ্বান।

**জ.** **নিউ এজ :** দেশের উত্তরাঞ্চলের ১৭০০ ইট ভাটার মধ্যে মাত্র ১২০ টির বৈধতা থাকায় কর্তৃপক্ষকে পরিবেশ রক্ষার স্বার্থে অবৈধ এসব ইটভাটার বিরুদ্ধে ব্রিক ম্যানুফ্যাকচারিং এন্ড ব্রিক কিনস ইস্টাব্লিসমেন্ট (কনট্রোল) এ্যাক্ট ২০১৩ কঠোরভাবে প্রয়োগের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে অভিমত প্রকাশ করা হয়েছে, বাংলাদেশে আইনের শাসন প্রতিষ্ঠার লক্ষ্যে বিচার বিভাগে স্বাতন্ত্র্য ও স্বাধীনতা রক্ষা করতে হবে।

## নিবন্ধন ও ফিচার

**ইত্তেফাক** প্রত্রিকায় প্রকাশিত 'জ্ঞান দক্ষতা ও সামর্থ্যের সংকটে শিক্ষাব্যবস্থা' শিরোনামের নিবন্ধে সঠিক এবং দুর্নীতিমুক্ত শিক্ষা ব্যবস্থাই আমাদের জ্ঞান বিজ্ঞানের উন্নতি করবে বলে অভিমত প্রকাশ।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশিদ/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ০৬/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ০৯ জুলাই ২০১৭, ২৫ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে জনগণ আবারো আওয়ামী লীগকে ভোট দেবে : দলীয় বৈঠকে প্রধানমন্ত্রীর আশাবাদ

২। রোহিঙ্গা শরণার্থী ইস্যুতে মিয়ানমারকে চাপ দিতে জাতিসংঘকে বাংলাদেশের তাগিদ

৩। রেমিট্যান্স বাড়াতে ব্যাংক ফি কমানো হবে : অর্থমন্ত্রী

৪। যৌথ উদ্যোগে শিল্প স্থাপনে কমবে ভারতের সঙ্গে বাণিজ্য বৈষম্য : শিল্পমন্ত্রী

৫। ভারতের সবচেয়ে কাছের বন্ধু বাংলাদেশ : ভারতের প্রেসিডেন্ট প্রণব মুখার্জি

৬। বন্যায় ক্ষতিগ্রস্ত সড়ক দ্রুত মেরামত করতে হবে : সিলেটে শিক্ষামন্ত্রী

৭। জঙ্গিবাদ প্রশ্নে সরকার জিরো টলারেন্স নীতি নিয়েছে : পর্যটনমন্ত্রী

৮। এডিস মশা রোধে মাঠে নেমেছে ঢাকার দুই সিটি করপোরেশন

৯। হলি আর্টিজান রেস্তোরাঁ হামলার পরিকল্পনাকারী মাহফুজসহ গ্রেফতার ৪

চলমান পাতা-২

**১। উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে জনগণ আবারো আওয়ামী লীগকে ভোট দেবে**
**: দলীয় বৈঠকে প্রধানমন্ত্রীর আশাবাদ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের চলমান উন্নয়ন-অগ্রগতির ধারাবাহিকতা রক্ষায় জনগণ আগামী নির্বাচনে আবারো আওয়ামী লীগকে ভোট দেবে। গতকাল ৮ জুলাই শনিবার প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের বৈঠকে বক্তব্যে তিনি আরো বলেন, একমাত্র আওয়ামী লীগ ক্ষমতায় এলেই দেশের উন্নয়ন হয়, দেশ সবদিক থেকে এগিয়ে যায়। আর বর্তমান সরকার যেসব মেগা প্রকল্প নিয়েছে তা বাস্তবায়নে আওয়ামী লীগকে আরেক টার্ম সরকারে থাকা দরকার। ক্ষুধা-দারিদ্র্যমুক্ত উন্নত সমৃদ্ধ বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা হিসেবে আমরা বাংলাদেশকে গড়ে তুলবোই। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

**২। রোহিঙ্গা শরণার্থী ইস্যুতে মিয়ানমারকে চাপ দিতে জাতিসংঘকে বাংলাদেশের তাগিদ**

বাংলাদেশে অবস্থানরত রাখাইন রাজ্যের সব নাগরিককে দেশে ফেরাতে মিয়ানমার সরকারকে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানাতে জাতিসংঘকে তাগিদ জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। গতকাল ৮ জুলাই শনিবার ঢাকায় সফররত জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনার (ইউএনএইচসিআর) ফিলিপো গ্রান্ডির সঙ্গে বৈঠককালে এ আহ্বান জানান মন্ত্রী। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৩। রেমিট্যান্স বাড়াতে ব্যাংক ফি কমানো হবে : অর্থমন্ত্রী**

প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স প্রবাহ বাড়াতে ব্যাংকের ফি কমানো হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। আগামী মাসের মধ্যে ফি কমানোর কথা উল্লেখ করে তিনি বলেন, প্রবাসীদের একটা অভিযোগ হচ্ছে, টাকা পাঠানোর ফি বেশি। এজন্য রেমিট্যান্স প্রবাহ বাড়াতে আগামী মাসের মধ্যে ফি কমানো হতে পারে। গতকাল ৮ জুলাই শনিবার সিলেটে নগরীর একটি অনুষ্ঠানে অর্থমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫) **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮)।

**৪। যৌথ উদ্যোগে শিল্প স্থাপনে কমবে ভারতের সঙ্গে বাণিজ্য বৈষম্য : শিল্পমন্ত্রী**

ভারতের সঙ্গে বাণিজ্য বৈষম্য কমাতে যৌথ উদ্যোগে শিল্প স্থাপন সহায়ক হতে পারে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, একটা বিষয় স্পষ্ট। দু'দেশের মধ্যে বাণিজ্য বৈষম্য ক্রমশ বাড়ছে তবে যৌথ উদ্যোগে এবং কৃষিভিত্তিক খাদ্য প্রক্রিয়াজাত শিল্প স্থাপন ও উৎপাদিত পণ্যের অবাধ সরবরাহ বাড়িয়ে এটা কমিয়ে আনা সম্ভব। বর্তমানে সরকার সে কাজটিই করে যাচ্ছে। গতকাল ৮ জুলাই শনিবার রাজধানীতে এক সম্মেলনে তিনি এসব কথা জানান। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.১২,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৬), **এশিয়ান এজ** ( পৃ.১১,ক.৪)।

**৫। ভারতের সবচেয়ে কাছের বন্ধু বাংলাদেশ : ভারতের প্রেসিডেন্ট প্রণব মুখার্জি**

বাংলাদেশকে ভারতের সবচেয়ে কাছের বন্ধু হিসেবে উল্লেখ করেছেন ভারতের প্রেসিডেন্ট প্রণব মুখার্জি। তিনি বলেছেন, পূর্বাঞ্চলীয় প্রতিবেশী দেশটির সঙ্গে সম্পর্ককে অত্যন্ত গুরুত্ব দেয় ভারত। গত ৭ জুলাই শুক্রবার নয়াদিল্লীর প্রেসিডেন্ট ভবনে বাংলাদেশের ফরেন সার্ভিসের শিক্ষানবীশ কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে এসব কথা বলেন তিনি। এ সময় প্রণব মুখার্জি বলেন, একটি মহান জাতির যোগ্য প্রতিনিধিদের সঙ্গে দেখা করতে পেরে তিনি আনন্দিত। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.১)।

**৬। বন্যায় ক্ষতিগ্রস্ত সড়ক দ্রুত মেরামত করতে হবে : সিলেটে শিক্ষামন্ত্রী**

বন্যায় পানি নামার সঙ্গে সঙ্গে সিলেটের গোলাপগঞ্জ-বিয়ানীবাজার উপজেলার জরাজীর্ণ সড়ক সংস্কারের জন্য সড়ক ও জনপথ বিভাগের প্রকৌশলীদের নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গত ৭ জুলাই শুক্রবার সিলেট সার্কিট হাউসে সড়ক ও জনপথ বিভাগ (সওজ) ও স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে এ নির্দেশনা দেন তিনি। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৮), **সমকাল** (পৃ.৪,ক.২)।

৭। **জঙ্গিবাদ প্রশ্নে সরকার জিরো টলারেন্স নীতি নিয়েছে : পর্যটনমন্ত্রী**

বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন বলেছেন, সাম্প্রদায়িক সম্প্রীতির অনন্য দৃষ্টান্ত বাংলাদেশ। আবহমানকাল ধরে সব সম্প্রদায়ের মানুষ এ দেশে শান্তিপূর্ণভাবে বসবাস করে আসছে। এখানে ধর্মীয় উগ্রবাদ ও জঙ্গিবাদের কোনো স্থান নেই। এ প্রশ্নে সরকার জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। গতকাল ৮ জুলাই শনিবার বাংলাদেশে নিযুক্ত ক্যাথলিক সম্প্রদায়ের প্রধান কার্ডিনাল প্যাট্রিক রোজারিওর সঙ্গে এক বৈঠকে এসব কথা বলেন তিনি। রাজধানীর কাকরাইলে বাংলাদেশে রোমান ক্যাথলিক সম্প্রদায়ের প্রধান চার্চে এ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **সংবাদ** (পৃ.৪,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৪), **এশিয়ান এজ** ( পৃ.৩,ক.৭)।

৮। **এডিস মশা রোধে মাঠে নেমেছে ঢাকার দুই সিটি করপোরেশন**

এডিস মশাবাহিত রোগ চিকুনগুনিয়া প্রতিরোধে মাঠে নেমেছে ঢাকার দুই সিটি করপোরেশন। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সচেতনতা অভিযান, মসজিদে নামাজের বয়ানে প্রচার, লিফলেট বিতরণ, র‍্যালি, আলোচনা সভা, মাইকিংসহ বিভিন্ন কর্মসূচি পালন করছে তারা। গতকাল ৮ জুলাই শনিবার ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) মণিপুরিপাড়ায় র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করে। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি) মহানগর মহিলা কলেজ ও নবাবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করে। এ ছাড়া 'ঢাকাবাসী'র উদ্যোগে রাজধানীর হাজারীবাগ পার্কে ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে সচেতনতামূলক কর্মসূচির অংশ হিসেবে ঘুড়ির্যালির আয়োজন করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩)।

৯। **হলি আর্টিজান রেস্তোরাঁ হামলার পরিকল্পনাকারী মাহফুজসহ গ্রেফতার ৪**

রাজধানীর গুলশানে হলি আর্টিজান রেস্তোরাঁয় হামলার অন্যতম পরিকল্পনাকারী জঙ্গি নেতা সোহেল মাহফুজকে তিন সহযোগীসহ গ্রেফতার করেছে পুলিশ। চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার পুসকনী এলাকার একটি আমবাগান থেকে গত ৭ জুলাই শুক্রবার রাত আড়াইটার দিকে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত অন্যরা হলেন জেএমবির আইসিটি এক্সপার্ট হাফিজ, সামরিক শাখার সদস্য জামাল এবং জেএমবি সদস্য জুয়েল। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক:** অগ্নিকাণ্ডের ঝুঁকি মোকাবিলায় বড় বড় মার্কেট ও ভবনগুলিতে উপযুক্ত জ্ঞান ও দক্ষতাসম্পন্ন নিজস্ব অগ্নিনির্বাপণ ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

খ. **যুগান্তর, ইন্ডিপেনডেন্ট :** কৃত্রিম সংকট তৈরি করে চালের মূল্যবৃদ্ধির সঙ্গে জড়িতদের শনাক্ত করে বিচার দাবি।

গ. **ইনকিলাব :** বন্যা পরিস্থিতি মোকাবিলায় যথাযথ পদক্ষেপ কামনা।

ঘ. **যায়যায়দিন, ডেইলি সান:** ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) বাঁধের অভ্যন্তরের জলাবদ্ধতা নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **সংবাদ :** রাজধানীতে যাত্রীদের জিম্মি করে অতিরিক্ত ভাড়া আদায় করছে সব গণপরিবহণের চালকরা এ খবরে উদ্বেগ প্রকাশ করে গণপরিবহণের এ নৈরাজ্য রোধ করতে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি সান :** ঢাকা শহরের ১৮ লাখ পরিবার প্রতিদিন ৫৮ কোটি টাকার ১.৮ কোটি কিউবিক ঘন মিটার গ্যাস পানি ফুটানোর পিছনে ব্যয় করার পরিপ্রেক্ষিতে ঢাকা ওয়াসাকে নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা নিশ্চিত করে এ বিপুল গ্যাস অপচয় প্রতিহতের আহ্বান।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** গরিব রোগীদের কিডনি চিকিৎসায় ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনি ডিজিস এণ্ড ইউরোলজিতে স্বল্প খরচে ডায়ালাইসিস করার উদ্যোগকে তুলে ধরে কিডনি রোগ প্রতিরোধে খাদ্যে ভেজাল প্রতিরোধ করে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার সুপারিশ।

জ. **ডেইলি স্টার :** সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগে বিচারপতি সংকটের সমাধানে সরকারকে দ্রুত শূন্য পদে প্রয়োজনীয় সংখ্যক বিচারপতি নিয়োগের সুপারিশ।

ঝ. **নিউ নেশন :** রপ্তানি আয় বাড়াতে আন্তর্জাতিক মানসম্পন্ন পণ্যের উৎপাদন বাড়ানো, পণ্য ও পণ্যের বাজার বহুমুখীকরণের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে রাজধানীতে স্বস্তিকর পরিবেশ বজায় রাখতে পর্যাপ্ত উন্মুক্ত স্থান থাকা দরকার বলে অভিমত প্রকাশ।

## নিবন্ধন ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'ব্যাংকগুলোতে সাইবার নিরাপত্তায় আরো মনোযোগী হতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সাইবার নিরাপত্তার বিষয়ে বাংলাদেশে ব্যাংকের গাইডলাইনে আরও যুগোপযোগী পরিবর্তন আনতে হবে।

**#**

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশিদ/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ০৫/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ০৬ জুলাই ২০১৭, ২২ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বাংলার মাটিতে জঙ্গিবাদের স্থান হবে না : প্রধানমন্ত্রী

২। বড় অঙ্কের বাজেট ঘাটতি মেটাতে বিকল্প চিন্তাভাবনা : অর্থমন্ত্রী

৩। ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ১০ ক্রয় প্রস্তাব অনুমোদন

৪। মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে ৫১ মন্ত্রণালয়ের এপিএ চুক্তি আজ

৫। সাভারে ট্যানারির বর্জ্যে ধলেশ্বরী নদী দূষণ রোধে আপিল বিভাগের পূর্ণাঙ্গ রায় প্রকাশ

৬। অভ্যন্তরীণ রুটের বিমান যাত্রীদের ফটো-আইডি লাগবে

৭। মূল্য নিয়ন্ত্রণে ৫ লাখ মেট্রিক টন লবণ আমদানি করা হচ্ছে

৮। অচিরেই ফরহাদ মজহারের নিখোঁজ হওয়ার রহস্য বেরিয়ে আসবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৯। স্পিকারের সাথে মেক্সিকোর সফররত দূতের সাক্ষাৎ
: বাণিজ্যিক সম্পর্ক সুদৃঢ় করার ওপর গুরুত্বারোপ

১০। এনজিওগুলোর কাজে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে : মহিলা বিষয়ক প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

১। **বাংলার মাটিতে জঙ্গিবাদের স্থান হবে না : প্রধানমন্ত্রী**

জনগণ এবং আইন-শৃঙ্খলা ও সশস্ত্র বাহিনী মিলে যেভাবে লড়ছে, তাতে দেশে কোনোভাবেই জঙ্গিবাদের স্থান হবে না বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, জঙ্গিবাদ ও সন্ত্রাসী কর্মকাণ্ড এখন বিশ্বজুড়ে ছড়িয়ে পড়লেও বাংলাদেশ সফলভাবে তা মোকাবিলা করছে। সবাই মিলেই জঙ্গিবাদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করে আমরা অত্যন্ত সফলতা অর্জন করেছি, যা বিশ্বব্যাপী দৃষ্টান্ত স্থাপন করেছে। এই ধারাটা অব্যাহত রাখতে হবে যাতে কোনোভাবেই বাংলার মাটিতে জঙ্গিবাদের স্থান না হয়। গতকাল ৫ জুলাই বুধবার ঢাকা সেনানিবাসে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের (পিজিআর) সদর দপ্তরে বাহিনীর ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)। **প্রথম আলো, ইত্তেফাক, ডেইলি স্টার, এশিয়ান এজ, নিউজ টুডে, ইন্ডিপেনডেন্ট**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **বড় অঙ্কের বাজেট ঘাটতি মেটাতে বিকল্প চিন্তাভাবনা : অর্থমন্ত্রী**

চলতি ২০১৭-১৮ অর্থবছরে বড় অঙ্কের বাজেট ঘাটতি মেটাতে বিকল্প চিন্তা-ভাবনা করা হচ্ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, নতুন ভ্যাট আইন বাস্তবায়ন না হওয়ায় রাজস্ব আয়ে ২০ হাজার কোটি টাকা ঘাটতি হবে। এটা পূরণ করা কঠিন। এ বিষয়ে এখনও করণীয় নির্ধারণ করা হয়নি। তবে শীঘ্রই বিকল্প ঠিক করা হবে। গতকাল ৫ জুলাই বুধবার ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক শেষে অর্থমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

৩। **ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ১০ ক্রয় প্রস্তাব অনুমোদন**

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণের লক্ষ্যে স্বাক্ষরিত সাধারণ চুক্তির চুক্তিমূল্যের রাশিয়ান ক্রেডিট অংশের ৫ মিলিয়ন ডলার কম পাওয়া যাচ্ছে। এর ফলে সমপরিমাণ অর্থ সমন্বয়ের একটি প্রস্তাবসহ সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি বৈঠকে ১০টি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে। গতকাল ৫ জুলাই বুধবার অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির এ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৪। **মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে ৫১ মন্ত্রণালয়ের এপিএ চুক্তি আজ**

চলতি অর্থবছরে ৫১ মন্ত্রণালয় ও বিভাগ কী কী কাজ করবে, সে বিষয়ে সুস্পষ্ট লক্ষ্য নির্ধারণ করে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে পৃথক চুক্তি স্বাক্ষর করবে। আজ বৃহস্পতিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে তাঁর দপ্তরে এসব চুক্তি স্বাক্ষরিত হবে। গতকাল ৫ জুলাই বুধবার সচিবালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানিয়েছেন মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) এনএম জিয়াউল আলম। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

৫। **সাভারে ট্যানারির বর্জ্যে ধলেশ্বরী নদী দূষণ রোধে আপিল বিভাগের পূর্ণাঙ্গ রায় প্রকাশ**

হাজারীবাগের ট্যানারি অপসারণ মামলার আপিলের পূর্ণাঙ্গ রায় প্রকাশ করেছে সুপ্রিমকোর্টের আপিল বিভাগ। এ রায়ের ১৩ পৃষ্ঠার অনুলিপি গতকাল ৫ জুলাই বুধবার প্রকাশ করা হয়। রায়ে আদালত পাঁচ দফা নির্দেশনা দিয়েছে। এতে আপিল বিভাগ হাজারীবাগ থেকে সাভারে স্থানান্তরিত হওয়া ট্যানারি শিল্পের দূষণ রোধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বিসিককে নির্দেশ দিয়েছে। বলা হয়েছে, ট্যানারির বর্জ্যে যেন সাভারের ধলেশ্বরী নদী দূষিত না হয়। যদি ওই নদী দূষিত হয়, তাহলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন চার বিচারপতির বেঞ্চ ৯ এপ্রিল এ রায় ঘোষণা করে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.১)।

৬। **অভ্যন্তরীণ রুটের বিমান যাত্রীদের ফটো-আইডি লাগবে**

দেশের অভ্যন্তরীণ রুটে বিমানযাত্রায় বোর্ডিং পাস পেতে টিকিটের সঙ্গে জাতীয় পরিচয়পত্র (এনআইডি) বা অন্য যেকোন ছবিযুক্ত আইডি কার্ডের কপি জমা দেওয়া বাধ্যতামূলক করা হয়েছে। কারও জাতীয় পরিচয়পত্র না থাকলে পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, শিক্ষা প্রতিষ্ঠানের আইডি কিংবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আইডি কার্ডের কপি জমা দিতে হবে। নিরাপত্তার বিষয়টি বিবেচনায় নিয়ে যিনি টিকিট কাটছেন, তিনিই ভ্রমণ করছেন কিনা তা নিশ্চিত

করতে এই নির্দেশনা দেওয়া হয়েছে বলে জানিয়েছে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১) **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

**৭। মূল্য নিয়ন্ত্রণে ৫ লাখ মেট্রিক টন লবণ আমদানি করা হচ্ছে**

লবণের দাম অস্বাভাবিক বেড়ে যাওয়ায় দেশের অভ্যন্তরীণ চাহিদা মেটাতে পাঁচ লাখ মেট্রিক টন অপরিশোধিত লবণ আমদানির সিদ্ধান্ত নিয়েছে সরকার। আনুষ্ঠানিকতা সম্পন্ন করে কয়েক দিনের মধ্যে স্ট্যাটিউটরি রেগুলেটরি অর্ডার (এসআরও) জারি করবে বাণিজ্য মন্ত্রণালয়। গতকাল ৫ জুলাই বুধবার এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১২,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৮। অচিরেই ফরহাদ মজহারের নিখোঁজ হওয়ার রহস্য বেরিয়ে আসবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, কবি ও সাহিত্যিক ফরহাদ মজহারকে অক্ষত অবস্থায় উদ্ধার করেছে আমাদের পুলিশ বাহিনী। তিনি বলেন, গোয়েন্দা পুলিশ সার্বক্ষণিক মোবাইল ট্র্যাকিংয়ের মাধ্যমে তাঁর (মজহার) অবস্থান পর্যবেক্ষণ করেছে। এ ঘটনায় একটি মামলা হয়েছে, সেটি তদন্ত করছে ডিবি। আমরা আশা করি অচিরেই ফরহাদ মজহারের নিখোঁজ হওয়ার রহস্য বেরিয়ে আসবে। গতকাল ৫ জুলাই বুধবার টঙ্গী পাইলট কলেজ মাঠে গাজীপুর জেলা পুলিশ আয়োজিত মাদক ও জঙ্গিবিরোধী সমাবেশে বক্তৃতায় স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৪,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**৯। স্পিকারের সাথে মেক্সিকোর সফররত দূতের সাক্ষাৎ**

**: বাণিজ্যিক সম্পর্ক সুদৃঢ় করার ওপর গুরুত্বারোপ**

বাংলাদেশের সঙ্গে বণিজ্যিক ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও সুদৃঢ় করার আগ্রহ প্রকাশ করেছে মেক্সিকো। গতকাল ৫ জুলাই বুধবার জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎকালে এ আগ্রহের কথা জানান ঢাকায় সফররত মেক্সিকোর দূত মেলবা প্রিয়া। সাক্ষাৎকালে তাঁরা দু'দেশের সংসদীয় কার্যক্রম, নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন, নারী ও শিশুর সুরক্ষা, বাণিজ্য সুবিধা প্রভৃতি বিষয়ে আলোচনা করেন। রাষ্ট্রদূত ঢাকায় অনুষ্ঠিত **১৩৬**তম আইপিইউ অ্যাসেম্বলিতে মেক্সিকোর অংশগ্রহণের কথা উল্লেখ করেন এবং অ্যাসেম্বলির সফল আয়োজনের জন্য স্পিকারের প্রশংসা করেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**১০। এনজিওগুলোর কাজে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে : মহিলা বিষয়ক প্রতিমন্ত্রী**

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, সরকারের অর্থায়নে যেসব এনজিও কাজ করছে, তাদের স্বচ্ছতা নিশ্চিত করতে হবে ও তদারকি জোরদার করতে হবে। এনজিওদের জনগণের কাছে দায়বদ্ধতা রয়েছে। গতকাল ৫ জুলাই বুধবার মহিলাবিষয়ক অধিদপ্তরে মাল্টিপারপাস হলরুমে মাঠ পর্যায়ে কর্মরত এনজিও কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৬), **প্রথম আলো** (পৃ.৩,ক.৮)।

## সম্পাদকীয়

ক. **সংবাদ :** কয়েকদিনের টানা বর্ষণে পার্বত্য এলাকায় আবারও পাহাড়ধসের আশংকার মধ্যেই পাহাড় কাটা হচ্ছে উল্লেখ করে এক্ষেত্রে ঝুঁকিপূর্ণ পাহাড়ি এলাকা থেকে বাসিন্দাদের সরানোর পাশাপাশি পাহাড়ধস রোধে সংশ্লিষ্ট সবাইকে সমন্বিতভাবে কাজ করার সুপারিশ।

খ. **জনকণ্ঠ, যুগান্তর :** সারাদেশে বন্যা পরিস্থিতির অবনতি হওয়ায় উদ্বেগ প্রকাশ করে বন্যাদুর্গতদের উদ্ধার করার পাশাপাশি প্রয়োজনীয় ত্রাণ সহায়তা ও পুনর্বাসনের ওপর গুরুত্বারোপ।

গ. **প্রথম আলো :** মালয়েশিয়ায় গ্রেপ্তার হওয়া **১** হাজার ৫০৯ জন বিদেশির মধ্যে ৭৫২ জনই বাংলাদেশের নাগরিক হওয়ার কথা উল্লেখ করে অবৈধভাবে অবস্থানরত বাংলাদেশিদের বৈধ করার ব্যাপারে মালয়েশিয়ায় বাংলাদেশের হাইকমিশনকে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ ।

ঘ. **যায়যায়দিন, নিউজ টুডে :** দেশে সড়ক দুর্ঘটনা বেড়ে যাওয়ায় এ ব্যাপারে সংশ্লিষ্টদের জরুরি পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** স্বাস্থ্য ও প্রাকৃতিক পরিবেশের ওপর জেনেটিক্যালি মোডিফাইড কৃষিপণ্যের প্রভাব তুলে ধরে লেখা প্রকাশ।

চ. **ডেইলি সান :** চলতি পথে ও গাড়িতে মোবাইল ফোন ব্যবহারের ব্যাপারে জনগণের মধ্যে ব্যাপক সচেতনতা বৃদ্ধি করে রেলপথ ও সড়কপথে দুর্ঘটনায় হতাহতের ঘটনা অনেকাংশে কমিয়ে আনা সম্ভব বলে অভিমত।

ছ. **ডেইলি স্টার :** গাজীপুরের পোশাক কারখানায় বয়লার বিস্ফোরণে **১৩** ব্যক্তির প্রাণহানিসহ বিগত পাঁচ বছরে বয়লার বিস্ফোরণে শতাধিক শ্রমিক নিহত হওয়ায় শ্রমিকদের নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

জ. **নিউ নেশন, যুগান্তর :** তুরস্কে আটকে পড়া দুই হাজার বাংলাদেশিকে দ্রুত ফিরিয়ে আনার আহ্বান।

ঝ. **নিউ এজ :** সাভারের ট্যানারি শিল্প এলাকায় ড্রেইনেজ সিস্টেমের সড়ক ও পাইপ লাইন ও সিইটি প্ল্যান্ট নির্মাণে অব্যবস্থাপনার বিষয়ে সরকারকে তদন্ত করে যথোপযুক্ত পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে সন্ত্রাসের বিরুদ্ধে বৈশ্বিক ঐক্য গড়ে তুলতে হবে বলে অভিমত প্রকাশ।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিশুর পুষ্টির জন্য মায়ের দুধ ও ঘরে তৈরি খাবার সফল জীবনের সহায়ক'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, অধিক অর্থের বিনিয়োগ নয়, যথাযথ জ্ঞান ও পুষ্টিকর খাবার শিশুর স্বাস্থ্য সুরক্ষায় গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ০৪/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ০৫ জুলাই ২০১৭, ২১ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিদ্যুৎ চাহিদা পূরণ করবে রূপপুর প্রকল্প : ঢাবি'র বিশেষ সমাবর্তনে রাষ্ট্রপতি

২। বন্যা মোকাবিলায় সব ধরনের প্রস্তুতি রয়েছে : প্রধানমন্ত্রী

৩। শ্রমজীবী মানুষের ভাগ্য পরিবর্তনে কাজ করে যাচ্ছে সরকার : প্রধানমন্ত্রী

৪। মিয়ানমারের নাগরিকদের ফিরিয়ে নেওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর
: দেশটির নিরাপত্তা উপদেষ্টার সাক্ষাৎ

৫। জনসংশ্লিষ্টতা ব্যাহত না করে নিরাপত্তা নিশ্চিত করুন : পিজিআর সদস্যদের প্রতি রাষ্ট্রপতি

৬। দুর্যোগ শেষ না হওয়া পর্যন্ত সাহায্য অব্যাহত থাকবে : কুলাউড়ায় ত্রাণমন্ত্রী

৭। বন্যা দুর্গতদের জন্য এক লাখ ডলার অনুদান চীনা রেডক্রসের

৮। অনলাইন নিউজ পোর্টালের ভূমিকা প্রশংসনীয় : তথ্যমন্ত্রী

৯। বয়লার বিস্ফোরণে নিহতদের প্রত্যেক পরিবার পাবে ৫ লাখ টাকা : শ্রম প্রতিমন্ত্রী

১০। তারুণ্যের শক্তিই বাংলাদেশে ইতিবাচক পরিবর্তন ঘটাবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

১১। মাদক পাচারকারীরা বাংলাদেশ-ভারতের জন্য ক্ষতিকর
: সীমান্ত পরিদর্শনকালে বিজিবি মহাপরিচালক

১২। হজ ফ্লাইট শুরু ২৪ জুলাই

চলমান পাতা-২

**১। বিদ্যুৎ চাহিদা পূরণ করবে রূপপুর প্রকল্প : ঢাবি'র বিশেষ সমাবর্তনে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, বাংলাদেশের ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা পূরণের জন্য পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহারে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্প বাস্তবায়ন এগিয়ে চলছে। তিনি বলেন, জ্বালানির ব্যাপক চাহিদা পূরণের জন্য তেল-গ্যাসসহ জ্বালানি উৎসসমূহ ক্রমশ সীমিত হয়ে আসছে। পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার জ্বালানির বর্ধিত চাহিদা পূরণে কার্যকর ভূমিকা রাখতে পারে। বর্ধিত বিদ্যুৎ উৎপাদন নিশ্চিতের জন্য বাংলাদেশে পরমাণু শক্তিকে কাজে লাগাতে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। এই বিদ্যুৎকেন্দ্র নির্মাণে আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থার সহযোগিতা একান্ত অপরিহার্য। গতকাল ৪ জুলাই মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিশেষ সমাবর্তনে বিশ্ববিদ্যালয়টির আচার্য হিসেবে সভাপতির বক্তব্যে রাষ্ট্রপতি এসব কথা বলেন। আইএইএ'র ডিজিকে 'ডক্টর অভ্ ল' ডিগ্রি প্রদান উপলক্ষে এ সমাবর্তন আয়োজন করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**২। বন্যা মোকাবিলায় সব ধরনের প্রস্তুতি রয়েছে : প্রধানমন্ত্রী**

বর্ষণে দেশের উত্তর ও পূর্বাঞ্চলে পানি বৃদ্ধির প্রেক্ষাপটে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বন্যা মোকাবিলায় সরকারের  সব ধরনের প্রস্তুতি রয়েছে। সাম্প্রতিক বন্যার কথা উল্লেখ করে তিনি বলেন, এ ধরনের প্রাকৃতিক দুর্যোগ আসতে পারে। যে কোনো দুর্যোগে প্রতিটি বিভাগকে দায়িত্ব পালন ও পরিস্থিতি অনুযায়ী পদক্ষেপ নিতে স্থায়ী নির্দেশ দেওয়া আছে। সে জন্যই আমরা দুর্যোগগুলো মোকাবিলা করতে পারি। দুর্যোগ ব্যবস্থাপনায় বাংলাদেশ বিশ্বে দৃষ্টান্ত স্থাপন করেছে। গতকাল ৪ জুলাই মঙ্গলবার রাষ্ট্রায়ত্ত, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকদের মজুরি নির্ধারণের লক্ষ্যে গঠিত 'জাতীয় মজুরি ও উৎপাদনশীলতা কমিশন-২০১৫'-এর প্রতিবেদন হস্তান্তর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.২)।

**৩। শ্রমজীবী মানুষের ভাগ্য পরিবর্তনে কাজ করে যাচ্ছে সরকার : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকার শ্রমজীবী মানুষের ভাগ্যের পরিবর্তনে কাজ করে যাচ্ছে এবং উন্নত এক বেতন কাঠামোর প্রবর্তন করেছে, যা ভবিষ্যতে কেউ চাইলেই পরিবর্তন করতে পারবে না। প্রধানমন্ত্রী গতকাল ৪ জুলাই মঙ্গলবার 'ন্যাশনাল ওয়েজ অ্যান্ড প্রডাক্টিভিটি কমিশন রিপোর্ট-২০১৫' গ্রহণকালে একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

**৪। মিয়ানমারের নাগরিকদের ফিরিয়ে নেওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর : দেশটির নিরাপত্তা উপদেষ্টার সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ থেকে মিয়ানমারের নাগরিকদের ফিরিয়ে নিতে সেদেশের কর্তৃপক্ষের প্রতি তাঁর আহ্বান পুনর্ব্যক্ত করেছেন। তিনি আশা প্রকাশ করেন দ্বিপক্ষীয় আলোচনার মাধ্যমে উভয় দেশ সমস্যা সমাধান করতে পারবে। মিয়ানমারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা উ থাউং তুন গতকাল ৪ জুলাই মঙ্গলবার ঢাকায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে তাঁর সঙ্গে দেখা করতে গেলে তিনি আরো বলেন, আমরা দ্বিপক্ষীয়ভাবে সমস্যা সমাধান করবো। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

**৫। জনসংশ্লিষ্টতা ব্যাহত না করে নিরাপত্তা নিশ্চিত করুন : পিজিআর সদস্যদের প্রতি রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ জনগণের সংশ্লিষ্টতা ব্যাহত না করে ভিভিআইপিদের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করতে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট (পিজিআর) সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল ৪ জুলাই মঙ্গলবার ঢাকা সেনানিবাসে পিজিআর সদর দপ্তরের দরবার হলে পিজিআর এর ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভাষণে রাষ্ট্রপতি বলেন, ভিভিআইপিদের নিরাপত্তা বিধান পিজিআরের গুরুত্বপূর্ণ দায়িত্ব। তবে এটা মাথায় রাখতে হবে যে, নিরাপত্তা পদক্ষেপের কারণে ভিভিআইপিদের জনসংযোগ যাতে ব্যাহত না হয় এবং তারা যাতে  জনগণ থেকে বিচ্ছিন্ন না হয়ে যান। রাষ্ট্রপতি পূর্ণ আস্থা ও চেইন অব কমান্ডের প্রতি শ্রদ্ধা রেখে দায়িত্ব ও কর্তব্য পালন করে যাওয়ার জন্য পিজিআর সদস্যদের প্রতি আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮),  **ডেইলি সান** (পৃ.১৪,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

**৬। দুর্যোগ শেষ না হওয়া পর্যন্ত সাহায্য অব্যাহত থাকবে : কুলাউড়ায় ত্রাণমন্ত্রী**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেছেন, যে পর্যন্ত বন্যাসৃষ্ট দুর্যোগ শেষ না হবে সে পর্যন্ত সাহায্য অব্যাহত থাকবে। ত্রাণমন্ত্রী গতকাল ৪ জুলাই মঙ্গলবার কুলাউড়া উপজেলার ভুকশিইল ইউনিয়নের ঘাটেরবাজারে বন্যাকবলিত এলাকা পরিদর্শন শেষে দুর্গতদের মাঝে ত্রাণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৪)।

**৭। বন্যা দুর্গতদের জন্য এক লাখ ডলার অনুদান চীনা রেডক্রসের**

সম্প্রতি অতিবৃষ্টি ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলের পানিতে সুনামগঞ্জের হাওর অঞ্চল, নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলায় ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটিকে ১ লাখ মার্কিন ডলার অনুদান দিয়েছে রেড ক্রস সোসাইটি অব চায়না। বাংলাদেশে চীনের দূতাবাসের মাধ্যমে এই অনুদানের চেক বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির কাছে হস্তান্তর করা হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৮। অনলাইন নিউজ পোর্টালের ভূমিকা প্রশংসনীয় : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, তাৎক্ষণিকভাবে সবার কাছে খবর পৌঁছে দিতে অনলাইন নিউজপোর্টালগুলোর ভূমিকা প্রশংসনীয়। প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ডিজিটাল বাংলাদেশ গড়ার পথে অনলাইন গণমাধ্যমের ভূমিকার কথা বিবেচনায় নিয়ে অনলাইন গণমাধ্যম নীতিমালা প্রণয়ন করা হয়েছে। গতকাল ৪ জুলাই মঙ্গলবার সচিবালয়ে বাংলাদেশ অনলাইন নিউজপোর্টাল অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময়কালে তথ্যমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৫)।

**৯। বয়লার বিস্ফোরণে নিহতদের প্রত্যেক পরিবার পাবে ৫ লাখ টাকা : শ্রম প্রতিমন্ত্রী**

গাজীপুরের কাশিমপুরে বয়লার বিস্ফোরণে নিহতদের প্রত্যেক পরিবারকে ৫ লাখ টাকা এবং আহতদের চিকিৎসার ব্যয়সহ এক লাখ করে টাকা দেওয়া হবে বলে জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু। গতকাল ৪ জুলাই মঙ্গলবার গাজীপুরের কাশিমপুরের নয়াপাড়ায় বয়লার বিস্ফোরণে ক্ষতিগ্রস্ত 'মাল্টিফ্যাবস লিমিটেড' কারখানা পরিদর্শনকালে গণমাধ্যমকে তিনি এ কথা জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **ইনকিলাব** (পৃ.১১,ক.৪)।

**১০। তারুণ্যের শক্তিই বাংলাদেশে ইতিবাচক পরিবর্তন ঘটাবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, তারুণ্যের শক্তিই বাংলাদেশে ইতিবাচক পরিবর্তন ঘটাবে। তরুণদের ক্ষুদ্র ক্ষুদ্র ইচ্ছা, মতামত বা দৃষ্টিভঙ্গি যখন সম্মিলিত ও সমন্বিতভাবে এগোয় তখনই পরিশোধিত নেতৃত্ব সৃষ্টি হয়। এই নেতৃত্ব গড়ে তুলবে আধুনিক বাংলাদেশ, যার ভাবমূর্তি বহির্বিশ্বে উজ্জ্বল থেকে উজ্জ্বলতর হবে। প্রতিমন্ত্রী গতকাল ৪ জুলাই মঙ্গলবার ইউনাইটেড নেশন্স ইউথ অ্যান্ড স্টুডেন্ট অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের উদ্যোগে বুয়েট মিলনায়তনে আয়োজিত বাংলাদেশ মডেল ইউনাইটেড নেশন্স ২০১৭ কনফারেন্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), **সংবাদ** (পৃ.৪,ক.৪)।

**১১। মাদক পাচারকারীরা বাংলাদেশ-ভারতের জন্য ক্ষতিকর : সীমান্ত পরিদর্শনকালে বিজিবি মহাপরিচালক**

বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আবুল হোসেন বলেছেন, আমরা বিএসএফকে বলেছি, মাদক পাচারকারীরা আমাদের দেশের জন্য যেমন ক্ষতিকর, তেমনি তাদের দেশের জন্যও। সন্ত্রাসীরাও উভয় দেশের জন্য সমান ক্ষতিকর। গতকাল ৪ জুলাই মঙ্গলবার আখাউড়া স্থলবন্দরের বিজিবির আইসিপি পরিদর্শনে এসে বিএসএফ কর্মকর্তাদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬)।

**১২। হজ ফ্লাইট শুরু ২৪ জুলাই**

চলতি বছর হজ ফ্লাইট শুরু হবে আগামী ২৪ জুলাই থেকে। সৌদি আরবের বেসামরিক বিমান পরিবহণ কর্তৃপক্ষ (জিএসিএ) এ ঘোষণা দিয়েছে। জিএসিএ কর্তৃপক্ষ বলছে, ১ জিলকদ থেকে হজযাত্রীদের বহনকারী হজ ফ্লাইট আসা শুরু হবে। সৌদি প্রেস এজেন্সি এক প্রতিবেদনে বলেছে, জেদ্দা কিং আবদুল আজিজ বিমানবন্দরে হজের শেষ ফ্লাইট অবতরণ করবে ২৬ আগস্ট। গত চার বছরের চেয়ে চলতি বছর হজযাত্রীদের সংখ্যা ২ লাখ

৬০ হাজার বেশি হতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৫)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** নওগাঁ জেলার ১১টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসকদের ২৭৫টি পদের বিপরীতে ১৯০টি পদই শূন্য ও ৯৯টি ইউনিয়ন ও স্বাস্থ্য কেন্দ্রের কোনটিতে বর্তমানে চিকিৎসক না থাকার খবরে উদ্বেগ প্রকাশ করে মফস্বল ও গ্রামাঞ্চলে প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসক নিয়োগের ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ** : চিকুনগুনিয়া রোগের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে কন্ট্রোল রুম খোলা হয়েছে উল্লেখ করে সরকারের সব বিভাগকে এ রোগ প্রতিরোধে সমন্বিতভাবে কাজ করার সুপারিশ।

গ. **সংবাদ, প্রথম আলো, যায়যায়দিন, সমকাল, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট, নিউ এজ** : গাজীপুরের কাশিমপুরে একটি পোশাক কারখানায় বয়লার বিস্ফোরণে ১০ জনের নিহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ বিস্ফোরণের ঘটনায় কাদের গাফলতি কাজ করেছে তা শনাক্ত করে অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়ে পোশাক কারখানাসহ বিভিন্ন শিল্প কারখানায় নিরাপদ কর্মপরিবেশ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ভোরের কাগজ :** চট্টগ্রাম নগরীর দীর্ঘদিনের জলাবদ্ধতা সমস্যার স্থায়ী সমাধান কামনা।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** সমাজ সেবা অধিদফতর কর্তৃক জয়পুরহাটে প্রাথমিক থেকে উচ্চ মাধ্যমিক পর্যায়ের ৪৩৫ জন প্রতিবন্ধী শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের বিষয় তুলে ধরে সরকারের পাশাপাশি বেসরকারি সংস্থাকেও এ ধরনের সহায়তায় এগিয়ে আসার আহ্বান।

চ. **ডেইলি সান** : বিমানের দুর্নীতি অব্যবস্থাপনা প্রতিহত করতে সরকারকে যথোপযুক্ত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি স্টার :** সম্প্রতি শিশু নির্যাতনের ঘটনা বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে শিশু অধিকার সুরক্ষায় ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

জ. **ফিনানসিয়াল এক্সপ্রেস :** পাহাড় ধসে ক্ষয়ক্ষতি কমাতে পাহাড়ে বসবাসরত জনগণকে নিরাপদ স্থানে পুনর্বাসনের ব্যবস্থা করাসহ তিন পার্বত্য জেলার পাহাড়গুলো সুরক্ষায় দীর্ঘমেয়াদি পরিকল্পনা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে মূলধারার প্রাথমিক বিদ্যালয়গুলোকে আরো সামর্থ্যবান করে তুলতে হবে ।

**নিবন্ধ ও ফিচার**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'কৃষি ও সবুজায়নে নারীর ভূমিকা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, কৃষি ও সবুজায়নে নারীর ভূমিকার মধ্য দিয়ে পরিবারের অর্থনৈতিক সচ্ছলতা যেমন আসে তেমনি রাষ্ট্রীয় অর্থনৈতিক প্রবৃদ্ধিতেও নারী অবদান রাখছে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১২৮/২০১৭**
**ঢাকা, মঙ্গলবার ৪ জুলাই ২০১৭, ২০ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বঙ্গবন্ধু স্যাটেলাইট পরিচালনায় কোম্পানি গঠনের প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন

২। বিচার বিভাগ যে সম্পূর্ণ স্বাধীন তা প্রমাণ হয়েছে : বিচারক অপসারণ রায় সম্পর্কে প্রধানমন্ত্রী

৩। পূর্ণাঙ্গ রায় হাতে পাওয়ার পর সরকার সিদ্ধান্ত নেবে : আইনমন্ত্রী

৪। রাষ্ট্রপতির সঙ্গে উগান্ডার হাইকমিশনারের বিদায়ী সাক্ষাৎ

৫। মালয়েশিয়ায় অবৈধ শ্রমিকরা আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে বৈধ হতে পারবেন : বাংলাদেশ হাইকমিশন

৬। রোহিঙ্গাদের ফেরত নেওয়ার আলোচনায় সম্মত মায়ানমার

৭। চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে জনবল বৃদ্ধির তাগিদ স্বাস্থ্যমন্ত্রীর

৮। কুটির শিল্পের উদ্যোক্তারা ১০ লাখ টাকা পর্যন্ত ঋণ পাবেন

৯। স্বল্প ব্যয়ে গৃহ নির্মাণে ঋণ দিচ্ছে আইডিবি

১০। বিজিবি-বিএসএফ রিজিয়ন সম্মেলন আজ

চলমান পাতা/২

**১। বঙ্গবন্ধু স্যাটেলাইট পরিচালনায় কোম্পানি গঠনের প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন**

দেশের প্রথম স্যাটেলাইট, বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি (বিসিএসসি) লিমিটেড গঠনের প্রস্তাব অনুমোদন করেছে মন্ত্রিসভা। সচিবালয়ে গতকাল ৩ জুলাই সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। মন্ত্রিপরিষদ সচিব বলেন, দেশের প্রথম উপগ্রহ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ খুব শীঘ্রই মহাকাশে যাত্রা শুরু করবে এবং বাংলাদেশ স্যাটেলাইট ক্লাবে যোগদান করতে যাচ্ছে। এটি পরিচালনার জন্য একটি কোম্পানি গঠন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়া মন্ত্রিপরিষদ বর্তমান আইনকে আরও সময়োপযোগী করার লক্ষ্যে 'বীজ আইন, ২০১৭'-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে। নতুন খসড়া আইন অনুযায়ী, কৃষি মন্ত্রণালয়ের সচিবকে চেয়ারম্যান ও একই মন্ত্রণালয়ের মহাপরিচালককে (সিড উইং) সদস্য সচিব করে ২৫ সদস্যবিশিষ্ট জাতীয় বীজ বোর্ড গঠন করা হবে। বোর্ডের কার্যক্রম সম্পর্কে মন্ত্রিপরিষদ সচিব বলেন, এটি মূলত বীজের গুণগতমান নিয়ন্ত্রণ করবে। প্রয়োজনীয় আইন তৈরির পর বীজ বোর্ডের যাবতীয় কার্যক্রম নির্ধারণ করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**২। বিচার বিভাগ যে সম্পূর্ণ স্বাধীন তা প্রমাণ হয়েছে : বিচারক অপসারণ রায় সম্পর্কে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিচার বিভাগ সম্পূর্ণ স্বাধীন। তারা যে কতটা স্বাধীন তার প্রমাণ উচ্চ আদালতের বিচারকদের অপসারণের ক্ষমতা জাতীয় সংসদের হাতে প্রদান সংক্রান্ত মামলার এই রায়। গতকাল ৩ জুলাই সোমবার মন্ত্রিসভার বৈঠকে আদালতের রায় সম্পর্কে আইনমন্ত্রী আনিসুল হক প্রধানমন্ত্রীকে অবহিত করলে তিনি বলেন, তাঁরা বিচারক। বিচারক হিসেবে তাঁরা রায় দিয়েছেন। রায় দেওয়ার স্বাধীনতা তাঁদের রয়েছে। তাঁরা যা ন্যায় বলে মনে করেছেন, তাই করেছেন। আর তা করার অধিকার বিচারকদের রয়েছে। কারণ আমাদের বিচার বিভাগ সম্পূর্ণ স্বাধীন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**৩। পূর্ণাঙ্গ রায় হাতে পাওয়ার পর সরকার সিদ্ধান্ত নেবে : আইনমন্ত্রী**

উচ্চ আদালতের বিচারপতিদের অপসারণের ক্ষমতা সংসদের হাতে দিয়ে সংবিধানের ষোড়শ সংশোধনী 'অবৈধ' ঘোষণার পূর্ণাঙ্গ রায় হাতে পাওয়ার পরই সরকার এ বিষয়ে সিদ্ধান্ত নেবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক। গতকাল ৩ জুলাই সোমবার এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৩)।

**৪। রাষ্ট্রপতির সঙ্গে উগান্ডার হাইকমিশনারের বিদায়ী সাক্ষাৎ**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে গতকাল ৩ জুলাই সোমবার বঙ্গভবনে উগান্ডার হাইকমিশনার এলিজাবেথ পলা ন্যাপেয়ক বিদায়ী সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে হাইকমিশনার বাংলাদেশে তাঁর দায়িত্ব পালনকালে সহযোগিতা করার জন্য রাষ্ট্রপতির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। দুই বন্ধুপ্রতিম রাষ্ট্রের মধ্যে বিদ্যমান বাণিজ্যিক সম্পর্কের কথা উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, উগান্ডা তাদের কৃষিজাত পণ্যের ক্ষেত্রে বাংলাদেশের বিশেষজ্ঞ জ্ঞান ও কৃষি প্রযুক্তির সহায়তা নিতে পারে। রাষ্ট্রপতি সম্ভাবনা যথাযথভাবে কাজে লাগানোর জন্য দু'দেশের মধ্যে উচ্চ পর্যায়ের সফর বিনিময়ের ওপর গুরুত্ব আরোপ করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.৪), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৬)।

**৫। মালয়েশিয়ায় অবৈধ শ্রমিকরা আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে বৈধ হতে পারবেন : বাংলাদেশ হাইকমিশন**

মালয়েশিয়ায় অবৈধ শ্রমিকদের রিহায়ারিংয়ের মাধ্যমে বৈধ হওয়ার আহ্বান জানিয়েছেন বাংলাদেশ হাইকমিশনের কাউন্সিলর (শ্রম) মো. সায়েদুল ইসলাম। তিনি বলেন, ই-কার্ড নেওয়ার সময়সীমা শেষ হলেও অবৈধ শ্রমিকদের বৈধ হওয়ায় সময়সীমা শেষ হয়নি। যারা এখনও বৈধ হতে পারেননি তারা আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত নিবন্ধনের মাধ্যমে বৈধ হতে পারবেন। গতকাল ৩ জুলাই সোমবার মিশনের হলরুমে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **যুগান্তর** (পৃ.১৪,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.২)।

**৬। রোহিঙ্গাদের ফেরত নেওয়ার আলোচনায় সম্মত মায়ানমার**

বাংলাদেশে অবৈধভাবে আসা মায়ানমারের নাগরিকদের (রোহিঙ্গা) ফেরত নেওয়ার বিষয়ে আলোচনা করতে সম্মত হয়েছে দেশটির কর্তৃপক্ষ। পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলীর সঙ্গে বৈঠককালে মায়ানমারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা থাউং টুন এ সম্মতির কথা জানান। বৈঠকে দুই দেশের স্বার্থসংশ্লিষ্ট বিষয় ছাড়াও দ্বিপক্ষীয় বিষয় নিয়ে আলোচনা হয়েছে। গতকাল ৩ জুলাই সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৭। চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে জনবল বৃদ্ধির তাগিদ স্বাস্থ্যমন্ত্রীর**

বহুল আলোচিত চিকুনগুনিয়া রোগের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে মশক নিধন কার্যক্রমকে ত্বরান্বিত করতে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনে জনবল বাড়ানোর তাগিদ দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ৩ জুলাই সোমবার মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র সাঈদ খোকনকে উদ্দেশ্য করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, চিকুনগুনিয়া প্রাণঘাতী রোগ না হলেও এর প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে এডিস মশা নির্মূল করতে হবে। মশক নিধনে সিটি কর্পোরেশনে লোকবল ঘাটতি রয়েছে। তাই দ্রুত এই সমস্যার সমাধানের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, জনবল কম থাকলে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা করতে হবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**৮। কুটির শিল্পের উদ্যোক্তারা ১০ লাখ টাকা পর্যন্ত ঋণ পাবেন**

কুটির শিল্পের উদ্যোক্তারা এখন থেকে ১০ লাখ টাকা পর্যন্ত ঋণ নিতে পারবেন। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ নির্দেশনায় এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫)।

**৯। স্বল্প ব্যয়ে গৃহ নির্মাণে ঋণ দিচ্ছে আইডিবি**

ইসলামী উন্নয়ন ব্যাংক (আইডিবি) বাংলাদেশে স্বল্প ব্যয়ে গৃহ নির্মাণের লক্ষ্যে রুরাল অ্যান্ড পেরি-আরবান ফাইন্যান্স প্রকল্পে অর্থায়নের জন্য ৯ কোটি ৫২ লাখ ৪০ হাজার ডলার অনুমোদন করেছে। বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ প্রায় ৭৬৫ কোটি টাকা। গত ২ জুলাই রোববার জেদ্দায় ব্যাংকটির নির্বাহী পরিচালক বোর্ডের ৩২০তম সভায় এই অনুমোদন দেওয়া হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **সংবাদ** (পৃ.১৪,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

**১০। বিজিবি-বিএসএফ রিজিয়ন সম্মেলন আজ**

আজ শুরু হচ্ছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর রিজিয়ন কমান্ডার (যশোর ও রংপুর রিজিয়ন) এবং বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) এর ফ্রন্টিয়ার আইজি (নর্থ বেঙ্গল, সাউথ বেঙ্গল ও গৌহাটি ফ্রন্টিয়ার) পর্যায়ে সীমান্ত সমন্বয় সম্মেলন। ভারতের কলকাতায় এ সম্মেলন অনুষ্ঠিত হবে। বরাবরের মতো এবারের সীমান্ত সমন্বয় সম্মেলনে সীমান্ত হত্যাসহ বিভিন্ন ইস্যুতে আলোচনা হবে। বিজিবির অতিরিক্ত মহাপরিচালক শাহরিয়ার আহমেদ চৌধুরীর নেতৃত্বে ২৪ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদল সম্মেলনে অংশগ্রহণ করবেন। অন্যদিকে, বিএসএফ নর্থ বেঙ্গল ফ্রন্টিয়ারের আইজি ড. রাজেশ মিশ্রা এর নেতৃত্বে ২৬ সদস্যের ভারতীয় প্রতিনিধিদল সম্মেলনে অংশগ্রহণ করবেন। বিজিবি সদর দফতর থেকে এ তথ্য জানানা হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **প্রথম আলো** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** দেশে ৭০ লাখ মাদকাসক্তের চিকিৎসায় মাত্র ২২০ জন চিকিৎসক থাকায় চিকিৎসক সংকটে মাদকাসক্তদের চিকিৎসাসেবা চরমভাবে ব্যাহত হচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

**খ.** **সংবাদ, প্রথম আলো, ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন :** পাহাড়ি ঢলে সৃষ্ট বন্যায় সিলেট বিভাগে ৫ লাখ মানুষ পানিবন্দী হয়ে পড়ার খবরে উদ্বেগ প্রকাশ করে বন্যাদুর্গতদের দ্রুত ত্রাণ সহায়তা দেওয়ার সুপারিশ।

**গ.** **যুগান্তর :** দেশে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের ব্যয় কমাতে প্রকল্পে নানা অনিয়ম দুর্নীতি দূর করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যায়যায়দিন, সমকাল :** রেমিট্যান্স কমে যাওয়ার খবর অর্থনীতির জন্য সুখবর নয় উল্লেখ করে জনশক্তি রফতানি খাতকে আরও অগ্রসর করার পাশাপাশি রেমিট্যান্স বৃদ্ধিতে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** রাজশাহী অঞ্চলের কমিউনিটি ক্লিনিকগুলো নারীদের বিশেষ করে গর্ভবতী নারীদের সেবা প্রদানে ব্যাপক অবদান রাখায় তৃণমূল পর্যায়ের জনগণের কাছে এসব ক্লিনিকের স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে জেলা-উপজেলা পর্যায়ে আরও উদ্যোগ নেওয়ার সুপারিশ।

চ. **নিউজ টুডে :** দেশের মোট শিক্ষার্থীর মাত্র ১০ শতাংশ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় দক্ষ হওয়ার পরিপ্রেক্ষিতে দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে সংশ্লিষ্ট নীতিনির্ধারকদের কারিগরি শিক্ষার ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **নিউ নেশন, সংবাদ :** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সচিব কমিটির বৈঠকের বিষয় তুলে ধরে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**আলোকিত বাংলাদেশ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, পাহাড় আমাদের প্রাকৃতিক সম্পদ, তাই এ সম্পদকে সঠিকভাবে কাজে লাগাতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'বাংলাদেশে ছাত্র রাজনীতি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, আপসহীন ত্যাগের মানসিকতাসম্পন্ন দেশপ্রেমিক রাজনৈতিক নেতাদের নেতৃত্বে ছাত্র রাজনীতি সুষ্ঠু ও সঠিক ধারায় ফিরে আসলে ছাত্র রাজনীতির প্রতি জনগণ আস্থাশীল হবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১২৭/২০১৭**
**ঢাকা, সোমবার ৩ জুলাই ২০১৭, ১৯ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

২। ঘুষ ও দুর্নীতি বন্ধে সচিবদের প্রতি নির্দেশ প্রধানমন্ত্রীর

৩। চট্টগ্রাম কাস্টম হাউস ২৪ ঘন্টা খোলা রাখতে হবে : প্রধানমন্ত্রী

৪। সরকার চলতি অর্থবছরে ১৫ লাখ মেট্রিক টন চাল আমদানি করবে

৫। হাওরে বাঁধ নির্মাণের দুর্নীতিতে ৬১ জনের বিরুদ্ধে মামলা

৬। পাহাড়ি ঢলে তিন জেলায় দুই লাখ মানুষ পানিবন্দী

৭। ছয় প্রকল্পে ১৩ হাজার কোটি টাকা দিচ্ছে জাইকা

৮। বিচারকদের চাকরি বিধিমালার গেজেট ১৫ জুলাইয়ের মধ্যে : আইনমন্ত্রী

৯। মানবাধিকার সম্মেলন এসডিজি অর্জনে ভূমিকা রাখবে : স্পিকার

১০। জঙ্গিবাদ নির্মূলে গোটা জাতিকে এগিয়ে আসতে হবে : আইজিপি

চলমান পাতা/২

**১। রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ২ জুলাই রোববার সন্ধ্যায় বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদীন জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাষ্ট্রপতির সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন। এ ছাড়া প্রধানমন্ত্রী সম্প্রতি তাঁর সুইডেন সফর এবং জাতীয় সংসদের ২০১৭-১৮ অর্থবছরের বাজেট পাস সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**২। ঘুষ ও দুর্নীতি বন্ধে সচিবদের প্রতি নির্দেশ প্রধানমন্ত্রীর**

চলতি অর্থবছরের বাজেট বাস্তবায়নে সচিবদের আরও আন্তরিক হওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, এবারের বাজেট দেশের ইতিহাসে সবচেয়ে বড়, তা বাস্তবায়নে সবাইকে একযোগে কাজ করতে হবে। শেষ দিকে তাড়াহুড়া না করে অর্থবছরের শুরুতেই বাস্তবায়নের কৌশল নির্ধারণ করতে হবে। বেতন-ভাতা বাড়ানোর প্রসঙ্গ উল্লেখ করে দুর্নীতি বন্ধের আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, সীমিত বাজেটের মধ্য থেকে বেতন প্রায় দ্বিগুণ করা হয়েছে। এর মূল্যায়ন আপনাদেরই করতে হবে। প্রতিটি ক্ষেত্রে দুর্নীতি বন্ধ করতে হবে। দুর্নীতি প্রশ্নে কাউকে ছাড় দেওয়া হবে না। গতকাল ২ জুলাই রোববার সচিবালয়ে সচিব সভার বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)। **জনকণ্ঠ, ইনকিলাব, ডেইলি সান, নিউ এজ, এশিয়ান এজ** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৩। চট্টগ্রাম কাস্টম হাউস ২৪ ঘন্টা খোলা রাখতে হবে : প্রধানমন্ত্রী**

দেশের প্রধান রাজস্ব আদায়কারী প্রতিষ্ঠান চট্টগ্রাম কাস্টম হাউস ২৪ ঘন্টা খোলা রাখার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ২ জুলাই রোববার সচিবালয়ে অনুষ্ঠিত সচিব সভায় আমদানি-রফতানির সুবিধার্থে এ নির্দেশ দেন তিনি। সভা শেষে মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) এনএম জিয়াউল আলম বিষয়টি জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১)।

**৪। সরকার চলতি অর্থবছরে ১৫ লাখ মেট্রিক টন চাল আমদানি করবে**

দেশে স্থিতিশীল খাদ্যপণ্যের মূল্য নিয়ন্ত্রণে রাখাসহ খাদ্য ঘাটতি পূরণে সরকার চলতি আর্থিক বছরে বিদেশ থেকে ১০ থেকে ১৫ লাখ মেট্রিক টন চাল আমদানির পরিকল্পনা গ্রহণ করেছে। গতকাল ২ জুলাই রোববার খাদ্য অধিদফতরের মহাপরিচালক বদরুল হাসান বলেন, 'প্রাথমিকভাবে আমাদের ৬ লাখ মেট্রিক টন চাল আমদানির পরিকল্পনা রয়েছে, তবে খাদ্য ঘাটতি পূরণে এই আমদানির পরিমাণ ১০ থেকে ১৫ লাখ মেট্রিক টনে বাড়তে পারে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১)।

**৫। হাওরে বাঁধ নির্মাণের দুর্নীতিতে ৬১ জনের বিরুদ্ধে মামলা**

হাওরে বাঁধ নির্মাণে দুর্নীতি, অনিয়ম ও কর্তব্যে অবহেলার অভিযোগে সিলেট-সুনামগঞ্জ অঞ্চলে পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) ১৫ কর্মকর্তা এবং সংশ্লিষ্ট ৪৬ ঠিকাদারসহ ৬১ জনের বিরুদ্ধে মামলা করেছে দুর্নীতি দমন কমিশন। গতকাল ২ জুলাই সুনামগঞ্জ সদর থানায় দুদকের সহকারী পরিচালক ফারুক আহমেদ বাদী হয়ে এ মামলা করেন। মামলার পরপরই সুনামগঞ্জে পাউবোর নির্বাহী প্রকৌশলী মো. আফসার উদ্দিনসহ দুজনকে গ্রেফতার করেছে দুদক। এছাড়া বাকি আসামিদের গ্রেফতারেও অভিযান চলছে। দুদকের উপ পরিচালক (গণমাধ্যম) প্রণব কুমার ভট্টাচার্য এ তথ্য নিশ্চিত করেছেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.১,ক.৮) **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**৬। পাহাড়ি ঢলে তিন জেলায় দুই লাখ মানুষ পানিবন্দী**

বর্ষণ ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে সিলেট, রংপুর ও নীলফামারীতে পানিবন্দী হয়ে পড়েছে দুই লাখেরও বেশি মানুষ। তলিয়ে গেছে বিস্তীর্ণ এলাকার ধানী জমি।

এছাড়া পানিতে তলিয়ে যাওয়ায় বন্ধ করে দেওয়া হয়েছে বহু শিক্ষাপ্রতিষ্ঠান। সিলেটের অতিরিক্ত জেলা প্রশাসক শহীদুল ইসলাম চৌধুরী জানান, ভারতের মেঘালয় ও আসাম রাজ্যে টানা বৃষ্টির কারণে বরাক নদীতে পানি বেড়ে যাওয়ায় বরাকের শাখা সুরমা ও কুশিয়ারা নদীতে পানি বৃদ্ধি পেয়েছে। নদীর পানি তীর উপচে গ্রাম এলাকায় প্রবেশ করছে। ফলে নদী অববাহিকায় গ্রামগুলো তলিয়ে গেছে। এপ্রিলে অতিবৃষ্টি আর বন্যায় হাওড়ে ফসলহানির পর আবার নতুন দুর্যোগে দিশেহারা হয়ে পড়েছে এলাকার মানুষ। প্রশাসন থেকে দুর্গতদের মাঝে দ্রুত সহায়তা দেয়ার উদ্যোগ নেওয়া হচ্ছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

**৭। ছয় প্রকল্পে ১৩ হাজার কোটি টাকা দিচ্ছে জাইকা**

বিমানবন্দর সম্প্রসারণ, সেতু নির্মাণ, বিদ্যুৎ সঞ্চালন ও বিদ্যুৎকেন্দ্র স্থাপন, পরিবহণ ব্যবস্থা এবং পানিসম্পদ উন্নয়নের ছয় প্রকল্পে বাংলাদেশকে প্রায় ১৩ হাজার কোটি টাকা ঋণ দিচ্ছে জাপান। গত ২৯ জুন বৃহস্পতিবার অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) ও জাপানের আন্তর্জাতিক সহযোগিতা সংস্থার (জাইকা) মধ্যে এ বিষয়ে ঋণ চুক্তি হয়েছে। চুক্তিতে ইআরডির ভারপ্রাপ্ত সচিব কাজী শফিকুল আজম ও জাইকার বাংলাদেশ-প্রধান তাকাতোসি নিশিকাতা স্বাক্ষর করেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.১), **সংবাদ** (পৃ.১৪,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

**৮। বিচারকদের চাকরি বিধিমালার গেজেট ১৫ জুলাইয়ের মধ্যে : আইনমন্ত্রী**

নিম্ন আদালতের বিচারকদের চাকরির শৃঙ্খলা ও আচরণ সংক্রান্ত বিধিমালার গেজেট আগামী **১৫** জুলাইয়ের আগেই প্রকাশ করা হবে বলে আশ্বস্ত করেছেন আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক। গতকাল ২ জুলাই রোববার বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে এক অনুষ্ঠান শেষে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**৯। মানবাধিকার সম্মেলন এসডিজি অর্জনে ভূমিকা রাখবে : স্পিকার**

কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের (সিপিএ) নির্বাহী কমিটির চেয়ারপারসন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, জাতীয় মানবাধিকার কমিশনের উদ্যোগে আঞ্চলিক সম্মেলন এসডিজি অর্জনে ইতিবাচক ভূমিকা রাখবে। গতকাল ২ জুলাই রোববার স্পিকারের সঙ্গে তাঁর কার্যালয়ে জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক সৌজন্য সাক্ষাৎ করে সম্মেলন আয়োজনের বিষয়টি অবহিত করলে স্পিকার এসব কথা বলেন। এসডিজির বিভিন্ন লক্ষ্যের সঙ্গে মানবাধিকারের সংশ্লেষ থাকায় জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ এর উদ্যোগে ঢাকায় একটি আঞ্চলিক সম্মেলন আয়োজনের বিষয়ে স্পিকারকে অবহিত করেন তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪)।

**১০। জঙ্গিবাদ নির্মূলে গোটা জাতিকে এগিয়ে আসতে হবে : আইজিপি**

হলি আর্টিজানে জঙ্গি হামলার পর জঙ্গিদের বিরুদ্ধে ব্যাপক অভিযান পরিচালনার কথা জানিয়ে পুলিশ প্রধান একেএম শহীদুল হক বলেছেন, জঙ্গিবাদ আমরা পুরোপুরি নির্মূল করতে না পারলেও তাদের শক্তি গুঁড়িয়ে দেওয়া হয়েছে। হলি আর্টিজানের পর বড় বড় জঙ্গিদের পরাস্ত করা হয়েছে। অনেক জঙ্গি নিহত হয়েছে, অনেকে গ্রেফতার হয়েছে এবং জেলে আছে। তবে জঙ্গিবাদ পুরোপুরি নির্মূল করতে হলে গোটা জাতিকে একযোগে এগিয়ে আসতে হবে। গতকাল ২ জুলাই রোববার পুলিশ সদর দফতরে ক্রাইম রিপোর্টার্সদের সঙ্গে ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে এসব কথা বলেন আইজিপি একেএম শহীদুল হক। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **সমকাল** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৭)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, প্রথম আলো :** পাহাড় ধসে মৃত্যু রোধ করতে পরিকল্পিত ব্যবস্থা গ্রহণ করার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** মানবপাচার বন্ধে সরকারকে বৈধ পথে জনশক্তি রপ্তানির উদ্যোগ বাড়ানোর সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** দেশে প্রতিবছর রক্তের ব্যাগের প্রয়োজন ৯ লাখ থাকলেও পাওয়া যায় ৭ লাখ ব্যাগ–এ খবরে উদ্বেগ প্রকাশ করে রক্ত সংগ্রহের ব্যাপারে স্বাস্থ্য মন্ত্রণালয়কে জরুরি উদ্যোগ নেওয়ার আহ্বান।

ঘ. **সমকাল :** দেশের উত্তর-পূর্বাঞ্চল ও উত্তরাঞ্চলে বন্যা পরিস্থিতির অবনতির খবরে উদ্বেগ প্রকাশ করে ত্রাণ ও পুনর্বাসনের প্রস্তুতি নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** ভূমি জরিপ সংক্রান্ত ২ লাখ ৬২ হাজার মামলা পেন্ডিং থাকায় জনদুর্ভোগ লাঘবে আপিল ট্রাইব্যুনাল গঠনের সুপারিশ।

চ. **ডেইলি সান :** সরকারি হাসপাতালে রোগীর প্রতি ডাক্তারের অবহেলা ও ভুল চিকিৎসার চিত্র তুলে ধরে সঠিক চিকিৎসাসেবা নিশ্চিত করতে কঠোর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ছ. **অবজারভার :** মার্কিন যুক্তরাষ্ট্রের এক প্রকাশনায় বিশ্বের শ্রেষ্ঠ নেতৃত্বের গুণাবলী সম্পন্ন ৬ ব্যক্তির তালিকায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার নাম থাকা দেশের জন্য গর্বের বিষয় হিসেবে উল্লেখ করে সরকারের নীতিনির্ধারক ও দলীয় নেতাদের দায়িত্ব ও কর্তব্য সততা ও নিষ্ঠার সঙ্গে প্রতিপালনের প্রত্যাশা।

জ. **নিউজ টুডে :** চিকুনগুনিয়া রোগের হাত থেকে জনগণকে রক্ষা করতে উভয় ঢাকা সিটি করপোরেশনকে সমন্বিতভাবে কার্যক্রম চালানোর আহ্বান।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ দমনে সকলের সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় **'রাজনৈতিক দুর্বৃত্তায়ন বন্ধ করা প্রয়োজন'** শিরোনামের নিবন্ধে সুশাসনের জন্য ঘুষ-দুর্নীতিসহ রাজনৈতিক দুর্বৃত্তায়ন বন্ধ করার আহ্বান।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১২৬/২০১৭**
**ঢাকা, রোববার ২ জুলাই ২০১৭, ১৮ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। হলি আর্টিজান হামলার এক বছর : পাশে থাকার জন্য বন্ধু রাষ্ট্র ও সরকারের প্রতি কৃতজ্ঞতা পররাষ্ট্র প্রতিমন্ত্রীর

২। জঙ্গিরা দুর্বল হলেও নির্মূল হয়নি : সড়ক পরিবহণ মন্ত্রী

৩। সাম্প্রদায়িকতা সমৃদ্ধ বাংলাদেশ গড়ার পথে বাধা : সংস্কৃতিমন্ত্রী

৪। টানা তৃতীয়বার রাজস্ব আদায়ে লক্ষ্যমাত্রা অর্জন

৫। পিপিপি প্রকল্পে ১০ বছরের কর অব্যাহতি

৬। উৎপাদনশীল খাতে বেশি করে এসএমই ঋণ দেওয়ার নির্দেশ বাংলাদেশ ব্যাংকের

৭। স্পেনের সঙ্গে বাংলাদেশের রফতানি বাণিজ্য বাড়ছে

৮। মানবতার সেবায় রোটারি ক্লাবের অবদান অনস্বীকার্য : স্পিকার

৯। নতুন প্রজন্মকে জাতির প্রত্যাশা পূরণে অগ্রণী ভূমিকা নিতে হবে : শিক্ষামন্ত্রী

১০। সংগীতজ্ঞ করুণাময় গোস্বামী ও মুক্তিযোদ্ধা সৈয়দ শহীদুল হক এর মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

চলমান পাতা-২

১। **হলি আর্টিজান হামলার এক বছর : পাশে থাকার জন্য বন্ধু রাষ্ট্র ও সরকারের প্রতি কৃতজ্ঞতা পররাষ্ট্র প্রতিমন্ত্রীর**

গুলশানের হলি আর্টিজান বেকারিতে সন্ত্রাসী হামলার পর গত এক বছরে বাংলাদেশ সরকারের পাশে থাকার জন্য বিদেশি ব্যক্তিবর্গ, বন্ধু রাষ্ট্র ও সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম তাঁর ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে বলেন, কঠিন সময়ে বাংলাদেশের পাশে দাঁড়ানোর জন্য বিদেশি জনগণ ও সরকার বিশেষ করে ইতালি, জাপান, ভারত, যুক্তরাষ্ট্র এবং জাপানের আন্তর্জাতিক সহযোগিতা এজেন্সির (জাইকা) প্রতি আমরা কৃতজ্ঞাতা প্রকাশ করছি। তিনি আরো বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার সকলের সহযোগিতায় সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে সফল হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

২। **জঙ্গিরা দুর্বল হলেও নির্মূল হয়নি : সড়ক পরিবহণ মন্ত্রী**

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বাংলাদেশে জঙ্গিরা দুর্বল হলেও এখনো পুরোপুরি নির্মূল হয়নি। এক্ষেত্রে শুধু আইন-শৃঙ্খলা বাহিনী বা সেনাবাহিনীর ওপর নির্ভর করলে চলবে না। আমাদের জনগণকে সঙ্গে নিয়ে সচেতনতা সৃষ্টি করতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে জঙ্গিবাদের বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহ্বান জানান তিনি। গতকাল ১ জুলাই শনিবার রাজধানীর গুলশানের হলি আর্টিজান রেস্তোরাঁয় হামলার এক বছর উপলক্ষে সেখানে জঙ্গিদের হাতে নিহত দেশি-বিদেশি নাগরিকদের প্রতি ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন শেষে তিনি এসব কথা বলেন। **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

৩। **সাম্প্রদায়িকতা সমৃদ্ধ বাংলাদেশ গড়ার পথে বাধা : সংস্কৃতিমন্ত্রী**

মুক্তিযুদ্ধের চেতনা নিয়ে আমরা যে সমৃদ্ধশালী বাংলাদেশ গড়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছি তার প্রধান বাধা সাম্প্রদায়িকতা বলে মন্তব্য করেছেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। তিনি বলেন, যারা মানুষ হত্যা করে তারা কোনো ধর্মের অন্তর্ভুক্ত হতে পারে না। কারণ কোনো ধর্ম মানুষ হত্যা করা শেখায় না। গতকাল ১ জুলাই শনিবার সম্মিলিত সাংস্কৃতিক জোট আয়োজিত এক শান্তি সমাবেশে তিনি এই মন্তব্য করেন। হলি আর্টিজানে সন্ত্রাসী হামলার বর্ষপূর্তি উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনারে এই সমাবেশের আয়োজন করা হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১৫,ক.৬), **সমকাল** (পৃ.৩,ক.২)।

৪। **টানা তৃতীয়বার রাজস্ব আদায়ে লক্ষ্যমাত্রা অর্জন**

২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন করল জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। এ নিয়ে ২০১৪-১৫ অর্থবছর, ২০১৫-১৬ অর্থবছরের পর টানা তৃতীয়বারের মতো এবারও রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হয়েছে সংস্থাটি। এনবিআর সূত্র জানায়, ২০১৬-১৭ অর্থবছরে বাজেটে ২ লাখ ৩ হাজার ১৫২ কোটি টাকা রাজস্ব লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। পরে তা সংশোধন করে ১ লাখ ৮৫ কোটি টাকায় নামিয়ে আনা হয়। ২০১৬-১৭ অর্থবছরের ৩০ জুন পর্যন্ত (সাময়িক) ১ লাখ ৮৫ হাজার ৭১ কোটি টাকার রাজস্ব আদায় হয়েছে। **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **অবজাভার** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৭),

৫। **পিপিপি প্রকল্পে ১০ বছরের কর অব্যাহতি**

সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) অধীনে অবকাঠামো কার্যক্রম গতিশীল করতে এসব প্রকল্পে কর অব্যাহতি দিয়েছে সরকার। এখন থেকে ১০ বছরের জন্য কর অব্যাহতি পাবে অবকাঠামো খাতের প্রকল্পগুলো। এ জন্য প্রকল্পগুলোকে ঠিকভাবে হিসাব রেখে আয়কর রিটার্ন দাখিল করতে হবে। নিতে হবে ১২ ডিজিটের টিআইএন নম্বর। ১ জুলাই থেকে এ সিদ্ধান্ত কার্যকর হয়েছে। সম্প্রতি এনবিআর এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছে। **সমকাল** (পৃ.১০,ক.৫)।

**৬। উৎপাদনশীল খাতে বেশি করে এসএমই ঋণ দেওয়ার নির্দেশ বাংলাদেশ ব্যাংকের**

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মোট ঋণের অন্তত ২০ শতাংশ ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতে বিতরণের নির্দেশনা বহাল রেখেছে কেন্দ্রীয় ব্যাংক। তবে খাত ভিত্তিক বিভাজনের ক্ষেত্রে উৎপাদনশীল খাতে বেশি জোর দিতে বলা হয়েছে। এছাড়া জাতীয় শিল্প নীতির আলোকে এসএমইর সংজ্ঞা ও ঋণ সীমা পুনঃনির্ধারণ করা হয়েছে। গত ২৯ জুন বৃহস্পতিবার আলাদা দু'টি সার্কুলারের মাধ্যমে এসব নির্দেশনা দিয়েছে বাংলাদেশ ব্যাংক। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭)।

**৭। স্পেনের সঙ্গে বাংলাদেশের রফতানি বাণিজ্য বাড়ছে**

স্পেনের সঙ্গে বাংলাদেশের রফতানি বাণিজ্য ক্রমান্বয়ে বাড়ছে। চলতি ২০১৬-১৭ অর্থবছরের জুলাই-মে মেয়াদে (প্রথম ১১ মাসে) ওই দেশে ১৮৩ কোটি ৩৬ লাখ ৫০ হাজার মার্কিন ডলার বা ১৪ হাজার ৭৮৭ কোটি টাকার পণ্য রফতানি করা হয়েছে; যা ২০১৫-১৬ অর্থবছরের একই সময়ের তুলনায় ২ দশমিক ৪ শতাংশ বেশি। রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সর্বশেষ হালনাগাদ থেকে এই তথ্য জানা গেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৫)।

**৮। মানবতার সেবায় রোটারি ক্লাবের অবদান অনস্বীকার্য : স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, আর্তমানবতার সেবায় রোটারি ক্লাবের অবদান অনস্বীকার্য। 'মানুষ মানুষের জন্য' এ ব্রত নিয়ে মানুষের দুঃখ-দুর্দশায় তাদের পাশে দাঁড়াতে পারাই প্রকৃত মানবতা। মানব সেবার এ দৃঢ় প্রত্যয় নিয়ে কাজ করলে জাতিসংঘ-নির্ধারিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-২০৩০ অর্জনে বাংলাদেশের খুব বেশি সময় লাগবে না। গতকাল ১ জুলাই শনিবার ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে রোটারি ইন্টারন্যাশনাল ডিস্ট্রিক্ট ৩২৮১ আয়োজিত 'রোটারি বর্ষ উদযাপন-২০১৭' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। **সমকাল** (পৃ.৭,ক.৫)।

**৯। নতুন প্রজন্মকে জাতির প্রত্যাশা পূরণে অগ্রণী ভূমিকা নিতে হবে : শিক্ষামন্ত্রী**

নতুন প্রজন্মকে জনগণের প্রতি দায়বদ্ধ থেকে পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে ওঠার আহ্বান জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'জাতির প্রত্যাশা পূরণে তাদের অগ্রসৈনিকের ভূমিকা পালন করতে হবে।' শিক্ষামন্ত্রী গতকাল ঢাকা কলেজ অডিটরিয়ামে কলেজের একাদশ শ্রেণীর ছাত্রদের ওরিয়েন্টেশন ও নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। গতকাল ১ জুলাই শনিবার সারাদেশে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক পর্যায়ে ক্লাস শুরু উপলক্ষে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে মন্ত্রী ঢাকা কলেজে একাদশ শ্রেণীর ক্লাস শুরুর উদ্বোধন করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৭) **সমকাল** (পৃ.৫,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **নিউ এজ** (পৃ.৩,ক.৪)।

**১০। সংগীতজ্ঞ করুণাময় গোস্বামী ও মুক্তিযোদ্ধা সৈয়দ শহীদুল হক এর মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক**

একুশে পদকে ভূষিত সংগীত বিষয়ক লেখক ও নজরুল বিশেষজ্ঞ অধ্যাপক ড. করুণাময় গোস্বামী গত শুক্রবার রাতে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় পরলোকগমন করেন। তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর। তাঁর মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক প্রকাশ করেছেন। শোক বার্তায় শিল্প-সাহিত্য ও সঙ্গীতে করুণাময় গোস্বামীর অবদানের কথা স্মরণ করেন প্রধানমন্ত্রী।

একাত্তরে মুক্তিযুদ্ধের গেরিলা কমান্ডার সৈয়দ শহীদুল হক আর নেই। মুক্তিযুদ্ধে গেরিলা বাহিনীর প্রধান সুইডেন প্রবাসী শহীদুল হক গত ৩০ জুন শুক্রবার রাত ১২টায় কাতারের রাজধানী দোহায় একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এক শোকবার্তায় প্রধানমন্ত্রী মহান মুক্তিযুদ্ধে তাঁর অবদানের কথা উল্লেখ করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৮), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, জনকণ্ঠ :** গাবতলী পশুর হাটে অগ্নিকাণ্ডের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ঘটনার সুষ্ঠু তদন্তের পাশাপাশি অগ্নিকাণ্ড রোধে সচেতনতার আহ্বান।

খ. **সংবাদ :** ব্যাংকিং খাতে অনিয়ম দুর্নীতি বন্ধে ঋণখেলাপি ও তাদের দোসরদের আইনের আওতায় আনার দাবি।

গ. **সমকাল, প্রথম আলো, ইনকিলাব :** সুইস ব্যাংকে বাংলাদেশিদের আমানত প্রায় সাড়ে পাঁচ হাজার কোটি টাকা যা আগের বছরগুলোর তুলনায় আরও বৃদ্ধি পেয়েছে উল্লেখ করে পাচার হওয়া এসব অর্থের উৎস খুঁজে বের করে পাচার রোধে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ

ঘ. **যায়যায়দিন, ইত্তেফাক :** দফায় দফায় চালের মূল্য বৃদ্ধিতে উদ্বেগ প্রকাশ করে সরকারকে এ ব্যাপারে কঠোর নজরদারির সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** রাজশাহীর বরেন্দ্র অঞ্চলে বাড়ির আঙ্গিনায় সবজি ও ফলমূলের বাগান করার প্রবণতা বৃদ্ধি পাওয়ার পরিপ্রেক্ষিতে এ কাজে সে অঞ্চলের কৃষক ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর লোকজনদের যথাযথ প্রশিক্ষণ দিয়ে আরও অধিক ফলনের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি স্টার :** ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে স্থাপিত ময়লা ফেলার বিনগুলো নষ্ট হওয়া ও চুরি হয়ে যাওয়ার চিত্র তুলে ধরে এ কাজে যথাযথ তত্ত্বাবধানের ও চুরি প্রতিরোধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

ছ. **নিউ এজ :** সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণকারী সাংবাদিক মোজাম্মেল হোসেন মন্টুর পরিবারকে ক্ষতিপূরণ হিসেবে অতি দ্রুত এক কোটি ৬৯ লাখ টাকা দিতে বাংলাদেশ বেভারেজ ইন্ডাস্ট্রিজের প্রতি আপিল বিভাগের নির্দেশ যথাযথভাবে প্রতিপালনের প্রত্যাশা।

জ. **নিউ নেশন :** বাংলাদেশের প্রায় ১০ মিলিয়ন শিশু, তরুণ ও যুবক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে নাম অন্তর্ভুক্তকরণের বাইরে থাকায় সরকারকে দারিদ্র্যদূরীকরণে ও শিক্ষা খাতে বরাদ্দ বাড়ানোর সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**নিবন্ধ ও ফিচার**

**আলোকিত বাংলাদেশ** পত্রিকায় প্রকাশিত **'শিশুশ্রম বন্ধে চাই সামাজিক প্রতিরোধ'** শিরোনামের নিবন্ধে শিশুশ্রম বন্ধে সামাজিক ও রাজনৈতিক সদিচ্ছা এবং অঙ্গীকার থাকলে বাস্তবায়নের পথও উন্মুক্ত হবে বলে অভিমত প্রকাশ।

#

শুকলা/মরজিনা/সাঈদা/ তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১২৫/২০১৭**
**ঢাকা, বৃহস্পতিবার ২৯ জুন ২০১৭, ১৫ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আবগারি শুল্ক কমিয়ে অর্থবিল পাস

২। ভ্যাট আইন দুই বছর স্থগিত এবং আবগারি শুল্ক কমানোর পরামর্শ প্রধানমন্ত্রীর

৩। জঙ্গি দমনে বাংলাদেশ বিশ্বে রোল মডেল : সংসদে প্রধানমন্ত্রী

৪। ঈদ বন্ধুত্বপূর্ণ সমাজ গড়ে তোলে : রাষ্ট্রপতি

৫। সমৃদ্ধ দেশ গড়তে সবার সহযোগিতা চাই : গণভবনে ঈদ শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী

৬। চালের দাম শীঘ্রই স্বাভাবিক হয়ে আসবে : বাণিজ্যমন্ত্রী

৭। হলি আর্টিজান হামলার নির্ভুল চার্জশিট শীঘ্রই : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। বর্তমানে অধিকাংশ অপরাধ ইন্টারনেটকেন্দ্রিক : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী

৯। দেশে ১৫ বছরের উর্ধ্বে কর্মক্ষম জনগোষ্ঠী ৫৮.৫ শতাংশ : সংসদে পরিকল্পনামন্ত্রী

১০। সারাদেশে রথযাত্রা উদ্‌যাপিত

চলমান পাতা-২

**১। আবগারি শুল্ক কমিয়ে অর্থবিল পাস**

প্রস্তাবিত নতুন ভ্যাট আইন প্রত্যাহার ও ব্যাংক আমানতের ওপর বিদ্যমান আবগারি শুল্ক প্রত্যাহার, চালের উপর আমদানি শুল্ক ১০ শতাংশ বহাল রাখাসহ বেশ সুবিধা দিয়ে অর্থবিল-২০১৭ পাস হয়েছে। গতকাল ২৮ জুন বুধবার জাতীয় সংসদ অধিবেশনে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বিলটি পাসের প্রস্তাব উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়। এ সময় অর্থমন্ত্রী বহুল বিতর্কিত ভ্যাট আইন প্রত্যাহার এবং ব্যাংক আমানতের এক লাখ টাকা পর্যন্ত শুল্ক মওকুফসহ আমানতের ওপর আবগারি শুল্ক পুনর্বিন্যাস করেন। সূত্র- **ইনকিলাব** (পৃ.১,ক ৫), **সংবাদ** (পৃ.১, ক ৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক ২)।

**২। ভ্যাট আইন দুই বছর স্থগিত এবং আবগারি শুল্ক কমানোর পরামর্শ প্রধানমন্ত্রীর**

ভ্যাট আইন-২০১২ এর কার্যকারিতা আরও দুই বছর কার্যকর না করা ও ব্যাংক আমানতের ওপর পাঁচ লাখ টাকা পর্যন্ত আবগারি শুল্ক ১৫০ টাকা করার পরামর্শ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ২৮ জুন বুধবার সংসদে বাজেট আলোচনায় অংশ নিয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতকে তিনি এসব পরামর্শ দেন। এছাড়া চালের ওপর আমদানি শুল্ক যতদিন প্রয়োজন ততদিন ১০ শতাংশ বহাল রাখারও পরামর্শ দেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী বলেন, বাজেট মানুষের জন্য, মানুষের কোনো কষ্ট হোক এটা আমরা চাই না। তিনি বলেন, ১৯৯১ সালের ভ্যাট আইন ও হারই কার্যকর থাকছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৩। জঙ্গি দমনে বাংলাদেশ বিশ্বে রোল মডেল : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর জঙ্গি দমনে 'জিরো টলারেন্স' নীতির ভিত্তিতে কার্যকর পদক্ষেপ ও পরিকল্পনা গ্রহণ করায় জঙ্গি দমনে সারা বিশ্বে বাংলাদেশ আজ 'রোল মডেল' হিসেবে বিবেচিত হচ্ছে। গতকাল ২৮ জুন বুধবার দশম জাতীয় সংসদের ১৬তম (বাজেট) অধিবেশনের ১৮তম কার্যদিবসে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.ক ৪), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.ক ১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২, ক ৭)।

**৪। ঈদ বন্ধুত্বপূর্ণ সমাজ গড়ে তোলে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, শান্তিপূর্ণ ও বন্ধুত্বপূর্ণ সমাজ গড়ে তুলতে এবং ধনী-দরিদ্র, বিশিষ্ট ব্যক্তি, সুবিধাবঞ্চিত লোকসহ সব মানুষকে এক ছাতার নিচে নিয়ে আসার সুযোগ সৃষ্টি করে দেয় ঈদ। বঙ্গভবনে গত ২৬ জুন সোমবার পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে রাষ্ট্রপতি এ কথা বলেন। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং তাঁর স্ত্রী রাশিদা খানম এ দিন সংবর্ধনা অনুষ্ঠানে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২, ক.৭), **সমকাল** (পৃ.২, ক. ৮)।

**৫। সমৃদ্ধ দেশ গড়তে সবার সহযোগিতা চাই : গণভবনে ঈদ শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে সবার সহযোগিতা চেয়েছেন। তিনি বলেন, বাংলাদেশ আবার জেগে উঠেছে, হারানো মর্যাদা পুনঃপ্রতিষ্ঠা করেছে। আমরা জাতির পিতার স্বপ্নের দারিদ্র্য ও ক্ষুধামুক্ত উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ গড়তে চাই। এজন্য নারী-পুরুষ ও ধর্ম-বর্ণ নির্বিশেষে সবার সহযোগিতা চাই। গত ২৬ জুন সোমবার ঈদুল ফিতরের দিন গণভবনে সর্বস্তরের মানুষের সঙ্গে শুভেচ্ছা বিনিময় শেষে প্রধানমন্ত্রী সাংবাদিকদের সাথে আলাপকালে এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক ৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

চলমান পাতা/৩

৬। **চালের দাম শীঘ্রই স্বাভাবিক হয়ে আসবে : বাণিজ্যমন্ত্রী**

চালের দাম শীঘ্রই স্বাভাাবিক হয়ে আসবে বলে আশা প্রকাশ করেছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, ভিয়েতনাম থেকে আড়াই লাখ মেট্রিক টন চাল আমদানি করার কথা রয়েছে। সেই চাল শীঘ্রই দেশে পৌঁছাবে। ওই চাল আসলেই দেশে চালের বাজার স্বাভাবিক হয়ে যাবে। গতকাল ২৮ জুন বুধবার সচিবালয়ে ঈদের শুভেচ্ছা বিনিময়ের পর তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.ক২), **ইত্তেফাক** (পৃ.২,ক.২)।

৭। **হলি আর্টিজান হামলার নির্ভুল চার্জশিট শীঘ্রই : স্বরাষ্ট্রমন্ত্রী**

গুলশানের অভিজাত রেস্তোরাঁ হলি আর্টিজান বেকারিতে জঙ্গি হামলার ঘটনায় দায়ের করা মামলায় চার্জশিট খুব শীঘ্রই দেওয়া হবে। নির্ভুল চার্জশিট দেওয়ার ব্যবস্থা নেওয়া হচ্ছে। গতকাল ২৮ জুন বুধবার সচিবালয়ে ঈদের ছুটি শেষে প্রথম কর্মদিবসে শুভেচ্ছা বিনিময় শেষে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক. ৮), **সংবাদ** (পৃ.১,ক ১)।

৮। **বর্তমানে অধিকাংশ অপরাধ ইন্টারনেটকেন্দ্রিক : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী**

বর্তমানে অপরাধ অধিকাংশই ইন্টারনেটকেন্দ্রিক হয়ে পড়েছে বলে সংসদকে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেন, ইন্টারনেটভিত্তিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের ফলে এ ধরনের পরিস্থিতির সৃষ্টি হয়েছে। গতকাল ২৮ জুন বুধবার সংসদে সংসদ সদস্য বজলুল হক হারুনের এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.৬,ক. ২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

৯। **দেশে ১৫ বছরের উর্ধ্বে কর্মক্ষম জনগোষ্ঠী ৫৮.৫ শতাংশ : সংসদে পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল জানিয়েছেন, দেশের মোট জনসংখ্যার মধ্যে ১৫ বছরের উর্ধ্বে কর্মক্ষম জনগোষ্ঠীর সংখ্যা ৫৮ দশমিক ৫ শতাংশ। এর মধ্যে কর্মক্ষম পুরুষের সংখ্যা মোট জনগোষ্ঠীর ৮১ দশমিক ৯ শতাংশ এবং নারীর সংখ্যা ৩৫ দশমিক ৬ শতাংশ। মন্ত্রী বলেন, কর্মক্ষম জনগোষ্ঠীর বেশিরভাগ কৃষির সঙ্গে সম্পৃক্ত, যার পরিমাণ ৪২ দশমিক ৭ শতাংশ। গতকাল ২৮ জুন বুধবার জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে পরিকল্পনামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৩,ক ৬)।

১০। **সারাদেশে রথযাত্রা উদ্‌যাপিত**

সারাদেশে হিন্দু সম্প্রদায়ের অন্যতম ধর্মীয় উৎসব রথযাত্রা পালিত হয়েছে গত ২৫ জুন রোববার। দেশের প্রধান রথযাত্রাটি অনুষ্ঠিত হয় স্বামীবাগের আন্তর্জাতিক কৃষ্ণ ভাবনামৃত সংঘে (ইসকন)। এদিন রাজধানীর স্বামীবাগের ইসকন মন্দিরে সকাল ৮টা থেকে শুরু হয় রথযাত্রার মূল আচার-অনুষ্ঠান। শ্রী শ্রী জগন্নাথ দেবের রথযাত্রা-২০১৭ উপলক্ষে দেওয়া এক বাণীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ধর্মীয় উৎসব মানুষের মনের উদারতা বিকশিত করার পাশাপাশি সব ধর্মের মানুষের মধ্যে পারস্পরিক সম্প্রীতি ও ঐক্যের বন্ধন সুদৃঢ় করে। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.ক ৮), **সমকাল** (পৃ.৩.ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** 'পেটিয়া' নামের র‍্যানসমওয়্যার সাইবার হামলা থেকে বাংলাদেশকে সুরক্ষায় বৈধ অপারেটিং সফটওয়্যার ও উন্নতমানের অ্যান্টিভাইরাস ব্যবহার এবং অ্যান্টিভাইরাস প্রতিনিয়িত আপডেট রাখা অত্যন্ত জরুরি বলে অভিমত।

খ. **সংবাদ** : প্রায় ৭০ লাখ লোক দেশে মাদকাসক্তিতে ভুগছে উল্লেখ করে মাদকাশক্তির চিকিৎসায় অরাজক পরিস্থিতি দূর করতে মাদক চিকিৎসা কেন্দ্রগুলোর দায়িত্ব স্বরাষ্ট্রের পরিবর্তে স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করার সুপারিশ।

গ. **প্রথম আলো** : দেশের ৩২৭টি পৌরসভার প্রায় সাড়ে ৩২ হাজার কর্মকর্তা-কর্মচারীর বকেয়া বেতন দ্রুত পরিশোধের ব্যবস্থা নেওয়ার আহ্বান।

চলমান পাতা/৪

ঘ. **সমকাল :** রংপুর জেলা পরিষদের সদস্যরা স্বাধীনভাবে যেন কার্যক্রম পরিচালনা করতে পারেন সেজন্য জেলার সব সংসদ সদস্য সব ধরনের সহযোগিতা প্রদান করবেন বলে প্রত্যাশা।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** রাজউকের কার্যক্রমে নানাবিধ অনিয়ম ও বিশৃঙ্খলায় রাজধানীর উন্নয়ন কর্মকাণ্ড ব্যাহত হওয়ায় রাজউককে দ্রুত যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি স্টার :** বয়স্ক শিক্ষার হার বৃদ্ধির ক্ষেত্রে বাংলাদেশের সাফল্য তুলে ধরে সরকারকে এসব লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও জীবনযাপনের মানোন্নয়নের ওপর গুরুত্ব দেওয়ার সুপারিশ।

ছ. **নিউ এজ :** আইনশৃঙ্খলা বাহিনীর প্রতি সাধারণ জনগণের আস্থা অর্জনের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, উন্নয়নের অগ্রযাত্রা টেকসইভাবে এগিয়ে চলার পথে কোনো ক্ষেত্রেই গাফিলতির কোনো সুযোগ নেই।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিশুর জীবন বাঁচায় টিকা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, প্রাণঘাতী অনেক রোগ থেকে শিশুকে বাঁচাতে টিকাদানের কোনো বিকল্প নেই।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/আসমা/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১২৪/২০১৭**

**ঢাকা, বৃহস্পতিবার ২২ জুন ২০১৭, ৮ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আগামী ২০৪১ সালে দেশের অর্থনীতি হবে এশিয়ার কেন্দ্রবিন্দু : সংসদে প্রধানমন্ত্রী

২। আওয়ামী লীগের আমলে গ্রিডে সাড়ে ৯ হাজার মেগাওয়াট বিদ্যুৎ : সংসদে প্রশ্নোত্তরে প্রধানমন্ত্রী

৩। কবি-শিল্পীসহ বিশিষ্টজনের সঙ্গে প্রধানমন্ত্রীর ইফতার

৪। সারাদেশে ঈদের জামাতে নিরাপত্তা দেওয়া হবে : মন্ত্রিসভা কমিটির সভা শেষে শিল্পমন্ত্রী

৫। আজ থেকে ঈদে সাত জোড়া বিশেষ ট্রেন চলাচল করবে

৬। ঈদে জনদুর্ভোগ ঠেকাতে টার্মিনালে ডিএমপির বিশেষ ব্যবস্থা

৭। বিআরটিসি বাসের ঈদ স্পেশাল সার্ভিস শুরু আজ

৮। ঢাকা শহরে পানির সংকট নেই : এলজিআরডি মন্ত্রী

৯। চট্টগ্রামে দোহাজারী-ঘুনধুম রেললাইন নির্মাণে ৩০ কোটি ডলার দেবে এডিবি

১০। ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম আগামী ২৫ জুলাই শুরু

১১। আজ পবিত্র লাইলাতুল কদর

চলমান পাতা-২

১। **আগামী ২০৪১ সালে দেশের অর্থনীতি হবে এশিয়ার কেন্দ্রবিন্দু : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আগামী ২০৪১ সালে বাংলাদেশের অর্থনীতি এশিয়ার আঞ্চলিক অর্থনীতির কেন্দ্রবিন্দুতে পরিণত হবে। বাংলাদেশের উন্মুক্ত অর্থনীতি উপ-আঞ্চলিক ও আন্তর্জাতিক অর্থনীতি সম্পর্ক উন্নয়ন এবং ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে উইন-উইন অবস্থান তৈরি করে সাফল্যের নতুন দিগন্ত উন্মোচন করবে। ২০৪১ সালে স্বাধীনতার ৭০তম জয়ন্তীতে বাংলাদেশের অর্থনীতির আকার ২ দশমিক ৫ ট্রিলিয়ন ডলার এবং মাথাপিছু আয় প্রায় ১২ হাজার ডলারে উন্নীত হবে বলে তার দৃঢ় বিশ্বাস। গতকাল ২১ জুন বুধবার জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর পর্বে সংসদ নেতা প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

২। **আওয়ামী লীগের আমলে গ্রিডে সাড়ে ৯ হাজার মেগাওয়াট বিদ্যুৎ : সংসদে প্রশ্নোত্তরে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জানিয়েছেন আওয়ামী লীগ সরকারের তিন মেয়াদে ৯ হাজার ৫৪৮ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত হয়েছে। এর মধ্যে ২০০৯ থেকে ২০১৭ সালের মে পর্যন্ত টানা দুই মেয়াদে যুক্ত হয়েছে ৮ হাজার ৩৪০ মেগাওয়াট। বিএনপি সরকারের দুই আমলে যুক্ত হয়েছিল ১ হাজার ৮২৮ মেগাওয়াট। গতকাল ২১ জুন বুধবার জাতীয় সংসদে প্রধানমন্ত্রী এই তথ্য জানান। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

৩। **কবি-শিল্পীসহ বিশিষ্টজনের সঙ্গে প্রধানমন্ত্রীর ইফতার**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কবি, শিল্পীসহ বিশিষ্ট ব্যক্তি এবং তাঁর আত্মীয়স্বজনের সম্মানে গতকাল ২১ জুন বুধবার গণভবনে ইফতারের আয়োজন করেন। প্রধানমন্ত্রী অতিথিদের সঙ্গে কুশল বিনিময় করেন। ইফতারের আগে জাতির শান্তি, অগ্রগতি, সমৃদ্ধি কামনা, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্টে শাহাদতবরণকারী অন্যদের আত্মার শান্তি এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার দীঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৪)।

৪। **সারাদেশে ঈদের জামাতে নিরাপত্তা দেওয়া হবে : মন্ত্রিসভা কমিটির সভা শেষে শিল্পমন্ত্রী**

ঢাকা শহরের ৪১০টিসহ সারাদেশের ঈদের জামাতে নিরাপত্তা দেওয়া হবে বলে জানিয়েছেন আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভাপতি ও শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। এ ছাড়া ঈদ উপলক্ষে ঢাকার কূটনৈতিক এলাকাসহ শপিংমল ও বিভিন্ন টার্মিনালে নিরাপত্তা জোরদার করা হচ্ছে বলেও জানান তিনি। গতকাল ২১ জুন বুধবার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা শেষে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.১)।

৫। **আজ থেকে ঈদে সাত জোড়া বিশেষ ট্রেন চলাচল করবে**

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে আজ ২২ জুন বৃহস্পতিবার থেকে বাংলাদেশ রেলওয়ের ৭ জোড়া বিশেষ আন্তঃনগর ট্রেন চলাচল শুরু করবে। ঈদুল ফিতর উপলক্ষে অতিরিক্ত যাত্রীদের চাপ সামাল দিতে ২২ জুন থেকে চলাচল শুরু করা এই ৭ জোড়া বিশেষ ট্রেন ২৫ জুন পর্যন্ত ঢাকা থেকে যাত্রী নেবে। এই সার্ভিসের মাধ্যমে প্রতিদিন অতিরিক্ত ৮০ হাজার যাত্রীসহ আড়াই লাখ যাত্রী বহনের টার্গেট করা হয়েছে। আর ঢাকায় যাত্রী ফেরত আনবে ২৮ জুন থেকে ৩ জুলাই পর্যন্ত। ঈদসেবা নিয়ে কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে রেলপথ মন্ত্রী মুজিবুল হক জানান, ঈদে অধিক যাত্রী পরিবহণের সুবিধার্থে বিদ্যমান ১ হাজার ১৬১টি কোচের সাথে আরো ১৭১টি কোচ বৃদ্ধি করে মোট ১ হাজার ৩৩২টি কোচ ও ২২৯টি ইঞ্জিন দিয়ে যাত্রীসেবা দেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

৬। **ঈদে জনদুর্ভোগ ঠেকাতে টার্মিনালে ডিএমপির বিশেষ ব্যবস্থা**

রাজধানীর প্রবেশ ও প্রস্থানের পথে জনদুর্ভোগ নিরসনে বিশেষ ব্যবস্থা নিয়েছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। রাজধানীর সব বাস টার্মিনাল, রেলস্টেশন ও সদরঘাট লঞ্চ টার্মিনালে নিরাপত্তা জোরদারসহ নেওয়া হয়েছে এ পদক্ষেপ। নিরাপত্তার দিকটি বিবেচনায় রেখে প্রয়োজনীয় সংখ্যক ফোর্স মোতায়েন ও টহল ব্যবস্থা জোরদার

করা হয়েছে। যেকোনো ধরনের জনহয়রানি ঠেকাতে সর্বোচ্চ প্রস্তুতি ও যথাযথ ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন ডিএমপি কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮)।

### ৭। বিআরটিসি বাসের ঈদ স্পেশাল সার্ভিস শুরু আজ

ঈদুল ফিতর উপলক্ষে বিআরটিসি বাসের স্পেশাল সার্ভিস শুরু হচ্ছে আজ থেকে। চলবে আগামী ২৯ জুন পর্যন্ত। এছাড়া ঈদ উপলক্ষে গত ২০ জুন মঙ্গলবার থেকে বিআরটিসি বাসের অগ্রিম টিকিট বিক্রয় শুরু হয়েছে। রাজধানীর কমলাপুরসহ বিআরটিসির বিভিন্ন বাস ডিপো থেকে এই অগ্রিম টিকিট বিক্রয় করা হচ্ছে বলে সংস্থাটির সূত্র জানায়। জানা গেছে, ঈদুল ফিতর উপলক্ষে সরকারের পরিবহণ সংস্থা সড়ক পরিবহণ করপোরেশন (বিআরটিসি) সারাদেশে ঈদ স্পেশাল সার্ভিস হিসেবে ৯০০ বাস চালু রাখবে। ২০ জুন থেকে ঈদের আগের দিন পর্যন্ত বিআরটিসির বিভিন্ন ডিপোতে এসব বাসের টিকিট বিক্রয় করা হচ্ছে। বিআরটিসির এসব বাস ঢাকা ও ঢাকার বাইরের বিভিন্ন জেলা-উপজেলায় চলবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ (**পৃ.৩,ক.৫**)**।

### ৮। ঢাকা শহরে পানির সংকট নেই : এলজিআরডি মন্ত্রী

ঢাকা শহরে বর্তমানে পানির কোনো সংকট নেই বলে সংসদকে জানিয়েছেন স্থানীয় সরকার পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। গতকাল ২১ জুন বুধবার জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে তিনি এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.৮)।

### ৯। চট্টগ্রামে দোহাজারী-ঘুনধুম রেললাইন নির্মাণে ৩০ কোটি ডলার দেবে এডিবি

চট্টগ্রামে দোহাজারী থেকে রামু-কক্সবাজার-ঘুনধুম পর্যন্ত রেললাইন নির্মাণ প্রকল্পে ৩০ কোটি ডলারের ঋণ সহায়তা দেবে এশীয় উন্নয়ন ব্যাংক-এডিবি। এ লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংক-এডিবির সঙ্গে সরকারের চূড়ান্ত ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। পাঁচ বছরের রেয়াতকালসহ ২৫ বছরে এ ঋণ পরিশোধ করতে হবে। ২০২২ সালের মধ্যে প্রকল্পটির কাজ শেষ করার কথা রয়েছে। গতকাল ২১ জুন বুধবার শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে এ বিষয়ে এডিবি ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) মধ্যে এ ঋণ সহায়তা চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিতে বাংলাদেশের পক্ষে ইআরডির ভারপ্রাপ্ত সচিব কাজী শফিকুল আযম এবং এডিবির পক্ষে সংস্থাটির প্রিন্সিপাল কান্ট্রি স্পেশালিস্ট জ্যোৎস্না ভার্মা স্বাক্ষর করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.১২,ক.৬), **অবজারভার** (পৃ.১৭,ক.৬)।

### ১০। ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম আগামী ২৫ জুলাই শুরু

২০১৭ সালে ৩৫ লাখ নতুন ভোটারের লক্ষ্য নির্ধারণ করে আগামী ২৫ জুলাই থেকে বাড়ি বাড়ি গিয়ে ভোটারদের তথ্য সংগ্রহ শুরু করবে নির্বাচন কমিশন (ইসি)। তথ্য সংগ্রহের কাজ চলবে ৯ আগস্ট পর্যন্ত। ২০১৮ সালের জানুয়ারিতে যাদের বয়স ১৮ হবে এবং যেসব নাগরিক যোগ্য হওয়ার পরও বিভিন্ন কারণে ভোটার হতে পারেননি কেবলমাত্র তাদেরকে ভোটার করা হবে। গতকাল ২১ জুন বুধবার আগারগাঁও নির্বাচন ভবনে আয়োজিত এক ব্রিফিংয়ে ইসি সচিব মোহাম্মদ আব্দুল্লাহ এসব তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭), **যুগান্তর** (পৃ.৩,ক.৪)।

### ১১। আজ পবিত্র লাইলাতুল কদর

আজ দিবাগত রাতে পবিত্র লাইলাতুল কদর। ধর্মপ্রাণ মুসলমানদের কাছে এ রাত হাজার রাতের চেয়ে পূণ্যময়। পবিত্র শবেকদর সমগ্র মানবজাতির জন্য অত্যন্ত বরকতময় ও পূণ্যময় রজনী। এ উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.২), **অবজারভার (**পৃ.১,ক.১**)**।

**সম্পাদকীয়**

ক. **যুগান্তর, ইত্তেফাক, সংবাদ :** আজ ২৬ রমজান দিবাগত রাত সারা বিশ্বে মুসলমানদের মাঝে লাইলাতুল কদর হিসেবে পালিত হবে বলে উল্লেখ করে এ পবিত্র রাতে সারা বিশ্বের শান্তি কামনা।

খ. **প্রথম আলো** : ঈদ উপলক্ষে বাড়ি ফেরা মানুষ যাতে দুর্ভোগে না পড়ে সে ব্যাপারে সংশ্লিষ্টদের নজরদারির সুপারিশ।

গ. **সমকাল** : ঝিনাইদহের মহেশপুর সীমান্তে বিএসএফের গুলিতে স্কুলছাত্রসহ দু'জন নিহত হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে সীমান্ত হত্যা বন্ধে কঠোর পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **যায়যায়দিন** : খেলাপি ঋণের অভিযোগ থেকে ব্যাংক ব্যবস্থা মুক্ত করতে প্রয়োজনীয় পদক্ষেপ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে জনগণকে সচেতন করে তুলতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রচারণামূলক ব্যবস্থা জোরদার করার সুপারিশ।

চ. **ডেইলি সান :** পাহাড় কাটা, নদী থেকে অবাধে বালু উত্তোলন ও পাহাড়ে হাউজিং কোম্পানির আবাসিক স্থাপনা গড়ে তোলার প্রবণতা কঠোরভাবে প্রতিহত করতে কর্তৃপক্ষকে অতিদ্রুত যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ছ. **ডেইলি স্টার :** পাহাড় ধসে প্রকৃত ক্ষতিগ্রস্তদের ত্রাণ সহায়তা দেওয়ার সুপারিশ।

জ. **নিউজ টুডে :** আসন্ন বর্ষা মৌসুমে নদী ভাঙন থেকে জনপদ রক্ষা করতে নদী খননের ব্যবস্থা জোরদার করার প্রত্যাশা।

ঝ. **নিউ এজ :** খাদ্যদ্রব্য দূষণকারীদের বিরুদ্ধে সরকারকে জিরো টলারেন্স নীতি গ্রহণ করে নিরাপদ খাদ্য ব্যবস্থা জোরদার করার আহ্বান।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, স্বল্পোন্নত দেশ থেকে মধ্যম আয়ের দেশে পৌঁছাতে হলে দেশের স্বার্থকে সবার ওপরে স্থান দেওয়ার বিকল্প নেই।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'আশ্রয়ন প্রকল্প' : নারীকে করছে স্বাবলম্বী** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র বিশেষ উদ্যোগ 'আশ্রয়ন প্রকল্প' অসহায় ছিন্নমূল ও গৃহহীনদের সহায় ও নির্ভরতার প্রতীক হয়ে দেখা দিয়েছে ।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১২৩/২০১৭**

**ঢাকা, বুধবার ২১ জুন ২০১৭, ৭ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। একনেকে ৩০ হাজার কোটি টাকার ১২ প্রকল্প অনুমোদন

২। শিশুশ্রম বন্ধে সম্মিলিত প্রচেষ্টা আবশ্যক : রাষ্ট্রপতি

৩। কেন্দ্রীয় ব্যাংকের চুরি যাওয়া ৬৬ মিলিয়ন মার্কিন ডলার এখনও উদ্ধার করা যায়নি : সংসদে অর্থমন্ত্রী

৪। চাল আমদানিতে শুল্ক হার কমে ১০ শতাংশ হচ্ছে : বাণিজ্যমন্ত্রী

৫। রেলে আসছে আরও ৫০ কোচ এবং ৪ রিলিফ ক্রেইন : রেলমন্ত্রী

৬। পূর্বাচলে ৭০ হাজার ফ্ল্যাট নির্মাণ করা হবে : গণপূর্তমন্ত্রী
বস্তিবাসীদের জন্য ভাড়াভিত্তিক স্বল্প মূল্যের ফ্ল্যাট নির্মাণের কাজ চলছে

৭। পাহাড় ধসের ঘটনা এড়াতে পাহাড় কাটা বন্ধ করা হবে : ত্রাণমন্ত্রী

৮। প্রধানমন্ত্রীকে জাতিসংঘের সাধারণ পরিষদের 'সার্কেল অব লিডার' বৈঠকে আমন্ত্রণ জানানো হবে
জাতিসংঘের মহাসচিবের সাথে বাংলাদেশের পররাষ্ট্র সচিবের সাক্ষাৎ

৯। গণতন্ত্র, উন্নয়ন ও শান্তির পথে জয়ী হতে হলে চ্যালেঞ্জ মোকাবিলা করে এগিয়ে যেতে হবে : তথ্যমন্ত্রী

১০। আগামী শুক্র ও শনিবার পোশাক শিল্প এলাকার ব্যাংক খোলা

১১। ৩৮তম বিসিএসের আবেদন শুরু ১০ জুলাই : পদ ২০২৪টি

চলমান পাতা-২

১। **একনেকে ৩০ হাজার কোটি টাকার ১২ প্রকল্প অনুমোদন**

শতভাগ পল্লি বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণসহ **১২** প্রকল্পের চূড়ান্ত অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এসব প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে ৩০ হাজার ৩৪৩ কোটি ২২ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ২৫ হাজার ৯০৪ কোটি ৪৩ লাখ টাকা, বাস্তবায়নকারী সংস্থা থেকে ৩৩ কোটি ৮০ লাখ টাকা এবং বৈদেশিক সহায়তা থেকে পাওয়া যাবে ৪ হাজার ৪০৪ কোটি ৯৯ লাখ টাকা। গতকাল ২০ জুন মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক বৈঠকে এসব প্রকল্প অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)।

২। **শিশুশ্রম বন্ধে সম্মিলিত প্রচেষ্টা আবশ্যক : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ শিশুশ্রম বন্ধের লক্ষ্যে শিশুবান্ধব পরিবেশ নিশ্চিত করতে অভিভাবক, সুশীল সমাজ, গণমাধ্যম ও মানবাধিকার সংস্থাগুলোর প্রতি আহবান জানিয়েছেন। তিনি বলেন, প্রচলিত বা অপ্রচলিত এবং কর্মমুখী শিক্ষার মাধ্যমে প্রতিটি শিশুকে একজন আদর্শ জনসম্পদ হিসেবে গড়ে তুলতে সম্মিলিত প্রচেষ্টা আবশ্যক। বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস উপলক্ষে গতকাল ২০ জুন মঙ্গলবার রাজধানীর একটি হোটেলে আয়োজিত অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.২), **ডেইলি সান**
(পৃ.২,ক.২)।

৩। **কেন্দ্রীয় ব্যাংকের চুরি যাওয়া ৬৬ মিলিয়ন মার্কিন ডলার এখনও উদ্ধার করা যায়নি : সংসদে অর্থমন্ত্রী**

বাংলাদেশ ব্যাংক থেকে চুরি যাওয়া **১০১** মিলিয়ন মার্কিন ডলার এর মধ্যে ৬৬.৩৭ মিলিয়ন মার্কিন ডলার এখনও পাওয়া যায়নি বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তবে এ অর্থ উদ্ধারে বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, অর্থ মন্ত্রণালয়, অ্যাটর্নি জেনারেল কার্যালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ পুলিশের অপরাধ তদন্ত বিভাগসহ সব সংস্থা একযোগে কাজ করছে বলে জানান তিনি। এদিকে হাওড়ের উন্নয়নে পৃথক অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বলে জানান অর্থমন্ত্রী। হাওড়বাসির বিকল্প কর্মসংস্থানের লক্ষ্যে এটি করার পরিকল্পনা রয়েছে বলে জানান তিনি। গতকাল ২০ জুন মঙ্গলবার জাতীয় সংসদে এক প্রশ্নোত্তর পর্বে তিনি এসব তথ্য জানান । সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৭), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১৭,ক.১)।

৪। **চাল আমদানিতে শুল্ক হার কমে ১০ শতাংশ হচ্ছে : বাণিজ্যমন্ত্রী**

কয়েকদিনের মধ্যে চালের দাম কেজি প্রতি ৬ টাকা করে কমবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশে চাল আমদানির শুল্ক হার ২৮ শতাংশ থেকে কমিয়ে **১০** শতাংশ করা হয়েছে। এখন পর্যন্ত চাল আমদানিতে ২৫ শতাংশ আমদানি শুল্কের সঙ্গে ৩ শতাংশ রেগুলেটরি ডিউটি (আরডি) দিতে হয়। সেখানে সরকার আমদানি শুল্ক কমিয়ে **১০** শতাংশ করেছে এবং রেগুলেটরি ডিউটি সম্পূর্ণ বাদ দেওয়া হচ্ছে। দু-
একদিনের মধ্যেই শুল্ক কমানোর আদেশ জারি করা হবে। ফলে কয়েকদিনের মধ্যে চালের দাম কমে আসবে বলে আশা প্রকাশ করেছেন তিনি। গতকাল ২০ জুন মঙ্গলবার সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত প্রতিযোগিতা আইন-২০১২ বিষয়ে এক অবহিতকরণ কর্মশালায় তিনি এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

৫। **রেলে আসছে আরও ৫০ কোচ এবং ৪ রিলিফ ক্রেইন : রেলমন্ত্রী**

ইন্দোনেশিয়া থেকে স্টিলের তৈরি ৫০টি যাত্রীবাহী কোচ এবং জার্মানি থেকে ৪টি রিলিফ ক্রেইন আনছে বাংলাদেশ রেলওয়ে। গতকাল ২০ জুন মঙ্গলবার রেলভবনে এ সংক্রান্ত দুটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে রেলমন্ত্রী মো. মুজিবুল হক বলেন, ইন্দোনেশিয়া থেকে আরও ২শ'টি এমজি কোচ আসবে। একই সাথে আরও দেড়শটি কোচ আনার প্রক্রিয়া চলছে। সব মিলে আগামী বছর যাত্রীবাহী কোচের আর কোনো সমস্যা থাকবে না। চুক্তি অনুযায়ী ২১২ কোটি ৮৭ লাখ টাকায় ইন্দোনেশিয়ার ইনকা পিটি ইন্ডাস্ট্রি কারিটা এপিআই স্টিলের তৈরি ৫০টি যাত্রীবাহী বগি সরবরাহ করবে আগামী দুই বছরের মধ্যে। এ চুক্তিতে স্বাক্ষর করেন রেলপথ বিভাগের পক্ষে রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক) মো. সামসুজ্জামান এবং ইনকা পিটির পক্ষে আর আগুস এইচ পুরনোমো। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৩), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.১)।

৬। **পূর্বাচলে ৭০ হাজার ফ্ল্যাট নির্মাণ করা হবে : গণপূর্তমন্ত্রী**
**বস্তিবাসীদের জন্য ভাড়াভিত্তিক স্বল্প মূল্যের ফ্ল্যাট নির্মাণের কাজ চলছে**

গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বলেছেন, ঢাকার পূর্বাচলে আধুনিক স্মার্ট সিটি গড়ে তোলা হচ্ছে। এখানে ৭০ হাজার ফ্ল্যাট নির্মাণ করা হবে। সেখানে একটি আইকনিক টাওয়ার নির্মাণ করা হবে। শিগগিরই এর দরপত্র আহ্বান করা হবে। এ ছাড়া বিদেশি অর্থায়নে ঝিলমিল প্রকল্পে ১৪ হাজার ৪০টি ফ্ল্যাট নির্মাণের কাজ চলছে। আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে মালয়েশিয়ার একটি কোম্পানি এ কাজটি পেয়েছে। আগামী এক মাসের মধ্যে এ প্রকল্পের কাজ শুরু হবে। এ ছাড়া ঢাকার বস্তিবাসীদের জন্য ভাড়াভিত্তিক স্বল্প মূল্যের ফ্ল্যাট নির্মাণের কাজ চলমান রয়েছে। গতকাল ২০ জুন মঙ্গলবার জাতীয় সংসদে প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে তিনি সংসদকে এ সব তথ্য জানান। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২)।

৭। **পাহাড় ধসের ঘটনা এড়াতে পাহাড় কাটা বন্ধ করা হবে : ত্রাণমন্ত্রী**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেছেন, 'পাহাড়ধসের ঘটনা এড়াতে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা নেওয়া হচ্ছে। পাহাড় কাটা ও বালু উত্তোলন বন্ধ করা হবে। ভূমিধসের জরিপ ও ম্যাপ তৈরি করা হবে'। গতকাল ২০ জুন মঙ্গলবার সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভা শেষে তিনি এসব তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪)।

৮। **প্রধানমন্ত্রীকে জাতিসংঘের সাধারণ পরিষদের 'সার্কেল অব লিডার' বৈঠকে আমন্ত্রণ জানানো হবে**
**জাতিসংঘের মহাসচিবের সাথে পররাষ্ট্র সচিবের সৌজন্য সাক্ষাৎ**

শান্তিরক্ষা কার্যক্রমে বিশেষ অবদান রাখার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আসন্ন জাতিসংঘ সাধারণ পরিষদের সময় অনুষ্ঠিতব্য 'সার্কেল অব লিডার' বৈঠকে আমন্ত্রণ জানানো হবে। জাতিসংঘের মহাসচিব এ্যান্তোনিও গুতেরেজ এ তথ্য জানিয়েছেন। গতকাল ২০ জুন মঙ্গলবার নিউইয়র্কে জাতিসংঘের স্থায়ী মিশন থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, পররাষ্ট্র সচিব মো. শহীদুল হক গতকাল ২০ জুন মঙ্গলবার জাতিসংঘ সদর দফতরে জাতিসংঘের মহাসচিব এ্যান্তোনিও গুতেরেজের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এ বৈঠকে জাতিসংঘ মহাসচিব বাংলাদেশের অসামান্য অগ্রগতি বিশেষ করে অর্থনৈতিক প্রবৃদ্ধি, দুর্যোগ প্রতিরোধ সক্ষমতা ও ঝুঁকি ব্যবস্থাপনার ভূয়সী প্রশংসা করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১)।

৯। **গণতন্ত্র, উন্নয়ন ও শান্তির পথে জয়ী হতে হলে চ্যালেঞ্জ মোকাবিলা করে এগিয়ে যেতে হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, গণতন্ত্র, উন্নয়ন ও শান্তির পথে জয়ী হতে হলে নির্বাচন বানচালের



চক্রান্ত প্রতিরোধ, যথাসময়ে নির্বাচন অনুষ্ঠান, অব্যাহত উন্নয়ন ও রাজাকার-জঙ্গি-জামায়াতিদের ক্ষমতার বাইরে রাখতে হবে। এই চার চ্যালেঞ্জ মোকাবিলা করেই বাংলাদেশকে সামনের দিকে এগিয়ে যেতে হবে। গতকাল ২০ জুন মঙ্গলবার রাজধানীর আগারগাঁওয়ে জাতীয় বেতার ভবনে বিসিএস তথ্য (প্রকৌশল) বেতার কর্মকর্তা কল্যাণ সমিতি আয়োজিত ইফতারপূর্ব আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল**

(পৃ.৫,ক.৪)।

**১০। আগামী শুক্র ও শনিবার পোশাক শিল্প এলাকার ব্যাংক খোলা**

আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে দেশের পোশাক শিল্প এলাকায় অবস্থিত ব্যাংকের শাখাগুলো আগামী শুক্রবার অর্ধদিবস ও শনিবার পূর্ণদিবস খোলা থাকবে। আসন্ন ঈদে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক-কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে এবং রপ্তানি বাণিজ্য সচল রাখার স্বার্থে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছে বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন। এছাড়া ঈদের ছুটির সময় এটিএম বুথে পর্যাপ্ত টাকা রাখা ও নিরাপত্তা নিশ্চিত করার নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। গতকাল ২০ জুন মঙ্গলবার এ বিষয়ে একটি পরিপত্র জারি করে সংশ্লিষ্টদের কাছে পাঠিয়েছে বাংলাদেশ ব্যাংকের কারেন্সি ম্যানেজমেন্ট বিভাগ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **যুগান্তর** (পৃ.১৫,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**১১। ৩৮তম বিসিএসের আবেদন শুরু ১০ জুলাই : পদ ২০২৪টি**

আগামী ১০ জুলাই থেকে ৩৮তম বিসিএসের জন্য আবেদন করা যাবে। আবেদনের শেষ সময় ১০ আগস্ট। এই বিসিএসের মাধ্যমে জনপ্রশাসনে ২ হাজার ২৪ জন ক্যাডার কর্মকর্তা নিয়োগ পাবেন। গতকাল ২০ জুন মঙ্গলবার সরকারি কর্মকমিশনের (পিএসসি) বৈঠকের পর এই বিজ্ঞপ্তি দেওয়া হয়। এবার প্রশাসন ক্যাডারে ৩০০, পুলিশ ক্যাডারে ১০০, আনসারে ৩১, পররাষ্ট্রে ১৭, নিরীক্ষা ও হিসাবে ১১টি পদসহ সাধারণ ক্যাডারে মোট ৫২০টি পদে বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। এছাড়া স্বাস্থ্য ক্যাডারে ২২০ জন এবং কৃষি সম্প্রসারণ কর্মকর্তার ১৮৯টিসহ কারিগরি ও পেশাগত ক্যাডারে ৫৪৯টি এবং শিক্ষা ক্যাডারে ৯৫৫টি পদ থাকছে। তবে শেষ মুহূর্তে পদ কম-বেশি হতে পারে। এবারও অনলাইনে আবেদন করতে হবে। জাতীয় পরিচয়পত্র ছাড়া আবেদন করা যাবে না। এই বিসিএসে কেউ চাইলে ইংরেজিতেও পরীক্ষা দিতে পারবেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, প্রথম আলো :** সদরঘাট-গাবতলী বেড়িবাঁধ সড়কের উভয় পাশে অবৈধভাবে পাঁচশত দোকান ও বিভিন্ন স্থাপনা গড়ে ওঠায় সড়কটিতে তীব্র যানজট সৃষ্টি হচ্ছে উল্লেখ করে বেড়িবাঁধটিকে অবৈধ দলখমুক্ত ও ব্যবহার উপযোগী করাতে বিশেষ অভিযান পরিচালনা করতে ডিএনসিসি মেয়রের প্রতি আহ্বান।

খ. **সংবাদ :** দেশের ৭২ শতাংশ ওষুধের দোকানেই লাইসেন্স নবায়ন করা হয়নি এ অভিযোগ আমলে নিয়ে এর জন্য দায়ীদের খুঁজে বের করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া ও ওষুধ ব্যবসায় নজরদারির জন্য একটি স্থায়ী সংস্থা গঠন করার সুপারিশ।

গ. **যুগান্তর, সংবাদ, ভোরের কাগজ, যায়যায়দিন :** ঈদে ঘরে ফেরা মানুষের দুর্ভোগ লাঘবে যানজট ও দুর্ঘটনা রোধে সংশ্লিষ্টদের আন্তরিকভাবে কাজ করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **প্রথম আলো :** তৈরি পোশাক খাতের শ্রমিকদের দ্রুত উৎসব ভাতা দিতে মালিকদের প্রতি আহ্বান।

ঙ. **সমকাল, যুগান্তর :** চালের বাজারে অস্বাভাবিক মূল্য বৃদ্ধির লাগাম টেনে ধরতে সরকারের আমদানি শুল্কসহ বিভিন্ন শুল্ক হার কমানোর সিদ্ধান্ত বাস্তবায়িত হলে চালের দাম দ্রুত কমে আসবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **এশিয়ান এজ :** পাহাড় ধস প্রতিরোধে পাহাড়ে বেশি করে গাছ লাগাতে হবে এবং পাহাড় কাটা বন্ধ করার ওপর গুরুত্বারোপ।



ছ. **নিউ এজ :** উচ্চ শিক্ষার উন্নয়নে বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন গবেষণা কর্মের জন্য বাজেট বাড়ানোর সুপারিশ।

জ. **ডেইলি স্টার, যায়যায়দিন :** রাজধানীকে বাসযোগ্য করে তুলতে সুষ্ঠু উদ্যোগ গ্রহণ ও তার যথাযথ বাস্তবায়নের মধ্য দিয়ে জলাবদ্ধতার মতো ভয়াবহ পরিস্থিতি নিরসন করতে হবে বলে মত প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, পাহাড়ধসের মতো পরিবেশ বিপর্যয় রোধে ও পরিবেশের উন্নয়ন করতে মহাপরিকল্পনার বিকল্প নেই।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'আসছে পরিবেশবান্ধব পাটের পলিথিন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, পাটের পলিথিন উৎপাদনের যে সম্ভাবনা দেখা দিয়েছে তাকে পুরোপুরি কাজে লাগিয়ে একদিকে যেমন পরিবেশ ঠিক করতে হবে, অপরদিকে প্রাকৃতিক তন্তু হিসেবে পাটের ব্যবহার বৃদ্ধি করে বিদেশে বাংলাদেশের পাটপণ্যের বাজার সৃষ্টি করে এ কৃষি পণ্যটির ভবিষ্যৎ উজ্জ্বল করা সম্ভব।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১২২/২০১৭**

**ঢাকা, মঙ্গলবার ২০ জুন ২০১৭, ৬ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জাতীয় অনলাইন নীতিমালা-২০১৭ এর খসড়া মন্ত্রিসভায় অনুমোদন

২। মরক্কোকে বিনিয়োগের আহ্বান প্রধানমন্ত্রীর

৩। রাজনৈতিক নেতাদের সঙ্গে প্রধানমন্ত্রীর ইফতার

৪। কয়েক দিনের মধ্যেই আমদানি করা ৫২ হাজার মেট্রিক টন চাল দেশে পৌঁছাবে : পরিকল্পনামন্ত্রী

৫। চাল আমদানিতে শূন্য মার্জিনে ব্যাংকে এলসি খোলা যাবে : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

৬। মুক্তিযোদ্ধাদের জন্য তৈরি হবে ৮ হাজার ফ্ল্যাট : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

৭। হালাল শিল্পের বিকাশ ঘটিয়ে বৈদেশিক মুদ্রা আয় সম্ভব : শিল্পমন্ত্রী

৮। নারী শ্রমিকের মজুরি নির্ধারণে চিন্তা-ভাবনা প্রয়োজন : কৃষিমন্ত্রী

৯। পাহাড় কাটার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে : সংসদে পরিবেশমন্ত্রী

১০। গত ৬ বছরে ৩১ লাখ বিদেশি বাংলাদেশ ভ্রমণ করেছেন : বিমান ও পর্যটনমন্ত্রী

১১। বিশিষ্ট কবি ও সাহিত্যিক বেগম সুফিয়া কামালের ১০৭তম জন্মদিন আজ

চলমান পাতা-২

১। **জাতীয় অনলাইন নীতিমালা-২০১৭ এর খসড়া মন্ত্রিসভায় অনুমোদন**

অন্যান্য গণমাধ্যমের মতো অনলাইন গণমাধ্যমগুলোকে সম্প্রচার কমিশনের কাছ থেকে নিবন্ধন নেওয়ার বিধান রেখে 'জাতীয় অনলাইন নীতিমালা-২০১৭' এর খসড়া অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল ১৯ জুন সোমবার সংসদ সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম বলেন, 'জাতীয় সম্প্রচার নীতিমালা-২০১৪' অনুযায়ী সব সম্প্রচার মাধ্যমকে সম্প্রচার কমিশনের কাছ থেকে লাইসেন্স নিতে হবে। কমিশন সম্প্রচার মাধ্যমগুলোর মনিটরিংয়ের কাজও করবে।

লাইসেন্স ছাড়া কৃষি কাজের জন্য নলকূপ স্থাপনে শাস্তি বাড়িয়ে 'কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন-২০১৭' এর খসড়া চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।

আখচাষিদের কাছ থেকে সংগ্রহ করা রাস্তাঘাট উন্নয়ন উপকরের পরিমাণ বাড়িয়ে 'বাংলাদেশ চিনি (রাস্তাঘাট উন্নয়ন উপকর ) আইন-২০১৭' এর খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।

'অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকরির শর্তাদি নির্ধারণ) বিধিমালা-২০১৩' সংশোধনের প্রস্তাব অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।

বাহরাইন ও কুয়েতের সঙ্গে দ্বৈতকর পরিহার সংক্রান্ত চুক্তির খসড়া অনুসমর্থনের প্রস্তাব মন্ত্রিসভা অনুমোদন দিয়েছে বলে জানিয়েছেন মন্ত্রি পরিষদ সচিব।

মন্ত্রিসভা বৈঠকের শুরুতে ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইটি ( ডব্লিউএসআইএস ) পুরস্কার-২০১৭ প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে হস্তান্তর করা হয়েছে।

এছাড়া অতিবৃষ্টিতে দেশের বিভিন্ন স্থানে পাহাড় ধসে দেড় শতাধিক মানুষের প্রাণহানিতে শোক প্রস্তাব গ্রহণ করেছে মন্ত্রিসভা। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.১)।

২। **মরক্কোকে বিনিয়োগের আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দু'দেশের পারস্পরিক স্বার্থে বাংলাদেশের অর্থনৈতিক অঞ্চলগুলোতে মরক্কোর বিনিয়োগ আহ্বান করেছেন। তিনি বলেন, আমরা শিল্পায়ন ও কর্মসংস্থানের জন্য সারাদেশে ১শ' অর্থনৈতিক অঞ্চল গড়ে তুলছি। মরক্কো এই অর্থনৈতিক অঞ্চলগুলোতে বিনিয়োগ করতে পারে। এতে উভয় দেশ লাভবান হবে। গতকাল ১৯ জুন সোমবার প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর জাতীয় সংসদ ভবন কার্যালয়ে বাংলাদেশে মরক্কোর নবনিযুক্ত রাষ্ট্রদূত মজিদ হালিম সৌজন্য সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩)।

৩। **রাজনৈতিক নেতাদের সঙ্গে প্রধানমন্ত্রীর ইফতার**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সরকারি বাসভবন গণভবনে গতকাল ১৯ জুন সোমবার বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সম্মানে ইফতার মাহফিলের আয়োজন করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী অতিথিদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন এবং তাঁদের কুশল সম্পর্কে খোঁজখবর নেন। ইফতারের আগে বিশেষ মোনাজাতে দেশ ও জাতির অব্যাহত শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করা হয়। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮)।

৪। **কয়েক দিনের মধ্যেই আমদানি করা ৫২ হাজার মেট্রিক টন চাল দেশে পৌঁছাবে : পরিকল্পনামন্ত্রী**

চালের বাজারের 'অস্বাভাবিক পরিস্থিতি' মোকাবেলায় আগামী কয়েকদিনের মধ্যেই ৫২ হাজার মেট্রিকটন আমদানি করা চাল বাংলাদেশে পৌঁছাবে বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেছেন, দেশে চালের মজুতে কোন সংকট নাই। হাওড়ের আগাম বন্যা, বিতরণ ব্যবস্থার ত্রুটি ও অসাধু ব্যবসায়ীদের কারণে চালের দাম বেড়ে গেছে। এ অবস্থা বেশিদিন থাকবে না। সরকারিভাবে আরও চাল আমদানি করা হবে। পাশাপাশি চাল আমদানির ক্ষেত্রে সব ধরনের শুল্ক তুলে নেয়ার বিষয়টিও শীঘ্রই কার্যকর হবে। ফলে চালের দাম কমে যাবে।

গতকাল ১৯ জুন সোমবার পরিকল্পনা মন্ত্রণালয়ের বাজেট বিষয়ক মিট দ্য প্রেস অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৪), **সমকাল** (পৃ.১২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৬)।

**৫। চাল আমদানিতে শূন্য মার্জিনে ব্যাংকে এলসি খোলা যাবে : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

চাল আমদানিতে এলসি মার্জিনের ক্ষেত্রে কিছুটা শিথিলতা দেখাতে ব্যাংকগুলোকে নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। এর ফলে এখন থেকে ব্যাংকগুলো শূন্য মার্জিনে চাল আমদানির ক্ষেত্রে এলসি খুলে দিতে পারবে। এ ক্ষেত্রে আমদানিকারকদের ব্যাংক ব্যালেন্স থাকার দরকার নেই। গতকাল ১৯ জুন সোমবার বাংলাদেশে ব্যাংক থেকে এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

**৬। মুক্তিযোদ্ধাদের জন্য তৈরি হবে ৮ হাজার ফ্ল্যাট : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ.ক.ম মোজাম্মেল হক সংসদকে জানান, সারাদেশের অসচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য ৮ হাজার ফ্ল্যাট নির্মাণের একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। মুক্তিযোদ্ধার সংখ্যানুপাতে প্রতি জেলা/উপজেলায় বহুতল ভবন নির্মাণ করা হবে। অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, ‘প্রকৃত মুক্তিযোদ্ধা’ নির্ণয়ের জন্য ৪৭০টি যাচাই-বাছাই কমিটি করা হয়েছে। এসব কমিটি নির্দেশিকার আলোকে যাচাই-বাছাই করছে। তাদের প্রতিবেদন পাওয়া গেলে নামের গেজেট প্রকাশ এবং সনদ দেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

**৭। হালাল শিল্পের বিকাশ ঘটিয়ে বৈদেশিক মুদ্রা আয় সম্ভব : শিল্পমন্ত্রী**

অভ্যন্তরীণ চাহিদা পূরণের পাশাপাশি হালাল খাদ্য ও পর্যটন শিল্পের বিকাশ ঘটিয়ে বিপুল পরিমাণে বৈদেশিক মুদ্রা আয় করা সম্ভব বলে মন্তব্য করেছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, হালাল শিল্প বিশ্বব্যাপী একটি উদীয়মান শিল্পখাত। নিরাপদ ও স্বাস্থ্যসম্মত হওয়ায় জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে বিশ্বব্যাপী হালাল খাদ্য ক্রমেই জনপ্রিয় হয়ে উঠছে। মুসলিম সংখ্যাগরিষ্ঠ রাষ্ট্র হিসেবে বাংলাদেশ হালাল খাদ্য ও পর্যটন শিল্পের বিকাশ ঘটিয়ে বিশ্ববাজারে রপ্তানি বাড়াতে পারে। শিল্পমন্ত্রী গতকাল ১৯ জুন সোমবার ঢাকায় ‘বাংলাদেশ হালাল এক্সপো-২০১৭’এর

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ মন্তব্য করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

**৮। নারী শ্রমিকের মজুরি নির্ধারণে চিন্তা-ভাবনা প্রয়োজন : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বলেছেন, বর্তমানে দেশে কৃষিকাজে নিয়োজিত নারী শ্রমিকের সংখ্যা শতকরা ৪৩ ভাগ। কৃষিতে নিয়োজিত এসব নারী শ্রমিকের মজুরি নির্ধারণ করা নেই। এ বিষয়ে চিন্তা-ভাবনা করা প্রয়োজন। গতকাল ১৯ জুন সোমবার সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে কৃষিমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১)।

**৯। পাহাড় কাটার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে : সংসদে পরিবেশমন্ত্রী**

পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু বলেছেন, পাহাড় কাটার বিরুদ্ধে দ্রুত ও জোরালো ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়েছে। সে লক্ষ্যে নিয়মিত মামলা ও এনফোর্সমেন্ট কার্যক্রমের পাশাপাশি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়েছে। গতকাল ১৯ জুন সোমবার জাতীয় সংসদ অধিবেশনে টেবিলে উত্থাপিত প্রশ্নোত্তর পর্বে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইনকিলাব** (পৃ.৩,ক.৫)।

**১০। গত ৬ বছরে ৩১ লাখ বিদেশি বাংলাদেশ ভ্রমণ করেছেন : বিমান ও পর্যটনমন্ত্রী**

বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন বলেছেন, বিদেশি পর্যটকদের আকৃষ্ট করতে বর্তমান সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। গত ৬ বছরে ৩১ লাখ ২২ হাজার ৭৫৬ পর্যটক বাংলাদেশ ভ্রমণ করেছেন। গতকাল ১৯ জুন সোমবার সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন মন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ. ৫,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **অবজারভার** ( পৃ.১৭,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)।



**১১। বিশিষ্ট কবি ও সাহিত্যিক বেগম সুফিয়া কামালের ১০৭তম জন্মদিন আজ**

বাঙালি নারী আন্দোলনের অন্যতম অগ্রদূত, মানবতা ও গণতান্ত্রিক মূল্যেবোধে সোচ্চার বেগম সুফিয়া

কামালের ১০৭তম জন্মদিন আজ ২০ জুন। বাংলা ভাষার বিশিষ্ট কবি ও সাহিত্যিক ছিলেন তিনি। বহুগুণের কারণে বাংলার মানুষ তাকে 'জননী সাহসিকা' উপাধিতে ভূষিত করে। তাঁর জন্মদিন উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। দিনটি উপলক্ষে বিভিন্ন সংগঠন নানা অনুষ্ঠানের আয়োজন করেছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৭), **অবজারভার** (পৃ.৪,ক.৪)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** চিকুনগুনিয়া রোগ প্রতিরোধে জনসচেতনতা তৈরির পাশাপাশি মশা নিধন কার্যক্রম অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

**খ.** **ভোরের কাগজ, নিউ এজ :** এক মাসের ব্যবধানে আবারো চিকিৎসকের প্রাইভেট প্র্যাকটিস বন্ধ রাখার মতো কর্মসূচি পালন করায় রোগীরা দুর্ভোগে পড়েছে উল্লেখ করে রোগীদের জিম্মি করে ধর্মঘট-কর্মবিরতি পালনের অমানবিক সংস্কৃতির অবসানে চিকিৎসক সমাজের শুভবোধ জাগ্রত হওয়ার পাশাপাশি সরকারেরও কঠোর অবস্থানে যাওয়া প্রয়োজন বলে মত প্রকাশ।

**গ.** **জনকণ্ঠ :** জঙ্গি দমনে সরকারের নানা উদ্যোগের সফলতা কামনা।

**ঘ.** **প্রথম আলো :** ভোলার লালমোহন উপজেলার তেঁতুলিয়া নদীর গজারিয়া খালগোড়া লঞ্চঘাটের আনুমানিক ৭৫ থেকে ৩০০ ফুটের মধ্যে দুটি খননযন্ত্র দিয়ে দীর্ঘ দিন ধরে অবৈধভাবে বালু তোলায় লঞ্চঘাট এলাকার নদী ভাঙ্গন তীব্র আকার ধারণ করেছে উল্লেখ করে এ ঘটনার জন্য দায়ীদের চিহ্নিত করে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার দাবি।

**ঙ.** **সংবাদ, যুগান্তর, যায়যায়দিন, ডেইলি সান :** পাহাড় ধসের ঘটনায় আরও পাঁচ জনের মৃত্যুর খবর পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে পাহাড় ধসের মূল কারণগুলো উদঘাটন করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**চ.** **এশিয়ান এজ :** রাজধানীর ১৬ মিলিয়ন জনগণের জন্য বর্জ্য ফেলার স্থান অপর্যাপ্ত থাকায় উদ্বেগ প্রকাশ করে ঢাকায় সুপরিকল্পিত বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

**ছ.** **ইন্ডিপেনডেন্ট :** ঢাকার জলাবদ্ধতা নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**জ.** **নিউ নেশন :** ঈদ উপলক্ষে কেনাকাটার সময়ে বাজারে জাল নোট বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে, ব্যাংকিং সেক্টরকে সচল করার বৃহত্তর স্বার্থে রাষ্টায়ত্ত ও বিশেষায়িত ব্যাংকগুলোর ব্যবস্থাপনা পরিচালক এবং পরিচালনা পর্ষদকে সরিয়ে দেওয়ার ক্ষমতা বাংলাদেশ ব্যাংকের ওপর ন্যস্ত করার প্রস্তাব।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিশুর সুস্থ বিকাশে মায়ের দুধের বিকল্প নেই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ ও সবল জাতি হিসেবে গড়ে তোলার লক্ষ্যে শিশুকে মাতৃদুগ্ধ পান করাতে উদ্বুদ্ধকরণ ও এব্যাপারে সচেতনতা সৃষ্টি করতে হবে।

#

ডালিয়া/শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**

**বাংলাদেশ সচিবালয়**

**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১২১/২০১৭**

**ঢাকা, সোমবার ১৯ জুন ২০১৭, ৫ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। তথ্য অধিকার আইন বিষয়ে সচেতনতার ওপর গুরুত্বারোপ রাষ্ট্রপতির

২। ব্যাংক হিসাবে আবগারি শুল্ক কমানো হবে : অর্থমন্ত্রী

৩। বাজেটে ভ্যাট ও ট্রাক্স সহনীয় পর্যায়ে হবে : বাণিজ্যমন্ত্রী

৪। এমডিজি-৪ ও ৫ এর লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা চলছে : জাতীয় সংসদে স্বাস্থ্যমন্ত্রী

৫। ঈদে পোশাক শ্রমিকদের পর্যায়ক্রমে ছুটি দেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৬। কর্মকর্তাদের আন্তরিকভাবে কাজ করতে হবে : এলজিআরডিমন্ত্রী

৭। ১২ হাজার কোটি টাকায় ৫৩টি নৌপথ খনন করা হবে : নৌ পরিবহণমন্ত্রী

৮। উপকূলীয় পাঁচ জেলায় বনায়ন কর্মসূচির উদ্বোধন করলেন বন মন্ত্রী

৯। পুনরায় পাহাড় ধস, দুই জেলায় নিহত ৫

১০। ৩৫তম বিসিএসে ১৩৮ জন নন- ক্যাডার পদে নিয়োগ

চলমান পাতা-২

১। **তথ্য অধিকার আইন বিষয়ে সচেতনতার ওপর গুরুত্বারোপ রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ তৃণমূল পর্যায়ে তথ্য অধিকার (আরটিআই) আইন বিষয়ে গণসচেতনতা বাড়াতে প্রচারণা চালানোর জন্য কমিশনের (আইসি) প্রতি আহবান জানিয়েছেন। তিনি বলেন, সরকারি ও বেসরকারি উভয় সেক্টরের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা আনা এবং সুশাসন প্রতিষ্ঠায় তথ্য অধিকার (আরটিআই) আইন একটি গুরুত্বপূর্ণ অস্ত্র। গতকাল বঙ্গভবনে রাষ্ট্রপতির কাছে প্রধান তথ্য কমিশনার (সিআইসি) অধ্যাপক ড. গোলাম রহমানের নেতৃত্বে তিন সদস্যের একটি প্রতিনিধিদল কমিশনের বার্ষিক প্রতিবেদন-২০১৬ পেশকালে তিনি এ আহ্বান জানান। সাক্ষাৎ শেষে রাষ্ট্রপতির প্রেস সচিব মো. জয়নাল আবেদীন এ কথা জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.৫,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

২। **ব্যাংক হিসাবে আবগারি শুল্ক কমানো হবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, বাজেটে ব্যাংকের টাকায় যে হারে আবগারি শুল্ক প্রস্তাব করা হয়েছে, তা কমানো হবে। তবে কমিয়ে কত করা হবে, তা তিনি বলেননি। এ ছাড়া কালো টাকা সৃষ্টির পথ বন্ধ করতে জমি কেনাবেচায় মৌজা মূল্য ব্যবস্থা পরিবর্তন করে প্রকৃত দামে নিবন্ধনের ব্যবস্থা করা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী। গতকাল সচিবালয়ে অর্থ মন্ত্রণালয় এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর মধ্যে ২০১৭-১৮ সালের বার্ষিক কর্ম সম্পাদনা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অর্থমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

৩। **বাজেটে ভ্যাট ও ট্রাক্স সহনীয় পর্যায়ে হবে : বাণিজ্যমন্ত্রী**

প্রস্তাবিত ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে ভ্যাট এবং ট্রাক্স সহনীয় পর্যায়ে বাস্তবসম্মত হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, ভ্যাট ও ট্যাক্স নিয়ে জাতীয় সংসদে এবং বাইরে আলোচনা হচ্ছে। বাজেট পাস হওয়ার পর আর কোনো আলোচনা থাকবে না। জাতীয় সংসদে বাজেট আলোচনায় সংসদ নেতা প্রধানমন্ত্রীর বক্তৃতায় তা স্পষ্ট হবে। গতকাল ঢাকায় কৃষিবিদ ইনস্টিটিউট বাংলাদেশ থ্রি-ডি সেমিনার হলে বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি আয়োজিত বাজেট উত্তর সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **যুগান্তর** (পৃ.২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৪। **এমডিজি-৪ ও ৫ এর লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা চলছে : জাতীয় সংসদে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, স্বাস্থ্যসেবা খাতে সফলতার ধারাবাহিকতা বজায় রাখতে জাতিসংঘের এমডিজি-৪ ও ৫ এর লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাত্মক কর্মকাণ্ড পরিচালনা করা হচ্ছে। গতকাল রোববার জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে তিনি আরো বলেন, ইতোমধ্যে এখাতে এমডিজি লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বাংলাদেশ আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করেছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫**), জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

৫। **ঈদে পোশাক শ্রমিকদের পর্যায়ক্রমে ছুটি দেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

ঈদের আগে রাস্তাঘাট যানবাহনের চাপ কমাতে এবারও পোশাক শ্রমিকদের পর্যায়ক্রমে ২২ জুন থেকে ২৫ জুনের মধ্যে ছুটি দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। এর আগে সব কারখানার শ্রমিকদের পাওনা, বোনাস ও বেতন পরিশোধের জন্য মালিকদের বলা হয়েছে বলে জানান তিনি। এ ছাড়া সড়কপথে মানুষ যাতে যানজটের ভোগান্তিতে না পড়ে সেদিকে দৃষ্টি রেখে আইনশৃঙ্খলা বাহিনী কাজ করছে বলে জানান তিনি। গতকাল ১৮ জুন রোববার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে ঈদুল ফিতর উপলক্ষে সার্বিক আইনশৃঙ্খলা, গার্মেন্টস শ্রমিকদের কল্যাণ নিশ্চিত ও ঈদপূর্ব বেতন ভাতাদি পরিশোধ, সড়ক-মহাসড়ক যানজটমুক্ত রাখার বিষয়ে আইনশৃঙ্খলা

সংক্রান্ত এক বৈঠক শেষে তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**৬। কর্মকর্তাদের আন্তরিকভাবে কাজ করতে হবে : এলজিআরডিমন্ত্রী**

এলজিআরডিমন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, শুধু সরকারের উন্নয়নকাজ সম্পন্ন করলে চলবে না। জনকল্যাণকে সর্বাধিক গুরত্ব দিয়ে কর্মকর্তাদের আন্তরিকভাবে কাজ করতে হবে। তিনি বলেন, স্থানীয় সরকার বিভাগ সফলভাবে কাজ বাস্তবায়ন করেছে। গত অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির শতকরা ৯৮ দশমিক ৮৩ ভাগ সম্পন্ন হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ এই মন্ত্রণালয়কে শ্রেষ্ঠ বলে ঘোষণা দিয়েছে। গতকাল ১৮ জুন রোববার সচিবালয়ে মন্ত্রণালয়ের সম্মেলনে কক্ষে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুষ্ঠানে এসব কথা বলেন মন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩)।

**৭। ১২ হাজার কোটি টাকায় ৫৩টি নৌপথ খনন করা হবে : নৌ পরিবহণমন্ত্রী**

নৌপরিবহণমন্ত্রী শাজাহান খান বলেছেন, মৃতপ্রায় নৌপথগুলো সচল করার লক্ষ্যে প্রায় ১২ হাজার কোটি টাকা ব্যয়ে ৫৩টি নৌপথ খননের উদ্যোগ নেওয়া হয়েছে। বর্তমানে ৩৬টি নৌপথ খননের কাজ চলমান আছে। গতকাল রোববার সংসদ অধিবেশনে টেবিলে উত্থাপিত প্রশ্নোত্তর পর্বে নৌমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **অবজাবভার** (পৃ.২,ক.১)।

**৮। উপকূলীয় পাঁচ জেলায় বনায়ন কর্মসূচির উদ্বোধন করলেন বন মন্ত্রী**

পরিবেশ ও বন মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু গতকাল রোববার বন অধিদপ্তরের আওতাধীন 'বাংলাদেশের পাঁচটি উপকূলীয় জেলায় বনায়ন প্রকল্পের' উদ্যোগে কাউখালী উপজেলার পূর্ব আমড়াজুড়ি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে বৃক্ষ রোপণ কর্মসূচির উদ্বোধন করেন। এ প্রকল্পের আওতায় গোপালগঞ্জ, পিরোজপুর, বাগেরহাট, খুলনা ও সাতক্ষীরা জেলায় গাছের চারা রোপণ করা হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১)।

**৯। পুনরায় পাহাড় ধস, দুই জেলায় নিহত ৫**

প্রবল বর্ষণের মধ্যে পাহাড় ধসে মাটি চাপা পড়ে দুই জেলায় চার শিশুসহ পাঁচজনের মৃত্যু হয়েছে। গত শনিবার মধ্যরাতের পর ও গতকাল রোববার খাগড়াছড়ির রামগড়, লক্ষীছড়িতে এবং মৌলভীবাজারের বড় লেখায় ধসের ঘটনা ঘটে বলে পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে। স্থানীয়ভাবে জানা য়ায়, গত কয়েক দিনের টানা বর্ষণে এলাকার অসংখ্য বাড়ি-ঘর ঝুঁকিতে রয়েছে। যে কোনো সময় ঘটতে পারে আরও বড় ধরনের দুর্ঘটনা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**১০। ৩৫তম বিসিএসে ১৩৮ জন নন- ক্যাডার পদে নিয়োগ**

৩৫তম বিসিএসের লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েও ক্যাডার না পাওয়া চাকরি প্রার্থীদের মধ্যে আরও ১৩৮ জনকে প্রথম শ্রেণির নন-ক্যাডার পদে নিয়োগ দিয়েছে সরকারি কর্মকমিশন (পিএসসি)। নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা অনুযায়ী মেধাক্রম ও বিদ্যমান কোটা পদ্ধতির ভিত্তিতে গতকাল তাদের নিয়োগের সুপারিশ করে কমিশন। পিএসসি এর আগে ৩৫তম বিসিএসে উত্তীর্ণদের মধ্য থেকে দুই দফায় ৫৫৫ জনকে প্রথম শ্রেণির নন-ক্যাডার পদে নিয়োগের সুপারিশ করে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.১৯,ক.২)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** প্রবাসে কর্মরত বাংলাদেশি কিছু শ্রমিকের নানা অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ায় দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে সংশ্লিষ্ট দূতাবাসগুলিকে সর্বদা সজাগ ও সতর্ক থাকার সুপারিশ।

খ. **জনকণ্ঠ, ভোরের কাগজ, যুগান্তর, ডেইলি স্টার :** ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগ প্রতিরোধে এডিস মশার বংশবৃদ্ধি রোধ করতে জনসচেতনতা তৈরির আহ্বান।

গ. **প্রথম আলো :** ঈদে ঘরে ফেরা মানুষের যাত্রা নির্বিঘ্ন করতে সড়ক পরিবহণ ও নৌচলাচলের সাথে সম্পৃক্ত সরকারের সব বিভাগকে মানুষের দুর্ভোগ ন্যূনতম পর্যায়ে রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ইনকিলাব :** পানিসম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ বোর্ড, অধিদফতর, পরিদফতরগুলোর দুর্নীতি লাঘবে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **যায়যায়দিন :** দেশে উৎপাদিত চামড়াজাত পণ্যের বিদেশে রপ্তানি বাড়ায় স্বস্তি প্রকাশ করে এ ধারা অব্যাহত রাখতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার সুপারিশ।

চ. **ডেইলি সান :** গাইডবই নিষিদ্ধ করা হলেও এখনো তা বাজারে প্রকাশ্যে বিক্রি হয় এবং বেশির ভাগ শিক্ষার্থীরা তা পাঠ করে উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ কামনা।

ছ. **নিউজ টুডে :** রাজধানীতে যত্রতত্র ময়লা আবর্জনা ফেলা বন্ধ করতে নির্দিষ্ট জায়গায় ডাম্পিং স্টেশন করার সুপারিশ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, নির্বাচনে জনগণ যাতে নির্বিঘ্নে ভোট দিতে পারে সেই ব্যবস্থা করা সব রাজনৈতিক দলের দায়িত্ব।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'পাহাড়ে লাশ এবং আমাদের অক্ষমতা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, একের পর এক পাহাড় চাপা পড়ে জানমালের ক্ষয়ক্ষতির ঘটনায় পাহাড় ব্যবস্থাপনায় আমাদের অক্ষমতাকেই প্রকাশ করছে।

#

ডালিয়া/ মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১২০/২০১৭**

**ঢাকা, রোববার ১৮ জুন ২০১৭, ৪ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সুইডেন সফর শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী

২। পাহাড়ে দুর্গতদের সব সহায়তা দেওয়া হবে : প্রধানমন্ত্রী

৩। জনসচেতনতার মাধ্যমে চিকুনগুনিয়া প্রতিরোধ সম্ভব : স্বাস্থ্যমন্ত্রী

৪। বাজেটে বিতর্কিত বিষয় সুরাহার ইঙ্গিত পরিকল্পনামন্ত্রীর

৫। কাউকে সাহায্য করতে নির্বাচনের আগে কোনো সরকার গঠন হবে না : তথ্যমন্ত্রী

৬। সুনির্দিষ্ট তথ্য ছাড়া গাড়ি তল্লাশি নয় : ডিএমপি কমিশনার

৭। সরকার সকল জেলায় 'জয়িতা' বিপণন কেন্দ্র স্থাপন করবে
: মহিলা বিষয়ক প্রতিমন্ত্রী

৮। রাষ্ট্রায়ত্ত ৮ আর্থিক প্রতিষ্ঠানকে তহবিল সহায়তায় ২ হাজার কোটি টাকা দিল সরকার

৯। জঙ্গিবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ থাকুন : খাদ্যমন্ত্রী

১০। রাঙ্গামাটিতে পণ্যমূল্য নিয়ন্ত্রণে মোবাইল কোর্টের অভিযান

১১। কমনওয়েলথ অব লার্নিংয়ের বোর্ডে সদস্য মনোনীত হয়েছেন শিক্ষামন্ত্রী

চলমান পাতা-২

১। **সুইডেন সফর শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সুইডেনে তিন দিনের সফর শেষে গতকাল ১৭ জুন শনিবার সকালে দেশে ফিরেছেন। সুইডিশ প্রধানমন্ত্রী স্তেফান লোফভেনের আমন্ত্রণে তিনি এই সফরে যান। স্ক্যান্ডিনেভিয়ান দেশটিতে বাংলাদেশের কোনো সরকার প্রধানের এটাই প্রথম দ্বিপক্ষীয় সফর। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে সকাল সোয়া ৯টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সফরকালে প্রধানমন্ত্রী একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১)।

২। **পাহাড়ে দুর্গতদের সব সহায়তা দেওয়া হবে : প্রধানমন্ত্রী**

পাহাড়ধসে হতাহতদের পরিবারসহ ক্ষতিগ্রস্তদের সর্বাত্মক সহযোগিতার অঙ্গীকার ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, আওয়ামী লীগ সব সময়ই দুর্যোগকবলিত মানুষের পাশে ছিল, আছে এবং থাকবে। প্রধানমন্ত্রী সুইডেনে তিন দিনের সফর শেষে গতকাল দেশে ফিরে আসার পর তার সরকারি বাসভবন গণভবনে আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতাদের সঙ্গে আলাপকালে রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান ও চট্টগ্রামে পাহাড়ধসে হতাহতের ঘটনায় গভীর শোক এবং দুঃখ প্রকাশ করেন। তিনি পাহাড়ধসে ক্ষতিগ্রস্ত এলাকার বিস্তারিত খোঁজখবর নেন এবং ত্রাণ তৎপরতা আরও জোরদার করার নির্দেশ দেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮)।

৩। **জনসচেতনতার মাধ্যমে চিকুনগুনিয়া প্রতিরোধ সম্ভব : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, জনসচেতনতা সৃষ্টির মাধ্যমেই চিকুনগুনিয়া প্রতিরোধ সম্ভব। গতকাল রাজধানীর ৯২টি ওয়ার্ডে চিকুনগুনিয়া প্রতিরোধের অংশ হিসেবে এডিস মশার প্রজনন ক্ষেত্রগুলো ধ্বংস কার্যক্রম উদ্বোধনকালে মন্ত্রী আরো বলেন, যে যার অবস্থান থেকে নিজের বাড়িঘর ও আশপাশের এলাকা পরিষ্কার রাখলে এবং কোথাও পানি জমতে না দিলে এই চিকুনগুনিয়া রোগ হতে রেহাই পাওয়া যাবে। রাজধানীর বিভিন্ন সরকারি-বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ, নার্সিং ইনস্টিটিউট, সব ধরনের প্যারামেডিকেল ইনস্টিটিউট ও অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং ইনস্টিটিউট (ম্যাটস্) এবং জনস্বাস্থ্য বিষয়ক স্নাতকোত্তর চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ১০ হাজার শিক্ষার্থী চিকুনগুনিয়া রোগ প্রতিরোধে মহানগরীতে এডিস মশার প্রজনন ক্ষেত্রগুলো ধ্বংস ও জনসচেতনতা সৃষ্টিতে অভিযান চালায়। স্বাস্থ্যমন্ত্রী সকালে ধানমন্ডিতে এ কার্যক্রমের উদ্বোধন শেষে শুক্রাবাদ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ ও হাসপাতাল এলাকা, আজিমপুরসহ নগরীর প্রায় ১৫টি স্থানে কার্যক্রম তদারকি করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮)।

৪। **বাজেটে বিতর্কিত বিষয় সুরাহার ইঙ্গিত পরিকল্পনামন্ত্রীর**

প্রস্তাবিত বাজেট পাস হওয়ার সময় বিতর্কিত বিষয়ের সুরাহার বিষয়ে ইঙ্গিত দিয়েছেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সিপিডির বাজেট আলোচনায় অংশ নিয়ে তিনি বলেন, 'সংসদে আলোচনা হচ্ছে। পাসের সময় দেখবেন, সুরাহা হয়ে যাবে। সমান্যতম সন্দেহ থাকবে না'। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫)।

৫। **কাউকে সাহায্য করতে নির্বাচনের আগে কোনো সরকার গঠন হবে না : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, সাংবিধানিক সরকারের বিকল্প হিসেবে যেসব অস্পষ্ট প্রস্তাব বিএনপি উত্থাপন করছে তা আসলে চক্রান্ত ও ষড়যন্ত্রমূলক। সহায়ক সরকারের নামে আসলে বিএনপি-জামায়াত তাদের সাহায্যকারী সরকার প্রতিষ্ঠা করতে চাইছে। কিন্তু কাউকে সাহায্য করার জন্য কোনো সরকার বাংলাদেশে নির্বাচনের আগে গঠন হবে না। তথ্যমন্ত্রী গতকাল কুষ্টিয়া সার্কিট হাউসে দলীয় নেতাকর্মীদের সঙ্গে এক মতবিনিময় সভায় এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫)।



৬। **সুনির্দিষ্ট তথ্য ছাড়া গাড়ি তল্লাশি নয় : ডিএমপি কমিশনার**

ঈদে ঘরমুখো মানুষের ভোগান্তি কমাতে সুনির্দিষ্ট তথ্য ছাড়া গাড়ি তল্লাশি বা কাগজ পরীক্ষা না করতে ট্রাফিক পুলিশকে নির্দেশ দিয়েছেন ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া। গতকাল সায়েদাবাদ বাস টার্মিনালে আইন-শৃঙ্খলা ও ট্রাফিক সমন্বয় সভায় তিনি এ নির্দেশ দেন। ডিএমপি কমিশনার বলেন, ঈদ উপলক্ষে টার্মিনাল, শপিংমল, লঞ্চঘাট, রেলস্টেশনে জনগণের নিরাপত্তায় পোশাকধারী ও সাদা পোশাকে কয়েকস্তরের নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। মহাসড়কে চাঁদাবাজি বা রাস্তায় দাঁড়িয়ে যাত্রী তুললে চালকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.৪,ক.৩)।

**৭। সরকার সকল জেলায় 'জয়িতা' বিপণন কেন্দ্র স্থাপন করবে**
**: মহিলা বিষয়ক প্রতিমন্ত্রী**

মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, বর্তমান সরকার দেশের সকল জেলায় নিজস্ব অর্থায়নে 'জয়িতা' বিপণন কেন্দ্র স্থাপন করবে। গতকাল রাজধানীর ইস্কাটনে মহিলা বিষয়ক অধিদফতরে 'জয়িতা বান্দরবান' কার্যক্রম উদ্বোধনের সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা জানান। প্রতিমন্ত্রী বলেন, বান্দরবানের সদর উপজেলার মেঘলা পর্যটন এলাকায় ছয়তলা বিপণন কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। এখানে নারীরা বিনামূল্যে তাদের পণ্যসামগ্রী বাজারজাত করবে। সরকার নারী উদ্যোক্তাদের সমস্যা সমাধানে জয়িতা কার্যক্রম হাতে নিয়েছে বলে উল্লেখ করেন তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৬), **ইনকিলাব** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট**
(পৃ.১৫,ক.৫), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৫)।

**৮। রাষ্ট্রায়ত্ত ৮ আর্থিক প্রতিষ্ঠানকে তহবিল সহায়তায় ২ হাজার কোটি টাকা দিল সরকার**

মূলধন ঘাটতি পূরণ, তহবিল সহায়তা, সুদ ভর্তুকি ও সরকারি শেয়ারের অংশ ঠিক রাখতে রাষ্ট্রায়ত্ত ৮ আর্থিক প্রতিষ্ঠানকে দুই হাজার কোটি টাকা দিয়েছে সরকার। চলতি ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেটের 'ব্যাংকের মূলধন পুনর্গঠনে বিনিয়োগ' খাতের বরাদ্দ থেকে এ টাকা দেওয়া হয়েছে। সম্প্রতি অর্থ বিভাগের এক আদেশে এ অর্থ ছাড় করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৩)।

**৯। জঙ্গিবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ থাকুন : খাদ্যমন্ত্রী**

জঙ্গিবাদের বিরুদ্ধে সকলকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়েছেন খাদ্যমন্ত্রী এডভোকেট কামরুল ইসলাম। গতকাল সাভারের তেঁতুলঝোড়া ইউনিয়ন পরিষদের উদ্যোগে হেমায়েতপুর এলাকায় অনুষ্ঠিত এক আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। তিনি বলেন, জঙ্গিরা দেশ ও সমাজের শত্রু। তাই তাদের বিরুদ্ধে আমাদের সজাগ থাকতে হবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬)।

**১০। রাঙ্গামাটিতে পণ্যমূল্য নিয়ন্ত্রণে মোবাইল কোর্টের অভিযান**

অবিরাম বর্ষণ ও পাহাড়ি ঢলে ভয়াবহভাবে ক্ষতিগ্রস্ত পার্বত্য জেলা রাঙ্গামাটির সড়ক যোগাযোগের অচলাবস্থার সাতদিন গতকাল অতিবাহিত হয়েছে। পণ্যমূল্য সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে রাখার জন্য রাঙ্গামাটি প্রশাসন গত দুইদিন রাঙ্গামাটির বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেছে। ফলে উচ্চমূল্যে পণ্য বিক্রয়কারী ব্যবসায়ীরা পণ্যমূল্য নামিয়ে সাধারণ মানুষের হাতে তুলে দিচ্ছে। অতিরিক্ত মূল্যে পণ্য বিক্রির দায়ে বেশ কিছু ব্যবসায়ীকে শাস্তি প্রদান করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫)।

**১১। কমনওয়েলথ অব লার্নিংয়ের বোর্ডে সদস্য মনোনীত হয়েছেন শিক্ষামন্ত্রী**

কমনওয়েলথ অব লার্নিংয়ের (সিওএল) বোর্ড অব গভর্নরসের কার্যনির্বাহী কমিটিতে সদস্য হিসেবে মনোনীত হয়েছেন বাংলাদেশের শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল কানাডার ভাঙ্কুভারে সিওএলের বোর্ড অব গভর্নরসের সভার দ্বিতীয় দিনে পাঁচ সদস্যের এই কার্যনির্বাহী কমিটি মনোনয়ন করা হয়। দ্বিতীয় দিনের সভায় কমনওয়েলথ অব লার্নিংয়ের ভবিষ্যত কর্মপন্থা নিয়ে আলোচনা হয়। এ সময় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ অনলাইনভিত্তিক উন্মুক্ত শিক্ষাব্যবস্থা প্রণয়নের সুপারিশ করেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।



**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, ভোরের কাগজ :** রাজধানীর জলাবদ্ধতার স্থায়ী সমাধানে কার্যকর উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** মূল সেতু ও নদী শাসনের কাজ লক্ষ্যমাত্রার চেয়ে পিছিয়ে থাকায় পদ্মা সেতুর কাজ নির্ধারিত সময়ে শেষ হওয়া নিয়ে সংশয় দেখা দিয়েছে উল্লেখ করে নির্ধারিত সময়ে মান রক্ষা করে কাজ সম্পন্ন করার জন্য নিয়মিত মনিটরিং এর সুপারিশ।

গ. **প্রথম আলো, সমকাল, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন :** ভূমিধসে বিপর্যস্ত জনপদ রাঙ্গামাটির চট্টগ্রামের সাথে যোগাযোগ বিচ্ছিন্নতার কারণে দুর্ভোগ বেড়েই চলেছে উল্লেখ করে যোগাযোগ পুনরুদ্ধার করাসহ দুর্ভোগ লাঘব হবে সরকারের সাথে বেসরকারি পর্যায়ে উদ্যোগ গ্রহণ করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **সমকাল :** বেনাপোল চেকপোস্টে আন্তর্জাতিক মানের প্যাসেঞ্জার টার্মিনাল নির্মাণ করা হলেও তাতে ন্যূনতম সেবা না থাকলেও চার্জ দিতে হয় উল্লেখ করে এ অব্যবস্থাপনার জন্য দায়ীদের শাস্তির আওতায় আনার সুপারিশ।

ঙ. **যুগান্তর :** ঈদকে সামনে রেখে রাজধানীতে চাঁদাবাজি বন্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার আহ্বান ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** খাদ্যপণ্যে ভেজাল প্রতিরোধে কর্তৃপক্ষকে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার পাশাপাশি গণমাধ্যমকে এ ব্যাপারে জনগণকে সচেতন করতে ব্যাপক প্রচারণা চালানোর আহ্বান।

ছ. **ডেইলি সান :** বাংলাদেশে বিরাজমান ব্যবসাবান্ধব পরিবেশে সুইডেনের ব্যবসায়ীদের বিনিয়োগে এগিয়ে আসতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বানের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ-সুইডেন ব্যবসা ও বিনিয়োগ ফোরামকে সমন্বিতভাবে এ ব্যাপারে কাজ করার সুপারিশ।

জ. **ডেইলি স্টার :** ১ জুলাই থেকে ১৫ শতাংশ ভ্যাট ও 'সম্পূরক শুল্ক বিধি ২০১২' একত্রে চালু হলে দেশের তাঁতীরা বিপুল লোকসানের মুখোমুখি হবে বলে আশঙ্কা করে দেশের তাঁত শিল্পকে ভ্যাটের আওতামুক্ত রাখার প্রত্যাশা।

ঝ. **নিউ এজ :** বাংলাদেশ সড়ক পরিবহণ করপোরেশনের দুর্বল ব্যবস্থাপনার জন্য নাগরিকরা ভাল পরিবহণ সেবা থেকে বঞ্চিত হওয়ায় সরকারকে দ্রুত এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, স্বাস্থ্য খাতের অর্জিত সাফল্যগুলো ধরে রাখতে রোগী, চিকিৎসক এবং চিকিৎসাকর্মী সবার মাঝে পারস্পরিক আস্থা ফিরিয়ে আনার বিকল্প নেই।

## নিবন্ধ ও ফিচার

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'মানবসৃষ্ট প্রাকৃতিক বিপর্যয়ের প্রতিকার অনুসন্ধান'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, প্রকৃতিকে পরিমিত শাসন সভ্যতার ক্রমবিকাশের জন্য অপরিহার্য।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১১৯/২০১৭**

**ঢাকা, শুক্রবার ১৬ জুন ২০১৭, ৪ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সহযোগিতা বাড়াতে ঢাকা ও স্টকহোম একসঙ্গে কাজ করবে : সুইডেনে দুই প্রধানমন্ত্রীর দ্বিপাক্ষিক বৈঠক

২। সুইডেনের রাজার সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাক্ষাৎ

৩। সুইডেনের স্টকহোমে বাংলাদেশের প্রধানমন্ত্রীকে লাল গালিচা সংবর্ধনা

৪। পাহাড় ধসে প্রাণহানি ও ক্ষয়ক্ষতিতে ত্রাণ, পুনর্বাসন ও সংস্কার কার্যক্রম পরিচালনার নির্দেশ প্রধানমন্ত্রীর

৫। বাংলাদেশের শ্রমমান ও শ্রম অধিকার নিয়ে আইএলওর বিশেষ অনুচ্ছেদ প্রত্যাহার

৬। গম ও ভুট্টার উৎপাদন বাড়াতে ইনস্টিটিউট হচ্ছে : সংসদে বিল উত্থাপন

৭। বঙ্গবন্ধুর খুনিদের সম্পত্তি জব্দে ব্যবস্থা নেওয়া হয়েছে : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী

৮। ঈদে যাতায়াতে পুরাতন গাড়ি নামানো যাবে না : ডিএমপি কমিশনার

৯। ঈদকে ঘিরে দেশে নিরাপত্তার কোনো ঝুঁকি নেই : র‌্যাব মহাপরিচালক

১০। রাজধানীতে তিন দিনের জাতীয় ফল প্রদর্শনী আজ শুরু

চলমান পাতা-২

**১। সহযোগিতা বাড়াতে ঢাকা ও স্টকহোম একসঙ্গে কাজ করবে : সুইডেনে দুই প্রধানমন্ত্রীর দ্বিপাক্ষিক বৈঠক**

ঢাকা ও স্টকহোম অর্থনৈতিক সহযোগিতার খাতসমূহে সম্পর্কোন্নয়ন এবং দ্বিপক্ষীয় সরাসরি বিদেশি বিনিয়োগ (এফডিআই) আরো উৎসাহিত করার ব্যাপারে একসঙ্গে কাজ করতে সম্মত হয়েছে। দুই দেশের নেতৃবৃন্দ অর্থনৈতিক সহযোগিতা ও বিনিয়োগের লক্ষ্যে দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিতে সদিচ্ছা প্রকাশ করেছেন। গতকাল ১৫ জুন বৃহস্পতিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সুইডেনের প্রধানমন্ত্রী স্টিফেন লোফভেনের  দ্বিপক্ষীয় বৈঠক শেষে এক যৌথ বিবৃতিতে একথা বলা হয়।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সুইডেনের প্রধানমন্ত্রী স্টিফেন লোফভেনের আমন্ত্রণে তিন দিনের দ্বিপক্ষীয় সফরে গত বুধবার সুইডেন পৌঁছেন। বাংলাদেশ ও সুইডেনের মধ্যে কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার ৪৫ বছরের ইতিহাসে এই প্রথম বাংলাদেশের কোনো সরকার প্রধান স্টকহোম সফর করছেন। যৌথ বিবৃতিতে বলা হয়, দুই প্রধানমন্ত্রী উভয় দেশের সম্পর্ক উচ্চতর পর্যায়ে নিয়ে যেতে একসঙ্গে কাজ করতে সম্মত হয়েছেন। তারা গত বছরের সেপ্টেম্বরে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর সুইডেন সফরকালে দুই দেশের পররাষ্ট্রমন্ত্রীর মধ্যে এমওইউ স্বাক্ষরে সন্তোষ প্রকাশ করেন। উভয় প্রধানমন্ত্রী উৎপাদনশীলতা ও প্রবৃদ্ধি অর্জনে বৈশ্বিক চুক্তির অবকাঠামোর আওতায় সহযোগিতা করতে অঙ্গীকার করেন। বাংলাদেশের নাগরিকদের প্রশিক্ষণ ও বৃত্তি প্রদানে সুইডেন সরকারের চলমান কর্মসূচির প্রতি স্বাগত জানিয়েছে ঢাকা। উভয় দেশের মধ্যে সহযোগিতার আরো ক্ষেত্র উন্মোচনে বাংলাদেশে ও সুইডেন সরকার শিক্ষা ও গবেষণায় উৎসাহ প্রদানে একমত হয়েছে। দুই প্রধানমন্ত্রী এসডিজিসহ '২০৩০ এজেন্ডা ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট' বাস্তবায়নে দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেন।

সুইডেনের প্রধানমন্ত্রী স্টিফেন লোফভেনের কার্যালয়ে এই দ্বিপাক্ষিক বৈঠক শেষে পররাষ্ট্র সচিব মো. শহীদুল হক এবং প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম ব্রিফ করেন। পররাষ্ট্র সচিব বলেন, বাংলাদেশ এবং সুইডেন সন্ত্রাসের বিরুদ্ধে লড়াই এবং সহযোগিতার নতুন ক্ষেত্র হিসেবে জ্বালানি নিরাপত্তা, প্রযুক্তিগত উদ্ভাবন, ব্যবসা এবং নগর উন্নয়নে একযোগে কাজ করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে।

স্টিফেন লোফভেনের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক ছাড়াও গতকাল সুইডিশ রয়্যাল ক্যাসলে সুইডেনের রাজা ষোড়শ কার্লের সঙ্গে সাক্ষাৎ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি সুইডেনের পার্লামেন্ট পরিদর্শন করেন এবং ভারপ্রাপ্ত স্পিকার তোবিয়াস বিলসট্রোমের সঙ্গে বৈঠকে মিলিত হন। এছাড়া সুইডেনের উপ-প্রধানমন্ত্রী ইসাবেল্লা লাভিন এবং বিচার ও অভিবাসনমন্ত্রী মরগান জোহানসন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ. ক. ৬), **এশিয়ান এজ** (শেষ.পৃ,ক.৮)। **জনকণ্ঠ, সমকাল, ইত্তেফাক, এশিয়ান এজ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। সুইডেনের রাজার সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাক্ষাৎ**

সুইডেনের রাজা ষোড়শ কার্ল বাংলাদেশের উন্নয়নের প্রচেষ্টার সঙ্গে কাজ করতে তাঁর দেশের আগ্রহের কথা প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল তাঁর সঙ্গে দেখা করতে গেলে তিনি এ কথা বলেন। সুইডেনের রাজার উদ্ধৃতি দিয়ে পররাষ্ট্র সচিব শহীদুল হক বলেন, 'সুইডেন শুধু বাংলাদেশে বিনিয়োগ নয়, বাংলাদেশের উন্নয়নের প্রচেষ্টায়ও অংশ নিতে আগ্রহী।' বৈঠক শেষে তিনি বলেন, সুইডেনের রাজা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নের উচ্ছ্বসিত প্রশংসা করেন। তিনি বলেন, রাজা এবং প্রধানমন্ত্রী দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন এবং শিশু মৃত্যুহার হ্রাসে বাংলাদেশ যে রোল মডেলে পরিণত হয়েছে তা নিয়ে আলোচনা করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫, ক.২), **সংবাদ** (শেষ পৃ., ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৪)।

**৩। সুইডেনের স্টকহোমে বাংলাদেশের প্রধানমন্ত্রীকে লাল গালিচা সংবর্ধনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সুইডিশ প্রধানমন্ত্রী স্টিফেন লোফভেনের আমন্ত্রণে তিন দিনের দ্বিপক্ষীয় সফরে গত বুধবার রাতে সুইডেন পৌঁছলে তাঁকে লাল গালিচা সংবর্ধনা দেয়া হয়। স্ক্যান্ডিনেভিয়ান এয়ার লাইন্সের একটি বিমান প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে স্থানীয় সময় রাত ৯টা ৪০ মিনিটে সুইডিশ রাজধানীর আরলান্ডা বিমানবন্দরে

অবতরণ করে। পরে সুইডিশ সশস্ত্র বাহিনী প্রধানমন্ত্রীকে গার্ড অব অনার প্রদান করে। স্টকহোমের আরলান্ডা বিমানবন্দর থেকে প্রধানমন্ত্রীকে মোটর শোভাযাত্রা সহকারে গ্রান্ড হোটেলে নিয়ে যাওয়া হয়। সুইডেন সফরকালে তিনি সেখানেই অবস্থান করবেন। শেখ হাসিনা হোটেলে পৌঁছলে সেখানে অল-ইউরোপিয়ান আওয়ামী লীগ নেতারা তাঁকে স্বাগত জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ.পৃ,ক.২)। **ইনকিলাব, নিউজ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৪। পাহাড় ধসে প্রাণহানি ও ক্ষয়ক্ষতিতে ত্রাণ, পুনর্বাসন ও সংস্কার কার্যক্রম পরিচালনার নির্দেশ প্রধানমন্ত্রীর**

পাহাড় ধসে প্রাণহানি ও ক্ষয়ক্ষতির ঘটনায় সেনাবাহিনীর সহায়তায় অবিলম্বে ত্রাণ, পুনর্বাসন ও সংস্কার কার্যক্রম পরিচালনার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মুখ্যসচিব কামাল আব্দুল নাসের চৌধুরী গত বৃহস্পতিবার সংশ্লিষ্ট দফতরগুলোতে পাঠানো এক আদেশে এ তথ্য জানান। ত্রাণ বিতরণের পাশাপাশি ভূমিধসে ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট ও অবকাঠামো সংস্কারসহ **১৯**টি বিষয়ে নির্দেশনা দিয়েছেন সরকারপ্রধান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫)।

**৫। বাংলাদেশের শ্রমমান ও শ্রম অধিকার নিয়ে আইএলওর বিশেষ অনুচ্ছেদ প্রত্যাহার**

বাংলাদেশের শ্রমমান ও শ্রম অধিকার নিয়ে বিশেষ অনুচ্ছেদটি প্রত্যাহার করে নিয়েছে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)। শ্রম অধিকারের বিশেষ অনুচ্ছেদটিতে দেওয়া সুপারিশগুলোর অনেক ক্ষেত্রে 'প্রণিধানযোগ্য অগ্রগতি' হওয়ায় গতকাল জেনেভায় আইএলওর **১০৬**তম সম্মেলনে তা প্রত্যাহার করা হয়। সুইজারল্যান্ডের রাজধানী জেনেভায় আন্তর্জাতিক শ্রম সম্মেলনে (আইএলসি) **১৩** জুনের এক কর্ম-অধিবেশনে বাংলাদেশ সম্পর্কিত বিশেষ অনুচ্ছেদ নিয়ে বাংলাদেশের অবস্থান তুলে ধরেন আইনমন্ত্রী আনিসুল হক। আন্তর্জাতিক মানদণ্ডে ঘাটতি থাকায় বাংলাদেশের শ্রমমান নিয়ে গত আইএলসিতে বিশেষ অনুচ্ছেদটি যুক্ত করা হয়েছিল। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.২), **সমকাল** (শেষ পৃ, ক. ৫)।

**৬। গম ও ভুট্টার উৎপাদন বাড়াতে ইনস্টিটিউট হচ্ছে : সংসদে বিল উত্থাপন**

দেশে গম ও ভুট্টার উৎপাদন বৃদ্ধি এবং এ বিষয়ে গবেষণার জন্য ইনস্টিটিউট প্রতিষ্ঠায় একটি বিল উত্থাপন করা হয়েছে। গতকাল জাতীয় সংসদের বৈঠকে 'বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট বিল-২০১৭' উত্থাপন করেন কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **এশিয়ান এজ** (পৃ. **১**২,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.৮)।

**৭। বঙ্গবন্ধুর খুনিদের সম্পত্তি জব্দে ব্যবস্থা নেওয়া হয়েছে : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলায় দন্ড পাওয়া খুনিদের স্থাবর সম্পত্তি ও ব্যাংক হিসাব জব্দে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। গতকাল সংসদ অধিবেশনের প্রশ্নোত্তর পর্বে স্বরাষ্ট্রমন্ত্রী এ কথা বলেন। পলাতক খুনিদের দেশে ফিরিয়ে আনার উদ্যোগ বিষয়ে এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী জানান, যুক্তরাষ্ট্র ও কানাডায় পলাতক খুনিদের দেশে ফিরিয়ে আনার আইনি প্রক্রিয়ার অংশ হিসেবে দুই দেশের ল' ফার্ম নিয়োগ করা হয়েছে। এছাড়া ইন্টারপোলের মাধ্যমে বিশ্বের গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক বিমানবন্দরে সাজাপ্রাপ্ত খুনিদের ছবি সম্বলিত তথ্য পাঠানো হয়েছে, যাতে খুনিদের অবস্থান চিহ্নিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়। সূত্র-**ইনকিলাব** (পৃ.১, ক.৪), **সমকাল** (পৃ.১৯, ক.১), **নিউজ টুডে** (পৃ.৩, ক.১), **অবজারভার** (পৃ.১, ক.৮)।

**৮। ঈদে যাতায়াতে পুরাতন গাড়ি নামানো যাবে না : ডিএমপি কমিশনার**

আসন্ন রমজানে ঈদে ঘরমুখী মানুষের যাতায়াত আরামদায়ক ও নির্ঝঞ্ঝাট করতে রাস্তায় পুরাতন লক্কড়-ঝক্কড় গাড়ি না নামাতে আহ্বান জানিয়েছেন ডিএমপি কমিশনার। রাজধানীর গাবতলী বাস টার্মিনালে গতকাল ঢাকা মেট্রোপলিটন পুলিশের ট্রাফিক পশ্চিম বিভাগের আয়োজনে আইনশৃঙ্খলা ও ট্রাফিক ব্যবস্থাপনা সংক্রান্ত মতবিনিময় সভায় গাড়ির মালিকদের উদ্দেশে এ কথা বলেন ডিএমপি কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া। সূত্র- **সংবাদ** (পৃ.১,ক.৫), ), **ইনকিলাব (পৃ.২,ক.১), এশিয়ান এজ** (পৃ.৩,ক.৪)।

**৯। ঈদকে ঘিরে দেশে নিরাপত্তার কোনো ঝুঁকি নেই : র‍্যাব মহাপরিচালক**

র‍্যাবের মহাপরিচালক বেনজীর আহমেদ বলেছেন, ঈদকে ঘিরে দেশে নিরাপত্তার কোনো ঝুঁকি নেই। তারপরেও ঈদকে ঘিরে সারাদেশে নিরাপত্তা জোরদার করা হয়েছে। ঈদুল ফিতর শান্তিপূর্ণভাবে উদ্‌যাপনের জন্য জনগণের জানমালের নিরাপত্তায় মাঠে রয়েছে র‍্যাব। গতকাল ঈদের নিরাপত্তায় কমলাপুর রেলওয়ে স্টেশনের সার্বিক পরিস্থিতি পরিদর্শন শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৭), **নিউ এজ** (পৃ.৩,ক.৫)।

**১০। রাজধানীতে তিন দিনের জাতীয় ফল প্রদর্শনী আজ শুরু**

ফলদ বৃক্ষ রোপণ পক্ষ ও তিন দিনব্যাপী জাতীয় ফল প্রদর্শনী আজ শুরু হচ্ছে। এবারের প্রতিপাদ্য ‘স্বাস্থ্য পুষ্টি অর্থ চাই, দেশি ফলের গাছ লাগাই।’ রাজধানীর ফার্মগেটে আ কা মু গিয়াসউদ্দীন মিল্কী অডিটরিয়াম চত্বরে আজ **১৬** জুন হতে **১৮** জুন জাতীয় ফল প্রদর্শনী অনুষ্ঠিত হবে। ফলদ বৃক্ষ রোপণ পক্ষ চলবে ৩০ জুন পর্যন্ত। সচিবালয়ে গতকাল তথ্য অধিদফতরের সম্মেলন কক্ষে ফলদ বৃক্ষ রোপণ পক্ষ ও জাতীয় ফল প্রদর্শনী নিয়ে সংবাদ সম্মেলনে কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোশারফ হোসেন এ তথ্য জানান। এ সময় প্রধান তথ্য কর্মকর্তা কামরুন নাহার উপস্থিত ছিলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২১,ক.৬), **সংবাদ** (পৃ.৪,ক.৫)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** রাজধানীর অনেক বাজারেই সিটি করপোরেশনের নির্ধারিত মূল্যতালিকা মানা হচ্ছে না উল্লেখ করে এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নিয়মিত মনিটরিং এর সুপারিশ।

**খ.** **সংবাদ, ভোরের কাগজ :** ঈদে ঘরে ফেরা মানুষের দুর্ভোগ লাঘবে নৌপথে ও সড়কপথে দুর্ঘটনামুক্ত ও যানজটবিহীন নিরাপদ যাত্রা নিশ্চিত করার আহ্বান ।

**গ.** **প্রথম আলো :** রাস্তা খোঁড়াখুঁড়ির সঙ্গে জলাবদ্ধতা যোগ হয়ে ঢাকার জনজীবন দুর্বিসহ হয়ে পড়ায় উদ্বেগ প্রকাশ করে জলাবদ্ধতা মোকাবিলার জন্য জবরদখল হয়ে যাওয়া খাল ও অন্যান্য প্রাকৃতিক জলাশয় পুনরুদ্ধারের ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **ডেইলি স্টার :** রাজধানীতে যত্রতত্র বাসে যাত্রী ওঠানামার কারণে প্রায়ই দুর্ঘটনা ঘটে উল্লেখ করে এ অবস্থা নিরসনে নির্দিষ্ট জায়গায় বাসস্টপ করার সুপারিশ।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** সম্ভাবনাময় পর্যটন শিল্পের বিকাশে যথাযথ পদক্ষেপ কামনা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

#

ফাহিমা/শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**

**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১১৮/২০১৭**

**ঢাকা, বৃহস্পতিবার ১৫ জুন ২০১৭, ১ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রবাসীদের প্রতি দেশের ভাবমূর্তি বিরোধী কোনো কিছু না করার আহবান প্রধানমন্ত্রীর

২। ভূমিধসে ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ তৎপরতার খোঁজখবর নেন প্রধানমন্ত্রী

৩। পাহাড় ধসে আহতদের চিকিৎসায় ৪৮৩টি মেডিকেল টিম গঠন : স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী

৪। রাঙ্গামাটির ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে সব সহযোগিতা করা হবে
: সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৫। ব্যাংক আমানতের ওপর আবগারি শুল্কের হার পরিবর্তন হতে পারে : অর্থমন্ত্রী

৬। ঢাকা নদীবন্দর এলাকায় ঈদের আগে-পরে পাঁচ দিন মালবাহী জাহাজ চলবে না : নৌপরিবহণমন্ত্রী

৭। তথ্যপ্রযুক্তিতে অবদানের জন্য ডাব্লিউএসআইএস পুরস্কার লাভ বাংলাদেশের

৮। পাহাড় ধসে প্রাণহানিতে জাতীয় সংসদের শোক

৯। লন্ডনে একটি বহুতল আবাসিক ভবনে আগুন লাগার ঘটনায় প্রধানমন্ত্রীর দুঃখ প্রকাশ

১০। প্রধানমন্ত্রীর সঙ্গে যুক্তরাজ্যের পার্লামেন্ট নির্বাচনে জয়ী বাংলাদেশি বংশোদ্ভূত দুই কন্যার সাক্ষাৎ

১১। ভিয়েতনাম থেকে আড়াই লাখ মেট্রিক টন চাল আমদানি করবে সরকার

১২। মুঠোফোন সিমের তথ্য সংরক্ষণে চালু হচ্ছে কেন্দ্রীয় তথ্যভান্ডার

চলমান পাতা-২

**১। প্রবাসীদের প্রতি দেশের ভাবমূর্তি বিরোধী কোনো কিছু না করার আহবান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাজ্যে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হয় এমন কিছু না করার আহবান জানিয়েছেন। তিনি বলেন, 'এক সময় বাংলাদেশ ভিক্ষুকের দেশ, প্রাকৃতিক দুর্যোগ ও অন্যান্য খারাপ নামে পরিচিত ছিল। আমরা এসব পরিস্থিতি মোকাবিলা করে দেশকে উন্নয়নের রোল মডেলে পরিণত করেছি। কাজেই আপনারা এমন কিছু করবেন না যাতে দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়'। সুইডেন যাওয়ার পথে লন্ডনে যাত্রাবিরতির পর বাংলাদেশ কমিউনিটির নেতারা লন্ডনে স্ট্রোক পার্কে তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি তাদের উদ্দেশ্যে ভাষণকালে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৭)। **যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। ভূমিধসে ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ তৎপরতার খোঁজখবর নেন প্রধানমন্ত্রী**

সুইডেন সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের পার্বত্য জেলা সমূহে প্রবল মৌসুমি বৃষ্টিপাতের ফলে গত মঙ্গলবার ধারাবাহিক ভূমিধসে প্রাণহানি ও ক্ষয়ক্ষতির খোঁজখবর নেন। তিনি ক্ষতিগ্রস্ত জেলাসমূহে উদ্ধার ও পুনর্বাসন কার্যক্রম সম্পর্কে মুখ্যসচিব ড. কামাল আব্দুল নাসের চৌধুরীর কাছ থেকে জানতে চান। মুখ্যসচিব গতকাল বুধবার রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিদর্শন করেন এবং প্রধানমন্ত্রীকে সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৩। পাহাড় ধসে আহতদের চিকিৎসায় ৪৮৩টি মেডিকেল টিম গঠন : স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, চট্টগ্রাম ও তিন পার্বত্য জেলায় পাহাড় ধসে আহতদের দ্রুত জরুরি চিকিৎসা নিশ্চিত করতে ৪৮৩টি মেডিকেল টিম গঠন করা হয়েছে। এসব টিমের সদস্যরা ক্ষতিগ্রস্ত এলাকায় গিয়ে প্রয়োজনীয় চিকিৎসা সেবার ব্যবস্থা করছেন। গতকাল সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৫)।

**৪। রাঙ্গামাটির ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে সব সহযোগিতা করা হবে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

রাঙ্গামাটির ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে সরকার সব রকম সহযোগিতা করবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে আমি রাঙ্গামাটি এসেছি। রাঙ্গামাটির দুর্গত মানুষের জন্য সরকার সব রকম সহায়তা করবে। রাঙ্গামাটির ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। তিনি রাঙ্গামাটি-চট্টগ্রাম সড়ক যোগাযোগ পুনরায় চালু ও রাঙ্গামাটি শহরে বিদ্যুৎ ও পানি সরবরাহ ব্যবস্থা চালু করতে দ্রুত কাজ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৮)।

**৫। ব্যাংক আমানতের ওপর আবগারি শুল্কের হার পরিবর্তন হতে পারে : অর্থমন্ত্রী**

ব্যাংক আমানত ও লেনদেনের ওপর আবগারি শুল্কের হার পরিবর্তন হতে পারে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, বিষয়টি নিয়ে সংসদে আলোচনা চলছে। আলোচনার পর এটি পরিবর্তন হতে পারে। গতকাল সচিবালয়ে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক শেষে তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১,ক.৫)।

**৬। ঢাকা নদীবন্দর এলাকায় ঈদের আগে-পরে পাঁচ দিন মালবাহী জাহাজ চলবে না : নৌপরিবহণমন্ত্রী**

ঈদের পাঁচ দিন আগে ও পাঁচ দিন পর পর্যন্ত ঢাকা নদীবন্দর এলাকায় মালবাহী জাহাজ ও বাল্কহেড চলাচল করতে পারবে না। গতকাল ঢাকা নদীবন্দরের সম্প্রসারিত টার্মিনাল ভবন, সদরঘাট হতে শ্মশানঘাট আরসিসি রাস্তা ও লালকুঠি মিনি পার্কের উদ্বোধন অনুষ্ঠানে নৌপরিবহণমন্ত্রী শাজাহান খান এ নির্দেশ দেন। মন্ত্রী বলেন, দক্ষিণাঞ্চলের

যাত্রীরা যেন নির্বিঘ্নে ও নিরাপদে বাড়ি যেতে পারেন এবং রাজধানীতে ফিরে আসতে পারেন, সে জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**৭। তথ্যপ্রযুক্তিতে অবদানের জন্য ডব্লিউএসআইএস পুরস্কার লাভ বাংলাদেশের**

বাংলাদেশ টানা চতুর্থবারের মতো তথ্যপ্রযুক্তির ক্ষেত্রে কৃতিত্বের জন্য বিশ্বের অত্যন্ত মর্যাদাপূর্ণ পুরস্কার ওয়ার্ল্ড সামিট অন দ্য ইনফরমেশন সোসাইটি-ডব্লিউএসআইএস লাভ করেছে। এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রধানমন্ত্রীর কার্যালয়ের এক্সেস টু ইনফরমেশন (এটুআই) তার উদ্ভাবনী উদ্যোগ 'মাল্টিমিডিয়া টকিং বুক' প্রকল্পের জন্য এই পুরস্কার লাভ করে। এই প্রকল্প সকলের বিশেষ করে দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য শিক্ষার সুযোগ করে দিয়েছে। অপর যে তিনটি প্রকল্প ডব্লিউএসআইএস চ্যাম্পিয়ন্স পুরস্কার অর্জন করেছে সেগুলো হলো 'নথি (ই-ফাইলিং সিস্টেম)', 'ইউস অব সোস্যাল মিডিয়া ইন পাবলিক সার্ভিস ডেলিভারি' ও 'রুরাল এন্টারপ্রেনারশিপ মডেল বেজড টেলিমেডিসিন প্রজেক্ট'। প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) ও এটুআই কর্মসূচির প্রকল্প পরিচালক কবির বিন আনোয়ার গত **১৩** জুন মঙ্গলবার জেনেভায় আন্তর্জাতিক টেলিযোগাযোগ ইউনিয়ন সদর দফতরে এই পুরস্কার গ্রহণ করেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬)।

**৮। পাহাড় ধসে প্রাণহানিতে জাতীয় সংসদের শোক**

পার্বত্য এলাকা চট্টগ্রাম, রাঙ্গামাটি ও বান্দরবান জেলায় ভয়াবহ পাহাড় ধসে শতাধিক ব্যক্তির প্রাণহানিতে শোক জানিয়েছে জাতীয় সংসদ। একই সঙ্গে আহতদের দ্রুত আরোগ্য ও সুস্থতা কামনা করা হয়। গতকাল সকালে অধিবেশনের শুরুতেই সংসদের পক্ষ থেকে শোক জানান স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪), **ডেইলি স্টার** (শেষ পৃ.৩,ক.৫)।

**৯। লন্ডনে একটি বহুতল আবাসিক ভবনে আগুন লাগার ঘটনায় প্রধানমন্ত্রীর দুঃখ প্রকাশ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা লন্ডনে একটি বহুতল আবাসিক ভবনে আগুন লাগার ঘটনায় গভীর দুঃখ প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৃটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে এমপি'র কাছে পাঠানো এক বার্তায় পশ্চিম লন্ডনে ২৪ তলা গ্রীনফেল টাওয়ারে ভয়াবহ আগুনের ঘটনায় তাঁর দুঃখ ভারাক্রান্ত হওয়ার কথা উল্লেখ করেন। তিনি আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন। তিনি এই সংকটকালে বৃটিশ প্রধানমন্ত্রী ও তাঁর সরকারের প্রতি গভীর সমবেদনা জানিয়ে বলেন, আমরা ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর সাথে সমভাবে ব্যথিত। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.২,ক.৭), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪) ।

**১০। প্রধানমন্ত্রীর সঙ্গে যুক্তরাজ্যের পার্লামেন্ট নির্বাচনে জয়ী বাংলাদেশি বংশোদ্ভূত দুই কন্যার সাক্ষাৎ**

নবনির্বাচিত লেবার পার্টি কমন্স সভার সদস্য টিউলিপ রেজওয়ানা সিদ্দিক ও রুশনারা আলী লন্ডনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর হোটেল কক্ষে সৌজন্য সাক্ষাৎ করেন। প্রধানমন্ত্রী তাঁদের অভিনন্দন জানান। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **ইত্তেফাক, জনকণ্ঠ, সংবাদ, প্রথম আলো, ডেইলি সান, নিউ নেশন, ডেইলি স্টার, এশিয়ান এজ**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**১১। ভিয়েতনাম থেকে আড়াই লাখ মেট্রিক টন চাল আমদানি করবে সরকার**

দেশে খাদ্য ঘাটতি মেটাতে দরপত্র ছাড়াই ভিয়েতনাম থেকে ৯০৮ কোটি ৮৫ লাখ টাকা ব্যয়ে আড়াই লাখ মেট্রিক টন চাল আমদানির প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে চাল আমদানির এই প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১)।

**১২। মুঠোফোন সিমের তথ্য সংরক্ষণে চালু হচ্ছে কেন্দ্রীয় তথ্যভান্ডার**

মুঠোফোন সিমের তথ্য সংরক্ষণ ও যাচাই-বাছাইয়ের জন্য কেন্দ্রীয় তথ্যভান্ডার চালু করা হচ্ছে আজ বৃহস্পতিবার। 'সেন্ট্রাল বায়োমেট্রিক ভেরিফিকেশন মনিটরিং প্ল্যাটফর্ম' নামের এই তথ্যভান্ডারে আঙুলের ছাপ বা বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধিত সব সিমের তথ্য জমা থাকবে। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এই তথ্যভান্ডার পরিচালনা করবে। নতুন এই ব্যবস্থা চালু করতে আজ বৃহস্পতিবার রাত থেকে শুক্রবার দুপুর পর্যন্ত ১৮ ঘন্টা সিম বিক্রি কার্যক্রম বিঘ্নিত হতে পারে। সচিবালয়ে গতকাল বুধবার আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। সূত্র-**প্রথম আলো** (পৃ.১০,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, জনকণ্ঠ, সংবাদ, সমকাল, প্রথম আলো, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, ডেইলি স্টার, নিউজ টুডে, নিউ নেশন, নিউ এজ :** কয়েকদিনের টানা বর্ষণে পার্বত্য জেলা রাঙ্গামাটি, বান্দরবান ও চট্টগ্রামে পাহাড় ধসে শতাধিক নিহত হওয়ায় শোক প্রকাশ করে পাহাড় ধস প্রতিরোধে যত্রতত্র পাহাড় কাটার প্রবণতা বন্ধ করার পাশাপাশি পাহাড়ে সুপরিকল্পিতভাবে নিরাপদ বসতি গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** সরকারি দফতরগুলোর মোট পদের এক-চতুর্থাংশ খালি থাকায় প্রশাসনে কাজের গতি কমে যাওয়ায় সাধারণ মানুষের ভোগান্তির বিষয় তুলে ধরে এসব শূন্য পদে দ্রুত নিয়োগ কার্যক্রম শুরু করার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** দ্রুত পরিবর্তনশীল বর্তমান বিশ্বের চ্যালেঞ্জ মোকাবিলা করে দেশকে উন্নয়ন ও সমৃদ্ধির দিকে নিয়ে যেতে শিক্ষার কোনো বিকল্প নেই বলে মন্তব্য ।

ঘ. **যুগান্তর :** আউশের ভরা মৌসুমে কুষ্টিয়া-ঝিনাইদহের ডিলাররা ১৩ দিন ধরে গুদাম থেকে সার তুলতে না পারার কারণে কৃষক সময়মতো সার না পেলে আউশ উৎপাদন মারাত্মকভাবে ব্যাহত হবে উল্লেখ করে এ দুই জেলার পাশাপাশি সারা দেশের সব সার গুদাম থেকে ডিলারদের কাছে নিরবচ্ছিন্নভাবে সার সরবরাহ নিশ্চিত করার সুপারিশ।

ঙ. **যায়যায়দিন :** বাংলাদেশের জলাশয় থেকে বিলুপ্তপ্রায় ২২ প্রজাতির মিঠাপানির মাছ ফিরে আসার খবর ইতিবাচক বলে উল্লেখ করে মাছের প্রজাতি বিলুপ্তির হাত থেকে রক্ষা করতে পরিকল্পিত পদক্ষেপ গ্রহণ ও তার সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার বিকল্প নেই বলে মত প্রকাশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** সোলার পাওয়ারের ব্যবহার বৃদ্ধির মাধ্যমে গ্যাসের ওপর চাপ কমিয়ে উদ্বৃত্ত গ্যাস অন্য উৎপাদনশীল খাতে ব্যবহারের ব্যাপারে জনগণকে সচেতন করে তোলার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** ১ জুলাই থেকে নিউজপেপারে বিজ্ঞাপনের ওপর ১৫ শতাংশ ভ্যাট ও নিউজপেপারের কাঁচামাল আমদানির ওপর ১৫ শতাংশ ভ্যাট কার্যকর হলে তা নিউজপেপার শিল্পের জন্য বোঝা হয়ে পড়ার আশঙ্কা বিবেচনায় নিয়ে এই শিল্প থেকে ভ্যাট প্রত্যাহার করার সুপারিশ।

জ. **ডেইলি স্টার :** ঈদে ঘরমুখো মানুষের যাত্রা নিরাপদ করতে সড়ক মহাসড়কগুলো সংস্কার করে যান চলাচল নির্বিঘ্ন করার আহ্বান।

ঝ. **নিউ এজ :** যাত্রীদের কাছ থেকে অটোরিক্সার ভাড়া মিটারের চেয়ে অনেক বেশি আদায় করায় সড়ক পরিবহণ কর্তৃপক্ষকে গ্যাসের বর্ধিত মূল্যের সাথে সমন্বয় করে ভাড়া পুনঃনির্ধারণ করে দেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**আমাদের সময়** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, একটি দেশের শিক্ষা ব্যবস্থার ভিত শক্তিশালী করতে মানসম্পন্ন পাঠ্যক্রম প্রণয়ন প্রয়োজন।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'নিম্ন আয়ের মানুষের জন্য প্রয়োজন পরিকল্পিত আবাসন ব্যবস্থা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ঢাকার বাইরে শিল্প প্রতিষ্ঠান ও গার্মেন্টস ফ্যাক্টরিগুলো স্থানান্তর করা হলে রাজধানীতে বড় বড় বস্তি তৈরি হতো না ।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১১৭/২০১৭**

**ঢাকা, বুধবার ১৪ জুন ২০১৭, ৩১ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। তিন জেলায় পাহাড় ধসে সেনা সদস্যসহ শতাধিক নিহত
প্রাণহানির ঘটনায় রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

২। সুইডেনের উদ্দেশে প্রধানমন্ত্রীর ঢাকা ত্যাগ

৩। পাহাড় ধসে ক্ষতিগ্রস্তদের সব রকম সহযোগিতা করা হবে : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী

৪। দেশে ১৪ লাখ সরকারি কর্মকর্তা কর্মচারি : সংসদে জনপ্রশাসন মন্ত্রী

৫। ভূমি ধসে আহতদের চিকিৎসা নিশ্চিত করার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

৬। শুধু পাঠ্যবইয়ের শিক্ষা নয় পরিপূর্ণ বিকাশের সুযোগ নিতে শিক্ষামন্ত্রীর আহ্বান

৭। কমিটিতে ৩৩ শতাংশ নারীর প্রতিনিধিত্ব বিষয়ে জানতে চায় নির্বাচন কমিশন : ৪০ দলকে চিঠি

৮। নিউইয়র্কে বাংলাদেশের কূটনীতিক গ্রেফতার : ঢাকায় যুক্তরাষ্ট্রের দূতকে তলব

৯। ইভটিজিং প্রতিরোধে প্রতিটি বিদ্যালয়ে অভিযোগ বাক্স রাখার সিদ্ধান্ত

১০। আম রপ্তানিতে জটিলতা

১১। ফিরে এসেছে বিলুপ্তপ্রায় ২২ প্রজাতির মাছ : মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী

১২। আবগারি শুল্ক সংশোধনের ইঙ্গিত অর্থ প্রতিমন্ত্রীর

চলমান পাতা-২

১। **তিন জেলায় পাহাড় ধসে সেনা সদস্যসহ শতাধিক নিহত**
**প্রাণহানির ঘটনায় রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক**

গত কয়েক দিনের টানা বর্ষণের ফলে সৃষ্ট পাহাড় ধসে চট্টগ্রাম বিভাগের তিন জেলায় সেনা সদস্যসহ শতাধিক মানুষের মৃত্যু হয়েছে। রাঙ্গামাটি, চট্টগ্রাম ও বান্দরবানে এই ঘটনায় সর্বশেষ খবর পাওয়া পর্যন্ত ১২৩ জন নিহত ও আরো শতাধিক লোক আহত হয়েছেন। এর মধ্যে রাঙ্গামাটিতে সেনা কর্মকর্তাসহ ৮৮ জন, চট্টগ্রামে ২৯ জন এবং বান্দরবানে ৬ জন মারা গেছেন। মৃতের সংখ্যা আরো বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। তিন জেলায় প্রবল বর্ষণে পাহাড় ধসে সেনা সদস্যসহ সাধারণ মানুষের মৃত্যুর ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একই সঙ্গে উদ্ধার কাজ দ্রুত শেষ এবং আহতদের চিকিৎসার ব্যবস্থা করতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন তারা। গতকাল পৃথক শোকবার্তায় রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী এ নির্দেশ দেন। **ইত্তেফাক, সংবাদ, প্রথম আলো, ডেইলি সান, এশিয়ান এজ, অবজারভার, ডেইলি স্টার, নিউ নেশন**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। **সুইডেনের উদ্দেশে প্রধানমন্ত্রীর ঢাকা ত্যাগ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তিন দিনের সরকারি সফরে সুইডেনের উদ্দেশে গতকাল মঙ্গলবার ঢাকা ত্যাগ করেছেন। সুইডেনের প্রধানমন্ত্রী স্টিফেন লোফভেনের আমন্ত্রণে তিনি এই সফরে যাচ্ছেন। প্রধানমন্ত্রী লন্ডনে ২৪ ঘন্টা যাত্রাবিরতি করবেন। শেখ হাসিনা আজ বুধবার বিকালে স্ক্যান্ডিনেভিয়ান এয়ারলাইন্সের একটি ফ্লাইটে স্টকহোমের উদ্দেশে লন্ডন ত্যাগ করবেন। রাত ৯টা ৪০ মিনিটে স্টকহোমের অরিয়ান্দা বিমানবন্দরে ফ্লাইটটি অবতরণের কথা রয়েছে। প্রধানমন্ত্রী ৪৭ সদস্যের ব্যবসায়ী প্রতিনিধিসহ একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন। ১৫ জুন সেখানে সুইডিশ প্রধানমন্ত্রীর সঙ্গে তিনি বৈঠক করবেন। প্রধানমন্ত্রী সুইডিশ পার্লামেন্ট পরিদর্শন করবেন এবং ভারপ্রাপ্ত স্পিকার তোবিয়াস বিলসট্রোমের সঙ্গে বৈঠক করবেন। আনুষ্ঠানিক বৈঠকের প্রাক্কালে তিনি রয়্যাল ক্যাসলে সুইডিশ রাজা ষোড়শ কার্লের সঙ্গে সাক্ষাৎ করবেন। প্রধানমন্ত্রী ১৫ জুন প্রবাসী বাংলাদেশিদের সংবর্ধনায় এবং ১৬ জুন বাংলাদেশ-সুইডেন বিজনেস এন্ড ইনভেস্টমেন্ট ফোরামের বৈঠকে যোগ দেবেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.৮), **নিউ এজ** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

৩। **পাহাড় ধসে ক্ষতিগ্রস্তদের সব রকম সহযোগিতা করা হবে : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেছেন, পাহাড় ধসে আহতদের চিকিৎসা এবং ক্ষতিগ্রস্তদের প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতা করা হবে। খাদ্যের কোনো অভাব নেই। সাহায্য করতেও কোনো কৃপণতা নেই। যখন যা প্রয়োজন হবে আমরা তা দিতে সক্ষম আছি। সচিবালয়ে গতকাল এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। আজ বুধবার সকালে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মন্ত্রী সচিবসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থলে যাবেন বলে সংবাদ সম্মেলনে জানানো হয়। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৫)।

৪। **দেশে ১৪ লাখ সরকারি কর্মকর্তা কর্মচারি : সংসদে জনপ্রশাসন মন্ত্রী**

দেশে বর্তমানে মোট ১৩ লাখ ৮২ হাজার ৩৯৩ জন সরকারি কর্মকর্তা-কর্মচারি রয়েছেন। যার মধ্যে ১ম থেকে ৯ম গ্রেড পর্যন্ত প্রথম শ্রেণির পদ রয়েছে ১ লাখ ৪৮ হাজার ৮১৯ টি। গতকাল জাতীয় সংসদে টেবিলে উত্থাপিত প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম। এছাড়া জনপ্রশাসনে বর্তমানে চুক্তিভিত্তিক নিয়োগকৃত কর্মকর্তার সংখ্যা ২৬৫ জন। অপর এক প্রশ্নের জবাবে বিভিন্ন মন্ত্রণালয়ে বর্তমানে তিন লাখ ২৮ হাজার ৩১১টি পদ শূন্য রয়েছে বলে মন্ত্রী জানান। শূন্য পদে নিয়োগ দেওয়ার প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে জানিয়ে মন্ত্রী বলেন, শূন্য পদ পূরণ চলমান প্রক্রিয়া। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৬), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭)।

**৫। ভূমি ধসে আহতদের চিকিৎসা নিশ্চিত করার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর**

চট্টগ্রাম ও তিন পার্বত্য জেলার সব হাসপাতাল এবং চিকিৎসকদের ভূমি ধসে আহতদের দ্রুত জরুরী চিকিৎসা নিশ্চিত করতে ২৪ ঘন্টা তৎপর থাকার নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। চট্টগ্রাম বিভাগের পরিচালকসহ সিভিল সার্জনদের সার্বক্ষণিক সতর্ক থাকারও নির্দেশ দেন তিনি। স্বাস্থ্যমন্ত্রী গতকাল এক বিবৃতিতে পাহাড় ধসে সেনাসদস্যসহ সাধারণ মানুষের মৃত্যুর ঘটনায় গভীর শোক প্রকাশ করে স্বজনদের প্রতি আন্তরিক সহানুভূতি জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ.পৃ,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১)।

**৬। শুধু পাঠ্যবইয়ের শিক্ষা নয় পরিপূর্ণ বিকাশের সুযোগ নিতে শিক্ষামন্ত্রীর আহ্বান**

শুধু পাঠ্যবইয়ের শিক্ষায় নিজেদের সীমাবদ্ধ না রেখে পরিপূর্ণ বিকাশের সুযোগ নিতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, শিক্ষার লক্ষ্য হচ্ছে পড়ার আগ্রহ ও মেধা বিকাশের সুযোগ তৈরি করা এবং নিজের শক্তিকে কাজে লাগানোর চেষ্টা করা। আমরা শিক্ষাকে একটি সৃজনশীল ধারায় নিয়ে যাওয়ার চেষ্টা করছি। এজন্য শিক্ষকদের পাঠদানের কৌশল, শ্রেণীকক্ষের পরিবেশ বদলাতে হবে। গতকাল রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে তিনি একথা বলেন। দেশব্যাপী ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের মধ্যে নির্বাচিত সেরা মেধাবীদের এই পুরস্কার বিতরণ করা হয়। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.৪,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.১০,ক.২)।

**৭। কমিটিতে ৩৩ শতাংশ নারীর প্রতিনিধিত্ব বিষয়ে জানতে চায় নির্বাচন কমিশন : ৪০ দলকে চিঠি**

রাজনৈতিক দলের সব পর্যায়ের কমিটিতে অন্তত ৩৩ শতাংশ নারীর প্রতিনিধিত্বের বিষয়ে অগ্রগতির তথ্য আগামী ১৩ জুলাইয়ের মধ্যে নির্বাচন কমিশনকে জানাতে হবে নিবন্ধিত রাজনৈতিক দলগুলোকে। একথা জানিয়ে দেশের ৪০টি রাজনৈতিক দলকে চিঠি দিয়েছে কমিশন। এছাড়া ৩১ জুলাইয়ের মধ্যে দলগুলোর ২০১৬ সালের আয়-ব্যয়ের হিসাব জমা দিতেও চিঠি দেওয়া হয়েছে। গতকাল নিবন্ধিত রাজনৈতিক দলগুলোর মহাসচিব/সাধারণ সম্পাদকের কাছে এ সংক্রান্ত চিঠি পাঠানো হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

**৮। নিউইয়র্কে বাংলাদেশের কূটনীতিক গ্রেফতার : ঢাকায় যুক্তরাষ্ট্রের দূতকে তলব**

শ্রমিক পাচার এবং গৃহকর্মীকে নির্যাতন ও ভয় দেখিয়ে বিনা বেতনে কাজ করানোর অভিযোগে নিউইয়র্কে বাংলাদেশের উপ-কনসাল জেনারেল মো. শাহেদুল ইসলামকে পুলিশ তাঁর বাসা থেকে গ্রেফতার করেছে। স্থানীয় সময় সোমবার গ্রেফতারের কয়েক ঘন্টা পর তাঁকে কুইন্সের আদালতে হাজির করা হয়। এদিকে নিউইয়র্কে মো. শাহেদুল ইসলামকে আটকের ঘটনায় ঢাকায় যুক্তরাষ্ট্রের চার্জ দ্য অ্যাফেয়ার্স জোয়েল রিফম্যানকে গতকাল পররাষ্ট্র মন্ত্রণালয়ে তলব করে অসন্তোষ প্রকাশ করা হয়। সূত্র-**প্রথম আলো** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **নিউ এজ** (শেষ পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**৯। ইভটিজিং প্রতিরোধে প্রতিটি বিদ্যালয়ে অভিযোগ বাক্স রাখার সিদ্ধান্ত**

ইভটিজিং প্রতিরোধে প্রতিটি বিদ্যালয়ে অভিযোগ বাক্স রাখার সিদ্ধান্ত নিয়েছে সরকার। যেখানে প্রতিটি অভিযোগকারী তাদের অভিযোগগুলো চিঠি আকারে বাক্সে জমা রাখবে। সেগুলো আমলে নিয়ে সরকার ইভটিজারদের

বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবে বলে জানিয়েছেন মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। গতকাল জাতীয় প্রেসক্লাবের সামনে ইভটিজিং প্রতিরোধ দিবস উপলক্ষে এক মানববন্ধনে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ. পৃ, ক. ১)।

**১০। আম রপ্তানিতে জটিলতা**

ইউরোপে আম রপ্তানি নিয়ে রীতিমতো বিপাকে পড়েছেন চাষিরা। বিষমুক্ত হলেও কোয়ারেন্টাইন পরীক্ষার সময় একটু দাগ থাকলেই সেই আম আর নেওয়া হচ্ছে না বলে অভিযোগ পাওয়া গেছে। এমনিতেই এবার নির্ধারিত সময়ের পরে চাষিদের কাছ থেকে আম নেওয়া হয়েছে। দামও গতবারের তুলনায় কমেছে। ফলে আম নিয়ে উদ্বেগ ও

উৎকণ্ঠায় দিন কাটাচ্ছেন চাষিরা। এ অবস্থায় গত ১২ জুন সোমবার থেকে রপ্তানিকারকদের আম দেওয়া বন্ধের সিদ্ধান্ত নিয়েছেন চাষিরা। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৭),

**১১। ফিরে এসেছে বিলুপ্তপ্রায় ২২ প্রজাতির মাছ : মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী**

বাংলাদেশের জলাশয় থেকে বিলুপ্তপ্রায় ২২ প্রজাতির মিঠাপানির মাছ পুনরায় ফিরে এসেছে। বিভিন্ন নদ-নদী ও অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে গড়ে তোলা অভয়াশ্রমেই মূলত এসব হারিয়ে যাওয়া মাছের পুনরাবির্ভাব ঘটেছে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী মোহাম্মদ ছায়েদুল হক। গতকাল সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এই ইতিবাচক তথ্য দেন। সূত্র-**যায়যায়দিন** (শেষ. পৃ, ক. ৬), **নয়াদিগন্ত** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৩), **নিউ এজ** (পৃ.১১,ক.১)।

**১২। আবগারি শুল্ক সংশোধনের ইঙ্গিত অর্থ প্রতিমন্ত্রীর**

প্রস্তাবিত বাজেটে ব্যাংক হিসাবে বাড়তি আবগারি শুল্ক প্রত্যাহারসহ অন্যান্য কর পুনর্বিবেচনার দাবি জানিয়েছেন সরকারি ও বিরোধী দলের সংসদ সদস্যরা। তাদের এমন বক্তব্যের পরিপ্রেক্ষিতে আবগারি শুল্ক সংশোধনের ইঙ্গিত দিয়েছেন অর্থ প্রতিমন্ত্রী এম এ মান্নান। গতকাল জাতীয় সংসদে চলমান বাজেট আলোচনায় এসব বিষয় উঠে আসে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৬), **নিউ এজ** (পৃ.১,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** দৌলতদিয়া-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের বেহাল দশা গত দুই বৎসরের বেশি সময় ধরে বিরাজ করায় উদ্বেগ প্রকাশ করে দ্রুত রাস্তাটি সংস্কারের জন্য কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**খ.** **সংবাদ, প্রথম আলো :** গত ৬ মাসে অভিযুক্ত **১৪৮** জঙ্গি জামিনে মুক্ত হয়েছে উল্লেখ করে এসব জঙ্গি যাতে কোনো নাশকতা ঘটাতে না পারে সেজন্য তাদের কঠোর নজরদারিতে রাখার ওপর গুরুত্বারোপ।

**গ.** **জনকণ্ঠ :** ঝুঁকিপূর্ণ শিশুশ্রম বন্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

ঘ. **সমকাল, যায়যায়দিন :** ঢাকা ও চট্টগ্রামের জলাবদ্ধতা নিরসনে কর্তৃপক্ষ দূরদৃষ্টি ও দায়িত্বশীলতার পরিচয় দিবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঙ.** **ইনকিলাব :** ঈদে ঘরে ফেরা মানুষের যাত্রা নিরাপদ ও নির্বিঘ্ন করতে হাইওয়ে পুলিশ ও স্থানীয় প্রশাসনকে বাড়তি উদ্যোগ গ্রহণ ও নজরদারি জোরদার করার আহ্বান।

**চ.** **ডেইলি স্টার :** সাভারের হেমায়েতপুরে ঢাকা-আরিচা মহাসড়কের পাশে ময়লা-আবর্জনা ফেলার স্থানে ময়লার বিশাল স্তুপ জমে থাকায় তা জনদুর্ভোগের কারণ হয়েছে উল্লেখ করে অবিলম্বে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ কামনা।

**ছ.** **ইন্ডিপেনডেন্ট :** চিকুনগুনিয়া প্রতিরোধে মশা নিধনে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সব ধরনের রাজনৈতিক বিভেদ ভুলে আগামী নির্বাচনের ব্যাপারে দেশের প্রধান দুটি দলকে ঐকমত্য পোষণ করে বা সমঝোতায় এসে পরবর্তী কর্মপন্থা ঠিক করার ওপর গুরুত্বারোপ করতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'গাছ প্রকৃতির রক্ষাকবচ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, প্রাকৃতিক বিপর্যয় থেকে বাঁচিয়ে পরিবেশের ভারসাম্য রক্ষা করতে দেশে অধিকতর বনাঞ্চল সৃষ্টি করা অত্যাবশ্যক।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলোঃ**

খ. **ইত্তেফাক :**

গ. **জনকণ্ঠ :**

ঘ. **সংবাদ :**

ঙ. **যুগান্তর :**

চ. **ডেইলি স্টারঃ**

ছ. **ইন্ডিপেনডেন্ট :**

জ. **ডেইলি সান, ডেইলি স্টার :**

ঝ. **নিউ এজ, নিউ নেশন :**

ঞ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :**

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'----------------------'** শিরোনামের নিবন্ধে --------------------------

অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১১৬/২০১৭**

**ঢাকা, মঙ্গলবার ১৩ জুন ২০১৭, ৩০ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সেনামালঞ্চে সশস্ত্র বাহিনীর ইফতারে প্রধানমন্ত্রী

২। তিন দিনের সফরে প্রধানমন্ত্রী সুইডেন যাচ্ছেন আজ

৩। বাংলাদেশ আইএলওর গভর্নিং বডির ডেপুটি মেম্বার নির্বাচিত

৪। ব্রিটেনে সংসদ নির্বাচনে জয়ী বাংলাদেশি ৩ কন্যাকে মন্ত্রিসভায় অভিনন্দন

৫। ঈদ উপলক্ষে বাড়তি বাসভাড়া ঠেকাতে ভিজিলেন্স টিম

৬। সব উপজেলায় একটি করে স্কুল কলেজ সরকারি হবে : শিক্ষামন্ত্রী

৭। মন্ত্রিসভায় আপটার ২য় সংশোধনী প্রস্তাব অনুমোদন

৮। চিকুনগুনিয়া সচেতনতায় স্বাস্থ্য অধিদফতরের প্রচার শুরু

৯। গ্রাহকের মৃত্যুর পর নমিনিই ব্যাংকে জমানো অর্থ পাবেন : বাংলাদেশ ব্যাংক

১০। ২৩ সহকারী অ্যাটর্নি জেনারেলকে অব্যাহতি ২৭ জনকে নিয়োগ

১১। বিজ্ঞানীরা পাবেন পরামর্শক ফি : মন্ত্রিসভার নীতিগত অনুমোদন

চলমান পাতা-২



### ১। সেনামালঞ্চে সশস্ত্র বাহিনীর ইফতারে প্রধানমন্ত্রী

বাংলাদেশ সশস্ত্র বাহিনী যৌথভাবে ঢাকা সেনানিবাসের সেনামালঞ্চে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সম্মানে গতকাল ১২ জুন সোমবার এক ইফতার মাহফিলের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী উপস্থিত হয়ে সশস্ত্র

বাহিনীর সদস্য এবং অন্যান্য বিশিষ্ট অতিথির সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন ও তাদের কুশলাদি জানতে চান। ইফতারের পূর্বে সশস্ত্র বাহিনীর উন্নয়ন ও অগ্রগতিসহ দেশের অব্যাহত শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট নির্মম হত্যাকান্ডে নিহত এবং মুক্তিযুদ্ধে শহীদ ও সশস্ত্র বাহিনীর সদস্য যারা শহীদ হয়েছেন তাঁদের বিদেহী আত্মার শান্তি কামনা করেও বিশেষ মোনাজাত করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.২,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**২।	তিন দিনের সফরে প্রধানমন্ত্রী সুইডেন যাচ্ছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সুইডেনে তিন দিনের দ্বিপক্ষীয় সফরে লন্ডনের উদ্দেশে আজ ঢাকা ত্যাগ করবেন। সুইডেনের প্রধানমন্ত্রী স্টিফেন লোফভেনের আমন্ত্রণে তিনি এ সফরে যাচ্ছেন। সুইডেনে বাংলাদেশের কোনো সরকার অথবা রাষ্ট্র প্রধানের এটিই হবে প্রথম দ্বিপক্ষীয় সফর। আজ দুপুরে বিমান বাংলাদেশ এয়ার লাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট প্রধানমন্ত্রী ও তাঁর সফর সঙ্গীদের নিয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**৩।	বাংলাদেশ আইএলওর গভর্নিং বডির ডেপুটি মেম্বার নির্বাচিত**

পাকিস্তানকে হারিয়ে আইএলওর গভর্নিং বডির ডেপুটি মেম্বার নির্বাচিত হয়েছে বাংলাদেশ। গতকাল জেনেভায় অনুষ্ঠিত আইএলওর চলমান সম্মেলনে এশিয়া প্যাসিফিক অঞ্চলের সাব-কমিটিতে তিনটি দেশ অংশ নেয়। এর মধ্যে বাংলাদেশ সর্বোচ্চ ১৯০টি ভোট পেয়ে এশিয়া প্যাসিফিক অঞ্চলের গভর্নিং বডির মেম্বার নির্বাচিত হয়। নেপাল ১৭৩ ও পাকিস্তান ১৫০ ভোট পায়। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৬,ক.৭)।

**৪।	ব্রিটেনে সংসদ নির্বাচনে জয়ী বাংলাদেশি ৩ কন্যাকে মন্ত্রিসভায় অভিনন্দন**

ব্রিটেনের সংসদ নির্বাচনে জয়ী হওয়ায় বাংলাদেশি বংশোদ্ভূত তিন কন্যা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক, রুশনারা আলী এবং রূপা হককে অভিনন্দন জানিয়েছে মন্ত্রিসভা। গতকাল সংসদ ভবনের মন্ত্রিপরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অভিনন্দন জানানো হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫), **নিউ এজ** (শেষ পৃ.,ক.৮)।

**৫।	ঈদ উপলক্ষে বাড়তি বাসভাড়া ঠেকাতে ভিজিলেন্স টিম**

ডিএমপি কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া বলেছেন চালক, পথচারী, রোড ইঞ্জিনিয়ার, আইন প্রয়োগকারীসহ প্রত্যেকে নিজ নিজ অবস্থানে নিজেদের দায়িত্ব সঠিকভাবে পালন করলে সড়ক দুর্ঘটনা কমানো সম্ভব। সড়ক দুর্ঘটনা এড়াতে রাস্তা পারাপারে পথচারীকে ফুটওভার ব্রিজ, জেব্রা ক্রসিং ও আন্ডারপাস ব্যবহার করার আহ্বান জানান তিনি। মহাখালীর আন্তঃজেলা বাস টার্মিনালে গতকাল সড়ক পরিবহণ মালিক ও শ্রমিকদের সাথে ডিএমপির ট্রাফিক উত্তর বিভাগ এক মতবিনিময় সভার আয়োজন করে। বাংলাদেশ সড়ক পরিবহণ সমিতির মহাসচিব ও ঢাকা সড়ক পরিবহণ মালিক সমিতির সাধারণ সম্পাদক খন্দকার এনায়েত উল্যাহ বলেন, ঈদে ঘরমুখী মানুষের কাছ থেকে অতিরিক্ত ভাড়া আদায় ঠেকাতে বাস টার্মিনালসহ অন্যান্য স্থানে থাকছে ভিজিলেন্স টিম। পুলিশ, র‌্যাব ও মালিক শ্রমিকদের সমন্বয়ে একটি ভিজিলেন্স টিম অতিরিক্ত গাড়ি ভাড়া কেউ নিচ্ছে কি না তা পর্যবেক্ষণ করবে। প্রতিটি কাউন্টারে গাড়ি ভাড়ার তালিকা প্রকাশ্য স্থানে ঝুলিয়ে রাখতে হবে। কোনো অবস্থায় অতিরিক্ত ভাড়া আদায় করা যাবে না। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.৬)।



**৬।	সব উপজেলায় একটি করে স্কুল কলেজ সরকারি হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী  নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দেশের যেসব উপজেলায় সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ নেই, সেসব উপজেলায় একটি করে মাধ্যমিক বিদ্যালয় ও একটি করে কলেজ সরকারিকরণের লক্ষ্যে মন্ত্রণালয়ের কার্যক্রম চলছে। গতকাল দশম জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। অপর

এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জানান, জাতীয় শিক্ষানীতি ২০১০ বাস্তবায়নের অংশ হিসেবে 'শিক্ষা আইন' এর খসড়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৩), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**৭। মন্ত্রিসভায় আপটার ২য় সংশোধনী প্রস্তাব অনুমোদন**

মন্ত্রিসভা গতকাল এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলোর অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তি 'এশিয়া-প্যাসিফিক ট্রেড এগ্রিমেন্ট' (আপটা)-এর দ্বিতীয় সংশোধনী অনুমোদন করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় সংসদের মন্ত্রী পরিষদ কক্ষে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। দ্বিতীয় সংশোধনী অনুযায়ী আপটাভুক্ত বিভিন্ন দেশে পূর্বের ৬ হাজার ২৯টি পণ্যের জায়গায়, ১০ হাজার ৬৭৭টি পণ্যের উপর শুল্ক সুবিধা পাবে।

সূত্র-**ইত্তেফাক** ( পৃ.২,ক.৬), **সংবাদ** (পৃ.২,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)।

**৮। চিকুনগুনিয়া সচেতনতায় স্বাস্থ্য অধিদফতরের প্রচার শুরু**

চিকুনগুনিয়া থেকে রক্ষা পেতে সচেতনতামূলক প্রচার শুরু করেছে স্বাস্থ্য অধিদফতরের সংক্রামক রোগ নিয়ন্ত্রণ শাখা। গতকাল রাজধানীর মিরপুর-১ নম্বর এলাকার ৯ ও ১০নং ওয়ার্ড থেকে এই প্রচার শুরু করা হয়েছে। আগামী ৫ দিনে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৯টি ওয়ার্ডে এবং দক্ষিণ সিটি কর্পোরেশনের ৫টি জোনে এই প্রচার কার্যক্রম চালানো হবে। এছাড়াও চিকুনগুনিয়া প্রতিরোধে কন্ট্রোল রুম খোলা হবে। কন্ট্রোল রুম তদারকির জন্য আজ কমিটি গঠন করা হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫)।

**৯। গ্রাহকের মৃত্যুর পর নমিনিই ব্যাংকে জমানো অর্থ পাবেন : বাংলাদেশ ব্যাংক**

আমানতকারী বা গ্রাহকের মৃত্যুর পর নমিনিই ব্যাংকে জমানো অর্থ পাবেন। অন্য কাউকে জমানো অর্থ দিতে পারবে না ব্যাংক। গতকাল পুনরায় সার্কুলার জারি করে বিষয়টি আবারও স্পষ্ট করেছে বাংলাদেশ ব্যাংক। সার্কুলারে বলা হয়েছে আমানতকারীর মৃত্যুর পর তাদের মনোনীত নমিনি বা নমিনিগণকে আমানতের অর্থ পরিশোধ করতে হবে। আমানতকারীগণ যে কোনো সময় মনোনীত ব্যক্তির মনোনয়ন বাতিলপূর্বক অন্য কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গ মনোনীত করতে পারবেন। সম্প্রতি কোনো কোনো ব্যাংক হিসাব খোলার সময় নমিনির কাছ থেকে এমন অঙ্গীকার নিচ্ছে যে, আমানতকারী বা আমানতকারীদের মৃত্যুর পর মনোনীত নমিনি মৃত ব্যক্তির আমানতের অর্থ পাওয়ার যোগ্য বা উপযুক্ত প্রাপক হিসেবে বিবেচিত নাও হতে পারেন। এ জন্য বাংলাদেশ ব্যাংক সার্কুলার জারি করে ব্যাংকগুলোকে এ ধরনের অঙ্গীকার না নেওয়া এবং নমিনিকে প্রাপ্য দেওয়ার বিষয়ে নির্দেশনা দিয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **যুগান্তর** (পৃ.১৭,ক.২)।

**১০। ২৩ সহকারী অ্যাটর্নি জেনারেলকে অব্যাহতি ২৭ জনকে নিয়োগ**

উচ্চ আদালতে রাষ্ট্রপক্ষে মামলা পরিচালনার জন্য দায়িত্বরত ২৩ সহকারী অ্যাটর্নি জেনারেলকে স্বীয় পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। সেই সঙ্গে এ পদে দায়িত্ব পালনের জন্য ২৭ জনকে নতুন করে নিয়োগ দেওয়া হয়েছে। গতকাল রাষ্ট্রপতির আদেশক্রমে আইন মন্ত্রণালয় থেকে এমন প্রজ্ঞাপন জারি করা হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৬)।

**১১। বিজ্ঞানীরা পাবেন পরামর্শক ফি : মন্ত্রিসভার নীতিগত অনুমোদন**

ইনস্টিটিউটে দায়িত্বরত বিজ্ঞানীরা কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছ থেকে বিজ্ঞান, প্রযুক্তি, প্রাণিসম্পদ, শিল্পস্থাপনা বা অনুসন্ধান বিষয়ক পরামর্শ দেওয়ার জন্য বোর্ডের নির্ধারিত হারে ফি গ্রহণ করতে পারবেন। বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের (বিএফআরআই) বিজ্ঞানীরা বেসরকারি ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পরামর্শ সেবা দিয়ে সরকার নির্ধারিত হারে ফি নিতে পারবেন। এ বিষয়ে 'বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট আইন, ২০১৭'-এর খসড়া নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৭)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বাংলাদেশের দুই কোটি মানুষ আর্সেনিক দূষণের ঝুঁকির মুখে রয়েছে এ খবরে উদ্বেগ প্রকাশ করে সম্মিলিতভাবে আর্সেনিক দূষণ রোধ করার আহ্বান।

খ. **জনকণ্ঠ :** চিকুনগুনিয়া-ডেঙ্গু রোগ প্রতিরোধে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

গ. **প্রথম আলো :** পৌনে সাত কোটি টাকা ব্যয়ে যশোরের পালবাড়ি-দড়াটানা-মনিহার-মড়ুলি জাতীয় মহাসড়কের সংস্কারের ছয় মাসের মাথায় নাজুক হয়ে পড়ার কথা উল্লেখ করে ঈদের আগেই দেশের অধিকাংশ বেহাল সড়ক মহাসড়ক মেরামতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঘ. **ইনকিলাব :** সর্বত্র নিষিদ্ধ ঘোষিত পরিবেশের জন্য ক্ষতিকর পলিথিনের ব্যবহার বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **ডেইলি সান :** তন্দুরি, গ্রিল ও বিভিন্ন প্রক্রিয়াজাত খাবার গ্রহণ ক্যান্সারের ঝুঁকি বৃদ্ধি করায় এসব খাবার পরিহার করে সবাইকে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস গড়ে তোলার আহ্বান।

চ. **ডেইলি স্টার :** হাজারিবাগের মাত্র ৩৫ ভাগ ট্যানারি সাভারে স্থানান্তরের কথা উল্লেখ করে স্থানান্তরের এ ধীরগতির ফলে পরিবেশ দূষণ বন্ধ না হওয়ায় এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ কামনা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, একটি মর্যাদাবান জাতি গঠনে মানসম্পন্ন শিক্ষার বিকল্প নেই ।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'বাংলাদেশে শিশুশ্রম'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিশু অধিকার নিশ্চিত ও শিশুশ্রম বন্ধে সভা-সেমিনারে লম্বা চওড়া বক্তৃতা না দিয়ে প্রকৃতপক্ষে এর সমাধানে সবাইকে এগিয়ে আসতে হবে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**

ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১১৫/২০১৭**

**ঢাকা, সোমবার ১২ জুন ২০১৭, ২৯ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। কওমি শিক্ষার্থীদের মূলধারায় আনতে হবে : প্রধানমন্ত্রী

২। আফগানিস্তানে শান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশ পাশে থাকবে : প্রধানমন্ত্রী

৩। প্রধানমন্ত্রী আগামীকাল সুইডেন যাচ্ছেন

৪। উন্নয়নের ধারাবাহিকতা রাখতে জনগণ আওয়ামী লীগকে বিজয়ী করবে : কারামুক্তি দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৫। হাজারীবাগ থেকে ৩৫ ভাগ ট্যানারি সাভারে স্থানান্তর : সংসদে শিল্পমন্ত্রী

৬। সাংবাদিক কল্যাণ ট্রাস্টে ৫ কোটি টাকা দিয়েছে সরকার : সংসদে তথ্যমন্ত্রী

৭। বিশ্বমানের শিক্ষায় নতুন প্রজন্মকে গড়ে তুলতে হবে : শিক্ষামন্ত্রী

৮। আগামী অর্থবছরে ৩৩ হাজার কিলোমিটার বিদ্যুৎ সংযোগ : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৯। জাতীয় ঈদগাহে ঈদুল ফিতরের প্রধান জামাত সকাল সাড়ে ৮টায়

১০। আগামী ১ জুলাই থেকে পণ্য খালাসে ভ্যাট নিবন্ধন বাধ্যতামূলক

১১। বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস আজ

চলমান পাতা-২



**১। কওমি শিক্ষার্থীদের মূল ধারায় আনতে হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের কওমি মাদ্রাসা শিক্ষার উন্নয়নের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদানে আলেম-ওলামাদের আশ্বাস দিয়েছেন। তিনি বলেন, আমাদের লক্ষ্য সকলের জন্য শিক্ষা নিশ্চিত করা এবং এই লক্ষ্য অর্জন করতে হলে সমাজের কোনো অংশকে পেছনে ফেলে রাখার সুযোগ নেই। গতকাল **১১** জুন প্রধানমন্ত্রী জাতীয় সংসদ ভবন কার্যালয়ে মাওলানা আশরাফ আলীর নেতৃত্বে কওমি মাদ্রাসার কয়েকজন শীর্ষস্থানীয় আলেম তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আশ্বাস দেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বিপুলসংখ্যক শিক্ষার্থী কওমি মাদ্রাসায় পড়াশোনা করে এবং তাদেরকে শিক্ষার মূলধারায় নিয়ে আসতে হবে। সূত্র-**সংবাদ** (শেষ

পৃ.,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** ( শেষ পৃ.,ক.৫ )।

**২। আফগানিস্তানে শান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশ পাশে থাকবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুদ্ধবিধ্বস্ত আফগানিস্তানে শান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন। গতকাল জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে আফগানিস্তানের রাষ্ট্রদূত আবদুল রহিম ওরাজ বিদায়ী সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী বলেন, আফগানিস্তানের সঙ্গে আমাদের এক ঐতিহাসিক ও চমৎকার সম্পর্ক রয়েছে। আমরা আমাদের সমর্থন অব্যাহত রাখব এবং আফগানিস্তানে শান্তি প্রতিষ্ঠায় আমরা পাশে থাকব। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭)।

**৩। প্রধানমন্ত্রী আগামীকাল সুইডেনে যাচ্ছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সুইডেনের প্রধানমন্ত্রী স্টেফান লোফভেনের আমন্ত্রণে তিন দিনের দ্বিপক্ষীয় সফরে আগামীকাল **১৩** জুন মঙ্গলবার সুইডেনের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন। সুইডেনে বাংলাদেশের কোনো সরকার অথবা রাষ্ট্র প্রধানের এটিই হবে প্রথম দ্বিপাক্ষিক সফর। গতকাল **১১** জুন রোববার পররাষ্ট্রমন্ত্রী এএইচ মাহমুদ আলী এক সংবাদ সম্মেলনে বলেন, সফরকালে দুই নেতার শীর্ষ বৈঠক শেষে বাংলাদেশ-সুইডেন দ্বিপক্ষীয় সম্পর্কের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নির্ধারণ করে একটি যৌথ ইশতেহার সাক্ষর হতে পারে। পররাষ্ট্রমন্ত্রী বলেন, এই সফর দ্বিপক্ষীয় বাণিজ্য সম্প্রসারণ, বাংলাদেশ ও সুইডেনের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ (এজেন্ডা ২০৩০) অর্জন এবং দুই দেশের মধ্যে অভিবাসন, জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক সন্ত্রাসবাদ মোকাবিলার মতো ক্ষেত্রে সহযোগিতা জোরদার করবে। তিনি বলেন, প্রধানমন্ত্রীর এই সফরে ইউরোপ ও বৈশ্বিক পরিমণ্ডলে বাংলাদেশের ভাবমূর্তি আরো উজ্জ্বল হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**৪। উন্নয়নের ধারাবাহিকতা রাখতে জনগণ আওয়ামী লীগকে বিজয়ী করবে**
**: কারামুক্তি দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

আগামী নির্বাচনে মানুষ আবারও নৌকায় ভোট দিয়ে আওয়ামী লীগকে নির্বাচিত করবে বলে আশা প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হসিনা। তিনি বলেন, আওয়ামী লীগকে ভোট দিয়ে আজ যে উন্নয়নের সুফল পাচ্ছে, তা দেশের প্রত্যেকটা মানুষ উপলব্ধি করে। সরকারের ধারাবাহিকতা একান্তভাবে প্রয়োজন, তাও আজ প্রমাণিত। প্রধানমন্ত্রী বলেন, উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে মানুষ নিশ্চয় নৌকায় ভোট দিয়ে আওয়ামী লীগকে বিজয়ী করবে। শেখ হাসিনার নবম কারামুক্তি দিবস উপলক্ষে আওয়ামী লীগ নেতাকর্মীরা গতকাল **১১** জুন রোববার প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে শুভেচ্ছা জানাতে গেলে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে দলটির কেন্দ্রীয় নেতারা প্রধানমন্ত্রীকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **প্রথম আলো** (পৃ.২,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

৫। **হাজারীবাগ থেকে ৩৫ ভাগ ট্যানারি সাভারে স্থানান্তর : সংসদে শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু সংসদকে জানিয়েছেন, হাজারীবাগ থেকে ৩৫ শতাংশ কারখানা সাভারের চামড়া শিল্প নগরীতে স্থানান্তরিত হয়েছে। গতকাল **১১** জুন রোববার সংসদে টেবিলে উপস্থাপিত প্রশ্নোত্তরে জাতীয় পার্টির (জাপা) সংসদ সদস্য নুরুল ইসলাম মিলনের এক প্রশ্নের জবাবে তিনি একথা জানান। শিল্পমন্ত্রী জানান, সাভারে বরাদ্দপ্রাপ্ত **১**৫৪টি ট্যানারির মধ্যে ৫৫টি ওয়েট ব্লু চামড়া উৎপাদন শুরু করেছে। বাকি ট্যানারিগুলো ভবন নির্মাণ ও যন্ত্রাংশ স্থাপন কার্যক্রম অব্যাহত রেখেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **প্রথম আলো** (পৃ.১৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

৬। **সাংবাদিক কল্যাণ ট্রাস্টে ৫ কোটি টাকা দিয়েছে সরকার : সংসদে তথ্যমন্ত্রী**

সাংবাদিকদের কল্যাণে গঠিত সাংবাদিক কল্যাণ ট্রাস্টের নিজস্ব তহবিলে সরকার কর্তৃক ৫ কোটি টাকার সীডমানি দেওয়া হয়েছে বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল রোববার জাতীয় সংসদে তিনি এ তথ্য জানান। মন্ত্রী বলেন, সরকার সাংবাদিকদের বৃহত্তর কল্যাণে বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৪ প্রণয়ন করেছে। এই ট্রাস্টের আওতায় ইতোমধ্যে একটি ট্রাস্টি বোর্ড গঠন করা হয়েছে। অপর এক প্রশ্নের জবাবে তথ্যমন্ত্রী সংসদকে জানান, দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, ত্রৈমাসিক, ষান্মাষিক মিলে দুই হাজার আটশ' পত্রিকা প্রকাশিত হচ্ছে। বর্তমান সরকার সাত বছরে সাত শতাধিক পত্রিকার নিবন্ধন দিয়েছে। এছাড়া বেসরকারি মালিকানায় ৩১টি টেলিভিশন, ২৪টি এফএম রেডিও ও ৩২টি কমিউনিটি রেডিও অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৩)।

৭। **বিশ্বমানের শিক্ষায় নতুন প্রজন্মকে গড়ে তুলতে হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সরকার শিক্ষার সার্বিক উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। একটি যুগোপযোগী শিক্ষানীতি প্রণয়ন ও বাস্তবায়ন করা হচ্ছে। তিনি বলেন, শুধু জ্ঞান অর্জন করলেই হবে না, আধুনিক ও বিশ্বমানের শিক্ষায় নতুন প্রজন্মকে গড়ে তুলতে হবে। গতকাল **১১** জুন রোববার মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলার মাধবপুর ইউনিয়নের উত্তর মাঝেরগাঁও গ্রামে বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা স্কুল অ্যান্ড কলেজের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** ( পৃ.১৯,ক.৫)।

৮। **আগামী অর্থবছরে ৩৩ হাজার কিলোমিটার বিদ্যুৎ সংযোগ : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ জানিয়েছেন, ২০১৭-১৮ অর্থবছরে দেশের ৬৪ জেলার ৭৮টি এলাকায় ৩৩ হাজার ৮৩৯ কিলোমিটার নতুন বিদ্যুৎ সংযোগ দেওয়া হবে। সংসদে মামুনুর রশীদ কিরণের এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৭), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৬)।

৯। **জাতীয় ঈদগাহে ঈদুল ফিতরের প্রধান জামাত সকাল সাড়ে ৮টায়**

জাতীয় ঈদগাহ ময়দানে ঈদুল ফিতরের প্রধান জামাত অনুষ্ঠিত হবে সকাল সাড়ে ৮টায়। তবে আবহাওয়া প্রতিকূল থাকলে ঈদের প্রধান জামাত সকাল ৯টায় বায়তুল মোকাররম জাতীয় মসজিদে অনুষ্ঠিত হবে। গতকাল ধর্ম মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান ধর্মমন্ত্রী মতিউর রহমান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.৪,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৪)।

১০। **আগামী ১ জুলাই থেকে পণ্য খালাসে ভ্যাট নিবন্ধন বাধ্যতামূলক**

অনলাইন ভ্যাট নিবন্ধন ছাড়া পণ্য খালাস করতে পারবেন না কোনো আমদানিকারক। এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড একটি প্রজ্ঞাপন জারি করেছে। আগামী **১** জুলাই থেকে এ নিয়ম কার্যকর হবে। প্রজ্ঞাপনে বলা হয়, দেশে
আমদানি-রপ্তানি ব্যবসা চালাতে হলে অনলাইনে নিবন্ধন করে ডিজিটাল ভ্যাট নম্বর নিতে হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬)।

১১। **বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস আজ**

সারাবিশ্বে **১২** জুন এ দিবস পালিত হয়। এ বছর দিবসের প্রতিপাদ্য 'যুদ্ধক্ষেত্র ও প্রাকৃতিক দুর্যোগের সময় শিশুদের শিশুশ্রম থেকে রক্ষা করো'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। রাষ্ট্রপতি তাঁর বাণীতে বলেন, রপ্তানি বাণিজ্যে শিশুশ্রম একটি গুরুত্বপূর্ণ ইস্যু। তাই দেশের রপ্তানি প্রবৃদ্ধি অব্যাহত রাখতে হলে উৎপাদন থেকে শুরু করে বিপণন পর্যন্ত প্রতিটি স্তরে কঠোরভাবে শিশুশ্রম মুক্ত পরিবেশ নিশ্চিত করতে হবে। প্রধানমন্ত্রী তাঁর বাণীতে বলেন, সরকার এসডিজি অর্জনে শিশুশ্রম নিরসনকে অন্যতম সূচক



হিসেবে নির্ধারণ করেছে। যে কোনো সংঘাত, সংকট দুর্যোগে শিশুদের নিরাপদ রাখতে সরকার বদ্ধপরিকর।

প্রধানমন্ত্রী বলেন, বর্তমান সরকার জাতিসংঘ শিশু অধিকার সনদ ও ঝুঁকিপূর্ণ শিশু শ্রমবিষয়ক আইএলও কনভেনশন অনুসমর্থন করেছে। শিশুশ্রম নিরসনের লক্ষ্যে জাতীয় শিশুশ্রম নিরসন নীতি-২০১০ প্রণয়ন করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** সরকারি চাকরিতে জেলা কোটা পদ্ধতি পুনঃনির্ধারণ করার বিষয় তুলে ধরে মেধা ও যোগ্যতাই যে কোনো নিয়োগের প্রধান মাপকাঠি হওয়া প্রয়োজন বলে মতপ্রকাশ।

**খ.** **সংবাদ :** বাস-ট্রেন-লঞ্চের অগ্রিম টিকিট নিয়ে যারা কালোবাজারি, অনিয়ম এবং দুর্নীতি করবে তাদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করার আহ্বান।

**গ.** **জনকণ্ঠ :** চট্টগ্রামের মীরসরাইতে প্রস্তাবিত সোলার পাওয়ার হাব নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে পথ প্রদর্শক হতে পারে বলে অভিমত।

**ঘ.** **প্রথম আলো :** স্ট্রোক, ক্যানসার, ডায়াবেটিস, হৃদরোগ, নিউমোনিয়া, হাঁপানি, উচ্চ রক্তচাপসহ নানা অসংক্রামক রোগ প্রতিরোধযোগ্য হওয়ায় এসব রোগ প্রতিরোধ ও প্রতিহত করতে পারিবারিক পর্যায়ে সচেতনতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **সমকাল :** শিশু হত্যা ও নির্যাতন রোধে শিশু হত্যা নির্যাতনের মামলাগুলো দ্রুত বিচারের ব্যবস্থা করার আহ্বান।

**চ.** **যুগান্তর :** ট্রুথ কমিশনে মার্জনা পাওয়া আত্মস্বীকৃত দুর্নীতিবাজদের কোনো ছাড় না দিয়ে শাস্তির আওতায় আনার সুপারিশ।

**ছ.** **ভোরের কাগজ :** রোজায় গ্যাস-পানির সরবরাহ যথাসম্ভব নির্বিঘ্ন রাখতে সংশ্লিষ্টদের বিশেষভাবে তৎপর থাকার আহ্বান।

**জ.** **ইন্ডিপেনডেন্ট :** পাবলিক পরীক্ষার প্রশ্নপ্রত্র ফাঁসের ঘটনা প্রতিহতে পাবলিক এক্সামিনেশন অ্যাক্ট-১৯৮৩ এর দুর্বলতাগুলো সংশোধন করতে আইন ও শিক্ষা মন্ত্রণালয়কে সমন্বিতভাবে কাজ করার সুপারিশ।

**ঝ.** **ডেইলি সান :** ঈদের কেনাকাটাকে কেন্দ্র করে নগদ অর্থ বহনের সাথে সাথে ছিনতাইয়ের ঘটনা বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে আইনশৃঙ্খলা বাহিনীকে নিরাপত্তামূলক ব্যবস্থা জোরদার করার আহ্বান।

**ঞ.** **নিউ এজ :** মে মাসে বিদ্যুতের ওভারলোডের কারণে বিদ্যুৎ বিতরণের ট্রান্সফরমার বিকলের ঘটনা বেড়ে গিয়ে গ্রামের জনগণের দুর্ভোগ বেড়ে যাওয়ায় বিদ্যুতের ট্রান্সফরমারগুলো নিয়মিত মনিটরিং করে মেরামত করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বনাঞ্চল সম্প্রসারণের ব্যাপারে সরকারি উদ্যোগ একাই যথেষ্ট নয়, এ ব্যাপারে প্রত্যেক সচেতন নাগরিককে এগিয়ে আসতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'চাই খেলোয়াড়দের ভবিষ্যৎ জীবনের নিশ্চয়তা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ ও অপসংস্কৃতির হাত থেকে নতুন প্রজন্মকে রক্ষা করতে আমাদের সন্তানদেরকে লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা ও সুস্থ ধারার সংস্কৃতিচর্চায় উদ্বুদ্ধ করতে হবে।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১১৪/২০১৭**

**ঢাকা, রোববার ১১ জুন ২০১৭, ২৮ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :


১। পেশাজীবীদের সম্মানে প্রধানমন্ত্রীর ইফতার

২। চ্যাম্পিয়ন্স ট্রফির সেমি ফাইনালে বাংলাদেশ

৩। বাংলাদেশ ক্রিকেট দলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন

৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস আজ

৫। সমাজের ইতিবাচক পরিবর্তনকে টেকসই করতে হবে : স্পিকার

৬। জঙ্গিবাদের বিরুদ্ধে আলেমদের সোচ্চার হতে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। আগামী নির্বাচনে কোন অগ্রহণযোগ্য ব্যক্তিকে মনোনয়ন দেওয়া হবে না : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৮। ঈদ উপলক্ষে বাস-ট্রেনের অগ্রিম টিকিট আগামীকাল থেকে শুরু

৯। ঈদে লঞ্চে অতিরিক্ত যাত্রী উঠলে কঠোর ব্যবস্থা : নৌপরিবহণমন্ত্রী

১০। ২০১৬ সালে বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ ৪ শতাংশ বেড়েছে : অর্থনৈতিক সমীক্ষার তথ্য

১১। বিরূপ জলবায়ুর কারণে সবচেয়ে ক্ষতিগ্রস্ত দেশের তালিকায় ৬ষ্ঠ বাংলাদেশ


চলমান পাতা-২



### ১। পেশাজীবীদের সম্মানে প্রধানমন্ত্রীর ইফতার

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ১০ জুন শনিবার তাঁর সরকারি বাসভবন গণভবনে বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতাদের সম্মানে এক ইফতারের আয়োজন করেন। ইফতারে বিভিন্ন সরকারি-বেসরকারি

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, বিভিন্ন পত্রপত্রিকার সম্পাদক ও সাংবাদিক, সংবাদ সংস্থা ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিক, চিকিৎসক, প্রকৌশলী, আইনজীবী, ব্যবসায়ী, বুদ্ধিজীবী, কবি, লেখক, গায়ক এবং ক্রীড়া ব্যক্তিত্বরা যোগ দেন। প্রধানমন্ত্রী ইফতারে অংশগ্রহণকারী অতিথিদের সঙ্গে কুশলাদি বিনিময় করেন এবং খোঁজ-খবর নেন। ইফতারের আগে দেশের অব্যাহত শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮)।

**২। চ্যাম্পিয়ন্স ট্রফির সেমি ফাইনালে বাংলাদেশ**

ইংল্যান্ডের কাছে অস্ট্রেলিয়া হেরে যাওয়ায় বাংলাদেশ প্রথমবারের মতো চ্যাম্পিয়ন্স ট্রফির সেমিফাইনালে উঠেছে। গতকাল শনিবার বার্মিংহামে গ্রুপ পর্বের শেষ ম্যাচে ইংল্যান্ড ডার্কওয়ার্থ এন্ড লুইস পদ্ধতিতে ৪০ রানে হারায় অস্ট্রেলিয়াকে। ইংল্যান্ড জয়ী হওয়ায় প্রতিযোগিতা থেকে ছিটকে যায় অস্ট্রেলিয়া এবং সেমিফাইনালে উঠে বাংলাদেশ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৩), **যুগান্তর, ইত্তেফাক**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩। বাংলাদেশ ক্রিকেট দলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন**

ব্যাটিং বিপর্যয় থেকে ঘুরে দাঁড়িয়ে জোড়া সেঞ্চুরি করে নিউজিল্যান্ডের বিপক্ষে বাংলাদেশের জয় আনায় সাকিব আল হাসান ও মাহমুদউল্লাহ রিয়াদকে ফোন করে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এই জয়ের জন্য বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন তিনি। গত শুক্রবার মধ্যরাতে কার্ডিফে এই ম্যাচ শেষ হওয়ার পর সেঞ্চুরি করা দুই ব্যাটসম্যানকে প্রধানমন্ত্রী ফোন করে অভিনন্দন জানান। অভিনন্দন জানিয়ে তিনি বলেন, লড়াই করে জেতার আনন্দই আলাদা। লড়াই এর এই ধারা অব্যাহত রাখতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৬,ক.১), **নিউ নেশন** (পৃ.৭,ক.৪)।

**৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস আজ। দীর্ঘ **১১** মাস কারাভোগের পর ২০০৮ সালের **১১** জুন সংসদ ভবন চত্বরে স্থাপিত বিশেষ কারাগার থেকে তিনি মুক্তি পান। দিবসটি উপলক্ষে আজ রোববার সকাল **১০**টায় দলের নেতৃবৃন্দ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করে তাঁকে অভিনন্দন জানাবেন। দুপুরে বিভিন্ন মসজিদে প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য কামনা করে দোয়া করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬)।

**৫। সমাজের ইতিবাচক পরিবর্তনকে টেকসই করতে হবে : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, সমাজের ইতিবাচক পরিবর্তনকে টেকসই করতে হবে। উন্নয়ন টেকসই না হলে কাঙ্ক্ষিত উন্নয়ন বাধাগ্রস্ত হবে। তিনি বলেন, সীমিত সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতের পাশাপাশি তরুণ সমাজের জন্য নিরাপদ আগামী রেখে যেতে হবে। গতকাল রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ ইয়ুথ লিডারশিপ সেন্টার (বিওয়াইএলসি) আয়োজিত বিওয়াইএলসি অ্যালামনাই অ্যাওয়ার্ডস প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫)।

**৬। জঙ্গিবাদের বিরুদ্ধে আলেমদের সোচ্চার হতে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, জঙ্গিবাদের নামে ইসলামকে কলুষিত করা হচ্ছে। এর বিরুদ্ধে আলেম-ওলামাদের সোচ্চার হতে হবে। সবাইকে একযোগে কাজ করতে হবে। গতকাল জাতীয় প্রেসক্লাবে এক আলোচনা অনুষ্ঠানে তিনি একথা বলেন। অনলাইন নিউজপোর্টাল আওয়ার ইসলাম টোয়েন্টিফোর ডটকমের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **সমকাল** (পৃ.৫,ক.৮), **অবজারভার** (পৃ.১০,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।



**৭। আগামী নির্বাচনে কোন অগ্রহণযোগ্য ব্যক্তিকে মনোনয়ন দেওয়া হবে না : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এমপি বলেছেন, জনগণের কাছে অগ্রহণযোগ্য কোনো ব্যক্তিকে আগামী নির্বাচনে মনোনয়ন দেওয়া হবে না। বিভিন্ন জরিপে যাদের নাম আসবে তারাই মনোনয়ন পাবেন। মন্ত্রী গতকাল ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কুমিল্লার পদুয়ার বাজার বিশ্বরোড এলাকায় বিআরটিএ ও স্থানীয় প্রশাসনের পরিচালিত ভ্রাম্যমাণ আদালত পরিদর্শন শেষে আলাপকালে এসব কথা বলেন। মন্ত্রী ঈদের আগেই ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের যেসব স্থানে মহাসড়কের দুই পাশে অবৈধ স্থাপনা রয়েছে তা অপসারণের জন্য হাইওয়ে

পুলিশসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪)।

**৮। ঈদ উপলক্ষে বাস-ট্রেনের অগ্রিম টিকিট আগামীকাল থেকে শুরু**

ঈদুল ফিতর উপলক্ষে বাস ও ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি আগামীকাল থেকে শুরু হচ্ছে। রাষ্ট্রায়ত্ত পরিবহণ সংস্থা বিআরটিসি বাসের অগ্রিম টিকিট বিক্রি শুরু হবে ২০ জুন থেকে। পাশাপাশি ঈদ উপলক্ষে এ বছর সারাদেশের ঈদ স্পেশাল সার্ভিস হিসেবে ৯০০ বাস চালু থাকবে বলে সংস্থাটির সূত্র জানায়। রেলওয়ে প্রতিবারের মতো এবারও ১০দিন আগ থেকে ঢাকার কমলাপুর ও চট্টগ্রাম রেলস্টেশন থেকে আন্তঃনগর ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি করবে। ১২ থেকে ১৬ জুন এই অগ্রিম টিকিট বিক্রি করা হবে। রেলমন্ত্রী মো. মুজিবুল হক বলেন, টিকেট কালোবাজারি রোধ এবং যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতেও সবরকম ব্যবস্থা নেওয়া হয়েছে। অজ্ঞান পার্টি, মলম পার্টিসহ কোনো গোষ্ঠী যেন যাত্রীদের হয়রানি না করতে পারে, সেদিকে আমাদের নজরদারি থাকবে। এছাড়া টিকিট কালোবাজারি প্রতিরোধে ঢাকা, চট্টগ্রামসহ বড় বড় স্টেশনগুলোতে রেল পুলিশসহ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা থাকবেন। ট্রেনের সূচিতে যাতে কোনো বিপর্যয় না ঘটে, সেদিকে আমরা বাড়তি নজর দিয়েছি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

**৯। ঈদে লঞ্চে অতিরিক্ত যাত্রী উঠলে কঠোর ব্যবস্থা : নৌপরিবহণমন্ত্রী**

নৌপরিবহণমন্ত্রী শাজাহান খান বলেছেন, ঈদে প্রতিটি লঞ্চে ধারণক্ষমতার বাইরে কোনো যাত্রী উঠতে দেওয়া যাবে না। সে ব্যাপারে মালিকদের নির্দেশনা দেওয়া হয়েছে। লঞ্চে অধিক যাত্রী বহন করা হলে লঞ্চ মালিকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। মাদারীপুরে গতকাল দুই দিনব্যাপী জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধন অনুষ্ঠানে নৌপরিবহণমন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী আরো বলেন, এবারের ঈদে যাত্রীসেবা নিশ্চিত করতে সরকারের পক্ষ থেকে সব ধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.৬)।

**১০। ২০১৬ সালে বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ ৪ শতাংশ বেড়েছে : অর্থনৈতিক সমীক্ষার তথ্য**

বিশ্বব্যাপী মন্দাভাব দেখা দিলেও ২০১৬ সালে বাংলাদেশে সরাসরি বৈদেশিক বিনিয়োগ (এফডিআই) বেড়েছে সাড়ে ৪ শতাংশ। ২০১৫ সালের তুলনায় ওই সময়ে ৯৭ কোটি ৩৩ লাখ ডলার বিনিয়োগ বেড়েছে, যেখানে বিশ্বব্যাপী ২০১৬ সালে বিদেশি বিনিয়োগ কমেছে ২ শতাংশ। অন্যদিকে এশিয়ার উন্নয়নশীল দেশগুলোতে বিদেশি বিনিয়োগের প্রবাহ কমেছে ১৫ শতাংশ। অর্থনৈতিক সমীক্ষা ২০১৭ অনুসারে এসব তথ্য জানা গেছে। সূত্র-**সংবাদ**
( শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১)।

**১১। বিরূপ জলবায়ুর কারণে সবচেয়ে ক্ষতিগ্রস্ত দেশের তালিকায় ৬ষ্ঠ বাংলাদেশ**

গত ২০ বছরে বিশ্বে বিরূপ জলবায়ুর কারণে যেসব দেশ সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে, বাংলাদেশ তার অন্যতম। জার্মানওয়াচ নামের একটি থিঙ্ক ট্যাঙ্কের 'বৈশ্বিক জলবায়ু ঝুঁকি সূচক' অনুসারে ক্ষতিগ্রস্ত ১০টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৬ষ্ঠ। তালিকায় থাকা বেশিরভাগ দেশই এশিয়ার। ১৯৯৬ থেকে ২০১৫ সালের মধ্যে জলবায়ুজনিত ১৮৫টি ঘটনায় বাংলাদেশে গড়ে মোট ৬৭৯.০৫ জন মানুষ মারা গেছেন। এর ফলে বাংলাদেশ হারিয়েছে জাতীয় প্রবৃদ্ধির ০.৭৩২৪ শতাংশ। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.২), **প্রথম আলো** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, ডেইলি স্টার :** নিউজিল্যান্ডকে হারিয়ে ক্রিকেটে অসাধারণ ও বিস্ময়কর জয়ে বাংলাদেশ ক্রিকেট দলের সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন জানিয়ে বিভিন্ন খেলার মাধ্যমে বাংলাদেশকে বহির্বিশ্বে তুলে ধরতে সরকারি-বেসরকারি পৃষ্ঠপোষকতা আরো বাড়ানোর প্রত্যাশা।

খ. **সংবাদ :** প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় ঘূর্ণিঝড়ের সংকেত সম্পর্কে উপকূলের মানুষকে সচেতন করতে গণমাধ্যমকে অগ্রণী ভূমিকা পালনের আহ্বান।

গ. **জনকণ্ঠ :** আউটসোর্সিংয়ে ১৫ শতাংশ ভ্যাট অব্যাহতি দেওয়ার প্রণোদনাকে সাধুবাদ জানিয়ে এটি ক্রমবিকাশমান তথ্যপ্রযুক্তি খাতের জন্য গুরুত্বপূর্ণ এবং ইতিবাচক পরিস্থিতি তৈরি করবে বলে প্রত্যাশা।

ঘ. **প্রথম আলো, ফিনানশিয়াল এক্সপ্রেস :** আকাশপথে পণ্য রপ্তানির জটিলতার ক্ষেত্রে নিরাপত্তার ব্যাপারে বাংলাদেশ যে ভাবমূর্তির সংকটে পড়েছে, সর্বাত্মক প্রচেষ্টার মাধ্যমে সার্বিক নিরাপত্তা জোরদার করে ভাবমূর্তির ঝুঁকি দূর করার সুপারিশ।

ঙ. **সমকাল :** দীর্ঘ দুই যুগের পরেও চাঁদপুর শিশু একাডেমি ভাড়া বাড়িতে থাকার বিষয় তুলে ধরে অবিলম্বে শিশু একাডেমির নিজস্ব জায়গা ও ভবনের ব্যবস্থা করতে যথাযথ কর্তৃপক্ষের প্রতি আহ্বান।

চ. **যুগান্তর, যায়যায়দিন :** সামাজিক অপরাধ সীমাহীনভাবে বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে মানুষের ক্রমবর্ধমান অপরাধ প্রবণতা নিয়ে সমাজবিজ্ঞানী, মনোবিজ্ঞানীসহ সরকারের উচ্চমহলের একটি সিদ্ধান্তে পৌঁছানো জরুরি বলে অভিমত।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীতে চিকুনগুনিয়া জ্বরের প্রাদুর্ভাব দেখা দেওয়ায় অতিদ্রুত মশা বিস্তারের স্থানগুলো পরিষ্কার করাসহ রাজধানীর বর্জ্য আবর্জনা ফেলে রাখার স্থানগুলো পরিষ্কার পরিচ্ছন্ন করে মশা নিধন কার্যক্রম জোরদার করার সুপারিশ।

জ. **ডেইলি সান, প্রথম আলো :** যুক্তরাজ্যের সাধারণ নির্বাচনে জয়ী বাংলাদেশি বংশোদ্ভূত তিন কন্যাকে অভিনন্দন জানিয়ে যুক্তরাজ্যের এই নির্বাচন থেকে বাংলাদেশের অনেক কিছু শিক্ষণীয় রয়েছে বলে অভিমত।

ঝ. **নিউ নেশন :** মিরপুর ১১ নম্বর সেকশনে বস্তিবাসীদের বসবাসের জন্য ১০ হাজার আবাসিক ফ্ল্যাট নির্মাণের সরকারি পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের প্রত্যাশা।

ঞ. **নিউ এজ :** ভূগর্ভস্থ পানির স্তর ১৩০ ফিটের নীচে চলে যাওয়ায় বরেন্দ্র এলাকায় পানীয় জলের সংকটের চিত্র তুলে ধরে সরকারকে অতিদ্রুত এ সংকট সমাধানে পদক্ষেপ নেওয়ার সুপারিশ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, তরুণদের কর্মসংস্থান না বাড়লে উন্নয়ন টেকসই হবে না, ফলপ্রসূ হবে না। সেজন্য বেকারত্ব নিরসন করতে কর্মক্ষম জনশক্তিকে কাজে লাগাতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'ডাক্তারদের নিরাপদ কর্মপরিবেশ ও নিরাপত্তা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ডাক্তাররা মানুষকে সেবা দেবার ব্রত নিয়ে এই মহান পেশায় আছেন, তেমনি সরকার ও জনগণকেও তাদের জন্য নিরাপদ কর্ম পরিবেশ তৈরি করে দিতে হবে যাতে করে তারা সেবা দিতে পারেন ও জনগণ সেবা পেতে পারেন।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**

**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১১৩/২০১৭**

**ঢাকা, বৃহস্পতিবার ৮ জুন ২০১৭, ২৫ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিএনপি ঘোষিত 'রূপকল্প ২০৩০' আওয়ামী লীগের 'রূপকল্প ২০২১'-এর প্রতিচ্ছবি : সংসদে প্রধানমন্ত্রী

২। বাংলাদেশ রেলওয়েতে ৯৭ হাজার কোটি টাকার প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে : সংসদে প্রধানমন্ত্রী

৩। রামপাল বিদ্যুৎকেন্দ্র নিয়ে মানুষকে বিভ্রান্ত করা হচ্ছে : প্রধানমন্ত্রী

৪। ঐতিহাসিক ছয় দফা দাবি দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা

৫। সরকারি অর্থ ব্যয়ের স্বচ্ছতা নিশ্চিত করুন : রাষ্ট্রপতি

৬। কাতার সংকট বাংলাদেশের শ্রমবাজারের ওপর প্রভাব ফেলবে না : প্রবাসীকল্যাণ মন্ত্রী

৭। গত আট বছরে সারে ভর্তুকি ৫৫ হাজার কোটি টাকা : সংসদে কৃষিমন্ত্রী

৮। পর্যটন খাতে গত আট বছরে আয় সাড়ে ৬ হাজার কোটি টাকা : সংসদে বিমানমন্ত্রী

৯। দেশে ৬৫ শতাংশ ইটভাটা পরিবেশবান্ধব ইটভাটায় রূপান্তরিত হয়েছে : পরিবেশমন্ত্রী

১০। রাঙ্গামাটির লংগদুর ঘটনায় জড়িতরা শাস্তি পাবে : স্বাস্থ্যমন্ত্রী

১১। দেশজুড়ে স্কুলে সাংস্কৃতিক চর্চা কার্যক্রম শুরু হচ্ছে : সংস্কৃতিমন্ত্রী

১২। মৌচাক ফ্লাইওভারের গার্ডার পড়ে হতাহতদের পরিবারকে কেন ক্ষতিপূরণ নয় : হাইকোর্টের রুল

চলমান পাতা-২

১। **বিএনপি ঘোষিত 'রূপকল্প ২০৩০' আওয়ামী লীগের 'রূপকল্প ২০২১'-এর প্রতিচ্ছবি : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপি ঘোষিত 'রূপকল্প ২০৩০'এর অধিকাংশই বর্তমান (আওয়ামী লীগ) সরকার পূরণ করেছে। এটি আওয়ামী লীগের 'রূপকল্প ২০২১'-এর প্রতিচ্ছবি। গতকাল ৭ জুন বুধবার দশম জাতীয় সংসদের ১৬তম (বাজেট) অধিবেশনের ৬ষ্ঠ কার্যদিবসে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে সরকারি দলের বেগম ফজিলাতুন নেসা বাপ্পির এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

তরিকত ফেডারেশনের সদস্য এমএ আউয়ালের এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, পবিত্র রমজান মাস উপলক্ষে দেশে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

প্রধানমন্ত্রী জননিরাপত্তা নিশ্চিত সংক্রান্ত প্রশ্নের জবাবে বলেন, জনগণের নিরাপত্তা নিশ্চিতকল্পে বিভিন্ন ব্যবস্থা নেওয়া হয়েছে। রমজান মাস ও ঈদ উপলক্ষে সড়ক, নৌ ও রেলপথ যানজটমুক্ত রাখার লক্ষ্যে বাংলাদেশ পুলিশ ব্যাপক প্রস্তুতি গ্রহণ করেছে। প্রধানমন্ত্রী বলেন, জনগণের চলাচল নির্বিঘ্ন করতে ব্যবস্থা নেওয়া হয়েছে। সড়ক ও মহাসড়ক বিভাগ পবিত্র রমজান ও আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে মহাসড়ক পথে যাতায়াত নিরাপদ করার লক্ষ্যে ২৯ দফা নির্দেশনা সংবলিত পত্র জারি করেছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫)**, ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

২। **বাংলাদেশ রেলওয়েতে ৯৭ হাজার কোটি টাকার প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বাংলাদেশ রেলওয়েতে ৯৭ হাজার ৬২৩ কোটি ৪৭ লাখ টাকা ব্যয়ে মোট ৫৩টি ( বিনিয়োগ প্রকল্প ৪৬ টি, কারিগরি সহায়তা প্রকল্প ৭টি) প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। ৫৩টি প্রকল্পের অনুকূলে ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (আরএডিপি) ৯ হাজার ২৭৮ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। তিনি বলেন, ২০ বছর মেয়াদি ২০১০ সালের জুলাই থেকে ২০৩০ সালের জুন পর্যন্ত মহাপরিকল্পনা ৪টি পর্যায়ে বাস্তবায়নের জন্য ২ লাখ ৩৩ হাজার ৯৪৪ কোটি টাকা ব্যয়ে ২৩৫টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। বর্তমানে মহাপরিকল্পনা হালনাগাদ করার কার্যক্রম চলছে। প্রধানমন্ত্রী বলেন, প্রতিবেশী দেশের সঙ্গে রেল যোগাযোগ বাড়ানোর লক্ষ্যে ভারত, মায়ানমার, নেপাল ও ভুটানের সঙ্গে রেল যোগাযোগ বৃদ্ধির জন্যও বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। সরকারি দলের  সদস্য মো. মনিরুল ইসলামের এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী সংসদে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১)।

৩। **রামপাল বিদ্যুৎকেন্দ্র নিয়ে মানুষকে বিভ্রান্ত করা হচ্ছে : প্রধানমন্ত্রী**

রামপাল বিদ্যুৎকেন্দ্র নির্মাণের বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, একটি  মহল ভিত্তিহীন, কাল্পনিক ও মনগড়া বক্তব্য দিয়ে সুন্দরবন ধ্বংস হবে বলে গণমাধ্যমে তথ্য প্রচার করে মানুষকে বিভ্রান্ত করছে। গতকাল জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে সরকারি দলের মীর মোস্তাক আহমেদের প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এ কথা বলেন। তিনি বলেন, একটি কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্রের ক্ষেত্রে প্রকল্পের জন্য সুবিধাজনক ও প্রয়োজনীয় জমির প্রাপ্যতা, নদীর নাব্যতা, কয়লা পরিবহনের সুবিধাদি, প্রয়োজনীয় পরিমাণ পানির উৎস বা জোগান, বিদ্যুৎ সঞ্চালন সুবিধা, ঘনজনবসতি পরিহার ও অভয়ারণ্য থেকে নিরাপদ দূরত্বে অবস্থান ইত্যাদি বিবেচনা করা হয়। প্রধানমন্ত্রী বলেন, প্রাথমিকভাবে নির্বাচিত তিনটি জায়গার মধ্যে পরিবেশগত এবং অন্যান্য সার্বিক দিক দিয়ে সবচেয়ে সুবিধাজনক ও গ্রহণযোগ্য হওয়ায় ১ হাজার ৩২০ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্রটি নির্মাণের জন্য রামপালকে বেছে নেওয়া হয়েছে। রামপাল বিদ্যুৎকেন্দ্রে ৯০২ ফুট উচ্চতার  চিমনি ব্যবহৃত হবে, যার মাধ্যমে বিদ্যুৎকেন্দ্র থেকে পরিশোধিত বায়ু নির্গত হবে। ফলে আশপাশের এলাকাসহ পরিবেশের ওপর বিরূপ প্রভাব পড়ার আশঙ্কা নেই। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১)।



৪। **ঐতিহাসিক ছয় দফা দাবি দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা**

ঐতিহাসিক ছয় দফা দাবি দিবস উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রাজধানীর ধানমন্ডিতে গতকাল বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়ে কিছু সময় নীরবে দাঁড়িয়ে থাকেন প্রধানমন্ত্রী। পরে দলীয় প্রধান হিসেবে জ্যেষ্ঠ নেতাদের নিয়ে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় তাঁর সঙ্গে দলীয় নেতারা উপস্থিত ছিলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১) **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**৫। সরকারি অর্থ ব্যয়ের স্বচ্ছতা নিশ্চিত করুন : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সরকারি অর্থ ব্যয়ের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন। কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অব বাংলাদেশ (সিএজি) মাসুদ আহমেদের নেতৃত্বে একটি প্রতিনিধি দল গতকাল বঙ্গভবনে রাষ্ট্রপতির কাছে বার্ষিক অডিট রিপোর্ট পেশকালে তিনি এ আহ্বান জানান। রাষ্ট্রপতি সরকারি ব্যয়ের অডিট আপত্তি রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**৬। কাতার সংকট বাংলাদেশের শ্রমবাজারের ওপর প্রভাব ফেলবে না : প্রবাসীকল্যাণ মন্ত্রী**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেছেন, কাতার সংকট বাংলাদেশের শ্রমবাজারের ওপর প্রভাব ফেলবে না। গতকাল ইস্কাটনের প্রবাসীকল্যাণ ভবনে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। 'বাংলাদেশের মহিলা অভিবাসী কর্মীদের চ্যালেঞ্জ'-শীর্ষক কর্মশালার আয়োজন করে বাংলাদেশি অভিবাসী মহিলা শ্রমিক অ্যাসোসিয়েশন। অপরদিকে কাতারের সঙ্গে সৌদি আরবসহ সাত দেশের কূটনৈতিক সম্পর্ক ছিন্নের ঘটনায় সেখানে অবস্থানরত বাংলাদেশি প্রবাসীদের কেউ কেউ উদ্বেগ প্রকাশ করলেও বেশিরভাগ বাংলাদেশিই স্বাভাবিক রয়েছেন। দোহার বাংলাদেশ দূতাবাস থেকে ইতোমধ্যে বাংলাদেশিদের আতঙ্কিত না হওয়ার জন্য পরামর্শ দেওয়া হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৭। গত আট বছরে সারে ভর্তুকি ৫৫ হাজার কোটি টাকা : সংসদে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বলেছেন, কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকার গত আট বছরে কেবল সারেই ভর্তুকি দিয়েছে ৫৫ হাজার ৯৯৮ কোটি টাকা। আর ডিজেলে ভর্তুকির পরিমাণ ৭৫০ কোটি টাকা। চলতি অর্থবছরের সংশোধিত বাজেটে কৃষিখাতে ছয় হাজার কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। গতকাল জাতীয় সংসদ অধিবেশনে টেবিলে উত্থাপিত প্রশ্নোত্তর পর্বে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪)।

**৮। পর্যটন খাতে গত আট বছরে আয় সাড়ে ৬ হাজার কোটি টাকা : সংসদে বিমানমন্ত্রী**

পর্যটন খাতে গত আট বছরে প্রায় সাড়ে ছয় হাজার কোটি টাকা আয় হয়েছে বলে জাতীয় সংসদে জানিয়েছেন বেসামরিক বিমান ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন। গতকাল সংসদে টেবিলে উত্থাপিত প্রশ্নোত্তর পর্বে সরকারদলীয় সংসদ সদস্য আ খ ম জাহাঙ্গীর হোসাইনের প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। বিমানমন্ত্রী জানান, আগে কয়েক বছর ধারাবাহিকভাবে বাংলাদেশ বিমান লোকসান করলেও গত দুই অর্থবছরে বিমান লাভজনক প্রতিষ্ঠান হিসেবে পরিচিতি পেয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১)।

**৯। দেশে ৬৫ শতাংশ ইটভাটা পরিবেশবান্ধব ইটভাটায় রূপান্তরিত হয়েছে : পরিবেশমন্ত্রী**

পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু সংসদকে জানিয়েছেন, দেশে বিদ্যমান ইটভাটার ৬৪ দশমিক ৮৫ শতাংশ আধুনিক প্রযুক্তির পরিবেশবান্ধব ইটভাটায় রূপান্তরিত হয়েছে। গতকাল সংসদে টেবিলে উপস্থাপিত



প্রশ্নোত্তরে সরকারি দলের সদস্য মাহমুদ উস সামাদ চৌধুরীর এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। একই প্রশ্নের জবাবে পরিবেশ মন্ত্রী জানান, ২০১৩ থেকে ২০১৭ সালের মার্চ পর্যন্ত ৫০৫টি ইটভাটার বিরুদ্ধে অভিযান চালিয়ে ১৩ কোটি ৯৮ লাখ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ২০১৪ সাল থেকে চলতি বছরের মার্চ পর্যন্ত ২৮৫ টি

ইটভাটার বিরুদ্ধে অভিযান চালিয়ে ৩ কোটি ৪৫ লাখ টাকা আদায় করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১),

**১০। রাঙ্গামাটির লংগদুর ঘটনায় জড়িতরা শাস্তি পাবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, রাঙ্গামাটির লংগদুতে অগ্নিসংযোগের ঘটনায় দোষী কাউকে ছাড় দেওয়া হবে না। প্রত্যেককে গ্রেফতার করে আইনানুগ কঠোর শাস্তি দেওয়া হবে। গতকাল ১৪ দলের উদ্যোগে লংগদুতে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮)।

**১১। দেশজুড়ে স্কুলে সাংস্কৃতিক চর্চা কার্যক্রম শুরু হচ্ছে : সংস্কৃতিমন্ত্রী**

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, স্কুলপড়ুয়া শিশু-কিশোরদের সাংস্কৃতিক পরিমণ্ডলে বেড়ে উঠবার ক্ষেত্র সৃষ্টি করতে সরকার দেশব্যাপী সাংস্কৃতিক কার্যক্রম শুরু করতে যাচ্ছে। হোলি আর্টিজান, শোলাকিয়াসহ দেশের বিভিন্ন স্থানে জঙ্গি হামলার সাথে যারা জড়িত ছিল, তাদের অধিকাংশই তরুণ এবং তারা প্রায় সকলেই আধুনিক

শিক্ষায় শিক্ষিত। কিন্তু তাদের ভেতরে কোনো সাংস্কৃতিক শিক্ষা ছিল না। শিশুদের মৌলবাদী আগ্রাসন থেকে দূরে রাখতে স্কুল থেকেই সাংস্কৃতিক আবহে গড়ে তুলবার এ পরিকল্পনা নেওয়া হয়েছে। এ উপলক্ষে গতকাল শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালা সেমিনার কক্ষে আয়োজিত সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **সমকাল** (পৃ.১৯,ক.৭), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**১২। মৌচাক ফ্লাইওভারের গার্ডার পড়ে হতাহতদের পরিবারকে কেন ক্ষতিপূরণ নয় : হাইকোর্টের রুল**

রাজধানীর মৌচাক-মালিবাগ ফ্লাইওভারে গার্ডার ভেঙে নিহত শ্রমিকের পরিবারকে ৫০ লাখ এবং আহত ২ শ্রমিকের পরিবারকে ৩০ লাখ টাকা করে ক্ষতিপূরণ কেন দেওয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। গতকাল বিচারপতি সালমা মাসুদ চৌধুরী ও বিচারপতি একেএম জহিরুল হকের সমন্বয়ে গঠিত হাইকোর্ট ডিভিশন বেঞ্চ এ রুল জারি করে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৩), **সমকাল** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** মাগুরায় পাঁচশত প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ঝুঁকিপূর্ণ ৭২টি বিদ্যালয়ে ২০ হাজারের বেশি ছাত্র-ছাত্রীর ঝুঁকি নিয়ে পড়াশোনা করার বিষয় তুলে ধরে অতিদ্রুত এসব বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন বা সংস্কারের সুপারিশ।

**খ.** **সংবাদ :** সোলার প্যানেল ও মডিউল আমদানিতে ১০ শতাংশ শুল্ক আরোপের প্রস্তাবে সোলার প্যানেলের দাম ২৫ থেকে ৫০ শতাংশ বেড়ে যাওয়ার আশঙ্কায় এ ধরনের শুল্ক আরোপের প্রস্তাব প্রত্যাহার করার আহ্বান।

**গ.** **প্রথম আলো :** ঈদের আগে রাজবাড়ীর দৌলতদিয়ায় নতুন দুটি ফেরিঘাট নির্মাণকাজে ধীরগতির কারণে চালু করা নিয়ে অনিশ্চয়তা দেখা দেওয়ায় নির্মাণকাজের গতি বাড়িয়ে ঈদের আগে ফেরিঘাট চালু করার উদ্যোগ নেওয়ার সুপারিশ।

**ঘ.** **সমকাল :** অবিলম্বে রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়া ও দেবগ্রাম ইউনিয়ন দুটির নদীভাঙ্গন রোধে ব্যবস্থা নেওয়ার প্রত্যাশা ব্যক্ত।



**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** ঢাকা ও চট্টগ্রামের বর্জ্য ব্যবস্থাপনায় প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়ে একনেকে ১৬০.১২ কোটি টাকা বরাদ্দের অনুমোদন দেওয়ার বিষয় তুলে ধরে সঠিকভাবে বর্জ্য ব্যবস্থাপনার দ্বারা শহর পরিচ্ছন্ন ও বাস উপযোগী রাখতে সংশ্লিষ্ট সব সংস্থাকে সমন্বিতভাবে কাজ করার সুপারিশ।

**চ.** **ডেইলি সান :** প্রাইভেট হাসপাতালে রোগীদের ওপর অতিরিক্ত চার্জ আদায় বন্ধে প্রাইভেট মেডিকেল সার্ভিস অ্যাক্ট ২০১৪ দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ নেওয়ার আহ্বান।

**ছ.** **নিউজ টুডে :** ২০১৭-১৮ সালের প্রস্তাবিত বাজেটে কর্মসংস্থান নিয়ে সঠিক নির্দেশনা না থাকায় এ ব্যাপারে

সরকারকে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

জ. **অবজারভার :** পার্বত্য চট্টগ্রামের রাঙামাটির লংগদু উপজেলার সংখ্যালঘু জনগোষ্ঠীর সঠিক নিরাপত্তা বিধানে প্রশাসনকে দ্রুত আইনি ব্যবস্থা জোরদার করার আহ্বান।

ঝ. **নিউ এজ :** মাল্টিমিডিয়াভিত্তিক শিক্ষাব্যবস্থা নিশ্চিতকরণে মনিটরিং ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'কম ওজনের শিশুর জন্ম প্রসঙ্গে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, গর্ভবতী মায়ের যত্ন, পর্যাপ্ত সুষম খাবার এবং পর্যাপ্ত বিশ্রামের ব্যবস্থা করতে পারলে স্বাভাবিক ওজনের শিশুর জন্ম নেওয়ার সম্ভাবনা বেশি থাকে ।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১১২/২০১৭**

**ঢাকা, বুধবার ৭ জুন ২০১৭, ২৪ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। একনেকে বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়নসহ ১১ প্রকল্প অনুমোদন

২। বিচারপতি ও কূটনীতিকদের সম্মানে প্রধানমন্ত্রীর ইফতার

৩। জাতীয় সংসদে ১৮ হাজার ৩৭০ কোটি টাকার সম্পূরক বাজেট পাস

৪। মুদ্রা পাচারের সুযোগ কমাতে ব্যবস্থা জুলাইয়ে : অর্থমন্ত্রী

৫। চাহিদার ৯৮% ওষুধ দেশেই উৎপাদিত হয় : সংসদে স্বাস্থ্যমন্ত্রী

৬। চলতি অর্থবছরের প্রথম এগারো মাসে এডিপির ৬৫ % বাস্তবায়ন

৭। ২০১৬-১৭ অর্থবছরের প্রথম ১১ মাসে রফতানি আয় ৩ হাজার কোটি ডলার ছাড়িয়েছে

৮। ঐতিহাসিক ৬ দফা দিবস আজ

৯। কর্মকর্তাদের কাজের দক্ষতা বাড়াতে হবে : শিক্ষামন্ত্রী

১০। শান্তিরক্ষায় বাংলাদেশ পুলিশের প্রশংসায় জাতিসংঘ

চলমান পাতা-২

১। **একনেকে বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়নসহ ১১ প্রকল্প অনুমোদন**

ঢাকা এবং চট্টগ্রাম সিটি করপোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়নসহ **১১** প্রকল্পের চূড়ান্ত অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এসব প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে ৩ হাজার ৭২৩ কোটি ৬ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ৩ হাজার ৬০৩ কোটি ৬৭ লাখ টাকা, বৈদেশিক সহায়তা থেকে ৯৬ কোটি ৮৯ লাখ এবং বাস্তবায়নকারী সংস্থা থেকে পাওয়া যাবে ২২ কোটি ৫০ লাখ টাকা। গতকাল ৬ জুন মঙ্গলবার রাজধানীর শেরেবাংলানগরে এনইসি সম্মেলনকক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় এসব প্রকল্প অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.১৭,ক.১)।

২। **বিচারপতি ও কূটনীতিকদের সম্মানে প্রধানমন্ত্রীর ইফতার**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ৬ জুন মঙ্গলবার গণভবনে বিচারপতি, কূটনীতিক এবং পদস্থ বেসামরিক ও সামরিক কর্মকর্তাদের সম্মানে ইফতারের আয়োজন করেন। প্রধানমন্ত্রী ইফতারের বিভিন্ন টেবিল ঘুরে আমন্ত্রিত অতিথিদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন এবং তাঁদের সম্পর্কে খোঁজখবর নেন। ইফতারের আগে জাতির অব্যাহত শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

৩। **জাতীয় সংসদে ১৮ হাজার ৩৭০ কোটি টাকার সম্পূরক বাজেট পাস**

জাতীয় সংসদে চলতি ২০১৬-১৭ অর্থবছরের জন্য ১৮ হাজার ৩৭০ কোটি ২২ লাখ ৫০ হাজার টাকার সম্পূরক বাজেট পাস হয়েছে। গতকাল দশম জাতীয় সংসদের **১৬**তম (বাজেট) অধিবেশনের ৫ম কার্যদিবসে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত কর্তৃক উত্থাপিত নির্দিষ্টকরণ (সম্পূরক) বিল-২০১৭ কণ্ঠভোটে পাসের মধ্য দিয়ে এই সম্পূরক বাজেট পাশ হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৪। **মুদ্রা পাচারের সুযোগ কমাতে ব্যবস্থা জুলাইয়ে : অর্থমন্ত্রী**

দেশ থেকে মুদ্রা পাচারের সুযোগ কমাতে জুলাই মাসে নতুন কিছু ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি আরো বলেন, ব্যাংকে আমানতের ওপর কর ধার্য নতুন কিছু নয়। এটা আগে থেকেই ছিল। আমি করের হারটা একটু খানি বাড়িয়েছি। এছাড়া সঞ্চয়পত্রের সুদ ব্যাংক সুদের চেয়ে ২ শতাংশ বেশি বা তার কাছাকাছি থাকবে বলে জানান তিনি। গতকাল ৬ জুন মঙ্গলবার সংসদে ২০১৬-১৭ অর্থবছরের সম্পূরক বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৬)।

৫। **চাহিদার ৯৮% ওষুধ দেশেই উৎপাদিত হয় : সংসদে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, সরকারের আন্তরিকতা ও উদারনীতির ফলে বাংলাদেশের ওষুধ শিল্প অন্যতম শিল্প সেক্টরে পরিণত হয়েছে। দেশীয় চাহিদার শতকরা ৯৮ ভাগের বেশি ওষুধ বর্তমানে স্থানীয়ভাবে উৎপাদিত হয়। দেশে উৎপাদিত বিভিন্ন প্রকার ওষুধ ও ওষুধের কাঁচামাল বিশ্বের **১২৭**টি দেশে রপ্তানি হচ্ছে। গতকাল জাতীয় সংসদের বাজেট অধিবেশনের মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.১)।

৬। **চলতি অর্থবছরের প্রথম এগারো মাসে এডিপির ৬৫ % বাস্তবায়ন**

চলতি অর্থবছরের প্রথম এগারো মাসে (জুলাই-মে) সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) ৬৫ শতাংশ অর্থ ব্যয় হয়েছে। আগের অর্থবছরের একই সময়ে এডিপি বাস্তবায়নের হার ছিল ৬২ শতাংশ। গতকাল ৬ জুন মঙ্গলবার জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভা শেষে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এডিপি বাস্তবায়নের এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

=৩=

৭। **২০১৬-১৭ অর্থবছরের প্রথম ১১ মাসে রফতানি আয় ৩ হাজার কোটি ডলার ছাড়িয়েছে**

২০১৬-১৭ অর্থবছরের জুলাই-মে মেয়াদে অর্থাৎ অর্থবছরের প্রথম **১১** মাসে রফতানি খাতে আয় হয়েছে ৩ হাজার ১৭৯ কোটি ৭ লাখ মার্কিন ডলার, যা গত ২০১৫-১৬ অর্থবছরের একই সময়ের রফতানি আয়ের

তুলনায় **১১২** কোটি ৬৫ লাখ ডলার বেশি। এ সময়ে প্রবৃদ্ধি অর্জিত হয়েছে **৩** দশমিক ৬৭ শতাংশ। বছরের ব্যবধানে রফতানি আয় বাড়লেও চলতি অর্থবছরের প্রথম **১১** মাসে রফতানি লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। গতকাল ৬ জুন মঙ্গলবার রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) প্রকাশিত হালনাগাদ প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **সমকাল** (পৃ.১২,ক.১)।

**৮। ঐতিহাসিক ৬ দফা দিবস আজ**

আজ ঐতিহাসিক ৭ জুন, ছয় দফা দিবস। বাঙালি জাতির মুক্তি সংগ্রামের ইতিহাসে অনন্য প্রতিবাদী, আত্মত্যাগে ভাস্বর ও গৌরবোজ্জ্বল সংগ্রামী একটি দিন। এ উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। বাণীতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, ঐতিহাসিক ৬ দফা শুধু বাঙালি জাতির মুক্তির সনদ নয়, সারাবিশ্বের নিপীড়িত নির্যাতিত মানুষের মুক্তি আন্দোলনের অনুপ্রেরণারও উৎস। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ৬ জুন মঙ্গলবার তাঁর বাণীতে বলেছেন, ঐতিহাসিক ৭ জুনসহ সকল গণতান্ত্রিক আন্দোলন ও সংগ্রামের চেতনায় উদ্বুদ্ধ হয়ে দেশের মানুষের গণতান্ত্রিক অধিকার অক্ষুণ্ন রাখতে সরকার বদ্ধপরিকর। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.২,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮)।

**৯। কর্মকর্তাদের কাজের দক্ষতা বাড়াতে হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়নে ও মূল্যায়নে পরিবীক্ষণ প্রতিবেদন খুবই গুরুত্বপূর্ণ। এ জন্য মন্ত্রণালয়ের কর্মকর্তাদের কাজের মান ও দক্ষতা বাড়াতে হবে। কর্মকর্তাদের উদ্দেশে তিনি বলেন, প্রকল্প বাস্তবায়নে সমস্যাগুলো আগে চিহ্নিত করুন। এরপর প্রতিবেদন প্রস্তুত করে সে অনুযায়ী সংশোধনের উদ্যোগ নিলে প্রকল্প বাস্তবায়ন আরও সহজ হবে। গতকাল ৬ জুন মঙ্গলবার রাজধানীর বাংলামটরে বিশ্বসাহিত্য কেন্দ্র মিলনায়তনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) অধিদপ্তরের অর্ধবার্ষিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মাউশির মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং বিভিন্ন প্রকল্পের ২০১৬ সালের জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত এ প্রতিবেদন তৈরি করে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **প্রথম আলো** (পৃ.৩,ক.৩), **অবজারভার** ( পৃ.৪,ক.৭)।

**১০। শান্তিরক্ষায় বাংলাদেশ পুলিশের প্রশংসায় জাতিসংঘ**

বাংলাদেশ পুলিশের উচ্ছ্বসিত প্রশংসা করেছেন জাতিসংঘ আন্ডার সেক্রেটারি জেনারেল জেন প্যারি ল্যাক্রোক্স। তিনি বলেছেন, পৃথিবীর যুদ্ধবিধ্বস্ত বিভিন্ন দেশে শান্তিরক্ষায় বাংলাদেশ পুলিশের দক্ষতা, পেশাদারিত্ব ও সাহসিকতা অত্যন্ত উঁচুমানের। তারা বিভিন্ন দেশে শান্তি প্রতিষ্ঠায় গৌরবোজ্জ্বল ভূমিকা এবং অনবদ্য অবদান রাখছেন। পুলিশ সদর দফতরের এক প্রেস বিজ্ঞপ্তিতে এসব কথা জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, মার্কিন যুক্তরাষ্ট্রে সফররত আইজিপি এ কে এম শহীদুল হক গত ৫ জুন সোমবার নিউইয়র্কে জাতিসংঘ সদর দফতরে ল্যাক্রোক্সের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে জাতিসংঘের এই কর্মকর্তা বাংলাদেশ পুলিশের প্রশংসা করেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৪), **সমকাল** (পৃ.৫,ক.২)।

**সম্পাদকীয়**

**ক. ইত্তেফাক :** রাজধানীর বিভিন্ন এলাকায় পানির সংকট তীব্র হয়ে উঠায় ওয়াসাকে দ্রুত পানি সরবরাহ নিশ্চিত করার সুপারিশ।



**খ. সংবাদ :** গার্হস্থ্য অর্থনীতি কলেজের হলগুলোতে নিম্নমানের খাবার পরিবেশন ও সার্বক্ষণিক চিকিৎসক না থাকায় ছাত্রীদের ভোগান্তি তুলে ধরে হল কর্তৃপক্ষকে এসব সমস্যার সমাধানে যথাযথ উদ্যোগ নেওয়াসহ নিয়মিত এসব বিষয় মনিটর করার আহ্বান।

গ. **জনকণ্ঠ :** পোল্ট্রি খাতের অগ্রগতিতে সরকারি সহায়তার পাশাপাশি এ খাতের ব্যবসায়ীদের প্রশিক্ষণ ও ঋণ সহায়তা দেওয়া অত্যাবশ্যক বলে অভিমত।

ঘ. **প্রথম আলো, ডেইলি সান :** সড়ক দুর্ঘটনা রোধে পরিবহণ খাতে দুষ্টচক্রের দৌরাত্ম্য বন্ধ করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **সমকাল :** ময়মনসিংহের ফুলবাড়িয়ায় মধুপুর বনাঞ্চলে বানরের খাদ্য সংকটের হৃদয়বিদারক চিত্র তুলে ধরে বানরগুলোর খাবারের ব্যবস্থা করতে সরকারের পাশাপাশি বেসরকারি সংস্থাকেও এগিয়ে আসার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট :** পাবলিক সার্ভিস ইন্সটিটিউশন কর্মক্ষেত্রে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করতে বিদ্যমান কোটার সুযোগ সুবিধা আরও বাড়াবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ছ. **ডেইলি সান :** রাজধানীতে সড়কের পাশের যাত্রী ছাউনিগুলো মেরামত ও সংস্কার করে ব্যবহার উপযোগী করাসহ প্রয়োজন সাপেক্ষে গুরুত্বপূর্ণ স্থানে আরও যাত্রী ছাউনি নির্মাণের আহ্বান।

জ. **নিউ এজ :** পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন স্থানে পাহাড় ও পাহাড়ের পাদদেশে ঝুঁকিপূর্ণভাবে বসবাসরতদের সরিয়ে নিয়ে নিরাপদ পুনর্বাসনের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, নির্বাচন কমিশনের উচিত রোডম্যাপ অনুযায়ী আইনের সংস্কার নিয়ে আলোচনাকালে সবার আগে সীমানা পুনর্নির্ধারণের বর্তমান আইনের পরিপ্রেক্ষিতে জটিলতা এবং করণীয় নির্ধারণ করা।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'বর্জ্য ব্যবস্থাপনা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বর্জ্য আবর্জনাকে সুষ্ঠু নিয়ন্ত্রণের মাধ্যমে নিরাপদ অপসারণ নিশ্চিত করা হচ্ছে পরিবেশ সুরক্ষার অন্যতম প্রধান উপায়।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১১১/২০১৭**

**ঢাকা, মঙ্গলবার ৬ জুন ২০১৭, ২৩ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মেয়াদ বাড়ানোর সঙ্গে দ্রুত বিচার আইনে সাজা বাড়ছে : মন্ত্রিসভায় সংশোধন প্রস্তাব অনুমোদন

২। রূপপুর পারমাণবিক কেন্দ্রে ব্যবহৃত বর্জ্য ফেরত নেবে রাশিয়া : মন্ত্রিসভায় চুক্তির খসড়া অনুমোদন

৩। প্রধান বিচারপতির ইফতারে রাষ্ট্রপতির যোগদান

৪। আমদানি-রফতানি সম্পর্ক থাকা ১৯৮টি দেশের মধ্যে ৭১ দেশের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি : সংসদে বাণিজ্যমন্ত্রী

৫। দেশের অর্থনীতি চলছে ইতিবাচক ধারায় : কৃষিমন্ত্রী

৬। বিদেশ থেকে ৬ লাখ মেট্রিক টন চাল আমদানি করা হচ্ছে : খাদ্যমন্ত্রী

৭। রেলের উন্নয়নে ৫৩টি প্রকল্প চলমান রয়েছে : সংসদে রেলমন্ত্রী

৮। মুক্তিযোদ্ধা আবদুল জব্বার ও সাবেক সংসদ সদস্য আবুল হাসেমের চিকিৎসা ব্যয় বহন করবে সরকার : স্বাস্থ্যমন্ত্রী

৯। ৫ টাকার নতুন নোট ইস্যু আজ

১০। বাংলাদেশি পর্যটকদের ভারতে যাতায়াত সহজ করা হয়েছে

১১। রাজধানীর শপিংমলে বিশেষ নিরাপত্তায় ডিএমপি

চলমান পাতা-২



**১। মেয়াদ বাড়ানোর সঙ্গে দ্রুত বিচার আইনে সাজা বাড়ছে : মন্ত্রিসভায় সংশোধন প্রস্তাব অনুমোদন**

আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধের সর্বোচ্চ সাজা ৫ বছর থেকে বাড়িয়ে ৭ বছর করা হচ্ছে। সর্বনিম্ন

২ বছরের সাজা ও অর্থদণ্ড বা উভয়দণ্ডের বিধানও থাকছে। মন্ত্রিসভায় এ সংক্রান্ত 'আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) (সংশোধন) আইন-২০১৭' এর খসড়া অনুমোদন দেওয়া হয়। জাতীয় সংসদে গতকাল ৫ জুন সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম বলেন, দ্রুত বিচার আইনের ৪(১) ধারা সংশোধন করে শাস্তির মেয়াদ বাড়ানোর প্রস্তাব মন্ত্রিসভা অনুমোদন করেছে। এ আইনে ১২০ দিনের মধ্যে বিচারকাজ নিষ্পত্তির বিধান আছে। এই সময়ের মধ্যে নিষ্পত্তি করা না গেলে আরো ৬০ দিন সময় পাওয়া যাবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ. ১, ক. ৫) **সংবাদ** (শেষ. পৃ, ক. ৪) **এশিয়ান এজ** (শেষ. পৃ, ক. ৩) **ডেইলি সান** (শেষ. পৃ, ক. ৮)।

**২। রূপপুর পারমাণবিক কেন্দ্রে ব্যবহৃত বর্জ্য ফেরত নেবে রাশিয়া : মন্ত্রিসভায় চুক্তির খসড়া অনুমোদন**

রাশিয়া রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের তেজস্ক্রিয় ব্যবহৃত জ্বালানি বর্জ্য (স্পেন্ট ফুয়েল) ফেরত নেবে। এজন্য এ সংক্রান্ত একটি চুক্তির খসড়া অনুমোদন করেছে মন্ত্রিসভা। জাতীয় সংসদ ভবনে কেবিনেট কক্ষে

গতকাল ৫ জুন সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে বাংলাদেশ ও রাশিয়ার মধ্যে স্বাক্ষরের জন্য 'কো-অপারেশন কনসার্নিং রিটার্ন অফ স্পেন্ট নিউক্লিয়ার ফুয়েল ফ্রম রূপপুর পাওয়ার প্ল্যান্ট টু দ্যা রাশান ফেডারেশন' এর খসড়া অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ. পৃ, ক. ২) **অবজারভার** (পৃ. ১, ক. ১)।

**৩। প্রধান বিচারপতির ইফতারে রাষ্ট্রপতির যোগদান**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সোমবার সুপ্রিমকোর্ট প্রাঙ্গণে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা আয়োজিত ইফতার মাহফিলে যোগদান করেন। রাষ্ট্রপতি ঘুরে ঘুরে বিভিন্ন টেবিলের সামনে যান এবং অতিথিদের সঙ্গে কুশল বিনিময় করেন। ইফতারের আগে দেশ ও জাতির উত্তরোত্তর শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ. ১, ক. ৩) **ইত্তেফাক** (পৃ. ১, ক. ১) **নিউজ টুডে** (শেষ.পৃ, ক. ১) **এশিয়ান এজ** (পৃ. ৩, ক. ১)।

**৪। আমদানি-রফতানি সম্পর্ক থাকা ১৯৮টি দেশের মধ্যে ৭১ দেশের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি : সংসদে বাণিজ্যমন্ত্রী**

চলতি অর্থবছরে (২০১৬-১৭) বাণিজ্য ঘাটতির পরিমাণ ৬ হাজার ৬২৫ মিলিয়ন মার্কিন ডলার। বিশ্বের প্রায় ১৯৮টি দেশের সঙ্গে বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক রয়েছে। চলতি অর্থবছরে ১৯৫টি দেশের সঙ্গে আমদানি-রফতানি বাণিজ্য হয়েছে। গতকাল ৫ জুন সোমবার জাতীয় সংসদ অধিবেশনে টেবিলে উত্থাপিত প্রশ্নোত্তর পর্বে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ এ তথ্য জানান। তিনি বলেন, আমদানি-রফতানি সম্পর্ক থাকা ১৯৮টি দেশের মধ্যে ৭১টি দেশের সঙ্গে বাণিজ্য ঘাটতি রয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ. ১, ক. ১) **ইনকিলাব** (পৃ. ৮, ক. ৫) **ইন্ডিপেনডেন্ট** (পৃ. ৯, ক. ১)।

**৫। দেশের অর্থনীতি চলছে ইতিবাচক ধারায় : কৃষিমন্ত্রী**

সম্পদের সঠিক ব্যবহারের ফলে দেশের অর্থনীতি ইতিবাচক ধারায় পরিচালিত হচ্ছে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী। তিনি বলেন, সরকারের এই ধারা অব্যাহত থাকলে দেশকে ২০২১ সালের মধ্যে একটি মধ্যম আয় এবং ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ দেশে পরিণত করা সম্ভব। চলতি অর্থবছরের বাজেটে মোট বরাদ্দ ৩ লাখ ৪০ হাজার ৬০৫ কোটি টাকার মধ্যে ৩ লাখ ১৭ হাজার ৩৭৪ কোটি টাকা খরচ হয়েছে। গতকাল ৫ জুন সোমবার জাতীয় সংসদে ২০১৬-১৭ অর্থবছরের সম্পূরক বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে তিনি এ মন্তব্য করেন। সূত্র-**সংবাদ** (শেষ. পৃ, ক. ৩) **ইত্তেফাক** (পৃ. ৩, ক. ৫) **নিউজ টুডে** (শেষ. পৃ, ক. ২) **ইন্ডিপেনডেন্ট** (পৃ. ১২, ক. ৬)।



**৬। বিদেশ থেকে ৬ লাখ মেট্রিক টন চাল আমদানি করা হচ্ছে : খাদ্যমন্ত্রী**

দেশে বর্তমানে গত বছরের এ সময়ের তুলনায় চালের মজুদ কিছুটা কম রয়েছে। হাওর অঞ্চলে অকাল বন্যার কারণে যে ফসলহানি হয়েছে তা পূরণ করা এবং দেশে চালের মজুদ সন্তোষজনক পর্যায়ে রাখার লক্ষ্যে সরকার ইতোমধ্যে বিদেশ হতে ৬ লাখ মেট্রিক টন চাল আমদানির পরিকল্পনা গ্রহণ করেছে। গতকাল ৫ জুন সোমবার জাতীয় সংসদের টেবিলে উত্থাপিত প্রশ্নোত্তর পর্বে খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম এ

তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ. ১, ক. ৮) **ইত্তেফাক** (পৃ. ৩, ক. ৬)।

**৭। রেলের উন্নয়নে ৫৩টি প্রকল্প চলমান রয়েছে : সংসদে রেলমন্ত্রী**

রেলপথমন্ত্রী মো. মুজিবুল হক বলেছেন, বর্তমানে বাংলাদেশ রেলওয়েতে ৯৭ হাজার ৬২৩ কোটি টাকা ব্যয়ে মোট ৫৩টি প্রকল্প চলমান রয়েছে। ৫৩টি প্রকল্পের অনুকূলে ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (আরএডিপি) নয় হাজার ২৭৮ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। প্রকল্পগুলোর কাজ দ্রুত বাস্তবায়ন হচ্ছে। ফলে বাংলাদেশ রেলওয়ে আরও আধুনিক হচ্ছে। গতকাল ৫ জুন সোমবার জাতীয় সংসদে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব**(শেষ. পৃ, ক. ২)।

**৮। মুক্তিযোদ্ধা আবদুল জব্বার ও সাবেক সংসদ সদস্য আবুল হাসেমের চিকিৎসা ব্যয় বহন করবে সরকার : স্বাস্থ্যমন্ত্রী**

বীর মুক্তিযোদ্ধা স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী আবদুল জব্বার এবং ময়মনসিংহের গফরগাঁও থেকে নির্বাচিত সাবেক সংসদ সদস্য আবুল হাসেমের চিকিৎসার ব্যয় সরকার বহন করবে বলে ঘোষণা দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ৫ জুন সোমবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে (বিএসএমএমইউ) চিকিৎসাধীন এ দু'জনকে দেখতে গিয়ে তিনি এ ঘোষণা দেন। সূত্র-**যুগান্তর** (পৃ. ৩, ক. ৮) **ইত্তেফাক** (শেষ. পৃ, ক. ৫) **নিউজ টুডে** (পৃ. ৩, ক. ৪) **ডেইলি স্টার** (পৃ. ৫, ক. ৬)।

**৯। ৫ টাকার নতুন নোট ইস্যু আজ**

সরকার ৫ টাকা মূল্যমানের নতুন কারেন্সি নোট ইস্যু করতে যাচ্ছে। আজ ৬ জুন মঙ্গলবার বাংলাদেশ ব্যাংকের মতিঝিল শাখা থেকে এটি ইস্যু করা হবে। কেন্দ্রীয় ব্যাংকের অন্যান্য শাখায়ও পরে নোটটি পাওয়া যাবে। নোটটিতে সিনিয়র অর্থ সচিব হেদায়েতুল্লাহ আল মামুনের স্বাক্ষর থাকছে। নোটটির সামনের অংশে জাতীয় স্মৃতিসৌধ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি এবং পেছনের অংশে নওগাঁর কুসুম্বা মসজিদের ছবি রয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ. ২, ক. ৪) **ইত্তেফাক** (পৃ. ১৫, ক. ২) **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ. ১, ক. ১) **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ. ১, ক. ১)।

**১০। বাংলাদেশি পর্যটকদের ভারতে যাতায়াত সহজ করা হয়েছে**

বন্দর ব্যবহারের নিয়ম সহজ করায় বাংলাদেশি পর্যটকদের ভারতে যাতায়াত সহজ হলো। গতকাল ৫ জুন সোমবার ঢাকায় ভারতীয় হাইকমিশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতদিন ভারতে ভিসার আবেদনে প্রবেশ ও প্রস্থানের ক্ষেত্রে পর্যটকদের ফরমে একটি বন্দরের কথা লিখতে হতো। সেই বন্দরের বাইরে আর কোনো বন্দর ব্যবহারের সুযোগ ছিল না। বিজ্ঞপ্তিতে বলা হয়, ২৪টি আন্তর্জাতিক বিমানবন্দর এবং হরিদাসপুর ও গেদের সমন্বিত চেকপোস্ট (আইসিপি) দিয়ে যাতায়াতকারী বাংলাদেশিদের ভিসায় প্রবেশ/প্রস্থান নিষেধাজ্ঞা অপসারণ করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ. ১, ক. ২) **সমকাল** (পৃ. ৪, ক. ১) **বাংলাদেশ টুডে** (পৃ. ১, ক. ১) **এশিয়ান এজ** (পৃ. ১, ক. ১)।

**১১। রাজধানীর শপিংমলে বিশেষ নিরাপত্তায় ডিএমপি**

রাজধানীতে বড় বড় শপিংমলগুলোতে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। এছাড়াও ছিনতাই, পকেট কাটাসহ অপ্রীতিকর ঘটনা এড়াতে সিসিটিভি, আর্চওয়ে ও মেটাল ডিটেক্টরের মতো যন্ত্রপাতি স্থাপন করে বড় বড় শপিংমলে তৈরি করা হয়েছে কঠোর নিরাপত্তা বলয়। পবিত্র

রমজান ও আসন্ন ঈদকে সামনে রেখে ডিএমপির পক্ষ থেকে এ বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ. ৩, ক. ৫) **ইনকিলাব** (শেষ. পৃ, ক. ৫)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** ঢাকা-খুলনা মহাসড়কের রাজবাড়ী জেলা সদরের তিনটি রেলক্রসিং মৃত্যু ফাঁদে পরিণত হওয়ায় প্রতিদিনই দুর্ঘটনা ঘটায় উদ্বেগ প্রকাশ করে দুর্ঘটনা রোধে যথাযথ পদক্ষেপ নেওয়ার পাশাপাশি ব্যক্তিগত ও সামাজিক সচেতনতার ওপর গুরুত্বারোপ।

**খ.** **সংবাদ, প্রথম আলো :** দেশের উপকূলীয় অঞ্চলে লবণাক্ততা বেড়ে যাওয়ায় কৃষিজমি কমে গিয়ে এ অঞ্চলের মানুষের জীবন-জীবিকায় মারাত্মক নেতিবাচক প্রভাব পড়ছে উল্লেখ করে এ পরিস্থিতিতে লবণসহিষ্ণু ফসল বা ধান চাষে উদ্যোগী হওয়ার সুপারিশ।

**গ.** **যায়যায়দিন :** ঢাকা মহানগরীর আবাসিক ও কল-কারখানায় জ্বালানি গ্যাসের তীব্র সংকট চলার কথা উল্লেখ করে জনদুর্ভোগ লাঘবে গ্যাস সরবরাহ নির্বিঘ্ন করার ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **ইন্ডিপেনডেন্ট :** নৌপথে রূপপুর নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্টের জন্য ভারী যন্ত্রপাতি পরিবহণে চট্টগ্রাম-মংলা সমুদ্র বন্দরের নৌপথ ড্রেজিং করে গভীরতা বাড়ানোসহ নিরাপদ চলাচলের জন্য এ নৌপথে নিমজ্জিত সব ধরনের অনাকাঙ্ক্ষিত বস্তু সরিয়ে ফেলার আহ্বান।

**ঙ.** **ডেইলি সান :** কর্ণফুলী নদী দখল করে তীরে শতশত শিল্প কারখানা স্থাপনের দ্বারা নদীকে প্রায় মৃতবৎ করে ফেলার সর্বনাশা প্রচেষ্টা অতিদ্রুত প্রতিহতের দ্বারা নদীকে সুরক্ষার সুপারিশ।

**চ.** **ডেইলি স্টার, নিউ নেশন :** পার্বত্য চট্টগ্রামের লংগদু এলাকার গৃহহারা লোকজনের স্বগৃহে ফিরে আসা নিরাপদ নির্বিঘ্ন করাসহ পর্যাপ্ত ত্রাণ সামগ্রীর ব্যবস্থা করতে প্রশাসনকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আহ্বান।

**ছ.** **নিউ নেশন :** জনগণের দুর্ভোগ বিবেচনায় নিয়ে লেখার কাগজসহ অন্যান্য শিক্ষা উপকরণের ওপর থেকে উচ্চমাত্রার ভ্যাট প্রত্যাহার করার প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে ভারত থেকে নদীর পানির ন্যায্য হিসাব পাওয়ার জন্য প্রয়োজনে আন্তর্জাতিক আদালতে যেতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'পরিবেশ বিপর্যয় উত্তরণে চাই পরিবেশ পুলিশ'** শিরোনামের নিবন্ধে পরিবেশ পুলিশ গঠন করে বাংলাদেশের পরিবেশের দূষণ তথা প্রাকৃতিক পরিবেশের উন্নয়ন করতে হবে এবং সংশ্লিষ্ট সকল এজেন্সি বা প্রতিষ্ঠানকে একসাথে কাজ করতে হবে বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১১০/২০১৭**

**ঢাকা, সোমবার ৫ জুন ২০১৭, ২২ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সমগ্র উপকূলীয় অঞ্চলে সুন্দরবন বিস্তৃত হবে : প্রধানমন্ত্রী

২। বিশ্ব পরিবেশ দিবস আজ

৩। বাজেটে কোনো সমস্যা থাকলে সমাধান হবে : সাংবাদিকদের ইফতার অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৪। লন্ডনে সন্ত্রাসী হামলার ঘটনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিন্দা

৫। রাঙ্গামাটির লংগদুর ঘটনায় জড়িতদের ছাড় নয় : স্বরাষ্ট্রমন্ত্রী

৬। দুর্নীতিমুক্ত সমাজ গঠনে কাজ করতে হবে : শিক্ষামন্ত্রী

৭। দেশের ৫৬টি ইউনিয়ন পরিষদে ভোট আগামী ১৩ জুলাই

৮। ইউনেস্কোর সাংস্কৃতিক বৈচিত্র্য রক্ষা সম্মেলনে বাংলাদেশ সভাপতি নির্বাচিত

৯। রপ্তানিমুখী শিল্পের উন্নয়নে ১০ কোটি ডলার ঋণ অনুমোদন বিশ্বব্যাংকের

১০। পাবনায় ৭ জন অ্যানথ্রাক্সে আক্রান্ত

চলমান পাতা-২

১। **সমগ্র উপকূলীয় অঞ্চলে সুন্দরবন বিস্তৃত হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সুন্দরবন যে আমাদের একটা ঐতিহ্য শুধু তাই নয়, এই সুন্দরবনের কারণেই কিন্তু বাংলাদেশ টিকে আছে। এই সুন্দরবন যাতে আরো বৃদ্ধি পায় সেজন্য আমরা আর্টিফিসিয়াল ম্যানগ্রোভ সৃষ্টির উদ্যোগ নিয়েছি। সাথে সাথে উপকূলীয় অঞ্চলে এর বিস্তৃতি ঘটাবার জন্য ইতোমধ্যে নির্দেশনা দেওয়া হয়েছে। সুন্দরবনের জীব-বৈচিত্র্য রক্ষায় সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে বলেও তিনি জানান। প্রধানমন্ত্রী গতকাল ৪ জুন রোববার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের উদ্যোগে বিশ্ব পরিবেশ দিবস ও জাতীয় বৃক্ষরোপণ অভিযান এবং পরিবেশ মেলা ও বৃক্ষমেলা ২০১৭ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

২। **বিশ্ব পরিবেশ দিবস আজ**

আজ বিশ্ব পরিবেশ দিবস। এ বছর দিবসটির প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে ‘প্রাণের স্পন্দনে, প্রকৃতির বন্ধনে’। ১৯৭২ সালে জাতিসংঘের মানবিক পরিবেশ সংক্রান্ত আন্তর্জাতিক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী জাতিসংঘের পরিবেশ কর্মসূচির (ইউএনইপি) উদ্যোগে প্রতিবছর সারা বিশ্বের একশটিরও বেশি দেশে ৫ জুন ‘বিশ্ব পরিবেশ দিবস’ হিসেবে পালন করা হয়। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে সরকারি ও বেসরকারি বিভিন্ন সংগঠন নানা ধরনের কর্মসূচি পালন করবে। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

৩। **বাজেটে কোনো সমস্যা থাকলে সমাধান হবে : সাংবাদিকদের ইফতার অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

২০১৭-১৮ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে কোনো সমস্যা থাকলে আলোচনার মাধ্যমে তা সমাধানের ইঙ্গিত দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ৪ জুন রোববার জাতীয় প্রেসক্লাবে সাংবাদিকদের ইফতার ও দোয়া মাহফিলের এক অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় তিনি বলেন, ‘বাংলাদেশের ইতিহাসে সর্ববৃহৎ চার লাখ ২৬৬ কোটি টাকার বাজেট আমরা দিয়েছি। এ বাজেট নিয়ে অনেক আলোচনা চলছে। বাজেটে কারও কোনো সমস্যা থাকলে সংসদে আলোচনা হবে। আলোচনার মাধ্যমে তা সমাধান করা হবে।’ সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৪। **লন্ডনে সন্ত্রাসী হামলার ঘটনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিন্দা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা লন্ডন ব্রিজ ও বরো মার্কেটে বর্বরোচিত হামলার তীব্র নিন্দা জানিয়েছেন। ওই হামলায় সাতজন নিহত ও ৪৮ জন আহত হয়। ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে’র কাছে পাঠানো এক বিবৃতিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরপরাধ ব্যক্তিদের ওপর এই বর্বরোচিত হামলা ও হত্যাকান্ডের ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী বলেন, ‘আমরা এহেন নির্বোধের ন্যায় কাপুরুষোচিত কাজের কঠোর নিন্দা জানাচ্ছি। আমরা যুক্তরাজ্যের জনগণের প্রতি সংহতি জানাই’। ব্রিটেনের প্রধানমন্ত্রী ও যুক্তরাজ্যের জনগণের প্রতি গভীর সমবেদনা জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ‘এই কঠিন সময়ে শোকাহত পরিবারগুলোর প্রতি আমাদের সহমর্মিতা ও প্রার্থনা রইল’। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

৫। **রাঙ্গামাটির লংগদুর ঘটনায় জড়িতদের ছাড় নয় : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী মো. আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, রাঙ্গামাটির লংগদুতে পাহাড়িদের ঘরবাড়িতে আগুন দেওয়ার ঘটনার সঙ্গে জড়িত ৩০০ জনের বিরুদ্ধে মামলা হয়েছে। এরই মধ্যে ১২ জনকে গ্রেফতার করা হয়েছে। বাকিদের গ্রেফতারের চেষ্টা চলছে। এ ঘটনায় দোষী কাউকে ছাড় দেওয়া হবে না। গতকাল ৪ জুন রোববার সচিবালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী আরো বলেন, রমজান ও ঈদকে কেন্দ্র করে আইনশৃঙ্খলা বাহিনীর তৎপরতা বাড়ানো হয়েছে। উদ্ভুত যে কোনো পরিস্থিতি মোকাবিলায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রস্তুত রয়েছে। এছাড়া ব্যবসায়ীদের আবেদনের পরিপ্রেক্ষিতে রাজধানীর বিভিন্ন মার্কেট ও বিপনিবিতানের নিরাপত্তা বাড়ানো হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৬। **দুর্নীতিমুক্ত সমাজ গঠনে কাজ করতে হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, একটি দুর্নীতিমুক্ত, ন্যায়ভিত্তিক ও শুদ্ধাচারী সমাজ গঠনের লক্ষ্যে সবাইকে আন্তরিকতার সঙ্গে কাজ করতে হবে। উন্নতির ভাগ যাতে সব মানুষ সমানভাবে পায়, সেজন্য সবাইকে সততার সঙ্গে দায়িত্ব পালন করতে হবে। সমঅধিকার, মর্যাদা ও সুযোগ নিশ্চিত করতে শুদ্ধাচারের বিকল্প নেই। গতকাল ৪ জুন রোববার রাজধানীর ইন্সটিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি) অডিটরিয়ামে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের অঙ্গীকার বিষয়ক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী এসব কথা বলেন। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এ অনুষ্ঠানের আয়োজন করে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৮), **সমকাল** (পৃ.১৯,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

৭। **দেশের ৫৬টি ইউনিয়ন পরিষদে ভোট আগামী ১৩ জুলাই**

দেশের ৫৬টি ইউনিয়ন পরিষদে আগামী ১৩ জুলাই ভোট গ্রহণের দিন নির্ধারণ করে তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। এর মধ্যে ২৩টি ইউনিয়ন পরিষদে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। বাকি ৩৩টি ইউনিয়ন পরিষদের মধ্যে ৭টিতে চেয়ারম্যান পদে ও অন্যগুলোতে বিভিন্ন পদে উপনির্বাচন অনুষ্ঠিত হবে। গতকাল ৪ জুন রোববার নির্বাচন কমিশনের এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। ঘোষিত তফসিল অনুযায়ী, নির্বাচনে মনোনয়ন পত্র দাখিলের শেষ দিন ১২ জুন, মনোনয়নপত্র যাচাই-বাছাই ১৪ জুন ও প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন ২১ জুন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৭,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ, ৩ ক.৬)।

৮। **ইউনেস্কোর সাংস্কৃতিক বৈচিত্র্য রক্ষা সম্মেলনে বাংলাদেশ সভাপতি নির্বাচিত**

প্রথমবারের মতো ইউনেস্কোর সাংস্কৃতিক বৈচিত্র্য রক্ষা ও এর উন্নয়ন বিষয়ক সম্মেলনে বাংলাদেশ সভাপতি নির্বাচিত হয়েছে। ইউনেস্কোর সদর দফতর প্যারিসে আগামী ১২ থেকে ১৫ জুন পর্যন্ত অনুষ্ঠেয় ৬ষ্ঠ সম্মেলনে সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর সভাপতিত্ব করবেন। ইউনেস্কো সদর দফতর থেকে এক ই-মেইল বার্তায় বিষয়টি সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়কে জানানো হয়েছে বলে গতকাল ৪ জুন রোববার মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা বলা হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.৫,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬)।

৯। **রপ্তানিমুখী শিল্পের উন্নয়নে ১০ কোটি ডলার ঋণ অনুমোদন বিশ্বব্যাংকের**

রপ্তানিমুখী শিল্পে শ্রম দক্ষতা বাড়াতে ১০ কোটি ডলার ঋণ অনুমোদন করেছে বিশ্বব্যাংকের বোর্ড সভা। গতকাল ৪ জুন রোববার ওয়াশিংটনস্থ বিশ্বব্যাংকের সদর দফতরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, 'এক্সপোর্ট কম্পিটিটিভনেস ফর জব প্রজেক্ট' এর মাধ্যমে গার্মেন্টস সেক্টরের বাইরে রপ্তানিমুখী চামড়া, পাদুকা প্লাস্টিক এবং হালকা প্রকৌশল শিল্পে শ্রমিকদের কর্মদক্ষতা বাড়াতে এ প্রকল্প সহায়তা করবে। এর ফলে গার্মেন্টস সেক্টরের

বাইরে এই খাতগুলোতে ৯০ হাজার কর্মসংস্থান তৈরি হবে। এ বিষয়ে বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর চিমিয়াও ফান উল্লেখ করেছেন, চীনের পর বাংলাদেশ সবচেয়ে বেশি তৈরি পোশাক রপ্তানি করছে। রপ্তানি খাতের বহুমুখীকরণের মাধ্যমে বাংলাদেশ তার প্রবৃদ্ধিকে আরো এগিয়ে নিয়ে যেতে পারে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সমকাল** (পৃ.১২,ক.২)।

**১০। পাবনায় ৭ জন অ্যানথ্রাক্সে আক্রান্ত**

পাবনায় অসুস্থ গরুর মাংস খেয়ে ৭ মাংস ব্যবসায়ী অ্যানথ্রাক্স রোগে আক্রান্ত হয়েছে। পাবনা জেলার ভাঙ্গুড়া উপজেলার ভবানীপুর ও হারোপাড়া গ্রামে এ ঘটনা ঘটেছে। গত ৩ জুন শনিবার ভাঙ্গুড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে তাদের ভর্তি করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তা ডা. ইতিয়ারা পারভীন ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। ভাঙ্গুড়া উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো. শাহাদৎ হোসেন বলেন, 'বিষয়টি সম্পর্কে আমরা অবগত আছি। আক্রান্তদের সঠিক চিকিৎসার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে।' সূত্র-**সংবাদ** ( শেষ পৃ.,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.৭)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** পুরান ঢাকার নিমতলীতে রাসায়নিক গুদামে ভয়াবহ বিস্ফোরণে অগ্নিকাণ্ডের ঘটনার সাত বছর পেরিয়ে গেলেও পুরান ঢাকার ঘনবসতিপূর্ণ আবাসিক এলাকা থেকে রাসায়নিক গুদাম ও কারখানা না সরানোয় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ।

**খ.** **সমকাল :** শরীয়তপুর জেলার সঙ্গে দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের যোগাযোগ রক্ষাকারী শরীয়তপুর-চাঁদপুর মহাসড়কের বেহাল দশা নিরসনে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**গ.** **প্রথম আলো :** নাটোর সদর উপজেলার চক আমহাটি গ্রামে আইন-শৃঙ্খলা বাহিনী কর্তৃক কয়েকজন কিশোর ও যুবক আটকের পর তাদের ছাড়াতে ৫০ হাজার টাকা দাবির ঘটনায় নিন্দা জানিয়ে আইন-শৃঙ্খলা বাহিনীর এ ধরনের অনৈতিক কর্মকাণ্ড রোধে তাদের প্রতিটি কার্যকলাপ জবাবদিহিতার আওতায় আনার সুপারিশ।

**ঘ.** **ইনকিলাব :** অনলাইনে কেনাকাটা বাড়ার সুবাদে অনলাইন বাজার সম্প্রসারিত হওয়ার কথা উল্লেখ করে এক্ষেত্রে পণ্য বিক্রয়কারীদের পণ্যের মানের ব্যাপারে স্বচ্ছতা ও সততার পরিচয় দেওয়ার আহ্বান।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** এনবিআর এর গ্যাসের ওপর বর্ধিত হারে করারোপের প্রভাবে অন্যান্য পণ্য সামগ্রীর মূল্য বৃদ্ধির আশঙ্কা করে জনগণের ক্রয়ক্ষমতার ওপর ভিত্তি করে গ্যাসের মূল্য নিয়ন্ত্রণে রাখার সুপারিশ।

**চ.** **ডেইলি সান :** বুড়িগঙ্গা নদীকে দূষণের হাত থেকে সুরক্ষা করতে শিল্প ও গৃহস্থালী বর্জ্য নদীতে ফেলা সম্পূর্ণরূপে বন্ধ করাসহ এ বিষয়ে দীর্ঘমেয়াদী পরিকল্পনা নেওয়ার আহ্বান।

**ছ.** **ডেইলি স্টার :** জনস্বার্থে রাজধানীর ধোলাইখালকে দখলের হাত থেকে উদ্ধার করে ব্যবহার উপযোগী করার ওপর গুরুত্বারোপ।

জ. **নিউ এজ :** ফুটওভারব্রিজ ও আন্ডারপাস ব্যবহারে পথচারীকে সচেতন করে তুলতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম জোরদার করার আহ্বান করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে প্রাকৃতিক দুর্যোগ থেকে পরিত্রাণ পাওয়ার জন্য বনাঞ্চল সম্প্রসারণ করার বিকল্প নেই বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'পাহাড়ে শান্তির সুবাতাস বয়ে যাক'** শিরোনামের নিবন্ধে পাহাড়ি-বাঙালি দ্বন্দ্ব নিরসনে এবং পার্বত্য শান্তিচুক্তি বাস্তবায়নের জন্য সবার ঐকান্তিক প্রচেষ্টাই গুরুত্বপূর্ণ বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১০৯/২০১৭**

**ঢাকা, রোববার ৪ জুন ২০১৭, ২১ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা আজ শুরু : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

২। যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, এতিম ও প্রতিবন্ধী শিশুদের সঙ্গে প্রধানমন্ত্রীর ইফতার

৩। যানজট নিরসনে ঢাকায় ১২ কিলোমিটার ফ্লাইওভার নির্মাণ করা হবে : অর্থমন্ত্রী

৪। সরকার ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে আছে : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী

৫। বাংলাদেশ রাশিয়ার সঙ্গে বাণিজ্য বৃদ্ধি করতে আগ্রহী

৬। আগামী ২০২০ সালে কারিগরি শিক্ষার্থী ২০ ভাগে উন্নীত করা হবে : শিক্ষামন্ত্রী

৭। মিল্ক ভিটার দুটি নতুন শপের উদ্বোধন করলেন পল্লি উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী

৮। চিকুনগুনিয়া জ্বর প্রতিরোধে সচেতনতা বাড়াতে হবে : স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক

৯। স্থলবন্দর দিয়ে পূর্ণ এন্ট্রি ভিসা চালু করা হবে : ভারতীয় হাইকমিশনার

১০। আপন জুয়েলার্সের সাড়ে ১৩ মণ স্বর্ণ জব্দ : বাংলাদেশ ব্যাংকে জমা আজ

চলমান পাতা-২

**১। জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা আজ শুরু : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

বৃক্ষরোপণ, সংরক্ষণ ও পরিচর্যা বিষয়ে দেশের জনগণকে আগ্রহী ও সচেতন করে তুলতে জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা আজ ৪ জুন রোববার থেকে শুরু হচ্ছে। এ বছর বৃক্ষরোপণের মূল প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'বৃক্ষরোপণ করে যে সম্পদশালী হয় সে'। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকাল ১০টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এ অভিযান ও মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। একই মঞ্চে তিনি বিশ্ব পরিবেশ দিবসেরও উদ্বোধন করবেন। বৃক্ষরোপণ অভিযান এবং বৃক্ষমেলা উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **সমকাল** (পৃ.৪,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**২। যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, এতিম ও প্রতিবন্ধী শিশুদের সঙ্গে প্রধানমন্ত্রীর ইফতার**

এতিম, প্রতিবন্ধী শিশু, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও আলেম-উলামা-মাশায়েকদের সঙ্গে ইফতার করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ৩ জুন শনিবার প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। ইফতার মাহফিল শুরুর ২৮ মিনিট আগে মাহফিলস্থলে চলে আসেন প্রধানমন্ত্রী। এরপর তিনি গণভবনে স্থাপিত বিশাল পান্ডেলের প্রতিটি স্থান ঘুরে ঘুরে এতিম, প্রতিবন্ধীসহ আগত অতিথিদের সঙ্গে কুশল বিনিময় করেন এবং তাদের খোঁজ খবর নেন। ইফতারের আগে দেশ ও জাতির সমৃদ্ধি, শান্তি, উন্নয়ন ও সাফল্য কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। প্রধানমন্ত্রীর আমন্ত্রণে দু' শতাধিক এতিম ও প্রতিবন্ধী শিশু শরিক হয় ইফতার মাহফিলে। প্রধানমন্ত্রী পরম মমতায় তাদের কাছে টেনে নেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)। **ইত্তেফাক, সংবাদ, জনকণ্ঠ, ডেইলি সান, নিউজ টুডে, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৩। যানজট নিরসনে ঢাকায় ১২ কিলোমিটার ফ্লাইওভার নির্মাণ করা হবে : অর্থমন্ত্রী**

যানজট নিরসনে ঢাকায় প্রায় ১২ কিলোমিটার দীর্ঘ একটি ফ্লাইওভার নির্মাণের পরিকল্পনার কথা জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গত ১ জুন বৃহস্পতিবার জাতীয় সংসদে ২০১৭-১৮ অর্থবছরের বাজেট বক্তৃতায় তিনি জানিয়েছেন, এই ফ্লাইওভার হবে শান্তিনগর থেকে ঢাকা-মাওয়া রোড পর্যন্ত। পাশাপাশি চট্টগ্রাম মহানগরীর যানজট নিরসনে লালখান বাজার থেকে শাহ আমানত বিমানবন্দর পর্যন্ত প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণের উদ্যোগের কথাও তুলে ধরেছেন তিনি। তিনি বলেন, যানজট নিরসন এবং দুর্ঘটনা রোধে গাড়িচালকদের উন্নত ও প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের বিকল্প নেই। এ লক্ষ্যে সরকার প্রতিটি বিভাগীয় শহরে নতুন ড্রাইভার টেস্টিং এবং ট্রেনিং সেন্টার প্রতিষ্ঠার পরিকল্পনা নিয়েছে। নতুন অর্থবছরের জন্য পরিবহণ ও যোগাযোগ খাতে বরাদ্দ রাখা হয়েছে ৫০ হাজার ৯৯ কোটি টাকা, যা মোট বাজেটের ১২ দশমিক ৫ শতাংশ। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫)।

**৪। সরকার ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে আছে : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেছেন, সমুদ্র তীরবর্তী চট্টগ্রাম ও কক্সবাজারের অধিবাসীদের সমুদ্র ঝড় থেকে বাঁচাতে টেকসই বাঁধ নির্মাণ প্রয়োজন। এ উপলব্ধি থেকে সরকার চট্টগাম অঞ্চলের বাঁশখালী এলাকায় আড়াইশ কোটি টাকা ব্যয়ে বাঁধ নির্মাণ করেছে। এ বাঁধ নির্মাণের ফলে বাঁশখালী এলাকার মানুষ ঘূর্ণিঝড় 'মোরা' থেকে রক্ষা পেয়েছে এবং ক্ষয়ক্ষতি কম হয়েছে। তিনি গতকাল ৩ জুন শনিবার চট্টগ্রামের বাঁশখালী উপজেলার বাহেরচর, কক্সবাজারের চকরিয়া উপজেলার কোনাখালী বটতলা বাজার এবং বদরখালী ইউনিয়ন পরিষদ মাঠে প্রায় দুই হাজার লোকের মধ্যে ত্রাণ বিতরণ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৫,ক.১)।

**৫। বাংলাদেশ রাশিয়ার সঙ্গে বাণিজ্য বৃদ্ধি করতে আগ্রহী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বাংলাদেশ রাশিয়ার সাথে বাণিজ্য বৃদ্ধি করতে আগ্রহী। এ অঞ্চলে বাংলাদেশের তৈরি পণ্যের ব্যাপক চাহিদা রয়েছে। আরমেনিয়া, বেলারুশ, কাজাকাস্থান, কিরঘিজিস্থান এবং রাশিয়ান ফেডারেশনের সমন্বয়ে গঠিত ইউরেশিয়ান ইকোনমিক ইউনিয়ন এর সাথে বাংলাদেশের রফতানি

পণ্যের শুল্কমুক্ত সুবিধা পাওয়ার লক্ষ্যে একটি এমওইউ স্বাক্ষরের বিষয়ে বাংলাদেশ নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। মন্ত্রী বলেন, এতে করে বাংলাদেশের রফতানি বাণিজ্য অনেক বৃদ্ধি পাবে এবং দেশগুলো তুলনামূলক



কমমূল্যে বাংলাদেশের পণ্য ক্রয়ের সুযোগ পাবেন। বাণিজ্যমন্ত্রী **১** জুন রাতে রাশিয়ায় অনুষ্ঠিত সেন্ট পিটার্সবার্গ ইন্টারন্যাশনাল ইকোনমিক ফোরামে (এসপিআইইএফ) গুরুত্বপূর্ণ প্যানেলিস্ট হিসেবে বক্তব্য প্রদানের সময় এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **প্রথম আলো** (পৃ.১২,ক.১)।

**৬।　আগামী ২০২০ সালে কারিগরি শিক্ষার্থী ২০ ভাগে উন্নীত করা হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জানিয়েছেন, ২০০৯ সালে মোট শিক্ষার্থীর মাত্র শতকরা এক ভাগ কারিগরি শিক্ষায় পড়াশোনা করত। বর্তমানে কারিগরি শিক্ষায় মোট শিক্ষার্থী ১৪ ভাগ। আগামী ২০২০ সালে এর হার ২০ ভাগে উন্নীত করা হবে। গতকাল ৩ জুন শনিবার রাজধানীর ইনস্টিটিউট অব্ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি) ভবনে বাংলাদেশ প্রাইভেট পলিটেকনিক ওনার্স এসোসিয়েশন (বিপিপিওএ) এর ২য় জাতীয় সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষামন্ত্রী একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.৬), **যুগান্তর** (পৃ.১৫,ক.১)।

**৭।　মিল্ক ভিটার দুটি নতুন শপের উদ্বোধন করলেন পল্লি উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী**

মিল্ক ভিটার তরল দুধ ও ১০ ধরনের দুগ্ধপণ্য সামগ্রী ভোক্তাদের দোরগোড়ায় পৌঁছে দিতে দুটি নতুন সমবায় বিপণি (কো-অপ-শপ) চালু করা হয়েছে। ঢাকার কলাবাগান ও নিকেতন এলাকায় এ দুটি বিপণিবিতান চালু করা হয়েছে। পল্লি উন্নয়ন ও সমবায় বিভাগের দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী মসিউর রহমান রাঙ্গা নতুন এই সমবায় শপের উদ্বোধন করেন। এছাড়াও গতকাল ৩ জুন শনিবার প্রতিমন্ত্রী মগবাজারস্থ ড্রিম প্যারাডাইজ কো-অপ-শপ আকস্মিক পরিদর্শন করেন। প্রতিমন্ত্রী তাঁর বক্তৃতায় বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে গড়া প্রতিষ্ঠান 'মিল্ক ভিটা' পণ্য নিয়ে কোনো অনিয়ম বা গুণগতমানের ব্যাপারে কোনো আপস করা হবে না। সূত্র-**যুগান্তর** (পৃ.১৮,ক.৪), **ইনকিলাব** (পৃ.৫,ক.১)।

**৮।　চিকুনগুনিয়া জ্বর প্রতিরোধে সচেতনতা বাড়াতে হবে : স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক**

এ বছর আগাম বৃষ্টিপাত শুরু হওয়ায় চারদিকে নানা ধরনের ভাইরাস ছড়াতে শুরু করেছে। গত কয়েক বছরে বর্ষায় নিয়মিত ডেঙ্গুর প্রকোপ দেখা যাচ্ছে। এর সঙ্গে যুক্ত হয়েছে নতুন ভাইরাস জ্বর চিকুনগুনিয়া। এ রোগে মৃত্যুর ঝুঁকি না থাকলেও ভোগান্তি কম নয়। এ রোগের নেই কোনো প্রতিষেধক। চিকুনগুনিয়া থেকে মুক্তির একমাত্র উপায় নিজেকে পরিচ্ছন্ন রাখা ও সচেতন থাকা। স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ বলেন, রাজধানীতে চিকুনগুনিয়া পরিস্থিতির কোনো উন্নতি হয়নি। এ থেকে মুক্তি পেতে বাড়ির চারপাশ পরিষ্কার রাখা এবং সচেতন হওয়ার কোনো বিকল্প নেই। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**৯।　স্থলবন্দর দিয়ে পূর্ণ এন্ট্রি ভিসা চালু করা হবে : ভারতীয় হাইকমিশনার**

ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা বলেছেন, স্থলবন্দরে পূর্ণ এন্ট্রি ভিসা চালু করা হবে। গতকাল ৩ জুন শনিবার ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া স্থলবন্দর দিয়ে আগরতলা যাওয়ার পথে বাংলাদেশে নিযুক্ত হাইকমিশনার এ কথা বলেন। বন্দরে তিনি বলেন, আমাদের অভিবাসন চেকপোস্ট রয়েছে। এগুলো একত্র করার চেষ্টা চলছে। তারপর সামগ্রিকভাবে ব্যবহারের অনুমতি নিতে হবে। ফুল ভিসা এন্ট্রির কাজ তারপর হবে। আমরা ভারত ও বাংলাদেশ সীমান্তে আমাদের অভিবাসন চেক পোস্টকে একত্রিত করছি। একবার নেটওয়ার্ক প্রতিষ্ঠিত হলে আমরা মানুষকে সমস্ত স্থলবন্দর ব্যবহার করার অনুমতি দিতে পারি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**১০।　আপন জুয়েলার্সের সাড়ে ১৩ মণ স্বর্ণ জব্দ : বাংলাদেশ ব্যাংকে জমা আজ**

আপন জুয়েলার্সের পাঁচটি শো-রুমের প্রায় সাড়ে ১৩ মণ স্বর্ণ ও ৪২৭ গ্রাম হীরা আনুষ্ঠানিকভাবে জব্দ করেছে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর। আজ এসব স্বর্ণলঙ্কার অস্থায়ীভাবে বাংলাদেশ ব্যাংকের ভল্টে জমা রাখা হবে। এছাড়া বৈধ কাগজপত্র দেখাতে না পারায় আপন জুয়েলার্স কর্তৃপক্ষের বিরুদ্ধে মামলা করা হবে। এরপরই

স্থায়ীভাবে সরকারি সম্পদ হিসেবে প্রায় দু'শ কোটি টাকা মূল্যের স্বর্ণালঙ্কার ভল্টে থাকবে। শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের মহাপরিচালক ড. মইনুল খান এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

=৪=

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** দেশে বিদ্যুতের বকেয়া বিলের পরিমাণ পাঁচ হাজার ৩৮১ কোটি টাকা, এ খবরে উদ্বেগ প্রকাশ করে দ্রুত এসব বিল আদায়ের জন্য বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণ করার সুপারিশ।

**খ.** **সংবাদ, সমকাল, প্রথম আলো, যুগান্তর, নিউ এজ, ডেইলি স্টার :** ইউনিয়ন যুবলীগের এক নেতার মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে রাঙ্গামাটির দুর্গম লংগদু উপজেলা সদরের চারটি গ্রামে পাহাড়িদের অন্তত ২০০ বাড়ি পুড়িয়ে দেয়ার জন্য দায়ীদের চিহ্নিত করে বিচার দাবি।

**গ.** **প্রথম আলো :** তিন মাস ধরে পানি সংকটে ভুগছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সুলতানা রাজিয়া হলের ছাত্রীরা উল্লেখ করে পানির দাবিতে ছাত্রীদের বিক্ষোভের পরিপ্রেক্ষিতে উপাচার্য দ্রুত সমস্যা সমাধানের যে আশ্বাস দিয়েছেন তা বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঘ.** **যুগান্তর, যায়যায়দিন, ডেইলি সান :** নারায়ণগঞ্জের রূপগঞ্জের পূর্বাচল উপশহর থেকে বিপুল পরিমাণ অত্যাধুনিক অস্ত্র উদ্ধারের ঘটনা চাঞ্চল্যকর উল্লেখ করে সব ধরনের সন্ত্রাসের বিরুদ্ধে আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি সবাইকে সতর্ক হওয়ার আহ্বান।

**ঙ.** **ডেইলি সান :** বিদ্যুতের ঘাটতি ও পানির অপচয় রোধে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

**চ.** **নিউজ টুডে, ডেইলি স্টার :** পুরান ঢাকার নিমতলীতে রাসায়নিক গুদামে বিস্ফোরণে অগ্নিকাণ্ডের ঘটনার এতবছর পরও রাসায়নিক কারখানা অন্যত্র না সরানোয় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশের অর্থনৈতিক রূপান্তরের মূল চালক হতে হবে শিল্প খাতকে বলে উল্লেখ করা হয়েছে।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১০৮/২০১৭**

**ঢাকা, বৃহস্পতিবার ১ জুন ২০১৭, ১৮ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আজ ২০১৭-১৮ অর্থবছরের বাজেট পেশ

২। ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্তদের বাড়িঘর মেরামত করে দেওয়া হবে : সংসদে প্রধানমন্ত্রী

৩। আগামী ২০২১ সালের মধ্যে ২৪ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন : সংসদে প্রধানমন্ত্রী

৪। ডিজিটাল পরিচয়পত্র ব্যবহার করে সংসদে প্রবেশ প্রধানমন্ত্রীর

৫। অস্ট্রিয়ার ভিয়েনা থেকে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী

৬। দাদী সায়েরা খাতুনের মৃত্যুবার্ষিকীর মিলাদে যোগ দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৭। বিমানবন্দর থেকে সাভার ইপিজেড পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে হবে : সংসদে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী

৮। চতুর্থ মেডিকেল বিশ্ববিদ্যালয় হচ্ছে সিলেটে : স্বাস্থ্যমন্ত্রী

৯। তামাক নিষিদ্ধ করাই শ্রেয় : তথ্যমন্ত্রী

১০। কোচিং বাণিজ্যে জড়িতদের শিক্ষকতায় থাকার অধিকার নাই : শিক্ষামন্ত্রী

চলমান পাতা-২

১। **আজ ২০১৭-১৮ অর্থবছরের বাজেট পেশ**

আগামী ২০১৭-১৮ অর্থবছরের জন্য ৪ লাখ ২৬৬ কোটি টাকার বাজেট ঘোষণা করতে যাচ্ছে সরকার। এর মধ্যে এক লাখ ২৯ হাজার ১২ কোটি টাকার ঘাটতি ও ২৭ হাজার ৫০০ কোটি টাকার ভর্তুকির প্রস্তাব রেখে আজ জাতীয় সংসদে এগারবারের মতো অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত নতুন বাজেট উপস্থাপন করবেন। বাজেটে ভিশন-২০২১ পুরোপুরি বাস্তবায়ন এবং রূপকল্প-২০৪১ এর একটি রোডম্যাপ দেওয়া হবে। এজন্য সবচেয়ে বেশি গুরুত্ব দেয়া হচ্ছে দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থানের জন্য নতুন বিনিয়োগ আকৃষ্ট করা এবং অবকাঠামো উন্নয়নে। সূত্র-**সংবাদ** (পৃ. ১, ক. ৪) **ইনকিলাব** (পৃ. ১, ক. ১) **নিউজ টুডে** (পৃ. ১ ক. ১) **ডেইলি সান** (পৃ. ১, ক. ২)।

২। **ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্তদের বাড়িঘর মেরামত করে দেওয়া হবে : সংসদে প্রধানমন্ত্রী**

ঘূর্ণিঝড় মোরায় ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে সব ধরনের পদক্ষেপ নেওয়ার আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের পাশাপাশি রাজনৈতিক দল হিসেবে আওয়ামী লীগের পক্ষ থেকেও ক্ষতিগ্রস্ত মানুষের কল্যাণে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। ক্ষতিগ্রস্তদের বাড়িঘর মেরামত করে দেওয়া হবে। তিনি বলেন, সরকার দুর্যোগ মোকাবিলায় আগাম প্রস্তুতি ও পদক্ষেপ নেওয়ায় ঘূর্ণিঝড়ে ক্ষয়ক্ষতি কম হয়েছে। গতকাল ৩১ মে বুধবার জাতীয় সংসদ অধিবেশনে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ. ২, ক. ৬), **জনকণ্ঠ** (পৃ. ১, ক. ৬), **নিউজ টুডে** (পৃ. ১, ক. ৫), **ডেইলি সান** (পৃ. ১, ক. ১)।

৩। **আগামী ২০২১ সালের মধ্যে ২৪ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সবার জন্য বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে। বর্তমান সরকার যুগোপযোগী বাস্তবসম্মত টেকসই পরিকল্পনা প্রণয়নপূর্বক নতুন বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ, বেসরকারি খাতে দেশি ও বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করতে উৎসাহ ও প্রণোদনার ব্যবস্থা গ্রহণ করেছে। এ ছাড়া আঞ্চলিক সহযোগিতার ভিত্তিতে বিদ্যুৎ আমদানির ব্যবস্থাও গ্রহণ করা হয়েছে। আগামী ২০২১ সাল নাগাদ বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২৪ হাজার মেগাওয়াটে উন্নীত করার কার্যক্রম অব্যাহত রয়েছে। গতকাল ৩১ মে বুধবার জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে একথা বলেন। বর্তমান সরকার ২০১৪ সালের পর দ্বিতীয় বারের মতো ক্ষমতা গ্রহণের পর থেকে এ পর্যন্ত দেশে ৩৩৩২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি করেছে। এর মধ্যে ভারতের ত্রিপুরা থেকে ১'শ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি অন্তর্ভুক্ত রয়েছে। প্রধানমন্ত্রী বলেন, বর্তমানে মোট ১১ হাজার ৩৬৩ মেগাওয়াট ক্ষমতার ৩৪টি বিদ্যুৎকেন্দ্র নির্মাণাধীন রয়েছে। এ বিদ্যুৎকেন্দ্রগুলো ২০১৭ থেকে ২০২১ সালের মধ্যে পর্যায়ক্রমে চালু হবে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৬)।

৪। **ডিজিটাল পরিচয়পত্র ব্যবহার করে সংসদে প্রবেশ প্রধানমন্ত্রীর**

সংসদ সদস্য হিসেবে ডিজিটাল পরিচয়পত্র ব্যবহার করে জাতীয় সংসদে হাজিরা দিলেন সংসদ নেতা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এর আগে তিনি সংসদ সচিবালয় থেকে তাঁর ডিজিটাল পরিচয়পত্র গ্রহণ করেন। অস্ট্রিয়া সফর শেষে গতকাল ৩১ মে বুধবার দেশে ফেরার পর বেলা ১১টায় সংসদ বসার ঠিক আগে অধিবেশনে হাজির হন প্রধানমন্ত্রী। সংসদকক্ষে তাঁর নীল ফিতায় সবুজ রঙের নতুন ওই পরিচয়পত্র ঝুলিয়ে প্রশ্নোত্তর পর্বে অংশ নেন সংসদ নেতা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ. পৃ,ক. ৩)।

৫। **অস্ট্রিয়ার ভিয়েনা থেকে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী**

অস্ট্রিয়ার ভিয়েনায় আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থার (আইএইএ) দুই দিনের সম্মেলনে যোগদান শেষে গতকাল ৩১ মে বুধবার দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাঁকে বহনকারী বিশেষ ফ্লাইট গতকাল ৩১ মে বুধবার ঢাকায় অবতরণ করে। অস্ট্রিয়া সফরকালে প্রধানমন্ত্রী 'আইএইএ'র কারিগরি সহযোগিতা কর্মসূচি : ৬০ বছর পেরিয়ে উন্নয়নে অবদান' শীর্ষক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে ভাষণ দেন। তিনি অস্ট্রিয়ার চ্যান্সেলর ক্রিস্টিয়ান কের্ন এবং প্রেসিডেন্ট আলেক্সান্ডার ভ্যানডার বিলেনের সঙ্গে আনুষ্ঠানিক বৈঠকও করেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৫)।

৬। **দাদী সায়েরা খাতুনের মৃত্যুবার্ষিকীর মিলাদে যোগ দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার দাদী সায়েরা খাতুনের ৪২তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে গতকাল ৩১ মে বুধবার বাদ আছর ধানমন্ডির বঙ্গবন্ধু ভবনে মিলাদ ও দোয়া



মাহফিল অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা মাহফিলে যোগ দেন। মাহফিলে দাদী মরহুমা সায়েরা খাতুনের আত্মার শান্তি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (শেষ. পৃ, ক. ৩), **এশিয়ান এজ** (পৃ. ৩, ক. ৫)

**৭। বিমানবন্দর থেকে সাভার ইপিজেড পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে হবে**
**: সংসদে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের সংসদকে জানিয়েছেন, গার্মেন্টস শিল্পের সুবিধার্থে ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে রাজধানীর বিমানবন্দর থেকে সাভার ইপিজেড পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণের পরিকল্পনা নিয়েছে সরকার। চীন সরকারের অর্থায়নে এ বছরের ডিসেম্বরেই গুরুত্বপূর্ণ এই প্রকল্পের কাজ শুরু করা সম্ভব হবে বলে তিনি আশা প্রকাশ করেন। গতকাল ৩১ মে বুধবার সংসদে প্রশ্নোত্তর পর্বে তিনি একথা জনান। সূত্র-**ইত্তেফাক** (শেষ. পৃ, ক. ৫) **ভোরের কাগজ** (শেষ. পৃ, ক. ৪) **ডেইলি সান** (শেষ. পৃ, ক. ১), **ডেইলি স্টার** (পৃ. ৫, ক. ২)।

**৮। চতুর্থ মেডিকেল বিশ্ববিদ্যালয় হচ্ছে সিলেটে : স্বাস্থ্যমন্ত্রী**

দেশের চতুর্থ মেডিকেল বিশ্ববিদ্যালয় হতে যাচ্ছে সিলেটে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতোমধ্যে সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দিয়েছেন। দক্ষিণ সিলেটের সুরমা নদীর দক্ষিণ পাড়ে সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের স্থাপনা নির্মাণ করা হবে। বর্তমানে এটির আইন প্রণয়নের কাজ চলছে। গতকাল ৩১ মে বুধবার সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের উপস্থিতিতে যৌথ প্রেস ব্রিফিংয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম এ তথ্য জানিয়ে বলেন, আইন প্রণয়ন শেষ হলে ভিসি নিয়োগ দেয়া হবে। আর সিলেট বিভাগের সকল মেডিকেল কলেজ এই বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ. পৃ, ক. ৮), **সংবাদ** (শেষ. পৃ, ক. ৬) **নিউজ টুডে** (পৃ. ৩ ক. ২)।

**৯। তামাক নিষিদ্ধ করাই শ্রেয় : তথ্যমন্ত্রী**

স্পষ্ট উচ্চারণে তামাকের বিরুদ্ধে আবারও তথ্যমন্ত্রী তাঁর অবস্থান তুলে ধরেছেন। তামাক ও তামাকজাত পণ্যকে সুস্থ জীবনের অন্তরায় হিসেবে বর্ণনা করে একে নিষিদ্ধ করাই শ্রেয় বলে মন্তব্য করেছেন তিনি। গতকাল ৩১ মে বুধবার রাজধানীতে জাতীয় জাদুঘরে কবি সুফিয়া কামাল মিলনায়তনে বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে মাদকদ্রব্য ও নেশাবিরোধী সংস্থা (মানস) আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৫)।

**১০। কোচিং বাণিজ্যে জড়িতদের শিক্ষকতায় থাকার অধিকার নাই : শিক্ষামন্ত্রী**

শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের আরও দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, কিছু অসৎ শিক্ষকের কারণে সার্বিকভাবে শিক্ষকদের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে। এরা শ্রেণিকক্ষে পড়ান না। বাড়িতে টাকার বিনিময়ে কোচিং করান। এ বিষয়ে সামাজিক সচেতনতা গড়ে তুলতে হবে। এ মহৎ পেশায় তাদের থাকার কোনো অধিকার নাই। গতকাল ৩১ মে বুধবার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা আয়োজিত ইফতার মাহফিল অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**ইনকিলাব (শেষ পৃ.,ক.৫), বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** কিশোর অপরাধীদের সামাজিকভাবে সুস্থ পথে ফিরিয়ে আনতে এবং অন্যান্য অপরাধীদের ক্ষেত্রে আইনকে তার নিজস্ব পথে চলতে দিয়ে দেশে অপহরণ, হত্যার পথ বন্ধ করার আহ্বান।

খ. **জনকণ্ঠ :** দেশে ৫৫% প্রসূতির নিরাপদ মাতৃত্ব নিশ্চিত করা হলেও বাকি ৪৫% এর ক্ষেত্রে মারাত্মক ঝুঁকিতে প্রসূতির এবং শিশুর জীবন বিপন্নের আশংকা থাকে স্বাস্থ্য অধিদফতরের বিভিন্ন তথ্যে তা উঠে

এসেছে উল্লেখ করে নিরাপদ মাতৃত্ব নিশ্চিত করতে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।



গ. **প্রথম আলো :** পবিত্র রমজান মাসে নিত্যপণ্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধিতে সাধারণ মানুষ বিপাকে পড়েছে উল্লেখ করে এ ব্যাপারে তদারকি ও নজরদারি বাড়ানোর সুপারিশ।

ঘ. **ইন্ডিপেনডেন্ট :** অ-প্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রম জোরদারের মাধ্যমে সমাজ থেকে অশিক্ষা দূর করে সামাজিক সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা করার আহ্বান।

ঙ. **ডেইলি সান, নিউ এজ :** দেশে তামাক ও তামাকজাত পণ্যের ওপর মাত্রাতিরিক্ত কর আরোপের দ্বারা তামাক সেবন নিরুৎসাহিত করাসহ তামাক চাষের ওপর অধিকহারে কর আরোপের সুপারিশ।

চ. **ডেইলি স্টার :** সরকারের উন্নয়ন কর্মকাণ্ডে মেগা প্রজেক্ট খাতগুলোতে বরাদ্দ দেওয়া অতিরিক্ত অর্থের যথাযথ বন্টন ও ব্যবহারের প্রতি যথাযথ কর্তৃপক্ষকে গুরুত্ব দেওয়ার আহ্বান ।

ছ. **নিউ এজ :** গৃহকর্মীদের ওপর শারীরিক ও মানসিক নির্যাতনের ঘটনা প্রতিরোধে গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ পলিসি ২০১৫ ও এ সংক্রান্ত হাইকোর্টের নির্দেশনা যথাযথভাবে প্রয়োগে সরকারকে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

জ. **নিউ নেশন :** ব্যাংক একাউন্টে ১ লাখ থেকে ১০ লাখ টাকার জমা অর্থের ওপর আবগারি শুল্ক পাঁচশত টাকা থেকে এক হাজার টাকা করে ফেলার সরকারি সিদ্ধান্ত নেওয়ার পূর্বে এ বিষয়ে জনগণের অভিমতকে প্রাধান্য দিয়ে সে অনুযায়ী সিদ্ধান্ত নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে রমজানে ধনী-দরিদ্র নির্বিশেষে সকল মুসলমানদের রোজা পালনের মাধ্যমে ধনীরা দরিদ্রদের ক্ষুধা-পিপাসায় কষ্ট পাওয়ার বেদনা অনুভব করতে পারে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **‘ব্র্যান্ডিং’ বাংলাদেশ’** শিরোনামের নিবন্ধে বাংলাদেশের একটি গ্রহণযোগ্য ব্র্যান্ড ইমেজ তৈরি করতে হলে সরকার, রাজনৈতিক দল, গণমাধ্যম, দেশ এবং প্রবাসের বাসিন্দা সবাইকে একসঙ্গে কাজ করতে হবে বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২০/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ২৭ জুলাই ২০১৭, ১২ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

**১।**

চলমান পাতা-২

১। **নির্বাচন কমিশন সম্পূর্ণ স্বাধীন ও স্বতন্ত্র : প্রধানমন্ত্রী**

নির্বাচন কমিশন একটি স্বাধীন ও স্বতন্ত্র প্রতিষ্ঠান এবং এটি সম্পূর্ণ স্বাধীনভাবেই কাজ করছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, সিদ্ধান্ত গ্রহণের সর্বক্ষেত্রে নির্বাচন কমিশন সম্পূর্ণ স্বাধীনভাবেই কাজ করছে। ফ্রান্সের রাষ্ট্রদূত সোফি অবার গতকাল ২৬ জুলাই বুধবার প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর তেজগাঁওয়ের কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন। বৈঠকে ফরাসি রাষ্ট্রদূত নির্বাচন কমিশনের স্মার্ট কার্ড প্রকল্পের প্রশংসা করে বলেন, এ প্রকল্প ফরাসি প্রতিষ্ঠান ওবের্থোর টেকনোলজিসের (ওটি) সহযোগিতায় বাস্তবায়িত হচ্ছে। এটি যথাযথভাবে সম্পন্ন করার জন্য সোফি প্রধানমন্ত্রীর সহযোগিতা কামনা করেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

২। **জনগণের প্রকৃত সেবক হিসেবে কাজ করুন : জেলা প্রশাসকের প্রতি রাষ্ট্রপতি**

বিশেষ আমলাতান্ত্রিক মনোভাব পরিত্যাগ করে জনগণের প্রকৃত সেবক হিসেবে দেশ এবং দেশের জনগণের সেবা করার জন্য বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের (ডিসি) প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। বঙ্গভবনের দরবার হলে গতকাল ২৬ জুলাই বুধবার বিভাগ ও জেলার প্রশাসনিক প্রধানদের রাষ্ট্রপতি বলেন, বর্তমান যুগে প্রশাসনকে হতে হবে গণমুখী ও উন্নয়নভিত্তিক এবং অতঃপর আমলাদের সেকেলে ধরনের আমলাতান্ত্রিক মনোভাব ত্যাগ করা প্রয়োজন। রাষ্ট্রপতি বলেন, তৃণমূল পর্যায়ের বিভিন্ন সরকারি কার্যক্রমের প্রধান সমন্বয়ক হিসেবে দেশকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের ক্ষুধা, দারিদ্র্য ও শোষণমুক্ত দেশ হিসেবে গড়ে তোলার জন্য আপনাদের মেধা ও দক্ষতাকে কাজে লাগাতে হবে। তিনি বিভাগীয় কমিশনার ও ডিসিদের প্রতি ভীতি, লোভ ও অনুরাগ অথবা বিরাগের ঊর্ধ্বে উঠে দায়িত্ব পালনেরও আহ্বান জানান। সূত্র- **প্রথম আলো** (পৃ.২,ক.২), **যুগান্তর** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৩। **পণ্যের দাম স্বাভাবিক রাখতে ডিসিদের প্রতি নির্দেশ বাণিজ্যমন্ত্রীর**

স্থানীয়ভাবে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম স্বাভাবিক রাখতে জেলা প্রশাসকদের (ডিসি) ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গতকাল ২৬ জুলাই বুধবার সচিবালয়ের মন্ত্রিপরিষদ সভাকক্ষে ডিসি সম্মেলনের দ্বিতীয় দিনের অধিবেশন শেষে এ কথা বলেন বাণিজ্যমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৫)।

৪। **রূপকল্প বাস্তবায়নে বড় বাধা মাদক : স্বরাষ্ট্রমন্ত্রী**

ভিশন-২০২১ ও রূপকল্প-২০৪১ বাস্তবায়নে বড় বাধা মাদকের আগ্রাসন বলে উল্লেখ করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেন, বঙ্গবন্ধুর স্বপ্নের বাংলাদেশ গড়ে তুলতে দেশের যুব সমাজকে মাদকের হাত থেকে রক্ষা করতে হবে। সমাজের অর্থলিপ্সু মানুষ যুবদের ইয়াবার দিকে ঠেলে দিচ্ছে। শুধু বল প্রয়োগ করে মাদক নিয়ন্ত্রণ করা সম্ভব নয়। এ জন্য সমাজের সবাইকে এগিয়ে আসতে হবে। গতকাল ২৬ জুলাই বুধবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনিএসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **নিউজ এজ** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৩)।

## ৫। কর্মসংস্থান ও প্রবৃদ্ধিমুখী নতুন মুদ্রানীতি ঘোষণা

মূল্যস্ফীতির লক্ষ্যমাত্রা অর্জনকে সামনে রেখে কর্মসংস্থান ও প্রবৃদ্ধিমুখী নতুন মুদ্রানীতি ঘোষণা করেছে বাংলাদেশ ব্যাংক। চলতি ২০১৭-১৮ অর্থবছরের প্রথমার্ধের (জুলাই-ডিসেম্বর) ঘোষিত মুদ্রানীতিতে বেসরকারি খাতের ঋণের লক্ষ্যমাত্রা কমিয়ে দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। গতকাল ২৬ জুলাই বুধবার বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ মুদ্রানীতি ঘোষণা করেন ব্যাংকের গভর্নর ফজলে কবির। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে বিজনেস পাতা** (পৃ.১,ক.২)।

## ৬। সরকার তিনটি চ্যালেঞ্জ নিয়ে কাজ করছে : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী আরো বলেন, সরকার এখন তিনটি চ্যালেঞ্জ নিয়ে কাজ করছে। একটি হলো জঙ্গি দমন করে দেশে শান্তি প্রতিষ্ঠিত করা, দ্বিতীয়টি হচ্ছে বৈষম্য ও দারিদ্র্যমুক্ত উন্নয়নশীল দেশ গড়া, তৃতীয়টি হচ্ছে দলবাজিমুক্ত সুশাসন প্রতিষ্ঠা। এ সময় তিনি আরো বলেন, বাংলাদেশে শিল্প প্রতিষ্ঠানের মালিকদের সর্বাত্মক সহযোগিতা করছে বর্তমান সরকার। তাই শিল্প প্রতিষ্ঠান মালিকপক্ষকে শ্রমিকদের সব রকমের সুযোগ-সুবিধা দিতে হবে। গতকাল ২৬ জুলাই বুধবার রাঙ্গামাটিয়া এলাকায় পিকাড কমিউনিটি স্কুল উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫)।

## ৭। জনপ্রতিনিধিদের সঙ্গে মিলে ডিসিদের কাজ করতে হবে : রেলপথমন্ত্রী

রেলপথ মন্ত্রী মুজিবুল হক জনপ্রতিনিধিদের সঙ্গে মিলে কাজ করতে জেলা প্রশাসকদের (ডিসি) প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, বর্তমান সরকার, জনগণের কল্যাণে সবকিছু করছে। আর জনকল্যাণে মাঠ পর্যায়ের প্রতিনিধি হিসেবে জেলা প্রশাসকদের জনপ্রতিনিধিদের সঙ্গে মিলে কাজ করতে হবে। গতকাল ২৬ জুলাই বুধবার সচিবালয়ের মন্ত্রিপরিষদ কক্ষে জেলা প্রশাসক সম্মেলন-২০১৭তে রেলপথ মন্ত্রণালয় বিষয়ক আলোচনায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৩,ক.১)

## ৮। চাইলে দেশের তরুণসমাজ অনেক কিছু করতে পারে : সজীব ওয়াজেদ জয়

প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, বাংলাদেশের তরুণ সমাজ চাইলে অনেক কিছু করতে পারে। আমাদের বিরুদ্ধে ষড়যন্ত্র করে পদ্মা সেতুর অর্থ বরাদ্দ বন্ধ করা হয়েছিল। কিন্তু আমরাই সেটা করেছি। আমরা পারি, আমরাই পারব। গতকাল ২৬ জুলাই বুধবার রাজধানীর একটি পাঁচতারা হোটেলে সেন্টার ফর রিসার্চ এন্ড ইনফরমেশন (সিআরআই) আয়োজিত লেটস টক উইথ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২)।

## ৯। ইন্টারন্যাশনাল চ্যাম্পিয়ন অ্যাওয়ার্ড পেলেন সায়মা ওয়াজেদ

বিশ্ব স্বাস্থ্য সংস্থার মানসিক স্বাস্থ্য বিষয়ক অ্যাডভাইজরি প্যানেলের বিশেষজ্ঞ, বাংলাদেশের অটিজম বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির সভাপতি সায়মা ওয়াজেদ হোসেন পুতুল অটিজম আক্রান্ত ব্যক্তিদের কল্যাণে নিরবচ্ছিন্ন ও উদ্ভাবনীমূলক কাজের স্বীকৃতিস্বরূপ 'ইন্টারন্যাশনাল চ্যাম্পিয়ন এ্যাওয়ার্ড'-এ ভূষিত হয়েছেন। মার্কিন যুক্তরাষ্ট্রে আয়োজিত এক অনুষ্ঠানে তাঁকে এই অ্যাওয়ার্ড প্রদান করা হয়। গতকাল ২৬ জুলাই বুধবার নিউইয়র্কে জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনের বরাত দিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

## ১০। শিল্পকলায় শুরু হলো ২২তম জাতীয় চারুকলা প্রদর্শনী

বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে প্রতিবছর অনুষ্ঠিত হয়ে আসছে 'জাতীয় চারুকলা প্রদর্শনী'। সেই ধারাবাহিকতায় এবার শিল্পকলা একাডেমির উদ্যোগে এবং একাডেমির চারুকলা বিভাগের ব্যবস্থাপনায় শুরু হলো '২২তম জাতীয় চারুকলা প্রদর্শনী ২০১৭'। এ উপলক্ষে গতকাল ২৬ জুলাই বুধবার শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালা মিলনায়তনে অনুষ্ঠিত হয় উদ্বোধনী ও প্রদর্শনীতে স্থান পাওয়া শিল্পকর্ম থেকে বাছাই করে সেরা ১০ শিল্পীকে পুরস্কার প্রদান অনুষ্ঠান। এ অনুষ্ঠানে প্রদর্শনীর উদ্বোধন ও পুরস্কারপ্রাপ্ত শিল্পীদের মাঝে পুরস্কার প্রদান করেন অনুষ্ঠানের প্রধান অতিথি অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। এ সময় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** ডেমু ট্রেনের সময়সূচি অফিসযাত্রীদের কর্মস্থলের সাথে সামঞ্জস্যপূর্ণ নয় বলে ৬২ শতাংশ যাত্রীর অভিমত আমলে নিয়ে এ ট্রেনের সময়সূচিবর্তিতা অনুসরণের জন্য কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ, অবজারভার, ফিনানশিয়ালএক্সপ্রেস :** রাজধানীর ঢাকা আর বন্দরনগরী চট্টগ্রামের কার্যধারা জলাবদ্ধতা, যানজট, বেহাল সড়ক ব্যবস্থার কারণে চরম দুর্ভোগের মধ্যে আছে উল্লেখ করে জরুরি ভিত্তিতে এসব সমস্যার থেকে উত্তরণে যথাযথ পদক্ষেপ নেওয়অর ওপর গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ** : সর্বোচ্চ আদালতে চূড়ান্ত রায়ের পর রাজধানীর হাজারীবাগ থেকে চামড়া শিল্পকে সাভারে নেওয়া হলেও সেখানে ১৫৪ টি শিল্প কারখানার মধ্যে সাত ৬২টি চামড়া উৎপাদনের কাজ শুরু করায় সেটা মূলত কাজের উপযোগী হয়ে ওঠেনি উল্লেখ সাভারে চামড়া শিল্পনগরী পুরোপুরি চালু করার সুপারিশ।

ঙ. **যুগান্তর** : ম্যাক্সিম সমবায় সমিতি নামের একটি প্রতিষ্ঠানে প্রতারণা মাধ্যমে গ্রাহকের আমনতের প্রায় ৩০৩ কোটি টাকা হাতিয়ে নেওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে সমবায় সমিতির নামে মানুষকে প্রতারিত ও নি:স্ব করায় দৃষ্টচক্র থেকে সাধারণ মানুষকে মুক্তি দিতে কঠোর পদক্ষেপ কামনা।

ছ. **ইন্ডিপেনডেন্ট** : কাতার সংকটের কারণে গত জুনে কাতারে জনশক্তি রপ্তানি প্রায় অর্ধেক নেমে আসার বিষয় বিবেচনায় নিয়ে সিঙ্গাপুর ও মালয়েশিয়া মতো দেশে যেখানে বাংলাদেশি শ্রমিকদের চাহিদা আছে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে যে সব দেশে আরও শ্রমশক্তি পাঠানোর ব্যবস্থা করার আহ্বান।

জ. **ডেইলি সান, নিউজ টুডে, নিউ এজ, যায়যায়দিন, সমকাল, যুগান্তর** : ২০১২ সাল দিনাজপুরে লিচু খেয়ে এনডোসালফান বিষক্রিয়া ১৩ শিশুর মৃত্যুর হওয়ার রিপোর্টের বিষয় তুলে ধরে এনডোসালফান ৮০টি দেশে নিষিদ্ধ এদেশেও এর ব্যবহার নিষিদ্ধ থাকায় করাসহ খাদ্যদ্রব্যে বিষাক্ত কেমিকেল, ফরমালিন ও কীটনাশকের ব্যবহার বন্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঝ. **ডেইলি স্টার, নিউ নেশন, ইত্তেফাক** : সাত বছর আগে পাবলিক বিশ্ববিদ্যালয়ে একক ভর্তি পরীক্ষা নেওয়ার এখনও সিদ্ধান্ত বাস্তবায়িত না হওয়ায় অভিভাবক ওশিক্ষার্থীদের দুর্ভোগ বিবেচনায় নিয়ে দ্রুত এ ব্যাপারে সুচিন্তিন সিদ্ধান্ত নেওয়ার আহ্বান।

ঞ. **নিউ এজ** : যশোরের ভবদহের জলাবদ্ধতার দুর্ভোগের হাত থেকে অভয়নগর, মনিরামপুর ও কেশবপুরের জনগণকে রক্ষা করতে এ সমস্যার স্থায়ী সমাধানে প্রত্যাশা।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'----------------------'** শিরোনামের নিবন্ধে --------------------------

অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৮৭/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ১ নভেম্বর ২০১৭, ১৭ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১।

চলমান পাতা-২

১।

সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৭) **সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬),**অবজারভার** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭),

২।

সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৭) **সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬),**অবজারভার** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭),

৩।

সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **নিউজ টুডে** (শেষ

৪।

সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৭) **সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬),**অবজারভার** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭),

৫।

সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।
সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৩), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

৬।

সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৭) **সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৭),

৭।

সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৭) **সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬),**অবজারভার** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭),

৮।

সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৭) **সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬),**অবজারভার** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭),

**৯।**

সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৭) **সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬),**অবজারভার** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭),

**১০।**

সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৭) **সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬),**অবজারভার** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭),

**১১।**

সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৭) **সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬),**অবজারভার** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭),

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক**

খ. **জনকণ্ঠ, যায়যায়দিন** : ।

গ. **সংবাদ, প্রথম আলো, ভোরের কাগজ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন :**

ঘ. **যুগান্তর** :

ঙ. **ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেস** :

ছ. **ডেইলি সান** :

জ. **ডেইলি স্টার** :

ঞ. **অবজারভার** :

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত '----------------------'শিরোনামের নিবন্ধে - করতে হবে বলে অভিমত প্রকাশ।

#

ডালিয়া/খাদীজা/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০